(খ) তৃতীয় পরিকল্পনাকালে আসানসোল মহকুমায় মোট কয়টি প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র সংস্থাপিত হইবে এবং তাহা কোন্ কোন্ গ্রামে অবস্থিত হইবে; এবং

(গ) বর্তমানে আসানসোল মহকুমায় মোট কয়টি এবং কোন্ কোন্ গ্রামে প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে?

The Minister of State for Health:

(ক) আসানসোল ও বারাবনী থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র দুইটি যথাক্রমে সালানপুর ও বারাবনী মৌজায় সংস্থাপিত করিবার পরিকল্পনা আছে তবে কতদিনের মধ্যে পরিকল্পনা কার্যকরী হইবে তাহা সঠিক বলা যায় না।

(খ) নিম্নলিখিত গ্রামে প্রাথমিক ১১টি ও সাবসিডিয়ারী ২২টি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে:—

প্রাথমিক	সাবসিডিয়ারী	
ধাধ্কা	(১) ঘোষিক	(২) বরাচক
হীরাপুর	(১) বৈদ্যনাথপুর	(২) সান্‌তো
উখরা	(১) অণ্ডাল	(২) পাণ্ডবেশ্বর
রানীগঞ্জ	(১) জেমেরী	(২) বল্লভপুর
বরাকর	(১) নিয়ামতপুর	(২) ডিসেরগড়
সালানপুর	(১) ইথোরা	(২) সানতি
জামুরিয়া	(১) চুরুলিয়া	(২) সাতগ্রাম
[illegible]	(১) [illegible]	(২) হিজলগোড়া
লাউডোহা	(১) কাঁটাবেড়িয়া	(২) ফরিদপুর
[illegible]	(১) সোনামুখী	(২) রাজবাঁধ
[illegible]	(১) [illegible]	(২) [illegible]

(গ) নিম্ন বর্ণিত [illegible] প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে:
প্রাথমিক—রানীগঞ্জ [illegible] (১০ শয্যা),
সাবসিডিয়ারী—লাউদোহা (৪ শয্যা)।

Water scarcity in Asansol

418. (Admitted question No. 832.) **Shri Haridas Chakravarti:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) আসানসোল পৌর এলাকার জলসংকট সম্পর্কে সরকার অবহিত আছেন কি না;

(খ) অবহিত থাকিলে এ সংকট মোচনে সরকারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে কার্যকরী করা হইবে?

The Minister of State for Health:

(ক) হাঁ।

(খ) ও (গ) আসানসোল পৌর [illegible] সরকার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালীন [illegible] আনুমানিক ব্যয় ২০,৮০,১০০ টাকা। [illegible] জলসরবরাহ কার্য শুরু করা হইবে।

Asansol L. H. Hospital

419. (Admitted question No. 834.) **Shri Haridas Chakravarti:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল শহরে অবস্থিত এল এম হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ ও যন্ত্রপাতির অভাব আছে এবং বেডের সংখ্যা প্রয়োজনের তুলনায় কম;

(খ) অবগত থাকিলে, এই সকল অসুবিধা দূর করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister of State for Health:

(ক) প্রয়োজনীয় ঔষধ ও যন্ত্রপাতির অভাব সম্বন্ধে এ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায় নাই। শয্যা সংখ্যা প্রয়োজনের তুলনায় বর্তমানে কম।

(খ) শয্যা সংখ্যা ৫২ হইতে বৃদ্ধি করিয়া ৭৫টি করিবার জন্য নির্মাণকার্য মঞ্জুর করা হইয়াছে এবং শয্যা সংখ্যা আরও বৃদ্ধি করিবার পরিকল্পনা চলিতেছে।

District Development Council, Burdwan

420. (Admitted question No. 835.) **Shri Haridas Chakravarti:** উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলা ডেভেলপমেন্ট কাউন্সিল গঠিত হইয়াছে কি;

(খ) উহা গঠিত হইয়া থাকিলে, কোন্ তারিখে গঠিত হইয়াছে;

(গ) এই কাউন্সিলের সভ্য কাহারা; এবং

(ঘ) এই কাউন্সিলের কোন সভা হইয়াছে কি?

The Minister for Development:

(ক) হ্যাঁ।

(খ) ১৭-১০-১৯৫৫ সালে উহা গঠিত হইয়াছিল। ১৪-৯-১৯৫৯ সালে উহা পুনর্গঠিত হইয়াছে।

(গ) ১৯৫৯ সালে গঠিত কাউন্সিলের সভ্যদের নামের তালিকা পৃথকভাবে দেওয়া হইল।

(ঘ) হ্যাঁ।

List referred to in reply to clause (Ga) of unstarred question No. 420

District Development Council, Burdwan

1. District Magistrate, Burdwan Chairman.
2. Additional District Magistrate (Dev.), Burdwan.
3. Superintendent of Police, Burdwan.
4. Superintendent of Agriculture, Burdwan.
5. District Marketing Officer, Burdwan.
6. Divisional Forest Officer, Burdwan
7. District Fishery Officer, Burdwan.
8. District Veterinary Officer, Burdwan.
9. Chief Medical Officer, Burdwan.
10. District Inspector of Schools, Burdwan
11. Tank Improvement Officer, Burdwan
12. Tribal Welfare Officer, Burdwan.
13. Executive Engineer, Damodar Canal Division, Burdwan.
14. Executive Engineer, Roads Development, Burdwan.
15. Executive Engineer, Birbhum Construction, Nirmal Lodge Burdwan.
16. Superintending Engineer, D.V.C., Kanainatsal, Burdwan.
17. District Publicity Officer, Burdwan.
18. District Livestock Officer, Burdwan.
19. District Industrial Officer, Burdwan.

20. District Engineer, Burdwan.
21. S.D.O., Sadar.
22. S.D.O., Asansol.
23. S.D.O., Kalna.
24. S.D.O., Katwa.
25. *Assistant Registrar of Co-operative Societies, Burdwan*
26. *District Social Education Officer*, Burdwan.
27. Executive Engineer, Works and Buildings, Burdwan.
28. Assistant Engineer, P H E., Burdwan.

Representatives of Local Bodies

1. The Chairman, District Board, Burdwan
2. The President, District School Board, Burdwan.
3. The Chairman, Burdwan Municipality, Burdwan.
4. The Chairman, Asansol Municipality, Asansol.
5. The Chairman, Raniganj Municipality, Raniganj.
6. The Chairman, Katwa Municipality, Katwa
7. The Chairman, Dainhat Municipality, Dainhat.
8. The Chairman, Kalna Municipality, Kalna
9. Shri Jatindra Mohan De, Prodhan, Anchal Panchayet, Barsul, P.O. and Vill Barsul, Burdwan.
10. Dr. Sisir Kumar Gupta, M B., P U.B., Jamalpur, Vill Helora, P O Jamalpur, (Burdwan)
11. Shri Tarak Nath Samanta, Prodhan, Anchal Panchayet Nabastha, P O. and Vill Nabastha, Dist Burdwan
12. Shri Kishan Lal Tah, P U B., Barabaman, Vill Kamargoria, P.O. Sekhara, Burdwan.
13. Shri Jitendra Mohan Raja, P U B., Lal P.O. Erai (Burdwan), Dist. Burdwan.
14. M Hussain, P U B., Khandaghose P O and Vill. Khandaghose, Dist. Burdwan
15. Shri Dibakar Mukherjee, P U B Mahata, P O and Vill Mahata, Burdwan.
16. Shri Baranashi Paul, P.U B Panduadaha, Vill. Bud Bud Chati, P.O. Bud Bud, Dist. Burdwan.
17. Shri Jasadananda Thakur, P.U B., Shrikhanda, P.O. Shrikhanda, Burdwan.
18. Shri Jaladbaran Paramanik, P.U.B., Kandra, P.O. Kandra, Burdwan.
19. Shri Haraprosad Kower, P.U.B., Nigon, Vill. Soata, P.O. Nigon, Burdwan.
20. Dr. B. C. Kanjilal, P.U.B., Bogra, P.O. Ikhra.
21. Shri Balaram Majhi, P.U.B., Puchara, Vill. Domohani, P.O. Domohani Bazar.
22. Dr. Kali Mukherjee, P.U.B., Basudevpur, P.O. Rupnarayanpur.
23. Dr. Amulya Acharjee, P.U.B., Neamotpur, P.O. Neamotpur.
24. Shri Syamananda Banerjee, P.U.B., Burnpur, P.O. Burnpur.

25. Shri Sudhakar Acharjee, P.U.B., Bidyamandapur, P.O. and Vill. Bara Dhemo.

26. Shri Gakul Mukherjee, P.U.B., Jemeri, P.O. J. K. Nagar.

27. Dr. Chandicharan Mukherjee, P.U.B., Ondal, P.O. Ondal.

28.. Shri Satya Gopal Mukherjee, P.U.B., Faridpur, P.O. Bhirngi.

29. Shri Prasanta Agasti, P.U.B., Kanksa, P.O. Panagar Bazar.

30. Shri Sachindra Kumar Singha Roy, P.U.B., Atghoria, P.O. Atghoria.

31. Shri Dasarathi Mitra, P.U.B., Nimdaha, P.O. Belerhat.

32. Shri Kali Kinkar Mukherjee, P.U.B., Majhergram, P.O. Majhergram.

Members of Lok Sabha and State Legislatures

1. Dr. Monomohan Das, M.P., Deputy Minister for Scientific Research and Cultural Affairs, 19, Ashok Road, Government of India, New Delhi.

2. Shri Anil Kumar Chanda, M.P., Deputy Minister, Works and Buildings, Government of India, New Delhi.

3. Shri Subiman Ghosh, M.P., Shyamsagar Ghat, Burdwan.

4. Shri Atulya Ghosh, M.P., 51, Karbala Tank Lane, Calcutta-6.

5. Shri Kamal Krishna Das, M.P., 1A, Raja Rajkrishna Street, Calcutta.

6. Shri Abdus Sattar, M.L.A., Minister, Labour Department, West Bengal, Calcutta.

7. Shri Benoy Krishna Chaudhury, M.L.A., 2, Parkar Road, Burdwan.

8. Shri Pramatha Nath Dhibar, M.L.A., Chaudhury Bazar, Burdwan.

9. Shri Phakir Chandra Roy, M.L.A., P.O. and Vill. Sirarai, Burdwan.

10. Shri Gobardhan Pakrey, M.L.A., P.O. and Vill. Shyamsundar.

11. Shri Dasarathi Tah, M.L.A., Vill. Dhamas, P.O. Baradhamas, Burdwan.

12. Shri Abhalata Kundu, M.L.A., 4, K. C. Bose Road, P.O. Shyambazar, Calcutta.

13. Shri Kanailal Das, M.L.A., P.O. and Vill Eral.

14. Shri Sibdas Ghattak, M.L.A., Upper Chelidanga, P.O. Asansol.

15. Shri Dhajadhari Mondal, M.L.A., Vill. Sanktoria, P.O. Dishergarh, Burdwan.

16. Shri Ananda Gopal Mukherjee, M.L.A., P.O. and Vill. Bhiringi.

17. Shri Baidyanath Mondal, M.L.A., Sanktoria, P.O. Dishergarh.

18. Shri Amarendra Mondal, M.L.A., Vill. Banamalipur, P.O. Berali.

19. Shri Banarashiprosad Jha, M.L.A., Md. Hussain Street, Asansol.

20. Shri Taher Hossain, M.L.A., Nareshinghbad, Qr. No. MS/6/3, P.O. Burdwan.

21. Shri Jamadar Majhi, M.L.A., P.O. and Vill. Hatgobindapur.

22. Shri Hare Krishna Koner, M.L.A., 2, Parkar Road, Burdwan.

23. Shri Bimalananda Tarkatirtha, M.L.A., 90/3, Grey Street, Calcutta.

24. Shri Bhakta Chandra Roy, M.L.A., Vill. and P.O. Putsuri.

25. Shri Tarapada Chaudhury, M.L.A., Katwa.

26. Shri Sankar Das, M.L.A., Singhat, P.O. Mathrun, Burdwan.
27. Shri Pranabeswar Sarkar, M.L.C., 2 Paikmarapura Lane, Burdwan.
28. Shri Biman Behari Lall Singha, M.L.C., Ukhra, Burdwan.
29. Shri Surendra Kumar Roy, M.L.C., Nababdost Kayem Lane, Burdwan.
30. Shri Pasupati Nath Maliha, M.L.C., P.O. Searsole Raj Bati, Burdwan.
31. Shri Charu Chandra Sanyal, M.L.C., P.O. Jalpaiguri.
32. Shri Syed Sahadullah, M.L.C., Parkar Road, Burdwan.

Members nominated by Government

1. Dr. Bimal Krishna Chatterjee, M.B., P.O. Galsi, Burdwan.
2. Shri Baidya Nath De, Nutanganj, P.O. and Dist. Burdwan
3. Prof. S. K. Mukherjee, Vice-Principal, Asansol College, Asansol, Burdwan.
4. Shri Ra Behari Sen, Senpara, Kalna, Burdwan.
5. Dr. N. G. Chatterjee, L.M.F., Katwa, Burdwan.

Wine Shop at Tahabazar in Balurghat, West Dinajpur

421. (Admitted question No. 841.) **Shri Nathaniel Murmu:** আবগারি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে—

(১) পশ্চিম দিনাজপুর জেলার সদর বালুরঘাট শহরের কেন্দ্রস্থলে অবস্থিত তহবাজারে একটি মদের দোকান রহিয়াছে;

(২) এই মদের দোকান সেই স্থানে থাকিবার জন্য প্রায় প্রতিদিন সন্ধ্যার পর হইতে, এমনকি কোন কোন দিন, দিনদুপুরেও প্রধান রাস্তায় গুন্ডাশ্রেণীর লোকেরা মাতলামি করে এবং ইহার ফলে প্রায় সেইখানে মারামারি হয়; এবং

(৩) এই মদের দোকান সেই স্থান হইতে অপসারণ করিয়া শহরের উপকণ্ঠে কোন জায়গায় সরাইয়া লইবার জন্য জনসাধারণের তরফ হইতে বার বার সরকারকে জানানো সত্ত্বেও তাহা আজ পর্যন্ত সরানো হয় নাই।

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(১) কি কারণে আজ অবধি উক্ত মদের দোকান সরানো হয় নাই;

(২) বর্তমানে উহা সরাইবার কোন ইচ্ছা সরকারের আছে কিনা; এবং

(৩) থাকিলে কবে নাগাদ উক্ত মদের দোকান স্থানান্তরিত হইবে বলিয়া সরকার মনে করেন?

The Minister for Excise:

(ক) (১) হ্যাঁ।

(২) গুন্ডামি সম্পর্কে কোনও অভিযোগ সরকারের জানা নাই।

(৩) প্রত্যেক জেলাতে আইন অনুসারে গঠিত অধিকাংশ বেসরকারী সভ্য লইয়া একটি বোর্ড আছে এবং এই বোর্ড কর্তৃক মদের দোকানের স্থান নির্ধারিত হয়। উক্ত বোর্ড দোকানটি অন্যত্র সরাইবার চেষ্টা করিতেছে।

Road repair under Kauli-Atila T. R. Scheme, West Dinajpur

422. (Admitted question No. 843.) **Shri Nathaniel Murmu:** ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায় গত ১৯-১০-৬২ তারিখে কাউলি-আটিলা টি আর স্কীমের রাস্তার মাটিকাটার কাজে ৪০৯ জন লোক অংশ-গ্রহণ করে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই মাটি কাটার জন্য এসব লোকদের কোন অ্যালটমেন্ট স্লিপ দেওয়া হইয়াছিল কি না;

(২) এই দিনের টি আর-এর জন্য কত গম বরাদ্দ ছিল;

(৩) ঐ গম যাহারা রাস্তার মাটি কাটিয়াছিল তাহাদের দেওয়া হইয়াছে কি না; এবং

(৪) না দেওয়া হইলে, তাহার কারণ কি?

The Minister for Relief:

(ক) না, ১৯-১০-৬২ তারিখে কাউলি আটিলা রাস্তার কোন কাজ হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Leprosy Clinic at Chhatinasol in Gopiballavpur police-station, Midnapore

423. (Admitted question No. 847.) **Shri Deb Nath Hansdah:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় ছাতিনাশল কুষ্ঠ রোগীর চিকিৎসাকেন্দ্রে কোন চিকিৎসালয় নাই;

(খ) অবগত থাকিলে চিকিৎসালয় নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কবে কার্য আরম্ভ করা হইবে?

The Minister of State for Health:

(ক) হাঁ, তপশীলি সম্প্রদায়ের মঙ্গলার্থে ছাতিনাশলে একটি ভাড়া বাড়িতে একটি কুষ্ঠ চিকিৎসা কেন্দ্র আছে।

(খ) হাঁ।

(গ) যথাসম্ভব সত্বর কার্য আরম্ভ করা হইবে।

Educating Santals through their mother language

424. (Admitted question No. 851.) **Shri Mangal Chandra Saren:** আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার আদিবাসী সাঁওতালদের জনসংখ্যা কত;

(খ) এই আদিবাসী সম্প্রদায়ে সাঁওতালি মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের পরিকল্পনা সরকারের আছে কি না;

(গ) পরিকল্পনা থাকিলে, কতদিনে তাহা কার্যকরী করা হইবে?

The Minister for Tribal Welfare:

(ক) ৯,৭৭,২৫১ (১৯৬১ সালের লোকগণনা অনুযায়ী)।

(খ) প্রাথমিক পর্যায়ে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের জন্য সাঁওতাল অধ্যুষিত অঞ্চলের বিদ্যালয়ে সাঁওতাল শিক্ষক নিয়োগের ব্যবস্থা শিক্ষা দপ্তর কর্তৃক নীতিগতভাবে গ্রহণ করা হইয়াছে। কিন্তু উপযুক্ত সংখ্যক যোগ্যতাসম্পন্ন শিক্ষকের অভাব আছে।

(গ) প্রশ্নের জবাবের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Rural Water Supply in Jhargram Town, Midnapore

425. (Admitted question No. 857.) **Shri Surendra Nath Mahato:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা শহরে পানীয় জলের অভাব সম্পর্কে অবহিত আছেন; এবং

(খ) অবহিত থাকিলে ঐ শহরের জলকষ্ট নিবারণের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

The Minister of State for Health:

(ক) ও (খ) ঝাড়গ্রাম মহকুমা শহরে পানীয় জলের অভাব সম্পর্কে সরকারের নিকট সাম্প্রতিক কোন তথ্য নাই এবং বর্তমানে ঐ শহরে জলসরবরাহের কোন পরিকল্পনা সরকারের নাই।

Compensation to the Zamindars

426. (Admitted question No. 865.) **Shri Sanat Kumar Raha:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৫,০০০ টাকার সীমা পর্যন্ত ক্ষতিপূরণ প্রাপক এইরূপ জমিদারের সংখ্যা কত এবং তাঁহাদের জন্য কি পরিমাণ টাকা ক্ষতিপূরণ বাবত লাগবে;

(খ) উক্ত ক্ষতিপূরণের টাকার কত শতাংশ; এবং

(গ) এইসকল ছোট জমিদারগণকে তাঁহাদের প্রাপ্য ক্ষতিপূরণের টাকার কত শতাংশ দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) প্রায় ১৩ লক্ষ জন এবং তাঁহাদের জন্য প্রায় ৫ কোটি টাকা লাগিবে।

(খ) বর্তমানে বলা সম্ভব নয়।

(গ) সঠিক বলা উপস্থিত সম্ভবপর নয়।

Blood Bank at Berhampore

427. (Admitted question No. 866.) **Shri Sanat Kumar Raha:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে ব্লাড্ ব্যাঙ্কের জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জামাদি দেওয়া হয় নাই; এবং

(খ) সত্য হইলে, এই ব্লাড্ ব্যাংকটিকে প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্বারা কবে সম্পূর্ণ করা হইবে?

The Minister of State for Health:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Canal Tax of Mayurakshi river

428. (Admitted question No. 867.) **Shri Shiromani Prasad:** সেচ এবং জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ইহা কি সত্য যে সরকার ময়ূরাক্ষী খালের জলকর আদায়কারীগণকে নির্দেশ দিয়াছেন যে, প্রতি বৎসরে ২৮এ ফেব্রুয়ারির স্থলে ১৩ই ফেব্রুয়ারির পর ক্যানেল কর আদায় দিলে টাকা প্রতি যে তিন নয়া পয়সা রিবেট পাওয়া যায় তাহা পাওয়া যাইবে না।

The Minister for Irrigation and Waterways:

বেঙ্গল ডেভেলপমেন্ট রুলস্, ১৯৩৬-এর ৬৫ ও ৬৬ রুল অনুসারে দেয় কর ১লা মার্চের ১৫ দিন পূর্বে সম্পূর্ণ আদায় দিলে টাকা প্রতি তিন নয়া পয়সা হিসাবে রিবেট দেওয়ার ব্যবস্থা আছে।

Incidents of fire at Mayna and Pingla police-stations, Midnapore

429. (Admitted question No. 868.) **Shri Ananga Mohan Das:** ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে মেদিনীপুরের ময়না ও পিংলা থানায় কয়টি অগ্নিকান্ডের ঘটনা সম্পর্কে সরকার অবগত আছেন ;

(খ) অগ্নিকান্ডের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে গৃহনির্মাণের জন্য সাহায্য বা ঋণ দিবার কোন ব্যবস্থা আছে কি; এবং

(গ) ব্যবস্থা থাকিলে, তাহা কিরূপ এবং অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হইবার কতদিনের মধ্যে তাহা দেওয়া হয়?

The Minister for Relief:

(ক) ১৯৬৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পিংলা থানায় ৩টি ও ময়না থানায় ২০টি অগ্নিকান্ডের ঘটনা সম্পর্কে সরকার অবগত আছেন।

(খ) আছে।

(গ) গৃহনির্মাণের জন্য ঋণ পরিশোধে অক্ষম প্রকৃত দুঃস্থ পরিবারগুলিকে পরিবারপিছু ১৫০ (দেড়শত) টাকা পর্যন্ত খয়রাতি সাহায্য এবং কৃষিঋণ পাইবার উপযুক্ত পরিবারগুলিতে প্রয়োজন অনুযায়ী কৃষিঋণ দিবার ব্যবস্থা আছে। গৃহনির্মাণের জন্য সাহায্য বা ঋণের আবেদন পাইবার দুই-তিন মাসের মধ্যে টাকা দেওয়া হয়।

Test relief work in Jhargram, Midnapore

430. (Admitted question No. 877.) **Shri Surendra Nath Mahato:** ত্রাণ বিভগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বহু অংশে এই বৎসর কম ফসল উৎপাদন হইয়াছে;

(খ) অবগত থাকিলে, ঐসব অঞ্চলে ব্যাপক টেস্ট রিলিফের কাজ হইবার কোন প্রস্তাব আছে কি; এবং

(গ) খাদ্য শস্যের মূল্য বৃদ্ধিহেতু টেস্ট রিলিফের শ্রমিকগণের বেতনের হার বর্ধিত করিবার কোন প্রস্তাব আছে কি না?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) না।

Gratuitous and test relief in Tapan police-station, West Dinajpur

431. (Admitted question No. 881.) **Shri Nathaniel Murmu:**

ণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২ সালে পশ্চিম দিনাজপুর জেলার তপন থানায়—

(১) খয়রাতি সাহায্য ও

(২) টেস্ট রিলিফ বাবদ কত টাকা অথবা কত গম দেওয়া হইয়াছে?

(খ) উক্ত খয়রাতি সাহায্য এবং টেস্ট রিলিফ বাবদে উক্ত থানার এগারটি ইউনিয়ন বোর্ড গুলির প্রত্যেকটিতে উক্ত টাকা এবং গম কি পরিমাণে দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) (১) ও (২) খয়রাতি সাহায্য বাবদ নগদ ১৭,৯২৫ টাকা ও ৩,৬১৪·৬৬ কুইন্টাল গম বং সহায়ক কর্মে নগদ ১,২৪,২৫৬ টাকা ও ৫,০০৭·৫৭ কুইন্টাল গম দেওয়া হইয়াছে।

(খ) নগদ টাকায় খয়রাতি সাহায্য বিতরণের ইউনিয়নওয়ারী হিসাব রাখার ব্যবস্থা না কায় এই সম্বন্ধে ইউনিয়নওয়ারী তথ্য দেওয়া সম্ভব নহে। অন্যান্য তথ্য সম্বলিত একটি বরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

atement referred to in reply to clause (Kha) of unstarred question No. 431

মক নং ইউনিয়নের নাম	খয়রাতি সাহায্য বাবদ প্রদত্ত গমের পরিমাণ	সহায়ক কার্যে প্রদত্ত অর্থের পরিমাণ	সহায়ক কার্যে প্রদত্ত গমের পরিমাণ
টাকা নঃ পঃ	কুইন্টাল	টাকা নঃ পঃ	কুইন্টাল
১) (২)	(৩)	(৪)	(৫)
১) রামচন্দ্রপুর	৩৬২·৫৯	২৩,১৮৮·০০	১,০১১·০০
২) মালঞ্চ	৩৮২·২৭	২১,৯৮০·০০	৮৯২·০০
৩) রামপারাচুড়া	৩৩৩·৯৬	৯,৪৪০·০০	৩৩৫:০০
৪) দিপখণ্ড	৩৪২·৪৭	৫,৬২৯·০০	৩৫১·৫২৫
৫) গুরাইল	২৩৮·৩৯	৯,২৬৮·০০	৩৩১·৭৯
৬) গোফানগর	৪৩৭·৫৪	১৭,১২৩·০০	৬০৩·৭৯
৭) তপনচণ্ডীপুর	৩১৯·৭৮	১০,৯০৫·০০	৪১৯·০০
৮) আজমাৎপুর	২৩৮·১৮	—	—
৯) হজরতপুর	১৬৬·১১	—	—
১০) হরসুরা	১৫৮·৪৫	—	—
১১) আটিনা	৬৩৪·৯৪	২৬,৭২৩·০০	১,০৬৩·৪৬৫
	৩,৬১৪·৬৬	১,২৪,২৫৬·০০	৫,০০৭·৫৭

Government residential Hostels for Tribal Students in West Bengal

432. (Admitted question No. 882.) **Shri Nathaniel Murmu:**

দবাসি-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) পশ্চিমবঙ্গের মাধ্যমিক স্কুলের আদিবাসী ছাত্রদের জন্য সরকারের তত্ত্বাবধানে পরিচালিত কয়টি ছাত্রাবাস আছে:

(খ) কোন্ জেলায় কয়টি এবং কোথায় কোথায় এই ছাত্রাবাস আছে এবং উক্ত ছাত্রাবাসগুলি প্রত্যেকটিতে কয়জন করিয়া আদিবাসী ছাত্র থাকে; এবং

(গ) এই ছাত্রাবাসে যেসব আদিবাসী ছাত্র থাকে তাহাদের প্রত্যেকটির জন্য সরকার কর্তৃক মাসিক খরচের বরাদ্দ কত?

The Minister for Tribal Welfare:

(ক) পশ্চিমবঙ্গে আদিবাসী ছাত্রদের জন্য সরকার পরিচালিত ছাত্রাবাস নেই, পূর্বে বিহার সরকার কর্তৃক পরিচালিত পুরুলিয়া জেলার ৭টি ছাত্রাবাস পরিচালনার দায়িত্ব বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার লইয়াছেন।

(খ) পুরুলিয়া জেলার মানবাজার, পারা, মুরাডিহি, লক্ষণপুর, বড়বাজার বলরামপুর ও পুরুলিয়ায় আদিবাসী ছাত্রদের জন্য ছাত্রাবাস আছে। প্রত্যেকটি ছাত্রাবাসে গড়ে ২০ জন করিয়া ছাত্র থাকে।

(গ) ছাত্র প্রতি মাসিক গড়ে ২৫ টাকা।

M. V. R. Scheme at Howrah

433. (Admitted question No. 929.) **Shri Dulal Chandra Mondal:** বাস্তুবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বর্তমানে হাওড়া জেলায় এম ভি আর স্কীম চালু আছে কিনা?

The Minister for Public Works:

না। তৃতীয় যোজনাকালের গোড়া হইতেই উক্ত স্কীমে নতুন ব্যয়বরাদ্দ ভারত-সরকার বন্ধ রাখিয়াছেন।

Relief Committees at Bagmundi and Arsha, Purulia

434. (Admitted question No. 938.) **Shri Daman Kuiri:** ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাগমুণ্ডি ও আর্সা অঞ্চলে কোন রিলিফ কমিটি আছে কিনা;

(খ) রিলিফ কমিটি থাকিলে তাহার সদস্যদের নাম কি;

(গ) রিলিফ কমিটি না থাকিলে তাহার কারণ কি; এবং কবে নাগাদ ঐ কমিটি গঠিত হইবে?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ) সদস্যদের নাম নিম্নে দেওয়া হইল:

বাগমুণ্ডি অঞ্চল রিলিফ কমিটি—

(১) সভাপতি—অঞ্চল পঞ্চায়েত প্রধান [পদাধিকার বলে] (বর্তমানে শ্রীসুরেন্দ্র কুমার);

(২) সম্পাদক—গ্রামসেবক (বর্তমানে শ্রীরামজীবন ব্যানার্জি);

(৩) সভ্য—শ্রী[illegible] মুখার্জি (সরকার কর্তৃক মনোনীত,,

(৪) সভ্য—মঃ ইউনুস খাঁ (সরকার কর্তৃক মনোনীত);

(৫) সভ্য—স্থানীয় এম এল এ [পদাধিকার বলে] (বর্তমানে শ্রীদমন কুইরী)।

মার্সা অঞ্চল রিলিফ কমিটি—

(১) সভাপতি—অঞ্চল পঞ্চায়েত প্রধান [পদাধিকার বলে] (বর্তমানে শ্রীজয়নারায়ণ সিং বাবু);

(২) সম্পাদক—গ্রামসেবক (বর্তমানে শ্রীসনৎকুমার দত্ত);

(৩) সভ্য—শ্রীহরিসাধন মুখার্জি (সরকার কর্তৃক মনোনীত);

(৪) সভ্য—শ্রীকেশবচন্দ্র মাহাতো (সরকার কর্তৃক মনোনীত);

(৫) সভ্য—স্থানীয় এম এল এ [পদাধিকার বলে] (বর্তমানে শ্রীদমন কুইরী)।

(গ) প্রশ্ন উঠে না।

Point of Privilege.

Shri Somnath Lahiri:

আপনার অনুমতি নিয়ে আমি একটা কোশ্চেন অফ প্রিভিলেজ তুলছি, এবং সঙ্গে সঙ্গে একটা পয়েন্ট অফ অরডার এসে যাচ্ছে—গত ২১শে মার্চ তারিখে কারামন্ত্রী শ্রীমতী পুরবী মুখোপাধ্যায় মহাশয়া যে বক্তৃতা করেন তার সংশ্লিষ্ট অংশ যে বিষয়ে আমার কোশ্চেন অফ প্রিভিলেজ, সেটা আমি পড়ে শোনাচ্ছি, তিনি বলেছেন, কমিউনিস্ট পার্টি থেকে যে সমস্ত কমিউনিস্টরা জেলখানায় রয়েছেন তাঁদের রাজবন্দী হিসাবে স্বীকার করার আমাদের কোন প্রকার ইচ্ছা ছিল না, ভবিষ্যতেও করব না। যে অভিযোগে তাঁদের জেলে আনা হয়েছে সেই অভিযোগ হচ্ছে একমাত্র দেশদ্রোহিতার অভিযোগ।

[12-40—12-50 p.m.]

গত ২১শে মার্চ তারিখে কারা মন্ত্রী শ্রীমতী পুরবী মুখার্জি এই হাউসে যে বক্তৃতা করেন তার সংশ্লিষ্ট অংশ আমার কোশ্চেন অফ প্রিভিলেজ সেটায় পড়ে। শেষার্ধে তিনি বলেছেন কমিউনিস্ট পার্টি থেকে যে সমস্ত কমিউনিস্ট জেলখানায় রয়েছেন তাদের রাজবন্দী হিসাবে স্বীকার করার আমাদের কোন প্রকার ইচ্ছা নেই, ভবিষ্যতে করবো না। যে অভিযোগে তাদের জেলে আনা হয়েছে সে অভিযোগ হচ্ছে একমাত্র অভিযোগ দেশদ্রোহিতার অভিযোগ এবং এর সঙ্গে রাজনৈতিক অপরাধের কোন সম্পর্ক নেই, আমি শ্রীসোমনাথ লাহিড়ী এবং ডাঃ নারায়ণ রায় সে কথা বলেছেন......

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত: একটা পয়েন্ট অফ অর্ডার রেজ করতে চাই......

মিঃ স্পীকার: কি আপনার পয়েন্ট অফ অর্ডার। উনি পয়েন্ট অফ প্রিভিলেজ বলছেন এর মধ্যে আপনার কি আছে এবং আমি জানাচ্ছি, উনি যদি উল্টো কাগজ পড়েন তবে ওঁর মোশন অ্যাডমিটেড হবে না......

শ্রীঅশোক কৃষ্ণ দত্ত: যদি কোন সভ্য কোন কাগজকে রিলেট করে বলে থাকেন তাহলে সেটা কি কাগজ আগে তাঁকে তা বলতে হবে এবং কোথা থেকে তিনি তা পেয়েছেন তা জানাতে হবে।

মিঃ স্পীকার: এটা আমার কনসিডার করবার কথা যে মোসান অ্যাডমিটেড অর নট

[নয়েজ]

শ্রীসোমনাথ লাহিড়ী: মিঃ স্পীকার, স্যার, গত ২১ তারিখে কারামন্ত্রী শ্রীমতী পুরবী মুখার্জি যে বক্তৃতা এই হাউসে দিয়েছেন এবং তার সেই বক্তৃতার কপি যা আমি অফিস থেকে পেয়েছি তার সংশ্লিষ্ট অংশ অর্থাৎ যে অংশ থেকে আমি পয়েন্ট অফ প্রিভিলেজ তুলছি সেটাই পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন 'কমিউনিস্ট পার্টি' থেকে যে সমস্ত কমিউনিস্ট জেলখানায়

রয়েছেন তাদের রাজবন্দী হিসাবে গ্রহণ করার আমাদের কোন প্রকার ইচ্ছা নেই এবং ভবিষ্যতেও করবো না। যে অভিযোগে তাদের জেলখানায় আনা হয়েছে সে অভিযোগ হচ্ছে একমাত্র দেশদ্রোহিতার অভিযোগ, এর সঙ্গে রাজনীতির কোন সম্পর্ক নেই। শ্রীসোমনাথ লাহিড়ী এবং শ্রীনারায়ণ রায় যে কথা বলেছেন এবং তার পূর্বে শ্রীহরিদাস চক্রবর্তী যে চুক্তির কথা বলেছেন তা আপনাদের নিশ্চয়ই স্মরণ আছে। ১৯৪৮ সালে ডাঃ রায় তখন এই সমস্ত কমিউনিস্টদের আন্দোলনের সময় তিনি একটা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে যদি কোন লোক, তিনি যে কোন পার্টিরই হোন না কেন, যদি কোন রাজনৈতিক অথবা গণআন্দোলনের ফলে—সে কৃষক আন্দোলন হোক, খাদ্য আন্দোলন হোক বা যে কোন গণআন্দোলনই হোক তার যদি কাউকে ধরা হয় তাকে প্রথম শ্রেণী দেওয়া হবে। কিন্তু আজ যারা ধরা পড়েছেন তাদের সঙ্গে এই চুক্তির, যা আমরা জেল কোডে অনুপ্রবিষ্ট করিয়েছিলাম সে চুক্তির কোন প্রশ্ন উঠে না। আজকে দেশ যখন যুদ্ধের সম্মুখীন, শত্রুপক্ষের সঙ্গে আনুগত্য যারা দেখাচ্ছেন যারা তাদের সঙ্গে কোন রকম সক্রিয়ভাবে সহানুভূতি দেখাবার চেষ্টা করছেন বা এই হাউসেও স্বীকৃত ও বিরোধী দলের সদস্য যারা রয়েছেন তাঁরাও তাঁদের বক্তৃতায় বিভিন্নবার বলেছেন। দেশদ্রোহীতার অপরাধে যাদের ধরা হয়েছে তাদের প্রথম শ্রেণীর বন্দী হিসাবে গণ্য করতে পারবো না এবং এই নীতিতেই কারা দপ্তর চলছে এবং ভবিষ্যতেও এই হাইট্রিজন-এ যাদের ধরা হয়েছে তাদের সকলকে প্রথম শ্রেণীর দেওয়া সম্ভব হবে না। এই কথা জোরের সঙ্গে স্পষ্টভাবে বলে দিতে চাই। অন্যান্য বারের সঙ্গে এবারের কোন তুলনা নেই। এই হচ্ছে রেলেভেন্ট পোরসন যার সম্বন্ধে আমার কোয়েশ্চেন অফ প্রিভিলেজ—যে পোরসন আমি বললাম তা থেকে স্পষ্ট দেখা যাবে তিনি এই হাউসকে বলেছেন যে কমিউনিস্ট পার্টি থেকে যে সমস্ত কমিউনিস্টরা জেলখানায় রয়েছেন তার বিরুদ্ধে একমাত্র দেশদ্রোহিতার অভিযোগ। তিনি আরও বলেছেন যে আজ যারা ধরা পড়েছেন তারা শত্রুর সঙ্গে আনুগত্য দেখিয়েছেন তাদের সঙ্গে সহানুভূতি সক্রিয়ভাবে দেখাবার চেষ্টা করেছেন। তিনি এও বলেছেন এই সমস্ত কমিউনিস্ট বন্দীদের দেশদ্রোহিতার অপরাধে ধরা হয়েছে—হাইট্রিজন এই অপরাধে ধরা পড়েছে। তার এই বক্তব্যের ভিত্তিতে আপনার কাছে আমার পয়েন্ট ও নালিশ হচ্ছে প্রথম, এর দ্বারা তিনি হাউসের কোন কোন মেম্বারের উপর অসত্য ও আনপার্লামেন্টারী দোষারোপ করে মেম্বারের প্রিভিলেজ ভঙ্গ করেছেন দায়িত্বশীল ক্যাবিনেট মন্ত্রী হিসাবে এবং এই হাউসের সদস্য হিসাবে তিনি জানেন যে সমস্ত কমিউনিস্ট বন্দীদের তিনি দেশদ্রোহী, শত্রুর প্রতি আনুগত্য ইত্যাদি বলে বর্ণনা করেছেন তাদের মধ্যে হাউসের লিডার অফ অপোজিশন সহ ১৫।১৬ জন মেম্বার ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টের ডেটিনিউ হিসাবে বিনাবিচারে বন্দী আছেন। এবং আরও কয়েকজন সদস্য আছেন যারা বিচারাধীন বন্দী। তিনি যখন সমস্ত কমিউনিস্ট বন্দীদের কথা উল্লেখ প্রসঙ্গে এদের কাউকে বাদ দেন নি তখন তিনি সকলকেই দেশদ্রোহী, শত্রুর প্রতি আনুগত্য, শত্রুকে সক্রিয়ভাবে সাহায্য করেন ইত্যাদি বলে বর্ণনা করেছেন—এই সমস্ত কথা আনপার্লামেন্টারী এবং অসত্য, সুতরাং তিনি এই সব মেম্বারদের প্রিভিলেজ ভঙ্গ করেছেন। যদি কোন সদস্য দেশদ্রোহী, শত্রুর প্রতি আনুগত্য, শত্রুর প্রতি সহানুভূতিশীল ইত্যাদি শব্দ ব্যবহার করেন যার ফলে অন্য কোন সদস্যের উপর রিফ্লেকসন আসে তবে হাউস তা সহ্য করবে না। কারণ শব্দগুলি গ্রসলি আনপার্লামেন্টারী এবং হাউসের বাইরে কারও এই সব শব্দ প্রয়োগ করলে তা মানহানির সামিল হবে এবং বিচারালয়ে তা জাস্টিসিয়েবল। এইরূপ শব্দ ব্যবহার করলে এবং তার ফলে কোন কোন সদস্যের উপর রিফ্লেকসন এলে তাতে তার চরিত্র আক্রান্ত হয় হাউস অফ কমন্স দেশদ্রোহী (ট্রেটার) শব্দ প্রয়োগের বিরুদ্ধে [কমন্স ডিবেট (১৯৪৮-৪৯, ভলিউম ৪৬৩, পেজ ৪৪৩)] এবং এ ফ্রেন্ড অফ দি এনিমি অফ দি কানট্রি [শত্রুপক্ষের সঙ্গে আনুগত্য শব্দ প্রয়োগের বিরুদ্ধে (এইচ সি ডিবেট ১৯৪৫-৪৬, ভলিউম ৪২৫, সি ১৮৬৩)] সিদ্ধান্ত হয়েছে। এই সব মন্তব্যের দ্বারা মেম্বারের প্রতি শ্রদ্ধা কমে গিয়ে তাঁর হাউসের প্রতি দায়িত্ব পালনের বাধার সৃষ্টি করে বলে হাউস অফ কমন্সে মন্তব্যকারীকে সাজাও দেওয়া হয়েছে। রাজ্যসভা ডিবেট ৪ঠা ডিসেম্বরের ১৯৪৯ ইত্যাদিও অনুরূপ। আমার দ্বিতীয় পয়েন্ট হোল কারামন্ত্রীর পূর্ব উদ্ধৃত মন্তব্যগুলির ফলে এই হাউসের উপরও রিফ্লেকসন এসেছে এবং হাউসের প্রিভিলেজ ক্ষুন্ন হয়েছে। মে, ১৬ এডিসনে ১১৭-তে বলেছেন

"The reflections upon members, the particular individuals not being named, or otherwise indicated, are equivalent to reflection on the House".

তৃতীয়তঃ তিনি পূর্বোক্ত উক্তিগুলির দ্বারা সজ্ঞানে এই হাউসকে বিভ্রান্ত করেছেন—ডেলিবারেটলি মিসলেড দি হাউস এবং তার ফলে হাউসের প্রিভিলেজ ভংগ করেছেন। কারামন্ত্রী ও কেবিনেটের সদস্য হিসাবে তিনি জানেন যে যে সমস্ত কমিউনিস্ট বন্দীদের তিনি দেশদ্রোহী, শত্রুর প্রতি আনুগত্য বা সহানুভূতিশীল ইত্যাদি বলে হাউসকে জানিয়েছেন তারা সকলেই হয় ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টের বিনা বিচারে বন্দী অথবা ঐ অ্যাক্ট-এর এই বিবেচনাধীন বন্দী। তিনি জানেন যে ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্টে যাদের ধরা হয় তাঁদের অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত তাঁদের সম্বন্ধে পূর্বোক্ত কোনো মন্তব্য তো করা যায়ই না, এমন কি তাঁদের বিরুদ্ধে একমাত্র অভিযোগ দেশদ্রোহিতার অভিযোগ একথাও বলা যায় না; কারণ ধরুন নিয়ন্ত্রণ ভংগ করলে কিংবা রায়ট করে শান্তি ভংগ করলে কিংবা স্বর্ণবিধি ভংগ করলে যা শত্রুর প্রতি আনুগত্য ও দেশদ্রোহিতা নয় তা করলেও ডি আই অ্যাক্ট-এ গ্রেপ্তার হতে পারে। তিনি এমন কোন তথ্য বা প্রমাণ উপস্থাপিত করতে পারেন নি যে, যাদের ধরা হয়েছে তাদের প্রত্যেকেই দেশদ্রোহীতা বা হাই-ট্রিসন-এর অভিযোগে অভিযুক্ত। সুতরাং তিনি হাউসকে মিসলিড করে হাউসের প্রিভিলেজ ভংগ করেছেন।

আমার চতুর্থ পয়েন্ট, আমার এই সমস্ত মন্তব্যের মধ্যে কারামন্ত্রী মহাশয়া এই হাউসের Rules of Procedure and Conduct of Business, Rule 328(i)—"A member shall not refer to any matter of fact on which a judicial decision is pending;" ইত্যাদি ভংগ করেছেন

[12-50—1 p.m.]

ডিফেন্স অব ইন্ডিয়া অ্যাক্টের বিচারাধীন বন্দী হিসাবে যেসব কমিউনিস্ট বন্দীদের (যার মধ্যে এই হাউসের কয়েকজন মেম্বারও আছে) বিরুদ্ধে কোর্টে মামলা চলছে কারামন্ত্রীর মন্তব্য তাঁদের সম্বন্ধেও প্রযোজ্য। সেই হিসাবে তিনি সমস্ত বিচারাধীন কমিউনিস্ট বন্দীদের মামলা সম্বন্ধে মন্তব্য করেছেন যে তাঁদের বিরুদ্ধে একমাত্র অভিযোগ দেশদ্রোহিতার অভিযোগ, তাঁরা শত্রু পক্ষের সংগে আনুগত্য দেখিয়েছেন, তাঁদের সংগে সহানুভূতি সক্রিয়ভাবে দেখানোর চেষ্টা করেছেন। তাদের দেশদ্রোহিতা ও হাইট্রিসন অপরাধে ধরা হয়েছে। তাঁর বক্তৃতার সময় খুব গোলমাল হচ্ছিল বলে মাননীয় স্পীকার মহাশয়, আপনি হয়তো কথাগুলো ভাল শুনতে পান নি। যদি পেতেন তবে সাবজুডিস ম্যাটারের উপর এই মন্তব্যে আপনি নিজেই আপত্তি করতেন বলে আমার বিশ্বাস। যাই হোক, কারামন্ত্রী হাউসের একজন সাধারণ মেম্বার নন, তিনি কেবিনেট মন্ত্রী—দায়িত্বশীল পদে অধিষ্ঠিত আছেন। তাঁর পক্ষে এ ধরনের উক্তি করা কোর্ট অফ জাস্টিসকে প্রভাবিত করারই অপচেষ্টা। এবং এতেও তিনি হাউসে বক্তৃতার প্রিভিলেজ অপব্যবহার করেছেন, অর্থাৎ হাউসের প্রিভিলেজ ভংগ করেছেন। এই সমস্ত কারণে আমি বিষয়টিকে কমিটি অফ প্রিভিলেজ-এর কাছে পাঠানোর জন্য মোসন আনছি। তবে শ্রীমতী মুখার্জি যদি তাঁর এই সমস্ত উক্তি প্রত্যাহার করেন কিংবা আপনি যদি সরাসরি আপনার ক্ষমতাবলে এগুলিকে প্রসিডিংস থেকে এক্সপঞ্জ করেন তাহলে মোসন দরকার হবে না। সাবজুডিস ম্যাটার সম্বন্ধে কারামন্ত্রীর বক্তব্য থেকে এখনি কিছুটা ক্ষতি হয়ে গেছে আদালতকে প্রভাবিত করার দিক থেকে সেগুলি আপনি যদি এখনো এক্সপাঞ্জ করান তাহলে ক্ষতির উপশম হবে। আনপার্লামেন্টারী, লাইবেলাস মন্তব্যগুলি সম্বন্ধেও আপনি সরাসরি অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে পারেন। কিন্তু যদি তা না করেন তাহলে আমি বলব বিষয়টি হাউসের কমিটি অফ প্রিভিলেজের কাছে পাঠানো হ'ক।

Mr. Speaker: I will look into the matter and I will give my ruling later.

The Hon'ble Purabi Mukhopadhyay: Mr. Speaker, Sir, on a point of submission. Can I get a copy of my own speech which I have not seen yet? It is necessary because if I could see a copy of my own speech I could say whether it has been correctly noted or not. I did not say anything in my speech about the under-trial prisoners.

Mr. Speaker: That will appear from our own record.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, classification in cases of under-trial prisoners is given by the Court. So, no member could here talk about the classification or division of the under-trial prisoners which is given by the Court and so it does not come under the jurisdiction of my speech at all.

শ্রীসোমনাথ লাহিড়ী: আমি আপনাকে আগেই বলেছি যে এই স্পীচ অফিস থেকে সাপ্লাই করেছে।

মিঃ স্পীকার: মিসেস মুখার্জি অ্যান্ড মিঃ লাহিড়ী, যে স্টেটমেণ্ট আমাদের রেকর্ডে আছে সে স্টেটমেণ্ট যদি আপনি পেয়ে থাকেন (মিঃ লাহিড়ীকে নির্দেশ করিয়া) সে জিনিসটা উনিও পাবেন (দি অনারবল মিসেস মুখার্জিকে নির্দেশ করিয়া) তখন উনি দেখবেন।

Adjournment Motion

Mr. Speaker: I have received one notice of an adjournment motion from Shri Panchu Gopal Bhaduri on the subject of strike by sweepers and scavengers of Serampore Municipality to which consent has been refused by me.

Calling attention to a matter of urgent public importance

Mr. Speaker: Now, the Minister-in-charge may make a statement on the subjetct of seizure of old weights from poor traders in Contai in the district of Midnapore notice of which was given by Shri Sudhir Chandra Das.

শ্রী[illegible] ভাকুয়া: ১৯৬২ সালের ১লা এপ্রিল থেকে সারা দেশে মেট্রিক ওজনের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। নূতন ওজন ও মাপ চালু করার ব্যাপারে শিক্ষামূলক প্রচারের সাহায্যে এই নিয়মের গুরুত্ব, প্রয়োজনীয়তা ও সরলতা জনসাধারণের হৃদয়ঙ্গম করানোর নীতিই অনুসৃত হয়েছে। সরকারের নির্দেশক্রমে ওজন ও মাপ পরিদর্শকেরা ব্যবসায়ীদের সরকার অনুমোদিত এক বিজ্ঞপ্তির দ্বারা পুরাতন ওজন বর্জন ও নূতন ওজন ব্যবহার করিতে নির্দেশ দেন এবং এই বিজ্ঞপ্তির নির্দেশগুলি যথাযথভাবে পালিত হচ্ছে কি না তাও দেখেন। কতকগুলি ক্ষেত্রে ভ্রাম্যমান ব্যবসায়ীদের কাছে পুরাতন বাটখারা পাওয়া গিয়েছে, এবং এগুলি বাজেয়াপ্ত করা হচ্ছে। পরিদর্শকদের প্রয়োজনমত উপযুক্ত পুলিশী সাহায্য দেবার জন্য জেলা অফিসারদের অনুরোধ করা হয়েছে। নূতন নিয়ম চালু করার ব্যাপারে এ পর্যন্ত যতদূর অগ্রসর হওয়া গিয়েছে তা সম্ভবপর হয়েছে কেবলমাত্র সৌহার্দপূর্ণ বোঝাপড়ার মধ্য দিয়ে জবরদস্তি করে নয়। খবর পাওয়া গিয়েছে, কাঁথি সহর ও পৌর এলাকার সমস্ত স্থায়ী ব্যবসায়ী, বিশেষ করে মুদি এবং শাক-সবজি ও মাছ মাংস বিক্রেতারা একযোগে তাদের সমস্ত প্রকারের বেচাকেনার কেবলমাত্র মেট্রিক বাটখারা ব্যবহার করছে। যে সমস্ত ভ্রামামাণ ব্যবসায়ীরা মাছ, তরি-তরকারি প্রভৃতি বিক্রয় করার জন্য দৈনন্দিন ও সাপ্তাহিক হাটবাজারে আসে ত্যরাও ধীরে ধীরে এই নূতন বাটখারায় বেচাকেনা সুরু করেছে। কাঁথি মহকুমার গ্রাম্য এলাকায় মেট্রিক বাটখারা চালু করার ব্যাপারে আশার কথা এই যে বাজারের সমস্ত স্থায়ী দোকানদারগণ এখন তাঁদের বেচাকেনায় মেট্রিক বাটখারা বাবহার করছে সাধারণ ব্যবসায়িক নিয়মে, কাজেই গ্রাম্য এলাকার শাকসবজি, মাছ প্রভৃতি বিক্রেতাদের ও ব্যবসায়িক স্বার্থে মেট্রিক বাটখারা ব্যবহার করা ছাড়া উপায় থাকছে না, কিন্তু এই জন্য সরকার থেকে কোনোরূপ জবরদস্তির প্রয়োজন হচ্ছে না। মেট্রিক বাটখারা চালু করার ব্যাপারে সর্বত্র জনসাধারণের শুভবুদ্ধির ও স্বতঃপ্রণোদিত সহযোগিতার আশ্রয় নেওয়া হয়েছে এবং এর দ্বারা যাতে ব্যবসা-বাণিজ্যের কাজ ব্যাহত না হয় বা ছোটখাট [illegible] কোনরূপ মারাত্মক অসুবিধা না হয় সেদিকে দৃষ্টি রেখে স্থান-কাল-পাত্র বুঝে যতদূর সম্ভব আইনের কড়াকড়ি শিথিল করা হয়েছে। বর্তমানে কাঁথি মহকুমার প্রায় ৭,০০০ দোকান আছে।

কাঁথি পৌর এলাকার মাত্র ৪৯টি দোকানদারের কাছ থেকে এখন পর্যন্ত সর্বসাকুল্যে মাত্র ৩৫০টি বাটখারা বাজেয়াপ্ত করা হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই দোকানদার ও ব্যবসায়িগণ স্বেচ্ছায় পুরাতন বাটখারা প্রত্যাহার করে নিয়েছেন।

ছোটখাট ব্যবসায়ী বিশেষতঃ হাটেবাজারে ভ্রাম্যমাণ ক্ষুদ্র ব্যবসায়ীদের কাজ চালানোর উপযুক্ত এক প্রস্থ বাটখারার গড়পড়তা বাজারদর মাত্র ৩ টাকা ৫০ নঃ পঃ, এইরূপ এক প্রস্থ বাটখারা ও একটি করিয়া ১ কিলো গ্রাম, ৫০০ গ্রাম, ২০০ গ্রাম ও ১০০ গ্রাম ওজনের বাটখারা থাকে। বেচাকেনার জন্য প্রয়োজনীয় মেট্রিক বাটখারা কেনার আর্থিক অসামর্থের জন্য দরিদ্র ব্যবসায়ীরা তাদের কাজ কারবার বন্ধ করে দিতে বাধ্য হয়েছে এরূপ কোনো সংবাদ আমরা পাই নি।

ওজন ও মাপ নিয়ন্ত্রণ আইনের বিধিভঙ্গ করার অপরাধে আজ পর্যন্ত কাহাকেও আইনতঃ অভিযুক্ত করা বা বিচারার্থ চালান দেওয়া হয় নি।

Mr. Speaker: Honourable members, I have received 7 notices of Calling Attention on the following subjects, viz.,

(1) Measures to check the increase of prices of paddy and rice in the districts of Birbhum, Burdwan and Murshidabad—by Dr. Radhakrishna Singha, Shri Monoranjan Baksi and Shri Bhakti Bhusan Mandal.

(2) Infiltration and exchange of fire by Pakistani forces in border areas of Cooch Behar—by Shri Amarendra Nath Roy Prodhan.

(3) Hunger strike by two political prisoners in Tufanganj sub-jail, Cooch Behar—by Dr. Narayan Chandra Roy.

(4) Rise in price of commodities in Lalbag and Jiagunj of Murshidabad district—by Shri Sailendra Nath Adhikary.

(5) Help by Government to the wretched families in village Raichak P.S. Moyna, District Midnapore, for the loss of a devastating fire—by Shri Ananga Mohan Das.

(6) Shifting of Metallurgical Research Laboratory from Ichapur—by Shri Jamini Bhusan Saha.

(7) Shortage of food in Murshidabad district—by Shri Birendra Narayan Roy.

I have selected the notice of Dr. Radha Krishna Singha, Shri Monoranjan Baksi and Shri Bhakti Bhusan Mandal on the subject of Measures to check the increase of prices of paddy and rice in the districts of Birbhum, Burdwan and Murshidabad. Hon'ble Minister-in-charge may kindly make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

The Hon'ble Prafulla Chandra Sen: I shall make a statement on Friday, the 29th March, 1963.

GOVERNMENT BUSINESS

Financial

[1—1-10 p.m.]

Supplementary Estimate for the year 1962-63

Mr. Speaker: I would now request the Hon'ble Ministers to move their Demands. After the Demands are moved, there will be discussion on the Supplementary Budget. I shall put the Demands to vote at 4-30 p.m.

DEMAND FOR GRANT No. 3

Major Head: 10—State Excise Duties

The Hon'ble Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,44,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year.

DEMAND FOR GRANT No. 7

Major Head: 14—Stamps

The Hon'ble Sankardas Banerji: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 95,000 be granted for expenditure under Grant No. 7, Major Head: "14—Stamps" during the current year.

DEMAND FOR GRANT No. 8

Major Head: 15—Registration Fees

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,48,000 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year.

DEMAND FOR GRANT No. 12

Major Head: 19—General Administration

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,27,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year.

DEMAND FOR GRANT No. 14

Major Head: 22—Jails

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,62,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" during the current year.

DEMAND FOR GRANT No. 15

Major Head: 23—Police

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,05,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year.

DEMAND FOR GRANT No. 16

Major Head: 26—Miscellaneous Departments—Fire Services

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,58,950 be granted for expenditure under Grant No. 16, Major Head: "26—Miscellaneous Departments—Fire Services" during the current year.

DEMAND FOR GRANT No. 19

Major Head: 28—Education

The Hon'ble Sowrindra Mohan Misra: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,10,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year.

DEMAND FOR GRANT No. 20

Major Head: 29—Medical

The Hon'ble Dr. Prabodh Kumar Guha: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,92,400 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year.

DEMAND FOR GRANT No. 34

Major Head: 50—Public Works

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,00,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year.

DEMAND FOR GRANT No. 35

Major Head: 53—Ports and Pilotage

The Hon'ble Sankardas Banerji: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,94,000 be granted for expenditure under Grant No. 35 Major Head: "53—Ports and Pilotage" during the current year.

DEMAND FOR GRANT No. 36

Major Head: 64—Famine Relief

The Hon'ble Abha Maiti: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,64,09,000 be granted for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year.

DEMAND FOR GRANT No. 41

Major Head: 71—Miscellaneous—Contributions

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,70,60,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year.

DEMAND FOR GRANT No. 43

Major Head: 71—Miscellaneous—Expenditure on displaced persons

The Hon'ble Abha Maiti: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,86,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons" during the current year.

DEMAND FOR GRANT No. 45

Major Head: 78—Pre-partition Payments

The Hon'ble Sankardas Banerji: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "78—Prepartition Payments" during the current year.

DEMAND FOR GRANT No. 45A

Major Head: 78A Expenditure connected with the National Emergency, 1962

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,03.000 be granted for expenditure under Grant No. 45A, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year.

Mr. Speaker: Cut motions No. 4 under Grant No. 3 and No. 2 under Grant No. 7 are out of order. The rest are in order and are taken as moved.

Shri Abhoy Pada Saha: Sir, I move that the demand of Rs. 2,44,000 for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year, be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the demand of Rs. 2,44,000 for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year, be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I move that the demand of Rs. 95,000 for expenditure under Grant No. 7, Major Head: "14—Stamps" during the current year, be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I move that the demand of Rs. 1,48,000 for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year, be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administion" during the current year, be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir. I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant No. 12, Major Head: "19—General Adiministration" during the current year, be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai: Sir, I move that the demand of Rs. 13,27,000 for expenditure under Grant 12, Major Head: "19—General Administration" during the current year, be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I move that the demand of Rs. 2,62,000 for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" during the current year, be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 50,05,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, be reduced by Rs. 100.

Shri Panchugopal Bhaduri: Sir, I move that the demand of Rs. 50,05,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I move that the demand of Rs. 50,05,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, be reduced by Rs. 100.

Shri Balailal Das Mahapatra: Sir, I move that the demand of Rs. 50,05,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, be reduced by Rs. 100.

Shri Girija Mukherjee: Sir, I move that the demand of Rs. 50,05,000 for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mondal: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Shri Deo Prokash Rai: Sir, I move that the demand of Rs. 29,10,000 for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I move that the demand Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29 Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Radhanath Chattoraj: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Deo Prokash Rai: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I move that the demand of Rs. 27,92,400 for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, be reduced by Rs. 100.

Shri Sailendra Nath Adhikary: Sir, I move that the demand of Rs. 20,00,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, be reduced by Rs. 100.

Shri Radhanath Chattoraj: Sir, I move that the demand of Rs. 20,00,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I move that the demand of Rs. 20,00,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mondal: Sir, I move that the demand of Rs. 20,00,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, be reduced by Rs. 100.

Shri Deo Prokash Rai: Sir, I move that the demand of Rs. 20,00,000 for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, be reduced by Rs. 100.

Shri Radhanath Chattoraj: Sir, I move that the demand of Rs. 2,64,09,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year, be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I move that the demand of Rs. 2,64,09,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year, be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I move that the demand of Rs. 2,64,09,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year, be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mondal: Sir, I move that the demand of Rs. 2,64,09,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year, be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the demand of Rs. 2,64,09,000 for expenditure under Grant No. 36, Major Head: "64—Famine Relief" during the current year, be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the demand of Rs. 1,70,60,000 for expenditure under Grant No. 41, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year, be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai: Sir, I move that the demand of Rs. 33,03,000 for expenditure under Grant No. 45A. Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mondal: Sir, I move that the demand of Rs. 33,03,000 for expenditure under Grant No. 45A. Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the demand of Rs. 33,03,000 for expenditure under Grant No. 45A. Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, be reduced by Rs. 100.

[1-10—1—20 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, এই চলতি বৎসরের অতিরিক্ত ব্যয়বরাদ্দ সম্পর্কে আজকে এই বিতর্কে প্রথমেই আমি আপনার কাছে একটি চিঠি পড়ে দিতে চাই। চিঠিটি হচ্ছে এই রকম—"শ্রী ভাদুড়ী, প্রফুল্লবাবু যে মাতৃসদনের ভিত্তি স্থাপন করেছেন তাহা যাহাতে গভর্নমেন্ট নিয়ে নেন, তার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীকে বলিয়াছি।" স্বাক্ষর হচ্ছে বিধানচন্দ্র রায়, তারিখ হচ্ছে ২০-৩-৬২। গত বছরের ২০শে মার্চ এই সভাতেই আমার বক্তৃতার উত্তরে তদানীন্তন মুখ্যমন্ত্রী, তিনি হয়ত একটু বিচলিত হয়েছিলেন, বিচলিত হয়ে তিনি এই চিঠিখানি মাননীয় জগন্নাথ কোলে মহাশয়ের হাত দিয়ে আমার কাছে পাঠিয়েছিলেন চিরকুট। এখন ঐ মাতৃসদনের একটা পুরানো ইতিহাস আছে। ৫ বৎসর ধরে ওর জন্য কিছু জমি দেওয়া ছিল, পাবলিক থেকে কিছু টাকাও কন্ট্রিবিউশন দেওয়া ছিল, ৫ বৎসর ধরে স্বাস্থ্য মন্ত্রী, স্বাস্থ্য বিভাগ এই মাতৃসদন করেন নি, গত নির্বাচনের জন্য ঝুলিয়ে রেখেছিলেন। নির্বাচনের ঠিক আগেই শ্রীপ্রফুল্ল সেন গিয়ে তার ভিত্তি-প্রস্তর স্থাপন করলেন এবং সেখানকার কংগ্রেস মনোনীত প্রার্থী ভোজবাজীর মত বিল্ডিং করে ফেললেন। ইতিমধ্যে ইলেকশন এলো, একটা কীর্তি হল কিন্তু ইলেকশন শেষ হয়ে যাবার পরে সেখানে আর মাতৃসদন হল না। এবং আমি এই প্রশ্ন জিজ্ঞাসা করছি যে, বিধান রায় পরলোকে গিয়েছেন, তিনি এই হাউসের নেতা ছিলেন এবং কংগ্রেসের অত্যন্ত মান্য নেতা ছিলেন। তাঁর কথার নিশ্চয়ই একটু মূল্য আছে অন্ততঃ কংগ্রেসের কাছে এবং তিনি হুকুম করেছিলেন যার কাছে, দুর্ভাগ্যবশতঃ, তিনিও পরলোকে গমন করেছেন এবং যাদের জন্য এই মাতৃসদন হবে তারাও অনেকে চিকিৎসার অভাবে, অনেক আসন্নপ্রসবা মা এবং প্রসব হতে পারলো না, দিনের আলো দেখতে পারলো না অনেক শিশু, তারাও পরলোক গমন করেছে। তাহলে সেই মাতৃসদন কি পরলোকে হবে? না, যে বিল্ডিংটা হয়ে আছে, দূরে নয়, এই হাসপাতালের চৌহদ্দির মধ্যে, সেখানে মাতৃসদনটাকে বাড়িয়ে করা হবে এই প্রশ্ন আমি আপনার মারফৎ স্বাস্থ্য বিভাগ এবং তখন যিনি এর ভিত্তি-প্রস্তর স্থাপন করেছিলেন, তিনি এখন মুখ্য-মন্ত্রী হয়েছেন, আগের মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতির কোন মর্যাদা এই ক্যাবিনেটের কাছে আছে কিনা সেটা আমি জানতে চাই।

দ্বিতীয়তঃ, মিঃ স্পীকার, স্যার, পানীয় জল সম্পর্কে। গ্রাম এলাকাতে পানীয় জলের কথা এখানে অনেক আলোচনা হয়েছে। সহর এলাকাতে যেখানে পানীয় জল নেই, বিশেষ করে যে সব এলাকা শ্রমিক অধ্যুষিত, সামনেই কলেরা আসছে, সেখানেতে এমন একটি জায়গা—নেহেরু নগর কলোনী—সেখানে পানীয় জল সম্পর্কে, ঐ আমাদের পুনর্বাসন দপ্তর থেকে সম্ভবতঃ বলা হয়েছে, যে এবার যুদ্ধের খরচের জন্য পানীয় জল দেওয়া হবে না। আমি যতদূর বুঝি পানীয় জলের সঙ্গে দেশরক্ষার সঙ্গে কাউন্টারপয়েজ করা যায় না। দেশরক্ষার জন্য কলেরা থেকে বাঁচবার জন্য পানীয় জল দেওয়া হবে না এইরকম মনোভাব ভারত সরকারের আছে, কি না আছে, আমি জানি না, এই রকম মনোভাব পুনর্বাসন দপ্তর থেকে প্রকাশ হয়ে থাকলে তা সংশোধন করে নেওয়া উচিত বলে আমি মনে করি। কিম্বা স্বাস্থ্য বিভাগ থেকে এই জায়গার পানীয় জলের

ব্যবস্থা করে—কলেরা আসছে তার আগেই ব্যবস্থা করে—যেন মৃত্যু রোধ করা হয় তার জন্য অগ্রিম দাবী জানাচ্ছি।

তৃতীয় হচ্ছে, মিঃ স্পীকার, স্যার, আমি এর আগেও একদিন বলেছিলাম তখন কিছু কিছু কংগ্রেস বেঞ্চের লোকেরা হেসেছিলেন, আমি শুনেছি যে পন্টিয়াস পাইলেট যিনি যীশুখ্রীস্টকে ক্রুসিফায়েড করবার আজ্ঞা দিয়েছিলেন তার মুখ দিয়েও অনবরত হাসি বেরুত, জেস্টিং বের হোত, ঠাট্টা বের হোত কিন্তু সেই জেস্টিং পাইরেট বেশীদিন জেস্ট করতে পারে নি, ঠাট্টা বিদ্রূপ করতে পারে নি, কারারুদ্ধ বন্দীদের সম্পর্কে আপনাদের কারামন্ত্রী যে প্রতিহিংসামূলক কথা-বার্তা ও মনোভাব এই হাউসে প্রকাশ করেছেন সেটা কিভাবে যে জুডিশিয়াল বিভাগকে পর্যন্ত প্রভাবিত করেছে তার একটি দৃষ্টান্ত, মিঃ স্পীকার, স্যার, দিচ্ছি। একটা বেল দরখাস্তের উপরে একটি জাজের জাজমেন্টের অংশ পড়ে শুনাচ্ছি। হুগলী জেলার একটি কর্মী এবং নেতা, যদুগোপাল সেনের জামীনের দরখাস্ত হয়েছিল। তিনি রিষড়া মিউনিসিপ্যালিটির একজন কমিশনার, রিষড়া মিউনিসিপ্যালিটির প্রতিরক্ষা তহবিলে টাকা দেন, তাঁর বেল সম্পর্কে জাজ লিখছেন ......

"It is also known that the petitioner was a commissioner of the Rishra Municipality which took a decision on 7th November, 1962 to contribute a sum of Rs. 2,000 to the National Defence Fund. It is, however, wellknown that this municipality was superseded by Government because of anti-State activities of the Commissioners after the Chinese invasion of India". এই যে কথাটি বলা হয়েছে রিষড়া মিউনিসিপ্যালিটি সুপারসিড করা হয়েছে এটা সম্পূর্ণ মিথ্যা খবর, রিষড়া মিউনিসিপ্যালিটির এ্যান্টি স্টেট এ্যাকটিভিটি এটা একটা আজব খবর। রিষড়া মিউনিসিপ্যালিটি একটি কংগ্রেস ডোমিনেটেড মিউনিসিপ্যালিটি, সেখানে কংগ্রেসের মেজরিটি এবং সেই মিউনিসিপ্যালিটির কমিশনার যদুগোপাল সেন। তা এই রকম একটা অসত্য কথা বলে একটা ডিস্ট্রিক্ট সেসন জাজ, মিঃ এ সেন, তিনি হুকুম দিলেন যে তিনি নন্-বেলেবেল অফেন্স আন্ডার সেকশন ৪১ অফ ডিফেন্স অফ ইন্ডিয়া এ্যাক্ট-এ গ্রেপ্তার হয়েছেন, তাঁকে জামীন দেওয়া হবে না। এই জন্য নিশ্চয়ই পেছনে কোন প্রভাব কাজ করছিল। আমি ঘটনা হিসাবে খবর পেয়েছি, মিঃ স্পীকার, স্যার, তার ডকুমেন্ট নেই বলে সেকথা উল্লেখ করতে চাই না কিন্তু এটা সত্যি যে আমাদের এই হাউসে এই ক্যাবিনেট মিনিস্টাররা যে মনোভাব প্রকাশ করেন তাতে নিশ্চয়ই জাজকে এই ঝুটা, আনফাউন্ডেড খবরের উপরেতে তাকে এই রকম বেল পিটিশন রিজেক্ট করতে বাধ্য করেছে। আমি, মিঃ স্পীকার, স্যার, আপনার মারফৎ জুডিশিয়াল মিনিস্টারকে এবং যদি কোন আপনার চ্যানেল থাকে তাহলে হাই কোর্টের কাছে এই আবেদন জানতে চাই যে এই ডিস্ট্রিক্ট এ্যান্ড সেসন জাজকে এনকোয়ারি করে কি রিমুভ করা যায় না? যিনি জেনেশুনে মিউনিসিপ্যালিটি সুপারসিডেড নয়, যে মিউনিসিপ্যালিটি কংগ্রেস ডোমিনেটেড এবং এ্যান্টি স্টেট এ্যাকটিভিটির কোন কথা নেই, এ্যান্টি স্টেট এ্যাকটিভিটি করেছে বলে তাকে সুপারসিড করা হয়েছে বলে—ইট ইজ এ ওয়েল নোন্ ফ্যাক্ট এবং সেই যুক্তির উপরেতে তিনি শ্রীযদুগোপাল সেনকে জামীন দিলেন না এই ঘটনা ঘটেছে। এই রাজ্যে, হবুচন্দ্র রাজার রাজ্যে এই ঘটনা ঘটতে বাধ্য। যে দায়িত্বশীল পদে অধিষ্ঠিত ব্যক্তিরা যেখানে দায়িত্বহীন উক্তি করেন সেখানে জাজ পর্যন্ত কোথায় নামতে পারে, কোন রসাতলে নামতে পারে তার দৃষ্টান্ত আপনি এখানে দেখুন।

তারপর মিঃ ডেপুটি স্পীকার, স্যার, ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশন সম্পর্কে অনেক কথা এই হাউসে বলা হয়েছে। শুধু যে বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে তা নয়, সরকারী পক্ষ থেকেও বলা হয়েছে। মাননীয়া মৈত্রেয়ী বসু, আই এন টি ইউ সি-র প্রেসিডেন্ট, তিনিও বহু কথা বলেছেন। বহু মিল মালিক সম্পর্কে বহু ঘটনা আছে কিন্তু আমি একটি মিল মালিকের কথা বলি যিনি ইচ্ছা পূর্বক, কোন দ্বিধা না করে, বারবার ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশন ভায়োলেট করছেন, লোককে এক তরফা ছাঁটাই করছেন, এক তরফা কাজের বোঝা বাড়াচ্ছেন লে-অফ করছেন, পার্মানেন্ট শ্রমিকদের আনলফুলি ছাঁটাই করছেন, পাওনা পয়সা দিচ্ছেন না ইত্যাদি করে, বঙ্গেশ্বরী কটন মিলেতে, ম্যানেজার সেই মিলের অবস্থা ইনসিকিওর করে তুলেছেন।

[1-20—1-30 p.m.]

আমি আপনার কাছে জানাচ্ছি যে বহু শ্রমিককে ইনফরমেশনের উপর নির্ভর করে আপনারা ডি আই রুলে ধরেছেন। তারা হয়ত কিছু জামীনে মুক্ত আছে এবং কিছু জেলে আছে, তারা এখনও ভুগছে কিন্তু মিল মালিকরা ডেলিবারেটলি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন ভাওলেট করছে এবং পারসিসটেন্টলি ভাওলেট করছে এবং আজও তারা ভাওলেট করে যাচ্ছে, যার নথী-পত্র প্রমাণ লেবার দপ্তরে ভুরি ভুরি আছে এবং এই হাউসে অনেকবার আলোচনা হয়েছে। স্বয়ং মন্ত্রী বসু বলেছেন যে সেখানে ৫০০ মত শ্রমিককে একেবারে কর্মচ্যুত করা হয়েছে এবং তাছাড়া বহু অত্যাচার হচ্ছে। আমি বহু নথীপত্র দলীল প্রমাণ শ্রম দপ্তরে দিয়েছি। আমি বলি কেন এই ব্যক্তিকে বঙ্গেশ্বরী মিলের ম্যানেজারকে ডি আই রুলে ধরা হবে না। একজন মালিককে যদি ধরা হয় তাহলে মালিকদের মধ্যে কিছু ভয় হবে এবং তারা অন্যায় করা থেকে বিরত হবেন। সেজন্য আমি আপনার মাধ্যমে এই দাবী করি যারা ইচ্ছা করে আইন ভাওলেট করে চলেছে, যারা ন্যায্য পাওনা, আইনতঃ পাওনা দেয় না, আইন মানে না, ডি আই রুলে যেগুলি বলা হয়েছে ডোন্ট সেগুলি তারা সব করে যাচ্ছে, সেই রকম একজন মালিক বঙ্গেশ্বরী মিলের ম্যানেজার সে সম্পর্কে শাস্তিমূলক বিধান কেন নেওয়া হবে না এটা আমি জানতে চাই এবং বুঝতে চাই। তারপরে এই হাউসে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রফেশন এ্যান্ড প্র্যাকটিস সম্পর্কে অনেক কথা হয়েছে এবং গতকাল বাগনান অঞ্চলের প্রধান সম্পর্কে যে ঘটনা ঘটেছে এবং কিভাবে তাকে ব্ল্যাক মেল করে তাকে গুলি করার ভয় দেখিয়ে তাকে রিজাইন করবার চেষ্টা করা হয়েছে, তার কথা মুখ্যমন্ত্রীর কাছে জনাব মনসুর হবিব যে দরখাস্ত করেছেন সেটা তিনি এখানে পড়ে দিয়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন সেটা তিনি পেয়েছেন, কিন্তু সেই ব্যাপারটা এমন একটা স্তরে এসে পেঁছেছে যার জন্য আমি তাঁকে অনুরোধ জানাব যে আপনার মারফৎ কমিউনিটি প্রজেক্ট-এর যিনি মন্ত্রী আছেন যে এই সময়ে কিছু ব্যবস্থা করা দরকার। শুধু তাই নয় এই মন্ত্রী মহাশয়ের আচরণ সম্পর্কে আমার একটু আপত্তি আছে, তিনি আমার একটি ইউনিয়ন বোর্ড এলাকায় এক্সটেনশন কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লকের একটা কিছু ওপেন করতে গিয়ে তিনি সেখানে যে ধরনের ভাষণ করেছিলেন তা হচ্ছে সিটিং এম এল এ-র বিরুদ্ধে এবং আগামীবারের হবু কংগ্রেসপ্রার্থী তাকে নিয়ে করে তিনি সরকারী পয়সায় সেখানে গিয়ে আগামী নির্বচনের জন্য প্রচারমূলক কথা বলে এসেছিলেন। এই রকম রিপোর্ট দায়িত্বশীল গ্রামবাসীরা এসে আমার কাছে করেছে। এখন ঐ রকম মিটিং-এর খবর স্থানীয় এম এল এ আমি আমার কাছে সরাসরি আসেনি--যেদিন মিটিং সেদিন এস ডি ও আমার কাছে জিজ্ঞাসা করলেন যে আপনি কি ইনভিটেশন পেয়েছেন? তক্ষুনি একটি ছেলে এসে আমাকে একটি চিঠি দিয়ে বললে যে আপনার চিঠি আমাদের বাড়ী ভুল করে দিয়ে গিয়েছিল। আমি তখন এস ডি ও-কে বললাম বোধ হয় এই চিঠিই হবে। আমি বললাম যে দেখুন এখন তো আমি যেতে পারি না, আমার অন্য এ্যাপয়েন্টমেন্ট আছে। এখন আমার এই অনুপস্থিতিতে সেটাকে ক্যাপিটাল করে ঐ রকম একটা নির্বাচনী প্রচার তিনি করেছিলেন। সেজন্য এ কথা আমি বলতে চাই যে বিভিন্ন ডেভেলপমেন্ট-এর বিভিন্ন কাজে মন্ত্রিমণ্ডলীর যে এ্যাটিচুড তা অত্যন্ত সংকীর্ণ। এই এ্যাটিচুড সোস্যালিস্ট প্যাটার্ন-এর সঙ্গে কোন সম্পর্ক নাই। সেই এ্যাটিচুডের সঙ্গে সংবিধানের যে ডাইরেক্ট প্রিন্সিপ্যালের সঙ্গে কোন সম্পর্ক নাই। সেই এ্যাটিচুডের সঙ্গে যে সত্যিকারের কাজের কোন সম্পর্ক নাই। এই ধরনের এ্যাটিচুড বিভিন্ন মন্ত্রী প্রকাশ করে থাকেন। এই সম্পর্কে আমি অত্যন্ত দৃঢ় আপত্তি আপনার মাধ্যমে এই সভার সামনে রাখছি। সবশেষে যে কথা আমি বলতে চাই, যদিও সে কথা এখানে বারবার বলা হয়েছে তবুও এখানে রিপিট করার দরকার আছে, এবং যা রিপিট করলেও পুরানো হয় না সে কথা হচ্ছে যে যার আপনারা কোন কারণ দেখাতে পারেন নি এই যে ইমার-জেন্সির নাম করে—বিশেষতঃ যেখানে বাই-ইলেকশন হচ্ছে সেখানে আপনারা বন্দীদের মুক্তি দিচ্ছেন না। রাজ্যের কংগ্রেসের প্রেসিডেন্ট বলেছেন যে বন্দীদের মুক্তি দেওয়া উচিত কিন্তু এই মন্ত্রিসভা কেন যে বন্দীদের মুক্তি দিচ্ছেন না তার সন্তোষজনক কারণ এঁরা দেখাতে পারেন নি। কাজে কাজেই বন্দীদের বন্দী রেখে বাই-ইলেকশানের প্রহসন করা হচ্ছে সে সম্পর্কে নিশ্চয়ই আমার প্রতিবাদ জানাতে হবে। বন্দীদের মুক্তি অনিবার্য অপরিহার্য এ না দিয়ে বাই-ইলেকশন করার কোন যুক্তি নাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের এখানে সাপ্লিমেন্টারি বাজেট আলোচনা হচ্ছে, কিন্তু অর্থমন্ত্রী আমাদের এখানে উপস্থিত নাই, তিনি যদি এখানে থাকতেন তাহলে ভাল হত। স্যার, সাপ্লিমেন্টারি এস্টিমেট সাধারণতঃ পেশ করা হয় যে সমস্ত খরচ বাজেট যখন তৈরী হয় সেই সময় এ্যান্টিসিপেট করা যায় না সেই সমস্ত খরচ মিট করবার জন্য এই সাপ্লিমেন্টারি এস্টিমেট সাধারণতঃ আসে। কিন্তু এবার যে সাপ্লিমেন্টারি এস্টিমেট আমাদের সামনে এসেছে আমি বহুক্ষেত্রে সেই নিয়মের ব্যতিক্রম দেখছি এবং আপনার সামনে তার দুই একটি নমুনা তুলে ধরতে চাই। স্যার, পে স্কেল গভর্নমেন্ট সারভেন্টদের রিভাইজড হয়েছে প্রায় দেড় বছর আগে। পে-কমিটি রিভাইজড করেছে এবং তারপর দুটো বাজেট এসে গিয়েছে কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এইবারের বাজেটেও আমরা দেখছি

provisions for revision of the pay scales of the Government servants.

এটা আমি মনে করি উচিত নয়, এবং বাজেট তৈরি করবার সময় যদি একটু নজর দেওয়া যেত তাহলে এটা করার কোন প্রয়োজন হত না। স্যার, আমাদের আবগারী মন্ত্রী মহাশয় শ্রীজগন্নাথ কোলে অনেক টাকা চেয়েছেন এবং তিনি বলেছেন

to meet the estimated requirements during the year.

জিনিষটা বুঝতে পারলাম না। হঠাৎ তাঁর এস্টিমেটেড রিকোয়ারমেন্টের জন্য সাপ্লিমেন্টারি বাজেটের প্রয়োজন হল এবং তাঁর কোন জবাবও তিনি দেন নি যে এই জন্য আমাদের দরকার হয়েছে। শুধু এক্সপ্লানেটরী নোটে আছে

to meet the estimated requirements during years;

এছাড়া

interest on loans for the industrial housing scheme

ও'রা বলেছেন

interest on debt and other obligations.

আগে থাকতে ধরেন নি এটা বলা নেই, শুধু বলা আছে হাউসিং স্কীমের জন্য ক্যাপিটালের যে ইন্টারেস্ট সেই ইন্টারেস্ট বাবদ এই সাপ্লিমেন্টারি এস্টিমেট-এ সে খরচটা এসেছে। এছাড়া এ্যাড্‌মিনিস্ট্রেশন অফ জাসটিস এ দেখছি ওল্ড স্কেল অফ পে অনুযায়ী অফিসারদের পেমেন্ট করবার জন্য সাপ্লিমেন্টারি এস্টিমেট-এ তার খরচটা দেখাতে হয়েছে। পোর্ট এ্যান্ড পাইলটএজ-এ

repairs and maintenance of pooled launches এর

জন্য সাপ্লিমেন্টারি এস্টিমেট-এ ধরা হয়েছে। মিসলেনিয়াস কন্ট্রিবিউশন-এ দেখছি গ্রান্ট টু দি লোকাল বডিস চাইছেন ২ লক্ষ ২৬ হাজার, এটাও সাপ্লিমেন্টারি এস্টিমেটে চাইছেন যেন এমপ্লয়ি হঠাৎ বেড়ে গিয়েছে—এই রকম একটা মনোভাব। তার পরে পাবলিক ওয়ার্কের জন্য দেখছি

maintenance of roads constructed during the first Five-Year Plan,

ফাস্ট ফাইভ ইয়ার প্ল্যানে যে সমস্ত রাস্তা হয়েছিল থার্ড ফাভ ইয়ার প্ল্যানে থার্ড ইয়ারে তার মেন্টেনেন্সের জন্য এবং রিপেয়ার-এর জন্য সাপ্লিমেন্টারি এস্টিমেটে টাকা চাইতে হচ্ছে।

এই থেকে আমার মনে হয় যে বাজেটে যদি ওরা ঠিক মতন একটু দৃষ্টি দিয়ে একটু বুদ্ধি দিয়ে করেন তাহলে এই ভাবে সাপলিমেনটারি এস্টিমেটের জন্য হাউসের কাছে আসতে হয় না এবং আমি মনে করি যে ইট ইজ এ ডেভিয়েসন ফ্রম দি প্রিন্সিপল্‌ যে প্রিন্সিপেল্‌সগুলি গাইড করে সাপ্লিমেন্টারী এস্টিমেট তৈরী করার জন্য। যা হোক আমি আমার বক্তব্য গ্রান্ট বই গ্রান্ট যে কটিতে টাকা চেয়েছেন তার ২।৪টি গ্রান্ট সম্বন্ধে বলব। প্রথমে আমি বলবো জগন্নাথবাবুর গ্রান্ট সম্বন্ধে। স্টেট এক্সাইজ ডিউটিজ সম্বন্ধে যে টাকা চেয়েছেন তার উপরেই বলবো। ডিস্ট্রিক্ট ও তাঁর এস্টিমেটেড যে রিকোয়ারমেন্ট ছিল তার চেয়ে বেশী টাকা চাওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি তাঁকে যে সমস্ত জেলায় জেলায় আজকে যে চোলাই মদ হচ্ছে সেটা বন্ধ করার জন্য তাঁর ডিপার্টমেন্ট কি করছেন সে জবাব তিনি যেন আমাদের

একটু দেন। তার কারণ একথা বলবার সুযোগ বাজেটে আমরা পাই নি। শুধু তাই নয় এই চোলাই মদের জন্য আমি মনে করি আমাদের পশ্চিমবঙ্গ যুবক সমাজ বিশেষত নিম্ন... বিত্ত যুব সমাজের একটা নৈতিক অধঃপতন হয়েছে। এটার কারণ আমাদের খুঁজে বার করতে হবে। এটা সরকার নিশ্চয়ই চান না। আমরাও চাই না। আমরা শুধু সরকারের উপর দোষারোপ করে আমাদের দায়িত্ব এড়িয়ে যেতে চাই না।

দি অনারেবল জগন্নাথ কোলেঃ যাই হোক কানাই বাবু এতদিন পরে স্পষ্ট কথা বল্লেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ আমি সাজেসন দিচ্ছি। কিন্তু আপনারা যে নেবেন না তা আমরা জানি। আজকে যে চোলাই মদ বেশী তৈরী হচ্ছে কেন? আজকে দেখা যাচ্ছে যে মদের উপর এক্সাইজ ডিউটি আপনারা ধরেছেন এত বেশী যে কোন কোন জায়গায় থাউজেন্ড পারসেন্ট অর্থাৎ এক বোতল মদ তৈরী করতে একটাকা খরচ হয় তবে তার উপর ১০ টাকা ডিউটি পড়ে, তার দাম হচ্ছে ১১ টাকা। এই ১১ টাকা ডিউটি হবার জন্য যদি লুকিয়ে চুরিয়ে এক গ্যালন মদ তৈরী করতে এই টাকা খরচ করে তার উপর যদি সে পুলিশকে এক টাকা দু' টাকা ঘুষ দেয় এবং যদি সে কলকাতার মধ্যে লুকিয়ে চুরিয়ে নিয়ে আসার জন্য—মোটরে করেই হোক আর বাসে করেই হোক—তার যদি দশ টাকা খরচ হয় তাহলে তার এক টাকা খরচ করে ৫ টাকা লাভ হয়। অর্থাৎ ফাইভ হান্ড্রেড পারসেন্ট লাভ থাকবে। এই যে একটা লাভের দিকে ইনসেন্টিভ—এই লাভের দিক না সরাতে পারলে এই জিনিস যাবে না। আজকে আনন্দবাজারে দেখলাম ফুটবল ব্লাডারে করে কুমড়োর মত তার উপর করে কলা সাজিয়ে কলকাতায় নিয়ে আসছে যেন বাজারে করে মাল আনছে। এই যে প্রবণতা এর একমাত্র কারণ হচ্ছে কম পয়সা খরচ করে তা থেকে বেশী লাভ করা যায়। এর দ্বারা দেশের মধ্যে মদ খাওয়া চেক করতে আপনারা পারেন নি। আগে যা ছিল তার চেয়ে আজকে বেড়ে চলেছে। শুধু তাই নয় আমাদের সমাজের দুর্নীতিও বাড়ছে। আমার সাজেসন হচ্ছে মদের উপর ডিউটি কমিয়ে দিন এ রকম এক্সটেনসিভ ম্যানুফ্যাকচার হোক—। আমাদের দেশের লোক মদ খায় আপনি সেট্টা চেক করতে পারবেন? আমি যদি মনে করি যে আমি মদ খাবো তাহলে আমাকে কেউ চেক করতে পারবে না। কাজেই আমার মনে হয় এক্সাইজ ডিউটি যদি কমিয়ে দেওয়া হয় তাহলে মদের বিক্রি বাড়বে। আপনারা মনে করবেন না যে এর দ্বারা সরকারের কোন কিছু আর্থিক ক্ষতি হবে। বরং সরকার এই বেশী ডিউটি করার জন্য বেশী মদ চোলাই হবার জন্য ডিউটির ক্ষতি হচ্ছে। যদি দেশের মধ্যে মদের উপর এক টাকার উপর এক টাকা ডিউটি করে যদি দু টাকায় মদ পাওয়া যায় তাহলে লোক নিশ্চয়ই চোলাই মদ খাবে না। ভাল মদও খাবে। কাজেই আমার মনে হয় আপনারা একটু যদি ব্রড আউটলুক নিয়ে চিন্তা করেন—একটা আউটলুক বদলান তাহলে ভাল হবে। ওয়েস্টার্ন কান্ট্রিতে যেমন আছে মদ খেলে খারাপ কিছু নয় যে খেতে চায় সে খাবে তাতে কিছু দোষের নেই—যদি আউটলুক ঢেলে সাজাতে হয় তাহলে সমাজের মধ্যে দুর্নীতি দূর করতে পারবেন। দুর্নীতি যেভাবে সমাজের রন্ধ্রে রন্ধ্রে বাস করছে তা আপনারা দূর করতে পারবেন। আজকে বিশেষ করে সহরতলীর মধ্যে যে আবহাওয়ার সৃষ্টি করছেন সে আবহাওয়ার দূর করা প্রয়োজন বলে আমি মনে করি। এবং সেই মনে করেই আমি এই সাজেসন এখানে রেখেছি।

দি অনারেবল জগন্নাথ কোলেঃ আপনি কি প্রহিবিসন চান?

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ আমরা প্রহিবিসন চাই কি না সেটা আলাদা কথা—কিন্তু we are not in favour of prohibition.

[1-30—1-40 p.m.]

মাননীয় খগেনবাবু এখানে নেই, আমি খগেনবাবুর কাছে গোটাকয়েক তথ্য রাখতাম। যাই হোক বীরেনবাবু আছেন তিনি বলে দেবেন। স্যার তাঁরা ইন্টারেস্ট চেয়েছেন, ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কিমে যে ক্যাপিটাল আউটলে আছে তার উপরে ইন্টারেস্টএর জন্য অনেক টাকা দিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে খগেনবাবুর কাছে যে তিনি ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কিম-এ হাউস তৈরী করে দিচ্ছেন—সে বাড়ী তৈরী করে দিয়েই তাঁরা তাঁদের ডিউটি থেকে খালাশ হয়ে গেছেন। সেই বাড়ীতে যেসমস্ত ভাড়াটে আছে, তাদের সুখ সাচ্ছন্দের প্রতি বাড়ীওলা হিসাবে সরকারের দৃষ্টি

দেওয়া কর্তব্য কিন্তু সে কর্তব্য তাঁরা পালন করছেন না। এ ছাড়া ঐ বাড়ীগুলির মধ্যে বেশীর ভাগ বাড়ীতে সান-শেড নেই, এবং শুধু তাই নয় জলের ব্যবস্থাও অত্যন্ত খারাপ, সবচেয়ে বড় কথা হচ্ছে ইলেকট্রিক ওয়ারিং এবং ইলেকট্রিক কানেকসন এত মারাত্মক যে গত ১১ই মার্চ আমার কনস্টিটিউএন্সি চ্যাটার্জি হাটে যে হাউসিং আছে, ইন্ডাস্ট্রিয়াল হাউসিং বিল্ডিং যেগুলো আছে সেই বিল্ডিং-এর একটি বিল্ডিং-এ এনটায়ার বাউন্ডারিটা ইলেকট্রোকিউটেড হয়েগিয়েছিলো। এবং তার মধ্যে কতগুলি অধিবাসি ছিল, প্রত্যেকে শক খেতে আরম্ভ করেছিলো, এবং সেটা ছিলও প্রায় ৫ মিনিট এবং তার ফলে একটি যুবক—২৯ বৎসরের যুবক কলে হাত দিয়ে জল তুলছিলো সেই অবস্থায়ই সে মারা যায়। আর একটি মহিলা কলে জল তুলছিলেন—কি ভাগ্য কলটা ভাঙ্গা ছিল, তার স্বামী সেই অবস্থায় এসে টেনে নিতে কলটা শুদ্ধ খুলে এসেছিলো—বেঁচে যায়। এ ছাড়া প্রত্যেকটি লোক যারা ঐ হাউসের মধ্যে ছিল তাদের শক লাগছিলো, মেঝেতে দাঁড়িয়ে থাকা যাচ্ছিল না, যে কোন কাঠের উপরে দাঁড়াতে হচ্ছিল। এভাবে সমস্ত হাউসটা ডেথ-ট্র্যাপ হয়েছিলো। সেখান থেকে কয়েক মিনিটের রাস্তা যেখানে মেন ফিউজ ছিল। ইলেকট্রিক সাপ্লাই করপোরেসন সেখানে মেন অফ করতে বাকি লোক বাকি বাসিন্দারা যারা সেখানে ছিলেন তাদের জীবন রক্ষা পায়। এই রকম ধরনের যে ইলেকট্রিক লিকেজ তার এনকোয়ারি করে দেখা গেল মেন সাপ্লাইর যে ইলেকট্রিক কারেন্ট সে কারেন্টএর লিকেজ-এর জন্য সমস্ত বাড়ী ইলেকট্রোকিউটেড হয়ে গিয়েছিলো। এদিকে সরকারের নজর দেওয়া দরকার, কারণ, হাউজিং তাঁরা তৈরী করেছেন টেনাণ্টস বসিয়েছেন, সেই টেনাণ্টসদের সুখ-সুবিধার দিকে দেখা সরকারের একান্ত প্রয়োজন বলে আমি মনে করি, এদিকে খগেনবাবুর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বেঙ্গল ফ্লাইং ক্লাব-এ গতবার ও'রা টাকা দেন নি, এবার কিছু দিয়েছেন, মাত্র ৫০ হাজার টাকা। হয়ত মন্ত্রীমহাশয় বলবেন বেঙ্গল ফ্লাইং ক্লাব-এ অনেক গলদ ছিল, আমি স্বীকার করি বেঙ্গল ফ্লাইং ক্লাব-এর মধ্যে অনেক গলদ ছিল সে গলদগুলো দূর করা হয় নি বলে সরকার পক্ষ থেকে টাকা দেওয়া হয় নি। কিন্তু যখন চীন আমাদের দেশ আক্রমণ করলো যখন এমারজেন্সি ডিক্লেয়ার করা হল, তার পর সরকার এই ক্লাবের পরিচালনা ভার সরকারি হাতে না নিলেও আমাদের মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ মহাশয় এই ক্লাবের চেয়ারম্যান হয়েছেন, এবং সরকার পক্ষ থেকে অনেকটা অপ্রত্যক্ষভাবে এটাকে ম্যানেজ করার দায়িত্ব নেওয়া হয়েছে। কিন্তু আমরা যেটা দেখিতে পাচ্ছি যে, মাত্র ৫০ হাজার টাকা সে ক্লাবকে দেওয়া হয়েছে। ক্লাবের যে দায় দায়িত্ব আছে,—আমি শুনলাম এই দায় দায়িত্ব প্রায় ২ লক্ষ ২½ লক্ষ টাকার মত দায় দায়িত্ব আছে। এই বেঙ্গল ফ্লাইং ক্লাব আমাদের দেশের মধ্যে সবচেয়ে পুরাতন। ইন্ডিয়া গভর্নমেন্ট এবার বেঙ্গল ফ্লাইং ক্লাবকে এক পয়সাও দেন নি, তাঁরা কানপুর ক্লাবকে দিয়েছেন, বম্বে, দিল্লী, ম্যাড্রাস ও নাগপুর ইত্যাদি ফ্লাইং ক্লাবগুলিকে দিয়েছেন কিন্তু বেঙ্গল ফ্লাইং ক্লাব যেটা সবচেয়ে পুরাতন সেটাকেই ইন্ডিয়া গভর্নমেন্ট-এর তরফ থেকে ১টা পয়সাও দেওয়া হয় নি। আমি মনে করি এটা অত্যন্ত আপত্তিজনক এবং এর উপরে সরকারের দৃষ্টি দেওয়া প্রয়োজন। এই বেঙ্গল ফ্লাইং ক্লাবে সেখানে নাকি বাংলা দেশের ছেলেরা যায় সেখানে পাইলট তৈরী হবে বলে। বাংলা দেশের ছেলেরা প্রেলিমিনারি ফ্লাইং শিখে পাইলট তৈরী হয়ে, সে ক্লাবকে টাকা পয়সা থেকে বঞ্চিত করা উচিত নয়, বরং বেঙ্গল ফ্লাইং ক্লাব-এর বিষয় নিয়ে ইন্ডিয়া গভর্নমেন্ট-এর কাছে মুভ করা উচিত যাতে বেঙ্গল ফ্লাইং ক্লাবকে আরো বেশী টাকা দেওয়া যায়।

স্যার, আমি আমার বক্তব্য আর বেশী রাখবো না, যেটা বলে শেষ করব সেটা হচ্ছে, এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি যে রিফিউজিদের কাছ থেকে লোন পরিশোধ করে নিয়ে সরকার সেই টাকা ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দিচ্ছেন।

শ্রীবিজাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি আবার সরকার সাপ্লিমেন্টারী এস্টিমেটের নামে ৬ কোটি ৭২ লক্ষ ৮১ হাজার ৫ শত ৬৭ টাকা মঞ্জুরী দাবী করেছেন। এটা একটা আমাদের সরকারের দুরারোগ্য ব্যাধিতে পরিণত হয়েছে এবং এইভাবেই প্রতি বছর এ'রা সাপ্লিমেন্টারী বাজেট নিয়ে আসছেন। আমি ও'দের কাছে জানতে চাই তাহলে বাজেট উপস্থিত করবার কি দরকার। এত হৈচৈ কাণ্ড করবার কি দরকার বা আমাদের বাজেটের দরকার কি? বাজেটের দরকার হচ্ছে গভর্নমেন্ট সারা বছর কি কাজ করতে চান এবং

কত টাকা তাদের ব্যয় হবে সেইজন্যই এই বাজেট আনা কিন্তু বাজেট আনবেন আবার বছরের মাঝখানে রিভ ইজড বাজেট, তার পর সাপ্লিমেণ্টারী বাজেট এবং তার পর আবার এ্যাকচুয়াল। এই রকম প্রহসন করবার কি দরকার? যদি গভর্নমেণ্টের গণতন্ত্রের প্রতি একটু বিশ্বাস থাকতো তাহলে আমি মনে করতাম এই যে পাবলিকের অর্থ তাঁরা কোটি কোটি টাকা বিনা অনুমতি নিয়ে মঞ্জুরী না নিয়ে খরচ করতে কখনও পারতেন না। তাই আমরা দেখছি গণতন্ত্রের নামে এ'রা একটা প্রহসন চালাচ্ছেন বলে এ'দের সাহস হচ্ছে কোটি কোটি টাকা মঞ্জুরী না নিয়ে খরচ করা। আজকে এই যে ৬।৭ কোটি টাকা তাঁরা খরচ করেছেন সেটা কার অনুমতি নিয়ে। আমি জানি তাঁরা বলবেন যে জরুরী পরিস্থিতির জন্য আমরা খরচ করে ফেলেছি। আমরা নিশ্চয়ই তাঁদের সমর্থন করতাম—আজকে দেশ সংকটের সম্মুখীন হয়েছে—চীনা আক্রমণের সম্মুখীন সেজন্য ৫ কোটি টাকা আমরা খরচ করেছি এটা নিশ্চয়ই সমর্থনযোগ্য। কিন্তু আমরা দেখছি ২৯টি খতে শিক্ষা, জেল, স্বাস্থ্য, রাস্তা, আর্তত্রাণ, ইত্যাদি সব কিছুতেই এই টাকা খরচ করা হয়েছে। অর্থাৎ সাধারণ খাতে আমরা যে টাকাগুলি খরচ করি - অতিরিক্ত খাতে দেখি সে সবগুলিই আছে। তাহলে আমি বলবো অর্থ বিভাগের অযোগ্যতার জন্য এইগুলি হয়। অর্থ বিভাগ জানেন না সারা বছর গভর্নমেন্ট কি কাজ করবে এবং কত টাকা খরচ হবে—তাঁরা আনুমানিক খরচ ধরতে পারেন না। যদি তাঁরা বলেন যে আমার যোগ্য ব্যক্তি বড় বড় আই সি এস রয়েছে, বড় বড় ব্যারিস্টার রয়েছে তাঁরা খুব ভাল বোঝেন এবং আমাদের অর্থমন্ত্রী বলবেন যে আমি একজন ঝুনো ব্যারিস্টার যদি তাঁরা এই দাবী করেন তাহলে আমি বলবো যে এটা স্বেচ্ছাচারিতা ছাড়া আর কিছুই নয়—অর্থাৎ বিধান সভার অনুমতি ছাড়া তাঁরা যদি কোটি কোটি টাকা খরচ করেন তাহলে বলবো যে সেখানে তাঁদের স্বেচ্ছাচারিতাই প্রাধান্য লাভ করছে। তাঁরা যদি একথা মনে করেন যে কোন দাবী আমরা আনবো তা ভোটের জোরে আমরা পাশ করিয়ে নেবো যে কোন বিল আমরা আনবো তা ভোটের জোরে পাশ হবে এবং তাঁদের এই ধারণা আছে যে আমার মেজরিটি পার্টি এবং কংগ্রেসীদের যা নির্দেশ দেবো তাঁরা সেইভাবেই ভোট দেবেন এই সাহসের জন্যই তাঁরা কোটি কোটি টাকা খরচ করেন এবং তা ভোটের জোরে পাশ করান। আমরা যা বলি এবং প্রতি বছর যা সমালোচনা করি সেই সমালোচনার তাঁরা মোটেই ধার ধারেন না।

[1-40—1-50 p.m.]

আমি সেইজন্য বলি এই সভাকক্ষের যদি কারো গণতন্ত্রে বিশ্বাস থাকে, আমাদের সংবিধানের প্রতি বিশ্বাস থাকে, আমি তাঁদের কাছে একটা সাজেসন দিচ্ছি, তাঁরা দু-বার করে বাজেট অধিবেশন করুন; প্রথমে ফেব্রুয়ারী মাসে বাজেট অধিবেশন ডেকে সাধারণ বাজেট পাশ করা হোক। তারপরে সেপ্টেম্বরে আর একটা রিভাইজড বাজেট অধিবেশন করুন। তাতে এই গত ছয় মাসের মধ্যে যদি কোথাও কোন টাকা বেশী বা কম খরচ হয়, সেটা রিভাইজড বাজেট হিসেবে তখন আনুন। তাহলেপরে ছয় মাসের মধ্যে আমরা বুঝতে পারবো কিসের জন্য বেশী খরচ হলো। আর যদি বিশেষ কোন একটা আধটা খাতে কিছু বেড়ে যায় ও তাতে আমাদের কোন আপত্তি নাই। অন্তত পক্ষে একটা সাধারণ বাজেট, প্রথমে এবং তারপর ছয় মাস পরে যদি আর একটা রিভাইজড বাজেট তাঁরা করেন, তাহলে ভাল হয়—এবং তাতে সরকারেরও বিশেষ সমালোচনার সম্মুখীন হতে হবে না। এবং তাদের যে সমস্ত খাতে টাকার যে খরচ তার মঞ্জুরী ও আগে থেকে নিতে পারবেন। এই সাজেসন আশাকরি সরকার বিবেচনা করে দেখবেন। কাজেই এটা বলেই আমার কাট্ মোশনে যে বক্তব্য জানিয়েছি, তা আলোচনা করবার সময় আমার হবে না। সুতরাং সেই কাট্ মোশানগুলোর প্রতি বিশেষভাবে দৃষ্টি দেবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

তারপরে আমি মাদক খাতে এটার কি কারণ থাকতে পারে? তাঁরা ২ লক্ষ ৪৪ হাজার ৩৬০ টাকা দাবী করছেন? কি এমন জরুরী পরিস্থিতি ঘটলো এই টাকা তাঁদের দিতে হবে? তার আগে তাঁদের প্রায় ৫০ লক্ষ টাকা গতবারে সাধারণ বাজেটে আমরা দিলাম। আপনারা মাদকের জন্য নিয়েছেন ৫০ লক্ষ ৪২ হাজার টাকা। এতেও পারলেন না? এর দ্বারা কি মঙ্গল তাঁরা দেশের করছেন? আমাদের মাননীয় ভট্টাচার্য মহাশয় যে কথা বলেছেন, সেকথা আমার কাট্ মোশনের মধ্যেও রয়েছে। এ'রা এটুকু মঙ্গল করেছেন যে গ্রামে গ্রামে চোলাই মদের কারখানা করে, ছাত্রদের পর্যন্ত মাতাল তৈরী করেছেন! আর গাঁয়ে গাঁয়ে গাঁজার দোকান করছেন।

চোলাই গাঁজার দোকান অবাধে চলছে। এই হচ্ছে তাঁদের ব্যবস্থা। এ'দের হাতে টাকা দিয়ে কি মঙ্গল হবে? মাদকদ্রব্য তো বর্জন করতে পারলেন না। এখন প্রশ্ন উঠলো আমরা এর বর্জন চাই কি না। আসুন, এ নিয়ে একটা কমিটি বসান, আমরা কি করতে পারি। তাহলে বুঝবো তাঁদের আন্তরিকতা আছে। কিন্তু যেগুলো চোলাই মদের দোকান চলছে গ্রামে গ্রামে যা ছড়িয়ে যাচ্ছে এবং সরকারী কর্মচারীরা তাদের সঙ্গে সহযোগিতা করছে। বহু জায়গায় চোলাই মদের কারখানা ধরিয়ে দেওয়া হচ্ছে। কিন্তু ঘুষ নিয়ে সে সব ছেড়ে দেওয়া হচ্ছে। এর কি কারণ থাকতে পারে? তারপরও কি এর জন্য সরকারের হাতে টাকা দিতে হবে এই সব দুর্নীতি-পরায়ণদের সাহায্য করবার জন্য? গাঁয়ে গাঁয়ে মাতাল ও গাঁজাখোর তৈরী করবার জন্য কি আমরা এই খাতে টাকা বাড়াবো? এটা আমরা তাঁদের কাছ থেকে জানতে চাচ্ছি।

তারপর আর একটা বিষয় বলতে চাই এই যে ফার্মাসিউটিক্যাল সংস্থাগুলো রয়েছে, তারা রেক্‌টিফাইড স্পিরিট করে ওষুধ তৈরীর জন্য। এখন এক্সাইজ কমিশনার দাবী করছেন—তাদের সব ট্যাক্স দিতে হবে। কেন? এস্টাব্লিসমেন্ট চার্জের জন্য? এই এস্টাব্লিসমেন্ট চার্জের জন্য তো আমরা বরাদ্দ করলাম; আবার এক্সাইজ কমিশনার কি করে ট্যাক্স দাবী করছেন? তার ফলে হয়েছে কি? তাঁরা কোন ওষুধ তৈরী করতে পারছেন না। এই ব্যাপার নিয়ে বেঙ্গল ইমুনিটী কোম্পানী হাইকোর্টে কেস করেছিলেন, হাইকোর্ট রায় দিয়েছেন যে এই ট্যাক্স বে-আইনী। ওঁরা এই টাকা দাবী করতে পারেন না। তবুও তাঁরা ১৯৫৭ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত সমস্ত বকেয়া টাকা অন্যায়ভাবে দাবী করছেন। চিন্তা করে দেখুন কি করে অন্যায়-ভাবে তাদের কাছ থেকে টাকা দাবী করা যেতে পারে।

তারপর এই প্রশাসন খাত সম্বন্ধে বলতে চাই—এই নিয়ে বরাবর আমরা আলোচনা করি—। কত যে আলোচনা করেছি তার ঠিক নেই। তবুও আমি দু একটা কথা বলতে চাই। এ'দের অপদার্থতার জন্য, অযোগ্যতার জন্য, এ'দের আত্মীয়পোষণ, স্বজন তোষণের জন্য, এ'দের দুর্নীতিপরায়ণতার জন্য আজ বাংলাদেশের শাসনতন্ত্রের মধ্যে একটা বিকল অবস্থা এসেছে, একটা জড়তা এসেছে। তার প্রতিকার আমরা চাই। বার বার আমরা বলেছি, এ সম্বন্ধে আর বিস্তৃত আলোচনা করবার অবকাশ নাই, এ নিয়ে বহু আলোচনা আমরা করেছি। সাদগভর্ন-মেন্ট প্রতিষ্ঠার জন্য দৃঢ়ভাবে যেন তাঁরা চেষ্টা করেন। আমার বিশেষ অভিযোগ এদের দুর্নীতি-পরায়ণতা ও অযোগ্যতা ছাড়াও কর্মচারীদের মধ্যে একটা দেশদ্রোহিতার মনোভাব দেখা দিয়েছে, সে বিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই দেশদ্রোহিতার মনোভাব তাঁদের মধ্যে প্রাবল্য লাভ করছে। এটা কঠোর হস্তে সরকার দমন করবার চেষ্টা করুন। বহু জায়গা থেকে এই অভিযোগ পাওয়া গিয়েছে। সরকারী কর্মচারীদের শত্রু পক্ষকে সংবাদ দেওয়ার এবং দেশদ্রোহিতার সাহায্য করবার সংবাদ পাওয়া গিয়েছে। এই সব দৃঢ়ভাবে দমন করবার ব্যবস্থা করা দরকার।

তারপরে আমরা যদি জানতাম নিম্নতম কর্মচারীদের বেতন বাড়াবার চেষ্টা করছেন, তাহলে আমাদের কোন আপত্তি থাকতো না। যারা ৫৫ টাকা মাইনে পায়, তারা যে কি করে সংসার চালায় বুঝি না। একমাত্র আমাদের মুখ্যমন্ত্রী বোঝেন, তিনি হচ্ছেন আমাদের পরিসংখ্যানের যাদুকর। তিনি পি সি সরকারের চাইতেও বড় যাদুকর এবং তিনি বুঝিয়ে দিতে পারবেন। সেদিন তিনি বুঝিয়ে দিলেন—যাঁরা তিন হাজার টাকা মাইনে পাচ্ছেন, তাঁরাও অত্যন্ত খারাপ অবস্থায় আছেন। আর যাঁদের ৫৫ টাকা মাইনে, তাঁদের অবস্থা খুব ভাল হয়েছে। এই হচ্ছে অবস্থা।

আমি রামগড় থানার একটি অযোগ্যতার কথা বলি। রামগড় থানায়, সেখানে চৌকিদার, দফাদাররা তিন বছর মাইনে পাচ্ছে না। এ সম্পর্কে বারবার গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোন ফল হচ্ছে না। একটা ইউনিয়নে মাত্র একটি করে চৌকিদার রাখা হয়, এবং সে মাত্র ৭ টাকা মাইনে পায়, তাও তারা পেল না, তাঁদের আজ পর্যন্ত টাকা দিতে পারলেন না। এই গভর্নমেন্টের যোগ্যতা এই রকম যে আজ পর্যন্ত তাদের টাকা দিতে পারলেন না।

কিছুক্ষণ আগে এখানে নূতন বাটখারা সম্বন্ধে কথা শুনলাম। যারা মাছের বা শাক-সব্জির সামান্য সব জিনিসের হাটে গিয়ে দোকান পেতে ব্যবসা করে, তারা ব্যবসা করতে পারছে না। হাটে গিয়ে, তারা সেখানে ইন্সপেক্টারের ভয়ে দৌড়ে পালিয়ে যায়। ভয়ে তারা বাজারে

আসতে পারছে না। তাদের নূতন বাটখারা থাকে না, সেই জন্য তাদের জরিমানা করা হচ্ছে এবং তাদের মাল-পত্র সব কেড়ে নেওয়া হচ্ছে। তারা ভয়ে বাজারে আসতে পারছে না। সেখানে এই যে সব জুলুম চলেছে, এইসব জুলুমের প্রতিকার হওয়া দরকার।

তারপর রিজিওন্যাল অথরিটির কথা বলি। এই রিজিওন্যাল অথরিটি সম্পর্কে বিভিন্ন জায়গা থেকে বহু দুর্নীতির অভিযোগ পাওয়া যায়। আমি মেদিনীপুরের একটি স্পেসিফিক্ কেসের কথা বলছি। এই রকম বহু জায়গায় শোনা যায়। আজকে খবরের কাগজে দেখলাম অতুল্যবাবু মেদিনীপুরে গিয়েছেন লড়াইয়ের জন্য চাঁদা তুলতে, এবং সেখানে তিনি এক কংগ্রেস ভবন উদ্বোধন করে এসেছেন। আরও শুনলাম সেখানে বাস রুটের পারমিট দেওয়ার ক্ষেত্রে, তাদের কাছ থেকে জবরদস্তি করে টাকা আদায় করা হয়। তাদের বলা হয়, তোমার জন্য রুট্ পারমিট্ করে দেবো, তুমি লড়াই-এর জন্য পাঁচ হাজার, সাত হাজার টাকা চাঁদা দাও। এইভাবে বিভিন্ন সংস্থা থেকে টাকা কড়ি তোলা হয়, এবং সেখানে কংগ্রেস ভবন গড়ে ওঠে। এ সম্বন্ধে খোঁজ নেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি।

তারপর আমি সেদিন আপনার কাছে যে বরিষা থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত যে সকল স্টেট বাস যাতায়াত করে, তার কতকগুলি অসুবিধার কথা তুলেছিলাম, সে সম্বন্ধে আবার আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বরিষা থেকে ডায়মন্ড হারবার পর্যন্ত যে রুট আছে, সেই রুটের স্টেট বাসের শিখ ড্রাইভার ও কন্ডাক্টররা যাত্রিদের উপর অত্যন্ত অন্যায় জুলুম চালায় সেটা বন্ধ করা উচিত। এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

তারপর আমি কয়েকটি পত্র, পত্রিকার সরকারী এ্যাডভারটাইজমেন্ট সম্পর্কে বলছি। এটার সম্বন্ধে নিরপেক্ষভাবে অনুসন্ধান করা দরকার। পত্র, পত্রিকায় যে সব সরকারী এ্যাডভারটাইজমেন্ট দেওয়া হয় সে সম্বন্ধে নিরপেক্ষতা থাকা দরকার। দেখা যায় অনেক ক্ষেত্রে সরকারী নীতি হচ্ছে যে তাঁবেদার সৃষ্টি করা। তাঁর পক্ষপুটে সংবাদপত্রগুলি আনবার চেষ্টা করা হয়, তার স্বাধীনতা নষ্ট করা বা হরণ করা হয়। সে বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[এ ভয়েস—কোথায় হয়?] বহু জায়গায়, বহু ক্ষেত্রে হচ্ছে, আমি দেখিয়ে দিতে পারি।

[Interruptions.]

কেবল মন্ত্রীদের স্টেটমেন্ট আর ফটো ছাপান ছাড়া, খবরের কাগজের আর বিশেষ কোন কাজ নেই [কোয়েশ্চন] যদি কোয়েশ্চেন করেন—আমায় সময় দিন, আমি প্রমাণ করে দেখিয়ে দেবো।

তারপর পুলিশ সম্বন্ধে বলবো—পুলিশের জন্য টাকা দেওয়া হয়, অথচ গাঁয়ের সাধারণ মানুষকে অত্যন্ত অসহায় অবস্থায় দিন কাটাতে হয়, তার প্রতিকারের কোন ব্যবস্থা হয় না। এ সম্বন্ধে আমি আমার কাট্ মোসনের ভিতর কতকগুলি সাজেসন্ দিয়েছি, কনক্রিট সাজেসন্ দিয়েছি। [এখানে লাল বাতি প্রজ্জ্বলিত হয়, বক্তৃতা শেষ করিবার জন্য।] আমার আর সময় নেই, কাজেই এ সম্বন্ধে আর বিস্তারিতভাবে আলোচনা করতে পারলাম না। আমি আমার কাট্ মোসানগুলির প্রতি বিশেষ দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি এবং আমার কনক্রিট সাজেসনগুলি যদি কাজে লাগান, তাহলে আমি মনে করি অন্তত গণতন্ত্রের প্রতি খানিকটা মর্যাদা রক্ষা করা হবে। আর তা না হলে আমাদের এখানে কেবল কাট মোসান দেওয়া বা সংশোধনী প্রস্তাব আনা, আর সেগুলি ওদিক থেকে ভোটের জোরে হারিয়ে দেওয়া বা নষ্ট করে দেওয়া, এর কোন অর্থ হয় না।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, দেখা যাচ্ছে যে পুলিশ খাতে এবারও বহু টাকা সাপ্লিমেন্টারী বাজেটে ধরা হয়েছে। গত জেনারেল বাজেট অধিবেশনে পুলিশ খাতে আলোচনার সময় পুলিশের নিষ্ক্রিয়তা সম্বন্ধে অনেক কিছু বলেছি, আমি তার পুনরাবৃত্তি করতে চাই না। আমি শুধু একটা কথা আপনার কাছে রাখতে চাই। সেটা হচ্ছে হাওড়াতে যে আর পি এস আই

এর অফিস সংক্রান্ত বিষয়ে যা বলেছিলাম, আজ পর্যন্ত তার কোন অনুসন্ধান ও বিচার হল না। বাড়ীওয়ালা সেখানকার মালিক ও কংগ্রেসী মাতব্বরের সঙ্গে ষড়যন্ত্র করে যা ব্যবহার করছেন তা বলবার নয়। তাদের ইলেক্‌ট্রিক লাইটের লাইনটা পর্যন্ত কেটে দিয়েছেন। তাদের লাইট কনেক্‌সন কেটে দেওয়ায়, সেই সম্পর্কে কোর্টে পিটিসান করা হল এবং সেই পিটিসন কোর্ট থেকে থানায় আসবে। কোর্টের পেশকার বলেছেন যে ১২ই মার্চ তারিখে সেই পিটিসন কোর্ট থেকে থানায় পাঠান হয়েছে। অথচ আজ ২৬শে মার্চ হয়ে গেল এখনও পর্যন্ত সেটা থানায় এসে পৌঁছাল না। মাঝ পথে, ডি এস পি যিনি টাউনে আছেন, তাঁর কাছে নাকি সেটা পড়ে আছে। এই রকম একটা মারাত্মক জরুরী ব্যাপার, যেখানে ভাড়াটের ইলেক্‌ট্রিক লাইন কেটে দিয়েছে এবং সেটা আর সি পি আই ও ট্রেড ইউনিয়নের অফিস ছিল এবং সেটা আমার ইলেক্‌সনের সময় হেড্‌ কোয়ার্টার ছিল, আমার পাব্‌লিকের সঙ্গে যোগাযোগের প্রধান জায়গা ছিল, সেখানে পুলিশ কিছু করতে পারছে না, পুলিশের ঔদাসীন্য দেখা যাচ্ছে। তাঁরা মাঝে মাঝে বলেন আমরা তো বুঝতে পারছি বাড়ীওয়ালা অত্যন্ত অন্যায় করছেন, কিন্তু আমরা নিরুপায়, উপরের চাপ রয়েছে।

[1-50—2 p.m.]

অথচ আমরা পুলিশের জন্য আমাদের বাজেটে মোটা টাকা পাশ করে চলেছি। স্যার, আমি আর একটা কথা বলব। জয়েন্ট স্টিমার কোম্পানী বাংলাদেশে প্রধান ওয়াটার ট্রান্সপোর্ট কোম্পানী হিসাবে কাজ করছে। একটু আগে এ বিষয়ে ওরাল অ্যানসার সরকার পক্ষ থেকে দেওয়া হয়েছিল। কোশ্চেন করা হয়েছিল এই কোম্পানী ভারত বিরোধী কাজ করে চলেছে এ সম্বন্ধে সরকার কোন খোঁজ খবর রাখেন কিন। অক্টোবর মাসে এর শ্রমিকরা স্ট্রাইক করল। এটা একটা ইম্‌পরটান্ট ট্রান্সপোর্ট যার উপরে ভারতবর্ষ কত বৈদেশিক মুদ্রা আনবে তা নির্ভর করে; কিন্তু সেখানে গভর্নমেন্ট হস্তক্ষেপ করলেন না। ওই কোম্পানী সেখানে পাকিস্থানী গভর্নমেন্টের সংগে এমন এগ্রিমেন্ট করে এলেন যাতে পাকিস্তানী সরকার ভারতের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করতে পারবেন। এই রকম সুযোগ তাদের দেওয়া হল। সে সম্পর্কে যখন কলিং এ্যাটেনসন দেওয়া হল লেবার মন্ত্রী বললেন—আমরা খোঁজ খবর নিচ্ছি পরে বলব; কিন্তু আজ পর্যন্ত বলবার সুযোগ হয় নি। আমরা কোন বাহিরের শ্রমিকের বিরুদ্ধে নয়—তারা আসুন, আমাদের দেশে আসুন—কাজ করবেন আপত্তি নেই। কিন্তু পাকিস্থানী শ্রমিক যারা আছে তারা ওয়ার্কার হিসাবে কাজ করবে। পাকিস্তানের সংগে এ ব্যাপারে আমাদের কোন কথা হয় নি। এখানকার গভর্নমেন্ট কিছুই বলছেন না। এরা মনে করেন এ সব ছোটখাট ব্যাপার। দেশরক্ষা সীমান্ত রক্ষা নিশ্চয়ই বড় কাজ কিন্তু সেইটেই একমাত্র কাজ নয়। কথায় কথায় ও'রা বড় বড় দেশপ্রেমের বুলি আওড়ান অথচ কার্যক্ষেত্রে সর্বত্র ব্যর্থতার নমুনাই দেখতে পাই। এদিকে তাঁরা মনে করছেন তাঁরা দেশপ্রেমের একচেটিয়া কারবারী আমরাই একমাত্র দেশ-প্রেমিক, অন্য কারও দেশপ্রেম নেই এবং আছে কি না সে সম্পর্কে তাঁদের কাছ থেকে সার্টিফিকেট পেতে হবে তবে তারা দেশপ্রেমিক হত পারবে। আমি অসংখ্য ঘটনা দিয়ে বলতে পারি যে দেশপ্রেমের তাঁরা যে বড়াই করেন তা প্রমাণ করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। এই স্টিমার কোম্পানীর ব্যাপারটা তার জ্বলজ্যান্ত প্রমাণ। আমরা যখন এই কোম্পানীকে কিছু বলতে গেলাম, তাঁরা বললেন—আমরা আছি তাই ভারতবর্ষ বেঁচে আছে—আমরা আছি তাই এই ট্রান্সপোর্ট লাইন বেঁচে আছে—আমরা যদি না থাকতাম তোমাদের এই লাইন উঠে যেত। আমরা তো গভর্নমেন্টকে বলেছিলাম জাতীয়করণ কর গভর্নমেন্ট রাজী হয়নি। এই যদি গভর্নমেন্টের সত্যিকারের চেহারা হয় তাহলে কি আর বলার আছে? আমরা সেজন্য সরকারী নীতি জানতে চেয়েছিলাম—মুখ্যমন্ত্রী জবাব দিয়েছেন, এরকম কোন প্রস্তাব আমাদের কাছে নেই। অথচ কোম্পানীর ধারণা—আমরা তোমাদের বাঁচিয়ে রাখছি। এই বৃটীশ ফ্ল্যাগ না থাকলে কোথায় তোমরা যেতে? আসামের সংগে যোগাযোগ থাকত না—ট্রান্সপোর্ট থাকতো না। এখানকার এক জায়গায় যেখানে ১০ হাজার ভারতীয় কাজ করত সে জায়গায় আজকে মাত্র ৫00 লোক কাজ করছে। কোম্পানীর গত বছরের যে সংখ্যা তাতে ভারতীয় কর্মচারী ছিল যা তা থেকে কমে যাচ্ছে। আমরা শংকর দাস বাবুর কাছে গিয়েছি। অর্থমন্ত্রী ট্রান্সপোর্ট মিনিস্টার হিসাবে বলেছেন—আমি এসব কিছুই জানি

না—সেক্রেটারির কাছে যান। সেক্রেটারী বলেন—অর একদিন আসবেন। এই হল অবস্থা—অর্থাৎ সঠিক জিনিস জানবার আগ্রহ পর্যন্ত মন্ত্রী মহাশয়দের নেই। সেক্রেটারী যা গিলিয়ে দেন তা হজম হবে কি না হবে তা বিচার না করে গলাধঃকরণ করেন এবং মাঝে মাঝে এখানে তা বমি করেন। আমি, স্যার, এই বাজেটের বিরে ধিতা করছি।

Shri Nepal Chandra Ray:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয় আমার বক্তব্য দু-একটা বিষয়ের উপর সীমাবদ্ধ রাখব। এক নং হচ্ছে বাংলাদেশে আমাদের ফায়ার ব্রিগেড সম্বন্ধে আমি কিছু বলতে চাই, কারণ, আপনারা জানেন গত দু-তিন দিনের মধ্যে ফায়ার ব্রিগেড-এর যে কার্যকারিতা আমরা দেখেছি তা থেকে এর গুরুত্ব সকলেই উপলব্ধি করবেন। লালবাজারের উলটোদিকে বিরাট বাড়ীতে যে আগুন লাগল সেই আগুন নিভাতে গিয়ে আমাদের ফায়ার সার্ভিসেস-এর তিনজন কর্মী, একজন গুরুতররূপে, আহত হয়েছেন। আজকে আমি সে সম্বন্ধে দু-একটি কথা রাখতে চাই। আর একটি লোক একই দিনে রবিবার বরানগরে একটি কারখানায় আগুন লেগে মারা গিয়েছে। আমারই পল্লীর লোক তাদের পরিবারের সংগে আমাদের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। ছেলেটির কাহিনী খুব করুন—২২।২৩ বছর তার বয়েস—মাত্র কুড়ি দিন আগে বিয়ে করেছে। এটা একটা মর্মান্তিক ঘটনা এবং একে নিয়তির খেলা ছাড়া আর কিছু বলা যায় না। স্যার, এই ফায়ার ব্রিগেড সার্ভিস এর কথা বলতে গিয়ে কতকগুলি জিনিস আপনার সামনে রাখতে চাই। পশ্চিম বাংলার ফায়ার ব্রিগেড সার্ভিসেস বর্তমানে যা আছে সেটা ছেলেমেয়েদের পুতুলখেলা ছাড়া আর কিছু নয়। আজকের আনন্দবাজারে দেখছি আমি পুরান ইতিহাসের কিছু জানিনা—আমি নোতুন ফায়ার সার্ভিসেস ইউনিয়ন-এর প্রেসিডেন্ট হয়েছি। এর মধ্যে কিছু কিছু খবর পেয়েছি। যাক আনন্দবাজারের খবরে দেখছি যে ১৯৪৮ সালে ফায়ার ব্রিগেড-এর লোকসংখ্যা ছিল ১৮০০, আজকে সেখানে ১৪০০। আরও কমবে। আমি বলি এই ফায়ার সার্ভিসেসকে নোতুন করে গড়ে তুলতে হবে এর জন্য আরও টাকা খরচা করতে হবে—আধুনিক যন্ত্রপাতি আনতে হবে। আমি শৈলবাবুকে অনুরোধ করছি হয় ফায়ার ব্রিগেড বন্ধ করে দিন অথবা ভাল আধুনিক যন্ত্রপাতি নিয়ে আসুন এতে ফরেন এক্সচেঞ্জ কি লাগবে না লাগবে জানি না। আমরা বুঝি কলকাতা শহরে যে সমস্ত বিস্ফোরক দ্রব্যের গুদাম আছে আমার তো মনে হয় কাগজের খবর যদি সত্যি হয় আমার মনে হয় সত্য এবং আমার খবর অনুযায়ী আমাদের পাড়ায় বড়বাজার অত্যন্ত ঘনবসতিপূর্ণ এলাকা সাত তলার বাড়ী তার একতলায় আছে বিস্ফোরক দ্রব্যের গুদাম। এর আগে একবার এরকম ব্যাপারে একজন মারা গেছে। আমার এলাকাতেও বিস্ফোরক দ্রব্যের গুদাম রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে বলব যেখানে মানুষ বাস করে সেই সমস্ত বাড়ীতে ভবিষ্যতে যেন বিস্ফোরক দ্রব্যের কোনরকম গুদাম করবার লাইসেন্স না দেওয়া হয়।

[2—2-10 p.m.]

লাইসেন্স দেবার অধিকারী পুলিস। আমি জানি পুলিস লাইসেন্স দেয় নানারকম কারণে। আজকে এই লাইসেন্স ডিপার্টমেন্টটা ফায়ার সার্ভিস-এর প্রধানকে দেওয়া দরকার, কারণ ফায়ার সার্ভিসই একমাত্র রেসপনসিবল হবে। পুলিস ফায়ার সার্ভিস এক্সপার্ট নয়। পুলিস হয়তো ধরতে পারে কোথায় বিস্ফোরক দ্রব্য লুকান আছে, কিন্তু এসব ব্যাপারে পুলিসের জ্ঞান কম আছে বলে মনে করি। তাই আমি বলব ডাইরেক্টর অব ফায়ার সার্ভিস-এর অধীনে এই লাইসেন্স দেবার অধিকার দেওয়া হোক, এবং আমি এই কথা বলব মাননীয় মন্ত্রী শৈল মুখার্জি মহাশয়কে যে,—আমাদের যা আয় হয় ১৪ লক্ষ টাকা—এই কলকাতা শহরে মাত্র ১৪ লক্ষ টাকা আয় হয় আশ্চর্যজনক কথা—যদি লাইসেন্স ঠিকমত দেওয়া হয়,—যদি তার জন্য নতুন অফিসার নিয়োগের দরকার হয় সেটা অনুসন্ধান করে দেখুন কত লোক, বোধহয় ৯০টি লোক লাইসেন্স দেয় না, ফাঁকি দেয় এগুলো যদি ধরা হয় তাহলে ৫০ লক্ষ টাকা আয় হতে পারে। টোকিও শহরে ১০ কোটি টাকা খরচ করা হয় ফায়ার ব্রিগেড-এর পিছনে—পৃথিবীর অন্যান্য শহরে কোটি কোটি টাকা খরচ হয় ফায়ার সার্ভিস-এর পিছনে, কারণ তার উপর কোটি কোটি লোকের নিরাপত্তা নির্ভর করছে। আমি জানি ফায়ার সার্ভিসএ সমস্ত অফিসার ও কর্মী আছেন তাঁরা অত্যন্ত নিষ্ঠাবান এ সম্বন্ধে আমার কোন সংশয় নাই। আমি আশা করব তার মধ্যে কোন ভুল-ত্রুটি

থাকলে মন্ত্রিমহাশয় সংশোধন করবেন এবং আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যে যাতে করে একটা সুন্দর ফায়ার সার্ভিস গড়ে উঠতে পারে তার জন্য যত্নবান হবেন এবং প্রয়োজনবোধে এর জন্য আরো টাকা খরচ করতে হবে। আজকে আমরা দেখতে পাই যে, আজকে ৬০টি ইঞ্জিন নেওয়া হলে অল্পদিন পরেই সেই সংখ্যা কমে গিয়ে ৩০-এ এসে দাঁড়ায়, বাকী অকেজো হয়ে পড়ে থাকে। উত্তরবঙ্গের শিলিগুড়ি ও জলপাইগুড়িতে দুটো ভাঙ্গা ইঞ্জিন পাঠান হয়েছে, কিন্তু তা থেকে দরকারের সময় জল বের হয় না, এটা অত্যন্ত লজ্জার কথা। আমরা বিভিন্ন খাতে কোটি কোটি টাকা খরচ করছি, অথচ ফায়ার সার্ভিস-এর জন্য আমাদের মোট খরচ ৪২ লক্ষ টাকা। আমাদের এইজন্য বরাদ্দ আরো বাড়াতে হবে, লোক বাড়াতে হবে। নদীয়া জেলায় যে জলা থেকে আমাদের মাননীয় শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় এসেছেন, মালদহ জেলায় কোথাও আগুন লাগলেও ফায়ার সার্ভিসের কোন ব্যবস্থা নাই, কোন বন্দর পুড়ে গেলে, বাজার পুড়ে গেলে, বাড়ী পুড়ে গেলেও কোন ব্যবস্থা সেখানে করা যায় না। তাই আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এদিকে। আমাদের ফায়ার সার্ভিস সম্বন্ধে আমার বলবার অনেকদিন থেকেই ইচ্ছা ছিল, কিন্তু বলার সুযোগ পাইনি, কারণ ফায়ার সার্ভিসের যে বাজেট সেই বাজেট গিলোটিন বক্সএ গিয়ে গিলোটিন হয়ে যায়। এটা একটা ইম্পোরট্যান্ট সাবজেক্ট। আমার মনে হয় আগামী বছরে যখন বাজেট আলোচনা হবে সেই সময় ফায়ার সার্ভিস-এর ঘটনাগুলি, তাদের কাজ কিভাবে চলছে তা আলোচনা করার সুযোগ আমাদের দেওয়া উচিত, কারণ প্রতিবারেই দেখা যায় এটা গিলোটিন বক্সএ হাজির হয়ে যায় এবং আমরাও ডিসকাসন করতে পারি না। যদি ডিসকাসন না করি তাহলে তারা কিরকম কাজ করছে আমরা জানতে পারি না। বিভিন্ন জায়গায় যখন বিরাট আকারে আগুন লাগে তখন ফায়ার সার্ভিস-এর লোকেরা নিজেদের জীবন বিপন্ন করে আগুনের মধ্যে ঝাঁপিয়ে পড়ে আমাদের জীবন বাঁচায়। ক্রিটিসিজম না হলে কোন জিনিস ভালভাবে ডেভেলপ হবে না। আপনার টাকার প্রয়োজন আছে কি নাই আমরা জানতেও পারব না যদি না আমরা ফায়ার সার্ভিস সম্বন্ধে ক্রিটিসিজম করতে পারি।

এবার আমি অন্য ব্যাপারে আসছি, সেটা হচ্ছে আমাদের বিরোধীদল, বিরোধীদল বলতে এখন আমরা কমিউনিস্টদেরই বোঝাই, আর সব বন্ধুভাবাপন্ন—কমিউনিস্ট পার্টির মজা দেখুন, সেদিন বললাম সোমনাথবাবু ঘুরে ঘুরে জায়গায় জায়গায় গিয়ে ঐ চীনপন্থী যেসমস্ত কমিউনিস্ট তাদের ধরিয়ে দিচ্ছেন পুলিসের কাছে টেলিফোন করে—আমি তারই একটু ফিরিস্তি দিচ্ছি—তাঁরই দল থেকে কমিউনিস্ট পার্টির একজন বড়কর্তা—তিনি আমার কাছে কতকগুলি কাগজপত্র হাজির করলেন, কাগজগুলি তাঁরই নিজের হাতে লেখা, ব্যাগে রয়েছে, আমি আর বের করতে চাই না—স্যার, আমি বুঝি জেণতি বোসকে, সরাসরি সে চীনকে সমর্থন করেছে, কিন্তু এই ভদ্রলোকের মজা দেখুন, ১৯৪২ সালে যখন আমাদের নেতৃবর্গ কারাপ্রাচীরের অন্তরালে ছিলেন, যখন আমাদের বিভিন্ন নেতারা কলকাতায় আসতেন—আমি নাম করতে চাই না, সোমনাথবাবু

Dr. Kanai Lal Bhattacharya: Sir, is he relevant?

Mr. Deputy Speaker: He will make it relevant.

Shri Nepal Chandra Roy: Definitely relevant—

[Disturbance]

এই ভদ্রলোক তখন কি করতেন? আমরা দেখেছি অরুণা আসফ আলী যখন কলকাতায় আসতেন সোমনাথবাবুকে ইংরেজ পুলিস লাগাতেন খবর নেবার জন্য, সোমনাথবাবু হলেন তখনকার দিনের ইংরেজের স্পাইদের ডি সি এস বি-র ইনফরমারদের যে লিস্ট তার টপম্যান। স্যার, আরো খবর আছে, ১৯৪৮ সাল থেকে ১৯৫০ সাল—

Dr. Narayan Chandra Roy: Sir, I draw your attention to what he is saying. He has said that Shri Lahiri in an S. B. man. I ask on a point of privilege whether he would be allowed to make such statement. I ask your protection.

Shri Nepal Chandra Roy:

আমি বলছি এজন্য এই কথাগুলি দায়িত্ব নিয়ে, এস বি রেকর্ড যদি এখানে হাজির করা হয়, আমি দেখাতে পারব—কানাইবাবু, কেন তুমি চেঁচামেচি করছ, আমাকে বলতে দাও—

Dr. Narayan Chandra Roy:

স্যার, আপনি তাঁকে উইথড্র করতে বলুন কারণ আমাদের একজনের নাম করে এই অ্যাসেম্বলি ফ্লোরে একজন মেম্বারকে

he has painted out that he is an S.B. man

আমি, তাঁকে এটা উইথড্র করতে বলছি অন এ পয়েন্ট অব প্রিভিলেজ।

Shri Nepal Chandra Roy:

কখনো উইথড্র করব না,

I know it definitely, his name headed the list of D. C. S.B. men

স্যার, আজকে আমি কেন বলছি ফায়ার ব্রিগেড বাড়াবার জন্য—আমাকে স্যার ১৫ মিনিট টাইম দেবেন।

Mr. Deputy Speaker:

১৫ মিনিট হয়ে গেছে।

Shri Nepal Chandra Roy:

আপনি স্পর্শ করলে আমার কিছু বলার নেই বসতেই হবে।

Dr. Narayan Chandra Roy:

আমি আমার প্রিভিলেজ তুলে রাখছি।

[2-10—2-20 p.m.]

শ্রীরাধানাথ চট্টরাজ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বীরভূম জেলা, খাদ্য সম্পর্কে চিরকালই বাড়তি জেলা ছিল, কিন্তু এ বৎসর এর অবস্থা ভয়াবহ হয়ে দাঁড়িয়েছে, আপনি এও জানেন যে, আজকের সভায় আমাদের জেলার ২ জন সদস্য জেলার ভয়াবহ খাদ্য পরিস্থিতি সম্পর্কে কলিং এ্যাটেনসান দিয়েছেন, এবং আজকের আনন্দবাজারে জেলার খাদ্য পরিস্থিতি সম্পর্কে যে সংবাদ বেরিয়েছে সেটা আমি আপনার কাছে রাখতে চাই, সংবাদদাতা বলছেন যে, ধানের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে স্বল্পআয়বিশিষ্ট চাষীগণ অত্যন্ত উদ্বিগ্ন ও বিপন্ন বোধ করিতেছে। গত সাতদিনের মধ্যে ধানের মূল্য প্রতি কুইন্টাল ৪২ টাকা হইতে ৪৬·৫০ নয়া পয়সায়, অ ১৭·৫০ প্রতি মণ উঠিয়াছে। আড়তদারগণ মিলে আরও বেশী মূল্য পাইতেছে ব্যবসায়িগণ আশা করিতেছেন যে, সরকার নিষ্ক্রিয় থাকিলে ধানের মূল্য ৫০ টাকা কুই ১৮·৭০ নয়া পয়সা টনে পৌঁছাইবে। এই জেলায় ধানের সর্বোচ্চ মূল্যের রেকর্ড ১ মণ।

শতকরা ৭৫ ভাগ চাষীর উৎপন্ন ধান্য পূর্ব ঋণ, জমির খাজনা, ধান্যাদি পরিশোধে মাঘ মাসের মাঝামাঝি হইতে ফাল্গুন মাসের মাঝামাঝি নিঃশেষিত হয়। এ বৎসর ক্যানেলবহির্ভূত ব্যাপক অঞ্চলে উৎপাদনের হার অত্যন্ত কম এবং অঞ্চলবিশেষে অজন্মা হওয়ায় মাঘ মাসেই 'ছোট' চাষীদের ধান্যাদি শেষ হইয়াছে। নগদ মূল্যে প্রয়োজনীয় ধান্য বা চাউল ক্রয়ের ক্ষমতা তাহাদের নাই। 'বড' চাষীর নিকট হইতে দেড় গুণ সুদে পনেরায় ধান্যাদি কর্জ করিয়া তাহারা সংসারের প্রয়োজন মিটায়। চাউল ক্রয় না করিয়া কর্জকৃত ধান্য হইতে প্রস্তুত করে। কিন্তু ধানের অত্যধিক মূল্য বৃদ্ধিতে এবং ভবিষ্যতে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়া মূল্য নিয়ন্ত্রণ বা উদ্বৃত্ত শস্য নির্ধারিত মূল্যে ক্রয় করিতে পারে, এই আশঙ্কায় ধান্য কর্জ দেওয়া অপেক্ষা চড়া দরে বিক্রয় করিতে অধিকতর উৎসাহী। ফলে সাধারণ চাষীমাত্রেই অতিশয় বিপন্ন বোধ করিতেছে।

চাউলের মূল্যও দ্রুত বৃদ্ধি পাইতেছে। বর্তমান দর ত্রিশ টাকা মণ। ফলে ভূমিহীন কৃষক, মজুর ও চাকুরিয়া মধ্যবিত্তদের দুর্দশার অন্ত নাই। পাক্ষিক রিটার্ন, নানাভাবে হিসাব রাখার ব্যবস্থা, প্রতিটি খরিদ্দারের ক্যাশমেমো প্রভৃতির ঝামেলা ও সর্বোপরি নামমাত্র লভ্যাংশ ইত্যাদি নানা কারণে আংশিক রেশনের দোকান করিতে ব্যবসায়ী মাত্রেই নারাজ। পল্লী অঞ্চলে রেশন দোকানের জন্য উপযুক্ত ব্যবসায়ী পাওয়া যায় না।

রেশন দোকানগুলি নিয়মিত চালু থাকিলে সাধারণ লোকের দুঃখ দুর্দশার বহুলাংশে লাঘব হইত। ইতিমধ্যেই পল্লী অঞ্চলে শুধু দুর্মূল্যই নয় দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছে। এই সময়ে বাংলার প্রধানতম খাদ্য, ধান্য ও চাউলের দর অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় গ্রামবাসিগণ আজ চরম দুর্দশার সম্মুখীন। মধ্যবিত্ত গৃহস্থগণ আজ দিশাহারা। ধান্যের দর মণ প্রতি সাড়ে আঠার-উনিশ ও চাউলের দর ত্রিশ টাকা অবধি উঠিয়াছে। চাষীদের হাতেও আজ ধান্য মজুত নাই। কারণ এ বৎসর আপৎকালীন পরিস্থিতির দরুন, চাপ দিয়া খাজনা ও জলকর আদায় করার ফলে তিন-চার বৎসরের বকেয়া সব মিটাইতে চাষিগণ সব ধান্য বিক্রয় করিতে বাধ্য হইয়াছে। তদুপরি কেন্দ্রীয় সরকারের বাজেটের প্রতিক্রিয়ার ফলে অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অগ্নি-মূল্য হওয়ায় আজ গ্রামীণ অর্থনৈতিক কাঠামো চরম বিপর্যয়ের সম্মুখীন। এই হচ্ছে আনন্দ-বাজার পত্রিকার সংবাদ। সেদিন ত্রাণমন্ত্রী তিন সত্য করে বলেছিলেন, বাংলাদেশের কোন লোককে না খেয়ে মরতে দেবো না এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও বলেছিলেন এই একই কথা। আজ চৈত্র মাসের মধ্যেই এই অবস্থা, এই অবস্থা প্রতিকারের জন্য কি ব্যবস্থা করেছেন, ও তার জন্য কি করেছেন তাঁর নিকট জানতে চাই ? এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে হলে অবিলম্বে পল্লী অঞ্চলে ও প্রতিটা অঞ্চলে একটা করে সস্তায় খাদ্যশস্যের দোকান প্রতিষ্ঠা করা প্রয়োজন বলে মনে করি, এবং অবিলম্বে টেস্ট রিলিফ-এর কাজ দিয়ে গ্রামবাসিগণের জীবন বাঁচানোর জন্য আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার দ্বিতীয় বক্তব্য হল ১৯৫৬ সালে বন্যার পর বন্যাবিধ্বস্ত অঞ্চলে বিল্ড ইয়োর অউন হাউস স্কিম পরিচালনা করেছিলেন এবং মডেল ভিলেজ স্কিম গ্রহণ করেছিলেন তার জন্য ডিপার্টমেন্ট হয়েছে রুরাল রিকনস্ট্রাকশন ডিপার্টমেন্ট সে ডিপার্টমেন্ট-এর অফিস রয়েছে, সে অফিস সম্বন্ধে আমি বলতে চাই, আমার এলাকায় ২৭ একর জমি পশ্চিমবঙ্গ সরকার একোয়ার করেছেন এবং সেখানে মডেল ভিলেজ স্কিম স্থাপন করবার জন্য কাজ আরম্ভ করেছেন, এবং গত বৎসর যখন মডেল ভিলেজ স্কিম-এর জন্য টাকা মঞ্জুর ছিল না—সে সময় পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এটা বলেছিলেন, আমি তাঁর সংগে দেখা করেছিলাম, আমি ফেমিন ও রিলিফ খাতে ঐ টাকা রেখে দিয়েছি, এ দিয়ে মডেল ভিলেজ স্কিম পরিচালনা করবো, এর জন্য ভয়ের কারণ নেই। এখন সে জায়গায় অনেক প্লট পড়ে আছে, সে প্লটগুলোয় বসবাস করবার জন্য বহু লোক দরখাস্ত করেছে, কিন্তু সে দরখাস্ত অনুযায়ী প্লট বিতরণ করা হচ্ছে না, সরকার যদি সাহায্য না করেন তাহলে যারা বসবাস করছে—তারা সেখানে নিজের পয়সা ব্যয় করে বসবাস করছে, কিন্তু সরকারের যেখানে পারমিসন দেওয়া দরকার সেখানে তারা পারমিশন পায় না। সেখানে একটা কমিউনিটি হল নির্মিত হয়েছে সে কমিউনিটি হলে রাত্রে নাইট স্কুল হত কিন্তু সরকারের পরিচালনার অভাবে নাইট স্কুল বন্ধ হয়ে গেছে কমিউনিটি হল এমনি পড়ে আছে। সে বিল্ডিংকে অন্যভাবে কাজে লাগান যায় সেখানে অঞ্চল পঞ্চায়েতের অফিস করা যায় সরকারী সস্তা চালের দোকান করা যায়। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এ বিল্ডিংগুলিকে সংব্যবহার করবার জন্য। দ্বিতীয় কথা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার একটা সাবডিভিসনাল হেলথ সেন্টার করবার জন্য জায়গা দখল নিয়েছেন এবং তার সীমানা ডিমারকেটেড হয়ে গেছে। স্থানীয় জনসাধারণ যে টাকা দেবে বলেছিলো সেই ১৯ শত টাকা তারা দিয়েছে এবং সেখানে আদর্শ পল্লী হয়েছে যাতে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হয় তার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই পরিকল্পনা ১৯৫৮ সালে হয়েছিলো তখন এ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তরুণকান্তি ঘোষ ছিলেন।

[2-20—2-30 p.m.]

সেখানে আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় ছিলেন এই স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের যখন প্রথম কাজ হয় কিন্তু আজ পর্যন্ত কাজ হয় নি। যাতে সত্বর সেখানে স্বাস্থ্য-

কেন্দ্র নির্মাণ হয় সে বিষয়ে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা জিনিস লালপুর থানার শিবাগ্রাম সম্বন্ধে। এখন সেই মডেল ভিলেজটির ব্যাপারে রাস্তা মন্ত্রীর কাছে গিয়েছিলাম তিনি জানেন সব কথা তার পর ডেভেলপমেন্ট কমিশনার বলেছিলেন যে ঐ রাস্তাটা মোরাম দিয়ে তৈরি করা হবে আমরা ভারত গভর্নমেন্টের কাছ থেকে টাকা পাচ্ছি—সেটা মাত্র ৮ মাইল রাস্তা—সেই রাস্তাটির যোগাযোগ বিশেষ প্রয়োজন তার কারণ ঐ অঞ্চলে আর তেমন রাস্তা নেই—কিন্তু তৈরি হয় নি। ঐ রাস্তাটা যদি তৈরি হয় তাহলে ঐ অঞ্চলের কয়েক লক্ষ লোকের সুবিধা হবে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ রাস্তাটা তৈরি হয়। আমার তৃতীয় কথা হচ্ছে এই যে দেশের জরুরী পরিস্থিতির জন্য অনেক হেলথ সেন্টার হওয়া বন্ধ রয়েছে। কিন্তু আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে সমস্ত জায়গায় টাকা দেওয়া হয়েছে, জমি দেওয়া হয়েছে এবং বিভাগীয় তদন্ত হয়েছে সেই সমস্ত জায়গায় যাতে স্বাস্থ্যকেন্দ্রগুলি হয় সে বিষয়ে তারা যেন তৎপর হন এবং সেখানে যাতে প্রায়রিটি দেওয়া হয় সেদিকে আমি বিশেষ করে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা স্যার, ইতিহাস প্রসিদ্ধ বাদশাহী শহর—এই রাস্তা উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ পর্যন্ত বিস্তৃত এই রাস্তাটি হোসেন সাহ তৈরি এই রাস্তা বর্তমানে পশ্চিমবাংলার ঠিক মাঝখান দিয়ে যাচ্ছে এবং এই রাস্তাটি অজয় নদের উপর থেকে ময়ূরাক্ষী নদীর ঠিক দক্ষিণ পর্যন্ত অব্যবহার্য হয়ে পড়ে আছে; এই রাস্তা যদি মেরামত করা হয় তাহলে ঠিক পশ্চিমবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ উত্তরবঙ্গ ঘুরে আসা যাবে তাছাড়া যে গঙ্গা ব্যারেজ তৈরি হচ্ছে ওখানে দুর্গাপুর থেকে বিভিন্ন জিনিস লরি দিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে এবং প্রচুর উপকার হবে—সেজন্য আমি বাদশাহী সড়ক যাতে তৈরি হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা বীরভূম জেলার বক্রেশ্বরে একটি উষ্ণ প্রস্রবণ আছে বাংলাদেশের এই হট স্প্রীং আর কোথাও নাই এই জলে স্নান করলে নানাবিধ স্কীন ডিজিস সাইটিকা এবং স্নায়ুঘটিত ব্যায়রাম এবং ঐ জল পান করলে অনেকরকম পেটের ব্যায়রাম ভাল হয় সেখানে বহু যাত্রী নিত্য আসেন এবং সেখানে কেউ থাকতে পায় না—আপনারা বহু কোটি টাকা ব্যয় করছেন কিন্তু এই জিনিসটা যা বাংলাদেশে আর কোথাও নেই এই জায়গাটা যদি ব্যবহারযোগ্য করা হয় তাহলে একটা অশেষ কল্যাণ হবে বলে আমার মনে হয় সেখানে যাত্রীরা যে থাকতে পায় না অন্তত একটা যদি শেডও করে দেন তাহলে অনেকের উপকার হয়। এবং সেই জল কমার্সিয়ালি ব্যবহার করা যায় কিনা এটাও আমি আপনাদের ভেবে দেখবার জন্য অনুরোধ করি।

Shri Somnath Lahiri: On a personal explanation, Sir,

আমি তখন হাউসে ছিলাম না, আমাদের মাননীয় সদস্য নেপাল রায় নাকি বলেছেন আমি টেলিফোন করে অনেক লোককে ধরিয়ে দিচ্ছি এবং আমি নাকি ১৯৪২ সালে পুলিসের ইনফরমার ছিলাম। আমি নেপালবাবুর বক্তব্য সাধারণত ধর্তব্যের মধ্যে আনি না। ঐ যে কথায় আছে—পাগলে কি না বলে, ছাগলে কি না খায়। যেহেতু ওটা প্রসিডিংসে থাকবে, সেইজন্য আমাকে বলতে হচ্ছে তিনি যা বলেছেন, তা সম্পূর্ণ অসত্য।

Shri Nepal Chandra Ray:

(আমি ডি সি এস বি-র কাগজপত্র থেকে সেটা দেখিয়ে দিতে পারি ।)

Shri Nathaniel Murmu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি সাপ্লিমেন্টারী বাজেটের উপর বলবার সময় উত্তর বাংলার একটি বিশেষ সমস্যার প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি, আপনি জানেন গত বছর নর্থবেঙ্গল ইউনিভার্সিটি গঠন করা হয়েছে; শিলিগুড়ি তার হেড কোয়াটার্স হয়েছে। আজ যখন আমি বক্তৃতা দিচ্ছি—এই সময় তার যে অবস্থা, তাতে আগামী বছর এই ইউনিভার্সিটি সম্বন্ধে একটা ব্যবস্থা অবলম্বন করা উচিত। আগামী বৎসরও নামকাওয়াস্তে একটা ইউনিভার্সিটি থাকবে। আজ জরুরী অবস্থায় সেই ইউনিভার্সিটি বিল্ডিংসে মিলিটারী বাহিনী রাখা হয়েছে। সেই ইউনিভার্সিটি বিল্ডিংস এখন মিলিটারী বাহিনীর হেপাজতে রয়েছে। এখন ইউনিভার্সিটির কাজকর্ম সব শিলিগুড়ি কলেজ হোস্টেলে চলছে। এই বছর যখন পরীক্ষা হচ্ছে কথাবার্তা উঠছে, এই বছর এত নূতন ছাত্র ভর্তি হতে দেখছি যে ফিফ্থ ইয়ার-এ সেখানে

জায়গা নাই। প্রিন্সিপ্যাল মেজর-জেনারেল চৌধুরীর কাছে চিঠিপত্র লিখেছেন, সেন্ট্রাল গভর্নমেন্ট প্রাদেশিক গভর্নমেন্টের কাছে লিখেছেন। অথচ যতটা জানতে পেরেছি তাতে দেখছি সেই ইউনিভার্সিটির কাজ কিছুতেই চলছে না, এই সম্পর্কে সুষ্ঠু কোন ব্যবস্থা এখনো হয় নাই। আজ যখন জরুরী অবস্থা, সেখানে নিশ্চয়ই মিলিটারী বাহিনী থাকবে। তাতে আপত্তি করছি না। তবে সেখানে যাতে ছেলেদের পড়াশুনা চলতে পারে, ফিফ্‌থ ইয়ারে নূতন ছাত্র ভর্তি হতে পারে, তার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

রিলিফ সম্পর্কে একটা অভিযোগ আনতে চাই। দুর্ভাগ্যক্রমে রিলিফ মন্ত্রী তিনি এখন চলে গেলেন। কোশ্চেন নং ৪২২, সম্পর্কে যে উত্তর দিয়েছেন—তপন থানায় টেস্ট রিলিফ সম্বন্ধে একটা দুর্নীতির অভিযোগ এনেছিলাম। উত্তর যা দেওয়া হয়েছে, তা বুঝতে পারি। দুর্নীতির একটা ঘটনা ধামাচাপা দেওয়া হয়েছে—সেটা হচ্ছে ১৯-১০-৬২ তারিখে। তপন থানায় টেস্ট রিলিফে একটা রাস্তার কাজ হলো। সেখানে ৪০৯ জন লোক কাজ করেছে। টেস্ট রিলিফের কাজের একটা সিস্টেম হলো কাজ যখন আরম্ভ হয়, তার পেমেন্ট স্লিপ মোহরার দেয়। মাটি কাটার কাজ শেষ হলে য়্যালটমেন্ট স্লিপ পে-মাস্টারের কাছে নিয়ে যায়। তাতে গম দেওয়া হয়। মাটি কাটা শেষ হয়ে গেছে বারটায়, পে-মাস্টার আসেনি। হঠাৎ একটা লোক এসে খবর দিল আজকে পেমেন্ট স্লিপ দেওয়া হবে না। লোকেরা তখন মুহুরারকে গিয়ে ধরল, আমরা কোন পেমেন্ট স্লিপ পাইনি। আপনি যদি কাজ বন্ধ করবেন ঠিক করা হয়ে থাকে, তাহলে আগে কেন জানালেন না? রাস্তার মাটি কাটিয়ে ওরা আর কিছু তাদের জন্য ব্যবস্থা না করে সেখান থেকে সটকান দিল। কোনরকম খোঁজ খবর আর তাদের পাওয়া যায় না। ঠিক বারোটায় রিলিফ অফিসার সেখানে এলো। তখন ব্লকের নারায়ণ ব্যানার্জী ঐ ঘটনার কথাটা তুললেন, তিনি সেই ঘটনা শুনে খুব দুঃখিত হলেন এবং তুরণ গ্রামের মনোরঞ্জন অধিকারী বলে একজন ভদ্রলোকের উপর ভার দিলেন যে, যখন এদের অ্যালটমেন্ট স্লিপ দেওয়া হয় নাই, তখন আপনি এর একটা খসড়া হিসাব রাখুন এবং সেই খসড়া হিসেবটা আমার কাছে ও বি ডি ও-র কাছে পেশ করুন। এবং পরে আপনি এদের গম দেবার ব্যবস্থা করুন।

[2-30—2-40 p.m.]

মনোরঞ্জন অধিকারী যে হুকুমটা রিলিফ অফিসারের কাছ থেকে পেলেন, সেটা লিখিতভাবে রিলিফ অফিসার দিয়েছিলেন। মনোরঞ্জন অধিকারী তখন সেই হিসাব রাখলেন, এবং একদিন পরে ব্লক অফিসে সেটা সাবমিট করলেন। আমরা পরে জানতে পেরেছি যে ব্লক অফিসার এবং রিলিফ অফিসারদের মধ্যে একটা বিরোধ আছে। ব্লক অফিসার রিলিফ অফিসারকে ডিসক্রেডিট করবার জন্য বললেন অমুক তারিখে কাজটা বন্ধ আছে যদিও সেটা বন্ধ হয়নি। এবং কাজ বন্ধের একটা ব্যাকডেট দিয়ে হিসাব দিয়েছেন, যে তাকে বরাবর চাপ দেওয়া হয়েছে যে গম দেওয়ার ব্যবস্থা করুন, কিন্তু, গম দেওয়া হয়নি। কাগজপত্রে সব ঠিক করে সেখানে ব্লক অফিসে রেখে দিয়েছেন যে রিলিফের কাজ সেদিন শুরু হয়নি, অথচ দেখা যাচ্ছে যে সেই কাজটা রিলিফ অফিসার এ্যাকনলেজ করেছেন। এবং মনোরঞ্জন অধিকারীকে যে হিসাব রাখবার অর্ডারটা দেওয়া হয়েছে, সেই অর্ডারটা মনোরঞ্জনবাবুর কাছে আছে, তা থেকে প্রমাণিত হবে যে কোন তারিখে কাজ হয়েছে। রিলিফ মন্ত্রীও এ সম্পর্কে উত্তর দিয়েছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে ১৯-১০-৬২ তারিখে এই টেস্ট রিলিফের কাজ হয়েছিল কিনা? তিনি উত্তর দিয়েছেন—না। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি যে অন্য কিছু নয়, যদি কিরণ গ্রামে মনোরঞ্জন অধিকারীর কাছে তদন্তের সময় যাওয়া হ'ত এবং হিসাব রাখার জন্য রিলিফ অফিসার লিখিতভাবে যে অর্ডার দিয়েছিলেন, সেটা চাওয়া হ'ত, তাহলে প্রমাণ হ'ত যে কাজ হয়েছে। কিন্তু রিলিফ অফিসারকে ডিসক্রেডিট করবার জন্য ব্লক ডেভেলপমেন্ট অফিসার কাগজপত্র অন্যভাবে ট্রিট করেছেন, এবং ৪০৯ জনের যে এই গমটা পাওয়ার কথা, সেটা তিনি বা তাঁর বসম্বদরা আত্মসাৎ করেছেন। তাই অনুরোধ জানাবো যে খালি উত্তর দিলেই মন্ত্রিমণ্ডলীর বা সরকারের দায়িত্ব শেষ হয়ে যায় না, সেখানে রিলিফ অফিসারের যে অর্ডারটা মনোরঞ্জন অধিকারীকে দেওয়া আছে, তার ভিত্তিতে তদন্ত করা হোক। অ্যান্টি-কোরাপসন বা এনফোর্সমেন্ট ব্রাঞ্চের লোকেরা বা মাননীয়া মন্ত্রী মহোদয়া যদি পারেন, তিনি নিজেও যেতে পারেন, তাঁরা সেখানে গিয়ে মনোরঞ্জন অধিকারীর

সঙ্গে দেখা করুন এবং কাগজপত্রগুলি একটু অনুসন্ধান করে দেখুন। তা যদি করেন, তাহলে দেখতে পাবেন যে সেখানে মাটি কাটা কাজ করা সত্ত্বেও ঐ ৪০৯ জন অভুক্ত লোক, তারা গম পায়নি, এবং সেই গম সেখানে আত্মসাৎ করা হয়েছে।

আমার দ্বিতীয় কথা হল, ওয়েস্ট দিনাজপুরের জেলা সদর বালুরঘাট সম্পর্কে। ওয়েস্ট দিনাজপুরের জেলা সদর বালুরঘাট থেকে রায়গঞ্জে স্থানান্তরিত করবার যে একটা অপচেষ্টা চলেছে, তার বিরুদ্ধে প্রতিবাদ করে বালুরঘাটের লোক বারবার দাবী জানিয়েছে যে এখান থেকে জেলা সদর স্থানান্তরিত করা চলবে না, বালুরঘাটেই জেলা সদর রাখতে হবে। সরকার তাদের সকলের দাবী উপেক্ষা করে বালুরঘাট জেলা সদরকে বালুরঘাট থেকে রায়গঞ্জে নেওয়ার চেষ্টা করছেন। এই প্রসঙ্গে আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটা জিনিস—আমরা বারবার দাবী করছি সেটাকে অপসারণ করা হোক, কিন্তু, তা না করে, সেটাকে সেখানে রাখার ব্যবস্থা হচ্ছে। জেলা সদর বালুরঘাট, সেই শহরের মাঝখানে একটা মদের দোকান রয়েছে। যেখানে দৈনিক বাজার বসে তার ঠিক মাঝখানে এই মদের দোকানটি রয়েছে। এই মদের দোকানটি সেখানে থাকার ফলে, সেই বাজারের মধ্যে দুপুরবেলায় গুণ্ডা প্রকৃতির লোক মদ খায়, এবং গালিগালাজ ও মারামারি করে এবং সন্ধ্যার পরে এমনই অবস্থা দাঁড়ায় যে সেখান দিয়ে মা, বোনদের নিয়ে যাতায়াত করা অত্যন্ত বিপজ্জনক হয়ে পড়ে। এর ফলে সেখানে মারামারি হয়েছে, তার হদিস থানাতে আছে। এই মদের দোকানটা সেখান থেকে স্থানান্তরিত করার জন্য মিউনিসিপ্যালিটিতে প্রস্তাব গ্রহণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়কেও জানান হয়েছে, অথচ এটা স্থানান্তরের কোনরকম ব্যবস্থা বা চেষ্টা করা হচ্ছে না, ১৫ বছর ধরে সেখানেই আছে। মদের দোকানের যিনি ভেণ্ডার, তাঁকে বলতে শোনা গেছে, 'কে সরায়, দেখে নেবো, আমার খুঁটির জোর আছে।' আমরা জানি না তাঁর খুঁটির জোরটা কোন জায়গায়, জগন্নাথবাবু থাকলে হয়ত বলতে পারতেন। তাঁর খুঁটির জোর কি মন্ত্রী সভায়, না, পশ্চিম দিনাজপুরেও খুঁটির জোর আছে, তা আমরা জানি না। মন্ত্রী মহোদয় বা তাঁর দপ্তরের সরকারী কর্মচারীরা পশ্চিম দিনাজপুরের জেলা সদর বালুরঘাট শহরে যদি সন্ধ্যার পর বাজারের দিকে, বা মেন মার্কেটের ওখানে গিয়ে খানিকক্ষণ দাঁড়িয়ে থাকেন তাহলে দেখতে পাবেন ঐ মদের দোকান সেখানে থাকার ফলে, কত মাতাল লোক ঘুরে বেড়াচ্ছে, এবং সেখানে হৈ-হল্লা চলেছে শুনতে পাবেন এবং কত খুন-খারাপী হচ্ছে তা জানতে পারবেন এবং কত পকেটমার, রাহাজানি হচ্ছে তা সমস্ত জানতে পারবেন। এই অবস্থা সেখানে গত ১৫ বছর ধরে চলেছে। এ সম্বন্ধে কোয়েশ্চেন দিয়েছিলাম, তার উত্তরও ঠিক সেইভাবে দেওয়া আছে। মন্ত্রিসভার কাছে আমরা কোয়েশ্চেন দিই, আমরা প্রশ্নাকারে বিভিন্ন বিষয় তুলতে চেষ্টা করি, যাতে এইসবের একটা প্রতিকার হয়। সরকারকে হেকল বা হ্যারাসমেন্ট করার উদ্দেশ্য নিয়ে আমরা প্রশ্ন আনি না। আমরা যারা গ্রামাঞ্চল থেকে এসেছি, গ্রামাঞ্চলের ভাল করবো এই মনোভাব নিয়ে আমরা চলে থাকি, এবং গ্রামের ও গ্রামবাসীর উন্নতিকল্পে যেসকল জিনিসের প্রয়োজন, এইসবগুলি ঠিক এইভাবে প্রশ্নাকারে আনার চেষ্টা করি। কিন্তু মাননীয় মন্ত্রিমহোদয়রা যদি এইভাবে, একটা দায়সারাভাবে উত্তর দেন, তাহলে ওটা ওখানেই থাকবে, এবং অনির্দিষ্টকাল পর্যন্ত থাকবে। সুতরাং মন্ত্রীমণ্ডলীকে ধিক্কার দেওয়া ছাড়া আমাদের আর কোন পথ নেই। অন্যদিকে রিলিফের মাটি কাটা কাজে ৪০৯ জন লোক নিযুক্ত আছে, তারা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত দুপুররোদে মাটি কাটার কাজ করা সত্ত্বেও তাদের পাওনা গম যদি কেউ আত্মসাৎ করে এবং এ সম্পর্কে কোয়েশ্চেন দিলে যদি কোয়েশ্চেনটা কাগজপত্রের মধ্যে ধামাচাপা পড়ে যায় এবং তার কোনপ্রকার সুব্যবস্থা না হয়, তাহলে এটা বড়ই দুঃখের বিষয় হয়ে দাঁড়ায়।

উত্তর বাংলায় একটা বিশ্ববিদ্যালয় হয়েছে। আশা ছিল অন্তত সেই উত্তর বাংলার ছেলে-মেয়েরা সেখান থেকে তাড়াতাড়ি উচ্চ শিক্ষা পাবে। সুতরাং এইভাবে যদি অব্যবস্থা চলতে থাকে এবং এর আশু প্রতিকারের ব্যবস্থা সরকার না করেন, তাহলে এটা অত্যন্ত মর্মান্তিক ব্যাপার হয়ে দাঁড়ায়। অন্তত উত্তর বাংলার ছেলেমেয়েরা উচ্চ শিক্ষায় তাড়াতাড়ি যাবে সেই বিষয় যদি অব্যবস্থা চলতে থাকে, যদি তার প্রতিকারের ব্যবস্থা না করেন তাহলে অত্যন্ত মর্মান্তিক

ব্যাপার হয়ে পড়বে। আমি বাজেট সম্পর্কে বলতে গিয়ে এই বিষয় তিনটি সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে অবহিত হতে বলছি এবং আবেদন জানাচ্ছি অন্তত তাঁরা একটু তৎপরতার সঙ্গে আশু অনুসন্ধান করে এই সম্বন্ধে একটা বিহিত ব্যবস্থা করবেন।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে এই সাপ্লিমেন্টারী বাজেটের ব্যয়-বরাদ্দ সমর্থন করতে উঠে আমি কয়েকটি জিনিস আপনার সামনে রাখতে চাই। এই ব্যয়-বরাদ্দের যে আলোচনা আজকে এখানে হচ্ছে সেটি মোটামুটিভাবে পোস্ট-মর্টেমের মত. সরকার বহু ক্ষেত্রে যেসমস্ত অতিরিক্ত ব্যয় করেছেন আজকে আমাদের কাছে তার মঞ্জুরী চাইছেন। মঞ্জুরী আমরা নিশ্চয়ই দেবো. আমরা এই ব্যয়-বরাদ্দ নিশ্চয়ই সমর্থন করবো কিন্তু এই প্রসঙ্গে কয়েকটি জিনিস আমরা এখানে আলোচনা করতে চাই. সরকার যদি এই বিষয় একটু অবহিত হন তাহলে ভাল হয়। প্রথমেই আমি উল্লেখ করতে চাই যে স্টেট এক্সাইস ডিপার্টমেন্ট. মাননীয় জগন্নাথ-বাবুর ডিপার্টমেন্টে. সেখানে আমরা দেখতে পাচ্ছি যে ২ লক্ষ ৪৪ হাজার টাকা চাওয়া হয়েছে। এক্সপ্লানেশনে তাঁরা বলছেন যে

to meet estimated requirements, of temporary establishment, travelling allowance, house rent, clothing charges, etc.

এই জিনিসগুলি আগে কেন অ্যান্টিসিপেট করা যায়নি সে সম্বন্ধে এক্সপ্লানেশনটা অত্যন্ত স্ক্যান্টি বলে আমার মনে হচ্ছে। স্যার, এই সঙ্গে আমি আর একটি কথা তুলতে চাই যে, প্রহিবিশনের কথা আমরা প্রায়ই শুনে থাকি। আমার একটু আগে কানাইলাল ভট্টাচার্য মহাশয় প্রহিবিশনের কথা বলেছেন। এই প্রহিবিশনের কথা আমরা রাস্তাঘাটে, খবরের কাগজে, অনেক সময় শুনে থাকি। আমরা আমাদের অভিজ্ঞতায় দেখেছি যে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে ত বটেই, প্রহিবিশনের তো কোন বালাই নেই. সাধারণ ক্ষেত্রে চোলাই মদ অপর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। মুদীর দোকানে, চায়ের দোকানে এই সমস্ত পাওয়া যায়। আজকে আমাদের দেশের সমাজ ব্যবস্থার আমূল পরিবর্তন না হওয়া পর্যন্ত এই প্রহিবিশন আমাদের দেশে চালু করা সম্ভব বলে আমার মনে হয় না। এইজন্য আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি এবং এই সঙ্গে আমি একথাও বলতে চাই যে প্রহিবিশনকে বর্তমান সমাজ ব্যবস্থার পরিবর্তন না করে চালু করতে গেলে আমাদের দেশে দুদিক দিয়ে ক্ষতি হচ্ছে। একদিক দিয়ে ক্ষতি হচ্ছে এই যে আমাদের রাজস্ব বৃদ্ধির যে সম্ভাবনা সেটাকে যেমন নষ্ট করা হয় তেমনি সেই সঙ্গে সঙ্গে প্রহিবিশনকে চালু রাখতে গেলে যে অতিরিক্ত পুলিস রাখা দরকার আছে সেদিক দিয়েও আমাদের ব্যয় বৃদ্ধি ঘটবে। কাজেই এই বিষয়েতে এইদিক দিয়ে নৈতিক চরিত্রটা সংশোধিত করে যাতে আমাদের দেশে প্রহিবিশনটা কার্যকরী হতে পারে সেই সম্বন্ধে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

স্যার, জেলের জন্য যে অতিরিক্ত ব্যয় মাননীয় মন্ত্রী এনেছেন, সেখানে আমরা দেখছি তিনি বলেছেন

large expenditure is due to increase in daily average number of prison population in recent months

স্যার, আজকে আমরা জানতে চাই এই যে ইনক্রিজ ইন প্রিজন পপুলেশন এটা কি শুধু যেসব জাতীয়তা বিরোধীকে জেলে আটক রাখা হয়েছে তারা, না, অন্যান্য অপরাধীর সংখ্যাও বাড়ছে, মাননীয় মন্ত্রী যদি একটু জবাব দেন তাহলে ভাল হয়।

স্যার, আমি আর একটি জিনিস উল্লেখ করতে চাই

Interest on debt and other obligations

এখানে বেশীর ভাগ ক্ষেত্রে এক্সপ্লানেটরি নোটে বলা হয়েছে যে

the larger demand is due particularly to payment of interest at higher rate.

স্যার, আমি এই জিনিসটা বুঝতে পারছি না যে হাইয়ার রেটটা কেন? যখন আমরা লোন নিই, লোন যখন আমরা ইসু করি তখন ত একটা রেট ঠিক হয়েই থাকে। আজকে এই রেটে লোন ইসু করবার পর রেটের কি কোন পরিবর্তন হয় এই সম্বন্ধে মাননীয় অর্থমন্ত্রী যদি আমাদের

একটু আলোকপাত করেন তাহলে ভাল হয়। সেই সঙ্গে সঙ্গে আমরা এটাও দেখছি যে গভার্নমেন্টাল প্রেট সেখানে অতিরিক্ত চাওয়া হয়েছে ৫ লক্ষ ৮৮ হাজার টাকা। সেখানেও ঐ একই কথা আমরা বলতে চাই যে লোন যখন চাওয়া হয় তখন তার ইন্টারেস্টটা আগে থাকতেই ক্যালকুলেট করা হয়। এই ইন্টারেস্টটা এ্যান্টিসিপেটেড এক্সপেন্ডিচারের মধ্যে অরিজিন্যাল বাজেটে ধরা আছে, সেটা যে কেন আবার সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে আসছে সেটা ঠিক বুঝে উঠতে পারছি না। এই প্রসঙ্গে আমি আর একটি কথা উল্লেখ করতে চাই যে ডেভেলপমেন্ট অব কটেজ অ্যান্ড স্মল ইন্ডাস্ট্রিজের খাতে ৩ লক্ষ টাকা অতিরিক্ত ইন্টারেস্ট চাওয়া হয়েছে। কিন্তু সেখানে আমরা দেখছি, রিভাইসড বাজেট এবং অরিজিনাল বাজেটকে যদি আমরা কম্পেয়ার করে দেখি আমরা দেখতে পাবো যে ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমে যাচ্ছে ২৭ লক্ষ ৯১ হাজার টাকা। যদি ২৭ লক্ষ ৯১ হাজার টাকা ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমে যায় তাহলে এই এ্যাডিশনাল ইন্টারেস্টের বোঝা কেন আসছে যদি মাননীয় মন্ত্রিমহাশয় একটু বলেন তাহলে ভাল হয়। আজকে আমরা এই ডিপার্টমেন্টে যা দেখি, এই ডিপার্টমেন্টের কাজকর্ম যদি আর একটু ভাল করে করা যায় তাহলে আমাদের দেশের বেকার সমস্যা দূর হবার পক্ষে অনেকটা সাহায্য হতে পারে।

[2-40—2-50 p.m.]

স্যার, মেডিক্যাল ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি উল্লেখ করছি, সেখানে আমরা দেখছি অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ২৭ লক্ষ ৯২ হাজার টাকা চাওয়া হয়েছে। এবং সেটা অধিকাংশ ক্ষেত্রে শুধু অফিসারদের এবং এস্ট্যাবলিশমেন্টের পের জন্য চাওয়া হয়েছে। এখানে আমরা দেখছি যে হাসপাতালে কিভাবে ভীড় হয়েছে বা হচ্ছে তা আপনি জানেন। আজকে মানুষ গরু ছাগলের মত ভীড় করে দাঁড়িয়ে থাকে, গত কালকের সংবাদপত্রে আমরা দেখেছি, যুগান্তরে, বাঙ্গুর হাসপাতালের অবস্থা এবং আনন্দবাজার পত্রিকায় হাওড়া জেনারেল হসপিটাল এবং প্রতিদিন বিভিন্ন কাগজের মারফৎ অন্যান্য হাসপাতালের কথা জানা যায়, এখানে আমরা দেখতে পাচ্ছি যে এ্যাম্বুলেন্স সার্ভিসে টাকা কমিয়ে দেওয়া হল, রিভাইজড বাজেটে ১ লক্ষ ১৮ হাজার টাকা, এটা যে কেন হল, এ্যাম্বুলেন্স পেতে হলে ঘন্টার পর ঘন্টা কল দিয়ে মানুষকে অপেক্ষা করতে হয় এই ক্ষেত্রে এ্যাম্বুলেন্সে ১ লক্ষ ১৮ হাজার টাকা যে কেন কমান হল তা আমরা ঠিক বুঝে উঠতে পারছি না। স্যার, এখানে যে বেডের সংখ্যা কত কম তা মাননীয় সদস্যরা জানেন কিন্তু সেখানে আমাদের বলা হয় যতদিন না পর্যন্ত পর্যাপ্ত পরিমাণে বেড আমাদের দেশে চালু করতে পারি ততদিন পর্যন্ত গৃহ চিকিৎসার ব্যবস্থা করা হবে, ডোমিসিলিয়ারি ট্রিটমেন্টের ব্যবস্থা করা হবে। কিন্তু সে ক্ষেত্রেও আমরা দেখছি যে রিভাইজড বাজেটে ৩॥ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হল। আজকে pediatric hospital and child guidance clinic সেখানে ৭১ হাজার টাকা যেখানে অরিজিনাল বাজেটে প্রভিশন করা ছিল সেটাও বন্ধ করে দেওয়া হল। তা আজকে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই বিষয় অনুধাবন করবার জন্য অনুরোধ করি।

স্যার, পুলিস সম্বন্ধে আমি একটি জিনিস দেখতে পাচ্ছি যে পুলিসের খাতে replacement of larger number of vehicles for the police including transport, এই সমস্তর জন্য একটা ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে। স্যার, আমি উলুবেড়িয়া কেন্দ্র থেকে এসেছি, উলুবেড়িয়া সাবডিভিশনে একমাত্র পুলিস ইন্সপেক্টর রয়েছেন যাঁকে ১০০ স্কোয়ার মাইল জায়গা তদারক করতে হয়, তাঁর কোন গাড়ী নেই। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যদি এদিকে দৃষ্টি দেন তাহলে ভাল হয়।

ফেমিন—রিলিফের খাতে আমি একটি জিনিস উল্লেখ করতে চাই যে ভারতবর্ষ স্বাধীন হবার পর আজকে এই হেডের নাম পরিবর্তন হওয়া উচিত। যেখানে দেশের দুঃস্থ মানুষকে সাহায্য করবার জন্য সরকার এগিয়ে আসছেন তার নাম ফেমিন রিলিফ এই কথাটির পরিবর্তন করে

অন্য নাম যদি চিন্তা করেন তাহলে ভাল হয়। এছাড়া আমি উল্লেখ করতে চাই যে, এই যে পার্লামেন্টারি বাজেট, ব্যয়-বরাদ্দ, মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে পেশ করেছেন সেই ব্যয়-বরাদ্দ আমি নিশ্চয়ই সমর্থন করবো এবং করছি।

শ্রীপদক মাহাতো: চারিদিকে আক্রমণশীল ভয়াবহ রোগসমূহের হাত থেকে জনস্বাস্থ্যকে রক্ষা করার মহান দায়িত্বই হচ্ছে জনস্বাস্থ্য বিভাগের কাজ। শুধু গোটাকতক ঔষধ ছাড়িয়ে নিশ্চিন্ত মনে বসে থাকার দায়িত্ব এ বিভাগের নয়। কিন্তু আমরা দেখছি মানবজীবনের কাছে ভীষণতম রোগসমূহের দ্রুত এবং ব্যাপক প্রসার সত্ত্বেও--স্বাস্থ্য বিভাগ নিশ্চিন্ত মনে ঘুমিয়ে রয়েছেন। দুটো ঔষধ ছড়ানোর চেষ্টাও তাদের নেই। কুষ্ঠ রোগ যে কত ভয়াবহ রোগ সেকথা কাউকে বুঝিয়ে বলবার দরকার নেই। অথচ এই কুষ্ঠ রোগ আমাদের জেলায় যে হারে দ্রুতবেগে সংক্রামিত হচ্ছে--তাতে আমাদের সমস্ত জেলার জনগণ আতঙ্কিত হয়ে উঠেছেন। এবং একথাও সর্বজনস্বীকৃত যে ভারতবর্ষে কুষ্ঠ রোগের বিষয় এই জেলাই সর্বপ্রধান। এ হেন ভয়াবহ অবস্থা সত্ত্বেও আজ ছয় বছর হয়ে গেল পশ্চিমবঙ্গ সরকার এই জেলায় কুষ্ঠ রোগ প্রতিকারের কোন কিছু ব্যবস্থাই করেন নি। শিশু যুবক বৃদ্ধ পুরুষ এবং নারী দলে দলে নিত্য এই ভয়াবহ রোগের দ্বারা আক্রান্ত হচ্ছে--সমাজ এবং গৃহজনদের দ্বারা বিতাড়িত উপেক্ষিত হয়ে দলে দলে আশ্রয়ের সন্ধানে আসছে কিন্তু কোথায় স্থান নেই। খৃশ্চান মিশনারীদের কল্যাণে বড় একটা কুষ্ঠ প্রতিষ্ঠান আছে তাতে অনেক রোগী নেওয়া হলেও প্রয়োজনের তুলনায় তা সামান্য এবং তা সর্বদাই ভর্তি থাকে। প্রয়োজনের তাড়নায় জনগণের প্রচেষ্টা একটা নবকুষ্ঠনিবাস স্থাপিত হয়েছে। সামান্য এই প্রতিষ্ঠানটি বর্তমানে কোনরকমে গতানুগতিক ধারায় সামান্য সরকারী সাহায্যে পেয়ে টিকে আছে মাত্র, এর কোন প্রসার ও উন্নতির পরিকল্পনা সরকারের নেই। অথচ অগণিত আর্ত বিপন্ন বিকলাঙ্গ মানুষ হাহাকার করছে আশ্রয় পাবার জন্য। দলে দলে রুগ্ন গলিত মানুষ আমাদের কাছে আসছে আশ্রয় নিয়ে সাহায্য পাবার জন্য। আমরাও নিরুপায় কারণ আমাদের সরকার এ হেন মর্মন্তুদ বিষয়ে ও হৃদয়হীন পাষাণ এবং উদাসীন ও নিরুত্তর। সংক্রামক রোগীদের জন্য। শীঘ্র আজ এই জেলায় এক বিশাল কুষ্ঠ নগরী হওয়া দরকার নতুবা সারা জেলা অচিরে ভয়াবহরূপে বিপন্ন হয়ে যাবে। এবং দ্রুত ব্যবস্থায় গ্রামে গ্রামে সংক্রামকতা শূন্য কুষ্ঠ রোগীদের দীর্ঘকালব্যাপী বাধ্যতামূলক চিকিৎসার ব্যবস্থা হওয়া দরকার। এ বিষয়ে সারা জেলায় আর্ত আবেদন এই যে দ্রুত উপযুক্ত ব্যবস্থাসমূহ অবলম্বিত হোক। যক্ষ্মারোগও এই জেলায় ইদানীং অত্যন্ত দ্রুতবেগে বেড়ে উঠেছে। কারণ আর্থিক অবস্থা অত্যন্ত দীন, এই জেলায় অভুক্ত স্বাস্থ্যহীন মানুষ নিত্য এই রোগে আক্রান্ত হচ্ছে। অথচ এই রোগের চিকিৎসা বিষয়ে এই জেলায় কোন ব্যবস্থা নেই বললে চলে। যা আছে এবং যেভাবে আছে তা ছেলে-খেলামাত্র, মানুষের জীবন নিয়ে এই ছেলেখেলার অবসান আজ হওয়া দরকার। এ বছর বসন্ত রোগের অত্যন্ত প্রাদুর্ভাব দেখা দিয়েছে, নিঃসন্দেহে এই অবস্থা জনস্বাস্থ্য বিভাগের অযোগ্যতার পরিচায়করূপেই দেখা দিয়েছে। কিন্তু এই জনস্বাস্থ্য বিভাগের আপন দায়িত্বপূর্ণ কাজের বিষয়ে অযোগ্যতা দেখা দিলেও একটা বিষয়ে এই বিভাগের অদ্ভূত যোগ্যতা আছে। তা হচ্ছে দলীয় রাজনৈতিক চক্রান্তের যোগ্যতা। হেলথ সেন্টারসমূহে প্রসারের যে পরিকল্পনার কাজ চলছে তার অন্যতম লক্ষ্য হোল কংগ্রেসী রাজনীতির প্রসার সাধন। এর একটি উৎকৃষ্ট দৃষ্টান্ত হিসেবে আমি আমাদের জেলার মানবাজার থানার মাঝিহিড়া গ্রামের প্রস্তাবিত হেলথ সেন্টারের কথা উল্লেখ করছি। বছর তিন আগে জেলা ডেপুটি কমিশনার রিপোর্ট দেন যে, বহু দিক থেকে এই স্থানটি হেলথ সেন্টারের বিশেষ উপযোগী। কিন্তু ঐ স্থানে যাতে হেলথ সেন্টার না হয় তার জন্য তখনকার এস ডি ও প্রচেষ্টা করেন এবং জনৈক কংগ্রেসী এম এল এ-এর গ্রামে কেন্দ্র স্থাপনের চেষ্টা হয়। কারণ মাঝাহিড়া গ্রামের জনসাধারণ এবং ঐ গ্রামের জনসেবার কেন্দ্র লোকসেবক সঙ্ঘের অনুগামী বলে তাঁদের ধারণা। লোকসেবক সঙ্ঘের পক্ষ থেকে স্বাস্থ্য বিভাগকে জানান হয় যে, এই প্রচেষ্টার পশ্চাতে রাজনৈতিক চক্রান্ত এবং অযৌক্তিক মনোবৃত্তির পরিচয় রয়েছে। সঙ্ঘ তদন্তের দাবী করে এবং এই চক্রান্তের প্রমাণের দায়িত্ব গ্রহণে প্রস্তুত থাকেন। কিন্তু দীর্ঘ এই তিন বছরের মধ্যে স্বাস্থ্য বিভাগ লোকসেবক সঙ্ঘের এই পত্রের উত্তর দিতে সমর্থ হননি--নীরব হয়ে আছেন। এর ফলে এই হেলথ সেন্টার-এর ভাগ্যও অনিশ্চিত অবস্থায় রয়েছে। এইসব কেন্দ্র নিয়ে রাজনৈতিক চক্রান্তের আরও দৃষ্টান্ত দেওয়া যেতে পারে

দি সরকারের উৎসাহ থাকে। তবে আমরা মনে করি একমাত্র রাজনৈতিক চক্রান্তেই যে সরকারের উৎসাহ সেই সরকার [illegible] চক্রান্তের তদন্ত ও অবসানের ব্যবস্থা করবেন একথা ভাবাও বাধহয় বাতুলতা মাত্র।

Shri Deo Prakash Rai. Mr. Speaker, Sir, I rise to speak on the tional Emergency and for that matter I will speak about the Home uards first. Many undesirables have got themselves enlisted in the Home uards. Many fellow-travellers of the Communists who had been singing he Peking tune till the declaration of the National Emergency have got hemselves enlisted in the Home Guards. This is due to lack of proper creening by the authorities concerned. I only hope that the authorities ill now be more vigilant and alert to comb them out, particularly in the order districts.

2-50—3-15 p.m.]

Sir, with a view to bringing some improvement in the Home Guards, I ould like to place, by way of suggestions, a few points before the House.

(1) In the border districts the training will necessarily have to be more ntensive and more wide in scope than that in other areas. Apart from earning the elementary use of arms and squad drill, more will require to e taught to the able-bodied Home Guards of the border districts.

(2) The Home Guards must be given advanced training by instructors rom the Army who could also give training in battle courses, demolition, ombating para-troops, infiltration, etc., in other words more than what ould be required in non-field areas;

(3) The Home Guards continuing to be an adjunct to the Police, should erate somewhat on the lines of Eastern Frontiers Rifles or Madras Special rmed Police with better fire power and more sustained training on the es of Militia; and

(4) In addition to Village Volunteer Force, units of Home Guards should raised in certain vulnerable areas in the villages of the district to mbat infiltration and para-troops.

Sir, while talking about the National Emergency, I may mention here at there are about 14 thousand ex-Gorkha Servicemen in the district of rjeeling alone and there are many in Sikkim also. But after the declaran of the National Emergency Government have made no attempt to ilise the services of the ex-Gorkha Servicemen.

Sir, while speaking about the ex-Gorkha Servicemen and the National nergency I should mention here that the recent decision of the U.K. vernment to reduce the strength of the Gorkha soldiers in the British my posted in Malaya has come as a great shock to the hillmen in Darjeeling l Sikkim. You must be aware that the hillmen slip through Dharari in pal and join the British Army. So, the reduction in the strength of Gorkha diers posted in Malaya will add one more problem in the District of rjeeling whose economy is already tottering.

Sir, the news recently reaching Darjeeling from Kathmandu is very turbing. You must be aware that the Communist China has expressed ir desire to recruit Gorkhas in their Army. So, I would like to suggest the House that the Government of India be moved to absorb the Gorkha

soldiers in the Indian Army about five thousand in number in the first phase, who are going to be demobbed from the British Army. I may also mention here that the Gorkha soldiers of the British Army have been fighting the Communist guerillas in the mountains and jungles of Malaya for the last 15 years with the kind of weapons which we are now receiving from the U.K.

Now, Sir, let me speak about the antinational activities of the communists in border areas. Sir, most of the communist leaders have not changed their anti-national activities and they are active especially in the rural areas. I may state a few instances here. Sir, recently when I was touring the rural areas I came across cases which I like to place here. Sir, in tea gardens known to be the communist strong-holds, they hold meetings at dead of night in groups and, after the fall of Sela and Bomdi-La these communists have been saying that the Indian soldiers were not captured by the Communist China but the Indian Troops were fed up with the tyranny and oppression of the Government of India and as such they voluntarily went over to the Chinese side. These sorts of mischievous rumours were spread by the communists in rural areas. Not only that, Sir, the Planes which transport food and other goods fly at night. The so-called second rank communist leaders come out and pointing out to the red lights say, "look, these Planes showing red lights belong to the Liberation Army of China and they are coming to liberate us". Not only that, Sir, in Gorubathan, a vulnerable area in the border of Kalimpong, the communists had been collecting one-fourth seer of rice and four annas in cash forthnightly saying, "Liberation Army are arriving and they cannot get food to eat here because India is poor. So we will have to give them food."

Sir, with these words, as I speak to-day under the shadow of enemy invasion of our country, I withdraw all my cut motions and support the demand of the Hon'ble Finance Minister.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-15—3-25 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, এই সাপ্লিমেন্টারী বাজেট-এর উপর বলতে গিয়ে আমার বক্তব্য মূলত জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এর উপর সীমাবদ্ধ রাখবো। আজকে কেন্দ্রীয় সরকার যে করভার দেশের উপর চাপিয়েছেন, এবং তার ফলে নিত্য ব্যবহার্য জিনিসের দাম যেভাবে বেড়ে চলেছে তাতে গরীব ও মধ্যবিত্ত মানুষের উপর বজ্রাঘাত এসে পড়েছে। আজকে এই মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্তের একটা বিরাট অংশ হচ্ছে সরকারী কর্মচারী। আজকে এই পরিবর্তিত অবস্থার মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করবো সরকারী কর্মচারীদের বেতন পুনর্বিন্যাস করবার জন্য। যদিও তাঁরা দেড় বৎসর আগে সরকারী কর্মচারীদের বেতন পুনর্বিবেচনা করেছিলেন এবং স্কেল বেঁধে দিয়েছিলেন তবুও আমি বলবো এখন একবার তাদের বেতন পুনর্বিবেচনা করা হোক, কারণ, বর্তমানে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তার মধ্যে দেখা যাচ্ছে কম্পালসরি সেভিংস স্কীম যেটা চালু করা হবে তার ফলে লোয়ার ডিভিসন ক্লার্ক, যাদের বেতন ১২৫ টাকা, ১লা তারিখে যা পায়—মাহিনা নেবার সময় যা পায়, তাঁরা আজ Provident Fund and Compulsory Savings Scheme-এর টাকা কেটে হাতে ১০০ টাকা পাবে। আজকে চালের দাম যেখানে অত্যন্ত চড়া সেখানে ৩২ টাকা এবং অন্যান্য জিনিসের দাম যেখানে অত্যন্ত চড়া সেখানে ঐ ১০০ টাকায় কি ভাবে সংসার চালাবে সেটা বুঝতে পারছি না। প্রথমত আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাবো

যাতে নিম্নতম সরকারী কর্মচারীদের কম্পালসরী সেভিংস স্কীম থেকে বাহিরে রাখা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাতে। আমি আমার বক্তব্য কতকগুলি তথ্য দিয়ে সভার কাছে রাখছি। যদি পশ্চিমবঙ্গ সরকার তাদের প্রভিডেন্ট ফান্ড-এর বিষয় খবর নেন, তাহলে দেখবেন শতকরা ৮৪ ভাগ কর্মচারী তারা তাদের প্রভিডেন্ট ফান্ড-এর টাকা লোন নিয়ে বসে আছেন। যেসমস্ত বিভিন্ন অফিসে, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি আছে, সেখানে খোঁজ নিলে দেখা যাবে যে কো-অপারেটিভ-এর যারা শেয়ার হোল্ডার, তারা দীর্ঘ দিন থেকে এত টাকা লোন করে বসে আছে যে ঐ সমস্ত কো-অপারেটিভ সোসাইটিগুলিতে আর নূতন করে সদস্যদের লোন দেওয়ার ব্যবস্থা এখন আর নেই। আমি মাননীয় অর্থ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন
Writers' Buildings Co-operative Credit Society and Lalbazar Co-operative Credit Society—
পুলিসের যে দপ্তর সেখানে খোঁজ নেন তাহলে এই সোসাইটিতে খোঁজ নিলে আমার কথার সত্যতা প্রমাণিত হবে। এটা দেখলে তিনি দেখবেন যে, গত ১ বৎসর দেড় বৎসর আগে যারা লোনের জন্য দরখাস্ত করেছিলেন আজ পর্যন্তও তাঁরা লোন পান নি—কেন না টাকার অভাব। এই যখন দেশের অবস্থা, যখন সরকারী কর্মচারীদের কাছ থেকে আমরা ভাল কাজ আশা করছি, তখন যদি তারা নিজেরা খেটে নিজেদের খাবার না পান, তাহলে তাঁদের কাজ তাঁরা কিভাবে মন দিয়ে করবেন, সেটা আমার সন্দেহ আছে। এজন্য সরকারকে অনুরোধ করবো নিম্নতম সরকারী কর্মচারীদের ব্যাপারটা যেন পুনর্বিবেচনা করা হয়, এবং কম্পালসরী সেভিংস স্কীম থেকে যেন এইসমস্ত কর্মচারীদের নিষ্কৃতি দেওয়া হয়। এই জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন-এ দেখতে পাচ্ছি যে, পাবলিক সার্ভিস কমিশনের জন্য টাকা চাওয়া হয়েছে। আমরা এটা শুনে আশ্চর্য হয়ে গেলাম। আমি এই হাউসে এক বৎসর আছি। আমি জানি যে, পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট প্রতি বৎসর বিধানসভায় পেশ করার নিয়ম আছে, কিন্তু এই গত ১ বৎসরের মধ্যে কোন রিপোর্ট পেশ করা হয় নি। ১৯৬১-৬২ সালের রিপোর্ট আমরা পাই নি। আমার সন্দেহ হয় পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী নিয়োগ করার ব্যাপারে নিশ্চয়ই কোনরকম গলতি এঁরা কিছু করছেন, যার জন্য নাকি পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট প্লেস করার নিয়ম থাকা সত্ত্বেও আজ পর্যন্ত তা হাউসে রাখছেন না।

এর পর আমি আমার বক্তব্য মেডিক্যাল ডিপার্টমেন্টের উপর রাখতে চাই। মেডিক্যাল ডিপার্টমেন্ট সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে—কোচবিহারের মহারাজা জিতেন্দ্রনারায়ণ হাসপাতালে ডি এম ও এবং অন্যান্য যেসব ডাক্তার আছে তাদের বিরুদ্ধে আমি কতকগুলি স্পেসিফিক চার্জ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে এনেছিলাম, গত মাসে তিনি ডেপুটি ডিরেক্টার ডাঃ ব্রহ্মচারীকে পাঠিয়েছিলেন তদন্ত করতে কোচবিহারে। তদন্ত করবার পর ডাঃ ব্রহ্মচারী মন্তব্য করেছিলেন যে কোচবিহার হাসপাতালের অনাচার এবং দুর্নীতি সম্পর্কে আর আমার কোন কিছু বক্তব্য নেই। আমার সামনে যাঁরা এসে তাঁদের বক্তব্য রাখেন তাদের থেকেই আমার একটা ধারণা স্পষ্ট হয়ে আসছে। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় যে আজকে প্রায় ১ মাস হতে চললো আমি দেখছি সেসমস্ত ডাক্তার, সেসমস্ত অন্যায় দুষ্কৃতকারী কর্মচারী এখনও বহাল তবিয়তে কোচবিহারে বসে আছে। আশা করি আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, এ সম্পর্কে তাঁর বক্তব্য রাখবেন তাঁর বলার সময়। আমরা আজকে এই কোচবিহারের এই পাবলিক হেলথ ডিপার্টমেন্ট ব্যাপারে দেখি যে, যেখানে অত্যন্ত জলের কষ্ট গ্রামাঞ্চলে—তাঁরা অত্যন্ত দলীয় মনোভাব নিয়ে তাঁরা নলকূপ স্থাপন করছেন। ১৯৬১-৬২ সালে কোচবিহারে মাত্র ৬টি নলকূপ বসানো হয়েছিল, তা আপনারা শুনে অত্যন্ত আশ্চর্য হয়ে যাবেন সেগুলির সবই বসানো হয়েছে কংগ্রেস ডেপুটি মিনিস্টার মহেন্দ্র ডাকুয়া মহাশয়ের কেন্দ্রে। অন্যান্য অঞ্চলে যেখানে তার চেয়েও জলের কষ্ট রয়েছে সেখানে কেন এখনও কল বসানো হচ্ছে না সে সম্পর্কে এখনও পর্যন্ত মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কোন সুস্পষ্ট জবাব পাচ্ছি না। এ প্রসঙ্গে শিক্ষা দপ্তর সম্বন্ধে আরও একটা বক্তব্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। ১৯৫৯-৬০ সালে পশ্চিমবঙ্গ সরকার থেকে সাড়ে ৪৪ লক্ষ টাকা স্যাংসান করা হয়েছে রি-অর্গানাইজেসন অফ স্টেট এম ই হেলথ ডিপার্টমেন্ট নামে একটি খাতে। আপনারা হয়তো শুনে আশ্চর্য হয়ে যাবেন যে একটি পয়সাও আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের এই শিক্ষা দপ্তর খরচ করে উঠতে পারেন নি। এই স্কীমের মধ্যে ছিল গ্রামাঞ্চলে স্কুল বিল্ডিং, টিচার্স কোয়ার্টার, খেলাধুলার মাঠ। গ্রামাঞ্চলের স্কুলের বেড়া নেই

—স্কুল গৃহ বন্ধ, ছেলেদের বসবার কোন জায়গা নেই। টাকা স্যাংশান করা সত্ত্বেও কেন খরচ হচ্ছে না বা খরচ করতে পারছেন না, সেটা আমি অত্যন্ত নিন্দা করি। আজ আমার এর বেশী আর কিছু বক্তব্য নেই—আশা করি আমার বক্তব্যের জবাব মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তরের সময় আমরা পাবো।

[3-25—3-35 p.m.]

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের বিরুদ্ধে কথা বলতে উঠে আমার বক্তব্য সরকারের কারা বিভাগের নীতি এবং সরকার বন্দীদের প্রতি যে ব্যবহার করছেন—তার মধ্যে সীমাবদ্ধ রাখবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন ইতিপূর্বে সাধারণ ব্যয়বরাদ্দের সময় কারামন্ত্রী তিনি বর্তমানে যাদের বিনা বিচারে কারার ভেতর আবদ্ধ রেখেছেন, যাদের বিরুদ্ধে কোন চার্জ আছে, বা যাদের বিরুদ্ধে নাই, তাদের বিষয়ে যেসমস্ত বিশ্লেষণ বিধানসভায় করে গেছেন, তা আপনি শুনেছেন। আমি শুধু এইটুকু বলতে চাই যে ইতিহাস এইরকম ভাষণের অনেক পরিচয় আগে দিয়েছে এবং ইতিহাস আরো একদিন তুলে ধরেছে। আমার নিজের স্মরণ আছে পাকিস্তানের তদানীন্তন মন্ত্রী নুরুল আমীন সাহেব একদিন সেখানকার ডেটিনুদের উদ্দেশ্য করে বলেছিলেন তারা তৃতীয় শ্রেণীর বন্দীর উপযুক্ত, এদের কোন রাজনৈতিক মর্যাদা স্বীকার করি না। ঔদ্ধত্য সহকারে এইরকম উক্তি আমাদের কারামন্ত্রীর কাছ থেকেও শুনতে পাওয়া গেছে। তাঁর বলবার সৌভাগ্য হয়েছে। সেদিন নুরুল আমীন সাহেবের সভাপতিত্বে রাজবন্দীদের মুক্তি দাবী করতে হয়েছে। ইতিহাসে এরকম নজীর আছে। যাদের আজকে থেটের বলা হয়েছে, তাদেরও একদিন প্রেস্টিজ লাভ হবে। সে প্রমাণ ইতিহাস দেবে। তাঁরা আজ উল্লসিত হচ্ছেন। কি অধিকারে আজ তাঁরা নির্বাচনের সময় সাধারণ মানুষের কাছে ভোট নিয়েছিলেন, কি অধিকারে সাধারণের কাছে, বাংলাদেশের মানুষের কাছে যাঁরা তিক্ত অভিজ্ঞতা জানিয়েছেন, বার বার প্রতিবাদ জানিয়েছেন এদের বিনা বিচারে আটক রাখার বিরুদ্ধে? এর বিরুদ্ধে তাঁরা সংগ্রাম করেছেন, আন্দোলন করেছেন। ইতিহাসে তার উল্লেখ আছে। অতএব আমি জিজ্ঞাসা করবো মন্ত্রীমণ্ডলীকে, আপনার মারফৎ নির্বাচনের সময় জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন, আজকে কেন সেই প্রতিশ্রুতি ভঙ্গ করা হচ্ছে? আজ এরা বন্দীদের প্রতি যেরকম ব্যবহার করছেন, বৃটিশ আমলেও বন্দীদের প্রতি সেইরকম ব্যবহার করা হয় নাই। কেন এদের তাঁরা বিনা বিচারে আটকে রেখেছেন? কোন চার্জে তাদের আটক করা হয়েছে? তাদের আপনারা আন্ডারট্রায়াল প্রিজনার্স বলছেন, কিন্তু আন্ডারট্রায়াল প্রিজনাররা যে সুখসুবিধা পেয়ে থাকে, তা তাঁদের দেওয়া হচ্ছে না। কাপড়-চোপড় জমা দিতে গেলে সেই আই বি-র নির্দেশ ছাড়া আর কিছু পেতে পারে না। আন্ডারট্রায়াল প্রিজনারদের প্রতি এইরূপ ব্যবহার কখনো করা হয় নাই। তারা আন্ডারট্রায়াল অবস্থায় রয়েছে তাদের বিরুদ্ধে কি চার্জ? আই বি-র নির্দেশ অনুসারে আপনারা কাজ করছেন. আবেদন-নিবেদন করেও উপর কর্তাদের কাছে গিয়ে যদি সুখ-সুবিধার চেষ্টা করা হয়, তাহলেও পায় না, নানারকম বাধা সৃষ্টি করা হয়। যাদের বিনা বিচারে আটক করা হয়েছে, তাদের সম্বন্ধে দায়িত্ব নিয়ে সরকার তাঁদের দায়িত্ব পালন করছেন না। দেশের লোক বুঝতে পারছেন রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার জন্যই তাদের কারাগারের মধ্যে আটক রাখা হয়েছে এবং তাদের উপর নির্যাতন চালিয়ে যাওয়া হচ্ছে। আজকে সরকারী নীতি প্রভাবিত। যেসমস্ত জায়গায় ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এ ধরা হয়েছে সেখানে সিকিউরিটি অ্যাক্ট-এ ধরা হয়েছে তারা সেখানে বেল পাচ্ছে না। বেলের জন্য বিচারকের কাছে দাবী করা হয়েছে। কোর্ট থেকে যাতে জামীন কোনদিন না পাওয়া যায় তার জন্য মিথ্যা অভিযোগ আনার অপচেষ্টা করা হচ্ছে। আজকের আলোচনায় ইতিপূর্বে মাননীয় পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় দেখিয়েছেন যে কেমনভাবে একটা সেসান জজ বিচারক পর্যন্ত বেল রিজেক্ট করতে গিয়ে এমন কোন কোন কথা বলছেন যার অস্তিত্ব নাই। এইরকম ঘটনা ঘটছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেই জিনিসকে অ্যাডমিনিস্ট্রেশন-এর কাছে তুলে ধরতে চাই এবং বলতে চাই এই কথা যে, এমারজেন্সীর সুযোগ নিয়ে যেভাবে বন্দীদের কারাগারে রেখে যেভাবে নির্যাতন করছেন, বাংলাদেশের মানুষ তা কখনো সহ্য করবে না।

বাংলাদেশের মানুষ জানে, এবং তারা বুঝতে আরম্ভ করেছে যে এমারজেন্সীর আপনারা সুযোগ নিয়েছেন, এবং এই সুযোগ নিয়ে, তাকে এমনভাবে ব্যবহার করছেন যাতে আপনাদের নিরঙ্কুশ ক্ষমতা, নিরঙ্কুশ ভাবে এখানে প্রতিষ্ঠিত থাকে। এই জন্য, কারণ আপনাদের সাহস নাই। যে নির্বাচন করতে যাচ্ছেন, সেই নির্বাচন পর্যন্ত এমন অবস্থা যে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস ও সিকিউরিটি অ্যাক্টে সজ্জিত হয়ে, রক্ষাকবচ নিয়ে, সমস্ত দিকে নিজেদের আষ্টেপিষ্ঠে বেঁধে নির্বাচনের প্রহসন আজকে জারী করেছেন। কিন্তু এখনও পর্যন্ত আপনাদের সাহস নেই যে সেই সাধারণভাবে যেটুকু আমরা মনে করি ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন, সেটুকু পর্যন্ত অনুষ্ঠিত হবার এইরকম সুযোগ আমাদের দিচ্ছেন না। কিন্তু এইভাবে আপনারা আর বেশী-দিন চলতে পারবেন না। কারণ, বাংলাদেশের মানুষ এইরকমভাবে আজকে বন্দীদের প্রতি ব্যবহার এবং এইরকমভাবে বিনা বিচারে মানুষকে আটকে রাখবার অধিকার আপনাদের চিরদিন দেবে না। বাংলাদেশের যুব সম্প্রদায়, বাংলার যে ঐতিহ্য আছে, সেই ঐতিহ্য নিয়ে বাংলাদেশের মানুষ তাদেরকে আপনাদের কাছ থেকে স্বাধীনভাবে মুক্ত করে নিয়ে আসবে। কারণ স্বাধীন বাংলাদেশ যে জয় ভরসা বন্দীরা এইখানেই অধিষ্ঠিত থাক, এখানেই প্রতিষ্ঠিত থাক তাদের এই দাবী, এই দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আবগারী খাতে প্রায় সাড়ে ছয় কোটি সাত কোটি টাকার বাজেট যে মন্ত্রী মহাশয় পেশ করলেন, সেইদিনের একটা পুরান কথা মনে পড়ে গেল। একদিন গ্রামে হাটে একজন, একটি লোক নাকি হাট করতে গেল। হাটে তার অভ্যাস ছিল যেকোন জিনিষ দেখে তার উপরেই ফাউ নেয়া। অবশ্য ফাউ নেওয়ার একটা রেওয়াজ আছে। কিন্তু ফাউ নিতে নিতে তার এমন অভ্যাস হয়ে গিয়েছিল যে সেটা নিয়ে মুস্কিলে পড়লো। সে একটা হাঁড়ি কিনলো এবং হাঁড়ি কেনবার পর বললো একটা হাঁড়ি ফাউ দাও। এই নিয়ে লেগে গেল ঝগড়া। সবাই বললে, হাঁড়ি আবার ফাউ কি? সে টপ করে সেখান থেকে একটা গাঁজার কলকে উঠিয়ে নিয়ে বললো 'এইটা আমি ফাউ নিয়ে চললাম।' বলেই সে চলে গেল। এই ফাউ নেওয়ার ছয় কোটি সাত কোটি টাকা, এটা ঠিক ফাউ-এর ব্যাপার, সে কথা আমি বলছি না। কিন্তু তার পরেই সেই ছোট গাঁজার কলকে তার পাড়ায় খুব কাজে লেগে গিয়েছে। এখন তাদের পাড়ার নাম হয়েছে গাঁজা পাড়া। এই তিন নম্বর গ্রান্টে স্টেট এক্সাইজ ডিউটি আড়াই লক্ষ টাকা ধরেছেন আপনারা, এটা এবং খুব যোগ্যতা সহকারে এই বিভাগ কাজ করে যাচ্ছে তার প্রমাণ ঐ গাঁজার পাকুটায় পাওয়া যাচ্ছে, এবং ঐ ছোট কলকেটা এখন অনেকের বাড়িতে অহরহ ব্যবহার হচ্ছে। আগে আমাদের গ্রামে সব পাড়ার নাম ছিল, যেমন বামুন পাড়া, ঠাকুর পাড়া মুখার্জি পাড়া বৈদ্য পাড়া। এখন সেইসব নাম চলে গিয়েছে। এখন হয়েছে মাতাল পাড়া, চশমখোর পাড়া, গাঁজাল পাড়া, বিড়েল পাড়া, এইরকম ভাবের সব নাম হয়েছে। এখন এর দুটো পাড়ার পাড়ায় মারামারি লেগে গিয়েছে। গাঁজাল পাড়ায় আর মাতাল পাড়ায় মারামারি লেগেছে তখন চশমখোর পাড়া এর মীমাংসা করে দিচ্ছে। মীমাংসা করে সে বলছে কি? তারা সেদিন ভাই আমরা সকলে মিলে যে একটা সর্বার্থসাধক সমিতি করলাম, মানে মাদক দ্রব্য ব্যবহার কর্তা সমিতি, ভোট তৈরী করলাম, তা এই সমিতির নিয়মকানুন, বিধি, উপবিধি কি সব ভুলে গেলে? যদিও এটা একটা গল্পের কথা বলা হল, কিন্তু আসল কথাটা হচ্ছে কি? গ্রামের যেকোন পাড়ায় যান, এমন কোন পাড়া পাবেন না যেখানে হয় একটা তাড়ির আড্ডা, নয় একটা গাঁজার আড্ডা, নয় একটা বিড়ির আড্ডা, নয় একটা গুলির আড্ডা, নয় আর কিছু একটার আড্ডা। এটা স্বভাবিক ব্যাপার, গ্রামে গ্রামে এইরকম একটা আড্ডা প্রত্যেক পাড়ায় পাড়ায় আপনারা দেখতে পাবেন। আমাদের ওখানে মাইল তিরিশেক দূরে একটা গাঁজা উৎপাদন ক্ষেত্র আছে, এবং সেটিকে সরকারীভাবে পরিচালনা করা হয়।

[3-35—3-45 p.m.]

অধিকাংশ গাঁজা মুর্শিদাবাদের সরকারী উৎপাদন কেন্দ্র থেকে সরবরাহ করা হবে। সে এক বিচিত্র কথা, আমাদের গ্রামের যিনি ভেন্ডার তিনি বলছেন—আমি এবার ছেড়ে দিচ্ছি এটা। কারণ হচ্ছে এই গাঁজা এবং মদের ভেন্ডারের কাজে কোন লাভ হচ্ছে না। আমরা যে গাঁজা রাখি সেটা

পুরান গাঁজা। এই যে উৎপাদন কেন্দ্র হয়েছে এখানে ঠিক হল এত মণ গাঁজা উৎপাদন হবে, তার পরে মাঝখানে পোকা লাগে, আবহাওয়ার গোলমালে এবার উৎপাদন খারাপ হবে বলা হল। তারপর উৎপাদন হলে তখন সামনে কিছু তুলে ধরা হল এবং বলা হল এই হচ্ছে উৎপাদন। কিন্তু উৎকৃষ্ট গাঁজা যেটা সেটা তলায় তলায় বেড়িয়ে যায়, গ্রামে যদি যান দেখবেন মা শীতলা গ্রামে গ্রামে ভিক্ষা করে বেড়াচ্ছেন। একটা বাঁধ আছে—থানা রাস্তার উপরেই কিন্তু তাতে কি হবে? ঝট করে যদি দু-তিনটে শীতলা ঠাকুর ধরেন তাহলে দেখবেন এত গাঁজার বাণ্ডিল। এরা সব গাঁজাল পাড়ার দিকে চলেছে। মা শীতলা গাঁজা লুকিয়ে নিয়ে বেড়াচ্ছেন। তাই ভেন্ডার বলছে—ভেন্ডারী রেখে করব কি? আমি তাই বলি এই যে বিভাগ, যার জন্য ২½ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, ভাবছি এর জন্য আর খানিকটা ব্যয়বরাদ্দ সমর্থন হয়ত করতাম, কিন্তু কিভাবে তা করব? এই সমস্ত দুর্নীতি কি সত্যিই দূর করা যায় না? গান্ধীজী এই যে মাদক বর্জন নীতি নিয়েছিলেন সেটা কি কার্যত করা সম্ভব নয়? এটা পুরান ইতিহাস যে বৃটিশ সাম্রাজ্যবাদ গুলি খাইয়ে দেশের লোককে ঘুমিয়ে রেখে চীনে তাদের সাম্রাজ্য কায়েম রেখেছিল। আজও কি স্বাধীন দেশের মানুষকে চৈতন্য হারিয়ে ওইভাবে চুপ করিয়ে রাখবার চক্রান্ত চলছে? গ্রামের লোকেরা এই নিয়ে আলোচনা করেন, তারা বলতে শুরু করেছে যে এর পিছনে সরকারী কোন ষড়যন্ত্র আছে কিনা। [নয়েজ অ্যান্ড ইনটারাপশান] আমি এর পর বলতে চাই যে, বর্ষাকালে গুয়ের থমথমে মাটির মত শ্রীনেপাল রায়ের ভনভনানি এবং উৎপাত অসহ্য হয়ে উঠেছে। স্পীকার মহোদয় কি কিছু এ বিষয়ে করতে পারেন না? ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট-এর যোগ্যতার সম্বন্ধে এবার কিছু বলব। মাননীয় মন্ত্রী খুব সুযোগ্য ব্যক্তি, শুনি তিনি খুব ভাল কর্মী। কিন্তু তার বিভাগের কাজকর্ম সম্বন্ধে একটা কথা না বলে পারছিনে—এজন্য পারছি না যে, আমার কাছে পর পর তিনখানা চিঠি এসেছে। আমার থানায় একটা জায়গাতে সেখানে ১৯৬২-৬৩ সালের বন্যায় জমি মাটি চাপা পড়ে গিয়েছে সেখানে এজন্য খাজনা নেওয়া হবে না এরকম কথাবার্তা দেওয়া হয়েছে সেখানে জরীপ করেছেন কতখানি জমি পলি চাপা পড়েছে যার জন্য খাজনা মকুব করা হবে কিনা দেখতে হবে, এত সরকারী কর্মচারী এর জন্য ছুটাছুটি করছে যে সেই টাকাটা খরচ করলে জায়গাটা উদ্ধার হয়ে যেত। কিন্তু এমন সর্বনাশের ব্যাপার এই চৈত্র মাসে সেই সমস্ত জমির খাজনার জন্য—যা এক বছর আগে ভূমিরাজস্ব মন্ত্রী একখানা চিঠি দিয়ে সার্টিফিকেট জারী বন্ধ করে দিয়েছিলেন—এবার আবার সেই জিনিস শুরু হয়েছে এবং পুলিশী ব্যবস্থার জন্য বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ১৯৬৩ সালে বন্যা হয়েছে, তারা সর্বসান্ত হয়েছে, সমস্ত জমিতে পলি পড়ে গেছে—অজয়ের বাঁধ ভেঙ্গে। কিন্তু ঋণপত্র দেওয়া হয়েছে, আবার ১৯৬৩ সালের বন্যার পর পলি চাপা পড়ল সেই সমস্ত ঋণ তাদের ঘাড়ে চেপে আছে। ফসল উৎপাদন কিছু হয় নি, উপরন্তু এই সার্টিফিকেট-এর জ্বালাতে তারা আরও অস্থির হয়ে পড়েছেন। তাই রাজস্বমন্ত্রীর কাছে আবেদন তিনি হস্তক্ষেপ করে যে সমস্ত সার্ভে এবং জরীপের কাজ হয়েছে তার তদন্ত করে সার্টিফিকেট জারী যাতে না করে তারা খাজনা থেকে রেহাই পায় এই ব্যবস্থা যদি করেন তাহলে সেখানকার লোক বিশেষ উপকৃত হবে। স্যার, পুলিশ খাতে দেখা যাচ্ছে বেশ কয়েক লক্ষ টাকা—৫৫ লক্ষ ৫ হাজার টাকার মত চাওয়া হয়েছে। পুলিশ বিভাগের যোগ্যতা বাড়ানের জন্য নাকি টাকা খরচ করতে হয়। এই যোগ্যতা বাড়ার একটা উদাহরণ দিই। এক মাস আগে ২০-৩-৬৩ তারিখে আমাদের ওখানে সন্ধে সাতটায় কয়েকটা তাজা হাত বোমা সহ কয়েকজন দুর্দান্ত প্রকৃতির লোক ধরা পড়ল—গ্রামের লোক ধরল, পুলিশ ডাকা হল, পুলিশ এসে অ্যারেস্ট করলেন, কিন্তু যারা ধরলেন তাদেরই দুজনকে সারারাত্রি আটকে রাখা হল এবং বে-আইনীভাবে কিছু অর্থ আদায় করা হল। গ্রামের লোক অবাক হয়ে গেল। তারা বলল—যাদের হাতে তাজা হাত বোমা পাওয়া গেল তাদের বিচার হোক, তা না হয়ে যারা ধরিয়ে দিলেন তাদের উপর পুলিশী জুলুম এটা একটা তাজ্জব ব্যাপার। রাম রাজত্বে কি হল! তাই তারা একটা ছড়া বেঁধেছেন—"কংগ্রেসী রাম রাজত্বের কথা অমৃত সমান, দেশবাসী শুনে হবে পুণ্যবান।"

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের প্রাইমারী এবং বেসিক এডুকেশন খাতে যে দুই লক্ষ ১০ হাজার টাকা ধরা হয়েছে আমি নীতিগতভাবে সেই গভর্নমেন্টের বিরোধীতা করছি। আপনি, স্যার, জানেন এবং মাননীয় শিক্ষা মন্ত্রী একথা স্বীকার করবেন যে আজকে পশ্চিম বাংলার

প্রাথমিক শিক্ষা অত্যন্ত অবহেলিত অবস্থায় আছে। আশা করেছিলাম স্বাধীনতা লাভের ১৬ বছর বাদে অন্ততঃ আমাদের দেশে প্রাথমিক শিক্ষা একটা স্ট্যান্ডার্ড পোজিশন-এ আসবে। আজকে ১৯৬৩ সালে দাঁড়িয়ে যখন প্রাথমিক শিক্ষার কথা বলছি তখন মনে পড়ছে প্রাথমিক শিক্ষার গোড়ার দিকের কথা অর্থাৎ ১৮১৩ থেকে ১৯০২ সাল পর্যন্ত যে যুগ। আমরা জানি এই যুগ হচ্ছে—

Stage of neglect in the field of Primary education

যখন ১৮১৩ সালে চাটার্ড অ্যাক্ট-এর মধ্য দিয়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানী প্রথম আমাদের দেশে প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য যে ব্যবস্থা হয়েছিল তখন ইস্ট ইন্ডিয়া কোম্পানী হায়ার এডুকেশন-এর ক্ষেত্রে ইংলিশ-এর উপর জোর দিয়েছিলেন, কিন্তু প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একেবারে দৃষ্টি দেন নি। অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে আজকে এখানে দাঁড়িয়ে বলতে হচ্ছে যে প্রাথমিক শিক্ষাকে সরকার অবহেলার চোখে দেখছেন।

[3-45—3-55 p.m.]

এর কারণ, যদি আমি মনে করি যে প্রাথমিক শিক্ষার স্তরেতে আমাদের দেশে এমন একটা জটিল অবস্থার সৃষ্টি করে রেখেছেন যে সেখানে আজকে নতুন করে চিন্তার প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এটা একটা মৌলিক সমস্যা এবং একটা নতুন সমস্যা এ সম্পর্কে আজ অত্যন্ত ভালভাবে চিন্তা করা প্রয়োজন। সেই সমস্যা হচ্ছে এই যে প্রাথমিক শিক্ষার স্তরেতে আমরা দেখছি যে নন-বেসিক এবং বেসিক এডুকেশন এই দুটো স্তরকে পাশাপাশি রেখে প্রাথমিক শিক্ষার স্তরে একটা জটিল অবস্থার সৃষ্টি করা হয়েছে। এবং আজকে আমি অত্যন্ত জোর করে বলতে পারি যে বর্তমান দেশের অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের দেশে বুনিয়াদী শিক্ষা অচল। আমাদের দেশে বুনিয়াদী শিক্ষার ব্যবস্থার ক্ষেত্র নেই। গান্ধীজী যখন চিন্তা করেছিলেন বুনিয়াদী শিক্ষার ব্যবস্থার কথা, তখন যে দৃষ্টিভঙ্গী থেকে তিনি সামাজিক অর্থ-নৈতিক ব্যবস্থা চিন্তা করেছিলেন, আজকে শিল্পের অগ্রগতির সঙ্গে সাথে সে পটভূমিকা বদলে গিয়েছে। কাজে কাজেই এই বেসিক এডুকেশান সম্পর্কে আজকে নতুনভাবে চিন্তা করার প্রয়োজন। কেন না আজকে আমরা দেখছি বাংলাদেশে শুধু নয়, আমাদের দেশের বিভিন্ন রাজ্যে দেখা যাচ্ছে যে বেসিক এডুকেশান সম্পর্কে সাধারণ মানুষের আগ্রহ কমে গিয়েছে। কেন না সাধারণ মানুষ এর থেকে কোন ইনসেন্টিভ পাচ্ছে না। সাধারণ মানুষ আজকে সরকারের পক্ষ থেকে যতই বলা হউক না কেন যে বেসিক এডুকেশান-এর মধ্যে দিয়ে আমরা ইউসফুল লেবার তৈরী করতে পারব। কিন্তু দেখা যাচ্ছে বেসিক এডুকেশানের মধ্যে দিয়ে যে জিনিসগুলি শিক্ষা দেওয়া হয় গার্ডেনিং স্পিনিং এগ্রিকালচার সেগুলি তারা ব্যক্তিগত জীবনের মধ্যে দিয়ে সে সম্বন্ধে অভিজ্ঞতা লাভ করতে পারে। কাজে কাজেই বেসিক এডুকেশানের নাম করে এর পিছনে প্রচুর অর্থ ব্যয় করা এবং এর মধ্যে শিশুমনকে ডাইভার্ট করার যে চেষ্টা, আমি মনে করি শিক্ষার সাধারণ মানের মধ্যে দিয়ে আমরা উন্নতি করতে পারছি না। সেজন্য আমি প্রথমে বলতে চাই যে বেসিক এডুকেশনে শিশুর যে মনস্তত্ব সেই মনস্তত্বকে অস্বীকার করা হয়েছে। শিশুর যে মনস্তত্ব সেই মনস্তত্বের প্রথম কথা হচ্ছে শিশু ছোটবেলাতে খেলতে চায় তার উপর জোর করে—তার যে স্বাভাবিক প্রবণতা তার উপর জোর করে বেসিক এডুকেশান যদি চাপান যায়, সেটা তার পক্ষে নিষ্ঠুরতার সামিল হয় বলে আমি মনে করি। আমি আপনার কাছে একটি উদ্ধৃতি দিচ্ছি যে পি এস নাইডু ওয়ার্ধা স্কীম নামক গ্রন্থে যা বিশ্বভারতী থেকে প্রকাশিত হয়েছিল সেটায় তিনি বলেছেন

it is fad in a sense that it has no sound phychological basis

তিনি আর এক জায়গায় বলেছেনঃ

"In the Wardah Scheme traning for teachers, child psychology is conspicuous by its absence. Play is the only means by which creative energy can be released. Enlightened and informed educational opinion all over the civilised world is decidedly against forcing the child to learn a craft before he is twelve plus".

অর্থাৎ ১২ বছরের আগে যদি জোর করে আমরা ক্রাফট শেখানোর চেষ্টা করি তাহলে সেটা শিশুর মনস্তত্ত্বের বিরুদ্ধে যায় বলে আমি মনে করি। বেসিক এডুকেশান সম্পর্কে আমার দ্বিতীয় বক্তব্য হল এই যে, বেসিক এডুকেশান ইজ এ ফ্যালাসি। বেসিক এডুকেশান ইজ এ ফ্যালাসি ইন দা সেনস, এতে ফান্ডামেন্টালকে অস্বীকার করা হয়েছে। বেসিক এডুকেশানের যারা প্রবর্তক বেসিক এডুকেশান সম্পর্কে যারা সব মানুষের কাছে বলতে চান, তারা এই কথা রাখেন যে এর মধ্যে দিয়ে চাইল্ডের পারসোনালিটিকে আমরা গ্রো করাব। কিন্তু আমরা পরিস্কারভাবে জানি যে এই গার্ডেনিং এবং এগ্রিকালচার এবং স্পিনিং-এর মধ্যে দিয়ে একটি ছোট শিশুর মধ্যে যে সুকুমার বৃত্তিগুলি লুকিয়ে আছে, সেই নিষ্পাপ মনের সুন্দর স্ফুরণ আমরা ঘটাতে পারি না। সেই সুন্দর বৃত্তির সুন্দর প্রস্ফুটন আমরা ঘটাতে পারি না। কাজে কাজেই এর মধ্যে দিয়ে ফান্ডামেন্টাল—আমাদের চিন্তা সেই চিন্তার মধ্যে বিপরীত হচ্ছে। বেসিক এডুকেশান সম্পর্কে তৃতীয় বক্তব্য, আমার যে বেসিক এডুকেশান ইজ এ ফার্স বেসিক এডুকেশান ইজ এ ফার্স ইন দা সেন্স এর মধ্যে দিয়ে আমরা [illegible] যে জিনিস [illegible] যে আজকে আমাদের দেশে দুটো পরিকল্পনা শেষ করে যেখানে আমরা তৃতীয় পরিকল্পনায় পা দিয়েছি, সেখানে আমরা চাই কি দেশকে শিল্পে সমৃদ্ধির দিকে গড়ে তুলতে চেষ্টা করছি, সেখানে আজকে সায়েন্স টেকনলজির দিকে না গিয়ে [illegible] সেই ফান্ডামেন্টাল প্রিন্সিপাল সেই প্রিন্সিপাল যে সম্পর্কে চিন্তা করার প্রয়োজন হচ্ছে। সেখানে বেসিক এডুকেশান যে ফ্রাস শুধু যে আমি বলছি তা নয়, বিশিষ্ট শিক্ষাবিদ [illegible] বসু মহাশয় বলেছেন

In a hurry to pay more attention to craft it has neglected the child.

চাইল্ডের মধ্যে সমস্ত [illegible] আছে, চাইল্ডের মধ্যে যে সমস্ত গঠনমূলক বৃত্তি আছে সেগুলিকে অস্বীকার করা হয়েছে। এডুকেশান [illegible] ১৯[illegible]-এ তার এপ্রিসিয়েশান [illegible]

with rapid industrialisation of India knowledge of Science and mathematics may become more desirable than skill in handicrafts.

আজকে চিন্তা করা প্রয়োজন যে বেসিক এডুকেশান সম্পর্কে আমরা নতুনভাবে চিন্তা করে শিক্ষার মানকে রিওরিয়েন্ট করাবো কিনা। শেষ কথা আমি বলতে চাই যে, বেসিক এডুকেশান ইজ এ ফ্রড- বেসিক এডুকেশান ইজ এ ফ্রড ইন দা সেন্স যে রাজ্যে আজকে শাসকগোষ্ঠী যারা ক্ষমতায় আসীন হয়ে আছেন তারা একটা চিন্তা গোড়াতে ধরে নিয়েছেন যে চিন্তা আজকের দিনে অচল। আজকে সামাজিক অর্থনৈতিক পটভূমিকার পরিপ্রেক্ষিতে, আজকে [illegible] পরিপ্রেক্ষিতে যদি নতুনভাবে শিক্ষা সম্পর্কে চিন্তা না করি শিক্ষার যে ফাউন্ডেশান সে সম্পর্কে যদি চিন্তা না করি, এবং জোর করে যদি আজকে বেসিক এডুকেশানকে প্রাথমিক শিক্ষার নাম করে ছোট ছোট ছেলেদের উপর এই শিক্ষা চাপাবার চেষ্টা করি, তাহলে এর মধ্যে ডিসটর্শান অফ দি পারসোনালিটি এর মধ্যে পাব। এর মধ্যে যে শিশুমনের উদ্ভব হবে। এর মধ্যে দিয়ে যে ফল আমরা পাব সে ফল হবে বিকৃতি। এবং বিকৃতির নামান্তর মৃত্যু। কাজে কাজেই সমস্ত জিনিসটা আমাদের চিন্তা করতে হবে, বেসিক এডুকেশান-এর নাম করে যে অর্থ ব্যয় করা হচ্ছে, বেসিক এডুকেশানের নাম করে আজকে যে শক্তি অপব্যয় করা হচ্ছে, বেসিক এডুকেশানের নাম করে আজকে যে শিশুমনকে অন্য পথে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে এর মধ্যে দিয়ে আমরা শিক্ষার ফাউন্ডেশান গড়ে তুলতে পারি না। এবং শিক্ষাক্ষেত্রের ফাউন্ডেশান-এর যদি এই গলদ থাকে, শিক্ষাক্ষেত্রের ফাউন্ডেশান যদি আমাদের একটা সুষ্ঠু চিন্তাধারা না থাকে যদি বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী না থাকে, তাহলে সমস্ত শিক্ষার যে কাঠামো সমস্ত শিক্ষার যে বুনিয়াদ তাতে ফাটল ধরবে। বেসিক এডুকেশানের ক্ষেত্রে আমরা দেখছি—এই বেসিক এডুকেশান একটা বিলাসিতায় পরিণত হয়েছে। এটা একটা এডুকেশান অফ লাকসারি ছাড়া আর কিছুই নয়। বেসিক এডুকেশানে যেসমস্ত ক্রাফট তৈরী করা হয় দেখা যায় ছেলেরা কিছু শিখুক না শিখুক যখন কেউ ইনস্পেকশান করতে যান কিম্বা যখন কোন ভিজিটারস স্কুলে যান, তখন সেই ক্রাফটগুলি আলমারি থেকে বের করে দেখান হয় যে এইসমস্ত ক্রাফটস্ তাদের শেখান হচ্ছে। এইসমস্ত জিনিসের মধ্যে দিয়ে তারা দেশকে গড়ে তুলতে চান। এইরকম একটা ভেগ জিনিসের মধ্যে দিয়ে আমরা সমস্ত প্রাইমারী এডুকেশানকে চালাবার চেষ্টা করছি এই সম্পর্কে ভালভাবে চিন্তা করার প্রয়োজন এসেছে। শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, শিক্ষার এই গলদ যদি তিনি দূর করতে না পারেন তাহলে সমস্ত শিক্ষা ব্যবস্থার মধ্যে একটা বিপর্যয় আসবে। সমস্ত শিক্ষার ব্যবস্থার মধ্যে আমরা

নতুন জেল, আমরা নিরূপণ করতে পারব না। নতুন মূল্যবোধকে আমরা প্রতিষ্ঠা করতে পারবো না। সেটাই আজকে সবচেয়ে বেশী প্রয়োজন এবং দরকার। সেই দিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[3-55—4-5 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি টাকা পয়সা হিসেব করে খরচ না হলে, বাংলাদেশে একটা প্রবাদ বাক্য চালু আছে যে, "লাগে টাকা দেবে গৌরী সেন", সেই জায়গায় আমাদের আজকে ঠিক করতে হবে যে গৌরী সেনই চালু থাকবে না, 'দেবে প্রফুল্ল সেন' করতে হবে, এটাই ঠিক করতে হবে। আমি সাপ্লিমেন্টারী বাজেট ঘাঁটতে ঘাঁটতে দেখছিলাম যে আমাদের ৫২টি গ্রান্ট আছে মোটামুটি বরাদ্দ হয় ২ কোটি টাকা—২৭টি গ্রান্টের উপরে বেহিসাবী খরচ বায় অপব্যয়ের হিসাব না থাকলে গৌরী সেনকে টাকা দিতে হবে। কাজেই এই ২৭টি গ্রান্ট ব্যয়-অপব্যয়-এর পর এই মেম্বারদের কাছে আসা হয়েছে স্যাংশান চাই, চেকটা সই করতে হবে সেক্রেটারী প্রফুল্ল সেনকে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যিনি, এই হাউসের অধিক সংখ্যক ভোটের জোরে আজ ৭ কোটি টাকা পাশ করিয়ে নেবেন। কিন্তু প্রশ্ন [illegible] এই পাপের ফাণ্ডে যারা পয়সা দেয় তাদের টাকার [illegible] অধিকার আছে এই অপব্যয় [illegible] বিষয় আলোচনা [illegible] বিধানসভায় সাপ্লিমেন্টারী [illegible] বরাদ্দ এসেছে। আমি সাপ্লিমেন্টারী বাজেটে [illegible] উপরে আমার আলোচনা সীমাবদ্ধ রাখতে চাই। [illegible] বহুদিন [illegible] আমরা দেখছি [illegible] আমার নিজের [illegible] অভিজ্ঞতা আছে এই যে জন-স্বাস্থ্য বিষয়ে টিউবওয়েল, পানীয় জল সম্পর্কে একটা কেলেঙ্কারীর ইতিহাস বাংলা সরকারের দপ্তরে [illegible]। আমি মন্ত্রী-উপমন্ত্রী [illegible] কাছে প্রত্যক্ষভাবে আলোচনা করেছি স্পষ্ট [illegible] এই [illegible] ভেদ করে কেউ দিতে পারেন নি। আমাদের ধারণা বাইরে থেকে আমি যতটুকু [illegible] করেছি [illegible] এই দপ্তরে অ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ার [illegible] আছেন কনট্রাক্টার যারা আছেন এবং মেকানিক যারা আছেন এবং রাইটার্স বিল্ডিং-এ [illegible] তাদের মধ্যে একটা যোগসাজস আছে, সেই সূত্রের চাবিকাঠি হচ্ছে কল্যাণীতে। এই সূত্রের টানাটানির মধ্যে দুটো দিক একটা কল্যাণীর দপ্তর, আর যারা টিউবওয়েল [illegible] কনট্রাক্টারগণ। ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে আমাদের মুর্শিদাবাদ জেলায় [illegible] লক্ষ লোকের বাস, এত বড় একটা জেলা সীমান্ত [illegible] এলাকায় ২ বছরের মধ্যে [illegible] ১টা টিউবওয়েল এই দপ্তর যোগানের সঙ্গে [illegible] পেরেছে। ১টা টিউবওয়েল [illegible] তার জন্য খরচ কি হল? এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সাব-ওভারসিয়ার, ওভারসিয়ার মেকানিকস্ থানায় থানায় আছে মেকানিক্যাল সার্ভিস গ্রুপ, তাদের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়র-এর বাড়ি, তার জীপগাড়ি, তার কেরানী, তার পিওন ইত্যাদি সব পুষতে কমপক্ষে ৪½ লক্ষ টাকা খরচ হয়েছে ২ বছরে। কোথায় গরীব লোককে পানীয় জলের উপকার [illegible] পুওর ফাণ্ড-এর টাকা [illegible]। [illegible] চৈত্র মাসে যখন [illegible] বলা হয় যে প্রচুর করা হচ্ছে অনেক টিউবওয়েল [illegible] পাওয়া যায় মাত্র ১টি। কাজেই আমি [illegible] গৌরী সেন [illegible] করুন যা ইচ্ছা তাই। আমি দাবী করব যে কল্যাণীতে [illegible] যদি মনের বল থাকে, যদি [illegible] অংশীদার আমরা না [illegible] থাকি, তাহলে যেখানে যেখানে ছিদ্র আছে সেই ছিদ্রের মধ্যে ঢুকে জঞ্জাল সাফ করুন এবং প্রত্যেক মন্ত্রী নিজ নিজ দপ্তরে কোথায় বটলনেক আছে কোথায় জঞ্জাল আছে, কোথায় [illegible] মলমূত্র পড়ে যাচ্ছে, দুর্গন্ধ বেরুচ্ছে সেখানে গিয়ে প্রত্যক্ষ দর্শন করুন তাহলে সেই দর্শনের ফলে নূতন জিনিস আবিস্কৃত হবে। আমি একটা দপ্তরের কথা বলছি, সেটা হচ্ছে ল্যান্ড রেভিনিউ। বহুকাল থেকে শুনে আসছি যে ল্যান্ডলেস পেজেন্টদের জমি দেওয়া হবে। আমার মুর্শিদাবাদ জেলায় খাসের জমি, ন্যস্ত জমি, জোতদাররা বেআইনীভাবে দখল করে আছে, তাকে উচ্ছেদ করতে গভর্নমেন্ট পারে না—সেই চাষী নিজেরাই তাকে উচ্ছেদ করেছে, ফসল আবাদ করে কেটে নিয়ে গেছে। কিন্তু খিড়কীর দরজা দিয়ে এই দপ্তরের কে এল আর-রা ঘুস খেয়ে যারা জমির মালিক তাদের জমি দেন, আর যে জমিহীন কৃষক, যাদের এক কাঠা জমি নেই, তারা সেই

জমি হস্তান্তর করে পায় নি। আমার সঙ্গে গেলে আমি চর মহুলা, চর সোনাদিয়ার, জলঙ্গী ইত্যাদি বিভিন্ন এলাকা দেখিয়ে দেব যে সেখানে জমি আছে কি নেই। ডি এম, এ ডি এম-কে বলেছি, তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি, তাদের বলেছি যে আপনারা ঘোষণা করুন জমি কোথায় কোথায় আছে, তা দপ্তরে দপ্তরে কাগজে টাঙিয়ে দেওয়া হবে। সেই জমি আমরা নেব, জরীপ করে নেব এবং তা নিয়ে সেই জমি আমরা দেবার বেলায় ক্ষেত-মজুরদের প্রায়রিটি দিয়ে দেব। আমার মনে হয় সরকারী দপ্তরের চিন্তাধারার মধ্যে একথা পরিষ্কার নেই মাথায় জট আছে, অর্থাৎ সেটা হচ্ছে জমি কাকে দেওয়া হবে এই নিয়ে দৃঢ় একটা প্রতিজ্ঞা বা একটা প্রিন্সিপল বা একটা নীতি আপনারা ঘোষণা করুন যে খালি জমির হকদার হবে ৩-৪-৫ জন যে জমিহীন কৃষক তাকে জমি দিতে হবে, প্রোভাইডেড সেই জমি চাষ হবে, আবাদ হবে, ফসল হবে। এই নীতি ঘোষণা না করলে ল্যান্ড রেভিনিউ দপ্তর যত টাকাই খরচ করুন এই দপ্তর অকেজো হয়ে যাবে, দিনের পর দিন কৃষক, ক্ষেত-মজুরদের বেকার করে দিয়ে শ্রমবাহিনী বাড়িয়ে তুলছেন। তৃতীয়তঃ আবগারী ব্যাপারে প্রতি মাসে আমি দেখছি ২-১টি পরিবার আমার কাছে আসেন—একই পরিবারের স্বামী-স্ত্রীকে ধরা হয়েছে আবগারী বিভাগ থেকে। ৫ বছর ধরে তাঁরা বেআইনী চোলাই কারবার করছেন। তাঁরা বলছেন যে আমাদের জেলে দেওয়া হোক, আমরা স্বামী-স্ত্রী এক সঙ্গে জেলে গেলে আমরা বেকার-জীবন থেকে মুক্তি পাই। সেই বেকার জীবনে শান্তি পাবার জন্য সেই চোলাই মদ তাঁরা করছেন এবং টাকা আনছেন।

তাঁরা বলছেন আমরা স্বামী-স্ত্রী এক সঙ্গে জেলে গেলে একটা বেকার জীবন থেকে মুক্তি পাই। সে আজ বেকার জীবনে শান্তির জন্য চোলাই মদের কারবার করে এবং তাতে সবকিছু চালাচ্ছে। সেই থিওরি আপনারা আজ দিয়েছেন, আর তা দিয়েছেন বলেই আমাদের বহরমপুরের হরেকৃষ্ণবাবু সোনার কারিগর ছিল সে আজ চোলাই মদের কারবার করে ঐ নেপালবাবুর ঠেলাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে চোলাই কারবার চালু করে দেওয়া হয়েছে। সরকারী মাদক বর্জন হবে কি হবে না, তা বোঝা যাচ্ছে না। এই বন্ধ ক্লীব নীতির ফলে আজ ঘরে ঘরে চোরাই কারবার চালু হয়েছে, এবং তাদের পালের গোদা হচ্ছেন নেপালবাবু বোধ হয়। তৃতীয়, আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে পুলিশ। আজ পুলিশের টাকা বরাদ্দের সীমা নেই। আমাদের জেলার বিষয় যা আমি কাটমোসানে দিয়েছি, সেখানে বড় বড় ঐতিহাসিক মন্দির ২০০/৩০০ বছরের মন্দির আছে। সেসব মন্দিরেরও বহু ঐতিহাসিক প্রসিদ্ধি আছে। এখন ঐসব মন্দিরের পুরান জিনিস সব চুরি হয়ে যায় সেসব চোরাই জিনিস কলকাতায় এসে বিক্রি হয়। একটা ইন্টার প্রভিন্স, বা ইন্টার স্টেট গ্যাঙ্গ আছে। আমার এ বক্তব্য আপনারা সকলে শুনুন এবং আমি নেপালবাবুকেও শুনতে অনুরোধ করছি, তিনি মন দিয়ে এসব কথা শুনুন। মাননীয় স্পীকার মহোদয়, আমাদের জেলার মন্দির থেকে বিভিন্ন অলঙ্কার, ফলক, মূল্যবান পাথর চুরি হয়ে গেছে। এ চুরির আবিষ্কার কে করছে বা এর কি হচ্ছে? এ সম্পর্কে মুর্শিদাবাদ জেলার পুলিশ একেবারে নিষ্ক্রিয়, ও এসব এখনও চলছে। এসব দিকে দিকপাত না করে আমরা দেখছি চারিধারে কেবল চিৎকার হচ্ছে যে, পুলিশ আমাদের শান্তির রক্ষক, পুলিশ আমাদের দেশরক্ষক, পুলিশ আমাদের সম্পত্তি রক্ষক। আর আমাদের সব কিছুর জন্য পুলিশ থাকা সত্ত্বেও, এগুলি চুরি হয়ে যাচ্ছে। আজ তাহলে এসবের জন্যে দায়ী করবো কাকে? আর একটা প্রশ্ন হচ্ছে এই পুলিশ সম্পর্কেই। মুর্শিদাবাদ জেলার পাক সীমান্তে এমন কোন দিন যায় নি যেদিন কোন না কোন দৈনিক বা লোকাল অথবা পাক্ষিক বা সাপ্তাহিক কাগজে এসব ঘটনা বার হয়। ভগবানগোলা, লালগোলা, জলঙ্গী, বা রঘুনাথগঞ্জ অথবা কাতলামারি ইত্যাদি যে-কোন এলাকায় যদি যাওয়া যায় তাহলে দৈনিক হাজার হাজার ঘটনার মধ্যে ২-১টা ঘটনাও যে তাতে বেরোয় তা দেখা যায়, এসব ঘটনাগুলি হচ্ছে নারী ধর্ষণ, না হয় হত্যা, না হয় স্মাগলিং, আর না হয় ওপার থেকে এপারে সাইকেল আসছে বা সোনা যাচ্ছে, সুপারি যাচ্ছে আসছে ইত্যাদি বিষয়। আজ বিভিন্ন রকম একটা স্মাগলিং-এর ব্যবসা আমাদের বর্ডার এলাকায় চলছে। এই পঙ্গু নীতির ফলে বর্ডার এলাকায় শতকরা ৮০ জন লোককে পলিউট করা হচ্ছে—নীতিহীন করে তোলা হচ্ছে এবং মেরুদণ্ডহীন করে ফেলা হচ্ছে।

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I do not propose to take much time of the House. I want to clear some misapprehensions which Mr. Nepal Roy's speech has raised with regard to Fire Services. As for

Demand for Grant No. 43

Major Head: "71—Miscellaneous—Expenditure on displaced persons"

Mr. Speaker: There is no cut motion under this Grant.

The motion of the Hon'ble Abha Maiti that a sum of Rs. 9,86,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Expenditure on displanced persons" during the current year was then put and agreed to.

Demand for Grant No. 45

Major Head: "78—Pre-partition Payments"

Mr. Speaker: There is no cut motion under this Grant.

The motion of the Hon'ble Saukardas Banerji that a sum of Rs. 3,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71—Pre-partition Payments" during the current year was then put and agreed to.

Demand for Grant No. 45A

Major Head: "78—Expenditure connected with the National Emergency, 1962."

Mr. Speaker: I put to vote all the cut motions in Grant No. 45A.

(Cut motions were then put and lost.)

The motion of Shri Bhakti Bhusan Mandal that the demand of Rs. 33,03,000 for expenditure under Grant No. 45A, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 33,03,000 for expenditure under Grant No. 45A, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 33,03,000 be granted for expenditure under Grant No. 45A, Major Head: "78A—Expenditure connected with the National Emergency, 1962" during the current year, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-41 p.m. till 12 noon on Wednesday, the 27th March, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 27th March, 1963, at 12 noon.

Present:

Mr Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 12 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of States, 7 Deputy Ministers and 167 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Buses plying on the Tamluk-Purusaghat Road

***138.** (Admitted question No. *871.) **Shri Ananga Mohan Das:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলাতে তমলুক-পুরুষাঘাট রাস্তাতে বাস চলাচল করে কি ;

(খ) বাস চলাচল করিলে, তাহার সংখ্যা কত ; এবং

(গ) উক্ত বাস-রুট কে মঞ্জুর করেন ?

The Hon'ble Sankardas Banerji:

(ক) হ্যাঁ।

(খ) একটা।

(গ) উক্ত বাস রুট মঞ্জুর করেন রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি, মেদিনীপুর।

Shri Ananga Mohan Das:

কোন রুটে একটামাত্র বাস চলা উচিত বা যথেষ্ট বলে মন্ত্রিমহাশয় মনে করেন কিনা ?

The Hon'ble Sankardas Banerji:

সেটা রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি বিচার করেন, আমার মনে করার উপর কিছু নির্ভর করে না।

Shri Ananga Mohan Das:

যে কোন রুটে যদি একটা গাড়ী চলে, তাহলে সেখানে যাত্রীসাধারণের যাতায়াতের নিশ্চয়তা থাকবে কি এবং এ বিষয়ে রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি কোন দরখাস্ত করেছে কি যে আর একটি বাস এই রাস্তায় মঞ্জুর করা হোক ?

The Hon'ble Sankardas Banerji:

আমি তো বললাম বাস মঞ্জুরী করা, রুট মঞ্জুরী করা—সমস্ত জিনিসটা রিজিওন্যালয় ট্রান্সপোর্ট অথরিটির উপর নির্ভর করছে। সরকারের কোন ডাইরেক্ট কন্ট্রোল নাই তার উপর, এই রেজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি হচ্ছে ফাইন্যাল অথরিটি অব দি সাবজেক্ট, তবে তাতে যদি কোন অসুবিধা হয়, তাহলে লোকে আপত্তি করতে পারে।

Shri Nepal Chandra Roy:

এই যে রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি-এর কথা বললেন তাঁরাই হচ্ছেন একমাত্র অধিকর্তা এই বাস পারমিট দেবার। আমি মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করছি তিনি কি মনে করেন যে আরো বাস সেখানে দেওয়া উচিত জনসাধারণের সুবিধার জন্য?

The Hon'ble Sankardas Banerji:

আমার মনে করার উপর কিছু নেই। রিজিওন্যাল ট্রান্সপোর্ট অথরিটি কি মনে করেন, তার উপরই সব কিছু নির্ভর করছে।

Truck licence

*139. (Admitted quuestion No. *889.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতায় মালবহনকারী ট্রাকের লাইসেন্স না পাইয়া বহরমপুরে উক্ত লাইসেন্স লওয়া হইতেছে; এবং

(খ) এ বিষয়ে লাইসেন্স দিবার পদ্ধতি কি?

The Hon'ble Sankardas Banerji:

(ক) সরকারের এই বিষয়ে কোন তথ্য জানা নাই।

(খ) ১৯৩৯ সালের মোটর যান আইনের ৪৫ ধারা অনুযায়ী মাল বহনকারী ভাড়া গাড়ীর অনুমতি পত্রের জন্য মালিক যে অঞ্চলে গাড়ীটি চালাইতে চাহেন, উক্ত অঞ্চলের আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের নিকট দরখাস্ত করিতে পারেন। দরখাস্তগুলি আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক মোটর যান আইনের ৫৫ ও ৫৭ ধারা অনুযায়ী বিবেচিত হইয়া থাকে।

Shri Sanat Kumar Raha:

ঐ ৫৫ ধারা ও ৫৭ ধারার আইনটায় কি জিনিসটা আছে, যার ফলে অনুমোদন দেওয়া যায় না?

The Hon'ble Sankardas Banerji:

আমি আগেই বললাম সেকসন ৫৫ এবং ৫৭ দেখবেন, তাতে কি আছে।

Shri Sanat Kumar Raha:

সেই ধারায় কি সর্ত আছে?

The Hon'ble Sankardas Banerji:

তাহলে বইখানা আনতে হবে, আপনি পড়ে দেখবেন। আমি তো সাফিসিয়েন্টলি পড়েছিলাম। একটা মানুষ যদি লরী চায়—ধরুন মুর্শিদাবাদে প্লাই করবে, সেখানে আমাদের ষ্ট্যাটুটে আছে যে অঞ্চলের আর-টি-এ-এর কাছে দরখাস্ত করতে হবে, সেই আর-টি-এ যদি মনে করেন দেওয়া উচিত, তাহলে দেবেন; আর যদি দেওয়া উচিত না মনে করেন—দেবেন না।

Shri Sanat Kumar Raha:

যে অঞ্চলে আর-টি-এ-এর কাছে দরখাস্ত করতে হবে, সেই অঞ্চলেই কি গাড়ী চালাতে হবে, এই রকম কোন নির্দিষ্ট সীমার নির্দেশ দেওয়া থাকে কি?

The Hon'ble Sankardas Banerji:

আপনারা সচরাচর দেখে থাকেন কলকাতার একটা লরি চলে, সেটা জলপাইগুড়ি পর্যন্ত যাচ্ছে। তবে আপনাকে আর-টি-এ-এর কাছে বলতে হবে, কোন জায়গায় আপনি প্লাই করতে চান।

Shri Sanat Kumar Raha:

আপনি কি এ সংবাদ জানেন যে, কলকাতার বহু লোক এই মাল বহনকারী ট্রাকের লাইসেন্স পান না? এবং এখানে টাকার পরিমাণ বেশী লাগে, কারণ ঘুষ দিয়ে লাইসেন্স আদায় করতে হয়, তাই তারা মফঃস্বলে গিয়ে লাইসেন্স করাচ্ছেন?

The Hon'ble Sankardas Banerji:

আমার এইসব তথ্য জানা নেই। যদি ঘুষ দেয়, জানা যায়, তাহলে তাদের প্রসিকিউট করা হয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

জরুরী অবস্থা ঘোষণার জন্য এই ট্রাকের পারমিট দেওয়া বন্ধ হয়ে গিয়েছিল কি?

The Hon'ble Sankardas Banerji:

না।

Transfer of lands by the intermediaries

***140.** (Admitted question No. *890.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

জমিদারী উচ্ছেদ আইন কার্যকরী হওয়ার পর কোন মধ্যস্বত্ত্বাধিকারী বা জমিদার সরকারকে ফাঁকি দিবার জন্য জমি গোপন করিয়াছেন বা অন্যায়ভাবে হস্তান্তর করিয়াছেন, এই বিষয়ে অনুসন্ধানের জন্য সরকার হইতে কোন ব্যবস্থা লওয়া হইয়াছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেটা কি ধরনের ব্যবস্থা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এস্টেটস এ্যাকুইজিশন অ্যাক্টএর ৫ক ধারায় সম্পূর্ণ বিবরণ দেওয়া আছে।

Shri Sanat Kumar Raha:

আমার বক্তব্য ছিল এই যে রাজ্যক্ষেত্রে কোন কমিটি তদন্ত করবার জন্য আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনার প্রশ্নের মধ্যে এই রকম কোন কথা ছিল না। আপনার প্রশ্ন ছিল এই বিষয় অনুসন্ধানের জন্য সরকার হইতে কোন ব্যবস্থা লওয়া হইয়াছে কিনা? আমার উত্তর হচ্ছে সংশ্লিষ্ট যে আইন, এস্টেটস এ্যাকুইজিশন অ্যাক্ট, সেই আইনের ৫ক ধারায় সমস্ত বিষয় বিশদভাবে বলা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

আমার প্রশ্নের মূল বিষয় হচ্ছে যে জমি ফাঁকি দিয়ে বে-আইনী হস্তান্তর যারা করেছে, সেটা রোধ করবার জন্য ৫ক ধারা আইন আছে জানি। তা ছাড়া অন্য কোন রকম ব্যবস্থা আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

৫ক ধারা ছাড়া আর অন্য কোন বিধান নেই, সত্য। তবে তাঁর অবগতির জন্য এইটুকু জানাতে পারি যে এ পর্যন্ত ১ লক্ষ ৭৮ হাজার একর জমি হস্তান্তরের কেস এই ধারা মতে অনুসন্ধান করা হয়েছে, এবং ৫ হাজার ৯৫০টির ক্ষেত্রে জমি হস্তান্তর বে-আইনী সাব্যস্ত করা হয়েছে এবং মোট ৪৯ হাজার একর জমি এই ধারা মতে অনুসন্ধানের পর সরকারে বর্তেছে।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার দুই জন উপমন্ত্রী সেখানে বহু জমি বে-আইনী হস্তান্তর করে রেখেছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এ কথা আমি জানি না।

Shri Nani Bhattacharjee:

এই যে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ৫ হাজার ৫৯৩টির ক্ষেত্রে জমি বে-আইনী হস্তান্তর হয়েছে, তার মধ্যে যাঁরা বে-আইনীভাবে জমি রেখেছেন, তাঁদের সম্বন্ধে কি এই গভর্নমেন্টের পক্ষ থেকে কোন স্টেপ নেওয়া হয়েছে, বা কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

৫ক ধারায় আছে যে ট্রান্সফার দুই রকমের হতে পারে—একটা বোনাফাইড ট্রান্সফার, আর একটা ম্যালাফাইড ট্রান্সফার। যদি ম্যালাফাইড ট্রান্সফার হয় তাহলে সেই ট্রান্সফারকে বাতিল করে দেওয়া হয় এবং জমি ট্রান্সফারের খাস দখলে না থাকায় সরকারে বর্তায়; আর যদি বোনাফাইড ট্রান্সফার হয়, তা হলে জমি ট্রান্সফেরী রাখতে পারেন। কিন্তু ট্রান্সফেরার কতটা জমি রাখতে পারবেন তা ঠিক করবার সময় ট্রান্সফায়েড জমি ও হিসাবে ধরে যদি মোট জমি সিলিং এর বেশী হয় তবে সেই অতিরিক্ত জমি নিয়ে নেওয়া হয়। তবে যে বিধান আছে, সেই বিধান অনুযায়ী যেখানে যেখানে ক্ষমতা প্রয়োগের প্রয়োজন হয়েছে, সেখানে তাই করা হয়েছে।

Shri Nani Bhattacharjee:

ঐ মালাফাইড ট্রান্সফার-এর ক্ষেত্রে, সেখানে মালাফাইড ট্রান্সফার যাঁরা করেছে তাঁদের কোন শাস্তি দেওয়া হয়েছে কি? এবং আর একটা প্রশ্ন এর সংগে সংগে আসছে এই যে ম্যালাফাইড ট্রান্সফার যাঁরা করেছেন, সেখানে সেই পরিমাণ জমি কি মালিকের কাছ থেকে নিয়ে নেওয়া হয়েছে এবং অলরেডি পজেশন নেওয়া হয়েছ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

৫ক ধারা মতে যতগুলি ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন, তা করা হয়েছে। তার অতিরিক্ত শাস্তি বিধানের ব্যবস্থা নেই।

শ্রীননী ভট্টাচার্য:

এই জলপাইগুড়ি জেলায় আমাদের হিসাবমত বহু বেনামী জমি এই রকম আছে। জলপাইগুড়িতে এইরকম যারা ম্যালাফাইড ট্রান্সফার করেছে তাদের যে জমি সেই জমির যে মালিক তাদের কাছ থেকে কেড়ে নিয়েছেন এইগুলির সংখ্যা কত?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

মাননীয় সদস্য আমাকে যদি নোটিশ দেন তাহলে জলপাইগুড়ি জেলায় কতগুলি ম্যালাফাইড ট্রান্সফার কেস হয়েছে তার উত্তর দিতে পারি। এবং মাননীয় সদস্য যদি আমাকে এমন কোন খবর দেন তাহলে আমি অনুসন্ধান করতে পারি।

ডাঃ গোলাম ইয়াজদানী:

এখানে বলেছেন ২ লক্ষের উপর কেস হয়েছে তার মধ্যে ৫ হাজার মীমাংসা হয় নি। এই কেসগুলি কতদিন থেকে রয়েছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

অধিকাংশ কেসগুলি মীমাংসা হয়ে গিয়েছে। এখানে ১ লক্ষ ৭৮ হাজার কেস হয়েছিল তার মধ্যে ১ লক্ষ ৭৩ হাজার কেসের চূড়ান্ত নিষ্পত্তি হয়ে গিয়েছে। সামান্য বাকী আছে সেগুলি বোধ হয় ইতিমধ্যে হয়ে এলো।

শ্রীঅনাদি দাস:

...রা এই রকম ট্রান্সফার করেছে তাদের এই ট্রান্সফার বাতিল করবার ব্যবস্থা আছে কিন্তু তাদের শাস্তি দেবার ব্যবস্থা নেই। এই রকম ব্যবস্থা করবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আমাদের ৫ক ছাড়া আর অতিরিক্ত কোন ক্ষমতা নেই।

শ্রীঅনাদি দাস:

এই রকম কোন ব্যবস্থা আপনারা করবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

তা সমগ্র আইন সভার উপর নির্ভর করে।

শ্রীসনৎ কুমার রাহা:

৫ক ধারা অনুযায়ী যে জমি ম্যালাফাইড ট্রান্সফার বলে প্রতিপন্ন হল এবং যে জমিগুলি অন্যায়ভাবে হস্তান্তরিত করে মালিক দখলে রেখেছে সেই দখল থেকে মুক্তি পাবার জন্য যদি স্থানীয় লোকেরা জোর করে সেই জমির মধ্যে ঢোকে তাহলে সরকার তাদের সাহায্য করবেন কিনা?

মিঃ স্পীকার:

This question need not be answered.

শ্রীসনৎ কুমার রাহা:

গরীব এবং ক্ষেতমজুর ভূমিহীন কৃষকদের স্বার্থে কোথায় কত ম্যালাফাইড কেস সরকার দখল নিয়েছেন সেকথা কি সরকার জানাবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:

আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

শ্রীসনৎ কুমার রাহা:

আমার বক্তব্য হচ্ছে বাংলাদেশে বহু জমি ম্যালাফাইড ট্রান্সফার হয়েছে যা সরকার দখল নিতে পারেন নি, কৃষক ভোগ করতে পারছে না, গরীব কৃষকের স্বার্থে কোথায় কোন কোন জমি ম্যালাফাইড ট্রান্সফার হয়েছে সেগুলি জানতে পারলে কৃষকরা সেই জমি পাবার জন্য দরখাস্ত করতে পারে। এখানে কৃষকদের স্বার্থে সরকার কি তা ঘোষণা করবেন কোথায় কোথায় এই জমি আছে?

মিঃ স্পীকার:

Mr. Raha, for that you should give a fresh notice because you are asking for some particulars.

Shri Sailendra Nath Adhikary:

আমি জিজ্ঞাসা করছি এই যে জমি ম্যালাফাইড ট্রান্সফার হয়েছিল, হওয়ার পর ডিটেকটেড হয়েছিল—ডিটেকটেড হওয়ার পর নিশ্চয়ই সরকারের হেপাজতে এসেছে। কিন্তু ইনটারিম পিরিয়ড-এ এই লোকগুলি ম্যালাফাইড ট্রান্সফার-এর পরে সত্বভোগ করেছিল। তাদের পরে ক্ষতিপূরণের জন্য কোন মামলা রুজু করার পরিকল্পনা সরকার করেছেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আইন মতে যা যা করা দরকার তা সব করা হয়েছে।

Shri Kamal Kanti Guha:

যে সমস্ত জমিদার বা জোতদার জমি হস্তান্তর করার পরে কাগজে কলমে হস্তান্তর করেছেন কিন্তু সেই জমি নিজেরা ভোগ করছেন এগুলি তাদের কাছ থেকে আদায় করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা হচ্ছে বেনামী

transfer—benami transfer is no transfer.

Shri Bhakti Bhusan Mondal:

আনরেজিস্টার্ড ডকুমেন্ট দ্বারা কত ট্রান্সফার হয়েছে বলতে পারেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার কাছে সেরকম হিসাব এখন নেই। যেগুলি বেনামী হস্তান্তর হয়েছে সেগুলি ধরতে চাইছি। কতগুলি আনরেজিস্টার্ড ডকুমেন্ট দ্বারা হয়েছে, কতগুলি আমলনামা দিয়ে হয়েছে।

Shri Sudhir Das:

আমার প্রশ্নটা হচ্ছে ৫ক ধারায় যে বেনামী ধরা গেল না তখন হস্তান্তরের নোতুন আইন করার কথা ভেবেছেন কিনা বা কোন নোতুন নীতি গ্রহণ করতে যাচ্ছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা আপাততঃ কোন নোতুন আইন করবার কথা ভাবছি না।

Shri Bhakti Bhusan Mondal:

লার্জ প্রডিউসার-এর যে লাইসেন্স ছিল সেই লাইসেন্স-এ যে সমস্ত লোকের জমি বেশী আছে, তাদের জমি সম্বন্ধে এনকোয়ারী করা হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি তা বলতে পারছি না। তবে যাদের কাছে বেশী জমি ছিল বলে খোঁজ পাওয়া গিয়েছিল বা তালিকার মধ্যে পাওয়া গিয়েছিল সেখানে ব্যবস্থা গ্রহণ করেছি। কেউ এরকম জানালে অনুসন্ধান করব।

Shri Sailendra Nath Adhikary:

এস্টেট এ্যাকুইজিশন অ্যাক্ট চালু হবার পর জমিদার ইন্টারমিডিয়ারী যারা তারা যে ফর্ম-এ এই জমির হিসাব দাখিল করেছিল সেটা দেখে যদি বি-ফর্ম-এ............।

Mr. Speaker: Mr. Adhikary you should give separate notice for that.

The Hon'ble Syamadas Bhattacharyya:

আপনার প্রশ্নটা একটা সাজেশন-এর মত মনে হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

আমার সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন হচ্ছে, ম্যালাফাইড হস্তান্তরের যে জমি সরকারের দখলে এসেছে আপনি বলেছেন অনেক জমি এসেছে ৫(ক) ধারায় ব্যবস্থা করছেন, সেই যে জমি পরে সেটা কৃষকের স্বার্থে ব্যবস্থা করছেন কিনা?

Mr. Speaker:

মিঃ রাহা, এ প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। তবে অনারেবল মিনিস্টার যদি রিপ্লাই দিতে চান দিতে পারেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি এখনি পারছি না। কোন জায়গায় কত জমি পেয়েছি। ম্যালাফাইড হস্তান্তর কত এ বিষয়ে নোটিশ দিলে আমি অনুসন্ধান করব।

Shri Sanat Kumar Raha:

আপনি জানাতে রাজী আছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

নোটিশ দিলে জানাতে পারি।

[12-20—12-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা কত জমি কোথায় কোন জায়গায় পেয়েছি অবশ্য ঘোষণা করতে পারি, কিন্তু তার খতিয়ান ও হিসাব তৈরী করা বিলম্বের ব্যাপার, অনেক সময় সাপেক্ষ।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন ট্রান্সফার ম্যালাফাইড না বোনাফাইডি এটা তদন্ত করার ভার কার উপর দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখানে আছে

an officer appointed by the Government.

সাধারণতঃ আমরা রেভিনিউ অফিসারকে দিয়ে থাকি।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি রেভিনিউ অফিসার-এর সিদ্ধান্তে যদি কোন পক্ষের আপত্তি থাকে তাহলে সেই আপত্তি জানাবার উপায় কি এবং কতগুলি ক্ষেত্রে আপত্তি এসেছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বহু ক্ষেত্রেই এসেছে আমরা প্রত্যেকটা জায়গায় অনুসন্ধান করে তবে সিদ্ধান্ত গ্রহণ করেছি।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এখনো যেসব বেনামী হস্তান্তরীত জমি রয়েছে সেগুলি অনুসন্ধান করে বের করার জন্য কি আঞ্চলিক কমিটি করবেন এবং এস-ডি-ও-কে তার চেয়ারম্যান করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এরকম পরিকল্পনা নাই। মাননীয় সদস্য যদি বেনামী হস্তান্তরিত জমির খবর জানেন আমাদের জানাবেন, আমরা তার ব্যবস্থা করব।

Nandakumar Dighi

***141.** (Admitted question No. *894.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর মহকুমার অন্তর্গত মাঝিড়া গ্রামের নন্দকুমার দিঘী বলিয়া পরিচিত জমি সরকারে ন্যস্ত হইয়াছে কি;

(খ) ন্যস্ত হইলে, উক্ত জমি ইতোমধ্যে বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) বন্দোবস্ত দেওয়া হইলে, কাহাকে উক্ত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) মাঝিরা নামে কোন গ্রাম নাই, তবে মাদিরা নামে একটি গ্রাম আছে, কিন্তু সেখানে নন্দকুমার দিঘি বলে কোন দিঘি নাই।

(খ) এবং(গ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

মাঝিরা আমি লিখেছি, আমার ভুল হয়েছে। যাই হোক, মাদিরা মৌজায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ কত?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন একটা বিশেষ গ্রামে নন্দকুমার দিঘি নামে কোন দিঘি সরকারে ন্যস্ত হয়েছে কিনা—এমন কোন গ্রাম বা দিঘি আমরা পাই নি।

Shri Sanat Kumar Raha:

আমি নিজে সেই গ্রামে গিয়ে দেখে এসেছি বলেই এই প্রশ্নটা করেছিলাম—যাই হোক, আমি জানতে চাই, সরকারের কাছে রিপোর্ট এসেছে কিনা, মাদিরা মৌজার মধ্যে সরকারে ন্যস্ত জমি আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই সংবাদ আমার কাছে এখন নাই মাননীয় সদস্য যদি জানতে চান আমি অনুসন্ধান করে দেখব।

Shri Jamini Bhusan Saha:

এটা জানেন কিনা যে, নন্দকুমার দিঘি বলে এই যে জমি—

(No reply.)

Crew training

*142. (Admitted question No. *905.) **Shri Anadi Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মাস্টার ও ড্রাইভার সহ সকল প্রকার ক্রুর ট্রেনিং-এর কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে, প্রতি বৎসর কতজন ক্রু, মাস্টার ও ড্রাইভার ট্রেনিং পাইয়া থাকেন; এবং

(গ) সরকার এই খাতে বাৎসরিক কত অর্থ ব্যয় করিয়া থাকেন?

The Hon'ble Sankardas Banerji:

(ক) পশ্চিমবঙ্গে মাস্টার ও ড্রাইভার ট্রেনিং-এর কোন ব্যবস্থা নাই। তবে নিম্নশ্রেণীর পর্যায়ে যথা—লস্কর, সিন্ডেল প্রভৃতি ক্রু ট্রেনিং-এর ব্যবস্থা আছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বর্তমান ট্রেনিং ব্যবস্থার জন্য পশ্চিমবঙ্গ সরকার গড়ে প্রতি বছর অনধিক ১ লক্ষ ১৫ হাজার টাকা ব্যয় করেন।

Shri Anadi Das:

মাস্টার, ড্রাইভার ট্রেনিং-এর ব্যবস্থা নাই, কিন্তু এটা প্রয়োজন মনে করেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:

সরকার বিবেচনা করে দেখবেন ব্যবস্থা করতে পারেন কিনা।

Shrimati Santi Das:

কল্যাণীতে যে মোটর ড্রাইভিং ট্রেনিং সেন্টার খোলা হয়েছে তার সংগে রাজ্য-সরকারের কোন যোগাযোগ আছে কি?

The Hon'ble Sankardas Banerji:

এর থেকে এই প্রশ্ন উঠে না, এটা হচ্ছে জাহাজীদের ট্রেনিং-এর কথা, কল্যাণীতে হচ্ছে মোটর ড্রাইভিং ট্রেনিং।

Shrimati Biva Mitra:

সাপ্লিমেন্টারী কোশ্চেন, স্যার, এই যে ট্রেনিং দেওয়া হচ্ছে, যারা ট্রেইনি তাদের কোন স্টাইপেন্ড আছে কি?

The Hon'ble Sankardas Banerji:

আমি জানি না।

Shri Nepal Chandra Roy:

মন্ত্রিমহাশয় জানেন কি, যারা পশ্চিমবাংলার ওয়াটার ট্রান্সপোর্ট [illegible] তারা [illegible] ভাগই পাকিস্তানী সিটিজেন?

The Hon'ble Sankardas Banerji:

আমি জানি না, কবে হতে।

Shri Nepal Chandra Roy:

মন্ত্রিমহাশয় [illegible] জানাবেন কি ভারতীয় লস্কর যারা [illegible] কাজ [illegible]

The Hon'ble Sankardas Banerji:

আজকে [illegible] বলতে পারব না।

Shri Nepal Chandra Roy:

[illegible] বিশেষ করে আজ যখন যুদ্ধের অবস্থা [illegible] সেই সময় [illegible] ওয়াটার [illegible] ভারতীয়দের হাতে থাকা উচিত বলে [illegible] করেন [illegible]

The Hon'ble Sankardas Banerji:

[illegible] আজকে কিছু বলতে [illegible]

Shri Nepal Chandra Roy:

[illegible] বলতে পারেন কি কারণ আছে।

The Hon'ble Sankardas Banerji:

আমি [illegible] বলতে পারব না।

Shri Anadi Das:

[illegible] নিম্নশ্রেণীর [illegible] ক্রু ট্রেনিং [illegible]

The Hon'ble Sankardas Banerji:

আমি [illegible] বলতে পারব না। [illegible] যদি জানতে চান আপনি আমার সঙ্গে রাইটার্স বিল্ডিংস এ দেখা করবেন, আমি দেখে বলে দেব।

Shri Anadi Das:

এই যে ট্রেনিং ক্লাশ করা হয়েছে এই ক্লাশ-এ নিশ্চয়ই শিক্ষা দেবার ব্যবস্থা আছে - এটা রিলেটেড কোশ্চেন - আমি জানতে চাই, গত ৫ বৎসরে কত ক্রু ট্রেইন্ড হয়েছে।

The Hon'ble Sankardas Banerji:

আমি আজকে বলতে পারব না, নোটিশ চাই।

Shri Nepal Chandra Roy:

বর্ত্তমানে যে ট্রেনিং ব্যবস্থা আছে তা অতি সামান্য, আমি জানতে চাই, বৃহৎ পরিকল্পনা নিয়ে বেশি ছেলেকে ট্রেনিং দেবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Sankardas Banerji:

১ লক্ষ ১০ হাজার টাকা বছরে খরচ করি, আর পারব কিনা জানি না।

Shrimati Biva Mitra:

এই যে ক্রু নেওয়া হয়, তাদের রিক্রুটমেন্ট কিভাবে হয়? ,

The Hon'ble Sankardas Banerji:

এর থেকে এই প্রশ্ন উঠে না, এই তথ্য আজকে আমার কাছে নাই।

Shri Sailendra Nath Adhikary:

আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, মাস্টার ও ড্রাইভার ট্রেনিং দেবার জন্য আগামী বৎসরে একটা ট্রেনিং স্কুল গড়ে তোলবার জন্য কোন পরিকল্পনা করছেন কিনা এবং করা সঙ্গত মনে করেন কিনা?

The Hon'ble Sankardas Banerji:

আমার মনে হয় করা সঙ্গত।

[12-30—12-40 p.m.]

শ্রীঅনাদি দাস:

আমাদের পশ্চিম বাংলায় যে ওয়াটার ট্রান্সপোর্ট আছে তাতে কত ক্রু প্রয়োজন সে কথা কি মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি:

কত ক্রু সেটা বলতে পারব না, রিভার ট্রান্সপোর্ট হচ্ছে কোম্পানী, আমরা কিছু বাঙ্গালী ছেলেদের ট্রেনিং দিই যাতে এই সব কোম্পানীতে তারা চাকুরী পায়। আমি নিজে মনে করি যে আরও অধিকতর লস্কর ট্রেন্ড করা উচিত। কিন্তু কাজটা খুব সহজ নয়, কারণ এর জন্য জাহাজ দরকার, ট্রেনিং অফিসার দরকার এবং জাহাজ না থাকলে ট্রেন্ড করা যায় না—কিন্তু জাহাজ আমাদের হাতে নেই।

শ্রীঅনাদি দাস:

যে ট্রেনিং দেবার ব্যবস্থা হচ্ছে অথচ কত ক্রু চাই তার হিসাব পর্যন্ত আমাদের নেই—তাহলে আমরা কি করে ট্রেনিং দেবো—কাজেই তিনি গোপন করছেন বলে আমি মনে করি।

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি:

গোপন করার কিছু নেই—আমরা যত পারি তত দেবো।

শ্রীঅনাদি দাস:

এই যে ট্রেনিং সেন্টার থেকে বিভিন্ন ট্রেনিদের কোম্পানীতে পাঠানো হয় তার হিসাব আছে কিনা যে কোন কোম্পানীতে কত পাঠানো হয়েছে?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি:

আপনার এ প্রশ্নের উত্তর এখন দেওয়া যায় না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে ড্রাইভার এবং মাস্টার ট্রেনিং দেবার কোন বাধা আছে কি?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি:

বাধা নেই এবং কোন ব্যবস্থাও হয় নি।

শ্রীকানাইলাল দাস মহাশয়ঃ

মাননীয় [illegible] কি মনে করেন যে বর্তমান জাতীয় স্বার্থে এবং বাংলাদেশের অর্থনৈতিক স্বার্থে ড্রাইভার এবং মোটর ট্রেনিং দেওয়া খুব জরুরী?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জিঃ

এর জবাব আগে দেওয়া হয়েছে।

Issue of rectified spirit to bonded Pharmaceutical Manufactories

***143.** (Admitted question No. *962.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) if is it a fact that the Excise Commissioner and the Department concerned are refusing to issue rectified spirit to bonded pharmaceutical manufactories;

(b) if so—

(i) the reasons therefor;

(ii) whether the action of Excise Commissioner has resulted in the diversion of the medical preparation by the leading manufacturers to one of alcohol free patent drugs and medicines; and

(iii) whether this action of the Commission has affected the supply of spirituous drugs for defence, general and public health purposes?

The Hon'ble Jagannath Kolay: (a) It is not a fact that the Excise Commissioner and the Department concerned are refusing to issue rectified spirit to bonded pharmaceutical manufactories who have the appropriate licenses.

(b) (i), (ii) and (iii) The questions do not arise.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state if it is a fact that bonded manufactories of allopathic medicine in West Bengal were required to pay duties, excise supervision charges till the commencement of the coming into force of the Central Act, the Medicine Toilet Preparation Act of 1958?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

এষ্টাবলিসমেন্ট চার্জের বন্ডেড ম্যানুফ্যাকচারিজদের ধার্য করা আছে—এটা দিতে হয় এবং সেন্ট্রাল গভর্নমেন্ট এগ্রি করেছে এবং এতে সেন্ট্রাল গভর্নমেন্ট যা বলেছেন আমার মনে হয় যে আমরা সেটাই ধার্য করছি। এবং তাহা ন্যায় সংগত এবং আইন সংগত।

শ্রীকাশিকান্ত মৈত্রঃ

১৯৫৭ সালের ৩১এ মার্চ অবধি বাংলা দেশের এই সমস্ত বন্ডেড ম্যানুফ্যাকচারিজদের সুপারভিসন চার্জেস দিতে হোত এবং মেডিসিন টয়লেট প্রিপারেশন এ্যাক্ট যেটা সেন্ট্রাল এ্যাক্ট সেই এ্যাক্ট আসবার সঙ্গে সঙ্গে

Corresponding State laws and rules stand repeated automatically

এবং তার ফলে বাংলাদেশের অন্তত ১৯৫৭ সালের ৩১এ মার্চ পর থেকে আজ পর্যন্ত কোন বন্ডেড ফার্মাসিউটিক্যাল ম্যানুফ্যাকচারিজকে কোন রকম এক্সসাইজ ট্যাক্স, সুপারভিসন চার্জেস ইত্যাদি কোন কিছুই দেওয়া আদৌ সংগত নয় আইনত—এটা কি জানেন?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

আমার মনে হয় আইন সংগত এবং সবাই দিয়েছেন কেবল তিনজন দিচ্ছেন না।

শ্রীকাশিকান্ত মৈত্রঃ

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এটা সংগত কিন্তু আমি তাঁর জাজমেন্ট বলতে পারি যে ১লা ফেব্রুয়ারী অনারেবল মিঃ জাষ্টিস বিনায়ক ব্যানার্জি তিনি matter No. 12 of 1962 Bengal Immunity Co. Ltd. vs. Commissioner of Excise, West Bengal.

তাতে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট পার্টি এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের কাউন্সেল মিঃ মিঃ তাতে তাঁরা বলেছেন।

But the petitioner company cannot be made liable for the cost of supervisory excise tax if it does not take out of a licence in form 28B under the West Bengal Excise Act.

তা যদি হয় তাহলে আপনি কি করে বলছেন এই জাজমেন্টের পর যে এটা আইন সংগত? এবং এর সুপারভাইজারী কস্ট চার্জ করা ন্যায় সংগত?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

হাইকোর্টের জাজমেন্টের অর্ডার অনুযায়ী বেঙ্গল ইমিউনিটি কোম্পানী আমাদের সংগে দেখা করেছে এবং তারা সুপারভাইজারী কস্ট অলরেডি পে করে দিয়েছেন।

Shri Kashi Kanta Maitra: The question is, if after this judgment has been passed it is open under the law to the State Government to recover these costs from the bonded manufacturers?

তারা দিয়েছিল কিনা প্রশ্ন নয়—অনারেবল হাইকোর্ট বলছে সেটা নিতে পারেন না, কিন্তু তা সত্বেও আমাদের মন্ত্রীমহাশয় বলছেন ১৯৫৭ সালের পর থেকে ১৯৬১ সালে ১লা এপ্রিল পর্যন্ত এই সুপারভাইজারী কস্ট প্রত্যেকটি বন্ডেড ম্যানুফ্যাকচারিজদের কাছ থেকে আদায় করা হয়েছে কোন আইনের বলে করা হয়েছে?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

হাইকোর্ট যে জাজমেন্ট দিয়েছেন সেই জাজমেন্ট আমরা এখনও পাই নি—তবে এ সম্বন্ধে আমাদের এল আর-এর ওপিনিয়ন অনুযায়ী আমরা কাজ করছি—এ সম্বন্ধে আমরা আপত্তি করেছিলাম এবং আপিল হবে হাইকোর্টের জাজমেন্টে যা দিয়েছেন সেটা একটা টেকনিক্যাল পয়েন্ট কিন্তু ল পয়েন্টে কোন ডিসিসন এখনও হয় নি। এ সম্বন্ধে মাদ্রাজ হাইকোর্টে একটা কেস হয়েছিল এবং মাদ্রাজ হাইকোর্ট যে জাজমেন্ট দিয়েছেন তাতে আমাদের এল আর-কে তাঁরা সমর্থন করেছেন।

শ্রীকাশিকান্ত মৈত্রঃ

মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে এটা কি ধরে নিতে হবে যে কলকাতার হাইকোর্টের মহামান্য বিচারপতিরা যদি কোন একটা রায় দেন এবং সেখানে যদি স্টেট গভর্নমেন্ট পার্টি থাকে তাহলে স্টেট গভর্নমেন্ট মাদ্রাজ কিংবা হনলুলুতে কি রায় হয়েছে সেই অনুযায়ী চলবেন

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

হাইকোর্টের রায় আমরা অমান্য করবো না এটাই বলতে চাই।

শ্রীকাশিকান্ত মৈত্রঃ

তিনি একথা অস্বীকার করতে পারেন কিনা তাঁর যে মেমো আমি মেমোর কোটেশান দিচ্ছি—Memo. No. 338-Ex, dated 3rd April 1961.

এই মেমো দিয়ে তাঁরা জানিয়ে দিয়েছেন যে বাংলাদেশে ফার্মাসিউটিক্যাল ম্যানুফ্যাকচার্স এ্যাসোসিয়েশন—তাদের প্রতিনিধি দল তাঁর কাছে লেখালেখির ফলে ১লা এপ্রিল ১৯৬১ সাল

থেকে—এক্সাইজ মন্ত্রণালয়ভিত্তিক বাংলাদেশে কোনো বন্ডেড্ ম্যানুফ্যাকচারারকে দিতে হবে না—এটা তারা বলছেন ১লা এপ্রিল ১৯৬১ সাল থেকে, কিন্তু আমি জিজ্ঞাসা করছি এটা যদি তাঁদের নীতি হয় তাহলে ১৯৫৭ সালের ১লা এপ্রিল থেকে ১৯৬১ সালের ৩১এ মার্চ এই চার বছর এই আইনের বলে তারা আদায় করেছেন এবং যদি না করে থাকেন তাহলে এটা এখুনি কি ঘোষণা করবেন যে আমরা ডিমান্ড করবো না?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ

আমরা কিছু ঘোষণা করব না—আমাদের সব চার্জে ম্যানুফ্যাকচারাররা দিয়েছে এবং তারা কোন আপত্তি করে নি। আপনি একটু ভুল করছেন। সেন্ট্রাল এক্সাইজ অ্যাক্ট যখন হয়েছিল তখন এই প্রশ্ন উঠেছিল যে এখানে যে বন্ডেড্ ম্যানুফ্যাকচারার রয়েছে তারা সেন্ট্রাল অ্যাক্ট অনুযায়ী গাইডেড, কিন্তু আমরা বলেছিলাম যে, স্টেট এক্সসাইজ এ্যাক্ট অনুযায়ী গাইডেড হবে—এটা আমরা ইন্ডিয়া গভর্নমেন্টকে লিখেছিলাম—তারা আপত্তি করেছিলেন—কিন্তু ইন্ডিয়া গভর্নমেন্ট এখন স্বীকার করে নিয়েছেন যে এটা গাইডেড হবে স্টেট এক্সসাইজ এ্যাক্ট অনুযায়ী। তারপর আপনি যেটা বলছেন তাতে তাদের কিছু ক্ষতি হচ্ছে না। ডিউটি পে করবে। আগে ডিউটি পে করা যবে কিনা বা পরে ডিউটি পে করবে এটা নিয়ে প্রশ্ন উঠলেও তাদের কোন ক্ষতি হচ্ছে না এস্টাবলিসমেন্ট চার্জেস-এ।

Shri Kashi Kanta Maitra: Rectified spirit is an essential component of certain drugs and certain patients, and as a result of the coercive measures that have been adopted by Government it is apprehended that the manufacturers might well have the remedy of getting themselves assessed under the Central Excise which is relatively less than the Bengal rate, thereby affecting the existing leadership of the pharmaceutical industry in West Bengal. Is he aware of this?

The Hon'ble Jagannath Kolay:

আমি সবই জানি কিন্তু আপনাকে যিনি বলেছেন তিনি ভুল বলেছেন। আমরা কোন জায়গায় রেক্টিফায়েড স্পিরিট আটকাই নি—আমরা বলেছি যারা ডিউটি পে করে তাদের লাইসেন্স দিতে হবে যদি বন্ডেড ফ্যাক্টরির ডিউটি নট পেড করে যদি লাইসেন্স চান তাহলে লাইসেন্স নেবার যে নিয়ম আছে সেই অনুযায়ী চলতে হবে।

[12-40—12-50 p.m.]

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি আপনি একটু বিবেচনা করুন, একটা গুরুত্বপূর্ণ জিনিস বাংলাদেশের এই যে সব ম্যানুফ্যাকচারিং সেন্টারস রয়েছে, তাঁদের কাছে এরিয়ার এস্টাবলিসমেন্ট চার্জ যেটা পড়ে আছে, দু-একটা কোম্পানীর পক্ষে, তার পরিমাণ ১৫ হাজার থেকে বিশ হাজার টাকা দাঁড়িয়েছে। এগুলো যদি বাংলাদেশের এক্সাইজ আইনের আওতার মধ্যে না নিয়ে এসে মেডিসিন্যাল ও অন্যান্য টয়লেট প্রিপারেশনস সেন্ট্রাল এক্সসাইজ-এর আওতায় আসে এবং তারা রেকটিফায়েড স্পিরিট-এর পরিবর্তে অর্ডিনারী প্রিজারভেটিভস ইউজ করে তারা সেন্ট্রাল এক্সাইজের আওতায় চলে যায়, তাহলে বাংলাদেশে বছরে ১৫ থেকে ২০ লক্ষ টাকা লস্ করবেন। এটা আপনি ভেবে দেখবেন কি এই জাতীয় সঙ্কটের সময়ে?

The Hon'ble Jagannath Kolay:

যদি এক্সাইজ ডিউটি কম হয় রেকটিফায়েড স্পিরিট ইউজ করে, তবে ওষুধের দাম কমতে পারে এবং জনসাধারণ তাতে লাভবান হবে। এ বিষয়ে পরে বিবেচনা করবো, এখন কিছু করছি না।

Shri Kashi Kanta Maitra:

তাহলে আপনি হাউসের কাছে অন্ততঃ এইটুকু ঘোষণা করবেন কি যে বাংলাদেশে এই সমস্ত ম্যানুফ্যাকচারারদের কাউকে রেকটিফায়েড স্পিরিট-এর লাইসেন্স দেওয়া হবে না—unless they paid arrear establishment cost?

এই ডিক্লারেশন করবেন কি এরিয়ার এস্টাবলিশমেন্ট কস্ট দেওয়া হবে—এটা কন্ডিসন প্রিসিডেন্ট হিসাবে বিবেচনা করবেন না—
before grant of any licence for rectified spirit?
এই রকম একটা ঘোষণা হাউসে করবেন কি?

The Hon'ble Jagannath Kolay:

আজকে সেটা করতে পারব না। কেন না সবাই দিয়ে দিচ্ছে, মাত্র দু-তিন জনের জন্য এটা করতে পারবো না।

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, I am appealing to the Hon'ble Minister not to approach the matter in a partisan spirit and to make this a prestige issue because............

Mr. Speaker: Mr. Maitra, he has answered your question.

Shri Kashi Kanta Maitra: He is avoiding the issue. He is saying that because certain companies have agreed to make the payment, therefore Government won't consider the legal effect of the Hon'ble High Court's decision. That cannot be done. The Hon'ble Minister has got to see that the decision of the Hon'ble High Court is implemented—I have got a copy of it. In view of that he has got to make a declaration here that we are bound by this decision.

The Hon'ble Jagannath Kolay:

হাইকোর্টের কি ডিসিসান হয়েছে এখনো আমি কেন ইনটিমেশন পাই নি। অনেকে এস্টাবলিশমেন্ট চার্জেস দিয়ে দিয়েছে। একটা বিষয়ে আপীল হয়েছে। এই এস্টাবলিশমেন্ট চার্জ আমরা কতখানি বাদ দিতে পারি সেজন্য আমাদের বন্ডেড ম্যানুফ্যাকচারার যারা আছে, তাদের সংগে কথা হয়েছে; তাদের সংগে আমরা এক সংগে বসে বিষয়টা বিবেচনা করে দেখবো এ বিষয়ে কি করা যায়। কিন্তু হাইকোর্ট ডিসিসান যেটা হয়েছে, তা এখনো আমি পাই নি। আমি মনে করি বেংগল ইমিউনিটি এ সম্বন্ধে যে কথা উঠিয়েছেন—তাদের সংগে আমাদের কথা হয়েছে এবং তারা স্যাটিসফায়েড হয়ে পে করেছেন। আর আপনি যাদের কথা বলছেন, তারা দু-তিনজন বরাবর বলছেন দেবেন না, আপত্তি করছেন, কোনকালেও তাঁরা দেবেন না।

Pasture lands

***96.** (Admitted question No. *779.) **Shri Sailendra Nath Adhikary:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবংগে জমিদারী প্রথা উচ্ছেদের পর হইতে কত একর জমি গো-চর (গোচারণ ভূমি) হিসাবে সরকারের হাতে আসিয়াছে; এবং

(খ) সরকার গবাদি পশুর গোচারণের জন্য ঐসকল সরকারী খাস জমি ব্যবহার করিতে দিবার ব্যবস্থা করিতেছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) ৮,৭৯০ একর।

(খ) হ্যাঁ।

Shri Sailendra Nath Adhikary:

আপনি যে গোচারণের ৮,৭৯০ একর জমি পেয়েছেন বললেন, তাতে সেই জমি পাওয়ার পর থেকে সেগুলি কি ডিস্ট্রিবিউট করা হচ্ছে গোচারণের জন্য?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেগুলি গোচারণের জন্য রক্ষিত হবে।

Shri Sailendra Nath Adhikary:

রক্ষিত হবে, এখনো হয় নাই?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না।

Shri Sailendra Nath Adhikary:

নদীয়া, মুর্শিদাবাদ জেলায় এই গোচারণের জমি পড়ে থাকা সত্বেও সেটা ইউনিলাইজেশন করতে পারছেন না। স্থানীয় গোয়ালাদের সংগে কৃষকদের বরাবর দ্বন্দ্ব লেগেই আছে। তা মেটাবার জন্য এই গোচারণ ভূমি যাতে গোয়ালাদের গবাদি পশুর জন্য তাঁরা ব্যবহার করতে পারেন, তার আশু কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য বিশেষ জায়গায় বিশেষ প্রশ্ন করবেন। আমি ঐ প্রশ্নের উত্তর দেবার জন্য প্রস্তুত নাই। তবে এটুকু তাঁকে বলতে পারি—যেখানে যেখানে এই গোচারণ ভূমি পাওয়া গেছে, সেসব ভূমি গোচারণের জন্য রাখা উচিত এবং রাখবো।

Shri Sailendra Nath Adhikary:

ঐ গোচারণ জমিতে কারা চরছে এখন?

(No reply.)

Shri Nani Bhattacharjee:

এই যে গোচারণ গ্রেজিং এরিয়া, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই চরাই মহলের বা গ্রেজিং ব্লকে বহুদিন প্রায় ১০।১২ বছর ধরে বহু রিফিউজি জলপাইগুড়ি ও বিভিন্ন জেলা থেকে এসে বসে আছে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য কি গোচারণ ভূমি সম্পর্কে প্রশ্ন করছেন?

Shri Nani Bhattacharjee:

যেটা গোচারণ ভূমি জলপাইগুড়ি জেলায় আছে বা অন্যান্য জায়গায় চরাই মহল আছে, সেখানে বহু রিফিউজি ১০।১২ বছর ধরে বসে আছে, সেটা আপনি জানেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না। আমার জানা নেই।

Shri Nani Bhattacharjee:

এই রকম বহু চরাই মহল ডি-নোটিফাই করা হয়েছে, রিফিউজিদের পুনর্বাসনের জন্য, সেটা আপনি জানেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার জানা নেই।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ৮,৭৯০ একর জায়গা পেয়েছেন। কোন কোন জেলাতে কত পেয়েছেন তা জানাবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
আমি এখন তা বলতে পারছি না।

Shri Sailendra Nath Adhikary:
এই গোচারণ ভূমি কো-অপারেটিভের মাধ্যমে ইউটিলাইজ করার এবং সেখানে স্যাভয় গ্রাস লাগাবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
কি ভাবে কো-অপারেটিভ করতে হবে, আপনার প্রশ্নের মধ্যে সে রকম কোন ইংগিত পাই নি। তবে, মাননীয় সদস্য মহাশয়ের অবগতির জন্য বলতে পারি, এই গোচারণ ভূমিটা কেবল, গো-চারণের জন্যই রাখা উচিত বলে আমি মনে করি।

Shri Balai Lal Das Mahapatra:
গোচারণ ভূমিগুলির উন্নতির জন্য ভূমিরাজস্ব বিভাগ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya:
না।

(Unstarred questions to which written answers were laid on the table)

Repairs to the District Board Roads from Lodhaguli to Mahapal, Midnapore

435. (Admitted question No. 16.) **Shri Surendra Nath Mahata:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(ক) ঝাড়গ্রাম মহকুমার লোধাগুলি হইতে মহাপাল পর্যন্ত জেলাবোর্ডের রাস্তাটি মেরামতের অভাবে সরকারের পরিচালনাধীনে আনার জন্য স্থানীয় অধিবাসিগণ আবেদন করিয়াছেন কিনা এবং মহকুমাশাসকের প্রস্তাবটি অনুমোদন করিয়াছেন কিনা?

(খ) প্রস্তাবটি আসিয়া থাকিলে, ঐ বিষয়ে কতদূর কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান জরুরী পরিস্থিতিতে সরকারী তহবিলে অর্থাভাবের জন্য উক্ত রাস্তাটি মেরামতের জন্য তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বর্তমানে অন্তর্ভুক্ত করা সম্ভবপর নয়।

Deficit of food in West Bengal

436. (Admitted question No. 491.) **Shri Monoranjan Hazra:**
খাদ্যবিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রতি বৎসরে পশ্চিম বাংলায় যেখানে ৫৩ লক্ষ টন খাদ্যশস্য প্রয়োজন হয়, সেখানে এবারে খাদ্যশস্য মাত্র ৪৩ লক্ষ টন উৎপাদিত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বৎসর খাদ্যঘাটতি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) লোকসংখ্যা বৃদ্ধিহেতু খাদ্যশস্যের প্রয়োজনের পরিমাণ প্রতি বৎসর একরূপ থাকে না। বর্তমান বৎসর সকল প্রকার তণ্ডুল জাতীয় খাদ্যশস্যের আনুমানিক উৎপাদন কিঞ্চিদধিক সাড়ে চুয়াল্লিশ লক্ষ টন হইবে। সাধারণতঃ যে ক্ষরক্ষতি হয় ও বীজধান বাবত যাহা প্রয়োজন হয় তাহা বাদ দিয়া আনুমানিক 'নীট' ফলন কিঞ্চিদধিক চল্লিশ লক্ষ টন হইবে এবং উহা প্রয়োজনের তুলনায় অনেক কম।

(খ) রাজ্যের খাদ্য পরিস্থিতি কেন্দ্রীয় সরকারকে জ্ঞাত করান হইয়াছে এবং সেখান হইতে বরাবরের ন্যায় সাহায্য পাওয়া যাইবে। এতদ্ব্যতীত 'ইস্টার্ন রাইস জোন স্কীম'-এর মাধ্যমে ব্যবসায়ী মারফত উড়িষ্যা হইতে তথাকার বাড়তি ধান্য ও চাউল আমদানি ব্যবস্থাও চালু আছে। এবং উত্তরপ্রদেশ ও পাঞ্জাব হইতেও ব্যবসায়ী মারফত কিছু পরিমাণ আমদানির ব্যবস্থা করা হইয়াছে। এতদুপরি যদি কোন ঘাটতি অবশিষ্ট থাকে, তাহা গম দ্বারা পূরণ করা হইবে।

Primary Schools in Urban and Rural areas, West Bengal

437. (Admitted question No. 500.) **Shri Mrigendra Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total nuumber of primary schools in (i) urban and (ii) rural areas in each of the different districts of West Bengal; and

(b) the total number of villages and urban areas under free and compulsory primary education in each district?

The Minister for Education: (a) Statement 'A' is laid on the table.

(b) Statement 'B' is laid on the table.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 437

"A"

A statement of the number of Primary Schools in the different districts of West Bengal up to 1961-62

Serial No.	Districts.	Total No. of Primary Schools.	In municipal areas.	In rural areas.
1	Bankura	2,235	58	2,177
2	Birbhum	1,410	32	1,378
3	Burdwan	2,324	132	2,192
4	Calcutta	841	841	..
5	Cooch Behar	842	21	821
6	Darjeeling	484	93	391
7	Hooghly	1,929	262	1,667
8	Howrah	1,449	262	1,187
9	Jalpaiguri	1,029	39	990
10	Malda	1,088	86	1,002
11	Midnapore	5,476	156	5,320
12	Murshidabad	1,571	89	1,482
13	Nadia	1,595	172	1,423
14	Purulia	2,019	41	1,978
15	24-Parganas	4,959	700	4,257
16	West Dinajpur	1,337	31	1,306
		30,588		

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 437

"B"

A statement of the number of villages and urban areas under Compulsory Free Primary Education in the different districts of West Bengal.

Serial No.	District.	No. of villages brought under Free and Compulsory Primary Education till 1961-62.	Urban areas brought under Free and Compulsory Primary Education.
1	2	3	4
1	Bankura ..	1,160	(1) Scheme of free and compulsory primary education has been sanctioned for the Bolpur municipal area.
2	Birbhum ..	1,105	
3	Burdwan	1,748	(2) In Purulia municipality primary education is free and compulsory only for boys of age-group 6—10 years.
4	Calcutta	..	
5	Cooch Behar ..	..	(3) Calcutta Corporation introduced free and compulsory primary education in 5 constituencies, viz. (30, 31, 34 and 14, i.e., old ward No. 9).
6	Darjeeling ..	238	
7	Hooghly	1,141	(4) Orders are under issue sanctioning a scheme of free and compulsory primary education in Kharda municipality.
8	Howrah	990	
9	Jalpaiguri ..	546	
10	Malda	1,171	
11	Midnapore ..	1,440	
12	Murshidabad ..	833	
13	Nadia	451	
14	Purulia	..	
15	24-Parganas ..	2,609	
16	West Dinajpur ..	1,045	
	Total ..	14,477	

"Mahila Samity" in Beldanga Block No. II, Murshidabad

438. (Admitted question No. 572.) **Shri Debsaran Ghosh:**

সমাজ-উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাংগা ব্লক নং ২ (শক্তিপুর)-এ স্পেশাল স্কীমস্ ফর গার্লস্-এর অধীনে কতগুলি 'মহিলা সমিতি' গঠিত হইয়াছে ;

(খ) এই কাজ পরিচালনার জন্য কয়জন মহিলা কর্মচারী আছেন ; এবং

(গ) তাহাদের জন্য গত বছরে কত টাকা খরচ করা হইয়াছে?

The Minister for Community Development and Extension Service:

(ক) চারিটি মহিলা সমাজ শিক্ষাকেন্দ্র (বা মহিলা সমিতি) গঠিত হইয়াছে।

(খ) চারিজন (শিক্ষিকা)।

(গ) ১৯৬১ সালের ১লা এপ্রিল হইতে ১৯৬২ সালের ৩১এ মার্চ পর্যন্ত, ১,৪৮০ টাকা খরচ হইয়াছে।

Primary School Teachers

439. (Admitted question No. 611.) **Shri Jiban Krishna Dey:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the pay-scale of Primary School Teachers serving under the municipalities, is much below the pay-scale of Primary School Teachers serving in rural areas under the District School Boards; and

(b) if so, whether the Government consider the desirability of upgrading the pay-scale of Primary School Teachers serving under the municipalities?

The Minister for Education: (a) No. In fact the total emoluments of Primary School Teachers in municipal areas are generally higher.

(b) Does not arise.

Pisciculture in Murshidabad

440. (Admited question No. 627.) **Shri Abdul Bari Moktar:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(ক) পাইলট স্কীম ফর ডেভেলপমেন্ট অব "বিল" ফিসারিজ-এ মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও ডোমকল থানায় কোন কাজ আজ পর্যন্ত হইয়াছে কি ; এবং

(খ) কাজ হইয়া থাকিলে, উহা কি ধরনের ও কোন্ কোন্ জায়গার কাজ হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Grow More Food Scheme in Murshidabad

441. (Admitted question No. 632.) **Shri Abdul Bari Moktar:**

কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের জেলায় অধিক শস্য উৎপাদনের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ;

(খ) সার ও উন্নত শ্রেণীর বীজ সরবরাহ ছাড়া এই উৎপাদন বৃদ্ধির জন্য সরকারের আর কোন পরিকল্পনা আছে কি ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, সেগুলি কি কি ?

The Minister of State for Agriculture:

(ক) মুর্শিদাবাদ জেলায় খাদ্যোৎপাদনের সামগ্রিক পরিমাণ বৃদ্ধির জন্য রাজ্যসরকার নিম্ন বর্ণিত জরুরী পরিকল্পগুলি গ্রহণ করিয়াছেন:—

(১) উন্নত বীজ সরবরাহ।

(২) রাসায়নিক ও জৈব সার সরবরাহ।

(৩) কৃষি প্রদর্শনক্ষেত্র মারফত উন্নত চাষ পদ্ধতি সম্পর্কে প্রচার।

(৪) চাষের জন্য উন্নত ও আধুনিক যন্ত্রপাতি সরবরাহ।

(৫) শস্যরক্ষায় রোগ ও কীটশত্রুনাশকারী বিভিন্ন প্রকার রাসায়নিক ঔষধ ও প্রয়োগের জন্য বিবিধ যন্ত্রাদি সরবরাহ।

(৬) ছোট ও মাঝারি সেচ পরিকল্প এবং গভীর নলকূপের সহায়তায় সামগ্রিকভাবে সেচ ব্যবস্থার উন্নতিকরণ।

(৭) বিভিন্ন প্রকার কৃষি পরিকল্পের জন্য সরকারী ঋণ ও সাহায্য দান।

(খ) উপরি-উক্ত তিন নম্বর হইতে সাত নম্বর পর্যন্ত বর্ণিত পরিকল্পগুলি এই পর্যায়ে পড়িবে।

(গ) পূর্ব বর্ণনানুযায়ী।

Compensation to Zemindars at Bishnupur Subdivision, Bankura

442. (Admitted question No. 661.) **Shri Radhika Prosad Dhibar:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার অন্তর্গত বিষ্ণুপুর মহকুমার জমিদারী দখল আইন অনুসারে ক্ষতি-পূরণ পাইবার জন্য মধ্যস্বত্বাধিকারিগণের নিকট হইতে কমপেনসেশন অফিসে এ পর্যন্ত কতগুলি আবেদনপত্র আসিয়াছে।

(খ) উক্ত আবেদনকারীদের মধ্যে কতজনকে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে এবং কতজন এখনও ক্ষতিপূরণ পায় নাই ;

(গ) বিষ্ণুপুর মহকুমায় এ পর্যন্ত মধ্যস্বত্বাধিকারিগণের কতগুলি কমপেনসেশন রোল প্রস্তুত হইয়াছে এবং তাহার মধ্যে কতগুলির অ্যাসেসমেন্ট রোল-এর টাকা পেমেন্ট হইয়াছে ; এবং

(ঘ) কতদিনের মধ্যে বিষ্ণুপুর মহকুমার মধ্যস্বত্বাধিকারিগণ জমিদারী দখল আইন অনুসারে তাঁহাদের ক্ষতিপূরণের টাকা পাইবেন ?

The Minister for Land and Land Revenue:

(ক) বিষ্ণুপুর মহকুমা ক্ষতিপূরণ অফিসে ২৮-২-৬৩ তারিখ পর্যন্ত ১৪,৫১৮খানি আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(খ) উক্ত আবেদনপত্রের মধ্যে ১০,৩৮৭ জন মধ্যস্বত্বাধিকারীকে এ বাবৎ অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে ; ৩,১৬৩টি আবেদনপত্র স্বত্ব ও দখল ইত্যাদি প্রমাণিত না হওয়ায় এবং অন্যান্য কারণে বাতিল করা হইয়াছে। বর্তমানে ৯৬৮ জনের আবেদনপত্র বিবেচনাধীন আছে।

(গ) চূড়ান্তভাবে প্রস্তুত ৪৪,৫৭১টি কমপেনসেশন অ্যাসেসমেন্ট রোল অত্র অফিসে পাওয়া গিয়াছে এবং তাহার মধ্যে ৬৫৭টি কমপেনসেশন অ্যাসেসমেন্ট রোল-এর টাকা পেমেন্ট হইয়াছে এবং ৭,৪০৮টি অ্যাসেসমেন্ট রোল-এর ক্ষতিপূরণ দেয় নহে।

(ঘ) বিষ্ণুপুর মহকুমার অধিকাংশ মধ্যস্বত্বাধিকারিগণকে প্রায় শতকরা ১৫ জনের ক্ষতিপূরণ উৎপন্ন শস্যের (রেন্ট ইন কাইন্ড) বাবত দেয় এবং উক্ত ক্ষতিপূরণের টাকা বাৎসরিক আয় অনুসারে জমিদারী দখলের তারিখ হইতে ২৫ বৎসর পর্যন্ত দিতে হইবে।

Agricultural Co-operative Societies in P.S. Dumkal and Jalangi, Murshidabad

443. (Admitted question No. 706.) **Shri Abdul Bari Moktar:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) Whether there is any Agricultural Co-operative Society in P.S. Dumkal and Jalangi in the district of Murshidabad?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the number of the societies?

(ii) the names and location of such societies?

(iii) the names of the office bearers of each of such societies?

The Minister for Co-operation:

(a) Yes.

(b) (i) 28 in P.S. Dumkal and 6 in P.S. Jalangi.

(ii) and (iii) A list showing the names and location of the societies with the names of the office bearers of each is enclosed.

List referred to in reply to clause (b)(ii) and (iii) of unstarred question No. 443

Serial No., name of Society with address and name of office bearers.

Service Co-operative

1. Dakshinnagar Samabay Krishi Unnayan Samity Ltd., Vill. Dakshinnagar, P.O. Jugindia, Murshidabad.
   (1) Md. Safatulla Mondal, *Chairman.*
   (2) Ahasin Ali, *Vice-Chairman.*
   (3) Israful Biswas, *Secretary.*

2. Kusberia Samabay Krishi Unnayan Samity Ltd., Vill. Kusberia, P.O. Garibapur, Murshidabad.
   (1) Md. Moktar Hossain, *Chairman.*
   (2) Abdul Jalil Malityan, *Vice-Chairman.*
   (3) Khodabox Mondal, *Secretary.*

3. Kupila Samabay Krishi Unnayan Samabay Samity Ltd., P.O. Kupila, Murshidabad.
   (1) Mafuzuddin Ahamed, *Chairman.*
   (2) Chattar Ali Mia, *Vice-Chairman.*

4. Malatipur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Bhagirathipur, Murshidabad.
   (1) Imran Hossain Biswas, *Chairman.*
   (2) Abul Quasem, *Vice-Chairman.*
   (3) Aktar Ali Seikh, *Secretary.*

5. Pardiar Jitpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Jitpur, Murshidabad.
   (1) Dr. Suryya Dev Paul, *Chairman.*
   (2) Abdul Mannan Biswas, *Vice-Chairman.*
   (3) Monoj Kr. Ghose, *Secretary.*

6. Seikhpara Aminabad Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. *Aminabad, Murshidabad.*
   (1) Taher Uddin Seikh, *Chairman.*
   (2) Golamkader Seikh,, *Vice-Chairman.*
   (3) Abdul Hossain, *Secretary.*
7. Brindabanpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Brindabanpur, Murshidabad.
   (1) Sudhir Kr. Biswas, *Chairman.*
   (2) Md. Hedutulla Biswas, *Vice-Chairman.*
8. Chanderpara Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Madhurkul, Murshidabad.
   (1) Shri Niranjan Kr. Saha, *Chairman.*
   (2) Soleman, *Vice-Chairman.*
   (3) Kaliluar Rahaman, *Secretary.*
9. Muraripur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Madhurkul, Murshidabad.
   (1) Manigopal Biswas, *Chairman.*
   (2) Md. Marjun Hossain, *Vice-Chairman.*
10. Bhatsale Samabay Unnayan Samity Ltd., P.O. Domkal, Murshidabad.
    (1) Hemanta Kr. Sarkar, *Chairman.*
    (2) Ismail Mondal, *Vice-Chairman.*
    (3) Jnanranjan Chakraborty, *Secretary.*
11. Ambarpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Madhurkul, Murshidabad
    (1) Hrishikesh Sen, *Chairman.*
    (2) Atarali Mondal, *Vice-Chairman.*
12. Herirpara Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Mominpur, Murshidabad.
    (1) Lalgopal Roy, *Chairman.*
    (2) Debaprosad Majumder, *Vice-Chairman.*
13. Madhurkul Samabay Krishi Unnayan Samity Ltd. P.O. Madhurkul, Murshidabad.
    (1) Kalimuddin Ahamed, *Chairman.*
    (2) Harul Rasid, *Vice-Chairman.*
    (3) Bilas Ch. Das, *Secretary.*
14. Bagha Ramana Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Lakshinathpur, Murshidabad.
    (1) Hafizuddin Mohammad, *Chairman.*
    (2) Irali Mondal, *Vice-Chairman.*
    (3) Kamarali Sarkar, *Secretary.*

15. Nischintapur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Garai-mari, Murshidabad.

(1) Madhusudan Sarmar, *Chairman*.
(2) Sarat Ch. Sarkar, *Vice-Chairman*.

16. Raghunathpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Domkal, Murshidabad.

(1) Shri Momtaz Biswas, *Chairman*.
(2) Shri Abbas Karikar, *Vice-Chairman*.

17. Sarnagpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Gokul-Gobindapur, Murshidabad.

(1) Alimuddin, *Chairman*.
(2) Azizulla, *Secretary*.
(3) Zakaria Mondal, *Vice-Chairman*.

18. Sahabazpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Gokul-Gobindapur, Murshidabad.

(1) Sayed Safiuddin, *Chairman*.
(2) Zamsed Ali Seikh, *Vice-Chairman*.

19. Tiktikipara Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Domkal, Murshidabad.

(1) Tasimuddin Mondal, *Chairman*.
(2) Patamadduin Mallick, *Vice-Chairman*.
(3) Zabadur Rahaman, *Secretary*.

20. Firozpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Madhurkul, Murshidabad.

(1) Addyanath Chaki, *Chairman*.
(2) Md. Ayabuddin Seikh, *Vice-Chairman*.

21. Aminabad Chak Nutunpara Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Aminabad, Murshidabad.

(1) Fazal Biswas, *Chairman*.
(2) Manindra Nath Ghosh, *Vice-Chairman*.
(3) Abdul Aziz Biswas, *Secretary*.

22. Radhakantapur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Domkal, Murshidabad.

(1) Idris Mondal, *Chairman*.
(2) Samarendra Kumar Saha, *Vice-Chairman*.

Small Sized Primary Credit Society.

1. Harerampur Benakhali Samabay Krishi Samity Ltd., P.O. Islampur, Murshidabad.

(1) Hazi Samedali, *Chairman*.
(2) Abdul Haziz Mia, *Vice-Chairman*.

Agricultural Marketing Society.

1. Domkal Thana Co-operative Agricultural Marketing Society, Ltd., P.O. Domkal, Murshidabad.
   (1) District Agri. Marketing Officer, *Chairman* (M-N) Murshidabad, Nadia.
   (2) Amritulla Sarkar, *Vice-Chairman.*
   (3) Gobinda Mondal, *Secretary.*

Unlimited Liabilities.

1. Benakhali Panchananpur Samabay Samity, P.O. Gokul Gobindapur, Murshidabad.
   (1) Phani Bhusan Ganguly, *Chairman.*
   (2) Md. Abu Bakkar, *Secretary.*
2. Dubapara Samabay Bank, P.O. Garibpur, Murshidabad.
   (1) Imazuddin Seikh, *Chairman.*
   (2) Gour Ch. Ghosh, *Secretary.*
3. Juranpur Joutha Bank, P.O. Garibpur, Murshidabad.
   (1) Hazi Rahaman, *Chairman.*
   (2) Keramatulla, *Secretary.*
4. Basantapur Etbarnagar Samabay Krishi Rindan Samity, P.O. Domkal, Murshidabad.
   (1) Nafizuddin Biswas, *Chairman.*
   (2) Abdul Karim Seikh, *Vice-Chairman.*
   (3) Fazlerabbi Biswas, *Secretary.*

P.S. Jalangi.

Service Co-operatives

1. Lakshiminarayanpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Natial, Murshidabad.
   (1) Narendra N. Mondal, *Chairman.*
   (2) Dinesh Ch. Biswas, *Vice-Chairmon.*
   (3) Kethranath Biswas, *Secretary.*
2. Kumarpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Natial, Murshidabad.
   (1) Kashimuddin Biswas, *Chairman.*
   (2) Md. Atahar Rahaman, *Vice-Chairman.*
3. Kutubpur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Kazipara, Murshidabad.
   (1) Nasiruddin Mondal, *Chairman.*
   (2) Abdush Chhoram, *Secretary.*
4. Khayaramari Samabay Krishi Unnayan Samity Ltd., P. O. Khayaramari, Murshidabad.
   (1) Abdul Based Khan, *Chairman.*
   (2) Abdul Gani Mondal, *Vice-Chairman.*

5. Pajrapara Fakirabad Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Khagramari, Murshidabad.

(1) Khalek Rahaman, *Chairman.*

(2) Md. Answar Ali, *Vice-Chairman.*

6. Sahebrampur Samabay Krishi Unnayan Samity Ltd., P.O. Sahebrampur, Murshidabad.

(1) Nitya Gopal Biswas, *Chairman.*

(2) Fakir Mohammad Mondal, *Vice-Chairman.*

Agricultural and Cottage Industry Co-operatives at Murshidabad

444. (Admitted question No. 716.) **Shri Sanat Kumar Raha:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি কৃষি সমবায়, কতগুলি কুটিরশিল্পী সমবায় ১ম ও ২য় পরিকল্পনাকালে গঠিত হয়; এবং

(খ) বর্তমানে উক্ত সমবায়গুলির কতগুলি উঠিয়া গিয়াছে এবং কতগুলি চালু আছে?

The Minister for Co-operation:

(ক) ১ম ও ২য় পরিকল্পনাকালে মুর্শিদাবাদ জেলায় মোট ১২টি কৃষি (ফার্মিং) সমবায় সমিতি গঠিত হইয়াছিল। এই দুই পরিকল্পনাকালে গঠিত বিভিন্ন ধরনের কুটিরশিল্পী সমবায় সমিতির সংখ্যা ১১৬।

(খ) ১২টি কৃষি সমবায় সমিতির মধ্যে একটি সমিতি লিকুইডিশানে গিয়াছে, একটির রেজিস্ট্রেশন প্রত্যাহার করা হইয়াছে এবং আর একটি সমিতি সার্ভিস কো-অপারেটিভ সমিতিতে পরিবর্তিত হইয়াছে। বর্তমানে উপরি-উক্ত বারটির মধ্যে ৯টি কৃষি সমবায় সমিতি চালু আছে।

১১৬টি কুটিরশিল্পী সমবায় সমিতির মধ্যে ৩৬টি সমিতি উঠিয়া গিয়াছে এবং বর্তমানে ৮০টি সমিতি চালু আছে।

Refugee colonies in Murshidabad

445. (Admitted question No. 720.) **Shri Sanat Kumar Raha:**

উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সরকারী উদ্যোগে উদ্বাস্তু কলোনী কোথায় কোথায় স্থাপন হইয়াছে;

(খ) উক্ত জেলায় কান্দী থানায় নবগ্রাম কলোনীতে ও বহরমপুর থানায় গোয়ালজান কলোনী, বিষ্ণুপুর কলোনী, রাজসাহী কলোনী, বরিশাল কলোনীগুলিতে কত উদ্বাস্তু বসবাস করেন; এবং

(গ) এইসব কলোনীর জন্য রাস্তা ও পানীয় জলের কোন ব্যবস্থা সরকার হইতে করা হইয়াছে কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) এ সম্পর্কে একটি বিবরণ দেওয়া হইল।

(খ) কান্দী থানার অধীনে নবগ্রাম কলোনী বলিয়া কোন কলোনী নাই। নিম্নোক্ত কলোনীগুলির মধ্যে রাজসাহী ও বরিশাল কলোনী দুইটি সরকারী উদ্যোগে স্থাপিত হয় নাই উল্লিখিত কলোনীগুলির লোকসংখ্যা নিম্নরূপঃ—

গোয়ালজান	...	...	১,২৪০
মধুপুর	...	...	৫১২
বিষ্ণুপুর	...	...	৪৭৬
রাজসাহী	...	...	৩০০
বরিশাল	...	...	৪৯০

(গ) সরকারী উদ্যোগে স্থাপিত কলোনীগুলিতে জলসরবরাহের পূর্ণ ব্যবস্থা আছে। এইসকল কলোনীগুলিতে রাস্তা, নর্দমা ইত্যাদি অন্যান্য উন্নয়নমূলক কাজকর্মগুলি এখন পর্যন্ত আরম্ভ হয় নাই। কলোনীগুলিতে বর্তমানে কাঁচা রাস্তা আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 445

ক প্রশ্নের তালিকা

থানা ও কলোনীর নাম

বহরমপুর মুক্তিনগর
বহরমপুর—বইরগাছি ১নং
বহরমপুর—বইরগাছি ২নং
বহরমপুর—বইরগাছি ৩নং
বহরমপুর—শিবপুর
বহরমপুর—হাতিনগর
বহরমপুর—মাদাপুর
বহরমপুর—গোয়ালজান
বহরমপুর—চালতিয়া
বহরমপুর—বিষ্ণুপুর
বহরমপুর—বাঞ্জেটিয়া ১নং
বহরমপুর—বাঞ্জেটিয়া ২নং
বহরমপুর—মধুপুর ১নং
নওদা—মধুপুর
বেলডাঙ্গা—বরুয়া সারুলিয়া
কান্দী—মহালন্দী
রঘুনাথগঞ্জ—রঘুনাথগঞ্জ
সমসেরগঞ্জ—ধুনারিপাড়া
সমসেরগঞ্জ—পুরাপাড়া
জিয়াগঞ্জ—আমইপাড়া
জিয়াগঞ্জ—বাগডাহার
জিয়াগঞ্জ—আয়েসবাগ
মুর্শিদাবাদ—কুর্মিতলা

Berhampore Co-operative Ganja Farming Society Ltd.

446. (Admitted question No. 730.) **Shri Sanat Kumar Raha:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির দুর্নীতি বিষয়ে সরকার কোনও অভিযোগ পাইয়াছেন কিনা;

(খ) পাইয়া থাকিলে, সেইসকল অভিযোগের তদন্ত হইয়াছে কিনা; এবং

(গ) যেসকল ব্যক্তি এই দুর্নীতির অপরাধে অপরাধী তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) তদন্ত আংশিকভাবে সম্পন্ন হইয়াছে, উপরন্তু সমবায় আইনের ৭৬ ধারা অনুযায়ী গাঁজা কো-অপারেটিভ সোসাইটির হিসাবপত্র অডিট করিবার আদেশ দেওয়া হইয়াছে এবং তদন্তকার্য সম্পূর্ণ করিবার জন্য বর্তমানে অডিট চলিতেছে।

(গ) অডিট সম্বলিত তদন্ত সম্পূর্ণ হইবার পরে তাহার পরিপ্রেক্ষিতে কোনও ব্যক্তি বা ব্যক্তিবর্গের অপরাধ নির্ণীত হইলে সমবায় আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বিত হইবে।

T.A. Bills by some high officials of West Bengal State Electricity Board

447. (Admitted question No. 751.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the amount drawn by the Chief Engineer, West Bengal State Electricity Board (Dr. M. Dutta), Chief Accounts Officer, State Electricity Board (Shri A. K. Sarkar) and Financial Adviser, West Bengal State Electricity Board, during 1961-62 and during January and February, 1963, as travelling allowance;

(b) the total amount drawn by way of T.A. Bills by the other officers of the West Bengal State Electricity Board during 1961-62 and during January and February, 1963; and

(c) if any programme of austerity has been adopted by the State Electricity Board, West Bengal, during the emergency period particularly regarding use of cars, purchase of cars, consumption of petrol and limiting T.A. Bills, etc.

The Minister for Commerce and Industries:

(a) The amount of the travelling allowances drawn by them has been shown in the enclosed Statement (I).

(b) The amount of travelling allowance drawn by other officers Head Office) has been shown in the enclosed Statement (II).

(c) Yes.

Statement I referred to in reply to clause (a) of unstarred question No. 447

STATEMENT (1)

Amount drawn as Travelling Allowance.

Name of Officers.	During 1961-62.	During January, 1963.	During February, 1963.	Remarks.
	Rs.	Rs.	Rs.	
(a) (1) Dr. M. Datta, Chief Engineer	5,451·64**	276·00	1,204·00	**In addition to this he drew an amount of Rs. 3,700·00 being the cost of return air passage to U. K. during 1961-62, where he had gone on deputation.
(2) Shri A. K. Sarkar, Chief Accounts Officer ..	215·12	..	57·85	....
(3) Shri A. B. Ghosh, Financial Adviser, Member, Selection Committee II and Special Officer, Civil Defence.	1,172·35*	..	21·87***	*The amount was drawn for performing the journey as a member of the Selection Committee II and *not* as Financial Adviser. ***The amount was drawn for his journey partly as a member of the Selection Committee II and partly as Special Officer, Civil Defence.

Statement II referred to in reply to clause (b) of unsatrred question No. 447

STATEMENT (II)

Amount drawn as Travelling Allowance

	During 1961-62.	During January, 1963.	During February, 1963.
	Rs.	Rs.	Rs.
(b) Other Officers (Head Office)	19,817·54	1,868·12	2,416·29

Package Programme in Burdwan

448. *(Admitted question No. 767.)* ***Shri Aswini Roy:*** *Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to* state—

(a) in how many Blocks the package programme in the district of Burdwan was introduced in 1962;

(b) total acreage covered under the scheme for (i) Aman (paddy), (ii) Potatoes and (iii) Jute crops; and

(c) the Blockwise yield of the above crops?

The Minister of State for Agriculture:

(a) Ten.

(b) The Package Programme was launched in the district of Burdwan in December, 1962, and as such, no intensive production drive could be started in respect of (i) and (iii) crops; intensive work on a Pilot basis has, however, been undertaken during the Rabi season on a total acreage of 2,000 acres covering potato, wheat and sugar in four Blocks, *viz.*, Ausgram, Memari, Burdwan and Jamalpur.

(c) In view of what has been stated against (b) information on the question does not arise. Harvesting of potatoes is in progress and it is not, therefore, possible to furnish definite information about the Blockwise yield of the crop at this stage.

Industrial Estate in Murshidabad

449. (Admitted question No. 787.) **Shri Sailendra Nath Adhikari:**

কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় লালবাগ জিয়াগঞ্জকে লইয়া একটি শিল্পনগরী গঠনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) পাটকাঠি (জুট স্টিকস্) ও পাটজাতীয় কাঁচামালের প্রধান কেন্দ্র হিসাবে ঐস্থানে কোনও শিল্প গঠনের প্রস্তাব সরকারের আছে কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ও (খ) না।

Agricultural Co-operative Societies in West Bengal

450. (Admitted question No. 792.) **Shri Anadi Das:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালে পশ্চিমবঙ্গে কতগুলি কৃষি সমবায় ছিল ;

(খ) ঐ বৎসরে মোট কতগুলি কৃষি সমবায়ের ভিত্তিতে ধানের জন্য আবাদী হইয়াছিল ;

(গ) ঐ বৎসরে সমবায়ের ভিত্তিতে আবাদী জমিতে ধানের ফলনের হার কত ছিল ;

(ঘ) সমগ্র পশ্চিমবঙ্গে ধানের জন্য আবাদী জমির কত অংশ সমবায়ের ভিত্তিতে ১৯৬২ সালে আবাদ হয় ; এবং

(ঙ) সমগ্র পশ্চিমবঙ্গে ঐ সালে বিঘাপ্রতি ধানের ফলনের হার অপেক্ষা সমবায়ে উৎপন্ন হার কম ছিল না বেশি ছিল?

The Minister for Co-operation:

(ক) ১৯৬১-৬২ সালে (৩০-৬-৬২ পর্যন্ত) ১৭টি সমবায় কৃষি সমিতি ছিল।

(খ) ঐ বৎসরে ৭১টি কৃষি সমবায় সমিতি ধানের আবাদ করিয়াছিল।

(গ) একর প্রতি গড় ফলন ১৭ মণ ২০ সের ধান (মোটামুটি হিসাবে)।

(ঘ) ০·০৭ (মোটামুটি হিসাবে)।

(ঙ) বেশি ছিল।

Refugees awaiting for Rehabilitation

451. (Admitted question No. 793.) **Shri Anadi Das:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) হাওড়া, পৌর এলাকার ৫ ও ৬নং ওয়ার্ডে এখনও কতজন উদ্বাস্তু পুনর্বাসনের জন্য অপেক্ষা করিতেছেন : এবং

(খ) উদ্বাস্তুদের মধ্যে যাহাদের পরিবারে কোন উপার্জনক্ষম ব্যক্তি নাই, তাহাদের জন্য বিশেষ ব্যবস্থা কি আছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) উদ্বাস্তু শিবির বহির্ভূত পরিবারগুলির মধ্যে একমাত্র কম্পিটেন্ট অথরিটির রায়ের দ্বারা স্বীকৃত পরিবারগুলিই পুনর্বসতি পাইবার যোগ্য বলিয়া বিবেচিত। বর্তমানে এই ধরনের ১০২টি পরিবার জমি ও ঋণ সমেত পুনর্বসতি পাইবার অপেক্ষায় আছেন। ইহাদের মধ্যে ২০টি পরিবারকে ইতিমধ্যেই সরকার হইতে জমি দেওয়া হইয়াছে।

(খ) যাহারা অত্যন্ত দুর্দশাগ্রস্ত তাহাদের পশ্চিমবঙ্গের নাগরিকদের যেসকল সুযোগ-সুবিধা দেওয়া হয় তদতিরিক্ত অনূর্ধ্ব দুই মাসের আর্থিক সাহায্য দেওয়া হয়।

Suspected lunatic cases in Dum Dum Central Jail

452. (Admitted question No. 808.) **Shri Niranjan Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) what was the total number of suspected lunatic cases in the Dum Dum Central Jail on 1-1-63; and

(b) of these how many—

(i) were criminal lunatics;

(ii) have been alleged to have committed crimes before developing symptoms of lunacy; and

(iii) have developed such symptoms after alleged to have committed crimes?

The Minister for Home (Jails):

(a) 114.

(b) (i) 11.

(ii) 1.

(iii) 1.

Messages

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that a message has been received from the West Bengal Legislative Council requesting concurrence of the West Bengal Legislative Assembly to the Bihar Tenancy (West Bengal Amendment) Bill, 1963, as passed by the Council on the 25th March, 1963.

Sir, I lay the message and the Bill on the Table.

Calling attention to matter of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister will make a statement on the breakdown of the machinery of the septic tank and sewerage system of Serampur Municipality. Notice was given by Shri Girija Bhusan Mukherjee on the 25th March, 1963.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, with reference to the calling attention notice given by Shri Girija Bhusan Mukherjee, M.L.A., I beg to state as follows:—

A most modern sewage disposal plant was constructed in Serampur for treatment of the sewage and sullage water conveyed through sewers from several parts of Serampur town including mills and factories. The work was executed on behalf of the municipality by the Chief Engineer, Public Health Engineering Directorate with 2/3rd grant from Government and 1/3rd contribution from municipality, and the plant was brought into commission in the year 1957. Ever since then, for the last 5 years, the plant has been continuously running under the maintenance of Serampur Municipality. Some time back Serampur Municipality submitted a report that the bio-filtration plant of the said Works is not functioning properly. On an examination it was found that the mercury seal of the bearing in the bio-filter had been damaged due to normal wear and tear and required replacement. Considering the urgency of the problem this work was entrusted to Messrs. Industrial Services Engineers (Private) Limited who were the suppliers and the erectors of this plant. This work has been taken in hand by the firm and is expected to be completed in course of a month. In the meantime the municipal maintenance staff were advised by the Chief Engineer, Public Health Engineering Department, to discharge the incoming sewage through the clarifier and the sedimentation tanks to river Hooghly so that the sewage is partly clarified before being discharged into the river. The operation of the plant is, however, an internal administrative affair of the municipality and Public Health Engineering Directorate can only offer expert advice in the matter to the municipality.

[12-50—1 p.m.]

Mr. Speaker: Honourable members, I have received two notices of Calling Attention—one from Shri Sanat Kumar Raha on the subject of hunger strike by one Chandi Pal and one Rajen Goswami in Toofangunge, and another from Shri Sambhu Charan Ghosh on the subject of death of Shri P. K. Ghose, Vice-Principal of Bijoychand Engineering Institute of Burdwan.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of death of Shri P. K. Ghose, Vice-Principal, Bijoychand Engineering Institute of Burdwan and I would request the Hon'ble Minister-in-charge to make a statement on that today or give me a date on which the statement will be given.

The Hon'ble Ardhendu Sekhar Naskar: The statement will be made on Friday next.

Dr. Kanai Lal Bhattacharyya:

এখানে বিজনেস আরম্ভ হবার আগে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। একটির পর একটি স্বর্ণশিল্পী এই যে এ্যাসিড খেয়ে আত্মহত্যা করছেন এই সম্বন্ধে সরকার কি চিন্তা করছেন। স্যার, গতকাল আমারই কনস্টিটিউয়েন্সিতে পদ্মকুমার রায় চৌধুরী লেনের হরেন্দ্রকুমার রায় বলে একজন বেকার স্বর্ণশিল্পী নাইট্রিক এ্যাসিড খেয়ে আত্মহত্যা করেছেন। তাছাড়া আরো একটি কাগজে বেরিয়েছে কালকে আর একজন আত্মহত্যা করেছেন। এর আগে অন্ততঃ ৪।৫ জন এইভাবে আত্মহত্যা করেছেন। এই যে দেশের মধ্যে একটা স্যাড ইনসিডেন্ট ঘটছে একটার পর একটা সরকার কি এ সম্বন্ধে নিশ্চুপ থাকবেন, কেন কিছু কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন না? আমি এইটা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জিজ্ঞাসা করছি।

GOVERNMENT BILL

The West Bengal Appropriation Bill, 1963

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1963, be taken into consideration.

Sir, under Article 286(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law for the purposes and in the manner provided in this constitution. During the present session the Assembly voted certain Grants in respect of the estimated expenditure for the financial year 1963-64 under the provisions of Article 203 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal all the monies required to meet the expenditure charged on the Consolidated Fund of the State and grants made by the Assembly in respect of the estimated expenditure of the West Bengal Government for the financial year 1963-64. The amount included in the Bill on account of charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant or varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State.

Details of the proposed expenditure will appear from the schedule to the Bill.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শিক্ষা খাতে অতিরিক্ত ব্যয়ের উপরেতে এ্যাপ্রোপ্রিয়েশন চাওয়া হয়েছে কিন্তু আমি দেখছি যে এটাকে মিস-এ্যাপ্রোপ্রিয়েশন বললেই ভাল হয়। কেন না শিক্ষা খাতে যে টাকা খরচ হচ্ছে সেই টাকার ভিতরে অন্ততঃপক্ষে, আমি এমন একটি জঘন্য পাপচক্রের কথা বলতে পারি সেই পাপচক্রের গোড়ায় শিক্ষা খাতের টাকা থেকে নিয়মিতভাবে রসসিঞ্চন করা হচ্ছে এ বিষয় আর কোন সন্দেহ নেই। এবং এই পাপচক্রের সম্পর্কে শুধু যে সাধারণ মানুষ তা নয়,

সেই এলাকার কংগ্রেসের বহু নেতৃস্থানীয় লোক, বহু কর্মী, তাঁরা দলীয় পথে আবেদন নিবেদন করে এর প্রতিকারের জন্যে প্রচুর চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। সাধারণ মানুষের সঙ্গে তাঁরাও আমাকে বিশেষভাবে অনুরোধ করেছেন যে এ্যাসেমব্লীর ফ্লোরে দাঁড়িয়ে আমি যেন এই পাপচক্রের স্বরূপ কিছুটা উদ্ঘাটিত করতে সাহায্য করি। আমি যে প্রতিষ্ঠানের কথা বলতে যাচ্ছি তার বোর্ড অফ ট্রাস্টিদের মধ্যে আছেন শ্রীসীতারাম সাকসেরিয়া, শ্রীভগীরথ কানাউরিয়া প্রভৃতির মত লোক। এবং তার সর্বচূড়ায় বসে আছেন সভাপতিরূপে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী। আনন্দবাবুকে ধন্যবাদ যে পরশুদিন তাদের দৌবারিক এই রহস্যপুরীর দরজা কিছুটা ফাঁক করে দিয়েছেন তবু ভেতরের সবটা দেখা যাচ্ছে না। আমি সেই দরজাটা আর একটু ফাঁক করে দিয়ে সকলের সামনে এই রঙ্গমঞ্চের যবনিকা তুলে কি অভিনয় হচ্ছে ভিতরে সেটা দেখাতে চাই। আমি বলছি যার কথা সেটা হচ্ছে এই নবদ্বীপের বঙ্গবাণী শিক্ষায়তন প্রতিষ্ঠানের কথা। নবদ্বীপ সহরের উত্তর প্রান্তে গঙ্গা যেখানে উত্তরবাহী সেখানে এক অতি মনোরম পরিবেশের ভিতরে প্রায় ১০০ বিঘা জমির উপরেতে সরকারের লক্ষ লক্ষ টাকা ব্যয় করে গড়ে উঠেছে এক বিশাল আয়তন মহিলা শিক্ষায়তন এই বঙ্গবাণী। এবং এই বঙ্গবাণীর সামনে তৈরী হয়েছে শ্রীঅরবিন্দের ট্রাস্টি নিয়ে অরবিন্দ স্মৃতি মন্দির। সুতরাং বাইরে থেকে দেখলে এটা খুবই পবিত্র এবং মনোরম আবহাওয়া আছে বলে মনে হবে। এছাড়া এই বঙ্গবাণী অনেকগুলি বিভাগ প্রসব করেছেন। তার মধ্যে আছে শিশুবাণী অর্থাৎ কিন্ডারগার্টেন, আদ্য বাণী অর্থাৎ প্রি প্রাইমারী, মধ্য বাণী অর্থাৎ সেকেন্ডারী স্কুল, তীর্থ বাণী অর্থাৎ কোচিং ক্লাস, গণবাণী অর্থাৎ এ্যাডাল্ট এডুকেশন সেন্টার, শিল্প বাণী ও রূপবাণী অর্থাৎ কটেজ এ্যান্ড ইন্ডাস্ট্রিজ এডুকেশন সেন্টার, গীতবাণী অর্থাৎ সঙ্গীত শিক্ষা প্রতিষ্ঠান। এই সমস্ত সমারোহ নিয়ে বাইরে থেকে হঠাৎ গিয়ে দেখলে মনে হবে এ যেন নব শান্তিনিকেতন হয়েছে। কিন্তু যদি নবদ্বীপের কোন লোককে জিজ্ঞাসা করেন যে ওটা কি হয়েছে, তারা নাক কুঁচকে বলবে নব শান্তিনিকেতন না ছাই, ওটা নব বৃন্দাবন হয়েছে। এই যে বঙ্গবাণী এই বঙ্গবাণীতে একটা গভর্নিং বডি আছে কিন্তু গভর্নিং বডিটা নাম সর্বস্ব তার কোন ফাংশন নেই।

[1—1-10 p.m.]

এই বঙ্গবাণীর সর্বময় কর্তৃত্ব মাত্র দুইজন পরিচালনা করছেন, তার মধ্যে একজন মৃতদার ফাউন্ডার রেক্টার আর একজন হচ্ছে ভারজিন লেডী সুপারিনটেনডেন্ট এই দুইজন হচ্ছে সর্বময় পরিচালক। গভর্নিং বডি কেউ নয়। কিন্তু কে এই মহিলা সুপারিনটেনডেন্ট এ কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার মনে প্রশ্ন উঠতে পারে। আমি সেজন্য কিছু কিছু পড়ে শোনাচ্ছি এটাকে পরিস্কার করবার জন্য। ১৯৪৮ সালে বঙ্গবাণীর অন্যতমা ছাত্রী শ্রীমতী চৌধুরী রেক্টরের প্রীতিভাজনরূপে শিক্ষিকা হয়ে বঙ্গবাণীতে প্রবেশ করেন, গ্রাজুয়েট হওয়া তার ভাগ্যে ঘটে উঠেনি। রেক্টারের মেহনতে শ্রীমতী চৌধুরী বঙ্গবাণীর সুপারিনটেনডেন্টরূপে অধিষ্ঠিত হন। বেতন মাসিক ২০০ টাকা ধার্য হয়। অথচ শিক্ষা বিভাগের আইন অনুসারে কোন আই এ পাশ করা শিক্ষিকা ৮০ টাকার বেশী বেতন পেতে পারেন না। শ্রীমতী চৌধুরীকে নিয়মিত খরচ দিয়ে গার্হস্থ্য বিজ্ঞান এবং স্বাস্থ্য চর্চার অভিজ্ঞতা লাভ করবার জন্য শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়। উদ্দেশ্য ছিল যে তিনি ছাত্রীদের পড়াবেন, কিন্তু কদাচিৎ তিনি ঐ ক্লাস নেন। তাঁকে উপনিষদের শ্লোক শেখাবার জন্য একজন ন্যায়াচার্যকে মাসিক ৫০ টাকা বেতন দিয়ে রাখা হয়। বলা বাহুল্য বঙ্গবাণীর তহবীল থেকে এই খরচ বহন করা হয়। এবং সঙ্গীত বিভাগ গীত-বাণীকে নির্দেশ প্রেরণ করা হয় যাতে শ্রীমতী চৌধুরী দৈনিক সঙ্গীত শিক্ষায় যোগদান করতে পারেন ছাত্রী না হয়েও। এও শোনা গেছে যে শ্রীমতী চৌধুরী একাকীত্ব বোধ করবার জন্য সখীবৃন্দ অথবা সেবাদাসীর দল সেখানে রাখা হয়েছে, কাদের না যারা শিক্ষিকা হয়ে বেতন গ্রহণ এবং ছাত্রী হয়ে সরকারী স্টাইপেন্ড পেয়ে থাকেন। শুধু তাই নয় এই সুপারিনটেনডেন্ট-এর জন্য রেক্টার তার নিজস্ব সম্পত্তি যা মালদহে ছিল সেটা সুপারিনটেনডেন্ট-এর নামে লিখে দিয়েছে। এখন প্রশ্ন উঠেছে তার নিজের ছেলে থাকা সত্ত্বেও তিনি এর নামে নিজের সম্পত্তি কেন লিখে দিলেন। কি ব্যাপার? এখন প্রশ্ন উঠতে পারে সুপারিনটেনডেন্ট-এর প্রতি রেক্টারের এত দরদ কেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যদি নবদ্বীপের কোন লোককে জিজ্ঞাসা করেন কেন এই দরদ তাহলে সে লোক বিন্দুমাত্র দ্বিধা না করে বলবেন যে আপনারা জানেন না

সুপারিনটেনডেন্ট রেক্টারের হয়ে হন। এই কথাই তারা বলবেন। এখন বঙ্গবাণীর ভিতরে যে অরবিন্দের পূতাস্থি নিয়ে যে মন্দির হল, সেখানে যে কান্ড হল মন্দির নিয়ে আমি সে কথাটা আপনাদের প্রথমে বলতে চাই। পূতাস্থি সহ খরচা হল প্রায় ৭০ হাজার টাকা। ঐ উপলক্ষে চাঁদা আদায় হয় ২৪ হাজার টাকা, অথচ মন্দির তৈরীর ব্যাপারে প্রচুর দেনা। ৭০ হাজার টাকা খরচ হল তার মধ্যে ২৪ হাজার চাঁদা এল, বাকী টাকা কোথা থেকে এল, এখন তার দেনা নাই। মন্দির-এর দেনা কি দিয়ে শোধ করা হল তার কোন হদিশ নেই। সম্ভবত স্কুলের ফান্ডের সরকারী টাকা খরচ হয়েছে বলে লোকে সন্দেহ করে। শ্রীঅরবিন্দের পূতাস্থি নিয়ে নবদ্বীপে যে শোভাযাত্রা দেখেছি—কখনও শুনিনি যে একটি শোভাযাত্রায় ৪০ হাজার টাকা খরচ হয়। বিশেষতঃ নবদ্বীপ এলাকার মত মফঃস্বল ছোট সহরে, সেখানে কি করে ৪০ হাজার টাকা খরচ হল। এই ৪০ হাজার টাকা খরচের জন্য বিভিন্ন অরবিন্দ সঙ্ঘের মারফৎ ২০ হাজার মত টাকা আসে। বাকী টাকা রেক্টার কোন ফান্ড থেকে ব্যয় করলেন তার কোন হদিশ এই ব্যাপারে পাওয়া যায় না। তারপরে এই যে বিল্ডিং হয়েছে অনেক মস্তবড় বিল্ডিং গড়ে উঠেছে বিভিন্ন বিভাগের জন্য তার ঐ মূল কন্ট্রাক্ট যিনি নেবার জন্য ঘোরাফেরা করেছিলেন এবং সম্ভবতঃ পেয়েছিলেন তিনি কে? তিনি হচ্ছেন আমাদের বাংলাদেশের শিক্ষা বিভাগের যিনি অধিকর্তা অর্থাৎ শিক্ষামন্ত্রীর চেয়েও যিনি ক্ষমতাবান সেই শিক্ষা বিশারদ ডি এম সেন-এর ভাই বি এম সেন। তিনি এই বঙ্গবাণীর মূল কন্ট্রাক্ট-এর জন্য উমেদারী করে একটা ব্যবস্থা করে দিয়েছিলেন। ইনি আবার সাব-কন্ট্রাক্ট দিয়ে থাকেন। সেজন্য বিল্ডিং মেটিরিয়াল সাপ্লাই দেখার দায়িত্ব বঙ্গবাণী কর্তৃপক্ষ নিয়েছিলেন। এবং সেখানে তারা সোজাসুজি ইটের জন্য আলাদা কন্ট্রাক্ট দিতে লাগলেন। এই ভাবে জনৈক ইট বিক্রেতাকে ৪ লক্ষ ইটের বায়না দেওয়া হয়। তখন ইটের বাজার দর ছিল ৪০ টাকা হাজার, কিন্তু সেই ইটের ভাটাওয়ালার সঙ্গে কথা হলো যে ৩৫ টাকা হাজার দেওয়া হবে কিন্তু বিল লিখতে হবে ৪০ হাজার টাকা, সেই ভাবে ৪ লক্ষ ইট তৈরী করা হল এবং তার মাসে হাজারে ৫ টাকা হিসাবে প্রায় ২ হাজার টাকা কোথায় উধাও হয়ে গেল, কার পকেটে চলে গেল তা জানা গেল না। নবদ্বীপের বাজারে পুলিশের খাতায় যাদের কালোবাজারী বলে খুব খ্যাতি আছে এবং গৃহনির্মাণের দুর্নীতির ব্যাপারে যাদের খ্যাতি আছে তাদেরই একজনকে একদিন দেখা গেল সন্ধ্যার পর ৩০০ বস্তা সিমেন্ট লরী করে বঙ্গাবাণীতে হাজির হলো কিন্তু ২০০ বস্তা সিমেন্ট তারা ডেলিভারী দিল আর ১০০ বস্তা সিমেন্ট রাতের অন্ধকারে কোথায় চলে গেল তার কোন হদিশ পাওয়া গেল না। এবং তারপরে ঐ ভাটাওয়ালাকে এরা চেপে ধরেন যে কিছু ফলস্ ভাওচার করে দেবার জন্য কিন্তু ভাটাওয়ালা কিছু অর্থের বিনিময়েও ফলস্ ভাউচার দিতে রাজী হল না। এই ভাউচার তাদের কেন দরকার হলো কেন না সরকার প্রদত্ত বিল্ডিং গ্রান্ট অন্য হিসাবের খাতায় ডাইভার্ট করার অপরাধকে চাপা দেবার জন্য। ১৯৫৭-৫৮-৫৯ এবং ৬০ সালের উপর্যুপরি অডিট রিপোর্ট-এ সি এ মুখার্জী মন্তব্য করেন যে এটা শুধু নিয়মের বিরুদ্ধাচরণ নয় বরং অর্থের ডিফালকেশান। এদের শিল্প বিভাগের একমাত্র উৎপন্ন বস্তু হচ্ছে বাইরের মিস্ত্রী দিয়ে তৈরী করা বেতের ঝুড়ি মোড়া সেটাও আবার অন্যকে উপহার দিয়ে দেওয়া হয়। তারপর জনৈক চীনা মিস্ত্রীকে দিয়ে কয়েক জোড়া জুতা তৈরী করা হয়—মুখ্যমন্ত্রী যার অধিকর্তা সেখানেও চীনা ঢুকে পড়লো—এই সর্বনেশে ব্যাপার যখন জানাজানি হয়ে গেল তখন নিশ্চয়ই আমার মনে হয় দেশপ্রেমিকরা এক্ষুণি মাননীয়া মুখুজ্যে গৃহিণীর কাছে যাতায়াত সুরু করে দেবেন যাতে মুখ্যমন্ত্রীর জন্য একটা ঘর খালি করে দেওয়া হয়। এর ফলে যে দুই এক জোড়া জুতা তৈরী হয়েছিল সেগুলি অন্য জায়গায় চালান করে দেওয়া হলো। সেগুলি অন্যকে উপহার দেওয়া হলো।

[1-10—1-20 p.m.]

এ ছাড়া আরও ব্যাপার হচ্ছে, বঙ্গবাণী কি জন্য জানি না, বঙ্গবাণীর কিসের প্রয়োজন হয় যে একটা বৃহৎ জুয়েলারী দোকান থেকে বঙ্গবাণী তার নিজের এ্যাকাউন্ট-এ ৭ হাজার টাকা জুয়েলারীর গহনা কিনেছিল। এটা কি [illegible]-এর জন্য, সেকথার কোন উল্লেখ নেই। কিন্তু ৭ হাজার টাকার গহনা বঙ্গবাণী মেয়েদের শিক্ষায়তন-এ কেন কেনা-বেচা হবে তা বুঝতে পারি না। এ ছাড়া রেডিওর দোকানে বঙ্গবাণী অর্ডার দিয়ে ১৮ হাজার টাকার মাল

তারা নিয়েছে, তার মধ্যে ১২ হাজার টাকার বেশী বাকি আছে এবং রেডিওগুলি কোথায় গেল এবং কিভাবে ব্যয় হয় তার কোন হদিশ জনসাধারণ জানে না। ভবানীপুরের বিখ্যাত খদ্দির দোকানেও প্রচুর পরিমাণে দেনা এই বঙ্গবাণীর আছে। শুধু তাই নয়, পাটওয়ালা, আলুওয়ালা, রিকসাওয়ালা, পান-বিড়ির দোকান থেকে শুরু করে নবদ্বীপে এমন কোন জায়গা নেই যেখানে বঙ্গবাণীর দেনা নেই। লোকে বঙ্গবাণীর নাম শুনলে আঁতকে ওঠে। এখানে গরুর গাড়ী চালায় বালি সরবরাহ করে তাদের কাছেও দেনা আছে। বঙ্গবাণীর বাড়ীর ঠিক নীচে গঙ্গা এবং বড় দানার বালি সেখানে পাওয়া যায়। এই বালি দক্ষিণ প্রান্ত থেকে, উত্তর প্রান্ত থেকে বালি সরবরাহ করা হয় গরুর গাড়ী থেকে ৩ টাকা দিয়ে। গাড়ীওয়ালা বলেছে যে বাঙ্গবাণী বড় ভাল, কেন না আমাদের ঠিক চড়া থেকে উপরে বালি তুলে দিতে ন্যায্য পক্ষে ৮ আনা লাভ হয়, কিন্তু আমাদের ও'রা ১৷৷৹ টাকা করে দেন, তবে আমাকে চালান লিখে সই করে দিতে হয় ৩ টাকা করে, ও'রা পান দেড় টাকা। এইভাবে কিছুদিন লাভ দিয়ে আমাদের কাছ থেকে বালি নিয়ে এক সংগে টাকা দেব বলে শেষকালে ৫০০ গাড়ীর দাম আমরা আজ পর্যন্ত পেলাম না। শিক্ষক-শিক্ষিকারা যাঁরা ছিলেন তাঁরা সব বিনা বেতনে আশায় থেকে তাঁরা দেশত্যাগ করে কর্ম-ত্যাগ করে চলে গেছেন—তাঁরা আর ওখানে নেই। রেক্টরের নিজস্ব গোষ্ঠ আছে। এখানে ৩০ টাকা গরুর আহার সংস্থান করা হয়, একটা ভ্যান আছে সেটা হরদম ছুটে বেড়ায়। এদের একটা সিনেমা প্রজেক্টার মেসিন আছে, একটা ডায়নামো আছে। পেট্রল খরচ করে করে নিজেরা যে ভ্যান-এ করে চরে বেড়ায় সেই পেট্রল খরচা বঙ্গবাণীকে দিতে হয়। গরুদের দেখার জন্য ৩।৪ জন রাখাল আছে। কিন্তু তার দুধ সাধারণ ছাত্ররা পায় না—বিশেষ বিশেষ ভাগ্যবানরা এটা পান। এই রেক্টার আবার নিজে মাহিনা নেন না—খদ্দর পরেন, হরীতকী চোষেন, একেবারে পাকা দেশপ্রেমিক উনি। উনি ঐ পিকিংপন্থীদের দুই চোখে দেখতে পারেন না, তিনি হরীতকী চোষেন, বেতন নেন না। তিনি মাইনে না নেবার ফলে তাঁর মালদহ সম্পত্তি থেকে মাত্র বাৎসরিক হাজার টাকা আয়, কি করে যে তাঁরা বলে জানি না? কিন্তু তিনি কলকাতায় পদ্মপুকুর রোডে ২০০ টাকা দিয়ে একটা ফ্ল্যাট ভাড়া করে রেখেছেন। তিনি অনবরত নবদ্বীপ থেকে কোলকাতায় ট্রাঙ্ক টেলিফোন করেন। এই সব টাকা কোথা থেকে আসে জানি না? আজ নবদ্বীপ, কাল কলকাতা, পরশু পণ্ডীচেরী এইভাবে তিনি চলছেন। এ ছাড়া আমার কাছে যে অনেক হিসাব আছে তা বলতে গেলে আমার সমস্ত বিষয় বলা হবে না তার বিশাল ফিরিস্তি আছে। যে কিভাবে প্রত্যেকটা ব্যাপারে কত লক্ষ লক্ষ টাকা এইভাবে অপব্যয় হয়ে যাচ্ছে। আমি সেইসব কথা পরে মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে জানাব। তবে আমি বলব যে এর সংগে তাঁর নাম জড়িত থাকা উচিত নয় এবার এতবড় একটা প্রতিষ্ঠানে পাপচক্র যখন ঢুকেছে এখুনি এর অবসান করে এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করে এই প্রতিষ্ঠানের একটা সুষ্ঠু ব্যবস্থা হোক এটাই আমি আবেদন করব। অপর পক্ষে আমি একটা ছোট জিনিষের কথা বলছি—খুব গুরুত্বপূর্ণ ব্যাপার—সেটা হচ্ছে প্রতিরক্ষার ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বাংলাদেশের ভেতর গোপনে গোপনে একটা স্থলবাহিনী, একটা নৌবাহিনী এবং একটা বিমানবাহিনী গড়ে উঠেছে, আমাদের দেশের এই প্রতিরক্ষা ব্যবস্থাকে বিপর্যস্ত করে তোলার জন্য। আমি আপনার মাধ্যমে সমগ্র হাউসের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে, কতবড় দুর্জয় সাহস থাকলে আমাদের দেশের ভেতরে এই স্থলবাহিনী, বিমানবাহিনী, এবং নৌবাহিনী গড়ে ওঠে; এবং এরা সম্ভ্রান্ত লোকের কাছে গিয়ে তাদের ভাঙ্গিয়ে নেবার চেষ্টা করছে, আনতে চেষ্টা করছে এই বাহিনীর ভেতরেতে। এই যে স্থলবাহিনী, নৌবাহিনী এবং বিমানবাহিনী গোপনে হয়েছে তার কমিশন্ড অফিসার পদ নেবার জন্য বিভিন্নভাবে চক্রান্ত চলেছে। আমি জেনেছি যে, আমাদের এই হাউসের নেপালবাবুকে নৌবাহিনী এবং বিমানবাহিনী থেকে টানাটানি করছে যাতে তাঁকে ঐ কমিশন্ড অফিসার-এর পদে নিয়োগ করা যায় কি না, সেজন্য এবং আমি আরো সন্দেহ করছি মাননীয় সদস্য নরেন্দ্রনাথ সেন মহাশয়কেও না কি বিমান বাহিনীতে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। এই যে বাহিনী তৈরী হয়েছে এর মূল পরিচালক কিন্তু মন্ত্রীদপ্তরের ভেতরেই আছেন—তাঁর পরিচালক হচ্ছেন শ্রীজগন্নাথ কোলে মহাশয়, এবং সেটা হচ্ছে আবগারী বিভাগ।

যাঁরা গুলি খান, যাঁরা মোদক খান, যাঁরা কোকেন খান, তাঁরা স্থলপথে চলেন, তাঁরা স্থলবাহিনী; যাঁরা বোতলেশ্বরী বা ভাণ্ডেশ্বরী সেবা করেন তাঁরা নৌবাহিনী ; আর যাঁরা গাঁজা, চণ্ডু প্রভৃতি পান করে চলেন তাঁরা হলেন বিমানবাহিনী। আর যাঁরা গাঁজা, চণ্ডু, চরস, বা এক সঙ্গে ধোঁয়া পান করেন তাঁরা জেটজ্ঞিগর পাইলট। আমাদের নেপাল রায় হচ্ছেন জেটজ্ঞিগর পাইলট। আর নরেন সেন মহাশয় বোধ হয় বিমানবাহিনীতে ঢুকেছেন তা না হলে এরকম কথা সোমনাথবাবু সম্বন্ধে নেপাল রায় কালকে বলে গেছেন, এ দেখে মনে হয় তিনি জেটজ্ঞিগ করে বেড়াচ্ছেন। নরেন সেন মহাশয় সেদিন যে কথা বললেন যে, আর একটা কমিউনিস্ট পার্টি নাকি আন্ডার গ্রাউন্ডে তৈরী হচ্ছে এবং সোমনাথবাবুও তাতে আছেন। এতে তাঁকে বিমানবাহিনীর লোকই বলে মনে হচ্ছে। কাজেই এসব এরা ফিফ্‌থ্‌ কলমের সদস্য, আমি এদের সম্বন্ধে হুঁশিয়ার করে দিচ্ছি, এরা প্রতিরক্ষাকে বানচাল করবে।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার, স্যার, দোল উৎসব দিয়েই আমি আমার বক্তব্য আরম্ভ করছি, এবং ঘাটালের একটি ঘটনা এখানে রাখছি।

গত হোলি উৎসব উপলক্ষে ঘাটাল মহকুমা-শাসক সহ অন্যান্য কয়েকজন ব্যক্তিদের প্রচারিত আবেদনে ঘাটালে গত ১১—৩—৬৩ তারিখে দারুন অস্বস্তি ও বিশৃংখলা ঘটে। উক্ত আবেদনপত্রের ৬ দফায় উল্লেখ ছিল যে, দোলের শোভাযাত্রা ও উৎসবের সময় ১১।৩।৬৩ বেলা ২ ঘটিকা হইতে রাত্রি ১০ ঘটিকা। ঐ ঘাটালে আদালত ও অন্যান্য অফিস বেলা ২টা হইতে আরম্ভ হইয়াছিল, আবেদনপত্রের নির্দেশ পালনের জন্য অতি-উৎসাহী ব্যক্তিগণ বিশেষ উৎসাহ সহকারে সহরে বিপুল উদ্যমে হোলির তাণ্ডব খেলা চালায়। ঘাটালবাসী ও বহিরাগত ব্যক্তিগণ তাহাদের অতর্কিত আক্রমণে অতিমাত্রায় বিব্রত, নাস্তানাবুদ ও ক্ষতিগ্রস্ত হয়। ঘাটালের প্রচলিত প্রথানুযায়ী দোলের দিন বেলা ১টা পর্যন্ত রং খেলা হয়।

[1-20—1-30 p.m.]

দ্বিতীয় দিনে কোন প্রকার উৎসব হয় নি। ঘাটাল মহকুমা-শাসক সহ বিশিষ্ট ব্যক্তিদের আবেদন সহরে বিভ্রান্তি ও বিভ্রাটের সৃষ্টি করেছে। বর্তমানে দেখা যাচ্ছে কাজের অপেক্ষা অকাজেই সবাই অতিমাত্রায় ব্যস্ত। আবেদনপত্রখানি নিম্নরূপ, আমি আর পড়লাম না। স্যার, বন বিভাগের যে অবস্থা যে সমস্ত নিম্নতম কর্মচারী তাদের সম্বন্ধে যে দাবী-দাওয়া সম্বন্ধে এই সরকার কোন ব্যবস্থা করেন নি। বনবিভাগে যারা কাজ করেন তাঁদের যে ইউনিফর্ম এক সুট মাত্র দেওয়া হয়েছে—তাদের ছুটি-ছাটার কোন ব্যবস্থা নেই। তাদের কোন সিডিউল্ড ডিউটি নেই এইভাবে বন-সম্পদ যাতে আমাদের যথেষ্ট আয় হোত সেখানে যা আয় হওয়া দরকার ঠিক ততখানি আয়ে হচ্ছে না। কারণ উচ্চ কর্মচারীরা যথেষ্ট সুযোগ-সুবিধা ভোগ করেন আর নিম্নতম কর্মচারীদের দিকে কোন রকম দৃষ্টি নেই। বন-সম্পদে ১৯৫৯-৬০ সালে ১ কোটি ৫৮ লক্ষ ৮৩ হাজার, ১৯৬০-৬১ সালে ১ কোটি ৬৭ লক্ষ ৮৬ হাজার, ১৯৬১-৬২ সালে ১ কোটি ২৭ লক্ষ ৯৭ হাজার, ১৯৬১-৬২ সালে ১ কোটি ৭০ লক্ষ ২১ হাজার—আর ১৯৬২-আয় হয় আর ব্যয় হয় ১৯৫৯-৬০ সালে ১ কোটি ৮ লক্ষ ১৫ হাজার, ১৯৬০-৬১ সালে ১ কোটি ২৭ লক্ষ ৯৭ হাজার, ১৯৬১-৬২ সালে ১ কোটি ৭০ লক্ষ ২১ হাজার—আর ১৯৬২-৬৩ (রিভাইজড) ১ কোটি ৭৪ লক্ষ ৮০ হাজার; কাজেই এই অবস্থায় আমাদের যা আয় হচ্ছে প্রায় সবই ব্যয় হয়ে যাচ্ছে। কিন্তু বন সম্পদ যদি আমরা উন্নত করি, নিম্নতম কর্মচারীদের দাবী-দাওয়ার দিকে যদি আমরা লক্ষ্য রাখি এবং সেখানে গাছ বিক্রি হয় যদি ঠিক মত বন সম্পদকে আমরা গড়ে তুলি তাহলে আমাদের এখানে যথেষ্ট লাভ হয়। কিন্তু দেখা যাচ্ছে যে এই রকম কোন ব্যবস্থা নেই। তারপর স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেন্ট, সেখানকার কর্মচারীরা যেভাবে কাজ করে, এ্যাসিস্ট্যান্ট ইনভেস্টিগেটার তাদের যে দাবী-দাওয়া সেদিকে বিশেষ নজর দেওয়া হয় না। তাদের যে মাইনে তারা পায় ১২৫ থেকে ২০০ টাকা। অথচ যারা ইনভেস্টি-গেটর তারা যে মাইনে পায় তা হচ্ছে ২৫০ টাকা থেকে ৩২৫ টাকা। তাই এ্যাসিস্ট্যান্ট ইনভেস্টিগেটারদেরই সব কাজ চালাতে হয় এবং তাদের যখন সাসপেনসন হয় এটা একটা লজ্জার কথা। তাদের এক সুট করে পোষাক দেওয়া হয়। তারা দিনরাত্রি সেই পোষাক পরে কাজ

করে। বন সম্পদে আমাদের যথেষ্ট খরচ হচ্ছে কিন্তু সে রকম কোন আয় হচ্ছে? সেদিকে আমি সরকারের দৃষ্টি নিবদ্ধ করছি। স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারে আমাদের শঙ্করদাসবাবু যেকথা বললেন যে ভাড়া বাড়াতে হবে—কেন ভাড়া বাড়াতে হবে একথা আমরা বুঝতে পারলাম না। কারণ এ পর্যন্ত স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনের যে খরচের হিসাব আমরা পেয়েছি, যা সংবাদপত্রে বেরিয়েছে তাতে ভাড়া বাড়ার কোন প্রশ্ন নেই। ১৯৬৩-৬৪ সালের, ১৯৬২-৬৩ সালের হিসাব আমরা পাই নি—আনন্দবাজারে স্টেট ট্রান্সপোর্টের রিপ্রেজেন্টেটিভ বলেছেন করপোরেশনের আর্থিক অবস্থা সম্পর্কে রাইটার্স অভিযোগ ভিত্তিহীন বলিয়া করপোরেশনের কর্তৃপক্ষ তরফের মনান্তর হয়—বলা হয় যে সরকার প্রদত্ত মূলধনের যে শতকরা ৪ হারে সুদ দিয়া এবং ট্যাক্স ও সমস্ত খরচ মিটাইয়া ১৯৬০-৬১ সাল হইতে করপোরেশনের যথেষ্ট লাভ থাকিতেছে। আর ঐ লাভ হইতে পাঁচ দফার রিজার্ভ ফান্ডে প্রতি বছর অধিক হারে অর্থ জমা থাকিতেছে। জানা যায় যে এই সম্পর্কে করপোরেশনের আয়-ব্যয়ের যে হিসাব অনুমোদিত হইয়াছে এবং পাঁচ দফার রিজার্ভ ফান্ডে নিম্নোক্ত পরিমাণ অর্থ জমা হইয়াছে এবং হইবে বলিয়া হিসাব ধরা হইয়াছে।

১৯৬০-৬১ সালের শেষে ১ কোটি ১৩ লক্ষ টাকা, ১৯৬১-৬২ সালের শেষে ১ কোটি ৯৬ লক্ষ টাকা, ১৯৬২-৬৩ সালের শেষে ২ কোটি ৬১ লক্ষ টাকা এবং আগামী বছর ১৯৬৩-৬৪ সালের শেষে ৩ কোটি ৮ লক্ষ টাকা—এই রিজার্ভ ফান্ডে যাবে, এই সমস্ত খরচ-খরচা মিটিয়ে দেবার পরে। আমাদের কাছে স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনের আয়-ব্যয়ের হিসেব দেওয়া হয় নাই, আমরা দেখতে পাই নি। আমাদের অর্থমন্ত্রী শঙ্করদাস ব্যানার্জি সেদিন বললেন—ভাড়া বাড়বে। ডিজেল অয়েল, পেট্রল ও মোটর পার্টসের দাম বাড়ছে। অতএব ভাড়া বাড়বে, দাম বাড়বে। করপোরেশনের যদি এই হিসেব হয়, যদি যথেষ্ট লাভ হয়, তাহলে কেন ভাড়া বাড়বে? একথা আমি বুঝতে পারছি না। স্যার, সেখানকার যারা কর্মচারী কাজ করেন, তাঁদের যে সমস্ত দাবী-দাওয়া নিয়ে তাঁরা আন্দোলন করেন, সেখানে যে বদলী প্রথা ছিল তা তুলে দেবার জন্য একদিন তাঁরা টোকেন স্ট্রাইক করেন। যেহেতু শ্রমমন্ত্রী এ বিষয়ে ইন্টারভিন করেন, সেইজন্য সেই ধর্মঘট তাঁরা তুলে নেন। গত বছর থার্ড আগস্ট তাঁরা ডেপুটেশনে শ্রমমন্ত্রীর সঙ্গে দেখা করেন এই নিয়ে, কিন্তু সেই বদলী প্রথা আজও রদ হয় নাই। মন্ত্রী মহাশয় বললেন যে বদলী প্রথা রদ হয়ে যাবে। তাঁরা বোনাস দাবী করেন। আমরা জানি ডঃ বিধানচন্দ্র রায় ১৯৬১ সালে বোনাসের দাবী সম্পর্কে ঘোষণা করেন—যাঁরা একশো টাকা বেতন পান তাঁরা পূজার সময় ৩০ টাকা অতিরিক্ত বেতন অ্যালাউন্স হিসাবে পাবেন এবং পরে স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন যে হিসেবপত্র লেবার দপ্তরে দাখিল করা হবে, তা থেকে যদি বোঝা যায় কর্মচারীরা বোনাস পাবার উপযুক্ত, তাহলে নিশ্চয়ই তাঁদের বোনাস দেওয়া হবে। কিন্তু সেই বোনাসের ব্যাপারে এই আন্দোলনের ফলে যে ট্রাইবুনাল বসেছে, আজ পর্যন্ত স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন সেই ট্রাইবুনালের কাছে ১৯৬০-৬১ সালে হিসেব দাখিল করেছেন; কিন্তু ১৯৬১-৬২ সালের হিসেব এখনো তাঁরা উপস্থিত করতে পারেন নি। আর অন্যান্য ব্যাপার নিয়ে স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনের সঙ্গে মন্ত্রিমহাশয় কথা বলেছেন। সেই সমস্ত দাবী-দাওয়া নিয়ে তাঁদের সঙ্গে মিটমাটের কথা বলে দিয়েছেন। এ পর্যন্ত স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন কর্মচারীদের সেই সমস্ত দাবী-দাওয়া নিয়ে আলোচনা করেন নাই বা কোন ব্যবস্থা সে বিষয়ে সেখানে হয় নাই।

তারপর স্যার, সংবাদপত্রে দেখলাম এবং তা দেখে মনে একটু আনন্দ হলো যে ডি ভি সি সম্বন্ধে এই হাউসে যে সমস্ত আলোচনা হয়েছিল বিশেষতঃ তার চেয়ারম্যান লাল সম্বন্ধে এবং অন্যান্য কর্মচারী সম্বন্ধে, তাতে আজকে সংবাদপত্রে দেখলাম ডি ভি সি-র চেয়ারম্যান মিঃ লালকে সেখান থেকে সরিয়ে সেখানে কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ দপ্তরের সচিব শ্রী এস আর সচদেবকে চেয়ারম্যানের পদে বসান হচ্ছে এবং তিনি সেখানে চেয়ারম্যানের স্থান গ্রহণ করবেন। এটা আমাদের অ্যাসেমব্লীতে এই সব যে আলোচনা হয়েছিল, তার যে ফলাফল, তা যে কার্যকরী করা হয়েছে সে বিষয়ে আমাদের মনে কোন সন্দেহ নাই।

তারপর সেচ দপ্তর তাঁরা স্থির করেছেন, বিভিন্ন যে সমস্ত রাষ্ট্র আছে বাংলাদেশের যে সেচের ব্যবস্থা তা বাংলাদেশের সরকারের হাতে দেবেন এবং বিদ্যুতের ব্যবস্থা ও অন্যান্য ব্যবস্থা ডি ভি সি-র হাতে থাকবে। এই যে ঘটনা এ একটা আনন্দের বিষয়—এ বিষয়ে কোন সন্দেহ নাই।

তারপর গভর্নমেন্ট কতকগুলি কর্মচারীকে ডিসচার্জ করেছেন—তারা হঠাৎ অবশ্য একটা সংবাদ পেয়ে হয়ত করেছেন, যাঁরা ৮, ১০, ১২ বছর, ১৩ বছর ১৯ বছর আপনাদের কাজ করছেন, আপনাদের ফুড ডিপার্টমেন্টে কাজ করছেন, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ-এ কাজ করছেন শ্রীনারেন গুপ্ত ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর সিনিয়র এ্যাকাউন্টেন্ট, শ্রীচিত্ত সেন ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর এল ডি এ্যাসিস্ট্যান্ট ১৭ বছর কাজ করেছেন। দয়াল সান্যাল, ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর এল ডি এ্যাসিস্ট্যান্ট ১৩ বছর কাজ করেছেন; দিলীপ সেন, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট-এ সেটেলমেন্টের আমীন ১০ বছর কাজ করেছেন। শম্ভু দয়াল, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট-এর পেশকার ৮ বছর কাজ করেছেন, আমাদের গভর্নমেন্ট হঠাৎ তাদের ডিসচার্জ করেছেন, তাদের সম্বন্ধে যথাযথ খবরাখবর না নিয়ে—

[1-30—1-40 p.m.]

কাজেই তাঁরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তাঁদের আবেদন জানিয়েছেন যে, তাঁদের সেখানে অনুসন্ধান করা হোক এবং পুনর্বিবেচনা করা হোক এবং যে-কোন শর্ত আরোপ করা হবে, সেই শর্ত অনুসারে তাঁরা কাজ করতে প্রস্তুত। যারা এতদিন ধরে কাজ করছে, এই সমস্ত গরিব কেরানী, তাদের এইরকমভাবে ডিসচার্জ করাটা খুব সঙ্গত বলে আমি মনে করি না। এতক্ষণ আমি স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেন্টের কথা বললাম। এবার আমি এক্স-সার্ভিসমেনদের সম্বন্ধে কিছু বলতে চাই। মিঃ স্পীকার, স্যার, এক্স-সার্ভিসমেন যাঁরা আছেন, যাঁরা গত যুদ্ধে কাজটাজ করেছেন তাঁদের কথা বলব। সকলে জানেন, আজাদ হিন্দ ফৌজের কর্মচারীদের যখন বিচার হয়, সেই সময় যেসমস্ত ভারতীয় সৈন্য ইংরাজের অধীনে ছিল, তাদের মধ্যে সেই বিচারের ফলে এক বিরাট চাঞ্চল্য আসে, এবং তাঁরা বৃটিশ গভর্ণমেন্টকে জানিয়ে দেন যে, তাঁরা আর বৃটিশ গভর্ণমেন্টকে সাহায্য করবেন না। এই সমস্ত সৈন্য, এক্স-সার্ভিসমেন যাঁরা বর্তমানে এখানে আছেন, তাঁরা যথেষ্ট সাহায্য পাচ্ছেন না, তাঁরা পুত্রকন্যা নিয়ে দুঃখকষ্ট ভোগ করছেন, তাঁদের মধ্যে অনেক বেকার রয়েছে, তাঁদের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য সরকার কিছু কিছু সাহায্য করেন, কিন্তু, সেই সাহায্য যথেষ্ট নয়। যাতে প্রত্যেকের একটা ইকনমিক রিহ্যাবিলিটেশন হয়, সেজন্য সেইদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর স্যার, আমাদের যে লুম্বিনী পার্ক মেন্টাল হসপিট্যাল আছে, সেখানকার যিনি সুপারিন্টেন্ডেন্ট, তিনি হচ্ছেন নন-মেডিক্যাল ম্যান। সেখানে সরকার থেকে সাহায্য দেওয়া হয় এবং সরকার তাদের একটা ডিরেকশন দিয়েছিলেন যে, সেখানে একজন অফিসার, মেডিক্যালম্যানকে নিয়োগ করবার জন্য। কিন্তু এ পর্যন্ত সেখানে কোন মেডিক্যালম্যান নিয়োগ করা হয় নি। নানারকম ষড়যন্ত্র করে, চালাকি করে এই রকমভাবে ব্যবস্থা করা হয়েছিল। অ্যাডভার্টাইজমেন্ট করে লোকের কাছ থেকে অ্যাপ্লিকেশন পর্যন্ত চাওয়া হয়েছিল যে মেডিক্যাল ম্যানকে সুপারিন্টেন্ডেন্ট করা হবে। কিন্তু শেষ পর্যন্ত সেখানে মেডিক্যাল ম্যানকে সুপারিন্টেন্ডেন্ট করা হয় নি। সেখানে কোন কোয়ালিফায়েড নার্স, মেট্রন ইনচার্জ নেই। সেখানে এই রকম সব অব্যবস্থা চলেছে। তারপর মেডিক্যাল কলেজে নিউরোলজি ডিপার্টমেন্টে কিরকমভাবে কাজ চলেছে দেখুন। সেখানে জুনিয়ার হাউস ফিজিসিয়ান যিনি আছেন, তিনি কখনও হয়ত সেখানে এক ঘণ্টা বা দু ঘণ্টার জন্য যান, ফলে সেখানকার কাজ ঠিকমত, ঠিকভাবে পরিচালনা করা সম্ভব হয় না। তারপর সেখানে একজন অনারারী হাউস ফিজিসিয়ান আছেন, তিনিও মাত্র এক ঘণ্টা দুই ঘণ্টার জন্য সেখানে যান। তা ছাড়া অনেক স্পেশালিস্ট আছেন, তাঁরা চান সেখানে কাজ করবেন। কিন্তু সরকারের যে নিয়ম, তাতে দেখা যায়, তাঁরা কোন অনারারী লোককে সেখানকার কাজে নিয়োগ করবেন না। অথচ দেখা যাচ্ছে সেখানে একজন অনারারী হাউস ফিজিসিয়ান রয়েছে, তিনি সেখানে সপ্তাহে মাত্র একটা দিন, এক ঘণ্টা, দু ঘণ্টার জন্য যান। এই রকম স্পেশালিস্ট বহু আছেন, তাঁরা অনারারী ভাবে কাজ করতে পারেন; কিন্তু, তাঁদের রাখবার জন্য সেরকম কোন ব্যবস্থা কর্তৃপক্ষের তরফ থেকে করা হচ্ছে না। কাজে কাজেই আমাদের সামনে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এসেছে, টাকা চাওয়া হচ্ছে, সেখানে যে সমস্ত বিষয়ে দাবী উঠেছে, বিশেষতঃ স্টেট বাসের অতিরিক্ত ভাড়া বাড়ানো সম্বন্ধে আমি যেকথা বললাম যে, ভাড়া বাড়াবার কোন সঙ্গত কারণ আমি খুঁজে পাচ্ছি না, সেই বিষয় আমি শঙ্করবাবুর দৃষ্টি বিশেষ করে আকর্ষণ করতে চাই

যাতে করে অস্বাভাবিক ভাড়া বাড়ান না হয়। ভাড়া যদি বাড়াতে চান তা হলে নিশ্চয়ই বলবেন যে, অন্য জায়গায় ভাড়া বেশি, আমাদের এখানে ভাড়া কম, সেখানে আমার কথা হচ্ছে যে, স্টেট বাসের আয়টা যদি যথেষ্ট হয় এবং তাতে যদি খরচা চলে যায় তা হলে জোর করে লোকের উপর ভাড়া বাড়ানোর চেষ্টা হবে কেন? এবং যদি ভাড়া বাড়ান হয় তা হলে এর জন্য একটা বিশেষ অসন্তোষের সৃষ্টি হবে এবং তার ফলে আমরা ক্ষতিগ্রস্ত হব। সেইজন্য বলছি, যাতে ভাড়া বাড়ান না হয়, সেদিকে সরকার দৃষ্টি দেবেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই আলিপুরদুয়ারের দু-একটি ঘটনার কথা উল্লেখ করব। খাদ্য দপ্তর বা সেই সম্বন্ধে এখানে বরাদ্দ রাখা হয়েছে টাকার জন্যে এবং সেখানে আলিপুরদুয়ার জংশনে যে কে-অপারেটিভ আছে—রেলওয়েমেন্স কো-অপারেটিভ—সেই কো-অপারেটিভকে আপনার এম আর শপ চালানর দায়িত্ব দেওয়া হয়। সেখানে খাদ্য দপ্তরের অপদার্থতা এমনই, যোগসাজস আছে কিনা তা এখনই আমি বলতে পারব না, ওখানে রিলিফ অফিসার তাদের দেখাশোনা যেরকম করেন তাতে দেখতে পাচ্ছি যে, গত পাঁচ বৎসর ধরে তারা রেলওয়ে জংশনে যেসমস্ত এমপ্লয়িজ থাকে তাদের যে রেশন কার্ড সেই রেশন কার্ডের নামেই তারা চাল বের করেছে, গম বের করেছে এবং সেগুলো সেই রেলওয়ে কর্মচারীদের না দিয়ে তারা বাইরের বাজারে বেচে দিয়েছে। কিছুদিন আগে, ৪।৫ বৎসর এই অসাধুতা চলার পর এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চের তরফ থেকে সেটা ধরা হয় কিন্তু যেরকমভাবে গদাই লস্করী চালে সেই তদন্ত প্রভৃতি চলছে তাতে আলিপুরদুয়ার জংশনের যারা কর্মচারী তারা তো বটেই, সঙ্গে সঙ্গে আলিপুরদুয়ারের যাঁরা স্থানীয় অধিবাসী তাঁদের মনেও একটা আশঙ্কা এসে দাঁড়িয়েছে যে, কেসটা হাস-আপ করে দেবার চেষ্টা চলছে এবং যাতে এই দুর্নীতি ধামা চাপা পড়ে যায় সেই রকমের ব্যবস্থাই সেখানে হচ্ছে। তার কারণ, লোকে সত্যিই মনে করে এবং আমাদেরও মনে হয় ওখানকার অফিসাররা এই কো-অপারেটিভের পিছনে আছেন এবং ঐ এম আর শপের যে দুর্নীতি সই দুর্নীতির সঙ্গে জড়িয়ে আছেন সেইজন্যই এই গোটা জিনিসটাকে ধামা চাপা দেবার চেষ্টা চলছে।

ঠিক তেমনি আলিপুরদুয়ারে একটি মদের দোকানের ব্যাপারে দীর্ঘকাল ধরে আলিপুরদুয়ারের লোক এবং তার আশেপাশের লোক তারা সেই মদের দোকানের বিরুদ্ধে আপত্তি দিয়ে এসেছেন। মাঝখানে মদের দোকান বন্ধ ছিল নানা কারণে, কিন্তু হঠাৎ দেখলাম একেবারে সাজ সাজ রব পড়ে গেল, এক্সাইজ পুলিশ, তার সুপারিন্টেন্ডেন্ট, তাঁরা জলপাইগুড়ি থেকে চলে আসলেন, আলিপুরদুয়ারের পুলিশ মহাসমারোহে আসলেন এবং একটি আধিয়ারকে উচ্ছেদ করে ডিলারকে উচ্ছেদ করে, সবাই থেকে তাঁরা সেখানে মদের দোকানটা বসালেন। সেখানে আপত্তি দেওয়া হল, আমি নিজেও ঠিক করেছিলাম যে, সেখানে গিয়ে আপত্তি দেব এবং সত্যাগ্রহও আরম্ভ করেছিলাম কিন্তু এই ন্যাশনাল ইমার্জেন্সির সুযোগ নিয়ে সেখানে আন্দোলন করা যেহেতু উচিত ছিল না সেই সুযোগ নিয়ে আজকে দেখতে পাচ্ছি এক্সাইজ কর্তৃপক্ষ তারা তাদের সেই রেভিনিউর লোভে সেখানে জোর জবরদস্তি করে দোকান খুলে দিলেন। বহু আপত্তি সত্ত্বেও, আমাদের আপত্তি সত্ত্বেও, পাবলিকের আপত্তি সত্ত্বেও এই জিনিসগুলি ঘটে যাচ্ছে।

এরপর, বনবিভাগ সম্বন্ধে, মাননীয় হেমন্তবাবু বলেছেন, বনবিভাগ সম্বন্ধে এখানে দু-একটি কথা বলা দরকার। সেখানে যারা ফরেস্ট ভিলেজার্স তারা যে কি দুঃসহ অবস্থার মধ্যে দিন কাটায় তা বলা কঠিন, মানে অনুমান করা যায় না। ঘর সেরকম ধরণের নেই। যোগাযোগ নেই। জঙ্গলের মধ্যে কিছু কিছু কুঁড়ে ঘর থাকে সেখান থেকে বাইরে বেরোবার কোন রাস্তা ঠিকমত হয় না। ছেলেপিলের লেখাপড়া শিখাবার জন্য প্রাইমারি স্কুল কিছু দূরে দূরে হয়েছে বটে, কিন্তু সেখানে যে ছাত্রদের পাঠাবে সে অবস্থা থাকে না। তাদেরকে বলতে পারা যায়, মধ্যযুগীয় সার্ফ হিসাবে ট্রিট করা হচ্ছে আজকের যুগেও।

[1-40—1-50 p.m.]

বছরে কিছু জমিতে চাষ করবার অধিকারের বিনিময়ে তারা কি পায়? তা ছাড়া অন্যান্য কাজে যে মজুরী তারা পায় তা ঠিকেদারী হিসাবে কার, অথচ তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। এ ছাড়া যারা ফরেস্ট কর্মচারী সেখানেও দেখতে পাচ্ছি তাদের জঙ্গলের মধ্যে থাকতে হয়, যার ফলে

আজকে যে চলতি বাজার তা থেকে হয়ত কিছু সস্তায় তারা পাচ্ছে, কিন্তু সেই নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম ক্রমশ চড়ে যাওয়ায় তাঁরা কম্পেনসেটরি অ্যালাউয়্যান্স দাবি করেছেন। কিন্তু সেই দাবির এখনও পর্যন্ত সরকার কিছু করেন নি। সেখানে কর্মচারীদের তরফ থেকে বলা হয়েছে তাদের ছেলেমেয়েদের লেখাপড়া শেখানর জন্য রিজিওন্যাল বেসিস-এ অন্ততপক্ষে রেসিডেন্সিয়াল সেকেন্ডারি স্কুলস খোলা দরকার; কিন্তু সেই দাবি পড়ে আছে, এখনও পর্যন্ত তার কোন মীমাংসা হয় নি। একদিকে যখন এই অবস্থা চলছে—স্বাস্থ্য সম্বন্ধে দেখুন সেখানে মেডিক্যাল অ্যামেনিটিজ দেওয়ার কোন ব্যবস্থা নেই, যার ফলে অনেক সময় দেখা গেছে যে, শহরে গিয়ে ট্রিটমেন্ট করার আগেই রোগীর অবস্থা জটিল হয়ে পড়েছে। অন্যদিকে দেখুন, টি এ হিসাবে ফরেস্ট ডিপার্টমেন্ট যেটা ধরা হয়েছে তার মোটা অংশ যারা অফিসার তাদের টি এ হিসাবে যায় এবং তাঁরা তাঁদের টি এ বিল তাড়াতাড়ি পেয়ে থাকেন, কিন্তু যাঁরা সাধারণ কর্মচারী তাঁদের টি এ বিল আনপেড পড়ে আছে। অফিসারস সেখানে গিয়ে কি করেন, তাঁরা গেলে ফরেস্ট বাংলোতে উঠেন। আগের দিনে অফিসাররা ফরেস্ট সম্পদ বাড়ানোর দিকে সবরকম নজর দিতেন; কিন্তু আজকে এমনি এফিসিয়েন্সি ফরেস্ট ডিপার্টমেন্টএর বেড়েছে, তৎপরতা বেড়েছে যে বলার কথা নয়। ফরেস্ট অফিসারস যাঁরা কলকাতা থেকে যান, বা ডিভিসনাল অফিসারস যাঁরা যান তাঁদের কেউ হয়ত শিকারে যাচ্ছেন। সেখানে ফরেস্ট সম্পদ বাড়ানোর জন্য কি করা দরকার না দরকার সেদিকে নজর দেন না। এটা সবাই স্বীকার করবেন সেখানে বিভিন্ন ধরনের অ্যালটমেন্ট থাকা উচিত ছিল, কিন্তু সেই অ্যালটমেন্টগুলি কমে যাচ্ছে। উপরতলায় যে মাথাভারী শাসন সেটা দিনের পর দিন অধঃপতে যাচ্ছে। পুকুর চুরি হয়, গাছ চুরি, বনকে বন চুরি হয়ে যাচ্ছে কিন্তু সেগুলি ধরার কোন চেষ্টা হচ্ছে না। অন্যদিকে দেখছি সাধারণ কর্মচারীদের সাসপেন্ড করা হচ্ছে, ফ্লিমজি গ্রাউন্ড-এ বরখাস্ত করা হচ্ছে অফিসারের মন জুগিয়ে চলে নি বলে। তার ফলে তারা কোর্টের আশ্রয় নিচ্ছে—আর কোর্ট থেকে রায় বেরুলে হাজার হাজার টাকা কম্পেনসেশন দেওয়া হয় এবং রি-ইনস্টেট করতে হয়। এই অপব্যয়গুলি দূর করা দরকার। অন্যদিকে স্টেট বাস সম্বন্ধে মাননীয় হেমন্তবাবু বলেছেন যে, স্টেট বাস-এর ভাড়া বৃদ্ধির কোন কারণ হতে পারে না এবং গভর্নমেন্টের তরফ থেকে সেই সিদ্ধান্ত নেওয়া উচিত যাতে ভাড়া না বাড়ে। ওই ধরনের চাপ সাধারণ মানুষের উপর চাপালে তাতে ক্ষতি হবে। যতই জরুরি অবস্থায় করা হোক না কেন জনসাধারণের মন তাতে সরকার পাবেন না। এই প্রসঙ্গে আমি বলতে চাই, স্টেট বাস-এর খরচ কমানোর জন্য কয়েন বক্স সিস্টেম করেছেন। যারা শেষ ট্রিপ-এর কন্ডাক্টর তাদের জন্য ক্যাশিয়ার থাকবে না টাকা জমা নেবার জন্য, কারণ খরচ কমান হচ্ছে। শেষ ট্রিপ-এর কন্ডাক্টর গিয়ে টাকা-পয়সা জমা রাখবেন ক্যাশ বাক্সে। তার জন্য কোন রসিদ পাবেন না এবং পরের দিন সকালবেলায় সেই যে কন্ডাক্টর জমা রেখে গিয়েছেন তাঁর অনুপস্থিতিতে দু-চারজন পেটোয়া কন্ডাক্টর-এর সামনে সেই বাক্স খোলা হবে। যদি দেখা যায়, দুই-এক টাকা কম হয়েছে তখন তাকে বলা হয়, তোমাকে এটা দিতে হবে। এবং তা যদি না দেয় তা হলে চার্জসীট হবে, সাসপেন্ডেড হবে, এমন কি ডিসমিস পর্যন্ত হতে পারে এবং অসাধু কর্মচারী হিসাবে নাম কিনবে। কিন্তু এই ঘটনাই একটা করাপশনের সোর্স এবং ভিক্টিমাইজেশনের সোর্স সেটা তারা ব্যয় কমানোর জন্য করা হয়েছে বলছেন, সেখানে আমরা কি দেখছি ব্যয় একই আছে, কারণ সেখানে দেখছি ক্যাশিয়ারের সংখ্যা কমে নি বরং আরও বেড়েছে, কন্ডাক্টরদের বিভিন্ন জায়গায় পাঠান হয় তাদের সামনে কিছু লোককে বসিয়ে রেখে তাদের সামনে খোলা হয় সুতরাং খরচপত্র যে কমেছে তা নয়। অন্য দিক দিয়ে দেখতে পাচ্ছি, এই ক্যাশিয়ারদের একটা সুযোগ দিয়ে দেওয়া হয়েছে যাতে কন্ডাক্টররা যদি কিছু সেলামী না দেয় তা হলে তাদের বিরাগভাজন হবে। হয়ত তার জন্য তাদের সাসপেন্ডেড হয়ে থাকতে হতে পারে, এমন কি ডিসমিস পর্যন্ত হতে পারে। সেই দুর্নীতির জায়গা অবিলম্বে বন্ধ করে দেওয়া দরকার। এর পর শ্রমদপ্তর সম্বন্ধে দুই-একটি কথা বলব। আজকাল ইমপ্লিমেন্টেশন কথাটা খুব শোনা যায়। ইমপ্লিমেন্টেশনের ব্যাপারে অনেক নতুন আইন হয়েছে। ওয়েজ বোর্ড দ্বারা ইমপ্লিমেন্টেশন করা দরকার, ইন্টারিম অ্যাওয়ার্ড ওয়েজ বোর্ড অনেক দিয়েছে সেগুলি ইমপ্লিমেন্ট করা দরকার। ইমপ্লিমেন্টেশনের জন্য অ্যাওয়ার্ড হউক বা এগ্রিমেন্টএর জন্য হউক বা বিভিন্ন রায়ের জন্য হউক এগুলিকে ইমপ্লিমেন্ট করবার জন্য শ্রম-দপ্তর যে কর্মতৎপরতা থাকা দরকার ছিল তা এখন পর্যন্ত হয় নি। মাননীয় শ্রমমন্ত্রী এখানে

উপস্থিত নাই। তিনি হয়ত বলবেন যে, আমরা ডি এল সি দিয়েছি। আপনারা দেখুন যে, ডি এল সি-র উপর ইমপ্লিমেন্টেশনের ভার দেওয়া হয়েছে তাকে প্ল্যানটেশন লেবার অ্যাক্টের ইমপ্লিমেন্টেশনটা দেখতে হচ্ছে, তাকে শপ এস্টাবলিশমেন্টের ইমপ্লিমেন্টেশনের দিকটা দেখতে হচ্ছে, তাকে ওয়ার্কিং জার্নালিস্টদের ইমপ্লিমেন্টেশনের ব্যাপারটা দেখতে হচ্ছে। তিনি কোড অব ডিসিপ্লিনটাও দেখছেন এবং তার উপর ইমপ্লিমেন্টেশনএর এত ব্যাপার। সুতরাং সেখানে কাজ কিছুই হচ্ছে না। বহু অভিযোগ জমে আছে। অথচ মালিকপক্ষ নানাভাবে সেই সমস্ত অ্যাওয়ার্ডকে ইমপ্লিমেন্ট করছেন না। এদের যদি কিছুটা পরিমাণ সংযত করতে হয়, তাদের যদি কিছুটা পরিমাণ নিয়ন্ত্রণ করতে হয় তা হলে অন্তত কেন্দ্র যে ধরণের ব্যবস্থা তারা চালু করেছেন সেই ধরনের ব্যবস্থা বাংলা সরকার চালু করতেন অর্থাৎ ইমপ্লিমেন্টেশন সেল তৈরি করে তাদের অধীনে কয়েকজন অফিসার দিয়ে সেখানে যাতে ঠিক ঠিক ইমপ্লিমেন্টেশনের কাজটা ভালভাবে চলে সেদিকে শ্রম-দপ্তর বা শ্রমবিভাগের কোন নজর নাই। এবং শ্রমমন্ত্রীরও নজর এখন পর্যন্ত সেদিকে যায় নি। এর পরে স্যার, আপনার মারফত একটি ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই এবং সেটা খুবই গুরুত্বপূর্ণ। আমি প্রথমে মাননীয় মন্ত্রী অজয়বাবুকে ধন্যবাদ দেব যে, শ্রীলালাকে তিনি অপসারিত করেছেন। কিন্তু সেই সংগে সংগে আমি আপনার মারফত তাঁকে আবার অনুরোধ করতে চাইছি যে, এইচ এন রায় এবং এন গোখেল এদের সম্বন্ধেও এই হাউসে বহু আলোচনা হয়েছে, তাদের এক্ষুণি সরান দরকার এই দিকে আশা করি তিনি নজর দেবেন। তারপর আমরা একটা বিষয়ে উদ্বেগ বোধ করছি যে, আমরা শুনলাম যে, সামনের শুক্রবারে ডি ভি সি-র বোর্ডের মিটিং আছে এবং সেই মিটিং-এ এখানে যে কর্মনিয়োগ দপ্তর আছে সেই দপ্তরটা মাইথনে স্থানান্তর করার কথাবার্তা হবে বা সেই ধরনের প্রস্তাব এসেছে এবং আমি মনে করি মাইথনে যদি এখানকার শ্রম নিয়োগ দপ্তর উঠে যায় তা হলে সেখানে বাঙ্গালী কর্মচারী নিয়োগের ক্ষেত্র সঙ্কুচিত হবে এবং ডি ভি সি-তে যেখানে বাংলাদেশের সুযোগ-সুবিধা পাবার কথা তা আর পাওয়া যাবে না। সুতরাং সেদিকে তাকিয়ে আমি আপনার মারফত মাননীয় অজয়বাবুকে অনুরোধ করব যে, তিনি এই বিষয়ে দেখবেন যাতে এটা স্থানান্তর না হয়। এর পর স্যার, আরেকটা ঘটনার কথা আমি উল্লেখ করব। সেটা হচ্ছে অশোকা মার্কেটিং লিমিটেড কোম্পানি সম্পর্কে। তার হেড অফিস ৮০এ ব্র্যাবোর্ন রোড, ক্যালকাটা। এটা হচ্ছে ডালমিয়া-জৈন গ্রুপের। এঁরা ঘোষণা করেছিলেন ভিভিয়ান বোস কমিটির কাছে যে

Delhi Glass Works is the successor of Dalmia Cement and Paper Marketing Co. Ltd.

কিন্তু এটা সত্যি নয়, অশোকা মার্কেটিং লিমিটেড সেটাই হচ্ছে একমাত্র সাকসেসর, এই মেসার্স ডালমিয়া পেপার লিমিটেডের এবং এই অশোকা লিমিটেডের অবস্থা কি দেখুন। তারা ১৭ লক্ষ টাকা সেলস্ ট্যাক্স ফাঁকি দিয়েছে। সে সম্বন্ধে কাগজপত্র আমার কাছে আছে। সেটা আপনাকে আমি কিছু পরে দিচ্ছি। সেটা কিভাবে হচ্ছে দেখুন।

"Asoke Marketing Limited have collected sales tax from their stockists of Rohtas Cement at the ex-factory rate of cement. But they paid to the Commercial Tax authorities sales tax on the value of the goods sold after deducting the railway freight from Japla to different destinations. In this way they paid 17 lakhs of rupees less to the Commercial Tax authorities than they collected from their stockists".

[1-50—2 p.m.]

এইভাবে দুর্নীতি চলেছে। এ ছাড়া অশোকা লিমিটেড সম্বন্ধে আর একটা কথা বলব। তারা ফরেন এক্সচেঞ্জ নিয়ে তারা কি করছে। এদের আমেরিকা এবং ইউরোপে যে ব্যবসা চলে তা চলে একটা দালালের মারফত। তার নাম হচ্ছে নির্মল সিং হুং, তিনি আমেরিকার সিটিজেন। তিনি যখন কলকাতায় আসেন গ্র্যান্ড হোটেলে উঠেন, তার সমস্ত ব্যয়ভারে খরচ খরচা সেই অশোকা লিমিটেডের টাকা থেকে দেওয়া হয়। এই সমস্ত দুর্নীতির জন্য এক্ষুণি তদন্ত হওয়া প্রয়োজন এবং বন্ধ করবার চেষ্টা করা উচিত। এ ছাড়া এখানে বাঙ্গালী বিদ্বেষের নজীর আমি দেব। যেখানে ৪৫০ থেকে দুই হাজার টাকা বেতনের বাঙ্গালী কর্মচারী ছিল ১৮ জন এখন

সেখানে মাত্র তিনজন বাঙ্গালী কর্মচারী আছে। আমরা দেখছি যে, প্রায় সব অবাঙ্গালী শিল্পপতিরা ঠিক এইরকম নীতি চালাচ্ছে বাংলাদেশের বুকের উপর। এইভাবে বাঙ্গালীর কর্মজীবনকে নষ্ট করে দিচ্ছে। আমি বলছি এটা চলতে দেওয়া উচিত নয়। আমি বলছি সরকারের এইদিকে নজর দেওয়া উচিত। এবং আজকে যখন অ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে এবং তার জন্য আমাদের অনুমতি চাওয়া হচ্ছে তখন তার বিরোধিতা না করে আমরা পারছি না। এবং শেষকালে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিষয়গুলির প্রতি আবার দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর আলোচনা করতে উঠে আপনার মাধ্যমে দুই একটা কথা বলছি। যদি কোন ভদ্রলোকের কাছে যদি কেউ কিছু টাকা চায়, তবে সেই ভদ্রলোক কি দেখে--আপনি জানেন স্যার, যে লোকটা টাকা চায় তার চরিত্রটা দেখে যে সে চোর না জোচ্চর না অপদার্থ না অকর্মণ্য না সে কাজের লোক। এবং এই চরিত্রটা দেখার পর সে টাকাটা মঞ্জুর করে। স্যার, এ্যাপ্রোপ্রিয়েশান বিলে যে টাকাটা আমাদের কাছে মঞ্জুরী চাওয়া হয়েছে, সরকারের পক্ষ থেকে বলা হয়েছে--সেই সরকারের চরিত্রটা কি? আমরা দেখি কংগ্রেস সরকার পুঁজিপতিদের পাহারাদার। এরা আজকাল নির্ভেজাল সমাজতন্ত্রের নির্ভেজাল শান্ত্রি হয়ে দাঁড়িয়েছে। কি রকম ব্যাপার দেখুন আজকে চালে ভেজাল তেলে ভেজাল ওষুধে ভেজাল চিনিতে ভেজাল এদের মগজেও ভেজাল, স্যার।.

এ'রা বলছেন যে আমাদের সমাজতন্ত্রের জয়যাত্রা হচ্ছে-উৎপাদন বেড়েছে। উৎপাদন বেড়েছে এটাই সমাজতন্ত্রের সমস্ত কথা নয়। উৎপাদনটা কিভাবে বর্ধিত হচ্ছে, তার ডিস্ট্রিবিউশন কিভাবে হবে সেদিকে নজর নেই। আমাদের এটা দেখা যাচ্ছে একটা ভেজাল সমাজতন্ত্র। আজকাল যেমন আমরা ঘি-র বদলে ডালডার লুচি খাই--আজকাল ঘি উঠে গেছে ডালডাই আমাদের একমাত্র খাদ্য, সেইরকম ডালদা বনস্পতি মার্কা কংগ্রেসী সোসালিজমে আমাদের মগজ খেতে বসেছে। ও'রা বলছেন প্রোডিউস অর পেরিশ--আমাদের কংগ্রেসী সোসালিষ্টরা বলছেন প্রোডিউস অর পেরিশ হয় উৎপাদন কর, নতুবা মর। আমরা দেখছি উৎপাদন করছে, উৎপাদন বাড়ছে, চাষী মজুর উৎপাদন করছে, মধ্যবিত্তরা মেহনত দিয়ে উৎপাদন বাড়াচ্ছে। কিন্তু সেই উৎপাদনের ইকুইটেবল ডিস্ট্রিবিউশান হচ্ছে না--চাষী যে অন্ধকারে মজুর যে অন্ধকারের মধ্যে ঠিক সেখানেই রয়েছে। তার ফলে দেখা যাচ্ছে প্রোডিউস অর পেরিশ এই শ্লোগানটা আমাদের কাছে একটা মানে নিয়ে এসে দেখা দিয়েছে সেটা হচ্ছে প্রোডিউস অ্যান্ড পেরিশ। ওদের প্রোডিউস অর পেরিশ আমাদের কাছে একটা ফর্মা নিয়ে দাঁড়িয়েছে। প্রোডিউস অ্যান্ড পেরিশ। আমরা সমস্ত দেশের সমাজতন্ত্রীরা একথা জানি যে একটা শ্লোগান আছে, সেই শ্লোগান হচ্ছে

No one shall have cakes until everybody gets bread

ও'রা ও'দের সমাজতন্ত্রের মাধ্যমে যে অনাচার নিয়ে এসেছেন সেটা সবাই জানেন এবং তাঁরা ঐ তথ্যটা আমাদের সামনে তুলে ধরেছেন একটু অন্য রকমভাবে সেটা হচ্ছে--

No one shall have bread until a few get enough cakes.

অর্থাৎ কেউ রুটি পাবে না যতক্ষণ না কয়েকজন ভাগ্যবান সব কেকগুলো জড়ো করতে পারে। এর প্রমাণ আমি দেব যে ও'রা সমাজতন্ত্রের অগ্রগতিতে কতদূর এগিয়ে গেছেন। আমাদের বৃটিশ গভর্নমেন্টের টাইম-এ উৎপাদনের যে হার ছিল, আয়ের যে হার ছিল তাতে হারাহারিভাবে বৈষম্য ছিল ১ টু ১১০। আর ও'রা ১৫ বছর সোসিয়ালিজম করার পর ওদের মারফতে জানতে পেরেছি। সেই হার হারাহারি বেড়ে দাঁড়িয়েছে ১ টু ৩২০। ভারতবর্ষের ৬ কোটি লোক মাত্র গড়ে ২৫ নয়া পয়সা রোজগার করে। এই হচ্ছে ও'দের সোসিয়ালিজম-এর চাল। অথচ কয়েকটি পরিবার ১০০ কোটি টাকা থেকে ২৫০ কোটি টাকা প্রত্যেক বছর মুনাফা করে। এই যেখানে ও'দের চরিত্র সেখানে আমাদের একটু চিন্তা করতে হয়। আর একটা জিনিস আমি

আপনার সামনে বলছি যে ও'দের সোসিয়ালিজম কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। অশোক মার্কেটিং সম্বন্ধে ননীবাবু বললেন। আপনি ডিটেইলস রেখেছেন আমি তা বলব। অশোক মার্কেটিং সেই বিখ্যাত মহর্ষি, রাজর্ষি ডালমিয়ার অপজাত সন্তান। অশোক মার্কেটিং সিমেন্ট, পেপার, এ্যাজবেজটার, ইত্যাদি ডিল করে এবং আটসাট ব্ল্যাক মার্কেটিং করেন। মন্ত্রীরা তা না জানেন তা নয়। এত বেকুব আমি মন্ত্রীদের মনে করি না। কিন্তু ও'রা জ্ঞানপাপী, যেহেতু এ'রা ধনপতি মার্কা সোসালিজম-এর দাস সেহেতু ও'রা চেপে রেখেছেন। আর একটা জিনিস এই কোম্পানী বাংলাদেশ থেকে কোটি কোটি টাকা রোজগার করে ১৭ লক্ষ টাকা সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছেন—ও'রা কিছু করেন নি। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এই ব্ল্যাক মার্কেটিয়ার্সদের ধরছে না। সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছে ১৭ লক্ষ টাকা। শঙ্করদাস বাবুর হুকুমে চাষীর কুটির থেকে তাকে উচ্ছেদ করা হচ্ছে। চাষীকে তার জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে দেশ রক্ষার নামে খাজনা চাওয়া হচ্ছে। অথচ এইরকম একটা বৃহৎ কোম্পানী যে ১৭ লক্ষ টাকা এক জায়গায় ফাঁকি দিয়েছে তার জন্য কোন ডিটারমেন্ট পানিশমেন্ট-এর ব্যবস্থা হয় নি।

[2—2-10 p.m.]

এদের আর একটা জিনিস হচ্ছে বাঙ্গালী বিদ্বেষ। গত এক থেকে দেড় বছরের মধ্যে ১৮ জনকে কাজে লাগিয়েছে ৪৫০ থেকে ২২ শত টাকা বেতনে। এর মধ্যে বহু বাঙ্গালী ছেলে ছিল তারা বেটার কোয়ালিফায়েড তাদের সরিয়ে দেওয়া হয়েছে, এবং ১৮ জন অবাঙ্গালীকে নেওয়া হয়েছে। আগেকার যাঁরা অফিসার আছেন তাদের সরানেরও চেষ্টা হচ্ছে। কাউকে দিল্লী বা অন্য কোথাও ট্রান্সফার করা হচ্ছে। লেবার দপ্তরে এদের এ্যাগেনস্টএ কেস আছে, কিন্তু বিজয়বাবু এ ব্যাপারে একেবারে নীরব হয়ে বসে আছেন এটা আমরা দেখছি। আর একটা কথা অশোকা মার্কেটিং সম্বন্ধে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর স্মরজিৎ বাবু বসে আছেন, তিনি বলতে পারবেন এগ্রিকালচার ডিপার্টমেন্ট ফসল বাড়াবার জন্যে আজ কি কোরেছেন? স্যার, রাইটার্স বিল্ডিংস তো আর চাষ করে না রাইটার্স বিল্ডিংসে কোন ব্যবস্থা আছে তা আমি বলছি না। রাইটার্স বিল্ডিংস প্রচুর ব্যবস্থা করেছেন। সিনেমার পর্দায় প্রচুর ব্যবস্থা করেছেন তাও দেখলাম। কিন্তু স্মরজিৎ বাবুর ডিপার্টমেন্ট ঐ ও'রা কিছু সার দিয়েছেন ও'রা অসার জগতে কিছু সারের তথ্য দিয়েছেন - ও'রা অসার জগতে কিছু সারের তথ্য পেয়েছেন, এবং ঐ অশোকা মার্কেটিং সারের কিছু ব্যবস্থাও কোরেছেন এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এতে। আজকে দেখা যাচ্ছে ৮ লক্ষ টাকা অশোক মার্কেটিং-এ কাজ থেকে প্রাপ্য। এই ৮ লক্ষ টাকা তাঁরা কলা ছুঁইয়ে দিয়েছেন, ৮ লক্ষ টাকা নিয়ে এগ্রিকালচার ডিপার্টমেন্ট অনেক লেখালেখিও করেছেন কিন্তু কোন সুরাহা আজ পর্যন্ত হয় নি, ইদানিং নাকি আরবিট্রেশন-এ দেওয়া হয়েছে। আমি আপনাকে বলছি যে যখন সাধারণ মানুষ খেতে পাচ্ছে না - যাদের সামনে দুঃসহ দুর্যোগ তাদের কাছ থেকে বকেয়া খাজনা আদায়ের জন্য, সামান্য ঐ ৫০ টাকা লোন আদায়ের জন্যও জুলুম করা হয়, মন্ত্রী সভা থেকে, তখন এতবড় একটা ধনকুবেরের কাছ থেকে ৮ লক্ষ টাকা পাওনার জন্য এটা আরবিট্রেশান-এ যায়, এর চেয়ে লজ্জার কথা কিছু আছে বলে আমি মনে করি না।

এবার আপনার মাধ্যমে আর একটা কথা বলতে চাই। এ'রা আমাদের স্বর্গতঃ পূজ্যত ডাঃ বিধানচন্দ্র রায়ের খুব ভক্ত। আমাদের সামনে কথায় তিনি বিধানবাবুর কথা বলেন। বিধানবাবু আমাদেরও পূজ্যস্পদ ব্যক্তি, কিন্ত সেই বিধানবাবুর উপর ও'দের কিরূপ ভক্তি তা আমি বলবো। ১৯৫৯-৬০ সালে গভর্নমেন্ট একটা অর্ডার দিয়েছিলেন, সেটা হচ্ছে সরকারের হাসপাতালে যে সব ডাক্তার ছিল এ'রা সেই ডাক্তারদের কন্ট্রোলড প্র্যাকটিস সিস্টেম আনতে চেয়েছিলেন, যাতে তারা প্রাইভেট প্র্যাকটিস না করেন অথবা তাদের প্র্যাকটিস সাধারণ লোকের মধ্যে না যায়। সেটা করবার জন্য ওয়েস্ট বেঙ্গল হেল্থ সোসাইটি নামে একটা সোসাইটি করেছিলেন। সেই সোসাইটির টাকা ইয়ার মার্ক ছিল ৩০ লক্ষ টাকা এবং খরচ হয়ে গেছে দুই লক্ষ টাকা এবং সেই সোসাইটিতে কন্ট্রোলড কেডার ডাক্তাররা সাধারণ মধ্যবিত্তরা গিয়ে দেখাবে ও তাদের সেখানে বেস্ট ক্লিনিক্যাল এ্যাডভাইস দেবার ব্যবস্থা হয়েছিল। ১০ টাকা দিলেই সেখানে এসব হোত বা হবার সম্ভাবনা ছিল। এই জিনিসটা হবার পর বিধানবাবু তিরোধান করলেন।

১০ই জুলাই সেটা করবার কথা ছিল কিন্তু ৩০এ জুলাই আমাদের তদানিন্তন স্বাস্থ্য সচিব লেফটেন্যান্ট কর্নেল চক্রবর্তী, তিনি অর্ডার দিলেন, ইমপ্লিমেন্টেশান-এর জন্য, কিন্তু ২২এ অগাস্ট কর্নেল চ্যাটার্জী তিনি বিধানবাবুর সমস্ত পরিকল্পনাকে ধুয়ে মুছে ফেলবার অর্ডার দিলেন। এবং এতেই বোঝা যাচ্ছে যে, বিধানবাবুর প্রতি এঁদের কেমন দরদ। একজন অফিসারের চেয়ে এদের নিজেদেরকে বড় বলে মনে করে না। আমাকে আর এক মিনিট সময় দিন। এইভাবে একদিকে ধনপতিদের কাছে সারেন্ডার করছে আর একদিকে দেশকে বিপর্যয়ের মধ্যে ফেলছে। আবার আর এক দিকে ওঁরা বলছেন যে, আমরা সোস্যালিজম নিয়ে আসছি। স্যার, আপনি জানেন যে আমাদের শরৎবাবুর টগরীকে,... ... ...

মিঃ ডেপুটি স্পীকার:

হ্যাঁ হ্যাঁ আমি জানি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:

টগরী নন্দ মিস্ত্রীর সঙ্গে দশ বছর ঘর করেছিল এবং তারপর টগরী বোষ্টুমী বলেছিল যে আমি দশ বছর ঘর করেছি বটে, কিন্তু হেঁসেলে ঢুকতে দেন নি। এরা অবশ্য সেই টগরী বোষ্টমীর মতই বলেন এঁরা পনের বছর ঘর করল কিন্তু তাঁদের হেঁসেলে ঢুকতে দেয় নি এবং এটাই হচ্ছে ওঁদের সোস্যালিজম। আমরা কি করে এর এ্যাপ্রোপ্রিয়েশান এদের হাতে দিতে পারি সেটা আপনিই বিচার করুন।

ডাঃ রঞ্জিত কুমার ঘোষ চৌধুরী:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবারে যে বাজেট আলোচনা হচ্ছে এটা নবীন পশ্চিমবঙ্গ তথা নবীন ভারতের। আজকে আমাদের জনসাধারণ তারা সজাগ হয়েছেন সচেতন হয়েছেন এবং সংহত হয়েছেন। আজকে আমি একথাই মনে করি যে আজকে ভারতবর্ষে দাঁড়িয়ে ভারতবাসী বলে আমাদের গর্ব করা উচিত। আমাদের যে রাষ্ট্রনীতি রচিত হয়েছে স্বাধীনতা সংগ্রামে করাচী অধিবেশনে তাকে ভিত্তি করে আমাদের দেশ পরিচালিত হচ্ছে। আজকে আমরা দেখতে পাচ্ছি সেদিন যেদিন বিপদমান পৃথিবী বিভক্ত যে দিন রাশিয়া এবং আমেরিকার সঙ্গে বিবাদ গড়ে উঠে নি সেদিন রচিত হয়েছিল ভারতের নীতি। সেই পররাষ্ট্রনীতির ফলে আজ আমরা সাহায্য পাচ্ছি এই দুই বিবাদমান রাষ্ট্রের কাছ থেকে। যদি কেউ মনে করেন যে এটা আমাদের দয়ার দান তাহলে আমি তার তীব্র প্রতিবাদ করি। আমি এখানে আমাদের নীতি সার্থক হয়েছে আমাদের নীতির জয় এটা দয়ার দান নয় এটা আমাদের অর্ঘস্বরূপ। স্যার, পরাধীন ভারতে কবি রবীন্দ্রনাথ লিখলেন—ভারত ভাগ্য বিধাতা যা আমাদের জাতীয় সংগীত। আজ আমরা দেখতে পাচ্ছি যে আমেরিকা এবং রাশিয়া যদিও তাদের হাতে প্রচুর মারণ অস্ত্র ও ক্ষেপণ অস্ত্র আছে কিন্তু তা ক্ষেপণ করবার ক্ষেত্র তাঁরা খুঁজে পাচ্ছেন না। যাঁরা সেদিন বলে গিয়েছিলেন ন্যাশনস বিলিভিয়েন ফ্রম পলিটিক্স। আজকে কেনেডি বলছেন একটি জাতির মাহাত্ম্য দেখতে গেলে তার মাপকাঠি হবে এই নয় যে কে কত মারাত্মক অস্ত্র বার করতে পেরেছে তার উপর নয়—কে সুখী মানব জীবন যাপন করতে পারছে তার উপর। বিবেকানন্দের কথায় বলতে গেলে কারিগরী শিক্ষা করবার জন্য বছরের পর বছর আমেরিকায় যেতে হতে পারে কিন্তু দর্শন শিক্ষা করবার জন্য পৃথিবীর সমস্ত মানুষকে যুগ যুগ ধরে এই ভারতে আসতে হবে। আমাদের উপরেই দাঁড়িয়ে রয়েছে ভারতের শিক্ষা ভারতের ঐতিহ্য ভারতের ইতিহাস এবং সর্বোপরি ভারতের দর্শন। আজকে আমরা গর্বিত যে আমরা ভারতবাসী। আমরা কথায় কথায় শুনি দুর্নীতির কথা। সেদিন আমার এক কমিউনিস্ট বন্ধু বললেন এবারে যে গ্রেপ্তার করা হয়েছে তাতে কমিউনিস্টদেরই গ্রেপ্তার করা হয়েছে। আমি যুগান্তর কাগজের কথা বলতে পারি সেখানে যে ধারাবাহিক প্রবন্ধ বেরিয়েছিল তার একটা সংখ্যায় লিখেছিল যে এবারের যে গ্রেপ্তার তা কোন

পার্টির গ্রেপ্তার নয়—এ হোল দেশদ্রোহিতার অপরাধে দেশদ্রোহীদের গ্রেপ্তার। যারা শত্রুর মিত্র তারাও দেশের শত্রু। তারা দেশের শত্রু বলেই তাদের গ্রেপ্তার করা হয়েছে কমিউনিস্ট বলে হয় নি। আমি সাধারণ জ্ঞানে কমিউনিস্টের জিজ্ঞাসা করি যদিও কমিউনিস্টদের কাছ থেকে সাধারণ জ্ঞান আশা করা যায় না—কারণ সাধারণ জ্ঞান এই হোল যে

Commonsense is that sense which is uncommon to the common people.

—এটা আমরা তাদের কাছ থেকে আশা করি না। যদি সাধারণ জ্ঞান আমরা প্রয়োগ করি তাহলে দেখতে পাবো যদি আমাদের সরকার এই কমিউনিস্ট নীতি গ্রহণ করতেন তাহলে আজকে সোমনাথের মন্দিরের দেবীফুল সবই আজকে মুখুজ্জে গিন্নির তত্ত্বাবধানে চলে যেতো। সুতরাং কমিউনিস্টদের গ্রেপ্তার করা হয় নি। দেশদ্রোহীদের গ্রেপ্তার করা হয়েছে। জাতি যখন একটা সংকটের সম্মুখীন একটা অগ্নি পরীক্ষার সম্মুখীন, সাধারণভাবে পরীক্ষার সময় যা করে থাকি রিভিসন করি সব ঠিক মত পড়া হয়েছে কিনা -সেই রকম আজকে আমাদের সব রিভিসন করতে হবে যে পনের বছর ধরে আমরা যা করেছি যে নীতি আমরা গ্রহণ করেছি আমরা যে আদর্শ নিয়েছি তা সর্বক্ষেত্রে প্রয়োগ করতে পেরেছি কিনা।

[2-10—2-20 p.m.]

যে নীতি আমরা গ্রহণ করেছি, যে আদর্শ আমরা গ্রহণ করেছি, আমরা সেই নীতি ও আদর্শ সর্বক্ষেত্রে প্রয়োগ করতে পেরেছি কিনা। এই প্রসঙ্গে আমি বলবো, সেদিক দিয়ে আমাদের কোন অভিযোগ নেই। আমি অনুরোধ করবো, আপনার মাধ্যমে যাঁরা সরকারী কর্মচারী আছেন বিশেষ করে যাঁরা উচ্চপদস্থ সরকারী কর্মচারী তাঁদের উপর ভার দেওয়া হয়েছে এই বিধান সভায় যে সুনীতি গ্রহণ করা হবে, সেই নীতি তাঁরা কার্যে প্রয়োগ করবেন। তাঁদের কাছে অনুরোধ করবো এই আপনারা একবার চিন্তা করবেন এই কথা যে কোন ভাষায় জানি না; ... ভাষায় আছে আমরা বলি মাটি। আমরা আমাদের দেশের মাটি বলি আমাদের মাকে, ... ভক্তি এবং শ্রদ্ধা করি দেশের সঙ্গেও সেই কথা যুক্ত রয়েছে। গ্রামীণ সদস্য যারা ... গ্রামাঞ্চলের মানুষ যাঁরা, সেই মানুষের যাঁরা প্রতিনিধিত্ব করছেন তাঁরা জানেন গ্রামের ... যেমন মা-মা-মা তার ভেতরেও মা কথা আছে। আমি এই কথাই আপনার মাধ্যমে সরকারী কর্মচারীদের বলতে চাই দেশকে মা মনে করে নিজের আমিত্ব ছেড়ে দিয়ে দেশের উপর মমত্ব ... তারা যেন দয়া করে কাজ করেন।

স্যার, আমি এই বিধান সভায় আগেও বলেছি যে স্বামী বিবেকানন্দের গ্রন্থাবলী পড়ে, তাঁদের ... শুনালে তাঁদের ভেতর অনুভূতি আসবে, দেশপ্রেমের অনুভূতি আসবে দেশাত্মবোধের অনুভূতি আসবে। আজকে আমি মনে করি শুধু কর্তব্যবোধ হলেই হবে না, যে যান্ত্রিক কাঠামো আছে, সেই যান্ত্রিক কাঠামোর মধ্যে মনে রাখতে হবে এই কথা, যারা তাই নিয়ে চলে ... মানুষ। সেই মনুষ্যত্বের কথা চিন্তা করে তাঁদের কাজ করা দরকার, এই বলে আমার বক্তব্য।

আর একটা কথা আছে সেটা হচ্ছে এই যে তাঁদের মনুষ্যত্ববোধ, গ্রামের নিরক্ষর, অনেকে বলেন মূর্খ অনেকে বলেন পাগল, রামকৃষ্ণ পরমহংস তিনি তাঁর প্রিয় শিষ্য বিবেকানন্দকে বলেছিলেন, দেখ, দুনিয়াতে সব জিনিষ ছেড়ে দেওয়া সোজা; পয়সা-কড়ি অর্থ কিছুই নয়। কিন্তু মনুষ্যত্ববোধ ছেড়ে দেওয়া সবচেয়ে শক্ত। আমাকে দেখে মানুষ মান্য করুক—এই বোধ ছেড়ে দেওয়া উচিত। আজ আমি মনে করি যাঁরা আমাদের উচ্চ পদস্থ সরকারী কর্মচারী আছেন, নিশ্চয়ই

for administrative reasons, for administrative grounds,

তাঁদের তা মেনে চলতে হবে। কিন্তু তার বেশী নয়। তাঁদের মাথায় যদি এই জিনিষ না থাকে যে আমাদের মানাবোধ আমাদের দিয়ে যেতে হবে, তাহলে আমার মনে হয়, আমাদের কিছু ... এবং বাধা আসতে পারে। আমি তাই এই কথা বলে এই এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করছি।

আমরা এখানে যে নীতি গ্রহণ করেছি, সেই নীতি এবং কর্মপন্থতির মাঝখানে যদি অসঙ্গতি আসে, তাহলে দেশের যাঁরা সজাগ ও সচেতন মানুষ, তাঁদের মধ্যে যে সংহতি আসছে, দেশ যখন সংহত হচ্ছে, সেই সংহতি তাতে বিনষ্ট হতে পারে, এমন কি সেই সংহতি ব্যাহত হতে পারে।

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রীরা ভোটের জোরে দফাওয়ারী বাজেট পাশ করিয়েছেন। আজ এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল ও ভোটের জোরে পাশ করাবেন মিস-এ্যাপ্রোপ্রিয়েশন করবার জন্য। আমি স্যার, আপনার মাধ্যমে দু-চারটি কথা এই প্রসঙ্গে সরকারের কাছে রাখতে চাই তাঁদের বধির কর্ণে তার কিছুটা প্রবেশ করলেও শুভ।

এই জরুরী অবস্থার জন্য আমি প্রস্তাব দিয়েছিলাম যে, মন্ত্রিসভার সদস্যসংখ্যা কমান হোক। তাতে মুখ্যমন্ত্রী মহাশয় উত্তর দিয়েছিলেন যে তার কোন কারণ নাই। কারণ ১০ পারসেন্ট কাট তাঁরা এমনিতেই করছেন, এবার নাকি ২০ পারসেন্ট কাট করবেন। কিছু কিছু মন্ত্রিসভার সদস্য আছেন তাঁরা টুয়েন্টি পারসেন্ট কেন সেন্ট পারসেন্ট কাট করলেও তাঁদের থাউসেন্ড পারসেন্ট প্রফিট থাকবে।

আমার জেলা থেকে যে দুজন ভদ্রলোক মন্ত্রী সভার শোভা বর্ধন করছেন, তাঁদের সম্বন্ধে আমি কিছু কিছু জানি। তার সম্বন্ধে দু-একটি কথা আমি এখানে বলতে চাই। এর মধ্যে একজন হলেন শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় তিনি শিক্ষা দপ্তরের উপমন্ত্রী, আবার নূতন করে নাকি তাঁকে ভূমিরাজস্ব বিভাগের উপ-মন্ত্রীত্বের আসনেও বসানো হচ্ছে। এই ভদ্রলোক, স্যার, কিছুদিন আগে যে কিভাবে রং পালটেছেন, সে বক্তব্য আমার নয়, আমার বক্তব্য হচ্ছে যে এই ভদ্রলোক বেশ কিছুদিন আগে জঙ্গীপুরের একটা ফেরী ঘাটের ডাক করিয়ে ছিলেন, চেয়ারম্যান হিসেবে। উনি আবার অতিরিক্ত আকর্ষণ হিসাবে হচ্ছেন জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির চেয়ার ম্যান। তার ডাক হল এক লক্ষ কিছু হাজার টাকা। কিছুদিন পরেই এর মুখ থেকে শোনা গেল যে, ওঘাটে অতটা ডাক হওয়া উচিত নয়, ডাকওয়ালাও নীলাম ডাকের বিরুদ্ধে আবেদন করছেন। কিছুদিন পর শোনা গেল ৬০ হাজার টাকা সেই বিড কমে গেল। কেন কম হোল? না, মুক্তিপদবাবু দেখেছেন যে ঐ ঘাটে নাকি অত আয় হয় না। সঙ্গে সঙ্গে ৬০ হাজার টাকা কমে গেল এবং দুষ্টলোক বলছে তার কিছুদিন পরে তাঁর কন্যার বিবাহ এবং একটি মোটর গাড়ি কেনার ব্যাপারের সঙ্গে এর ডাক কমার যোগাযোগ আছে। অবশ্য আমি জানি না, যদি ভুল হয়ে থাকে, মুক্তিপদবাবু সেটা কারেক্ট করে দেবেন। এই দুটো নীলকান্ত মণির মধ্যে একটা নীলকান্ত মণির কথা বললাম।

আর একটি নীলকান্ত মণি হচ্ছেন কাজেম আলি মির্জা সাহেব। যখন ১৯৩৫ সালে তাঁর স্বর্গত পিতৃদেব মুর্শিদাবাদের নবাব হিন্দু মুসলিম ইউনিটি ফ্রন্ট গড়ে তুলেছিলেন, এবং যখন সাম্প্রদায়িক বিদ্বেষের জন্য এই ধরনের ঐক্য প্রতিষ্ঠান ও সভা সমিতির প্রয়োজন ছিল এবং হুমায়ুন কবীর ও অন্যান্য জাতীয়তা বাদী নেতারা সেখানে উপস্থিত ছিলেন, কিন্তু সেই সময় এই ভদ্রলোক সে সভায় জয়েন তো করেন নি, উল্টে সেটাকে বানচাল করে দেবার জন্য যত রকম চেষ্টা করবার, তা তিনি করেছিলেন ইতিহাস তার নজির দেবে। শুধু এখানেই শেষ হয় নি। ১৯৪৭ সালে ভারতবর্ষ যখন একজন প্রাক্তন কংগ্রেসী এম পি-র সহযোগিতায়, মুর্শিদাবাদকে পাকিস্থান করে দেবো, এই বলে কয়েক লক্ষ টাকা সাধারণ মুসলমানের কাছ থেকে চাঁদা হিসাবে আদায় করলেন। টাকা আদায় করবার পর তাঁরা করাচীতে চলে গেলেন এবং করাচী থেকে কিছুদিন বাদে ফিরে এলেন। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল যে মুর্শিদাবাদ জেলা পাকিস্থানে গেল না এবং তাঁরা সেই চাঁদার টাকা, যেটা মুসলমান জনসাধারণের কাছ থেকে আদায় করেছিলেন, সেটাও ফেরত দিলেন না। এই ভদ্রলোকটি স্বাধীনতার পর জনমতের চাপে পড়ে ঢাকায় চলে যেতে বাধ্য হন। কিন্তু রতনে রতন চেনে, সুতরাং কংগ্রেস আবার এই নীলকান্ত মণিকে আহরণ করে নিয়ে এসে, তাঁকে পশ্চিম-

দের উপমন্ত্রীত্বে স্থান দিলেন। স্যার, এই যদি অবস্থা হয়, আর এ'দেরকে নিয়ে মন্ত্রিত্ব চালান হয়, তাহলে আমি বলবো এটা এ্যাপ্রোপ্রিয়েশন নয়, মিসএ্যাপ্রোপ্রিয়েশন, যে কোন খাতে টাকা পয়সা খরচ করা হোক না, কেন। তারপর আবার দেখছি মুক্তিবাবুও নূতন ভূমিরাজস্ব উপমন্ত্রী হলেন। আমার বিশ্বাস তিনি এবার গ্রামে গ্রামে ঘুরে, সেখানে যে সমস্ত খাস জমি আছে, সেগুলি বন্দোবস্তের ব্যবস্থা নিজের হাতে তুলে নেবেন বোধহয়। কারণ, দেখা গিয়েছে যে এতদিন সেখানে জে এল আর ও, এস এল আর ও এবং তহশিলদার, এ'রা দু-চার পয়সা কামাই করতেন। এবার থেকে এই ভদ্রলোকটি টি এ এবং ডি এ বাবদ ফিফটি পারসেন্ট উপায় করবেন। অর্থাৎ ডান হাত দিয়ে সাদা টাকা আসবে, আর বাঁ-হাত দিয়ে কি আসবে তা বুঝতেই পারছেন, স্যার।এই যদি হয় মন্ত্রীদের অবস্থা, তাহলে এইসব মন্ত্রীদের রাখা উচিত নয়, তাদের বর ছাঁটাই করে, স্পুট্‌নিকে করে পৃথিবীর চারপাশ ঘুরিয়ে দেওয়া উচিত। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয়কে আবেদন জানাবো এই সকল শ্রীজীবদের সরিয়ে দিয়ে, সেখানে কিছু ভদ্রলোককে নিয়ে আসুন।

Point of Personal Explanation

Shri Mukti Pada Chatterjee: On a point of personal explanation, Sir, আজকে মাননীয় সদস্য বীরেনবাবু যখন বক্তৃত করতে উঠেন, শুনছিলাম, দেখলাম তাঁর বক্তৃতার মূলগত ভাব হচ্ছে দুজন ডেপুটি মিনিস্টারের বিরুদ্ধে কতকগুলি ভুয়া, অসত্য অভিযোগ আনা। তাঁর গাঁয়ের পাশে এই দুজনার বাড়ী, তাঁদের গায়ে মাড থ্রোয়িং ছাড়া আর কিছুই তাঁর বক্তৃতার মধ্যে দেখলাম না। তিনি আমার সম্বন্ধে বলেছেন যে আমি রং বদ্‌লেছি। এই একটা তাঁর অভিযোগ। রং তিনি নিজে কিভাবে বদলেছেন, সেটা তিনি নিজে দেখলে খুসী হবো। আর তাঁর দ্বিতীয় কথা হল আমি নাকি ফেরী ঘাটকে এক লাখ কয়েক হাজার টাকা ডাক হলে, দাম কমিয়ে দিয়ে বিক্রয় করে দিয়েছি। আমিত বুঝতে পারলাম না ফেরী ঘাটের একবার একটা ডাক হয়ে গেলে, তার দাম কি করে কমান যায়, এটা আমার বোধগম্য হল না। তৃতীয় কথা উনি বলেছেন আমার কন্যার বিবাহের জন্য এবং একটা মোটর গাড়ি কেনবার জন্য আমি কিছু টাকা নিয়েছিলাম। এই যে ইঙ্গিত তিনি করেছেন, সে সম্বন্ধে আমার বক্তব্য হল আমার পৈত্রিক অবস্থা ভাল, এবং আমরা চার ভাই টাকা রোজগার করি, আমাদের সম্পত্তির পরিমাণ অন্ততঃ চার, পাঁচ হাজার টাকার কম নয়। এবং এই যে মোটর গাড়ির কথা উনি বলেছেন, যে আমি নাকি সাড়ে চার হাজার টাকা দিয়ে কিনেছি, সেটাও ঠিক সত্য নয়। আমি একটা সেকেন্ড হ্যান্ড ভক্‌সহল মোটর গাড়ি কিনেছি মাত্র সাড়ে তিন হাজার টাকা। এবং আমার কন্যার বিবাহের জন্য এমন কিছু দান, ধ্যান করা হয় নি। গাড়িটা আমি সেকেন্ড হ্যান্ড কিনেছি, এটা নূতন গাড়ি নয়। ৪৯ সালের একখানি পুরান ভক্‌সহল গাড়ি কিনেছি, তাও বোধহয় ফাস্ট' জানুয়ারি তারিখে। সুতরাং ও'র দুশ্চিন্তার কারণ নেই। আমার বাবার জমিদারী ছিল, এবং তার জন্য কমপেনসেশন বাবদ অনেক টাকা ডিউ আছে। সুতরাং তাঁর এই অভিযোগগুলি সম্পূর্ণ অসত্য।

[2-20—2-30 p.m.]

Dr. Golam Yazdani:

মিঃ স্পীকার, স্যার, আজকে আমাদের সামনে যে এ্যাপ্রোপ্রিয়েশন বিলটা এসেছে সেই সম্বন্ধে আমি দু-চারটা কথা বলবো। আজকে আমাদের সামনে যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে তাতে ২৪২ কোটি ৩৮ লক্ষ ৭৮ হাজার টাকা চাওয়া হয়েছে। মিঃ স্পীকার, স্যার, বাজেটের আলোচনার সময় প্রত্যেক গ্রান্টে খরচ মঞ্জুর হয়ে গিয়েছে এখন এই সমস্ত টাকা এক সঙ্গে চাওয়া হচ্ছে যাতে খরচ করতে পারেন। কিন্তু মিঃ স্পীকার, স্যার, বাজেটের আলোচনায় দেখা গিয়েছে এই সরকার কতটা দুর্নীতি পরায়ণ। তাঁরা কত রকমের অন্যায়, অনাচার, অত্যাচার করেছেন, এই সমস্ত জিনিস তাঁরা অতীতে করেছেন এবং যে টাকা চাওয়া হয়েছে সেই টাকা দিয়ে ভবিষ্যতে ঠিক তাঁরা সেইভাবে অত্যাচার করবেন, দুর্নীতি করবেন, সেইজন্য এই টাকা খরচ করতে দেওয়ার সমর্থন আমরা করতে পারি না।মিঃ স্পীকার, স্যার, এইবারে বাজেটের সময়

যখন বাজেট বক্তৃতা হয়ে গেল তখন আমাদের সামনে অনেকগুলি বই দেওয়া হল, লাল বই, নীল বই, সেই বিরাট বইগুলির ভিতর দিকে খুলে আমরা সম্পূর্ণ বুঝতে পারি না ঐ সমস্ত ফিগারের অর্থ কি, মানে কি। সেইজন্য আমাদের অনেকের বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করা সহজ হয়ে উঠে না, অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়। সেইজন্য আমি মনে করি যে, যদি অন্য কোন রকম ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। আমি একটা সাজেশন দিচ্ছি সেই সাজেশনটা হচ্ছে বাজেট আরম্ভ হবার আগে যদি আমাদের সামনে প্রত্যেক বিভাগের গত বৎসরে কি কি কাজ হয়েছে, কোথায় কি কাজ হয়েছে, কত টাকায় কি কাজ হয়েছে, তার একটা ফিরিস্তি পুস্তিকার আকারে আমাদের দেওয়া হয় তাহলে আমরা বুঝতে পারি যে প্রত্যেকটি গ্রান্টে কি খরচ হয়েছে, কোথায় কোথায়, কোন্ কোন্ জেলায়, তাহলে বাজেট অংশ গ্রহণ করা আমাদের পক্ষে সহজ হয়। কিন্তু এই সমস্ত লাল বই নীল বই দেখে, এর মধ্যে বিভিন্ন ফিগার দেখে আমরা কিছুই বুঝতে পারি না। একমাত্র ইকনমিক্সের ছাত্র ছাড়া হয়ত আর কেউ এই বাজেটটা বুঝতে পারে না। সেইজন্য আমি মনে করি যে এই রকম একটা প্রথা প্রচলিত করার প্রয়োজন আছে। লোক-সভাতে এই রকম প্রথা আছে যে প্রত্যেক বিভাগের এইরকম একটা ফিরিস্তি দিয়ে দেয় যে গতবারে কি কি কাজ করা হয়েছে এবং ভবিষ্যতে কি কি কাজ করা হবে। এই ফিরিস্তি যদি আমাদের এখানে দেওয়া হয় তাহলে আমরা বাজেটে খুব ভালভাবে অংশ গ্রহণ করতে পারি। সুতরাং এই সম্বন্ধে একটা সাজেশন আপনাদের দিলাম। তাছাড়া মিঃ স্পীকার, স্যার, আমরা যে কোশ্চেন করি, এই রকমের একটা তথ্য যদি আমাদের সামনে থাকে, তাহলে আমাদের কোশ্চেন করারও সুবিধা হয়। মিঃ স্পীকার, স্যার, আমরা এই বাজেটের সময় হাজার হাজার কাট মোশন দিয়েছি সেই কাট মোশনগুলি কি? আমাদের এই নানা রকম অভাব অভিযোগ ইত্যাদি সম্বন্ধে আমরা কাট মোশন দিয়েছি। এখন বাংলাদেশে যে অধিবেশন হয় সেটা বৎসরে বোধ হয় তিন মাস হয় কিনা সন্দেহ। কিন্তু যারা বাংলাদেশের লোক তারা এই বাজেট অধিবেশনের দিকে তাকিয়ে থাকে হাঁ করে যে বাজেট অধিবেশন যখন শুরু হবে তখন আমাদের অভাব অভিযোগ হয়ত কিছুটা আলোচিত হবে। কিন্তু আমরা কি দেখি, যখন আমরা অধিবেশনে আসি তখন আমরা নানা ধরনের এ্যাডজোর্ণমেন্ট মোশন দিই, কলিং এ্যাটেনশন নোটিশ দিই, মিঃ স্পীকার, স্যার, আপনি এ্যাডজোর্নমেন্ট মোশন এ্যালাউ করেন না, কলিং এ্যাটেনশন নোটিশ সবগুলি উত্তর দেওয়া হয় না। এবং যে কাট মোশন দিই সেই কাট মোশনেরও প্রত্যেকটি সভ্য এখানে মুভ করতে পারে না এবং তার উত্তর হয় না। এবং মন্ত্রিমহাশয় যে উত্তর দেন তাতে আমাদের প্রত্যেকটি অভিযোগ সম্বন্ধে উত্তর দেন না। চেপে যান। সুতরাং আমরা যা এখানে সরকারের বিরুদ্ধে স্পেসিফিক কেস-এর উদাহরণ দিই তার কোন উত্তর হয় না এবং মন্ত্রীরা উত্তর দেওয়ার পর আমাদের সুযোগ থাকে না, পালটা কিছু বলি। আমি হয়ত একটা অভিযোগ করলাম মন্ত্রী তার একটা উত্তর দিলেন তারপর আর আমাদের কিছু বলার সুযোগ হয় না। এজন্যে আমি মনে করি যে সমস্ত কাট মোশন দেওয়া হয় যদি সেই সমস্ত কাট মোশন বাজেট সেসন শেষ হয়ে যাওয়ার পর সমস্ত কাট মোশন-এর উত্তর দেওয়া হয় এবং সেটা যদি নেক্সট সেসন-এর সময় দেওয়া হয় তাহলে আমরা যে সমস্ত অভিযোগ সরকারের বিরুদ্ধে করি তার উত্তর আমরা পেতে পারি এবং তাতে ডিপার্টমেন্টের লাভ হয় এবং বাংলা দেশের জনসাধারণের লাভ হয়। এই সাজেসন আমি রাখছি। আমি গত বছর যেসব অভিযোগ করেছি এখনও তার উত্তর পাই নি। আমরা সুস্পষ্ট অভিযোগ আনি। আমরা জানি যে কাট মোশন যখন এখানে দিই তখন প্রত্যেকটি ডিপার্টমেন্টে সেগুলি যায় এবং ডিপার্টমেন্টাল উত্তর আসে এবং ডিপার্টমেন্টাল উত্তর যখন আসে তখন সেটা আমাদের কাছে পেশ করার কি বাধা আছে। তাই আমি মনে করি এই কাট মোশনগুলি যে উত্তর সেটা নেক্সট সেসনে যদি দেওয়া হয় ভাল হয়। আমি বাজেট অধিবেশনে দেখেছি যে মন্ত্রীরা যে উত্তর দেন তাতে তাদের উপর খুব খারাপ ধারনা হয় মনে হয় তারা মন্ত্রী হবার উপযুক্ত নয়। আমরা স্পেশিফিক কেস যখন দিচ্ছি তখন তারা বলেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এটা করেছেন আমরা কি করব—যখন বলি অমুকটা হয়নি কেন, তখন বলে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল করেছিলেন আমরা কি করব। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যা করেছেন বা ডেভেলপমেন্ট কাউন্সিল যা বলেছেন

দের উপর কি করে হাত দেবেন, এই কথা তারা বলেন। মাননীয় সদস্যরা এখানে যখন বলেন এই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর বিরুদ্ধে বা অন্যান্য অফিসারের বিরুদ্ধে পাবলিক যখন তাঁদের বিরুদ্ধে পিটিশন করে সেখানে এই যে মন্ত্রীরা যারা সর্বোচ্চ আসনে বসে আছেন, তাদের দ্বারা কোন প্রতিকার পাওয়া যাবে না। আমার মনে হয় ওদের ম্যাজিস্ট্রেটকে কিছু বলার সাহস নেই, বরং উল্টে তাদের কাছ থেকে ধমক খাওয়ার ভয়ে কিছু বলেন না। এখানকার একজন মাননীয় সদস্য বলেছিলেন একটা হাসপাতালের জমি নিয়ে। মন্ত্রী মহাশয় বললেন ম্যাজিস্ট্রেট যা করেছে তা ঠিক হয়েছে। আমি রোডস সংক্রান্ত ব্যাপারে ডেভেলপমেন্ট মন্ত্রীকে বলেছিলাম যে একটি নির্দিষ্ট এলাকার থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ একটিও রাস্তা নেওয়া হয় নি। আমি ডেফিনিট বলেছিলাম মন্ত্রী মহাশয় জবাব দিলেন ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল যা করেছেন তার উপরে আমি কি করব। আমি যে রাস্তার নাম করেছিলাম থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ ধরা ছিল। এক নম্বর, দুই নম্বর, তিন নম্বর করে প্রায়রিটি দেওয়া ছিল। মালদহে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল বসেছিল তখন এখানে হাউস চলছিল। যখন এই হাউস চলছিল বা চলে তখন এই গুরুত্বপূর্ণ মিটিংগুলি কেন হয়? স্থানীয় লোক মাস পিটিশন করেছিল, কিন্তু সেটা কেউ বিবেচনা করেন নি। আমার মনে হয় সেখানে এমন একটা ইনফিরিয়রিটি কমপ্লেক্স কাজ করছিল যা ডিস্ট্রিক্ট অফিসার-এর বিরুদ্ধে কোন কথা বলতে পারে না। চলুন দেখবেন ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল-এর তিন নম্বর প্রায়রিটি ছিল যেটা দেখবেন সেটা কেন হয়েছে সেটা কি নিজেদের দলের স্বার্থে। এই যদি তাদের নীতি হয় যে ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল যা করবেন বা ম্যাজিস্ট্রেট যা করবেন তার বিরুদ্ধে কিছু বলবেন না বা হস্তক্ষেপ করবেন না এবং জনসাধারণের অভিযোগ শুনবেন না তাহলে সেটা স্বীকার করুন। তাহলে তাদের কাছে কেউ অভিযোগ করবে না, কেউ কোন আবেদন করতে আসবে না। তারা তো জনসাধারণের ভোট নিয়ে দায়িত্ব নিয়ে এখানে এসেছেন। সুতরাং যাতে জনসাধারণের উপকার হয় সে দিকে চেয়ে তাদের কাজ করা উচিত। কিন্তু আসলে দেখা যায় তারা প্রচণ্ড ইনফিরিয়রিটি কমপ্লেক্স-এ ভুগছেন।

[2-30—2-40 p.m.]

মিঃ স্পীকার, স্যার, এবার আমি অন্য একটা জিনিস সম্বন্ধে বলব। বাজেটে কত টাকা ধরা হয় এবং খরচও হবে, অথচ আজকে আমাদের যেসমস্ত সমস্যা রয়েছে সেইসমস্ত সমস্যার সমাধান হয় নি এবং হবেও না বলে সন্দেহ করছি। কলিকাতায় বসন্ত মহামারী আকারে দেখা দিয়েছে এবং বহুদিন ধরে চলছে গত সপ্তাহে ৮৫ জন আক্রান্ত হয়েছিল, তার মধ্যে ৭৬ জন মরেছে এবং এখনও পর্যন্ত বসন্ত মহামারীরূপেই রয়েছে। অথচ গভর্নমেন্ট থেকে ভ্যাকসিনেট করা এখনও পর্যন্ত শেষ হল না এবং তার জন্য ভালভাবে কোন ব্যবস্থা হয় নি একথা আমরা সকলেই জানি। নন-অফিসিয়াল অর্গানাইজেশন থেকে কোন সাহায্য নিয়ে কর্পোরেশনও এই ব্যাপারে অগ্রসর হতে চাচ্ছে না এবং গভর্নমেন্ট থেকেও তার কোন লক্ষণ নাই। কলকাতার বস্তি এলেকায় বস্তিবাসীদের টিকা দেবার কোন ব্যবস্থাও দেখা যাচ্ছে না। বসন্তের প্রাদুর্ভাব চলাকালীন কলেরাও মহামারী আকারে দেখা দিয়েছে। গত সপ্তাহে বেলেঘাটা ইনফেকশাস ডিজিজ হসপিট্যাল-এ ৩০০ জন লোক সাসপেক্টেড কলেরা বলে ভর্তি হয়েছে।

মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন সপ্তাহে ৩০ জনের বেশি মারা গেলে কলেরাকে মহামারী বলে ডিক্লেয়ার করা হয়। আমি যতদূর জানি, গত সপ্তাহে ২৬ জন কলেরা রোগাক্রান্ত লোক মারা গিয়েছে। কিন্তু তৎসত্ত্বেও আমরা লক্ষ্য করছি কলেরার ইনজেকশন দেবার কোন ব্যবস্থা নাই। পরিশ্রুত পানীয় জলের অভাবই কলেরা রোগের অন্যতম কারণ, কলেরা ওয়াটার-বোর্ন ডিজিজ একথা আমরা জানি, অথচ পরিশ্রুত পানীয় জলসরবরাহের কোন ব্যবস্থা নাই। রাস্তাঘাটে কাটা ফল, খোলা জায়গায় বিক্রি বন্ধ করারও কোন ব্যবস্থা নাই। ক্যালকাটা কর-পোরেশন থেকে কলেরা মহামারী প্রতিরোধ করবার জন্য তেমন কোন ব্যবস্থা করছেন না। আমি মনে করি, অবিলম্বে এই ব্যাপারে করপোরেশন-এর হেলথ্ কমিটির তৎপর হওয়া উচিত।

মিঃ স্পীকার, স্যার, এবার আমি অন্যান্য বিষয় সম্বন্ধে বলছি। বাংলা গভর্নমেন্টের যে সার্ভে ডিপার্টমেন্ট আছে আলিপুরে সেখানে কিভাবে স্বজনপোষণ চলছে তার দু-একটি

উদাহরণ আমি দেব, ডেপুটি ডাইরেক্টর অব সার্ভে-র ক্ষমতা রয়েছে, তিনি কিছু লোককে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারেন, সেই ক্ষমতাবলে তিনি নিজের লোককে সেখানে অন্যায়ভাবে বহাল করেছেন, যেমন, ড্রাফট্স্ম্যান, বি এন ভট্টাচার্য, তাঁকে প্রমোশন দিয়ে দেওয়া হল, কম্পিউটার আদার থাকে অ্যাসিস্ট্যান্ট অফিসার করে দেওয়া হল, মুকুন্দমুরারি সাহা—তিনি ৩০ বৎসর ধরে কাজ করছেন এবং তাঁর হেড কম্পিউটার হওয়ার কথা, কিন্তু তাঁকে না করে যোগেশচন্দ্র ভদ্রকে করা হল। আমাদের কনস্টিটিউশান-এর ১০(সি) ধারা অনুসারে মুকুন্দমুরারি সাহাকে দাবিয়ে রাখা চলে না অথচ সেই জিনিসই করা হয়েছে এবং তিনি ৬০ বৎসরের অধিক বয়স্ক লোককে তাঁর ডিপার্টমেন্টএ রেখে দিয়েছেন।

তারপর আমি বলতে চাই এডুকেশন ডিপার্টমেন্ট সম্বন্ধে। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড থেকে প্রাইমারী ছাত্রদের যেসমস্ত সার্টিফিকেট দেওয়া হয়, ডিভিশন ১, ২, ৩, সেইসমস্ত কোন কাজে লাগে না। সেকেন্ডারী স্কুলএ যারা ভর্তি হতে চায় তাদের টেস্ট করে পরীক্ষা করে নেওয়া হয়। মিঃ স্পীকার, স্যার, মালদহ জেলার সেকেন্ডারী স্কুল-এ ভর্তি হতে গেলে মালদহ টাউনে যতগুলি স্কুল আছে তার একটা স্কুলে যদি ফেল করে তা হলে অন্য স্কুলে ভর্তি হবার ব্যবস্থা নাই। সুতরাং স্কুল বোর্ড থেকে যে সার্টিফিকেট দেওয়া হয়—সেই সার্টিফিকেট-এর কি অর্থ থাকতে পারে?

Shri Birendra Chowdhury:

মিঃ স্পীকার, স্যার, অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে সরকারের কাছে কয়েকটি বক্তব্য বিবেচনা করবার জন্য রাখতে চাই। কলকাতার বাইরের স্বাস্থ্য-কেন্দ্রের রোগীদের পথ্যের জন্য এক টাকা থেকে দেড় টাকা ধার্য করার জন্য প্রথমেই আমি সরকারকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। স্বাস্থ্য এবং শিক্ষা খাতে যে ব্যয়সংকোচের ইঙ্গিত ছিল তা প্রত্যাহার করা হবে এইরকম একটা ইঙ্গিত শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী দেওয়ায় তাঁকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই হাউসে এইবার আমাদের অর্থমন্ত্রী পশ্চিম বাংলার অর্ধেক অঞ্চলের কথা বলেছেন। কেন্দ্রীয় সরকার এবং ফাইন্যান্স কমিশন থেকে পশ্চিমবঙ্গ আশানুরূপ অর্থ-সাহায্য পাচ্ছেন না সেই কথা বলেছেন। এই পরিপ্রেক্ষিতে আমি আপনার মাধ্যমে কয়েকটা গুরুত্বপূর্ণ জিনিসের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিম বাংলার কিছু-সংখ্যক শিল্পপতি আয়কর থেকে রেহাই পাবার জন্য পাবলিক চ্যারিটেবল ট্রাস্ট এখানে প্রতিষ্ঠিত করেছেন। এই সমস্ত চ্যারিটেবল ট্রাস্ট-এ কতগুলি শিল্পপতি তাঁদের আত্মীয়স্বজন ও বন্ধু-বান্ধবকে নিয়োগ করছেন এবং এই সমস্ত চ্যারিটেবল ট্রাস্ট ইনকাম ট্যাক্স আইনের সেকশন ১৩ এবং সেকশন ২৫ অনুসারে ইনকাম ট্যাক্স না দেওয়ার জন্য বহু টাকা সঞ্চয় হয় এবং সেই টাকার সাহায্যে এই ট্রাস্টগুলি অন্যান্য শিল্পের মালিকানাস্বত্ব কিনে যাচ্ছে এবং এই শিল্পে তাঁদের নিজেদের আত্মীয়স্বজনকে নিয়োগ করছে ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টর হিসাবে বহু টাকা মাইনে দিয়ে তাকে জনসাধারণের কল্যাণের জন্য যে পাবলিক ট্রাস্ট প্রতিষ্ঠিত হচ্ছে, তাতে দেখা যাচ্ছে জনসাধারণের কল্যাণের বদলে কিছুসংখ্যক শিল্পপতি নিজেদের স্বার্থের প্রতি বেশি নজর দিচ্ছেন এবং তাঁরাই বেশি সুবিধা পাচ্ছেন। আমি এর প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি পশ্চিম বাংলায় যেসমস্ত চ্যারিটেবল ট্রাস্ট আছে, তাদের যা আয় হয় তারা যেসমস্ত সুবিধা পায় আয়কর থেকে, এসব বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করুন যাতে তাঁরা এই ট্রাস্টগুলিকে একটা কোন আইনের মাধ্যমে কন্ট্রোল-এ আনতে পারেন। অবশ্য এটা ঠিক কথা, গত বছর ত্যাগী কমিশনের তদন্তের ফলে কিছুটা কন্ট্রোল হয়েছে, তবুও যতটা কন্ট্রোল হওয়া উচিত তা হয় নি। যে টাকা খরচ করা দরকার, সম্পূর্ণ-ভাবে সেই টাকা খরচ হচ্ছে না এবং কয়েকজন শিল্পপতির কুক্ষিগত হয়ে পড়ছে এবং অনেক-গুলি শিল্পের ইকুইটেবল ডিস্ট্রিবিউশন হচ্ছে না।

[2-40—2-50 p.m.]

সরকারকে আমি অভিনন্দন জানাই যে, পল্লীগ্রামে স্ত্রী-শিক্ষার ব্যাপারে ক্লাস এইট অবধি তাঁরা ফ্রি প্রাইমারি এডুকেশন-এর কথা বলেছেন। কিন্তু তাঁরই সঙ্গে আমরা দেখি যে ডি এ-র জন্য সাড়ে পনের টাকা ম্যাচিং গ্রান্ট দেওয়া হবে, না দিলে পশ্চিমবঙ্গ সরকার সাড়ে পনের টাকা শিক্ষকদের ডি এ দেবেন না। এই সাড়ে সতের টাকা দেবার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষরা মেয়ে-দের কাছ থেকে, প্রত্যেক ছাত্রীর কাছ থেকে ১০।১২।১৪ আনা অবধি বেতন হিসাবে আদায়

করেন। সুতরাং যদিও সরকার বলছেন অবৈতনিক শিক্ষাব্যবস্থা হয়েছে, কিন্তু ম্যাচিং গ্র্যান্ট অর্ডার পাবার জন্য সত্যিকারের অবৈতনিক হয় নি কিছুটা মাইনে দিতে হয়। এটা আপনারা চিন্তা করে দেখবেন যে, যদি কোন দরিদ্র চাষীর ৩।৪।৫টা মেয়ে স্কুলে পড়ে তা হলে তাকে ৩।৪ টাকা দিতে হবে। তাই আমি বলব যেখানে মেয়েদের শিক্ষা অবৈতনিক বলা হচ্ছে, সেখানে ৩১ বা ৩৫ টাকা যা ডি এ দেওয়া হয় এই ম্যাচিং গ্র্যান্ট সেই জায়গায় প্রযোজ্য না করা এবং সরকার যেন নিজেই এই গ্র্যান্ট দেন। তারপর প্রাইমারি এডুকেশনএ প্রাইমারি যে এক্সামিনেশন হয় তাতে আমরা একটা ফি করি। কিন্তু ছাত্রদের ফাইনাল এক্সামিনেশন হয় তার কোন রেজাল্ট স্কুলের কর্তৃপক্ষকে দেওয়া হয় না এবং হয় তাদের অভিভাবকেরাও কোন কিছু জানতে পারেন না—তাঁরা শুধু মোটামুটি জানতে পারেন যে, পাশ করেছে, কি ফেল করেছে। আমার মনে হয় যে, ছাত্রদের দিকে লক্ষ্য রেখে তাদের রেজাল্ট প্রত্যেক স্কুলে কোন্ কোন্ সাবজেক্ট-এ কি কি নম্বর পেল এই বিষয়ে পাঠানো উচিত এবং তাতে মঙ্গল হবে। আর একটা ঘটনার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করব যে, ১৯৫২ সাল থেকে ১৯৫৬ সাল অবধি পশ্চিম বাংলায় ফার্টিলাইজার আমাদের ঋণ হিসাবে দেওয়া হত এবং এই ঋণ ডিস্ট্রিবিউট করবার জন্য একমাত্র এ আর ও-র হাতে ১৪টা ইউনিয়নের ভার ছিল। এর ফলে ১৯৫২ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত যে ডিস্ট্রিবিউশন হয়েছে, তার কাগজপত্র চাষীরা ঠিকমত পায় নি এবং তাহাদের খবর দেওয়া সম্ভব হয় নি যে, সরকারের পক্ষে কত টাকা সুদ হল বা কত টাকা ফার্টিলাইজারএর মূল্য হল। এ বছরে ১৯৬৩ সালে—সেই ১৯৫২ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত দেয় সেই ফার্টিলাইজার ঋণ আদায় করবার চেষ্টা করা হচ্ছে। এখন দেখা যাচ্ছে সুদ যেটা জমেছে সেই প্রিন্সিপ্যাল অ্যামাউন্ট-এর প্রায় সমান -শতকরা ৭০।৭৫ ভাগ সুদ হয়ে গেছে। আমি তাই আবেদন করব যেখানে চাষীরা দিতে প্রস্তুত ছিল সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা না করার জন্য তারা দিতে পারে নি সেই জায়গায় চাষীদের এবার সুদ মকুব করা হোক। আর একটা ব্যাপার হচ্ছে যে, ছোট ছোট মধ্যস্বত্ত্বাধিকারীকে যে কম্পেনসেশন দেবার কথা আমি জানি সেগুলি নির্ভুলভাবে সরকারী দপ্তরে না দেবার জন্য হয়ত তাঁরা অনেক জায়গায় কম্পেনসেশন দিতে পারছেন না। সেজন্য আমাদের সরকারের এই বিভাগ এমন কিছু তাঁরা ব্যবস্থা করুন যাতে নির্ভুল কাগজপত্র সংগ্রহ করতে পারেন। এর জন্য এ এল আর ও, জে এল আর ও আছেন তাঁদের নির্দেশ দিন তাঁরাই এই সমস্ত মধ্যস্বত্বাধিকারীদের সংগে সহযোগিতা করে নির্ভুল কাগজপত্র যাতে আসে তার ব্যবস্থা করতে পারেন এর একটা টাইম লিমিট করে দিন যে এই সময়ের মধ্যে অন্ততঃ ৭০ ভাগ এইসমস্ত ছোট ছোট মধ্যস্বত্বাধিকারী-দের টাকা যেন দেওয়া হয়। জলকরের ব্যাপারে বহুকাল বাদে হঠাৎ ১৯৬৩ সালে জলকর আদায় করবার জন্য গ্রামে গ্রামে মানুষের কাছে সরকারপক্ষ থেকে যাচ্ছেন। তাঁরা অফিসে নোটিশ দিয়েছেন যে, আমরা অমুক তারিখে হাজির হব তোমরা জলকরের টাকা দিতে আসবে। যে-কোন কারণে যে-কোন ব্যক্তি যদি সেদিন হাজির না হন—সে অসুস্থতার জন্য হোক বা সে কলকাতার অফিসে চাকরী করার জন্য হোক সে ব্যক্তি যদি আসতে না পারে তখন তাকে মুস্কিলে পড়তে হবে। থানায় থানায় কোন টাকা জমা দেবার কোন ব্যবস্থা নেই। তাকে হুগলির বদলে বর্ধমানে যেতে হবে ৬ আনা পয়সা জমা দেবার জন্য। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে খাজনা আদায় করবার একটা ব্যবস্থা করুন, কারণ ৬ আনা কি ১০ আনার জন্য তার পক্ষে সাড়ে তিন টাকা খরচ করে বর্ধমানে যাওয়া কষ্টকর।

আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, জলসেচবিভাগের যাঁরা খাজনা আদায় করছেন তাঁদের এ বিষয়ে নির্দেশ দিন বা এমন একটা ব্যবস্থা করুন যাতে মাত্র ছ আনা বা মাত্র দশ আনার জন্য সাড়ে তিন টাকা খরচ করে বর্ধমানে যেতে না হয়, কারণ এরূপ করলে সত্যই অত্যন্ত কষ্ট হবে।

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন, যাকে দেখতে নারি তার চলন ভারী। আমরা লক্ষ্য করেছি যে, যেহেতু আমরা বামপন্থী সেই কারণে যত অভিযোগ সরকারের বিপক্ষে বলি এবং মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে বলি বা জনসাধারণের দাবির কথা আইনসভায় বলি বা পেশ করি, যেহেতু আমরা বামপন্থী আমাদের সমস্ত অভিযোগ ও'রা মিথ্যা বলে উড়িয়ে দেবার

চেষ্টা করেন ও জনসাধারণের দাবী অস্বীকার করেন। আজ অ্যাপ্রোপ্রিয়েশন বিলের আলোচনায় অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রীর কাছে কয়েকটা কথা রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, এ বিষয়ের মন্ত্রিমহাশয় এই হাউসে জোরগলায় বলেছেন যে, উৎপাদন বাড়াতে হবে, দেশের জরুরী পরিস্থিতিতে উৎপাদন না বাড়ালে দেশের উন্নতি হবে না। দেশের সাধারণ মানুষ চাষী ও মধ্যবিত্ত, যারা এর সমর্থক তারাও সেভাবে তাদের পরিশ্রমকে কাজে লাগিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার এবং নদীয়া জেলার কয়েক লক্ষ ইক্ষু চাষী যারা আখের চাষ করে এবং এই চাষ করে চিনির উৎপাদন বাড়াবার সহায়তা করে। প্রায় গত ৪ বছর ধরে তারা তাদের আখের দামের উপরে কেন্দ্রীয় সরকার যে অতিরিক্ত কর ধার্য করে দিয়েছেন, তা তারা দিয়েছে। দুর্ভাগ্যের বিষয় বাঙলাদেশের আখ চাষী, বিশেষ করে মুর্শিদাবাদের, নদিয়ার আখচাষীদের টাকা কয়েক বছর ধরে তাদের মালিকরা দিচ্ছে না, তাদের পাওনা টাকা পড়ে আছে, তবে এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, তবু আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি, তিনি এ অভিযোগ স্বীকার করবেন কারণ তিনিও নদিয়া জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, তাঁর বাড়ি নদিয়া জেলায়। আমি আপনার মাধ্যমে আর একটা বিষয়ে মন্ত্রিমহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে নাকি পঞ্চায়েত রাজ কায়েম হতে চলেছে এবং বিভিন্ন অঞ্চলে ইউনিয়ন বোর্ড ভেঙ্গে দিয়ে পঞ্চায়েত গঠন হয়েছে। আপনি জানেন, এই সমস্ত পঞ্চায়েতে যেসমস্ত চৌকিদার কাজ করেন তাঁরা খুবই গরিব কিন্তু দুর্ভাগ্যের বিষয় বাঙলাদেশে এই চৌকিদার শ্রেণীকে যে মাহিনা দেওয়া হয় তা খুব অল্প, তাতে একটা মানুষের দিন চলা সম্ভব নয়। এর আগে ইউনিয়ন বোর্ডে থাকাকালীন পার্টটাইম কাজ করতে পারত কিন্তু এই অঞ্চল হবার ফলে দিনের মধ্যে বেশির ভাগ সময়ই তাদের চৌকিদারের কাজে নিযুক্ত থাকতে হয়। তখন একটা হাকিম ছিল, এখন একটা অঞ্চলে অনেকগুলো হাকিম হয়েছে।

সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করতে চাই। পরিশেষে আমি একথা বলতে চাই যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার ভিতর দিয়ে যে রাস্তার রামনগর ফরাক্কা পর্যন্ত নির্মাণকার্য চলছে সেই রাস্তার জন্য সরকার অনেক জমি দখল করেছেন। তাদের এখনও পর্যন্ত কোন ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হয় নি। সেই জন্য আমি আপনার মাধামে যেসমস্ত চাষীদের জমি নেওয়া হয়েছে তাদের ক্ষতিপূরণ যাতে তাড়াতাড়ি দেওয়া হয় সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে যে খাজনা ও ট্যাক্স আদায়ের জুলুম চলেছে তাতে সাধারণ মানুষের বা চাষীদের হাতে বর্তমানে পয়সা নেই, যদি সরকারের কাছ যে টাকা পাওয়া যায় তা যদি তারা পায় তা হলে ঐ সমস্ত ট্যাক্স বা খাজনা তারা দিয়ে দেবে, সেদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50—3 p.m.]

Shri Lakshmi Ranjan Josse: Mr. Deputy Speaker, Sir, I have to deal with tourism first. Tourism is the only important factor which was sustaining the flow of economy of the Darjeeling district. But due to imposition of permit system on foreign visitors and now by declaring the world famous sight seeing centre, i.e. Tiger Hill, out of bound to all visitors the economy of Darjeeling looks like completely shattered. If you want to keep the border people away from the influence of Communists and Communism the first and foremost thing to do is to improve their economy. If we cannot improve it let us not do something that will impair the existing slender economy. On one hand there is a contradictory picture—we see that the State Government is spending lot of money in the matter of importing Limousines in Calcutta and in Siliguri for carrying foreign passengers or the tourists, on the other we find that everything is being done to discourage the foreign visitors from going to the Darjeeling district. If this Tiger Hill is a site required for defence purposes—of course Defence comes first - I wonder if there is no site just as high and just as strategic which our Government could offer? Why the Defence installation be constituted or located on the top of that particular hill? Darjeeling

has no dearth of hill tops. There are plenty others. I would request the Hon'ble Finance Minister to stir and offer another alternative site for the installation before it is too late.

Sir, we all know how seriously the U.P. and the Bihar Governments support their cash crop transaction. Every little transaction from the growing centre to the distribution centre is governed and supported by these Governments. But here in Bengal, particularly in the case of Darjeeling district we have cash crops such as Cardamom and orange which an individual or a firm can grow at various centres unlike tea. Cardamom is growing in Sikkim which are of better quality and they are free from disease. But Cardamoms of Darjeeling are diseased, and during the last ten years the production has come down from 24 thousand maunds to about 6 thousand maunds—the figures may be verified. Sir, a disease called Furkey, a virus, is spreading among the Cardamom and oranges are atttacked with a disease called Borer which is also a virus. I wonder if in course of a few years Darjeeling will have to import oranges from Nagpur! It would then be a shameful affair. Sir, I went to Kalimpong about two months back and I had been to a research laboratory. There was a mycologist who went there to control all the virus diseases. And when I went there only the other day, I asked him to take me round the nurseries and plantations in reply to which he said that his department had been terminated. This is a very sad state of affairs.

The Mycologist was there, the Research Laboratory was set up but nothing was done and it was terminated. Why it was set up and why it was terminated, I do not know. What useful purpose was served by the Research Laboratory, I do not know. Research is a thing which takes a long time, and for a year and a half that Laboratory has not served any purpose excepting spending public money.

Same about potato, which is another cash crop. The seed potato is reported to be diseased all over India. Even Bihar and in fact other States do not buy Darjeeling potato and it has to be sold to Bihar by obtaining the stamp of Sikkim or Nepal.

In October last our Hon'ble Minister, Mr. Mukherjee, inaugurated a small-scale industry, known as, "Hand-made Paper Industry". But when I visited it the other day I found that the building was there, the office was there, the vats were constructed, water tank was constructed, but the motive power was not there. When I enquired about it, I was told that they purchased a Ruston Engine but that was still lying there at Siliguri for one month and a half. If this is the state of affairs, what else can be expected.

[At this stage the speaker having reached the time limit resumed his seat.]

Dr. Radhakrishna Singha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন খাতে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে দু-একটি কথা মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই।

প্রথমে হচ্ছে অসামরিক প্রতিরক্ষা খাতের মঞ্জুরী সম্পর্কে দু-একটি কথা বলব। আজ আমাদের দেশ যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে আমরা এই অসামরিক খাতকে আরও শক্তিশালী করতে পারছি না—এ ধারণা আমাদের হয়েছে। আজকের সংবাদপত্রে আসামের মুখ্যমন্ত্রী শ্রী চালিহার একটি বিবৃতি পড়ে দেখলাম—আমরা আবার চীন দ্বারা আক্রান্ত হতে পারি। কারণ তিব্বতে অনেক ডিভিশন সৈন্য সমাবেশ হচ্ছে এবং তার জন্য তিনি সকলকে সতর্ক করে দিয়েছেন দেশবাসীকে—যেন আমাদের আত্মসন্তুষ্টির ও আত্মপ্রত্যয়ের কোন কারণ না ঘটে। আমাদের প্রধানমন্ত্রীও সেদিন এই কথা বলেছেন। সুতরাং আমি মনে করি হোমগার্ড, ন্যাশনাল ডিফেন্স ফোর্স এগুলি ছাড়াও প্রত্যেকটা ঘরে এমনভাবে একটা ব্যবস্থা গভর্নমেন্টের করা

উচিত, প্রত্যেকটা ঘর-বাড়ীর এমন ব্যবস্থা হতে পারে—যাতে প্রত্যেকটা জনসাধারণ বুঝতে পারেন যে আমাদের দেশের জন্য একটি কর্তব্য আছে। আমার মনে হয় আজ পর্যন্ত যা করেছেন, তা কাগজে-কলমে করেছেন মাত্র, বেশিদূর অগ্রসর আপনারা হতে পারেন নি।

দ্বিতীয় কথা হচ্ছে, ডি ভি সি। এই ডি ভি সি নিয়ে এখানে তার কার্যকলাপ সম্পর্কে বহু আলোচনা আমরা করেছি। কিন্তু তার কোন সমাধান হয় নি। আমি বলব এই যে ডি ভি সি-র সেচ পরিকল্পনা, বিদ্যুৎ পরিকল্পনা এবং বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা রয়েছে, তার মধ্যে সেচ পরিকল্পনা ও বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা ব্যর্থ হয়েছে। আর বিদ্যুৎ সম্পর্কে তো আপনি জানেন, পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় শিল্পাঞ্চলের কলকারখানা আজ বিদ্যুতের অভাবে সব অচল হয়ে পড়ে আছে। সেজন্য বলব হয় ডি ভি সি, পশ্চিমবঙ্গ সরকার সরাসরি নিয়ে নেন, আর না হয় সরাসরি সেন্ট্রাল গভর্নমেন্টের হাতে চলে যাক। তাঁরা যা ইচ্ছা তাই করুন।

দ্বিতীয়ত ডেভেলপমেন্টের ব্যাপার। ডেভেলপমেন্ট যেসমস্ত আমরা দেশে করছি, তা ডেফিসিট ফাইনান্সিং করে বা ধার করে। ডেফিসিট ফাইনান্সিং বা ধার করে যেসমস্ত কাজ করা হচ্ছে, তার উপর আমাদের বিশেষ লক্ষ্য রাখা উচিত যাতে প্রত্যেকটা কাজ সেন্ট পারসেন্ট ভাল হয়। আমি বলব, কন্ট্রাক্টরদের যেভাবে মাশরুম গ্রোথ হচ্ছে, তাতে তাদের বেশি টাকা দিয়ে না করিয়ে এফিসিয়েন্ট কন্ট্রাক্টর নিয়োগ করে কাজটা যাতে ভাল করে করতে পারা যায় কম টাকায় এবং সেন্ট পারসেন্ট ভাল আউটকাম পেতে পারি সেদিকে দৃষ্টি দেওয়া দরকার।

[3—3-20 p.m.]

আমি সর্বশেষে মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা কথা বলব—ইলেকট্রিসিটি সম্বন্ধে, আমাদের বিভিন্ন জায়গায়, যে ডিফারেন্ট রেট করা হয়েছে। আমাদের পাড়াগাঁয়ে ইলেকট্রিসিটির রেট অত্যন্ত বেশী কলকাতার তুলনায়। যেসমস্ত ডেভেলপমেন্ট বোর্ড আছে, যেসমস্ত ইলেকট্রিসিটি বোর্ড আছে, তার রেট অত্যন্ত অধিক। আমরা বুঝতে পারি না কেন এই রকম ডিফারেন্স! ক্যালকাটায় যেখানে দশ নয়া পয়সা ইউনিট, মফঃস্বলে, পাড়াগাঁয়ে সেখানে ছত্রিশ নয়া পয়সা ইউনিট। এত তফাৎ কেন? এ সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একেই তো পাড়াগাঁয়ের লোক ইকনমিক্যালি অনেক উইক শহরের লোকের থেকে, এবং ইন্ডাস্ট্রিয়াল এলাকার লোকের চেয়ে, সেখানে ইলেকট্রিসিটির রেট এত হাই কেন? এই সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনি দয়া করে এদিকে ব্যবস্থা করবেন।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

POINT OF PRIVILEGE

[3-20—3-30 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman: Sir, on a point of privilege. The other day the honourable member Shri Deb Saran Ghosh made certain allegations against my daughter and son-in-law and demanded that an enquiry should be made, and he took the responsibility on him to prove that the allegation was true. I had requested for an independent enquiry and you were pleased to refer the matter to the Chief Minister for enquiry. The enquiry has already been made and it has been found that the report says that there was no such incident like this, and that the allegation was absolutely baseless. As the enquiry was demanded by the honourable member, I draw your attention as to what should be done in this matter. I think he must express regret, or the matter should be expunged from the proceedings.

Mr. Speaker: On this point, something was said by the honourable member, Shri Deb Saran Ghosh making certain reflections on another honourable member Shri Fazlur Rahman. Hon'ble Fazlur Rahman immediately thereafter denied the fact, and I think that is the end of the matter and the allegation. It is however always expected that if such incorrect statements are made by an honourable member and once it is denied, as a matter of courtesy and as a matter of mutual relationship between the members, such member should withdraw the allegation.

Shri Sailendra Nath Adhikary: On a point of order, Sir.

আপনি বললেন

denial by a member is sufficient.

তাই যদি হয় তাহলে

It is not necessary that the statement made by the member should be withdrawn.

ও'র কথা উনি যা বলবার বলেছেন, মন্ত্রিমহাশয়ও উত্তর দিয়েছেন, তাতে উইথড্র করার প্রশ্ন কি করে আসে?

Mr. Speaker: It is my experience in this House since I have been Speaker that denial of a member is taken to be sufficient. Once a wrong statement is made, that is denied and there ends the matter. Of course, I have added that as a matter of mutual relationship between the members and as a matter of courtesy when an honourable member denies the statement made by another honourable member, that member should withdraw his statement.

The Hon'ble S. M. Fazlur Rahman: There is another point. The honourable member demanded an enquiry, and according to his desire the enquiry was made.

Mr. Speaker: I have already given my decision. Now, Shri Narendra Nath Sen will speak.

THE WEST BENGAL APPROPRIATION BILL, 1963

Shri Narendra Nath Sen:

স্পীকার মহোদয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে উঠে আমি প্রথমে একটা কথা বলব। আজকের আলোচনায় কমিউনিস্ট সদস্য শ্রীদেবী বসু মহাশয় অভিনয়ের ভঙ্গীতে চাঞ্চল্যের সৃষ্টি করবার প্রয়াস পেয়েছেন। তিনি ব্যোমশংকর আরাধনা করে কিছু সেবন করে এসেছিলেন কিনা জানি না। কিন্তু তিনি যেরকম অভিনয় করলেন তাতে হাস্যরসের সৃষ্টি হয়েছে এ ছাড়া আর কিছুই হয়নি। স্পীকার স্যার, কলকাতার প্রাইমারী এডুকেশন-এর সমস্যা মূলতঃ কলকাতার করপোরেশন-এর উপরে ন্যস্ত। কিন্তু এটা এত বড় সমস্যা যে কলিকাতা করপোরেশনের পক্ষে তার সুষ্ঠু সমাধান করা সম্ভব নয়, কাজেই আজকে সমস্ত পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকারকে নিতে হবে। কলকাতায় প্রাথমিক শিক্ষা এখনও অনেক পিছিয়ে আছে। আমি বলছি এই প্রাথমিক শিক্ষা আরও প্রসারিত হওয়া প্রয়োজন। কলকাতায় বিশেষ করে যে সমস্ত ছোট ছোট স্কুল প্রাইভেট এন্টারপ্রাইজএ গড়ে উঠেছে সেখানে ওয়ান স্কুল, ওয়ান টিচার হিসাবে চলছে, এখানে গভর্নমেন্ট যদি কিছু সাবসিডাইজ করেন টিচার-এর বেতনের জন্য এবং কিছু জিনিসপত্র কিনে দেন তাহলে আমার মনে হয় এই প্রাথমিক শিক্ষা আরও বিস্তারলাভ করবে এই কলকাতাতে। শিক্ষার নামে কলকাতার বুকে যে মারাত্মক ব্যবসা চলছে সেদিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে কি না জানিনা। কিন্তু আমার মনে হয় এটা অচিরে বন্ধ হওয়া প্রয়োজন। স্যার কলকাতার উপরে টিউটোরিয়াল কলেজ, কোচিং স্কুল ইত্যাদি নিত্য নতুন ব্যাঙের ছাতার মত গজিয়ে উঠছে, কতকগুলি কলেজ নামে আছে, কতকগুলি স্কুল নামে আছে এবং এ ছাড়া আবার কতকগুলি

ইঞ্জিনীয়ারিং কলেজ-এরও সৃষ্টি হয়েছে। এরা গভর্নমেন্টের কোন রেকগনিশন নেয় না, কোন সরকারী আইনকানুন মানে না--তাদের শিক্ষার প্রয়োজনীয় জিনিসপত্রের কোন বালাই নেই, ফরম-এর কোন বালাই নেই, যেখানে সেখানে ঘরোয়া স্কুল করে ব্যবসা চালান এবং ছাগল ভেড়ার মত দলে দলে ছাত্রদের নিয়ে শিক্ষাদানের নামে ব্যবসা চালান এবং অন্য কোন রেকগনাইজড স্কুল থেকে কিছু ফরম এনে স্কুল ফাইনাল, হায়ার সেকেন্ডারী পরীক্ষাতে তাদের পাঠান। একটা হোমিওপ্যাথিক কলেজ আছে তার প্রোপ্রাইটার তিনি আবার একটা গার্লস স্কুল-এর হেড মিস্ট্রেস, অথচ তিনি ম্যাট্রিক পাসও নন। এইভাবে স্কুল চলছে। এগুলি অচিরে বন্ধ হওয়া প্রয়োজন। যাঁরা চার-পাঁচটি ছেলেমেয়ে নিয়ে কোচিং দেন তাদের কথা আলাদা, কিন্তু যারা শিক্ষায়তন খুলেছিল তাদের সেখানে গভর্নমেন্টের অনুমতি নিতে হবে। যে সমস্ত রেকগনাইজড স্কুল আছে সেখানে ছাত্ররা অ্যাডমিশন পায় না বলেই এই সমস্ত স্কুলে ভর্তি হয়। কাজেই যে সমস্ত স্কুল রয়েছে সেখানে যদি ডাবল শিফ্‌ট চালু করে সরকার তাদের সেজন্যে সাবসিডাইজ করেন তাহলে শিক্ষার প্রসার হতে পারে। আমরা দেখতে পাচ্ছি গ্রাজুয়েট হবার ছেলেরা পোস্ট-গ্রাজুয়েট এডুকেশন পেতে এম এ, এম এস সি, এম কম ক্লাস ভর্তি হবার জন্য গিয়ে ইউনিভারসিটিতে স্থান পায় না। ইউনিভারসিটিতে অত সিট পায় না ফলে অনেক ছাত্রকে হতাশ হয়ে ফিরে আসতে হয়। কিছুদিন আগে এবিষয়ে আলোচনা হয়েছিল এবং শিক্ষামন্ত্রী কিছু বলেছিলেন বটে, কিন্তু আমার মনে হয় কলকাতার যে সমস্ত ফার্স্ট গ্রেড কলেজ আছে সেখানে যদি এম এ, এম এস সি, এম কম ক্লাস খুলতে গভর্নমেন্ট সাহায্য করেন তাহলে গ্রাজুয়েট হয়ে ছেলেরা পোস্ট গ্রাজুয়েট এডুকেশন-এর সুযোগ পাবে, আমি আশা করি এদিকে সরকার দৃষ্টি দেবেন। স্যার,

Calcutta University Act of 1951

এই যে অ্যাক্ট আমার মনে হয় সেই অ্যাক্ট অবিলম্বে সংশোধন করা প্রয়োজন। আপনারা জানেন, কিছুদিন আগে গ্রাজুয়েট কনস্টিটিউয়েন্সিতে যে ইলেকশন হয়েছিল সেই ইলেকশন নিয়ে হাই কোর্ট এ কেস পর্যন্ত হয়েছিল। কাজেই এই ভোটিং সিস্টেম নয়ে এটেস্ট ভোটিং সিস্টেম হয় এবং ভোটারদের নামের লিস্ট তৈরি করার ব্যাপারে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা দরকার। সিনেট হল পেরেন্ট বডি, কিন্তু সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল প্রভৃতি অন্যান্য যে সমস্ত কমিটি সেগুলি সিনেট থেকে গড়ে উঠেছে বলা যায় তাদের উপরে সিনেট-এর কোন কর্তৃত্ব নেই। সিন্ডিকেট যদি কোন অনুপযুক্ত টিচার নিয়োগ করে সেখানে সিনেট থেকে তার উপর খবরদারী করার কোন ক্ষমতা নেই। কিছুদিন আগে একটা নিয়োগের ব্যাপারে বসুমতীতে অনেক লেখালেখি হয়েছিল। এই সব কারণে সিনেটকে আরও পাওয়ার দেবার জন্য ক্যালকাটা ইউনিভারসিটি অ্যাক্ট অ্যামেন্ড করা উচিত বলে মনে করি। "কিশলয়" সম্বন্ধে শিক্ষামন্ত্রী বলেছেন যে ৭১টি কেন্দ্র খুলছেন নোতুন নোতুন কিছু হয়েছে আমাদের বৌবাজার এলাকায় হয়েছে দেখেছি। কিন্তু আমি দেখছি আজও রাস্তায় রাস্তায় ফুটপাথে গাদা গাদা "কিশলয়" নিয়ে দোকানদাররা বসে, কিন্তু তা বেশী দামে ছাড়া বিক্রয় করে না। এই যে কিশলয় নিয়ে ব্যবসা চলছে তা কেন বন্ধ হয় না জানি না।

[3-30—3-40 p.m.]

কিন্তু এই সব দোকানদাররা এত গাদা গাদা বই কোথা থেকে পায়, এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট যদি একটু চেষ্টা করে তাহলে এই সব জিনিস বন্ধ হয়ে যায়। কার স্বার্থে এগুলি হচ্ছে এবং সেখানে সরোজকুমার দে এবং সমরেশ সেন তাদের অর্থ বই না নিলে কেউ বই বিক্রি করবে না। এই বিষয়ে আমি আমাদের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরেকটি বিষয় আমি এখানে বলতে চাই যে, আমাদের এখানের কলেজগুলিতে এবং স্কুলগুলিতে যথেষ্ট প্রো-চাইনিজ টিচার্স এবং প্রফেসর আছেন তাঁরা ছাত্রদের ইনডকট্রিনেট করে চাইনিজ মনোভাব গড়ে তোলবার জন্য তাঁরা সিক্রেট মিটিং করেন। এবং এই সিক্রেট মিটিং-এর তাঁরা কোথা থেকে ইন্সপিরেশন পান তার একটা ইঙ্গিত আমি এখানে করব যে, চায়নাতে পিকিং ইউনিভারসিটিতে তারা ছাত্রদের কি করে ইনডকট্রিনেট করে এবং সেখানে ফরেন স্টুডেন্টদের যারা সেখানে থাকে তাদের সম্বন্ধে সেখানে কি রকম ব্যবহার করা হয় এই বিষয়ে আমি দুই একটা কথা বলব। মীরা ভোরা নামে আমাদের এক ভারতীয় ছাত্রী, যিনি পিকিং ইউনিভারসিটিতে তিন বছর ছিলেন তাঁর একটা

উক্তি থেকে আমি এখানে পড়ে আপনাদের শোনাব। আমার সময় এখানে কম সুতরাং কয়েকটা জায়গা থেকে আমি খানিকটা পড়ব কারণ তার বিবৃতি অনেক বড়। তিনি যখন সেখানে ছিলেন তখন ভারতবর্ষ ফ্রেন্ডলি কান্ট্রি ছিল। আমি পড়ছি......

"There were more than 200 foreign students at the University. Most of them were from the fraternal socialist countries; the rest came from friendly non-socialist countries like India (it was looked upon as a friendly country) and Indonesia. I did not know one foreign student who did not want to leave China and go home. In one sense this was surprising, for living conditions were quite good, much better than those of the Chinese students and in some cases even better than those the foreign students would have enjoyed in their own countries. Yet all the foreign students, communist or not, were unhappy and would have liked to cut short their stay in China. I heard Russians and the Czechs and the Poles complain of the trying conditions on the campus. Many of these students were amazingly frank about their opinion of Chinese communism, so different, they thought, from communism back home. In Peking University one led an isolated life in spite of the fact that there were 10,000 Chinese students also living on the campus, not one ever dared try to make friends with you. Everybody was suspicious of everybody else and you were watched and your behaviour and actions were in constant scrutiny.

Peking's original idea was to rectify and reform abuses and the faults in the party by allowing people to air their grievances against it. Certainly the party never realised that much criticism would pour out. Overnight all the walls of Peking University were plastered with Ta Tze Pao (critical wall-newspapers). Some asked for Khrushchev's report on Stalin. Some enquired why only Soviet science was taught when it was a well known fact that scientific knowledge in the United States and England was also very advanced. Some demanded that the party withdraw from the University. Students organised themselves into discussion groups and elected representatives who with representatives from other Universities were to form a joint front against the party's interference in the academic matters. Then the party stepped in and meetings began. The students were organised classwise to meet together. Everyone began to discuss the "errors" in the criticisms made against the party. Each meeting was attended by a party member or a 'cadre' who sat in the last row and guided the meeting without appearing to participate in it. All regular classes were stopped; the University became a vast camp where more than 10,000 students and teachers collected in class rooms, in dining halls, in the open air, under the trees to discuss and re-discuss the true approach and wrong approach". "At last every one—all the thousands who had only a few weeks earlier been so violent in their criticisms—'violently' (the word is ironical) came to the conclusion that the leadership of the Communist Party was the only correct leadership every one also 'voluntarily' came to the conclusion that those who dared to raise their voices against this leadership were reactionary products of the old feudal and capitalist society. The so-called rightists had to stand, facing hundreds of their one-time friends and colleagues, and hear that they were treacherous enemies of the people and reactionary agents of Chiang Kai Shek or of Imperialist America. Sometimes emotions ran so high that the frenzied crowds became mobs howling for blood. Students were even beaten up. Many students, lecturers, professors who could not stand the inhuman strain of these accusation meetings committed suicide or tried to, during this period. Others suffered their punishment. A Professor who had taught English in the University for many years was found to have rightist tendencies and was immediately ordered to work as a typist so that he could rectify his thinking through labour. Another

teacher was reduced to the position of a janitor and made to sweep the floors so that he could learn the dignity of labour and re-establish his lost contact with reality."

এই হচ্ছে সেই দেশের অবস্থা। আমাদের এখানে এডুকেশান বাজেটের দিনে শুনেছি এই অভিযোগ যে শিক্ষাক্ষেত্রে ডিমোক্রেসি বন্ধ করা হচ্ছে, তাদের গ্যাগ করা হচ্ছে। কিন্তু সেখানে দেখা যায় যে, শিক্ষকদের বিরুদ্ধে যদি পার্টির সন্দেহ হয় তাহলে তার পজিশান কিভাবে নামিয়ে দেয় এবং তাদের সাধারণ কাজে নামিয়ে দেয়। আমাদের দেশের স্কুলগুলিতে ছাত্রদের গড়ে তোলবার দায়িত্ব নিয়েছেন - সেখানে আজ যে সমস্ত শিক্ষক দেশদ্রোহিতামূলক শিক্ষা দেয় তাদের সম্বন্ধে আমি আশা করি সরকার ব্যবস্থা অবলম্বন করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40--3-50 p.m.]

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আমার আলোচনার প্রথমে একটা স্থানীয় সমস্যা সম্বন্ধে দুই একটা কথা বলতে চাই। চন্দননগর করপোরেশন সরকারের এ্যাপয়েন্টটেড এ্যাডমিনিস্ট্রেশানের আন্ডারে। এবং সেখানে ভীষণ জলকষ্ট। সেখানে ১ হাজার হাউস সার্ভিস কানেকশানে এক ফোঁটা জলও পড়ে না। মেয়েরা রাস্তার হাইড্রেনে যেখানে ফোঁটা ফোঁটা জল পড়ে রাত্রি দশটা এগারটা পর্যন্ত সেখানে থেকে জল সংগ্রহ করে। এর আগে লরী করে এইরকম অবস্থা হলে ভোর থেকে জল দেবার ব্যবস্থা ছিল। এ্যাডমিনিস্ট্রেটর সেরকম কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। এবং ডাঃ বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী মহাশয় ছিলেন গত বছর মার্চ মাসে একটি জরুরী স্কীম তিনি করেছিলেন-- তাতে কয়েক লাখ টাকা খরচ হবে, সেই জরুরী স্কীম অনুযায়ী যে ৭টা পাম্প হাউস বন্ধ হয়ে আছে এবং তার মধ্যে তিনটা একেবারে অচল হয়ে আছে কোথা থেকে সংশোধন হবে সে রাইটার্স বিল্ডিংএ সে ফাইল ছয় মাস হলো পড়ে আছে আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। সেদিকে মন্ত্রিমহাশয় যদি দৃষ্টি দেন এবং জরুরী ব্যবস্থা করার দিকে লরী করে জল দেওয়া যায় তারজন্য ব্যবস্থা করেন। দ্বিতীয় কথা যেটা আমি বলতে চাই এর মধ্যে একটা নতুন ঘটনা ঘটে গেছে যে কেরেলাতে নাকি সমস্ত ডি আই রুলে আটক বন্দীদের ছেড়ে দেওয়া হয়েছে। সেদিক থেকে আমি বাংলাদেশের মন্ত্রিসভার কাছে অনুরোধ করব যে আবার পুনর্বিবেচনা করুন কারণ বন্দীদের মুক্তি না দেবার কোন যুক্তি থাকছে না। এখন এ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমত যে কথাটা বলতে হয় সেটা হচ্ছে কংগ্রেসের মধ্যে লক্ষ্য এবং তার পদ্ধতি এই দুই-এর মধ্যে বহু তফাত আছে।

লক্ষ্যের দিক থেকে আমরা বলছি যে কমিউনিস্ট হিসাবে যে বৈজ্ঞানিক চিন্তাধারা, বৈজ্ঞানিক দৃষ্টি নিয়ে ঘটনাবলী আমরা দেখি যে যেখানে ভারতবর্ষের ক্ষেত্রে বর্তমানে আমরা যে কার্যক্রম নিয়েছি - কংগ্রেস তার ঘোষিত লক্ষ্য অনুযায়ী চলবার কথা মনে করেন যে ঘোষিত লক্ষ্য খুঁজে পাওয়া যায় যদি ভারতবর্ষের সংবিধানের ৩৯ ধারার যেখানে ডাইরেকটিভ প্রিন্সিপলস্ অব দি স্টেট পলিসিজ-এর কথা বলা হয়েছে সেটা যদি আনি, লোকসভায় যে সমাজতান্ত্রিক লক্ষ্যের কথা বলা হয়েছে সেকথার পেছনে যদি কোন আন্তরিকতা থাকে এবং ১৯৫৬ সালে ইন্ডাস্ট্রিয়াল পলিসি রেজলিউশন-এর যদি কোন তাৎপর্য থাকে এবং তার সঙ্গে দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনার ঘোষিত লক্ষ্যের যদি কোন মূল্য থাকে তাহলে আমি একথা বলতে পারি যে সেই অনুযায়ী যদি কংগ্রেস সদস্যরা বলেন তাহলে বিরোধী পক্ষের এবং লোকের অনুরাগপূর্ণ সহযোগিতা তাঁরা পাবেন। কিন্তু তাঁদের যে ঘোষিত লক্ষ্য এবং উদ্দেশ্য তাঁর যে কর্মপদ্ধতি তার মধ্যে আসমান জমির ফারাক এসে যাচ্ছে। সেজন্য অ্যাপ্রোপ্রিয়েশন বিল-এর আলোচনার সেদিক থেকে আমি কিছু কিছু দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব। প্রথমত আমাদের পশ্চিম বাংলার বাজেট আলোচনার উপর সর্বভারতীয় বাজেটের ছায়া এসে পড়েছে এবং তা ছাড়া অনেক বিশ্বব্যাপী ঘটনারও ছায়া পড়েছে। আমাদের পশ্চিমবঙ্গে বাজেট আলোচনা যখন শুরু হল তখন তার পটভূমি ছিল গ্রাম বাংলায় ব্যাপকভাবে সার্টিফিকেট জারী করে দরিদ্রতর অংশ জনসাধারণের কাছ থেকে তার ক্ষুধার একটা অংশ টেনে বের করা, তাদের উপর থেকে বাকী বকেয়া পাওনা আদায় করা এবং শহরাঞ্চলে শ্রমিকদের উপর বেপরোয়া কাজের চাপ বাড়ান ও

তাদের উপর মালিকদের বেপরোয়াভাবে আক্রমণ। এর মধ্যে আমরা ট্যাক্স আলোচনা আরম্ভ করি এবং সেখানে মূল্য বৃদ্ধির আলোচনা একটা মূল অংশ থাকে। এর সঙ্গে সঙ্গে পরোক্ষ কর এখানে বাড়ানো হয়—কেন্দ্রের পরোক্ষ কর বাড়ানো হয় ১৯৫ কোটি টাকা এবং সেখানে প্রত্যক্ষ কর মাত্র ৭০ কোটি টাকা বাড়ে। কেন্দ্রকে দেখতে পাচ্ছি একটা অভিমন্যুর মতন—তাকে যেমন সপ্তরথীরা ঘিরে রেখেছিল এখানেও ভারত সরকারকে সপ্তরথীরা ঘিরে ধরেছেন ঐ যে ফেডারেশন অব চেম্বার অব কমার্স, বৃহৎ মূলধনীদের সংগঠন তাঁরা প্রস্তাব পাস করে আক্রমণ করছে ঐ সুপার ট্যাক্সকে। এ বিষয়ে টাটা ডেপুটেশন দিয়েছে নেহরুর কাছে। শ্রীভারতরাম, প্রেসিডেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, তিনি নেহরুর সঙ্গে দেখা করেছেন। তারপর ফরেন ক্যাপিটালিস্ট-এর স্পোকসম্যানরা এক্ষুনি ভয় দেখাচ্ছেন যে আমরা ক্যাপিটাল পাঠান বন্ধ করে দেব যদি এইভাবে সুপার প্রফিট ট্যাক্স ধার্য হয়। ৮টা [illegible]মেন্ট স্টক এক্সচেঞ্জ নানারকম কার্যকলাপ দেখাচ্ছেন। এন্টায়ার মোনোপলিস্টস ট্রেড তারা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার এই পলিসির ভেতর যতটুকুন তাঁরা ঐ ১৯৫ কোটি টাকা পরোক্ষ ট্যাক্স করেছেন তা নিয়ে তাঁদের মাথা ব্যথা নেই। কিন্তু ৭০ কোটি তাঁরা যে প্রত্যক্ষ ট্যাক্স করছেন তা নিয়ে কুম্ভীরাশ্রু। এ ছাড়া দুটি সংগঠিত পার্টি—স্বতন্ত্র এবং জনসঙ্ঘ—তাঁরাও আক্রমণ করছেন। স্বতন্ত্র এবং জনসঙ্ঘের যে নীতি সেটা কংগ্রেসের বাহিরে নয়, কংগ্রেসের ভেতরে আছে। আমি যে কথা বলছিলাম.........।

[এ ভয়েস—সত্য নয়।]

কে একটা কথা বললেন হয়ত তিনি জানেন না যে ৩ জন মুখ্যমন্ত্রীকে এ-আই সি সি শাস্তি দেবার কথা ভাবছেন, কৈফিয়ৎ তলব করেছেন। কারণ স্বতন্ত্র এবং জনসঙ্ঘের পলিসি তাঁরা পারসিউ করছেন। নেপালবাবু খুদে ব্যাপারের লোক তাঁর উপর কোন কৈফিয়ৎ তলব আসেনি, কিন্তু ৩ জন মুখ্যমন্ত্রীর উপর কৈফিয়ৎ তলব করা হয়েছে—কেরালা, অন্ধ্র এবং উত্তরপ্রদেশ। নিখিল ভারত কংগ্রেস কমিটি ৩ জন মুখ্যমন্ত্রী সম্বন্ধে কৈফিয়ৎ তলব করেছেন যে ভারত সরকারের বুনিয়াদী নীতির তাঁরা অমান্য করে বক্তৃতা কেন করেছেন?

গত সপ্তাহে বিশ্ব ক্ষুধা সপ্তাহ হয়ে গেল, এখন বিশ্ব ক্ষুধা সম্পর্কে বলতে গিয়ে অনেক ভাল ভাল কথা বলা হয়েছে—

Freedom from hunger is the first freedom

আমাদের দেশের ২ হাজার বৎসরের উপনিষদে, ঋষি বলেছিলেন অন্নই হচ্ছে প্রথম ব্রহ্ম। কিন্তু এই ক্ষুধা সম্পর্কে বলতে গিয়ে, সমাজ সম্পর্কে যদি এটা বাদ দেওয়া যায় তাহলে কিছুই বলা হয় না এই ক্ষুধা এবং সমাজ সম্পর্কে। ক্ষুধা এবং বিশ্ব যুদ্ধের প্রস্তুতি, এটাও ছেড়ে দিলে ক্ষুধা সম্পর্কে কোন সমস্যার সমাধান করা হয় না। বিশ্ব যুদ্ধের প্রস্তুতির জন্য এই যে হাই এক্সপ্লোসিভ সঞ্চয় হচ্ছে তা পৃথিবীর জনসংখ্যা মাথাপিছু যা তাতে টি এন টি এক্সপ্লোসিভকে ডিজলভ করলে ৬০ টন টি এন টি মাথাপিছু পড়ে, যা খাদ্যসমস্যা সমাধানের জন্য ব্যবহার করলে পৃথিবীতে আর কোন ক্ষুধা সমস্যা থাকে না। এবং সেদিক থেকে তা ছাড়লেও প্রত্যেক পুঁজিপতি দেশেতে যে শ্রেণী সংগ্রাম, শ্রেণীগত শোষণ চলেছে, ও সে শ্রেণীগত শোষণের জন্য যে দারিদ্র্য রয়েছে তাদের ক্ষেত্রে একথাটা ভুলে যাওয়া হয়। তাই যুগ যুগ ধরে ক্ষুধার সঙ্গে যে কথাটা জড়িত ও মানুষের সবচেয়ে বড় স্বপ্ন, সবচেয়ে বড় কামনা তা হচ্ছে শোষণ থেকে মুক্তি। ক্ষুধা বললে শুধু তো বোঝায় প্রকৃতির সঙ্গে সংগ্রাম। আজ প্রকৃতির সঙ্গে মানব সমাজের সংগ্রামকেও জটিল করে দিয়েছে। আজ এক শ্রেণী বিভক্ত সমাজের শ্রেণী কর্তৃক শ্রেণী, মানুষ কর্তৃক মানুষের শোষণ চলেছে। কাজে কাজেই শোষণ থেকে মুক্তি এ [illegible], আজকে ক্ষুধার বিরুদ্ধে এই সংগ্রামের মধ্যে আনতে হবে। আমাদের দেশের বাজেট যদি লক্ষ্য করে দেখা যায় তাহলে দেখা যাবে ক্ষুধার অন্নের উপরে ট্যাক্স বসানোর চেষ্টা পশ্চিম বাংলায়ও হচ্ছে, আর সারা ভারতবর্ষেও হচ্ছে। আমাদের প্ল্যানিং কমিশন-এর পারস্পেকটিভ প্ল্যানিং ডিভিশন তারা ন্যাশনাল নিউট্রিশন বোর্ডের তথ্য থেকে বলেছেন যে, শতকরা ৮০ জন ভারতবাসী তারা ওয়েল-বিয়িং মারজিনের নীচে আছে। আমি শুনেছিলাম অ্যামেরিকায় হেলার বাজেট বলে একটা বাজেট হয়। আমেরিকা—বা ইউ এস এ-এর শতকরা ৬৬ জন লোক ঐ হেলার বাজেট মানের

নীচে জীবনযাপন করে। আমাদের প্ল্যানিং কমিশন-এর পারসপেকটিভ প্ল্যানিং ডিভিশন যা আছে, তারা যে জিনিসটা ঠিক করেছেন বা বলেছেন—যে এখানে শতকরা ৬৬ নয় শতকরা ৮০ জন লোক ওয়েল-বিয়িং-এর নীচে থাকে। আজকে কোন মারজিন অব ওয়েল-বিয়িং তাদের জীবনের মধ্যে নেই। তাই যখন অ্যাপ্রোপ্রিয়েশন বিল-এ দেখি যে ট্যাক্সেশন তাদের হিট করছে, তখন আমার মনে হয় যে এরকম অন্যায় আর কিছুই হতে পারে না। কাজে কাজেই কি কেন্দ্রীয় সরকার আর কি পশ্চিমবঙ্গ সরকার উভয়েরই ট্যাক্সেশন পদ্ধতি এক, এবং এই যে ব্যাপক সার্টিফিকেট দাবি করা হয়েছে বাকি বকেয়া খাজনা উসুল করে নেবার জন্য, বর্তমানে ঋণ কিম্বা খাজনা আদায়ের ক্ষেত্রে এর চেয়ে অন্যায় কিছু হতে পারে না একথাই আমি মনে করি। আজকে আমার বহুকাল আগের একটা কথা মনে পড়েছে। সেটা হল ১৯৩০ সালের আইন অমান্য আন্দোলনের কথা। আমি ব্যক্তিগতভাবে এটায় জোর দিই—মহাত্মা গান্ধীর একটি কার্যসূচী দেখে। তিনি ১১ দফা একটা কার্যসূচী প্রণয়ন করেন। তার মধ্যে একটি ছিল কৃষকের খাজনা অর্ধেক কমান হবে। মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে কংগ্রেস বেঞ্চের সদস্যদের জিজ্ঞাসা করি যে, তাঁরা তো মহাত্মা গান্ধীকে জাতির জনক বলে জানেন। সেই জাতির জনক স্বাধীনতা যুদ্ধের আগে জনসাধারণকে উদ্বুদ্ধ করেছিলেন একটি প্রতিশ্রুতি দিয়ে, একটি প্রোগ্রাম দিয়ে যে, তোমাদের খাজনা অর্ধেক কমান হবে। তখন গোটা বঙ্গে ১৮ কোটি টাকা রেন্টাল ট্যাক্স ছিল, এবং তার ভেতরে ভঙ্গ বঙ্গে হয়ত এর ⅓ অংশ বা ২/৫ অংশ মাত্র ছিল। তাহলে মোট ৬ কোটি কি ৭ কোটির বেশী নয়। কিন্তু এখন আমি জিজ্ঞাসা করি যে, রেন্টাল ট্যাক্স কি অর্ধেক করা হয়েছে? জাতির জনকের পবিত্রতম প্রতিশ্রুতি কি পূরণ করা হয়েছে?

[3-50—4 p.m.]

এবং তার সঙ্গে সঙ্গতি রেখে আরও বলতে হয় যে, খাদ্যের অভাব—আমি এখানে বক্তৃতাপ্রসঙ্গে শুনেছি যে মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা করেছেন। অনাচারগ্রস্ত রমণী কোন গ্রামেতে হয়তো শাক দিয়ে মাছ ঢাকেন কিন্তু রাজ্যের মুখ্যমন্ত্রী শাক দিয়ে মাছ ঢাকবেন এটা তাঁর যোগ্য কাজ নয়। তিনি উদ্বৃত্ত কৃষক পরিবার—১৪ লক্ষ পরিবারের ৭০।৮০ লক্ষ লোক দেখিয়েছেন তাদের ভেতর তিনি লুকিয়ে রেখেছেন শতকরা গ্রাম্য ধনী ৩ জন গ্রামের লোকদে জেরবার করে দিচ্ছে—তাদের হাতে শতকরা ৩০ ভাগ জমি আছে—এতে ডাঃ কে এন দাস একটা তথ্য দিয়ে প্রমাণ করে দেখিয়েছেন যে দুটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষির আয় শতকরা ১৭ শত কোটি টাকা বেড়েছে তার শতকরা ৬ শত কোটি টাকা এইমাত্র ৩ জন লোকের হাতে এসেছে—সেই তিনজন লোককে শাক দিয়ে মাছ ঢাকার মতন ঐ ১৪ লক্ষ লোকের মধ্যে রেখেছেন। তারা প্রচুর ধান মজুত করে রাখে এবং দেশের ধান চালের মূল্য বাড়ায় প্রচুর মজুত করে রেখে। দেশে দুর্গতির পরিসীমা থাকে না। তাদের তিনি ঐ ক্যাটাগরির মধ্যে ঢুকিয়েছেন, কেন ঢুকিয়েছেন জানি না। এটা তিনি বুকে হাত দিয়ে বলবেন—নিভৃত চিন্তার মধ্য দিয়ে তিনি তাঁর কর্তব্য ঠিক করবেন। একথা ঠিক যে গ্রামের যে শতকরা ৩ জন শোষক তারা গ্রামের শস্য মজুত করে গ্রামকে শোষণ করে এবং কৃষির আধুনিক পদ্ধতি প্রবর্তন করতে অস্বীকার করে। এটা জাতীয় স্বার্থের পরিপন্থী। এজন্য আমি প্রস্তাব করি—আগে বহুবার করেছি—যেমন ছয় বিঘা পর্যন্ত যাদের জমি তাদের খাজনা থেকে রেহাই দেওয়া হোক। এবং তার উপরে যাদের জমি তাদের কমবর্ধিত হারে খাজনা ধার্য করা হোক। আর ঐ যে ২৫ একর পর্যন্ত জমির সিলিং ধার্য করা হয়েছে সেটা ব্যক্তিতে ব্যক্তিতে না করে পরিবারে সীমাবদ্ধ করা হোক। সিলিংকে কমিয়ে উর্বর জমির ক্ষেত্রে ১৫ একর করা হোক। অনুর্বর জমির ক্ষেত্রে ২৫ একর করা হোক। ঐ শতকরা ৩ জন লোকের উপর কমিটি করে ট্র্যাক রাখা হোক তারা ধানচাল কিভাবে কোথায় মজুত করে তারা কিভাবে শোষণ করে কিভাবে আমাদের আগামী দিনের ভবিষ্যৎ এবং নূতন কৃষি পদ্ধতি চালু করায় বাধা দেয়। তারা কংগ্রেসের গ্রামাঞ্চলের ঘাঁটি বলে এটা চিন্তা করলে চলবে না। জাতির বৃহত্তর স্বার্থে—আমি সেদিনও বলেছিলাম যে ঐ নারায়ণী সেনা ধ্বংস করতে হবে—তিনি নারায়ণী সেনাকে ইলেকসন পারপাসে সৃষ্টি করেছিলেন তাদের আজকে জাতির স্বার্থে তাদের পরিত্যাগ করতে হবে তাদের ত্যাগ করতে হবে। এর সঙ্গে আর একটি কথা মিষ্টার স্পীকার, স্যার, বলতে চাইছি যে, ঐ ডাইরেকটিভ প্রিন্সিপল অব স্টেট পলিসি এবং সমাজতন্ত্রের ধাঁচ ঘোষণা তার সঙ্গে নিশ্চয়ই একথা মেলে না যে প্রোফিউজ কনসেনট্রেসন

অব ক্যাপিটেল অল্প কয়েকটি হয়তো হচ্ছে। ভারতে যতসব জয়েন্ট স্টক কোম্পানী তাদের মিলিত এ্যাসেট যদি হয় ১৬ শত কোটি টাকা তাতে মাত্র ১ শতটি টপ কোম্পানী তাদের মিলিত এ্যাসেট হচ্ছে ১ হাজার কোটি টাকা। ১৬ শত কোটি যদি সকলের হয় তাহলে ১ হাজার কোটি টাকা টপ কোম্পানীর। এই যে ইমেন্স কনসেনট্রেসন অব ক্যাপিটেল হচ্ছে একে যদি দমন করতে না পারেন তাহলে আমরা সমাজতান্ত্রিক ধাঁচের সঙ্গে ১৯৫৬ সালের ইন্ডাস্ট্রিয়াল পলিসি রেজলিউসনে যে স্টেট সেক্টর, প্রাইভেট সেক্টরের কথা বলছি, ঐ স্টেট সেক্টর আমেরিকা জাপান আর ওয়েস্ট জার্মানীর মত প্রাইভেট সেক্টরের ইঙ্গিতে চালিত হবে। এবং এর গুরুত্ব বাড়াতে বাড়াতে তাকে সমাজতান্ত্রিক ধাঁচে আনা হবে। তা যদি না করা হয় তাহলে স্টেট সেক্টর বৃথা। আজকে প্রাইভেট সেক্টর-এর ওয়ান টেন্থ হচ্ছে স্টেট সেক্টর। একে গ্রাস করে ফেলবে ধ্বংস করে ফেলবে প্রাইভেট সেক্টর যদি না ডাইরেকটিভ প্রিন্সিপ্যাল স্টেট পলিসির ভেতর আনা হয় যে কথা বলা হয়েছে আমাদের সংবিধানে। যদি না ব্যাঙ্ক জাতীয়করণ হয় প্রত্যেকটা মূল্যবান জায়গাতে স্টেট ট্রেডিং কার্যকরী না হয় তা হলে কিছুই হবে না। স্টেট ট্রেডিং হচ্ছে লিভার—স্টেট ট্রেডিং হচ্ছে শান্তি অস্ত্র—এটা সরকারের হাতে থাকলে এবং প্রয়োগ হলে রাষ্ট্রীয় ক্ষমতাকে আরও শক্তিশালী করবে প্রাইভেট সেক্টরকে ইমুনাইজ করবে এবং ভবিষ্যতে সমাজতন্ত্রের পথ খুলে দেবে।

সমাজতন্ত্র সম্পর্কে বোনাফাইড প্রমাণ করে আজকে স্টেট ট্রেডিং চালু করতে হবে। পাট এবং তামাকের দর বেঁধে দিয়ে স্টেট ট্রেডিং করে সেই দরকে গ্যারান্টীড করতে হবে এবং ধানচাল মজুত যদি সরকার থেকে না করেন, অন্তত, ধানচাল মজুত করবার জন্য আপনাদের গ্রাম্য কমিটি করতে হবে। এই যদি না করেন, তাহলে অপরাধী হবেন আপনারা দেশের কাছে। তার সঙ্গে আমি শ্রমিক অঞ্চলের জন্য বলতে চাই যে আজকে এই সুপার প্রফিট ট্যাক্স-এর বিরুদ্ধে বড় বড় ট্রেড একচেটিয়া ধনিকরা এবং একচেটিয়া প্রেস যে আক্রমণ শুরু করেছে এবং তাদের চোখ দিয়ে অঝোরে কান্না বেরোচ্ছে। তাতে কিন্তু মালিকদের সুপার প্রফিট ট্যাক্স এমন কিছু চলে যাচ্ছে না। ঐ বিড়লার হিন্দুস্থান মোটরস-এর এই সুপার প্রফিট ট্যাক্স দেওয়ার পরেও ১ কোটি ৪০ লক্ষ টাকা লাভ থাকবে। জেশপ কোম্পানীরও এইসব দিয়ে প্রায় ৬০ লক্ষ টাকা লাভ হবে। কাজে কাজেই ধনীর উপর অত দাক্ষিণ্য দেখানোর প্রয়োজন নাই। কিন্তু দরিদ্রদের উপর যথেষ্ট দাক্ষিণ্য দেখানোর প্রয়োজন আছে।

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Biva Mitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই বছরের মত আমাদের বাজেট বরাদ্দ প্রায় শেষ হতে চলল এবং তার সঙ্গে আমাদের বক্তৃতাও শেষ হতে চলল এবং হাউসও হয়ত শেষ হতে চলল।

(এ ভয়েসঃ কালকে শেষ হবে।)

কয়েকদিন ধরে আমরা বিশেষতঃ কমিউনিস্ট পার্টির সদস্যদের বক্তৃতা এখানে শুনে একটু আশ্চর্য হচ্ছি। কারণ দেশের এমন একটা সময়—যে সময়েতে আজকে প্রত্যেকের মনে কি ছোট, কি বড়—সবেরই এই কথা মনে হচ্ছে যে, কেমন করে দেশকে রক্ষা করব, প্রতিরক্ষা কেমন করে হবে? এই প্রশ্ন আজকে সকলের মনে জাগছে। কিন্তু আজকে কয়েকদিন ধরে যে বক্তৃতা শুনলাম, তাঁদের মনের কোণেও এই প্রশ্ন নাই। কারণ কয়েকদিন আগে আমাদের ফরওয়ার্ড ব্লকএর কোন এক বন্ধু যখন বললেন যে, এঁদের সম্পর্কে একটু সতর্ক হওয়া দরকার। তখন তাঁরা খুব তাঁর প্রতি কটাক্ষ দৃষ্টি দিলেন বটে, কিন্তু আমি এই কথা বলব আজকে তাঁদের কয়েকদিনের বক্তৃতা শুনে যে তাদের একমাত্র কথা হচ্ছে জেলে যাঁরা গিয়েছেন তাঁরা দেশদ্রোহী বলে জেলে গিয়েছেন এবং দেশদ্রোহিতার চার্জে তাঁরা জেলে গিয়েছেন তাঁদের কেমন করে ছেড়ে দেওয়া হবে? তাদের খাওয়াপরা কেমন হবে? আজ দেশে যখন মানুষ খেতে পাচ্ছে না লক্ষ লক্ষ বেকার রয়েছে, বেকার স্বর্ণশিল্পী রয়েছে, তারাও আজ খেতে পাচ্ছে না। কিন্তু তারা জেলে বসেও দুবেলা দুমুঠো ভাত খেতে পাচ্ছে। কিন্তু যারা না

খেয়ে মরছে, তাদের মুখে অন্ন তুলে দেওয়া হচ্ছে না। যে ভাইয়া প্রতিরক্ষার জন্য হিমালয়ের উপর গিয়ে যুদ্ধ করছে, তাদের খাওয়ার ব্যবস্থা কি হবে একথা তাঁদের মনের কাছে নাই। এটা অত্যন্ত আশ্চর্য লাগল।

[Voices of shame, shame]

কাজেই আমি আজ বলব একথা যে, কালকে যখন মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় হঠাৎ মহিলাদের অভিসম্পাত করলেন—এতদিন জানতাম যে মহিলারাই অভিশাপ দেয়, দুর্বলেরা চোখের জল ফেলে—কাল তিনি মাননীয়া মন্ত্রী শ্রীমতী পূরবী মুখার্জিকে অভিসম্পাত দিলেন। তিনি বললেন ঐ পাকিস্তানের কোন মন্ত্রী তাঁর নাম মনে নাই, তাঁর মতন তাঁকেও পরে এর জন্য আন্দোলন চালাতে হবে। সেকেন্দার না, ইস্কান্দার মির্জা নাম বলেছিলেন। আমি তাই এই কথা বলব—বিড়ালের ভাগ্যে শিকা ছিঁড়ে পড়বে না। ও'রা যখন এই বেঞ্চের দিকে আসবেন এবং আমরা যখন ঐদিকে যাব, তখনই আন্দোলন সুরু করবেন তো? সে হবে না, সে আশা নাই। কারণ দেশের লোক ও'দের চিনে নিয়েছেন, জনগণ তাঁদের চিনে ফেলেছেন। তারা ওকাজে আসবে না, জনগণের ভোটে ও'দের আর এ তল্লাটে আসতে হবে না। সেকথা আমরা বিশেষ করে জানি।

আজকে শুধু এই কথাই বলব, দেশদ্রোহীদের যদি কেউ দেশদ্রোহী বলে এবং সেই দেশদ্রোহিতার জন্য যদি তাঁদের জেলে নিয়ে যাওয়া হয়, তা হলে আবার সেখানে প্রিভিলেজ কিসের? প্রিভিলেজের কথা জানি না—তবে একথা বলব তাঁরা দেশদ্রোহী না হলে, তাঁদের জেলে ধরে নিয়ে গেল কেন? আজকে আমার এই কথা বার বার মনে হচ্ছে, আজকে ঐ বন্ধুদের বাস্তবিকই কষ্ট হচ্ছে। কেন তাঁরা এই ভারতবর্ষে জন্মেছিলেন? কেন তাঁরা চীনে গিয়ে জন্মালেন না? কিন্তু সেদেশে না থেকে এই ভারতবর্ষে তাঁরা জন্মগ্রহণ করেছেন এবং ভারতবাসী হয়েছেন। তাঁদের ভারতের প্রতি কোন আনুগত্য নেই, ভারতবাসীদের প্রতি তাঁদের কোন প্রেম নাই, ভালবাসা নাই, স্নেহ নাই। কোথায় আছে? সেই চীনের দালাল যাঁরা, তাদের ধরা হয়েছে। তাঁদের মুখে আজ বারে বারে সেই একই কথা—জেলের ভেতর তাঁদের কেমন করে ভাল করে রাখতে হবে, তাঁদের কেন মুক্তি দেওয়া হচ্ছে না? আমি তো শুনেছিলাম সোমনাথবাবুরা নাকি রুশপন্থী। তাঁরা নাকি দেশকে ভালবাসেন! হঠাৎ আবার চীনপন্থীদের প্রতি এত ভালবাসা কেন? একথা আমি বুঝতে পারি না। তবে আমার মনে যেটা হয়েছিল, তা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে রাখলাম।

[4—4-10 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটি বিশেষ প্রয়োজনীয় কথা মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। তিনি হয়ত আমাদের উপর রাগ করতে পারেন, কারণ ১৯৬৩-৬৪ সালের বাজেট শেষ হয়ে গেল, এখন আবার এ প্রশ্ন তোলা হচ্ছে কেন! কিন্তু এটি না বলে উপায় নাই। আজ কলকাতাবাসী হতাশ হয়ে গিয়েছে, কারণ বহুদিন ধরে আমরা কালীঘাটের আদিগঙ্গা সংস্কারের কথা চিন্তা করে আসছি। আদিগঙ্গা সম্বন্ধে আমরা মনে মনে এই কথা ভাবছিলাম যে, এই আদিগঙ্গা শুধু দেবতার স্থান বলে কিম্বা তার হিন্দুর কাছে মাহাত্ম্য আছে বলে, তার জন্য আমরা আদিগঙ্গার সংস্কার চাই, তা নয়; এর অনেক প্রয়োজন আছে আমাদের সামাজিক জীবনে। সেই হিসাবে আজকে এই কথা বলব ফ্লাড এনকোয়ারি কমিটি এর ইম্প্রুভমেন্টের জন্য একটা রিপোর্ট দিয়েছিলেন। সেই রিপোর্টে তাঁরা এই উক্তি দিয়েছিলেন এই বলে যে,

This scheme is approved by the Committee. An early implementation of the same is recommended.

যাই হোক ইন এনি কেস যদি এই রিপোর্ট দেওয়া হয়ে থাকে, অতে দেখছি এর জন্য বায় বরাদ্দ মাত্র ৪০ লক্ষ টাকা ধরা হয়েছে। অনেক টাকা অনেক দিকে খরচ হচ্ছে, কিন্তু আদিগঙ্গার জন্য কোন ব্যবস্থা করা হল না। আজকে কলকাতার লোকেরা এই আদিগঙ্গার জন্য এক বিরাট সেচ ব্যবস্থা অনুরূপ পরিকল্পনা যে চায়, তা নয়, তবে এর আশু সংস্কার চায়। আজকে আমাদের দেশে, এখানে দেখা যাচ্ছে যে, আমাদের এখানে গঙ্গার চ্যানেলগুলি যদি

পরিষ্কার না করা তাহলে আমাদের আশা নেই। কারণ ঐ সাব-সয়েল ওয়াটার স্কীম যা সাব-সয়েল ড্রেনেজ [illegible] কি করে হবে? ঐ সাব-সয়েল ড্রেনেজ ওয়াটার কোথা দিয়ে যাবে? কলকাতার একটু বৃষ্টি হলে দেখা যায় সর্বত্র চারিদিকে জল থৈ-থৈ করছে। আমরা জানতুম যে তিনটি স্কীম ও'রা নিয়েছিলেন—পঞ্চান্ন গ্রাম স্কীম, মণিখালি ড্রেনেজ স্কীম এবং কেওড়াপুকুর ড্রেনেজ স্কীম। কিন্তু কলকাতার আদিগঙ্গা স্কীম সম্বন্ধে ও'রা উদাসীন। অবশ্য পঞ্চান্ন গ্রাম স্কীমটা শুরু হয়েছে, একথা আমি জেনেছি। কিন্তু কেওড়াপুকুর স্কীমের মধ্যে টালি-নালাটা মাত্র একটা সেকশন। সেখানে যেসমস্ত লোক বসবাস করে তাদের সংখ্যা হচ্ছে সাড়ে চার লক্ষ। আর এর মধ্যে যেসব কর্পোরেশনের কনস্টিটুয়েন্সী পড়ছে, সেগুলি হচ্ছে ৬৬, ৬৭, ৭১, ৭২, ৭৯, ৮০ ইত্যাদি। কর্পোরেশনের কনস্টিটুয়েন্সী ছাড়াও খালের দুধারে—বাঁশদ্রোণী, গড়িয়া, ঢাকুরিয়া অনেক নাবাল ভূমি আছে, গভর্নমেন্ট সেখানে বড় বড় খাল বন্ধ করে দিয়ে, এখানে মানুষের বসবাসের চেষ্টা করছেন। এই আদিগঙ্গার খাল খনন করে যে মাটি উঠবে, সেই মাটি দিয়ে এই সমস্ত নাবাল জায়গা ভরাট করে নিশ্চয়ই সেখানে বসবাসের উপযোগী ব্যবস্থা করতে পারবেন। এ ছাড়াও আর একটা দিক দেখবার আছে। সেটা জনস্বাস্থ্যের পক্ষে ভয়ঙ্কর ক্ষতি-কারক। অর্থাৎ সেখানে যখন জোয়ারের জল আসে এবং তারপর ভাটা পড়ে, সেখানে এক বীভৎস দৃশ্য দেখা যায়। যত কিছু মরা গরু, মহিষ সব জোয়ারের জলে ভেসে আসে এবং সেগুলি ভাটার সময় গঙ্গার গহ্বরে মাটিতে পড়ে থাকে, আর তার উপর দলে দলে শকুন উড়ে বেড়ায় এবং ঐখান দিয়ে ছেলে-পুলেরা যখন স্কুলে যায়, তাদের অনেককে ঠুকরে দেয়। এ এক বীভৎস দৃশ্য। তার উপর সেখানে লক্ষ লক্ষ লোক স্নান করতে আসে। লক্ষ লক্ষ লোক শুধু যে আদিগঙ্গায় স্নান করতে আসে তা নয়, ঐখানে কালীঘাটে শ্রীমা-কালী দর্শন করবার জন্য বহু লোক আসেন. তাদের জন্য যদি গভর্নমেন্টকে জলের ব্যবস্থা করতে হত, তা তাঁরা করে উঠতে পারতেন না। তাঁরা এই পবিত্র গঙ্গার জল স্নান ও পান করেন। সেই জন্য আমি সরকারকে এই কথা বলব—এই আদিগঙ্গা সম্পর্কে প্রিলিমিনারী কাজ যেটা, সেটা যদি শুরু করে দেওয়া হয়, তাহলে এখানকার কলিকাতাবাসীরা নিশ্চয় খুসী হবেন এবং তাঁরা ভাববেন যে আমাদের আদিগঙ্গার কাজ অন্ততঃ এবার শুরু হয়েছে, এর শেষ হয়তো কিছুদিন পরে হবে।

এ ছাড়াও ব্যবসা জগতে আমরা দেখেছি ইনল্যান্ড ট্রান্সপোর্ট বিলাতে, জার্মানীতে—আমি অবশ্য সেখানে যাই নি, আপনারা এর জন্য হাসবেন না—তবে সেখানে বিলাতে, জার্মানীতে শুনেছি যে সেখানে ক্যানেল সিস্টেম আছে। ক্যানেল সিস্টেমএর মাধ্যমে বড় বড় নদীর সংযোগে নৌকা করে ব্যবসা-বাণিজ্য করা যায়। সেগুলি তারা তৈরী করেছে। কিন্তু আমাদের এখানে যেগুলি প্রাকৃতিক ক্যানেল আছে, যেগুলি বুজে গিয়েছে সেগুলিকে এক্সাভেশন না করে কেন আমরা এড়িয়ে যাচ্ছি। আমি অন্ততঃ, আমাদের মন্ত্রিমহাশয়কে এই কথাই অনুরোধ করব যে, এই আদিগঙ্গা সংস্কারের জন্য লক্ষ লক্ষ মানুষ হাঁ করে তাকিয়ে আছে। সাড়ে চার লক্ষ লোক তার দুপাশে বসবাস করছে এবং সেইখানে দেখা যাচ্ছে যে লক্ষ লক্ষ মানুষ সেই জলে চান করছে এবং পবিত্র গঙ্গার জল বলে সেই জল পান করছে। অতএব এই ধর্মমত ভারতবর্ষ থেকে তাঁরা তুলে দিতে পারবেন না, তার জন্য আজ বিশেষ দরকার হয়েছে এই আদিগঙ্গা খননের জন্য। এই কথা বলে আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-10—4-20 p.m.]

Shri Gour Chandra Kundu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, এবারকার বাজেটটা জনসাধারণের কাছে একটা বুলেট আকারে দেখা দিয়েছে। কেন্দ্রীয় বাজেট এবং রাজ্যসরকারের বাজেট, দুটি বাজেটের পর বাজারে যারা অসাধু ব্যবসায়ী, যারা চালের চোরাকারবার করে, জিনিস-পত্রের দাম বাড়িয়ে আজকে মুনাফা লুটতে চায় তারা আজকে স্বর্গসুখে বাস করছে। কিন্তু আজকে সাধারণ মানুষ অত্যন্ত দুঃখকষ্টের মধ্যে পড়েছে তা মাননীয় ডেপুটি স্পীকার, আপনি সেটা জানেন। আমি সেইজন্য অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে উপলক্ষ্য করে সেই বিষয়ে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। অবশ্য মুখ্যমন্ত্রী নি[illegible] গিয়ে,

অ্যাসেমব্লির ভিতরে, অ্যাসেমব্লির বাইরে বড় গলা করে সব সময় বলে থাকেন বাংলাদেশে দুর্ভিক্ষ হচ্ছে না, এটা বিরোধীপক্ষের প্রচার। আমরা জানি, গোয়েবল সাহেব মিথ্যা কথাকে বার বার যেমন করে সেটাকে সত্য বলে প্রমাণ করবার চেষ্টা করতেন আমাদের বর্তমান মুখ্যমন্ত্রীও সংখ্যাতত্ত্বের আড়ালে আসল জিনিসটাকে ধামাচাপা দিতে চান। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হাউসের সমস্ত সদস্যদের এই মর্মান্তিক অভিজ্ঞতা আছে, বাজারে আজকে চালের মণ তিরিশ টাকা পর্যন্ত উঠেছে, ডাল বত্রিশ টাকাশ উঠেছে এবং সমস্ত জিনিসপত্রের দাম দু-এক মাস আগে যা ছিল তার চেয়ে বহু পরিমাণে বেড়ে গিয়েছে এবং মানুষের আয় আজকে অত্যন্ত কমে গিয়েছে বা যা ছিল তাই আছে। আমি একটা উদাহরণ শুধু দেব যে, একটা মজুর, একটা দিনমজুর দেড় টাকা আয় করে, তার সংসারে যদি চার জন লোক থাকে আপনি আমাকে হিসাব করে বলে দেন যে, চাল সে কি দিয়ে কিনবে এবং অন্যান্য জিনিস বা সে কি দিয়ে কিনবে। আজকে এই রকম দেড় দু টাকার মজুরের সংখ্যা, দেড় টাকা, দু টাকা আয় করা লোকের সংখ্যা আজ পশ্চিমবঙ্গে সর্বাধিক। যারা তাঁতে কাজ করে, যারা বিড়ি বাঁধে, যারা কলে কারখানায় কাজ করে, যারা ক্ষেতমজদুরের কাজ করে, যারা উদ্বাস্তু কলোনীতে থাকে এবং পথেঘাটে ঘুরে বেড়ায় তাদের সংখ্যাই আজ সর্বাধিক বেশী এবং সেই সমস্ত মানুষই আজকে এই খাদ্যসংকটে জর্জরিত হচ্ছে। তাদের দিকে দৃষ্টি দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব। দুর্ভিক্ষ শুধুমাত্র চালের অভাবেই হয় না। চালের দাম যখন বেড়ে যায়, মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যায়, তখন দুর্ভিক্ষ দেখা দেয়। মানুষ যখন চাল কিনতে পারে না, যখন খেতে পায় না তখন দুর্ভিক্ষ দেখা দেয়। এ ছাড়া যখন চাল কিনতে পারে না পয়সার অভাবে তখনও দুর্ভিক্ষ দেখা দেয়। পশ্চিমবঙ্গের দুর্ভিক্ষের বার্তমান অবস্থা হচ্ছে এই। বিভিন্ন জেলায়, নদিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, বাঁকুড়া, সমস্ত জেলায় আজকে খবরের কাগজে যে খবর বের হয়, যুগান্তরে বের হয়, আনন্দবাজারে বের হয়, বসুমতীতে বের হয়, প্রত্যেকদিন আমরা কাগজে দেখি মানুষের মর্মান্তিক অবস্থার কথা বের হয়। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভা যদি এই সম্বন্ধে উদাসীন থাকেন তা হলে আমি মনে করব বাংলাদেশের মানুষের প্রতি চরম অবহেলা করা হবে। এইজন্য একটু দৃষ্টি দিতে বলছি। আজকে ডি আই রুল, ডি আই রুল শুধু প্রয়োগ করা হচ্ছে কমিউনিস্টদের বিরুদ্ধে। আমার পূর্ববর্তী বক্তা শ্রীমতী বিভা মিত্র বলে গেলেন যে, তাঁরা দেশদ্রোহী। আমি বলতে চাই যে, তিনি জানেন না যে আইনে কি কথা লেখা আছে, সে লেখা তাঁরা দেখেছেন কিনা জানি না, তাঁদের আদালতে কোন বিচারকরা, কংগ্রেস সরকারের বিচারকরা, হাইকোর্ট, জজ কোর্ট, লোয়ার কোর্ট, কোন কোর্টএ আজ পর্যন্ত একটি কেস প্রমাণিত হয় নি, একটি কেস কনভিকশন হয় নি, তিনি কি করে বলেন দেশদ্রোহী। তিনি এখানে বসে বসে ম্যানুফ্যাকচার করতে পারেন আইনসভার ভিতরে, তিনি বসে বসে কালীঘাট কেন্দ্রে ম্যানুফ্যাকচার করতে পারেন, থানায় কংগ্রেসের লোকরা গিয়ে, মন্ত্রীরা থানার অফিসারদের ফোন করে দেশদ্রোহিতা ম্যানুফ্যাকচার করা চলে কিন্তু দেশদ্রোহিতা প্রমাণ করা চলে না। মিথ্যা কথা বলে বাজার গরম করা যায় কমিউনিস্টদের বিরুদ্ধে, কিন্তু এতে দেশ উদ্ধার করা যায় না। প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করতে গেলে যে ঐক্য দেশের মধ্যে দরকার, কমিউনিষ্ট পার্টি যে ঐক্য করার কথা বলে, সেই ঐক্যতে বাধা সৃষ্টি করছেন বিভা মিত্রের দলরা নেপাল রায়ের দলরা আমি সেই কথাই বলতে চাই। কিন্তু ডি আই রুল অপব্যবহার করা হচ্ছে। যারা চালের চোরাকারবারী করছে, লোককে না খাইয়ে মৃত্যুমুখে ঠেলে দিচ্ছে, তারা আজকে কংগ্রেসের ইলেকশনে টাকা দেয়। সেই সমস্ত লোককে ডি আই রুলএ একটিকেও গ্রেপ্তার করা হয় নি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি আজকে একটিকেও, যারা চালের চোরাকারবার করে, তাদের ডি আই রুল-এ ধরা হয়েছে? হ্যাঁ, হয়েছে, রাণাঘাটে পরশুদিন একজন দোকানে লিস্ট টাঙ্গায় নি, দামের যে লিস্ট তা টাঙ্গায় নি, তার জন্য আজকে ডি আই রুল-এ সে গ্রেপ্তার হল। কিন্তু যারা ২৫ টাকার চাল ৩২ টাকায় বিক্রি করছে, মানুষকে না খাইয়ে মেরে ফেলছে তাদের একটা লোককেও ডি আই রুলসএ গ্রেপ্তার করা হয় নি। কারণ তারা ইলেকশনের সময় কংগ্রেসকে চাঁদা দেয় মোটা টাকা, তাতে কংগ্রেস ক্যান্ডিডেটরা জিতে বেরিয়ে আসেন এবং এখানে মেজরিটি করা হয় সেইজন্য তাদের ডি আই রুলএ গ্রেপ্তার করা হয় না। কমিউনিস্ট পার্টি আজকে পথেঘাটে প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করবার জন্য যাঁরা আপ্রাণ চেষ্টা করেছেন, ভারতীয় কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের প্রস্তাবকে

কার্যকরী করার চেষ্টা করেছে আজকে তাদের জেলের অভ্যন্তরে নিয়ে গিয়ে তীব্র কষ্ট দেওয়া হচ্ছে। আজকে বললেন যে, জেলের মধ্যে তারা খেতে পাচ্ছে, কিন্তু তারা খেতে চায় না। এমন খাওয়া বিভা মিত্র খেতে পারেন, তাঁদের সরকারের জেলখানায় গিয়ে তিনি বেশী করে খান, আমরা সেখানে খেতে চাই না, আমাদের কমিউনিস্ট পার্টির কোন সভ্য সেখানে খেতে চায় না, তারা বাইরে যদি খেতে নাও পায় তবুও বাইরে থাকতে চায়। কারণ জেলের ভিতরে বৃটিশ আমলের যে ডায়েট, "এ" ডায়েট, "বি" ডায়েট, "সি" ডায়েট এই যে বৃটিশ আমলের সেই চিরন্তন প্রথায় চলছে, কাঁকরওয়ালা চাল, আর ঐ বাগানের কপিসেদ্ধ, কপিপাতা, এই সব খাইয়ে রাখছেন। দেশের কাছে, পৃথিবীর কাছে প্রচার করছেন ভারতবর্ষ একটা কল্যাণকামী রাষ্ট্র, ভারতবর্ষে মানবতা চলে। কিন্তু সেইখানে যাদের বিচার হয় না, যাদের সাজা হবে না, যাদের বিরুদ্ধে কেস প্রমাণিত হবে না, আজকে তাদের অমানুষিক নির্যাতনে রেখে চরম অপরাধ, ঘৃণ্য অপরাধ আপনারা করছেন। কাজেই আজকে তাদের হয় মুক্তি দিন, না হয় ১৯৪৯ সালে রাজবন্দীদের সম্বন্ধে যা হয়েছিল সেই চুক্তি আপনারা অক্ষরে অক্ষরে প্রতিপালন করুন। কারণ সে সময় যিনি মুখ্যমন্ত্রী ছিলেন আজও সেই সরকারই গদীতে বসে আছেন। সুতরাং আজকে আপনাদের বিন্দুমাত্র যদি সেই চুক্তির প্রতি শ্রদ্ধা থাকে, নিজেদের চুক্তির প্রতি শ্রদ্ধা থাকে, তবে তাঁদের রাজবন্দী হিসাবে স্বীকার করে রাজবন্দীর মর্যাদা দিন। বলবেন যে, রাজবন্দী কেন? আপনারা কেন্দ্রীয় মন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর পার্লামেন্টে যে বিবৃতি দিয়েছেন, দমদম সেন্ট্রাল জেলের সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন, সেই বিবৃতিতে পশ্চিমবঙ্গের যেসমস্ত বন্দীদের ডি আই রুলএ গ্রেপ্তার করা হয়েছে তাঁদের তিনি রাজবন্দী হিসাবে স্বীকার করে দিয়েছেন। রাজনৈতিক কারণে আজ তাঁদের আপনারা গ্রেপ্তার করছেন। প্রতিপক্ষকে দমন, কমিউনিস্ট পার্টিকে ধ্বংস করে নিজেদের ব্যবস্থাকে চিরস্থায়ী করবার জন্যে, জনসাধারণের ধূমায়িত বিক্ষোভকে কোণঠাসা করে দেবার জন্য আজ আপনারা এই ব্যবস্থা করছেন। আমি বলি এই ডি আই রুলএর অপব্যবহার তাঁরা করছেন। একদিকে তাঁরা চোরাকারবারীদের গ্রেপ্তার করছেন না। যারা দেশের মধ্যে অসাধু ব্যবসা করে, আর একদিকে যারা পণ্ডিত নেহরুর ঘোষিত নীতি এবং কলম্বো প্রস্তাবের বিরোধিতা করছেন তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন মনে করেন না। কিন্তু যাঁরা ভারত সরকারের বিঘোষিত নীতিকে গ্রামে গ্রামে শহরে শহরে প্রচার করে কাজ করে যাচ্ছেন, তাঁদের আপনারা গ্রেপ্তার করছেন। কেন? না, তারা কমিউনিস্ট। আসল প্রশ্ন কমিউনিস্ট। কেন না, কমিউনিস্ট পার্টি পশ্চিমবঙ্গে সর্ববৃহৎ বামপন্থী পার্টি। কমিউনিস্ট পার্টিকে ধ্বংস করে দেওয়া এটাই হচ্ছে কংগ্রেস শাসক পার্টির উদ্দেশ্য। সেইজন্য আমি বলি যে, এই প্রতিহিংসা চরিতার্থ করার মনোবৃত্তি ত্যাগ করুন এবং সত্যিকারের তাঁরা দেশের প্রতিরক্ষাকে দৃঢ়তর করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজে এগিয়ে আসুন এই হচ্ছে আমার একান্ত অনুরোধ এবং বন্দীদের প্রতি একটু মানবতাপূর্ণ ব্যবহার করুন। সবচেয়ে দুঃখের বিষয় নদিয়া জেলায়—নদিয়া জেলার মন্ত্রীর সংখ্যা অবশ্য এখানে বেশি—নদিয়া জেলায় দেখি যে এ পর্যন্ত ৭২—৭৫ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে। তাদের ডিভিসন দেওয়া হল না। কিন্তু সমস্ত জেলায় জামীন পাচ্ছে, হুগলিতে পাচ্ছে, কলকাতায় পাচ্ছে, হাওড়াতে পাচ্ছে কিন্তু নদিয়া জেলায় পাচ্ছে না। আমরা মনে করি এর পিছনে কংগ্রেস দলের একটি ষড়যন্ত্র আছে যাতে করে নদিয়া জেলার কমিউনিস্ট পার্টি এবং সাধারণ কর্মীদের গ্রেপ্তার করে তারা প্রতিহিংসা চরিতার্থ করছেন সেইজন্য মন্ত্রিমহাশয়দের দৃষ্টি এদিকে একটু আকর্ষণ করতে চাই। অবশেষে, আমার সময় অল্প, পরিশেষে আমার একটি কথা, স্থানীয় সমস্যা, আমি বিশেষ করে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে যে, আপনারা জানেন নদিয়া জেলার রাণাঘাট একটা বর্ডার এলাকা। আমাদের নদিয়া জেলায় যেভাবে জনসংখ্যা বেড়েছে, বৃটিশ আমলের থেকে বর্তমানে একমাত্র রাণাঘাট মহকুমায় তিন-ডবল লোকসংখ্যা বেড়েছে। বৃটিশ আমলে যেক্ষেত্রে ঐ হাসপাতালে ৭টি বেড ছিল এখনও সেই ৭টি বেডই আছে। সেজন্য আমি পুনঃ পুনঃ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই হাসপাতালের ব্যাপারে দলীয় রাজনীতি করবেন না। যেখানে ৭৫টি বেডের একটা হাসপাতাল করবার পরিকল্পনা ছিল, জানি না এখন সেটা কংগ্রেস কর্তৃপক্ষ দলীয় রাজনীতির খাতিরে সেটা পরিত্যাগ করেছেন কিনা।

[4-20—4-30 p.m.]

Shri Probhakar Pal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এইমাত্র কমিউনিস্ট পার্টির একজন মাত্র সদস্য যেভাবে উত্তেজিত হয়ে বক্তৃতা করলেন তাতে মনে হল কংগ্রেস সরকার কমিউনিস্ট পার্টির কর্মীদের কারারুদ্ধ করে খুব অন্যায় কাজ করেছেন। আজকেই শুধু নয়, এই সেসন-এর প্রথম থেকেই কি রাজ্যপালের ভাষণের উপর, কি বাজেটের সাধারণ আলোচনায় বিভিন্ন বরাদ্দের কাটমোশন এর উপর কমিউনিস্ট পার্টির বিভিন্ন মাননীয় সদস্য এই জিনিষই বলতে চেয়েছেন যে, কংগ্রেস সরকার এমার্জেন্সি-র সময় তাঁদের মত দেশপ্রেমিক মানুষকে কারারুদ্ধ করে খুব অন্যায় কাজ করেছেন, অবৈধ ও গর্হিত কাজ করেছেন। সঙ্গে সঙ্গে এই জিনিষ তাঁরা প্রমাণ করতে চাচ্ছেন এই হাউসের সামনে যে, তাঁদের মত দেশপ্রেমিক মানুষ নাকি এই বাংলাদেশে খুব কম আছে, তাঁরা নাকি দেশের প্রতিরক্ষার ব্যবস্থা সুন্দর করে গড়ে তুলতে চান। স্যার, শুধু বিধানসভার বক্তৃতা থেকেই নয়, আমরা তাঁদের অন্যান্য কার্যকলাপ থেকেও দেখতে পাই যে, তাঁরা ১৯৪২ সাল থেকে ভ্রান্ত পথে চলেছেন। আজকে এই জাতীয় সংকটের সময়ও তাঁরা ভুল পথে চলছেন এবং সত্যিকারের দেশরক্ষার কাজে বিরোধিতা করছেন। স্যার, এই বিধান-সভায় তাঁদের বক্তৃতার এই যে অভিনয়, এই অভিনয়ের পিছনে তাঁদের দেশপ্রেমের যে মুখোস অর্থাৎ প্রতারণা রয়েছে সেই কথাই আমি বলতে চাই। আপনি জানেন আমি যে এলাকা থেকে এসেছি হুগলি জেলায় সেই সিঙ্গুর থানা কেন্দ্র কমিউনিস্টদের একটা খুব শক্তিশালী ঘাঁটি। এই এলাকার কমিউনিস্ট পার্টির কর্মীরা দেশপ্রেমের যে নমুনা দেখিয়েছেন সেই কথাই আমি এখানে নিবেদন করব। আজকে জাতীয় প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলবার জন্য দেশের লোকের মনোবল যাতে অটুট থাকে তার ব্যবস্থা করা দরকার। কিন্তু ঠিক এইসময় যাতে দেশের লোকের মনোবল ভেঙ্গে যায়, দেশের সংহতি যাতে নষ্ট হয় তারই জন্য কমিউনিস্ট পার্টির কর্মীরা আমাদের দেশের নিরক্ষর মানুষের মধ্যে প্রচেষ্টা করে যাচ্ছেন। গত ২৬-১০-৬২ তারিখে গোপালনগরে কমিউনিস্ট পার্টির জেলা কমিটির সম্পাদক শ্রীঅজয়কুমার বসুর সভাপতিত্বে একটা সভা হয়েছিল, সেই সভায় সিঙ্গুর থানার বিভিন্ন অঞ্চল থেকে কমিউনিস্টরা এসেছিলেন—এই সভায় ছিলেন গৌরসুন্দর মুখার্জি, সিঙ্গুর থানার কৃষক সমিতির সম্পাদক, সেই সভায় ছিলেন গোপালচন্দ্র দাস, কার্তিকচন্দ্র পাড়ুই, নাম করে বলতে গেলে অনেক সময় লেগে যাবে। এই সভায় আলোচনার বিষয় ছিল, চৈনিক আক্রমণের মুখে ভারত সরকারের মিথ্যা প্রচার। চিন্তা করুন, স্যার, চৈনিক আক্রমণ কবে হয়েছে তার পনের দিন পরে ২৬-১০-৬২ তারিখে কমিউনিস্ট পার্টি সভা করে ভারত সরকারের নীতির নিন্দা করে বলছে —ভারত সরকার মিথ্যা প্রচার করছে চীন সরকারের বিরুদ্ধে। বিভিন্ন গ্রামের সকল নিরক্ষর মানুষের সরলতার সুযোগ নিয়ে তাঁরা এভাবে সরকারের বিরুদ্ধে, যুদ্ধের বিরুদ্ধে, প্রতি-রক্ষার বিরুদ্ধে কুৎসা প্রচার করছে। স্যার, আমি এখানে একটা ঘটনার কথা বলতে চাই—আপনি শুনলে আশ্চর্যান্বিত হবেন—এটা হল ২০শে নবেম্বর তারিখের ঘটনা। স্যার, ১৯শে নবেম্বর আমাদের ভারতবর্ষের জাতীয় জীবনের পক্ষে একটা খুবই দুর্দিন, উত্তর সীমান্তে বমডিলার পতন হয়েছে, এবং সেদিন সমস্ত ভারতবর্ষের মানুষ, পশ্চিম বাংলার মানুষ একটা অত্যন্ত দুঃখের মধ্যে দিন কাটিয়েছে। সমস্ত মানুষের মন যখন দুঃখ-ভারাক্রান্ত, সেই সময় সিঙ্গুর কমিউনিস্ট পার্টির অফিস থেকে জনসাধারণের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়েছিল। স্যার, এর থেকে প্রমাণ হয়, তাঁরা কত বড় দেশপ্রেমিক। এবং সরকার তাঁদের কারারুদ্ধ করে কত অন্যায় কাজ করেছেন। এই কংগ্রেস সরকারের গণতান্ত্রিক আদর্শের সুযোগ নিয়ে তাঁরা আজও পর্যন্ত গ্রামে গ্রামে যুদ্ধের বিরুদ্ধে, সরকারের বিরুদ্ধে, রাষ্ট্রের বিরুদ্ধে প্রচারকার্য চালাচ্ছেন। আমি মনে করি সরকারের দুর্বল নীতির জন্যই আজ পর্যন্ত তাঁরা বাইরে আছেন। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আজকে বাংলাদেশের জনসাধারণ সরকারের কাছে জানতে চায় তারা আজও পর্যন্ত সরকারের বিরুদ্ধে, রাষ্ট্রের বিরুদ্ধে এইরকম প্রচার করবার সুযোগ পায় কেন? আমি এখানে জনসাধারণের পক্ষ থেকে দাবি করছি, অবিলম্বে কমিউ-নিস্ট পার্টির সমস্ত পলিটিক্যাল রাইট প্রত্যাহার করা হোক এবং তাঁদের বেআইনী বলে ঘোষণা করে তাঁদের সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হোক।

Personal explanation

Shri Syed Kazim Ali Meerza: On a point of personal explanation, Sir, I was not in the House but I have just learnt that one of the honourable members, Shri Birendra Narayan Ray, has mentioned certain things in this House with regard to the Hindu-Muslim Unity Association which my late father had created and I believe he has said that I was against it and I did things so that this Association may not succeed. It is a colossal untruth I say.

Mr. Deputy Speaker: That's all.

Shri Syed Kazim Ali Meerza: No, I will go further, Sir, with your permission. I have proof with me—I have a letter of my late father—that I was not only a member of that Association but I was an active member and I was more or less the sponsor of that Association. It was at that time late Sarat Chandra Bose, Dr. Syamaprosad Mukherjee—people of that calibre—were in that Association. We came in contact with them. Even Netaji Subhas Chandra Bose used to come to our residence. (Noise and interruptions from the Opposition Benches). Yes, I tell you, he used to come to our residence at Park Street.Therefore, if the honourable member indulges in such colossal untruth, what is the remedy? Day in and day out we have been hearing this. I suggest, Sir, that I shall produce that letter before you and the matter be referred to the Privilege Committee so that such colossal untruth—I cannot say 'lie' as that is unparliamentary—should be taken up once for all and that these things are not repeated in this House. Furthermore, he has mentioned something about Pakistan. We are now in a state of emergency.

Mr. Deputy Spearker: You must be very brief.

Shri Syed Kazim Ali Meerza: As far as those allegations are concerned, those are also great falsehoods I should say. Furthermore, people like him had been trying to pull the strings in our district during the last incident. We had to go there to bring about peace and amity. Is this permissible in this House, would you permit this, Sir? I shall place that letter before you and would request you to take up the matter in the Privilege Committee.

The West Bengal Appropriation Bill, 1963

Dr. Susil Kumar Das Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে উঠে আমি কলকাতার বস্তী সমস্যা সম্বন্ধে কিছু বলতে চাই। এই হাউসে ক্যালকাটা শ্লাম ক্লিয়ারেন্স বিল পাশ হয়েছিল এবং যারা বস্তীর মালিক তারা আশা ক'রেছিল যে, গভর্নমেন্ট ক্লিয়ারেন্স বিলএর অনুসারে বস্তী উচ্ছেদ করে তাদের হাতে অনেক টাকা দিয়ে দেবেন। কিন্তু ভারত সরকারের বাধা ও নিষেধ আসার দরুণ তাঁদের সে আশা সফল হয় নি। আজকে দেখা যাচ্ছে বস্তীর যারা মালিক তারা সমস্ত বস্তী অবাঙালীর কাছে বিক্রি করে দিচ্ছে। আমি কাশীপুরের কথা বলছি যে, সেখানে তিনটা বড় বড় বস্তী অবাঙালীর কাছে বিক্রি করে দিয়েছে এবং তারা এসে যারা বস্তীর অধিবাসী—কেউ কেউ হয়ত কুড়ি বছর আছে—তাদের বিরুদ্ধে মামলা করে মারধোর করে, তাদের ঘরদোর জ্বালিয়ে তাদের রাস্তা বন্ধ করে বাধা সৃষ্টি করে তাদের বেআইনীভাবে তুলে দেবার চেষ্টা করছে। আমি সরকারের কাছে একথা বলতে চাই যে এক্ষুণি একটা আইন বা অর্ডিন্যান্স করা দরকার যাতে যতক্ষণ না স্লাম ক্লিয়ারেন্স বিল কার্যকরী করা হয় ততক্ষণ পর্যন্ত এই বস্তীর মালিকানা যেন অন্য হাতে ট্রান্সফার করা সম্ভব না হয়। দ্বিতীয় কথা আমি বস্তী সম্বন্ধে বলতে চাই যে, কলকাতায় বস্তীর উপর করপোরেশন যে হারে ট্যাক্স ধার্য করেন সেটা হচ্ছে একটা কালেক্টিভ ওয়েতে ধরা হয়। অর্থাৎ সমস্ত বস্তীতে যতগুলি ঘর আছে তার কালেক্টিভ ভ্যালুয়েশন ধরে সেখানে সাড়ে বাইশ বা সাড়ে তেইশ

পারসেন্ট ট্যাক্স করা হয়। কিন্তু ঐ ঘরগুলি যদি আলাদা করে তার ট্যাক্স করা হত তা হলে মাত্র ১৫ পারসেন্টের বেশী ট্যাক্স করা সম্ভব হত না। বস্তীতে শুধু শ্রমিক থাকে না, মধ্য-বিত্ত বহু লোক যারা থাকে তাদের বাঁচাবার জন্য সরকারের একটা কিছু করা দরকার বলে আমি মনে করি।

[4-30—4-40 p.m.]

আমি একটা কথা সরকারের কাছে রাখতে চাই যে, সরকার যদি জমিদারদের কাছ থেকে সমস্ত জমির দায়িত্ব নেন এবং বস্তির যারা ভাড়াটে বা মালিক আছে তাদের কাছ থেকে ভাড়া আদায় করে সরকার যদি তার পরিচালনার ভার নেন যতদিন না স্লাম ক্লিয়ারেন্স বিল কার্যকরী হয় ততদিন বস্তীর মানুষ বেঁচে যাবে। তার মধ্যে আস্তে আস্তে স্লাম ক্লিয়ারেন্স না করে বস্তী উন্নয়ন যাতে করা যায় তার চেষ্টা করুন। রাস্তা ভাল করুন, আলো করুন এবং সবচেয়ে যেটা বড় দরকার বস্তীতে যতগুলি খাটা পায়খানা আছে সেগুলোকে স্যানিটারী প্রিভি করা। আমি আর একটা কথা বলব স্বর্ণশিল্পী সম্বন্ধে। এই হতভাগ্যদের কথা প্রতিদিনই কাগজে দেখতে পাচ্ছি যে, একজন না একজন করে স্বর্ণশিল্পী মারা যাচ্ছে। আমরা মাদ্রাজে দেখেছি যে, এদের বিকল্প ব্যবস্থা হিসাবে কো-অপারেটিভ বেসিসে শিল্প গড়ে দেবার ব্যবস্থা হচ্ছে। আমি একটা প্রস্তাব রাখতে চাই যে, এদের কিছু গড়ে দেবার আগে এদের একটা ইনডাস্ট্রিয়াল ট্রেনিং দেওয়া দরকার, কিন্তু বর্তমানে ভারত সরকার এই আর্টিজন অ্যান্ড ট্রেনিং-এর উপর বিধিনিষেধ রেখেছেন। সেটা হচ্ছে যারা স্কুল ফাইনাল পাশ করে নি তাদের নাকি এই ট্রেনিং দেওয়া সম্ভব নয়। আমার কথা হচ্ছে আমরা কি ভারত সরকারের কাছে দাবি নিয়ে উপস্থিত করতে পারি যে, স্বর্ণশিল্পীদের বেলায় স্কুল ফাইনালের ব্যাপারটা চিন্তা করা যায় কিনা? এদের আর্টিজন অ্যান্ড ট্রেনিং যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি। আর এই বিকল্প ব্যবস্থায় যদি শিল্প গড়ে তোলা যায় তা হলে ছোট ছোট জিনিষ যেমন গ্রামোফোনের পিন, পেরেক, সেলাই কলের ঢাকনি প্রভৃতি তৈরী করে দেবার যদি ব্যবস্থা করে দেওয়া যায় তা হলে এরা জীবন যাপন করতে পারে। আমি আর একটা বিষয় বলছি। বাংলাদেশে মাছের অভাব ভয়ানক। আমাদের এই বাংলাদেশেই এক কিলো মাছের দাম পাঁচ টাকা। কিন্তু একটা মাছ সস্তায় পাওয়া যায় সেটা হচ্ছে তেলাপিয়া মাছ যা আমেরিকান কই মাছ। আমরা দেখেছি তেলাপিয়া এটা একটা ফ্রেস ওয়াটার বা মিষ্টি জলের মাছ এবং এই মাছ বাজারে মাত্র দু টাকা কেজিতে বিক্রয় হয়। আমি যত বাজার ঘুরে দেখেছি কোন বাজারেই তেলাপিয়া মাছ পড়ে থাকে না। এই মাছের বিচিত্র জীবন এরা রুই মাছের মতন নয়। রুই মাছ বছরে মাত্র একবার ডিম দেয় এবং তাও আবার রানিং স্ট্রীমে ডিম দেয় আর সেজন্যই রুই মাছের ডিম আমদানি হয় দামোদর, রূপনারায়ণ, লালগোলা থেকে; এবং তারা খুব ভাল জল না হলে বাঁচতে পারে না, কিন্তু এই তেলাপিয়ার অদ্ভুত জীবন, এরা যে কোন ডোবা নালা বা পাঁকের পুকুরে বাঁচতে পারে এবং বছরে এরা তিনবার ডিম দেয় ও সবচেয়ে বিচিত্র এই যে, এদের বাচ্ছাকে অন্য কোন মাছ খেয়ে ফেলতে পারে না। যখন কোন বহিঃশত্রু আক্রমণ হয় তখন তেলাপিয়ার বাচ্ছারা তার মায়ের মুখের গহ্বরের মধ্যে আশ্রয় নেয়। আমি কাগজে দেখেছি যে, তেলাপিয়ার বংশ নির্বংশ করা হোক এরূপ বেরিয়েছে কারণ এরা নাকি অন্য মাছকে আক্রমণ করে খেয়ে ফেলে। আমি বলব, কোথায় তার সম্ভাবনা—আমরা তো ভাল পুকুরে তেলাপিয়া মাছ চাষ করতে বলছি না—আমরা বলছি ডোবা বা নালাতে চাষ করুন যেখানে অন্য মাছের চাষ হয় না। এটা অ্যানালিসিস করে দেখা গেছে, এতে এমন কিছু নেই যে বাংলাদেশের অন্য মাছের সঙ্গে আপসেট করতে পারে। সেজন্য এর চাষ বাড়িয়ে অন্তত বাঙালী যাদের এক টুকরো মাছ না হলে চলে না তাদের কিছু ব্যবস্থা করা সম্ভব এই চাষের দ্বারা। আর একটি কথা মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার কনস্টিটিউয়েন্সি কাশীপুর সম্বন্ধে বলতে চাই যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন কাশীপুরের যে ওয়েস্ট পাওয়ার স্টেশন সেখানে যে রকমভাবে কয়লার ধোঁয়া ছাড়া হচ্ছে তাতে আমরা মনে করি যে, এই কাশীপুরের এই ঘন বসতিপূর্ণ স্থানে কিছুদিনের ভিতরে লক্ষ লক্ষ লোক যক্ষ্মায় আক্রান্ত হবে। এটা তুলে নিতে আমি বলি না—আমি বলি যে, আগেও এরা ধোঁয়া ছাড়ত। আমরা যদি টেলিফোন করে বলতাম—এদের মেনটেন্সের লোক তাদের স্মোক কন্ট্রোলিং মেসিন সেই ধোঁয়াকে

সাদা করে দিত। এখন তারা তাদের স্মোক কন্ট্রোলিং মেসিনকে তারা মোটেই কাজে লাগায় না এবং যেসব ওয়াগনে করে কয়লা ঢেলে ফেলা হয় সেই ঘেঁষগুলির উপরে জল মিলিয়ে দিত এবং তাতে ধোঁয়া উড়ত না—কিন্তু বর্তমানে জল মেশানোর ব্যবস্থা নেই। আমি মনে করি ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনএর এটা করা উচিত এবং আমাদের সরকারের উচিত যে তাদের বাধ্য করা যে সাধারণ মানুষের জন্য তাঁরা একটা ব্যবস্থা করবেন।

Dr. Kanai Lal Bhattacharya: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি প্রথমে আমার বক্তৃতার মধ্যে একটি সরকারী স্পনসর্ড কলেজ—সরোজিনী নাইডু কলেজ সম্পর্কে দু-চারটি কথা বলতে চাই। স্যার, এই কলেজের যিনি প্রিন্সিপ্যাল, লতিকা ঘোষ, তিনি সরকারের বিশেষ কৃপার পাত্রী। এই কলেজে তাঁর অত্যাচারে লেকচারার যাঁরা আছেন এবং যারা ছাত্রছাত্রী আছে তারা বিশেষ বিব্রত তাঁর ব্যবহারে। তাঁর বিরুদ্ধে অধিক অপব্যয়, স্বজনপোষণ প্রভৃতি অভিযোগ আছে। আমি সেটা ধীরে ধীরে বলছি এইজন্য যে এই কলেজের সঙ্গে আমাদের দুইজন মন্ত্রীর কিছু কিছু যোগাযোগ আছে। শ্রীখগেন দাসগুপ্ত মহাশয়ের কন্যা এই কলেজের একজন অধ্যাপিকা এবং আমাদের শিক্ষামন্ত্রীর দুইজন নাতনি কলেজে পড়ে। এই লতিকা ঘোষের অত্যাচারে এখানকার লেকচাররা বিশেষভাবে বিব্রত। ইউ জি সি-র নিয়ম অনুসারে একজন অধ্যাপককে সবচেয়ে বেশি ক্লাস দেওয়া হয় সপ্তাহে ২৪ ঘণ্টা। কিন্তু এই কলেজে সপ্তাহে ২৪ ঘণ্টা কাজ করতে হবেই আরও ছয় ঘণ্টা বেশি কাজ করতে হয়। এ ছাড়া তার উপর এক্সট্রা কারিকুলার ওয়ার্ক দেওয়া হয় এবং তা ছাড়া কতকগুলি কাজ জোর করে চাপানো আছে। যেমন তাঁদের বলা হয়, ল্যাট্রিন, ল্যাবরেটরিজ, কলেজ বিল্ডিংস ইত্যাদি ঠিকমত পরিষ্কার আছে কিনা তাঁদের দেখতে বলা হয় যে, ফার্নিচার বা অন্যান্য জিনিসের অ্যাকাউন্ট ঠিক আছে কিনা এ সমস্ত তাঁদের দেখতে হবে যদিও সেখানে অ্যাকাউন্ট্যান্ট আছে। তাঁদের বাজারে গিয়ে ফার্নিচার কিনে আনতে হবে। কলেজে যে কোন উৎসব যদি হয় তা হলে তাদের জিনিসপত্র কিনে আনবার জন্য দায়িত্ব দেওয়া হয়। যদি এটা কেউ অস্বীকার করেন তা হলে অধ্যাপিকা মহাশয়া বাইরের লোকের সামনে, বেয়ারাদের সামনে অধ্যাপকদের সঙ্গে খারাপ ব্যবহার করেন। শুধু তাই নয়, ব্যক্তিগত চিঠি দেন এই সমস্ত অধ্যাপকদের নানান অভিযোগ দিয়ে। যেমন তিনি একজন অধ্যাপিকাকে লিখেছিলেন

you are making a farce of yourself

আর একজনকে লিখেছিলেন

have you ever gone to England?

যদিও তিনি জানেন যে, সেই ভদ্রমহিলা ইংল্যান্ডে ছিলেন। আর একজনকে লিখেছিলেন ইয়োর রেসপেক্ট অফ ট্রুথ ইজ অ্যাডমিরেবল। চতুর্থ আর একজনকে লিখেছিলেন একখানি চিঠি

After your marriage you have become negligent

এই রকম ধরণের ব্যক্তিগত অ্যাটাক করে তিনি চিঠি লেখেন অধ্যাপিকাদের। শুধু তাই নয়, তিনি নিজে একজন সুপারঅ্যানুয়েটেড—তিনি একজন সরকারের কৃপার পাত্রী বলে এখনও অ্যাপয়েন্টমেন্ট এক্সটেনশন একটার পর একটা দেওয়া হচ্ছে। আমি এখানে শিক্ষামন্ত্রী মহাশয় —যিনি এখন অনুপস্থিত—তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটা ব্যাপারে এই কলেজের বাস চালাতে বেশী খরচ হয় বলে সেই বাস বন্ধ করে দেওয়া হয়েছে ১৯৬২ সালের জুন মাসে। তারপর ১৯৬২ সালের সেপ্টেম্বর মাসে ড্রাইভার রেখে আবার ভ্যান চালু হয়ে গেল।

[4-40—4-50 p.m.]

তার কারণ হচ্ছে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের দুজন নাতনী সেখানে পড়ছে এবং তারা সেখানে বাসে আসে বলে যদিও বাস পরিচালনা করতে খরচ বেশি হচ্ছে, লোকসান হচ্ছে, তা সত্ত্বেও সেটা তাঁরা রাখছেন। আমি মনে করি সেগুলি অন্যায়। এই ব্যাপারে এখানকার অধ্যাপিকারা সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বহু দরখাস্ত করেছেন। আজ পর্যন্ত তার সম্বন্ধে কোন অ্যাকসান নেওয়া হয় নাই। আমি আশা করি এই কলেজ সম্পর্কে সরকার বিশেষভাবে

দৃষ্টি দেবেন। এই অধ্যাপিকা (অধ্যক্ষা?) সুপারঅ্যানুয়েটেড হয়ে গেছেন; তাঁকে কারদর এক্সটেনশন না দিয়ে নূতন একজন অধ্যক্ষাকে প্রিন্সিপ্যালকে এনে কলেজ পরিচালনার সুব্যবস্থা করবেন বলে আমি আশা করি।

আমাদের অর্থমন্ত্রী শঙ্করদাস ব্যানার্জি মহাশয় জানেন পে-কমিটির রিপোর্ট বেরিয়েছে ১৯৬১ সালের শেষে। এই পে-কমিটির রেকমেন্ডেশন ১৯৬২ সালের ফেব্রুয়ারির মধ্যে অ্যাকসেপ্ট করার জন্য তাঁরা বলেছেন। আজ পর্যন্ত

West Bengal Deep Sea Fishing Board,

যেটা গভর্নমেন্ট বোর্ড, তার স্টাফরা

West Bengal Government Servants

তাদের বেতন সম্পর্কে এই পে-কমিটির রিপোর্টের সুপারিশ এখনও পর্যন্ত এফেক্ট দেওয়া হয় নাই। শঙ্করদাসবাবু দয়া করে যদি শোনেন--আপনার পে-কমিটির রিপোর্ট যা বেরিয়েছে সেই পে-কমিটির রিপোর্ট ওয়েস্ট বেঙ্গল ডীপ সী ফিশিং বোর্ডে যে সমস্ত এমপ্লয়ীজ আছে, তাদের ক্ষেত্রে এখনও পর্যন্ত এফেক্ট দেওয়া হয় নাই। এর জন্য ১৯৬২ সালে একটা কমিটি তৈরী হয়েছিল। সেই কমিটি রিপোর্ট দিয়েছে ১৯৬২ সালের ডিসেম্বর মাসে। ১৯৬৩ সালের মার্চ মাস শেষ হতে চললো, এখনও তাদের বেতন বৃদ্ধি হয় নাই। আমি শঙ্করদাসবাবুকে বলবো সে ফাইল আপনার দপ্তরে পড়ে আছে, তাড়াতাড়ি সে ফাইলটা ডিসপোজ অফ করুন। পে-কমিটির রেকমেন্ডেশন অনুযায়ী তাঁরা সত্বর যাতে বেতন পান, সেদিকে একটু দৃষ্টি তিনি দিন। তাহলে বাধিত হবো।

স্যার, যেভাবে কিছুদিন আগে ডি-ভি-সি সম্বন্ধে অনেকগুলো তথ্য এখানে পরিবেশন করেছিলাম, সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় তার কিছু কিছু জবাব সেদিন দিয়েছিলেন, আর কিছু কিছু জবাব দেন নাই। একটা বিষয়ে স্যার আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজ কাগজে দেখলাম ডি-ভি-সি-র চেয়ারম্যান এস লাল যার বিরুদ্ধে আমার বড় অভিযোগ ছিল, রিটায়ার করছেন। আগামী পয়লা এপ্রিল কেন্দ্রীয় পূর্ত বিভাগের সেক্রেটারী সচদেব চেয়ারম্যান হিসেবে সেখানে নিযুক্ত হচ্ছেন। ভাল কথা। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাচ্ছি এই যে ডি-ভি-সি এর এখনও যিনি চেয়ারম্যান আছেন মিঃ লাল তিনি আগামী ২৯শে মার্চ একটা মিটিং ডেকেছেন এবং সেই মিটিং-এ তিনি ঠিক করেছেন যে এই পারসোনেল রিক্রুটমেন্ট-এর ব্যাপারটি ডিসেন্ট্রালাইজ করা হবে এবং বাংলাদেশ থেকে সেটা নিয়ে যাওয়া হবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি এই সময় যখন ডি-ভি-সি-র মধ্যে পরিবর্তন হচ্ছে তখন ২৯শে মার্চ যে মিটিং ডাকা হয়েছে সেখানে যেন কোন রকম ডিসেন্ট্রালাইজেসন-এর কথা আলাপ আলোচনা না হয়। আমাদের ভয় হয়। যদিও আমাদের এ ডি খান সেখানে ...হেন তবুও লাল ও বিহারের রিপ্রেজেনটেটিভ যিনি আছেন এই দুজনের মেজরিটীতে সেটা পাস করবার চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রিমহাশয় যেন সেদিকে দৃষ্টি রাখেন।

সাধারণভাবে আলোচনা করতে উঠে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে আমার প্রথম বক্তব্য হচ্ছে এই যে বিগত ২০ বছরের মধ্যে আমাদের দেশে যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে তা আমি আপনার সামনে কিছুটা তুলে ধরছি। স্যার ১৯৩৯ সালের আগস্ট মাসে জিনিষপত্রের দাম যদি ধরি ১০০ টাকা ছিল আজকে ১৯৬৩ সালের জানুয়ারি মাসে সেটা বেড়ে হয়েছে ৪৭৪। এটা আমার হিসেব নয়। এ হচ্ছে বিখ্যাত অর্থনৈতিক পত্রিকা ক্যাপিটালের হিসেব। স্যার, আমাদের কেন্দ্রীয় সরকারের বাজেট পেশ হয়েছে। তার সঙ্গে আমাদের স্টেট বাজেটও পেশ করা হয়েছে। কেন্দ্রীয় বাজেটে যেভাবে কর নির্ধারণ করা হয়েছে তাতে অর্থনীতিবিদরা মনে করেন এই যে ৪৭৪ পয়েন্ট এটা বেড়ে পাঁচশো সওয়া পাঁচশো হতে পারে। অর্থাৎ আমাদের নিম্ন-মধ্যবিত্তদের ব্যয় শতকরা ১০ থেকে ১৫ ভাগ বেড়ে যেতে পারে। তার দুটি কারণ। এক হচ্ছে পরোক্ষ কর, আর একটা হচ্ছে মুদ্রাস্ফীতি। পরোক্ষ কর বিশেষভাবে আমাদের উপর চড়েছে এবং ১৫০ কোটি টাকার মত মুদ্রাস্ফীতি করা হচ্ছে তার ফলে ১৫০ কোটি টাকার মত ডেফিসিট ফাইন্যান্সিং হচ্ছে এবং যার ফলে বড় বড় অর্থনীতিবিদরা বলছেন মুদ্রাস্ফীতি এমনভাবে দেখা দেবে যাতে আমাদের জীবনধারণের ব্যয় নিশ্চয়ই বেড়ে যাবে। এর সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের আরও প্রত্যক্ষ কর আছে। সামান্য নিম্ন মধ্যবিত্ত মানুষ এবং

কুলি মজুর পর্যন্ত যাদের ১০০ টাকা পর্যন্ত উপার্জন তাদের বাধ্যতামূলক ভাবে সরকারী কোষাগারে অর্থ পাঠাতে হবে। এই প্রত্যক্ষ কর থেকে তারা মুক্ত হতে পারবে বলে আমি মনে করি না। যাই হোক এই যে পরিস্থিতি এই পরিস্থিতিতে নিম্ন মধ্যবিত্তদের অবস্থা বেশ কষ্টকর হয়ে দাঁড়াবে। কিন্তু তা সত্ত্বেও তারা কিছুটা হাসিমুখে গ্রহণ করতে পারত যদি তাদের দেখান হত যে আমাদের সরকার পরিষ্কারভাবে কাজকর্ম চালাচ্ছেন। যদি তারা দেখত এই সরকারের দপ্তরের মধ্যে দুর্নীতি নেই অপব্যয় নেই সরকার পক্ষ থেকে পরিষ্কারভাবে কাজ চালানর চেষ্টা হচ্ছে তাহলে হয়ত সেটা তারা সহ্য করতে পারত। কিন্তু আজকে তারা কি দেখছে? একদিকে অপব্যয় দুর্নীতি স্বজন পোষণ এবং অন্য দিকে ধনিক তোষণ। আমি এই অপব্যয় সম্বন্ধে বলতে চাই যে সরকার আজ এক বিরাট মন্ত্রীসভা রেখেছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন শতকরা দশ ভাগ বেতন তাঁরা কমিয়েছেন। কিন্তু মন্ত্রীর সংখ্যা কমানর কোন প্রচেষ্টা তাঁদের নেই। এক একজন মন্ত্রীর পিছনে মাসে প্রায় পাঁচ হাজার ছয় হাজার টাকা খরচ হয় এবং বছরে প্রায় ৫০ হাজার ৬০ হাজার টাকা খরচ হয়। এখানে একজন মন্ত্রীও কমালে, তার জন্য এই যে ৫০ হাজার টাকা ব্যয় হচ্ছে সেই অপচয়টা হয় না। সেদিকে তাঁরা দৃষ্টি দিচ্ছেন না। এই অপব্যয় ছাড়াও দুর্নীতি কিভাবে এই সরকারের মধ্যে ঢুকেছে তা সবাই জানেন। আমি তার দু-একটা উদাহরণ দিয়ে বলতে চাই। সেদিন মাননীয় মন্ত্রী শঙ্করদাস ব্যানার্জী মহাশয় বললেন একটা প্রশ্নের জবাবে যে বিখ্যাত ম্যাঙ্গানিজ ব্যবসায়ী সিরাজুদ্দীন কোম্পানী এক বছরে ৮০ লক্ষ টাকা সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছেন শুধু পশ্চিমবঙ্গ সরকারকে তিন বছর আগে। আরও দু-বছরের কোন হিসাব এখনও করা হয় নি। এই ম্যাঙ্গানিজ ব্যবসায়ী সিরাজুদ্দীন কোম্পানীর ব্যাপার সম্বন্ধে অনেক কিছু কাগজে বেরিয়েছে। তাতে রয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী কৃষ্ণমাচারী উড়িষ্যার প্রধানমন্ত্রী বিজয় পট্টনায়ক এবং উপমন্ত্রী বীরেন মিত্র রয়েছেন। অবশ্য আমাদের পশ্চিমবঙ্গের কোন মন্ত্রীর নামটাম নেই। কিন্তু কেন্দ্রের মন্ত্রী কৃষ্ণমাচারী কংগ্রেস কমিটির সামনে সাক্ষ্যদানকালে বলেছেন এই কথা স্পষ্টভাবে এই টাকাটা, তিনি যখন পশ্চিমবঙ্গে গিয়েছিলেন আমাদের ব্যবসাদারদের কাছ থেকে নিয়ে নেবার জন্য তখন পশ্চিমবঙ্গের কংগ্রেসী নেতারা তাকে অনুরোধ করেছিল এই টাকাটা নিতে, এবং সেই টাকাটা তিনি নিয়েছিলেন। এবং তিনি নিজের জন্য সেই টাকা খরচ করেননি, সেট টাকা তিনি কংগ্রেসের নির্বাচনী ফান্ডে দিয়ে এসেছেন, এবং সেই টাকা নিয়ে কংগ্রেস নির্বাচনে লড়েছে। আর আমাদের মুখ্যমন্ত্রী বড় বড় কথা বলেন। তাঁরা টাকা নিয়ে মেজরিটি হয়ে এসেছেন। কি করে মেজরিটি হয়ে এসেছেন? জনসাধারণের অর্থ নিয়ে যারা এইভাবে ফাঁকি দিয়ে ব্যবসা চালাচ্ছেন তাদের সমর্থনে এইভাবে তাদের কাছ থেকে টাকা নিয়ে সেই টাকা ছড়িয়ে তাঁরা নির্বাচনে জিতেছেন। সেই নির্বাচনের ফলে আজকে তাঁরা মেজরিটি হয়ে এসেছেন এবং বড় বড় কথা বলছেন। এই কোম্পানী প্রায় দু-কোটি টাকা সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছেন। তার বদলে কি দিয়ে? কংগ্রেসী নির্বাচন ফান্ডে কয়েক লক্ষ টাকা, এবং সেটা তাঁরা গ্রহণ করে আজ নির্বাচনে জিতে এসে তাঁরা এখানে আস্ফালন করছেন।

[4-50—5 p.m.]

স্যার, এ ছাড়া এদের স্বজন পোষণের একটি উদাহরণ আমি আপনার কাছে দিচ্ছি সেকথা শ্রীভক্তিভূষণ মণ্ডল কিছুদিন আগে এই হাউস-এ রেখেছিলেন শ্রীবিজয় সিং নাহারের কথা যিনি একজন বরখাস্ত কর্মীকে যাকে চুরি করার জন্য বরখাস্ত করা হয়েছিল তাকে পুনর্নিয়োগের ব্যবস্থা করেছেন একখানি চিঠি দিয়ে। আমরা আশ্চর্য হলাম যখন এই ব্যাপারটা এখানে তুলে ধরা হল তখন তিনি বললেন—আমি এটা করেছি এবং তাতে কিছুমাত্র অন্যায় করি নি। আশ্চর্য হয়ে গেলাম একজন ফুল ক্যাবিনেট মিনিস্টার তিনি এরকম কাজ করেছেন তার স্বপক্ষে বলেছেন—চেষ্টা করেছি, কিছুমাত্র অন্যায় করিনি এবং ভবিষ্যতেও করব। দুঃখের কথা মুখ্যমন্ত্রী ওখান থেকে বসে এর কোন জবাব দিলেন না। তার পরে খবর পেলাম এটা আমরা জানলাম যে মুখ্যমন্ত্রী মহাশয় তাকে জনান্তিকে ডেকে নিয়ে বলেছেন—তুমি টেলিফোন করলে না কেন, চিঠি লিখতে গেলে কেন?

[Shouts of "Shame, Shame" from the oppositiin benches.]

এটা খুব আশ্চর্যের কথা শ্রী পি সি সেন, মুখ্যমন্ত্রী তিনি কোথায় তাকে রেপ্রিম্যান্ড এবং অন্যায় কাজ করার জন্য তকে তিরস্কার করবেন তা না করে তিনি তাকে তার বোকামির নিন্দা করেছেন

চিঠি লেখা নিয়ে। এই যখন মন্ত্রীমণ্ডলীর মধ্যে দুর্নীতির অবস্থা তখন জনসাধারণের মধ্যে কিভাবে উৎসাহ আসবে জানি না। আমি মুখ্যমন্ত্রীকে এইটুকু বলে আমার বক্তব্য শেষ করব যে নির্বাচনে তারা কিভাবে জিতেছেন তা সকলেই জানেন। স্বয়ং কৃষ্ণমাচারী সেটা বের করে দিয়েছেন। এরকম অনেক খবর বেরুবে তার মধ্যে তাদের সত্যিকারের রূপ ফুটে উঠবে এবং বিজ্ঞাপনের মধ্য দিয়ে কিভাবে তারা দুর্নীতি পোষণ করছেন সেটা ভালভাবে জানা যাচ্ছে। সেদিন একটা মিটিং-এ মুখ্যমন্ত্রী বলেছেন যে ফরওয়ার্ড ব্লক একটি ডাল ভাঙা দল।

The Hon'ble Sankardas Banerji: Mr. Speaker, Sir, I must apologise to the House in the first instance for my inability to be here. I think some sort of revision must be made regarding the programme. The Supplementary Budget is being discussed in the Upper House and the Appropriation Bill here. It is not physically possible for me to attend both the Houses at the same time, but I consider that in an important measure like this it is disrespect not to be present in the House. I hope the House will take it in the proper spirit.

There are some points which, I think, I ought to answer and very clearly. So far as abuses and vilifications go, I will leave them alone and I will not answer them. Shri Debi Basu, when he opened his first speech, made some allegations. I again appeal to the honourable members of this House, I can understand honourable members charging individual Government Officers for misappropriation and things like that, and if specific charges are brought it is the duty of the Government to look into it, investigate and enquire and bring about an end of these mal-practice wherever possible. But when you charge a woman or a lady who is not present in the House and you make allegations against her private life, I certainly do not admire either the spirit or the taste or the culture of that particular individual. We have nothing to do with the private lives of people. Certain things were said against the Superintendent of Bangabani. All I say is that I take no notice of it, but certainly, if there is anything wrong done, it will be looked into.

Now, certain charges have been made which, I think, merit an answer. Something has been said about the Asoke Marketing Ltd. I looked into the matter. What happened exactly is this. The Asoke Marketing Ltd. was one of the distributors of fertilisers appointed on commission basis. Government found that a sum of Rs. 13 lakhs odd was due from this concern to the Government and when the demand was made, the Asoke Marketing Ltd. made a counter claim. Well, that I suppose, anybody who has anything to do with law courts, will understand—that is one of the things usually done if somebody wants to get rid of a liability. Now, the terms of the contract provided that if there was a dispute, it will have to be referred to arbitration—there was no escape from that position. We consulted our Legal Remembrancer as to what should be done. As you know, two courses are open—either, proceed under arbitration, or, go to a court of law. Now, in courts of law—some experience of courts of law as I claim to have—you don't get any more expeditious hearing than you get under arbitration. The matter is before arbitration pending decision and we shall let the House know what the decision is after the arbitration is over.

The next thing that I would like to inform the members is that something was said about a cement transaction—Asoke Cement Co. and so on—something to do with the Dalmia's and that they have been evading the payment of sales tax. Well, being new to the Department I am not so familiar with everything I frankly tell you. I asked my Joint Secretary

who was present in the House if he knew anything about this tale. He said he did not know anything. If we had got the notice of it before, we might have been able to tell the honourable members something about it but if all on a sudden these statements are made before the House, I cannot give you any satisfactory answer. But I assure the House that I shall personally look into the matter and if there is any evasion, you can take my assurance for what it is worth that I shall try to plug it up because having been in the legal profession I have heard quite a lot about evasion of sales tax and all the time I am thinking of putting matters right. In fact, we are thinking of revising the law as a whole to make it more effective so that there is no evasion. Honourable members must realise that in the State of West Bengal which is suffering for want of funds we want to exploit and recover in a legitimate way every anna that is available and every anna that I can get and nobody will get any respite no matter whatever be his party or political affiliation—we from the Finance Department are not going to spare anybody at all.

Certain things have been said about the Forest Department, poor housing and so on. I was asking the Hon'ble Minister in charge of Forest about those things. He said that 'we are making attempts, we are going to start a hospital, provide houses and so on'. As you know, Sir, we are in need of so many things but all of them cannot be met at once because of lack of funds—it must be a gradual process. But certainly honourable members are entitled to mention those facts to impress upon the Government the needs of the people.

With regard to arrest, I want to tell something to the honourable members. But before I go into the question of arrest which is a very controversial subject, I would like to tell my friends that so far as Serajuddin & Co. is concerned,—perhaps they do not know what the facts are—what happened was that this Company's manganese mines were in Keonjhar District in Orissa.

[5—5-10 p.m.]

Manganese was exported out from India to the United States. Assessment is always done on the basis of United State's assessment—they would write and say that so much percentage of manganese and so on and then customs duty has to be charged on them. I know it for a fact because I have knowledge of these things. Things went on for some times till Customs people thought that all the customs duty payable by Serajuddin were not being paid. Nobody understood anything as to what was going on. So the Customs people arranged a search and seized all the books of Serajuddin, everyone of them, and I think, for months and months and months, if I remember, they scrutinized every book, paper and document. What the effect of the scrutiny has been is not known to me, but I know this much that for 4 or 5 months they went on, a large number of Customs officers went on scrutinising every individual item of manganese exported out of India. It was then that we in our turn had an opportunity to examine Serajuddin's books. The same books which were seized by the Customs became the subject-matter of scrutiny by our Sales Tax Department. We did not accept the original assessments in respect of which money had already been paid. We started re-assessment proceedings, exactly as you reopen income-tax proceedings. We started re-assessment. In answer to a question put to me the other day I made it quite clear to the House that in respect of one year, because limitation was coming—limitation knows no law, no reasoning—we applied our best judgment and made an assessment of Rs. 3 lakh and odd. which is going to be the subject-matter of an appeal. You cannot deprive a person from going to the High Court if he wishes to.

So far as other years are concerned, for everyone of them the re-assessment proceedings are going on. The difficulty is, Dr. Kanai Lal Bhattacharya will kindly realise, that if the Customs people are dealing with some books and the Sales Tax Department require the same books, it is not always possible to find time. So we have got to accommodate each other. But let me assure the House that every year's books will be re-assessed in the proper way. And whatever the result of the re-assessment is, I shall certainly inform the House. I can see your point that there has been evasion. There is evasion of sales tax. It is a known fact. It is nothing new and there is no reason why Government should be afraid to own it up. That is the fact. There is evasion of income tax, there is evasion of sales tax, there is evasion of license fees. Who denies? We don't . The point is, you can accuse the Government if it fails in its attempt to bring people to book. That is the whole point. I think honourable members will remember this. This morning the Excise Minister was telling about sale of contraband liquors and arrests, and so on—in respect of 8,000 cases 7,000 were arrested. But you cannot prevent people from breaking the law if they are determined to break it. The attempt of the Government must be to prevent people from breaking the law, but they will break the law. As you know. I think Dr. Bhattacharyya himself yesterday mentioned about contraband liquor and so on, but certainly it cannot be said that we do not want to arrest them. The fact is that it has become expensive. This is a peculiar position. We are on the horns of a dilema. If we do not impose higher duties, we will be told from the other side of the House that we are trying to encourage drinking and we are going against the very provision of the Constitution which says, discourage drinking, bring in prohibition at the right hour. When we go on increasing duty and so on and so forth and contraband liquor is in the bazar for sale, then you say, we do not arrest them. We have got to find out a happy medium. But I certainly, as a practical man, know that we cannot prevent everybody from doing a wrong thing. Indian Penal Code has been there for more than 100 years. Have you been able to stop theft, have you been able to stop murder, rape, man slaughter? Nothing. We make attempts. It is the same thing in every country in the world. Take for instance, Great Britain, take for instance the United States. Has any country succeeded in stamping out evil? Even I read sometimes in the papers—I am not allergic to communists, mind you—that somebody did something and 4 people were shot to death. What do you say to that? We cannot shoot. It is known to everybody. We cannot shoot in this country for evasion, or for malpractices and so on. The law of this country does not permit that. I do not know what Dr. Bhattacharya feels about. Does he think we should take to shooting? If he does, let us have the approval and we will start. (Dr. KANAI LAL BHATTACHARYA: No, no.

তবে সিরাজ্‌দ্দীন ছাড়া পেয়ে যাবে।:

I will again say the point is that you can certainly make a grievance if the Government is not mindful. I think that disposes of the cases of Serajuddin & Co. and contraband liquor.

Now, let me tell you something about Mr. Bijoy Singh Nahar's explanation and so on. If you believe me and if you take my word—I looked into the file same very day but before that Mr. Nahar stood on the legs to answer it. The position is this. I looked into the paper very carefully. What had happened was this. In fact, an officer had committed a breach of trust in respect of three thousand and odd rupees. I do not remember the break-up but it may be three thousand or a little more. This breach of trust was detected and the man was immediately put under suspension. The man's case was tried—tried departmentally and not in a court of law—and he was

punished. I do not remember every bit of detail. I never thought he would raise the question today in the House or else I would have brought the file in the House. I found same thing has been done to curtail his pension and the period under suspension was also not couched from his service record, etc., etc. The man was punished and he is still kept under suspension. You are aware sometimes people are kept under suspension by way of punishment. Again we can easily raise the case, deal with it and dispose it of. We keep the man under suspension because he is put under certain disabilities—to make the man suffer like a delinquent. Now, what has happened is this. I do not want to defend these things. Don't you think that I am not going to defend anything? The point is that he wrote the offending chit which you have seen and he said that it was not his Department so that he could reinstate the man. It was written to late Dr. Jiban Ratan Dhar and at the last moment the man repaid the money. Possibly the idea was to take a more lenient view of the case. On fairly compassionate grounds that thing was written. But it would have been wiser for a Minister, let me tell you, perhaps not to write that offending chit at all concerning some other Department. You must also remember that sometimes people approach us with all sorts of requests—I mean people from the Land and Land Revenue Department who have misappropriated money for some time. We send them to a special court but sometimes it also occurs that they come to us in tears and beg of us to do something for them as, they say, they are all starving. The compassionate grounds are there. I do not justify for one moment saying that he was right in saying: "I have done it and I will do it again." I think it would have been better if he had in a proper spirit explained to the honourable members of the House that moved by the distress of the family he had recommended him on compassionate ground and then your own view would have been quite different. After all you are all human beings same as we are. I have no doubt that my friends in the Opposition have got as much humanitarian spirit as we do possess. You also have come to us. I will tell you why. You may look at the number of arrests made under the Emergency Laws. If peoelp think that—I am hearing it for several days—these are malicious, these are vindictive, and these are to avenge I am helpless. I do not personally think so.

Now, let me make the position quite clear. After all these people are not being spread away. They will come back to the House one of these days —no sooner the Emergency is over. Have I got the right to declare or has the Chief Minister right to say: "Come on, the Emergency is over." It is not his own view that counts. His view depends on information that he receives from his own sources, his view depends on certain informations which the Centre provides and so on. It is a matter of deep concern. We feel for it because it is no joke to arrest people and keep them in prison and so on and so forth. I was just looking at the figures myself. What had happened It is no good getting excited and shouting over it. We must charge it with all human approach. I find the number of arrests made under the Preventive Detention Act is 580.

[5-10—5-17 p.m.]

Now, regarding Preventive Detention Act, the man is entitled to take the matter to Court. Legality or illegality of arrest, you cannot decide. If the Court thinks that the man is innocent, he will be allowed to go. So far as arrest under he Defence of India Rules is concerned, 130 people have been arrested. I find that 14 members of the Legislative Assembly and 4 members of the Legislative Council have been arrested under the Emergency Act, and much has been said about classification. So far as classification of people arrested under the Preventive Detention Act is concerned, we have nothing whatsoever to do about it. It is

entirely in the hands of the trying Magistrate who does the thing. So far as classification of the gentlemen arrested under the Defence of India Rules is concerned, it surely rests with us, and I find that all members of the Legislative Assembly, all members of the Legislative Council, professional men, doctors, Engineers, they have all been placed in Division I. Some others have been placed in Division II. Out of 130 persons detained under the Defence of India Rules, 87 have been placed in Division I and 43 in Division II. So, at least two-thirds have gone to Division I. Well, I had never the opportunity of going to jail for a political offence, and so I am not very much conversant with these things. But I was a visitor of the Alipore Jail for some time. The jail life must be uncomfortable, there is no doubt about it, and you cannot have the amenities of the home there. The whole point is that in Division I, as far as I know, good food is made available—not luxuries but certainly good food. I had seen the kitchen, I had looked into it. So far as Division II is concerned ordinary food which every person eats in his own home—more or less on that line—is made available. So, if you say that we are wreaking our vengeance on those gentlemen, I would respectfully disagree. All I can tell you is that this is a democratic State and, therefore, we do not wish to take stringent measures against them. I was just thinking in my mind that supposing this had been in Russia and people were found working for American Agencies what would have happened to them. I would only like you to consider that. You know exactly what would have been done. I do not agree with you for a second that this Government is not taking a sympathetic view, or it is with a spirit of vengeance that we are detaining those who had the misfortune of being arrested. But the reason for arrest is not only their pro-Chinese sympathy, but for their own agency. There are facts with us, which I cannot disclose to this House, showing their clear connection with Chinese agents—I mean that is there. (A voice from the Congress Benches: 'Shame, Shame'.) You may criticise us, but I cannot, in the interest of this State, place before this House those secret facts which we have in our possession and custody. I cannot give it. Stringent the criticisms may be, but I think it is unwarranted to say that this Government is unsympathetic, because we do not propose to dispose them of or to banish them or to exterminate them or that they are not coming back to this House. They are coming back to this House, but so long the period of emergency is there and so long these facts and figures are available, much as we would like to set them at liberty, I am sorry, it cannot be done. But cases will be reviewed over and over again and as soon as the situation permits, we shall let them free.

As regards the point raised by Dr. Kanai Lal Bhattacharya, I verified it and found that the Pay Committee Report has been given effect to except in individual cases. My Joint Secretary says that if Dr. Bhattacharya would be kind enough to make available those cases which have not been given effect to, I shall immediately look into and give effect to them.

The motion of the Hon'ble Sankardas Banerji that the West Bengal Appropriation Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put nd agreed to.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I beg to move that the West engal Appropriation Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the West Bengal ppropriation Bill, 1963, as settled in the Assembly, be passed, was then it and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-17 p.m. till 12 noon on Thursday, e 28th March, 1963, at the Assembly House, Calcutta

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 28th March, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 142 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12 - 12-10 p.m.]

Rabindra Smarani Theatre Hall

***144.** (Admitted question No. *1000.) **Shri Tarun Kumar Sen Gupta:** শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কলিকাতায় লোয়ার সার্কুলার রোডে যে 'রবীন্দ্র স্মরণি' (জাতীয় নাট্যশালা) প্রেক্ষাগৃহ নির্মাণ করিতেছেন, সেই নির্মাণকার্য অনুমান কত দিনের মধ্যে সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়;

(খ) এই প্রেক্ষাগৃহটি সর্বসাধারণকে নাট্যাভিনয় বা অন্য কোন সাংস্কৃতিক অনুষ্ঠান করিবার জন্য ব্যবহার করিতে দেওয়া হইবে কি; এবং

(গ) উক্ত প্রেক্ষাগৃহটি কাহার পরিচালনাধীনে থাকিবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক) এই পরিকল্পনাটিকে যথাসম্ভব সম্পূর্ণ করিবার জন্য শিক্ষা বিভাগ সচেষ্ট আছেন। কিন্তু বর্তমান পরিস্থিতিতে শিক্ষা খাতে ব্যয় সংকোচের জন্য কবে পর্যন্ত এই পরিকল্পনাটি সম্পূর্ণ করা যাইবে আপাততঃ তাহা নিশ্চয় করিয়া বলা সম্ভব নয়।

(খ) নির্ধারিত নিয়মানুসারে দেওয়া যাইতে পারিবে। নিয়মাবলী এখনও নির্ধারিত হয় নাই।

(গ) এই নাট্যশালার পরিচালনা সরকার একটি বোর্ড অব ট্রাস্টীর হস্তে ন্যস্ত করিবার বিষয় বিবেচনা করিতেছেন।

Shri Tarun Kumar Sen Gupta:

জাতীয় নাট্যশালা তৈরী করিবার জন্য যে টাকা লাগবে, সেই টাকা কি পশ্চিমবঙ্গ সরকার ব্যয় করবেন, না, কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্যের জন্য আবেদন করা হবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

উপস্থিত পশ্চিমবঙ্গ সরকার ব্যয় করবেন বলে স্থির আছে।

Shri Tarun Kumar Sen Gupta:

কেন্দ্রীয় সরকারের কাছে কি আবেদন করা হয়েছে সাহায্যের জন্য?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

করা হয়েছিল, তাঁরা সাহায্য করবেন বলেছেন, এখনো তা পাওয়া যায় নি।

Shri Somnath Lahiri:

আপনি বলেছেন, এই প্রেক্ষাগৃহ সর্বসাধারণের ব্যবহার করবার জন্য দেওয়া যেতে পারে, এখন দেওয়া হচ্ছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এখনো বিল্ডিং তৈরী হয় নাই, নিয়মও নির্ধারিত হয় নাই। এখন ব্যবহার করা চলবে না।

Shri Somnath Lahiri:

আপনি কি জানেন কিছুদিন পূর্বে এই বাড়ীতে ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশন-এর সভা হয়েছিল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার ঠিক জানা নাই।

Shri Somnath Lahiri:

এ বিষয়ে আপনার অগোচরে তার অনুমতি পাওয়া যেতে পারে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার ডিপার্টমেন্ট হয়ত পারমিশান দিয়ে থাকতে পারেন, আমার জানা নাই, নোটিশ চাই।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে বোর্ড অব ট্রাস্টী হবে, এটা কি নীতিতে তৈরী হচ্ছে? অর্থাৎ কারা কারা থাকবে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এখনো তাহা স্থির হয় নাই।

Mira High School

***147.** (Admitted question No. *1025.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Mira High School (police-station Kaliganj) of the Nadia district was sent up by the D. I. School for upgradation in 1962;

(b) if so, will the Hon'ble Minister be pleased to state (i) the full strength; (ii) the results in the S. F. Examination achieved in 1960, 1961, 1962 by the said school; and (iii) the number of teachers with their qualifications in the said school; and

(c) if it is a fact that the case of the Mira High School was considered unfit for upgradation at first and was taken up only after a second attempt by the school authorities?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(a) Yes.

(b) (i) 430.

(ii)	No. taught.	No. passed.
1960	... 23	14
1961	... 33	10
1962	... 15	12

(iii)	
M.A. (Hist.), B.T.	... 1
B.A. (Hons.) Sans.	... 1
B.A.	... 4
B.Sc.	... 2
B.A. Trd.	... 4
I.A.	... 2
B.A.P.T.	... 1
K.V.T.	.. 2
B.Sc. (Hons.) Physics (appointed subsequently)	1
	18

(c) No

Shri Birendra Narayan Ray:

এই স্কুলগুলির আপগ্রেড করবার কোন পরিকল্পনা সরকারের এখনও আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: So far as the Humanities Course is concerned, it has been upgraded with that course.

Kamarpukur College

***148.** (Admitted question No. *1045.) **Shri Shambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ (হুগলি) কামারপুকুরের কলেজ সম্প্রতি কোন সরকারী গ্রাণ্ট পাইয়াছেন কিনা; এবং

(খ) গ্রাণ্ট পাইয়া থাকিলে, তাহার পরিমাণ কত?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

(ক) হ্যা।

(খ) (১) কলেজের বাড়ী নির্মাণ	...	৯২,৭৫০ টাকা।
(২) আসবাবপত্র ক্রয়ের জন্য	...	৪,০০০ টাকা।
(৩) ছাত্রাবাস নির্মাণ বাবদ	...	৪৫,০০০ টাকা।
(৪) কলেজ পরিচালনা বাবদ	...	১,৫০০ টাকা।
সর্ব মোট	...	১,৪৩,২৫০ টাকা।

Shri Sambhu Charan Ghosh:

কোন তারিখে এই গ্রান্ট-এর টাকা কলেজকে দেওয়া হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সমস্ত টাকাটা এক তারিখে দেওয়া হয় নি, বিভিন্ন তারিখে দেওয়া হয়েছে; কাজেই এখন তারিখ বলতে পারবো না।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি—এই কলেজটি কি সরকারী কলেজ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

না।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপৎকালীন অবস্থায় হুগলি জেলায় আর কোন কলেজকে এত পরিমাণ গ্রান্ট দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

নোটিশ না দিলে বলতে পারবো না। তবে এই কলেজের বৈশিষ্ট হচ্ছে, এই কলেজটির সংগে এমন একটি নাম জড়িত আছে যাতে ঐ কলেজটি উন্নতি লাভ করতে পারে তার জন্য সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া হয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

শ্রীশ্রীঠাকুরের যেসব নিদেস বা বাণী ও শ্রীমদভাগত গীতার ফিলোসোফি আছে, সে সম্বন্ধে স্পেশাল শিক্ষা দেওয়ার ব্যবস্থা এই কলেজে আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

কলেজের শিক্ষাও দিতে হয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুসারে।

Dr. Kanai Lal Bhattacharyya:

উনি বললেন এর ইম্পরটান্সটা এই জন্য যে সেই কলেজের সংগে শ্রীশ্রীঠাকুরের নাম জড়িত আছে এবং এই নাম জড়িত থাকার জন্য একটা কলেজের কি বৈশিষ্ট থাকতে পারে যতক্ষণ পর্যন্ত না তাঁর ফিলোসোফি সেখানে পড়ান হয়, তা যদি হত তাহলে আমরা বুঝতে পারতাম। আমি জিজ্ঞাসা করছি হুগলি জেলায় এতগুলি কলেজ থাকা সত্ত্বেও, এই কলেজকে এখন বেছে নেওয়া হল কেন? এটা মুখ্যমন্ত্রী মহাশয়ের কনস্টিটুয়েন্সী বলে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

এটা একেবারে সত্য কথা নয়। মুখ্যমন্ত্রী মহাশয়ের সংগে এই কলেজের কোন সম্পর্ক নেই। আসল কথা হচ্ছে এই কলেজটির সংগে বিশিষ্ট একটি নাম জড়িত আছে। মুখ্যমন্ত্রী মহাশয়ের কনস্টিটুয়েন্সী বোধ হয় এটা নয়। আর কি বিশেষ কারণে দেওয়া হয় তাহা পূর্বেই বলেছি। যেমন অনেক বিষয়ে, অনেক রকম সাহায্য করা হচ্ছে বেলুর মঠের প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলিকে। যদিও এটি মঠের প্রতিষ্ঠিত নয়, তাহলেও অনুরূপ কারণে এক বিশেষ সাহায্য দেওয়া হচ্ছে।

Shri Sambhu Charan Ghosh:

আপনি বললেন মুখ্যমন্ত্রী মহাশয়ের সাথে এই কলেজের কোন সম্পর্ক নেই, অথচ দেখা যায় এই কলেজের পরিচালক মণ্ডলীর সভাপতি হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন। এটা সত্য কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

পূর্বে ছিলেন, এখন নেই।

Shri Sambhu Charan Ghosh:

আপনি এইমাত্র বললেন এই কলেজের বৈশিষ্ট হচ্ছে যে শ্রীশ্রীঠাকুরের নামের সাথে এই কলেজের যোগ আছে। আমি আপনাকে জিজ্ঞাসা করছি—একথা কি সত্য যে ১৯৬১ সালে এই কলেজ থেকে আই এ পরীক্ষায় সতের জন ছাত্র এ্যাপীয়ার হয়েছিল, তার মধ্যে সাত জন পাশ করেছিল, আর ১৯৬২ সালে বর্ধমান ইউনিভার্সিটি এনট্রেন্স একজামিনেসনে পাঁচ জন ছাত্র আর. এ. ছিল?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

অনেক কলেজে প্রথম অবস্থায় পরীক্ষার ফল বা রেজাল্ট ভাল হয় না, পরে রেজাল্ট ভাল হয়।

[12-10—12-20 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:

মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলেজ বা স্কুলের ব্যাপারে সরকারের কি এই রকম পলিসি আছে যে, যেকোন মহাপুরুষের নাম জড়িত থাকলেই সরকার তার জন্য একটা স্পেশাল ব্যবস্থা করবেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী:

সকলের নামেই নয়, নাম মাহাত্ম্য থাকতে হবে এবং স্থানীয় প্রয়োজনও থাকতে হবে।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, শ্রীশ্রীঠাকুরের নাম যুক্ত থাকায় এখানে দেওয়া হয়েছে। মুর্শিদাবাদ রাজেন্দ্র স্মৃতি পাঠাগারে একটা গ্রান্ট দেওয়া হোত তা বন্ধ করে দেওয়া হয়েছে। এই দুটির মধ্যে কি সামঞ্জস্য আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, supplementary question does not arise out of the main question.

শ্রীশম্ভুচরণ ঘোষ:

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ২৮এ ফেব্রুয়ারি ১৯৬৩ সালে এই শিক্ষা ব্যাপারে শ্রীমতি মায়া ব্যানার্জি এই কলেজে গিয়েছিলেন এবং সেখানে একটা জয়গায় সম্পাদক তাঁর অভিভাষণে বলেছিলেন তাঁর সঙ্গে আমাদের সংযোগ অর্থাৎ কামারপুকুর কলেজের সঙ্গে সংযোগ, সরকারী সম্পর্কের ঊর্ধ্বে। তাহলে শ্রীমতি মায়া ব্যানার্জির সঙ্গে ঐ কলেজের কি সম্পর্ক?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী:

তা আমি বলতে পারি না।

শ্রীমতী শান্তি দাস:

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে কামারপুকুর কলেজ বেসরকারী কলেজ। বেসরকারী হলে কি এটা স্পনসর্ড কলেজ?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী:

আমি যতদূর জানি এটা স্পনসর্ড নয়।

শ্রীসোমনাথ লাহিড়ী:

আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, স্কুল কলেজ যখন প্রথম হয় তখন সাধারণতঃ রেজাল্ট খারাপ হয়। আমি দেখলাম প্রথম বারে সাত জন পাশ করলো এবং পরের বৎসর চার জন পাশ করলো আর পাঁচ জন রিপোর্টেড এগেনস্ট হয়েছে। তাহলে পাশ করার তুলনায় রিপোর্টেড এগেনস্ট-এর সংখ্যা বেশী হলে কি সেটা উন্নতির লক্ষণ হল?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী:

এই সংখ্যাগুলি আমার জানা নেই। এখানে সংখ্যার ভিত্তিতে কোন প্রশ্ন করলে আমি উত্তর দিতে পারবো না।

Berhampore Sericultural Research Station

***148.** (Admitted question No. *1057.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether West Bengal Government has any contribution towards the Berhampore Sericultural Research Station; and

(b) if so, what is the annual contribution since 1960-61?

The Hon'ble Tarun Kanti Ghosh: (a) Yes, in the form of land with buildings.

(b) Nil.

শ্রীসনৎকুমার রাহা: আজকে এর উত্তর লাইব্রেরী টেবিলে দেওয়া হয় নি তবুও আমি সাপ্লিমেন্টারী আলোচনা করবো। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কি উদ্দেশ্য নিয়ে এই কন্ট্রিবিউশন ল্যান্ড দেওয়া হয়েছিল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: ১৯৪৩ সালে তখন বাংলা সরকারের অধীনে ছিল। এই ইনস্টিটিউট সেই সময় হইতে ভারত সরকার নিতে চায় এবং তার কন্ট্রোল সেই সময় তাদের দিয়ে দেওয়া হয়।

শ্রীসনৎকুমার রাহা: এখানে রিসার্চের ব্যাপারে ওয়েস্ট বেংগল গভর্নমেন্টের কোন ইন্টারেস্ট আছে কি না?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: এটা ভারত সরকারের অধীনে হয়ে গিয়েছে এবং ভারত-সরকার এটা চালাচ্ছেন।

শ্রীসনৎকুমার রাহা: ১৯৩৮ সালে যে রিসার্চ হয় সেই রিসার্চ ফাইন্ডিং-এর পরে আর কোন রিসার্চ ডেভলপমেন্ট হয়েছে কি, সে খবর কি রাখেন?

The Hon'ble Tarun Kanti Ghose: Does this arise out of this question.

Mr. Speaker: Mr. Ghosh, unless the answers are sent to my office how can I look into it.

The Hon'ble Tarun Kanti Ghose: I am very sorry. That will not happen in future.

শ্রীসনৎকুমার রাহা: এটা এখান থেকে উঠিয়ে নিয়ে যাবার বহু চেষ্টা হয়েছে, তবুও বাংলা-সরকার এই স্টেশনটা এখানে রেখেছেন। সেইজন্য জানতে চাই যে বাংলা-সরকারের এতে কি পরিমাণ দান আছে?

Mr. Speaker: You should have given a separate question for that.

History of Freedom Movement in West Bengal

*150. (Admitted question No. *1061.) **Shri Shambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রণয়নের কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এই উদ্দেশ্যে কোন কমিটি গঠিত হইয়াছে কিনা?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: (ক) ও (খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

আপাততঃ স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারীদের সংক্ষিপ্ত জীবনী সংগ্রহ প্রণয়নের জন্য সরকার একটি কমিটি গঠন করিয়াছেন। কমিটির কার্য আরম্ভ হইয়াছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহোদয় এই মাত্র বললেন যে, প্রথম প্রশ্নটি সরকারের বিবেচনাধীন আছে অর্থাৎ ইতিহাস প্রণয়ন ব্যাপারটি সরকারের বিবেচনাধীন আছে এবং দ্বিতীয় প্রশ্ন সম্পর্কে বললেন যে পুরনো বিপ্লবীদের জীবন লিপিবদ্ধ করার জন্য একটি কমিটি করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, পুরনো কমিটির কাছ থেকে যে আবেদন আমাদের সরকারের কাছে দেওয়া হয়েছে স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশের রাজনৈতিক কর্মী ও শহীদদের ভারতের স্বাধীনতা সংগ্রামের পরিপ্রেক্ষিতে যে অবদান তার ঐতিহাসিক তথ্যাবলী সংগ্রহ করা এবং বাংলাদেশের ভূমিকা সম্পর্কে একখানা প্রামাণিক ইতিহাস রচনা করার কথা এই আবেদনের মধ্যে বলা হয়েছে। প্রথম কথা হচ্ছে জীবন পরিচয় লিপিবদ্ধ করা এবং দ্বিতীয় কাজ হচ্ছে একখানি প্রামাণিক ইতিহাস রচনা করা। আপনি আমার প্রশ্নের উত্তরে বললেন ইতিহাস রচনার ব্যাপারখানা বিবেচনাধীন আছে।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আপনি লক্ষ্য করে থাকলে দেখবেন এখন উদ্দেশ্য হচ্ছে জীবনীর মেটিরিয়্যালস সংগ্রহ করা এগুলি সংগ্রহ হয়ে গেলে ইতিহাস রচিত হবে।

শ্রীঅবনীকুমার বোস: মাননীয় মন্ত্রিমহোদয় যে কমিটির কথা বললেন সে সম্পর্কে উনি কি জানাবেন সেই কমিটির সভ্য কে কে আছেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এই কমিটিতে আছেন প্রথম ডাঃ প্রতাপচন্দ্র গুহ রায় —চেয়ারম্যান, তারপর শ্রীঅরুণচন্দ্র গুহ, শ্রীহরিকুমার চক্রবর্তী, শ্রীমনোরঞ্জন গুপ্ত, শ্রীভূপেন্দ্রকৃষ্ণ দত্ত, শ্রীনলিনীকিশোর গুহ, শ্রীআশুতোষ লাহিড়ী, শ্রীকালিচরণ ঘোষ।

শ্রীশম্ভুচরণ ঘোষ: এই কমিটি কবে তৈরী হয়েছিল?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এই কমিটি এ বছর হয়েছে, এই বছরেই বাজেট হয়েছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাইবেন যে এই কমিটি ৯ই ফেব্রুয়ারি, ১৯৬৩ সালে ঠিক হয়েছিল এবং এর আগে ১৯৬২ সালের অগাস্ট মাসে আর একটি কমিটি গঠিত হয়েছিল এবং সেই কমিটি ভেঙে ৯ই ফেব্রুয়ারীতে নতুন কমিটি গঠিত হয়েছে, যদি হয়ে থাকে, তা হলে কি কারণে আগের কমিটি ভেঙে দেওয়া হয়েছে এবং নতুন কমিটি গঠন করা হয়েছে দয়া করে জানাবেন কি?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: প্রথম যখন কমিটি হয়েছিল তখন আপত্তি হল যে কমিটি খুব ছোট কমিটি হল এবং সকল মতবাদীদের নিয়ে এই কমিটি গঠিত হয় নি। কাজেই যাঁরা বিভিন্ন সংঘের সাথে ছিলেন তাঁদের প্রতিনিধি নিয়ে এই বড় কমিটি গঠন করা হয়েছে।

[12-20—12-30 p.m.]

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহোদয় জানাবেন কি এই জীবনী সঙ্কলনের কাজ কতদূর হয়েছে?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আরম্ভ হয়েছে, খুব বেশি অগ্রসর হয়েছে বলে মনে করি না।

শ্রীঅবনীকুমার বসু: এই যে কমিটি নিযুক্ত হয়েছে এটা খালি বিভিন্ন বিপ্লবীদের এবং স্বাধীনতা সংগ্রামীদের জীবনী সংগ্রহের জন্য না ইতিহাস রচনা করবার জন্য?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: ইতিহাস রচনার জন্য অন্য কমিটি হবে।

শ্রীনেপালচন্দ্র রায়: মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের তরফ থেকে কিছুদিন আগে একটা বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল এই স্বাধীনতা সংগ্রামীদের ইতিহাস এপ্রিল মাসের মধ্যে প্রকাশিত হবে?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আমি জানি না, সরকারের তরফ থেকে নিশ্চয়ই এই বিজ্ঞপ্তি দেওয়া হয় নি।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই কমিটিতে যাঁরা আছেন তাঁরা কোন বিশেষ রাজনৈতিক দলের সদস্য কিনা?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: না, তা নয়, এই কমিটি গঠন করা সম্বন্ধে আমি বিভিন্ন দলে যাঁরা আছেন তাঁদের মতামত নিয়েছি, তাঁদের মতামত নিয়েই এই কমিটি গঠন করা হয়েছে, আমি অনেকের পরামর্শ গ্রহণ করে এই কমিটি গড়েছি।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি যে প্রশ্ন করেছি সেটা হচ্ছে, আমি পুরানো 'যুগান্তর অনুশীলন' প্রভৃতি রাজনৈতিক দলের কথা বলছি না, বর্তমান কোন বিশেষ রাজনৈতিক দলের সদস্যরা এই কমিটিতে আছেন কিনা?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এটা বর্তমানের কোন সম্পদ নয়, স্বদেশী আন্দোলনের — তখন আপনার বয়স কম ছিল, আপনার জানা নাই —যাই হোক বিভিন্ন সঙ্ঘের লোক নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: এই কমিটিতে বিভিন্ন বিপ্লবী, ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, হেমন্ত বসু, সতীশ পাকড়াসী প্রমুখ পুরানো বিপ্লবীদের নেওয়া হয় নি কেন?

Mr. Speaker: This is a question of opinion. So this question does not arise.

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে কমিটি হয়েছে স্বাধীনতা সংগ্রামীদের ইতিহাস তৈরী করবার জন্য, স্বাধীনতা সংগ্রামীদের জীবনী সংগ্রহের জন্য, এই কমিটিতে যাঁরা দেশের পরাধীনতা থেকে আছেন, তাঁদের কথা থাকবে কিনা?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: This supplementary does not arise out of the question.

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই কমিটিতে কোন কমিউনিস্ট সদস্য নেওয়া হয়েছে কিনা?

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি, এই কমিটিতে বাংলাদেশের কোন খ্যাতনামা ঐতিহাসিক রাখা হয় নি কেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: ঐতিহাসিকরা সব খবর রাখেন না, ইতিহাস যখ লেখা হবে তখন তাঁদের নেওয়া হবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে কমিটি গঠন করা হয়েছে সেই কমিটিতে আজাদ হিন্দ্ ফৌজের কোন প্রতিনিধি নেওয়া হয় নি কেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এটা পরবর্তী যুগে।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা হিন্দুস্থান ইয়ার বুক ধরনের হবে, না অন্য জিনিস হবে।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: কি আকার ধারণ করবে দেখতেই পাবেন।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যাঁর স্বাধীনতা সংগ্রামে অনেক কিছু দান, পরবর্তী জীবনে যদি তিনি অন্যায় করেন--

Mr. Speaker: It is hypothetical question and so it is not allowed.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আজাদ হিন্দ্ ফৌজের কোন প্রতিনিধি নেওয়া হয় নি, যেহেতু এটা পরবর্তী যুগের এই কথা আপনি বল্লেন, তাহলে আজাদ হিন্দ্ গভর্নমেন্ট থেকে কোন পার্টি পর্যন্ত ধরছেন।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এটা হচ্ছে স্বদেশী যুগের, আমি তো বলেছি।

শ্রীসোমনাথ লাহিড়ী: এই কমিটির যে যে ভদ্রলোকের নাম করলেন সেই নামের ভদ্রলোকেরা সকলেই কি কংগ্রেস দলের সভ্য বা সমর্থক?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: স্বদেশী যুগ মানে, বিংশ শতাব্দীর আরম্ভ আমাদের যেমন বঙ্গভঙ্গ আন্দোলন হয়েছিল তার কিছু আগে থেকে--শ্রীঅরবিন্দ যখন এসেছিলেন ১৯০২ সালে তখন থেকেই আরম্ভ হল--মেদিনীপুরে যখন প্রথম যতীন বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে এসেছিলেন সেখান থেকে আমি ধরেছি স্বাধীনতা ইতিহাস যুগ পর্যন্ত।

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার প্রশ্নটা হল, এই কমিটির যেসব সদস্যের নাম করলেন তাঁরা কংগ্রেস দলের সভ্য বা সমর্থক?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: তাঁদের বর্তমান মতামত আমি জানি না।

শ্রীমতী বিভা মিত্র: স্যার, আমি জিজ্ঞাসা করছি এর আগে এরকম কোন কমিটি বেসরকারী-ভাবে ছিল কিনা?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আমি জানি না কোন কমিটি ছিল কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ী: কমিটির সদস্যদের মধ্যে কংগ্রেসদলের সমর্থক বা সভ্য নন এমন কেউ আছেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আমি তাঁদের বর্তমান মতামত জানি না।

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন এটা স্বাধীনতা আন্দোলনের ইতিহাস যুগ পর্যন্ত। আমি জিজ্ঞাসা করছি একথা সত্য কিনা কেন্দ্রীয় সরকার আপনাদের কাছে এই স্বাধীনতা--ইতিহাস রচনা করা হবে?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: কেন্দ্রীয় সরকারের দ্বারা একটা দীর্ঘকালব্যাপী ইতিহাস হবে, সেটার সংগে এর কোন সম্পর্ক নাই। আমি সেজন্যই বলেছিলাম বৃহত্তর ইতিহাস রচনার জন্য একটা পৃথক কমিটি করা হবে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: ১৮১৮ সালে ইতিহাস রচনা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে নির্দেশ এসেছে--তা যদি এসে থাকে তাহলে ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহ স্বাধীনতা আন্দোলনের প্রথম সোপান হিসাবে স্বীকার করছি না কেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: আপনি ইতিহাস পড়েন নি। ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহ হয়েছিল তার ঢের আগে।

শ্রীকাশিকান্ত মৈত্র: পশ্চিমবঙ্গ সরকার স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রণয়নের ব্যবস্থা করেছেন এবং শিক্ষামন্ত্রী মহাশয় বল্লেন যে ১৯০২ সালে প্রাক-গান্ধী যুগ পর্যন্ত—আমি জিজ্ঞাসা করছি যে এই যে টাইম লিমিট বেঁধে দিয়েছেন এটা কে বেঁধে দিয়েছেন এবং কিভাবে বেঁধেছেন এবং এটা সত্যিকারের বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসের পিরিয়ড-এর মধ্যে আছে এটা তিনি কোন ভিত্তিতে পেয়েছেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: এটা ইতিহাস নয়—এটা হচ্ছে যারা ঐ সময় অংশগ্রহণ করেছিলেন তাঁদের জীবনী সম্বন্ধে।

শ্রীসোমনাথ লাহিড়ী: উনি বলেছেন যে প্রাক্ বিপ্লবীদের জীবনী হবে—প্রাক্ বিপ্লবী কি শুধু তারাই যারা ১৯০২ সাল থেকে প্রাক্-গান্ধী যুগ পর্যন্ত কাজ করেছেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: স্বদেশী যুগ বল্লে বাংলাদেশে যদি কেউ বুঝতে না পারে তাহলে আমি কি করবো।

শ্রীসোমনাথ লাহিড়ী: প্রাক্ বিপ্লবীদের জীবন কাহিনী সংগ্রহ করবার চেষ্টা করছেন—তাহলে এই বছর কয়টার মধ্যে সীমাবদ্ধ রাখলেন কেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: বিভিন্ন যুগের বিভিন্ন ইতিহাসের উপাদান সংকলন করতে হবে- এটা একটা বিশিষ্ট যুগের।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি জানি ১৮৮৩ সাল থেকে যেদিন প্রথম রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জিকে গ্রেপ্তার করা হয়, সেদিন থেকে বাংলাদেশের বুকে ছাত্র আন্দোলনের জন্ম হয়েছিল এবং তারপর স্বাধীনতা আন্দোলনের উল্লেখযোগ্য ভূমিকা ছিল- কিন্তু এই কমিটিতে কোন ছাত্র প্রতিনিধি নেওয়ার আপনারা চিন্তা করছেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: This does not arise.

Starred question to which answers were laid on the table

Malda District Co-operative Union

***145.** (Admitted question No. *1017.) **Shri Promode Ranjan Bose:** সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলা সমবায় ইউনিয়ন এখনও ১৯৬১-৬২ সালের সরকারী সাহায্য পান নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister of State for Co-operation (The Hon'ble Chittaranjan Roy):

(ক) ১৯৬১-৬২ সালের সরকারী সাহায্য ঐ বৎসরের শেষ ভাগে মঞ্জুর করা হইয়াছিল, কিন্তু সময় কম থাকায় উহা বিলি করা সম্ভব হয় নাই। বর্তমান আর্থিক বৎসরে আবশ্যকীয় বিধিব্যবস্থা সম্পন্ন করিয়া উহা পুনরায় মঞ্জুর করা হইয়াছে। সংবাদ পাওয়া গিয়াছে যে উক্ত সাহায্য বাবদ বিলও ইতিমধ্যে ট্রেজারীতে দাখিল করা হইয়াছে।

(খ) উপরের উত্তরে কারণ বর্ণিত হইয়াছে।

Instructor of the Malda District Co-operative Union

*146. (Admitted question No. *1018.) **Shri Promode Ranjan Bose:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলা সমবায় ইউনিয়নে কোন "ইন্সট্রাক্টর" আছে কিনা; এবং

(খ) ইন্সট্রাক্টর না থাকিলে, তাহার নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister of State for Co-operation (The Hon'ble Chittaranjan Roy):

(ক) না।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন মালদহ জেলার জন্য একজন ইনস্ট্রাক্টর নিযুক্ত করিয়াছেন এবং ২৫এ মার্চের মধ্যে তাহাকে কার্যে যোগদানের নির্দেশ দেওয়া হইয়াছে।

Unstarred questions to which written answers were laid on the table

Refugee loan

453. (Admitted question No. 809.) **Shri Debi Prosad Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুনর্বাসন ঋণ পুরা না পাওয়ার ফলে অথবা পুরা ঋণ পাইলেও গৃহনির্মাণ দ্রব্যের অত্যধিক মূল্যের জন্য নবদ্বীপ শহরে ২০০টি গৃহ প্রায়-সমাপ্ত অবস্থায় পতিত হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সম্পূর্ণ বাড়ি ও জমিগুলি রক্ষা করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) না। ১৯৫৯ সালে ক্যাম্প বহির্ভূত উদ্বাস্তুদিগের পাইবার উপযুক্ত ঋণের ব্যাপক হিসাব করা হয়। নদিয়ার জেলা-সমাহর্তা এই সময় নবদ্বীপ অঞ্চলে অসম্পূর্ণ গৃহ-ঋণ দেওয়া উচিত এইরকম কোন পরিবার আছে বলিয়া উল্লেখ করেন নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Night classes in the Berhampore K. N. College

454. (Admitted question No. 810.) **Shri Abdul Bari Moktar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether there is any proposal to open night classes in Arts and Commerce subjects in Berhampore K. N. College; and

(b) if so, when they will be started?

The Minister for Education: (a) There is no proposal regarding opening of Arts classes in the night.

There was a proposal by the College authorities for opening B.Com. classes under the Three-Year Degree Course Scheme in the College. Government are not in favour of opening B.Com. classes as a part of the Sponsored College. Government have, however, no objection to opening of separate Commerce College in the night as a local enterprise outside the Sponsored Scheme.

(b) Does not arise.

Roads in Burdwan District

455. *(Admitted question No. 820.)* **Shri Narayandas Das:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় বর্তমান বৎসরে কোন্ কোন্ রাস্তাকে পাকা রাস্তা করা যাইবে; এবং

(খ) বর্ধমান জেলার মঙ্গলকোট থানার কাসেমনগর হইতে নূতনহাট এবং নূতনহাট হইতে শ্রীখণ্ডচটী পর্যন্ত রাস্তাটিকে কোন্ বৎসরে পাকা রাস্তায় পরিণত করা হইবে?

The Minister for Development (Roads):

(ক) নিম্নলিখিত রাস্তাগুলির পাকা করার কাজ যাহা আরম্ভ হইয়াছে, বর্তমান বৎসরে উহা প্রায় সম্পূর্ণ সমাপ্ত হইবে—

(১) পূর্বস্থলী-কাটোয়া রাস্তা।

(২) মন্তেশ্বর-দাঁইহাট।

(৩) কাটোয়া-কেতুগ্রাম-রামজীবনপুর রাস্তা।

(৪) ভাতার-নসীগ্রাম রাস্তা।

(৫) মাঝেরগ্রাম-মালম্বা রাস্তা।

(৬) গুসকরা-আউসগ্রাম-ছোরা ফানরীজঙ্গল রাস্তা।

(৭) ভেদীয়া-ছোরা রাস্তা।

(৮) নোলগ্রাম-কুতরুকী চণ্ডীগ্রাম রাস্তা।

(৯) মীর্জাপুর-কলিগ্রাম-কুসুমগ্রাম রাস্তা।

(১০) জি টি রোড হইতে আসানসোলস্থিত ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম পর্যন্ত সংযোগকারী পথ।

(খ) কাসেমনগর-নূতনহাট-শ্রীখণ্ডচটী রাস্তা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছে। জরীপ ইত্যাদি প্রাথমিক কার্যাবলী শেষ হইলে রাস্তার কাজ শুরু হইবে। আশা করা যায় এই পরিকল্পনার সময়ের মধ্যেই কাজ অনেকদূর অগ্রসর হইবে।

Resinking of tubewells

456. (Admitted question No. 821.) **Shri Narayandas Das:**

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার মঙ্গলকোট থানার কোন্ কোন্ গ্রামে গত বৎসরে পানীয় জলের নলকূপ রি-সিঙ্কিং করা হইয়াছে;

(খ) বর্ধমান জেলার কাটোয়া থানার কোশিগ্রামে ও শ্রীখণ্ড ইউনিয়নের কোন্ কোন্ গ্রামে গত বৎসরে পানীয় জলের নলকূপ রি-সিঙ্কিং করা হইয়াছে;

(গ) বর্ধমান জেলার মঙ্গলকোট থানার কোন্ কোন্ গ্রামে বর্তমান বৎসরে পানীয় জলের নলকূপ রি-সিঙ্কিং করা হইবে; এবং

(ঘ) বর্ধমান জেলার কাটোয়া থানার কোশিগ্রামে ও শ্রীখণ্ড ইউনিয়নের কোন্ কোন্ গ্রামে বর্তমান বৎসরে পানীয় জলের নলকূপ রি-সিঙ্কিং করা হইবে?

The Minister of State for Health:

(ক) গ্রামগুলির নাম—নূতনহাট বাজার, নাগ মাঝেরপাড়, বাকাপাঁির বৈচি, সাউরী ইরসন্দ, ভাটপাড়া, সঘরিয়া, পলাশী হিন্দুপাড়া, গোপালবেড়া, শীতলগ্রাম, ইচা বটগ্রাম, কাটারা, কুন্দ, মুসুরী, কাশিয়ারা, নূতনহাট, কল্যাণপুর, কোগ্রাম ও কাসকাগ্রাম মুচিপাড়া।

(খ) গ্রামগুলির নাম—শ্রীখণ্ড, নহট্টা, শিশুরুনা ও গোয়াই।

(গ) গ্রামগুলির নাম—পিলসুয়া, নুতনহাট, নুতনহাট বড়বাজার, দত্তপাড়া, তালডাংগা, মুদীয়ান, মঠ গোবিন্দপুর, চক প্রতাপপুর, সিমুলিয়া-মুসলিমপাড়া, বেলগ্রাম, বৈচি ও পিণ্ডিয়া ঘোষপাড়া।

(ঘ) উক্ত অঞ্চলে বর্তমান বৎসরে নলকূপ পুনঃস্থাপনের কোন পরিকল্পনা নাই।

Development of road in Coal-mine areas of Asansol subdivision

457. (Admitted question No. 827.) **Shri Haridas Chakrabarty:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনাকালে আসানসোল মহকুমার কয়লাখনি অঞ্চলে কোন্ কোন্ [illegible] রোড সংস্কার ও পুনর্নির্মাণ করার এবং কোন্ কোন্ রাস্তা জি টি রোডের সহিত সংযুক্ত করার পরিকল্পনা আছে;

(খ) ইহা কি সত্য যে, উপরি-উক্ত কার্যের জন্য কেন্দ্রীয় সরকার দান ও ঋণ হিসাবে কয়েক কোটি টাকা পশ্চিমবঙ্গ-সরকারকে সাহায্য করিবেন; এবং

(গ) সত্য হইলে, সেই টাকার পরিমাণ কত এবং সংস্কারকার্য কবে নাগাদ শুরু হইবে?

The Minister for Development (Roads):

(ক) কয়লাখনি অঞ্চলে সড়ক নির্মাণ ও সংস্কারের একটি পরিকল্পনা লওয়া হইয়াছে। কোন্ কোন্ রাস্তার উন্নয়ন এই পরিকল্পনায় নেওয়া হইবে তাহা এখনও পরীক্ষাধীনে আছে।

(খ) হ্যাঁ।

(গ) কয়লাখনি অঞ্চলের রাস্তা উন্নয়নের সম্পূর্ণ পরিকল্পনার জন্য সাড়ে দশ কোটি টাকা পাওয়া যাইবে। উন্নয়নকার্য আগামী আর্থিক বৎসরের মধ্যে আরম্ভ হইবে।

Accidents on C. T. Road in Asansol

458. (Admitted question No. [illegible].) **Shri Haridas Chakrabarty:**

স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বৎসরে আসানসোল শহর ও শহরের উপকণ্ঠে জি টি রোডে কতগুলি পথ-দুর্ঘটনা ঘটিয়াছে;

(খ) উক্ত দুর্ঘটনায় কতজনের জীবনহানি হইয়াছে ও কতজন পংগু হইয়াছেন; এবং

(গ) উক্ত দুর্ঘটনা নিবারণে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Home (Police):

(ক) গত এক বৎসরে আসানসোল শহর ও শহরের উপকণ্ঠে মোট ২৪০টি দুর্ঘটনা ঘটিয়াছে।

(খ) মোট ৯ জন মারা গিয়াছেন এবং ৩৩ জন গুরুতররূপে আহত হইয়াছেন।

(গ) দুর্ঘটনা নিবারণার্থ জি টি রোড, আসানসোল শহর ও তাহার উপকণ্ঠের গুরুত্বপূর্ণ স্থানগুলিতে ট্রাফিক পুলিস মোতায়েন রাখা হইয়াছে এবং ভ্রাম্যমাণ প্রহরা ও বিচারালয়ের ব্যবস্থা করা হইয়াছে। নিয়মিতভাবে মোটরগাড়ি, লরি ইত্যাদি পরীক্ষাও করা হয়।

Tassar Industries at Midnapore

459. (Admitted question No. 844.) **Shri Deb Nath Hansda:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-scale Industries Department be pleased to state whether any scheme for development of Tassar Industries at Nayabasan under Gopiballavpore police-station of the Midnapore district has been sanctioned?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) location of the scheme;

(ii) amount allotted for the scheme; and

(iii) when the work of the scheme will be started?

The Minister for Cottage and Small-Scale Industries: (a) Yes.

(b) (i) Nayabasan.

(ii) Rs. 84,500.

(iii) Already started.

Residential Schools for Tribals in West Bengal

460. (Admitted question No. 852.) **Shri Mangal Chandra Saren:**

আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কয়টি আদিবাসী আবাসিক স্কুল আছে ও তাহাদের নাম কি কি;

(খ) বাঁকুড়া জেলায় কয়টি আবাসিক স্কুল আছে এবং ঐগুলি কোন্ কোন্ জায়গায় স্থাপিত হইয়াছে;

(গ) ঐ আবাসিক স্কুলগুলি পরিচালনের দায়িত্ব সরকার নিজে করিয়া থাকেন, না অন্য কোন প্রতিষ্ঠানের উপর দায়িত্বভার অর্পণ করিয়াছেন;

(ঘ) ইহা কি সত্য যে ঝাড়গ্রাম হিন্দু মিশনে আদিবাসী-কল্যাণ বিভাগের অর্থে যে ছাত্রাবাসটি নির্মাণ করা হইয়াছিল তাহাতে এখন কোন আদিবাসী ছাত্র বা ছাত্রী নাই; এবং

(ঙ) আদিবাসী ছাত্রদিগকে এই ছাত্রাবাসে থাকিয়া স্থানীয় স্কুল বা কলেজে অধ্যয়নের সুযোগ দিবার বিষয়ে সরকারের কোন প্রস্তাব আছে কি?

The Minister for Tribal Welfare:

(ক) আদিবাসীদের জন্য কোন আবাসিক স্কুল স্থাপিত হয় নাই।

(খ) ও (গ) এই প্রশ্ন উঠে না।

(ঘ) আদিবাসী-মঙ্গল বিভাগের অর্থে ছাত্রাবাসটি নির্মিত হয় নাই। কাজেই সরকার এই সম্বন্ধে কোন সংবাদ রাখেন না।

(ঙ) না।

Pending criminal cases

461. (Admitted question No 858.) **Shri Surendra Nath Mahata:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) how many criminal cases are pending before the various Courts of Magistrate at Jhargram in the district of Midnapur which were instituted in 1960 and 1961 respectively: and

(b) what steps, if any, are being taken to expedite the disposal of these cases?

The Minister for Judicial: (a) Out of the cases instituted in the Magistrates' Courts at Jhargram in 1960, only two cases are pending. The number of cases pending out of the cases instituted in such Courts in 1961 is 136.

(b) Trying Magistrates have been requested to take all possible steps to expedite the disposal of the cases. It is expected that these cases will be disposed of within some six months.

Historical monuments in Murshidabad district

462. (Admitted question No. 864.) **Shri Sanat Kumar Raha:**

বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলি রক্ষণাবেক্ষণের জন্য সরকার কি ব্যবস্থা লইয়াছেন;

(খ) এইসকল ঐতিহাসিক স্থল দর্শনের জন্য টুরিস্টদের কোন আশ্রয় স্থল বা নিবাস নির্মাণের প্রস্তাব আছে কি; এবং

(গ) প্রস্তাব থাকিলে তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Public Works:

(ক) এ পর্যন্ত ভারত সরকারের প্রত্নতত্ব দপ্তরের অধীনে চারবাংলা মন্দিরপুঞ্জ, ভবানীশ্বর মন্দির, মীরমদনের সমাধি, মুর্শিদকুলি খাঁর মসজিদ ও সমাধি, ডেভিলস্ মাউন্ড নামক স্তূপ, খেরুলের মসজিদ, রাজা কর্ণের প্রাসাদ, আজিমুন্নেসা বেগমের সমাধি, ডাচ্ সমাধিস্থলের পাঁচটি সমাধি, আলীবর্দী খাঁর সমাধি ও মসজিদ, সিরাজদৌল্লার সমাধি, জাহানখোস বন্দুক, বরকোণা দেউল স্তূপ এবং শুজাউদ্দিনের সমাধি প্রমুখ ঐতিহাসিক, স্মৃতিনিদর্শনগুলির রক্ষণাবেক্ষণ করা হইতেছে। পশ্চিমবঙ্গ সরকারের প্রত্নতত্ব দপ্তর মহারাজা নন্দকুমারের প্রাসাদ ও নবাব সরফরাজ খাঁর সমাধিস্থল সংরক্ষণের বিষয় বিবেচনা করিতেছেন।

(খ) হ্যাঁ।

(গ) নির্মাণকার্যাদি ১৯৬৪ সনের ভিতর সম্পন্ন হইবে আশা করা যায়।

Transfer of Wakf property

463. (Admitted question No. 873.) **Shri Abdul Bari Moktar:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার গোরাবাজার সাকিনের মৃত হিসু ওরফে হিশুগু বুচারের যাবতীয় ওয়াকফের সম্পত্তি হস্তান্তর হওয়ায় সরকারের সম্পত্তির বিরাট ক্ষতিসাধন হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Judicial:

(ক) হাজী হিশুগু ওয়াকফ্ এস্টেটের বহরমপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত ৪৯নং হিরালাল সোনার লেনের কিয়দংশ ওয়াকফ কমিশনারের বিনা অনুমতিতে মাতোয়ালী কর্তৃক হস্তান্তরিত হইয়াছে। এই এস্টেটের অন্তর্গত অন্য কোন সম্পত্তি হস্তান্তরিত হইয়াছে বলিয়া সরকারের জানা নাই।

(খ) সরকার সরাসরিভাবে ওয়াকফ্ এস্টেটগুলি রক্ষণাবেক্ষণ করেন না। সুতরাং সরকারের পক্ষে এই বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর নহে। তবে কমিশনার তাহার বিনা অনুমতিতে ওয়াকফ্ সম্পত্তি হস্তান্তর করিবার জন্য মাতোয়ালীকে কারণ দর্শাইতে বলিয়াছেন। তিনিই এ বিষয়ে যথাযথ ব্যবস্থা করিবেন। এই বিষয়ে আইন মোতাবেক যথাযথ ব্যবস্থা

ওয়াকফ্ এ্যাক্ট অনুসারে তাঁহার উপরই ন্যস্ত। এইস্থানে ইহা উল্লেখ করা যাইতে পারে যে কমিশনারের বিনা অনুমতিতে অথবা সার্টিফিকেট ব্যতিরেকে সম্পত্তি বিক্রয় আইনসিদ্ধ নহে এবং ক্রেতার সম্পত্তিতে আইনতঃ কোনও অধিকার জন্মিবে না।

Corrugated sheets at controlled rate

464. (Admitted question No. 878.) **Shri Surendra Nath Mahata:** খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত তিন বৎসর হইতে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কন্ট্রোল দরে করোগেটেড টিন পাওয়া যাইতেছে না;

(খ) সত্য হইলে, ইহা সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(গ) ১৯৬০ সাল ১লা জানুয়ারি হইতে ১৯৬২ সালের ডিসেম্বর পর্যন্ত ঝাড়গ্রাম মহকুমায় করোগেটেড টিনের জন্য আবেদনকারীর সংখ্যা কত এবং তাহাদের মধ্যে কতজন আবেদনকারীকে টিন কন্ট্রোল দরে দেওয়া হইয়াছে,

(ঘ) ইহা কি সত্য ১৯৬১ এবং ১৯৬২ সালে ঝাড়গ্রাম মহকুমায় লোকাল ডেভেলপমেন্ট ওয়ার্ক-এর জন্য সিমেন্ট প্রদান করা হইয়াছে; এবং

(ঙ) প্রদান করা হইয়া থাকিলে, গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও শাঁকরাইল থানার কোন কূপের কোন স্পনসরকে কয় বস্তা সিমেন্ট দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ইহা সত্য নহে। তবে সমস্ত আবেদনকারীকেই কন্ট্রোল দরে করোগেটেড টিন দেওয়া সম্ভব হয় নাই।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক এই প্রদেশের জন্য করোগেটেড টিনের যে বরাদ্দ করা হয় চাহিদার তুলনায় তাহা খুবই অপর্যাপ্ত। তদুপরি করোগেটেড টিনের উৎপাদকদের নিকট হইতে সরবরাহ আসিয়া পৌঁছাইতেও যথেষ্ট বিলম্ব হয়। ভারত সরকারের লৌহ ও ইস্পাত নিয়ামককে এই বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে অনুরোধ করা হইয়াছে।

(গ) বৎসর.	আবেদনকারীর সংখ্যা	প্রদত্ত পারমিটের সংখ্যা
১৯৬০	২৮৭	৮৭
১৯৬১	২১১	১৩
১৯৬২	২৬৩	২৫

(ঙ) ১৯৬১ এবং ১৯৬২ সালের মধ্যে গোপীবল্লভপুর থানার অন্তর্গত বাহারুনার জন্য ৫ বস্তা ও বাজনাগড়ির জন্য ৫ বস্তা এবং শাঁকরাইল থানার অন্তর্গত প্রতাপপুরের জন্য ৫ বস্তা ও জোড়দেহার জন্য ২ বস্তা সিমেন্ট স্পনসরড কূপের জন্য দেওয়া হইয়াছে। ঐ সময়ের মধ্যে নয়াগ্রাম থানায় স্পনসরড কূপের জন্য কোন সিমেন্ট দেওয়া হয় নাই।

Cash dole drawn by refugee families

465. (Admitted question No. 879.) **Shri Surendra Nath Mahata:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানার দুধকুণ্ডী হোম অ্যান্ড ইনফারমারীর ৩২টি উদ্বাস্তু পরিবার তাহাদের উপার্জনশীল ব্যক্তির নাম

গোপন রাখিয়া প্রতিটি পরিবার ১৯৫৯ সাল থেকে সরকারের নিকট হইতে প্রতি মাসে ৫০ টাকা করিয়া ক্যাস হিসাবে গ্রহণ করিয়া আসিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Balurghat Sub-jail

466. (Admitted question No. 881.) **Shri Nathaniel Murmu:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বালুরঘাট সাবজেলে কতজন কয়েদী রাখিবার ব্যবস্থা আছে;

(খ) গত ডিসেম্বর এবং জানুয়ারি মাসে ঐ জেলে প্রতিদিন গড়ে কতজন কয়েদীকে রাখা হইয়াছিল

The Minister for Home (Jails):

(ক) বালুরঘাট সাবজেলে ৩৪ জন কয়েদী রাখিবার মত অনুমোদিত স্থান আছে—৩১ জন পুরুষ ও ৩ জন নারী। (জনপ্রতি আটচল্লিশ ৫৭ বর্গ ফুট হিসাবে)।

(খ) গত ডিসেম্বর ও জানুয়ারি মাসে ঐ সাবজেলে যথাক্রমে দৈনিক গড়ে ১৭০ জন এবং ১২১ জন কয়েদী ছিল। কয়েদীদের স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখিয়া স্থান যথেষ্ট উদারভাবে নির্দিষ্ট হওয়ায় অসুবিধা হয় নাই।

Irrigation water from the canal

467. (Admitted question No. 811.) **Shri Sanat Kumar Raha:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সনের বর্তমান সময় পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কান্দি ব্লকে কি পরিমাণ জমি ক্যানাল হইতে সেচের জল পাইয়াছে;

(খ) ক্যানাল ব্যতিরেকে কেবলমাত্র পুকুর, নালা, দীঘি হইতে এই ব্লকে কি পরিমাণ জমি ১৯৬২-৬৩ সনের বর্তমান সময় পর্যন্ত সেচ পাইয়াছে; এবং

(গ) উক্ত ব্লকের যে সকল জমি সেচ পায় না এরূপ আবাদযোগ্য জমির পরিমাণ কত?

The Minister for Irrigation and Waterways:

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দি থানার অন্তর্গত কিঞ্চিদধিক ১০০ একর জমি ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত ক্যানাল হইতে সেচের জল পাইয়াছে। কান্দি ব্লকের অন্তর্গত সিঞ্চিত জমির আলাদা হিসাব রাখা হয় নাই।

(খ) প্রায় ২,৬০০ একর।

(গ) প্রায় ৮৩ হাজার একর।

Office Building for Chandrakona Block No. I

468. (Admitted question No. 896.) **Shri Indrajit Roy:**

সমবায় উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার অন্তর্গত চন্দ্রকোণা ব্লক নং ১ ক্ষিরপাই এর বাড়ির নির্মাণকার্য শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই উক্ত বাড়ি ফাটিয়া ব্যবহারের অযোগ্য হইয়া গিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর সত্য হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত বাড়ির নির্মাণকার্য সম্পূর্ণ হওয়ার সার্টিফিকেট সরকার পাইয়াছেন কিনা?

(২) ঠিকাদারকে সমূহ টাকা দেওয়া হইয়াছে কিনা?

(৩) অফিস সম্বন্ধে সরকার কি সিদ্ধান্ত করিয়াছেন ভাড়া বাড়িতেই চলিবে কি; পুনরায় বাড়ি নির্মাণ করা হইবে?

The Minister for Community Development and Extension Service:

(ক) ব্লকের বাড়ি নির্মাণকার্য সম্পূর্ণ হওয়ার অনেক কাল পরে কছু কিছু ফাটল পরিদৃষ্ট হইয়াছে।

(খ) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ।

(৩) আপিস বাড়ির ফাটল মেরামত করিলেই ব্যবহারোপযোগী হইবে। পুনরায় বাড়ি নির্মাণের প্রশ্ন উঠে না।

Supply of timber to local people

469. (Admitted question No. 904.) **Shri Mangal Chandra Saren:**

বন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বিনপুর থানার অধীন শিলদা পরগনার জঙ্গল প্রজাদের জঙ্গল হইতে ঘরের সাজগাড়ী ও চাযের লাঙ্গল, জোয়াল, মই প্রভৃতির কাষ্ঠ ন্যায্যমূল্যে বর্তমানে আর বন বিভাগ হইতে দেওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Forests:

(ক) না। প্রকৃতপক্ষে ১৯৬২-৬৩ সালে বন বিভাগ হইতে বেলপাহাড়ী রেঞ্জে (থানা বিনপুর) যেসব কুপে বিক্রয় করা হইয়াছে তাহার মধ্যে শতকরা ২০ ভাগ কুপে স্থানীয় জনসাধারণের প্রয়োজন মিটাইবার জন্য অপেক্ষাকৃত কম মূল্যে বিক্রয় করিতে হইবে, এইরূপ শর্তেই বন বিভাগ বিক্রয় করিয়াছে।

(খ) ও (গ) এই প্রশ্ন উঠে না।

Allotment of fund for furniture for use of the Cabinet Minister

470. (Admitted question No. 907.) **Shri Sanat Kumar Raha:**

বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ক্যাবিনেট মন্ত্রিগণের আসবাবপত্র বাবত মোট কি পরিমাণ অর্থ বার্ষিক বরাদ্দ আছে;

(খ) ঐ বাবত ১৯৬২-৬৩ সনে কত টাকা বরাদ্দ ছিল;

(গ) এবং রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীদের জন্য ১৯৬৩-৬৪ সালে ঐ বাবত কোন অর্থ বরাদ্দ হইয়াছে কিনা; এবং

(ঘ) বরাদ্দ হইয়া থাকিলে তাহার পরিমাণ কত?

The Minister for Public Works:

(ক) ক্যাবিনেট মন্ত্রিগণের আসবাবপত্র বাবত বাজেটে নির্দিষ্টভাবে কোন অর্থ বরাদ্দ নাই।

(খ) ও (ঘ) এই প্রশ্ন উঠে না।

(গ) না।

Government Policy towards political sufferers' allowance, etc.

471. (Admitted question No. 909.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(ক) রাজনীতিক ভাতা দিবার সম্পর্কে সরকার কর্তৃক কি নীতি অবলম্বিত হইয়াছে; এবং

(খ) গত ১৯৪৭ সালের ১৫ই অগাস্ট হইতে অদ্যাবধি পশ্চিমবংগে মোট কতজনকে রাজনীতিক ভাতা দেওয়া হইয়াছে?

The Minister for Finance: (Ka) The Government of West Bengal formulated a scheme for financial assistance to those who had suffered in the cause of the country's freedom and are now not in a position to subsist without aid from Government. From the year 1948-49 those political sufferers or their families are being given monetary assistance in the shape of either of the following:

(i) Monthly pension,

(ii) lump grants, and

(iii) T. B. allowance during the period of treatment.

2. Besides, Institutions in West Bengal which suffered loss in 1942 movement by destruction, occupation or confiscation of properties as a result of official action were also given assistance.

3. The scheme, however, does not apply to those who are still active as political workers.

4. This excludes the following assistance given to the political sufferers of this State:

(i) Lump Grants paid from the Union Home Minister's Discretionary Grants;

(ii) Grants and Loans sanctioned by the Ministry of Relief and Rehabilitation to the displaced political sufferers; and

(iii) Education grants paid by the Education Department for purchase of books, etc., for use of the children of political sufferers.

(Kha) Two thousand one hundred and ninety-five persons.

Alignment of main canal of Kangsabati river

472. (Admitted question No. 914.) **Shri Mangal Chandra Saren:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিনপুর থানার কোন্ কোন্ ইউনিয়নের উপর দিয়া কাঁসাই নদীর মেইন ক্যানেল যাইবে;

(খ) উক্ত ক্যানেল কাটার কাজ বিনপুর থানা এলাকায় কবে আরম্ভ হইবে;

(গ) ইহা কি সত্য যে বিনপুর থানার ১৬নং বেলপাহাড়ী ইউনয়নের বৈষ্ণবপুর মৌজায় তারা ফেনী নদীতে একটি জলাধার হইবে: এবং

(ঘ) সত্য হইলে, ইহার কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বিনপুর থানা মুর্শিদাবাদ জেলায় নহে। মেদিনীপুর জেলার বিনপুর থানার বেল-পাহাড়ী এবং মাহিজুরী ইউনিয়নের মধ্য দিয়া কংসবতীর রাইট ব্যাঙ্ক মেইন ক্যানেল যাইবে।

(খ) আগামী বৎসর আরম্ভ হইবে আশা করা যায়।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬৪-৬৫ সালে কাজ আরম্ভ হওয়ার সম্ভাবনা আছে।

Calling attention to matters of urgent public importance

[12-30—12-40 p.m.]

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects:—

(1) Stealing of milk powder from the godown of P.I.C., Moyna. District Midnapur—by Shri Ananga Mohan Das.

(2) Death of three persons after taking poisonous 'tari' at Azimganj -- by Shri Sanat Kumar Raha.

(3) Delay in the payment of salary to the teachers of Secondary schools of Contai Subdivision—by Shri Sudhir Chandra Das.

(4) Alleged mal-administration in the Bangabani Institution of Nabadwip—by Shri Birendra Narayan Ray.

(5) Non-payment of receipts to the D.V.C. employees for the donation of National Defence Fund—by Dr. Kanai Lal Bhattacharya.

(6) Hunger strike in Tufanganj Jail on demand of classification—by Shri Debi Prosad Basu.

I have selected the Notice given by Shri Sudhir Chandra Das regarding delay in the payment of salary to the teachers of Secondary Schools of Contai Subdivision. The Hon'ble Minister-in-charge will kindly make a statement on the subject today, if possible, or give a date for the same.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I will give the reply on Monday.

GOVERNMENT BILL

The West Bengal Appropriation (No. 2) Bill, 1963

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1963, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

The West Bengal Appropriation (Vote on Account) Act, 1962 and the West Bengal Appropriation (No. 2) Act, 1962, authorised the payment and appropriation of certain sums from and out of the Consolidated Fund of West Bengal towards defraying the charges which came and will come in the course of payment during the current year.

During the present session the Assembly voted certain further grants for the purposes of the year 1962-63 under the provisions of Article 203 read with Article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all the moneys required to meet the further grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The details of the proposed appropriation will appear from the schedule to the Bill.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

Shri Jamini Bhusan Saha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার এই দু'জনে মিলে যে সাঁড়াশী অভিযান চালিয়েছেন তাতে সাধারণ মানুষের শ্বাসরোধ হতে আরম্ভ করেছে। তারপর যেটুকুন বা শ্বাসপ্রশ্বাস চলছিলো তাও বন্ধ করবার জন্য এখানে চেষ্টা করা হচ্ছে। আমরা প্রতি বছরে দেখছি, এবং এ বছরেও দেখছি যে, একটা অতিরিক্ত বাজেট অর্থমন্ত্রী পাশের জন্য পেশ করেছেন। আমি এজন্য বলছি যে, অতিরিক্ত এই যে ব্যয়বরাদ্দ যা এখানে পেশ করা হয়েছে সে ব্যয় সাধারণত উন্নয়নমূলক খাতে ব্যয় হয় না, সেটা ব্যয় হয় মূলক দমন খাতেই। এই ইতিহাস আজকের নয়, গত ১০ বৎসরের ইতিহাস যদি আমরা পর্যালোচনা করে দেখি তাহলে দেখতে পাব আজও সেই একই ইতিহাস চলে আসছে। আমি যেটুকুন অডিট রিপোর্ট পেয়েছি ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত, তাতে করে দেখছি গত একটা বৎসরের মধ্যে আমরা কতগুলি খাতে—যে খাতগুলি নাকি উন্নয়নমূলক এবং সমাজ কল্যাণমূলক খাত, তাতে এঁরা কোন ব্যয় করতে পারেন নি।

[12-40—12-50 p.m.]

যেমন পাবলিক হেলথ শতকরা ৫০·৬০ ভাগ, এগ্রিকালচার ১৫·৬৪, ইন্ডাস্ট্রি ২৭·৫৫, বাজেট কটেজ ইন্ডাস্ট্রি ৩৩·০২, মিসেলেনিয়াস ৩০·৯১, সিভিল ওয়ার্ক ১২·৪৮, গভর্নমেন্টের ট্রেডিং ১৪৪·৭০, লোন অ্যাডভান্স ১৩·২৮ কমিউনিটি ১৩·৩৮ —অর্থাৎ আমরা অডিট রিপোর্ট থেকে যা পেয়েছি তাতে দেখি উন্নয়নমূলক খাতে তাঁরা ব্যয় করতে পারেন না। কিন্তু অপর দিকে জেনারেল অ্যাডমিনিস্ট্রেসনে অতিরিক্ত খরচ হয়েছে ১·৯৯, প্রিভি পাস অর্থাৎ মহারাজাদের খরচের জন্য ১৯·৪২ এবং পুলিশ ৪·১৫ অতিরিক্ত ব্যয় হয়েছে। যদি তিন বছরে আমি ধরছি ১৯৫৮, ১৯৫৯, ১৯৬০ এই তিন বছরে যদি দেখি তাদের উন্নয়নমূলক খাতের কয়েকটি দৃষ্টান্ত দিতে পারি যেমন জনস্বাস্থ্য খাতে এই তিন বছরে খরচ করতে পারেন নি ২ কোটি ৭৩ লক্ষ ২০ হাজার টাকা। কৃষি ও সমবায় খাতে ২ কোটি ৭৫ লক্ষ ১০ টাকা—শিল্প খাতে ১ কোটি ৯৭ লক্ষ ৭৮ হাজার টাকা। অপর দিকে অসামরিক শাসন ব্যবস্থা যাকে আমরা বলি— সাধারণ শাসন জেল এবং বিচার বিভাগ এই খাতে আমাদের অতিরিক্ত ব্যয় করা হয়েছে এই তিন বছরে ১ কোটি

২৫ লক্ষ ৬৩ হাজার। এই সমাজ কল্যাণমূলক বরাদ্দের অর্থ ব্যয়িত হয় নি এবং তা না করে ব্যয়িত হয় দমনমূলক ব্যবস্থা, পুলিশী, আমলাতান্ত্রিক ব্যবস্থাকে কায়েম করার জন্য বেশী ব্যয়িত হয়। এবং এবারেও আমরা দেখতে পাচ্ছি ■ এবারেও তিনি দাবীর অনুমতি চাচ্ছেন প্রায় ৬ কোটি ৭২ লক্ষ ৮১ হাজার ৫৬৭ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে বলে—প্রায় সাড়ে ৫০ লক্ষ টাকা পুলিশে অতিরিক্ত ব্যয় করা হয়েছে এবং শুধু এই নয়, যেটুকু ব্যয় করা হয় তার মধ্যেও একটা চিত্র আমরা দেখতে পাই যে—এটা যদিও আগের ইতিহাস বলতে হচ্ছে—সেই ইতিহাসের জের—এবং সেই সরকার এখনও চলছেন—তাহলে এই যে ১৯৪৮-৪৯ থেকে ১৯৫৮-৫৯ সাল্ পর্যন্ত অডিট রিপোর্ট পর্যন্ত টোট্যাল আউটস্ট্যান্ডিং যা অবজেকসন তা হোল ৪০ হাজার ৬ শত ৩১ টাকা—এই কয়টি আইটেমে অবজেকসন দেওয়া হয়েছে। টাকা হোল ৭৯ কোটি ৪৪ লক্ষ টাকা—গত দশ বছরের অডিট রিপোর্ট—অর্থাৎ এই হচ্ছে দুর্নীতি। যে টাকা খরচ করা হচ্ছে সেই টাকা মিস এপ্রোপ্রিয়েসন হয়—দুর্নীতি হয়, অপচয় হয় এবং তারই একটা চিত্র আমরা যা পেয়েছি তা থেকে দেখতে পাচ্ছি। ৪০ হাজার ৬ শত ১৩টি আইটেমে তারা অবজেকসন দিয়েছে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে জনসাধারণের সুবিধার্থে বাজেটে তো ট্যাক্সের বোঝা চাপিয়ে আমাদের উপর সাঁড়াসী অভিযান চালানো হচ্ছে—জনস্বার্থে যে টাকা বরাদ্দ হয় যেটুকু শ্বাস-প্রশ্বাস নেবার সুবিধা থাকে তাও শেষ করে দেওয়া হয়েছে। তাতে অবস্থাটা কি দাঁড়িয়েছে—এবার কেন্দ্রীয় সরকার ২৭০ কোটি টাকা অতিরিক্ত কর জনসাধারণের মাথার উপর থকে নেওয়া য়বে—এবং তার এক-তৃতীয়াংশ নেওয়া হচ্ছে সিগারেট, সাবান, কেরোসিন, চা, তামাক। এবং এ ছাড়াও আয়কর চাপান হচ্ছে এমনভাবে যা মধ্যবিত্ত শ্রেণী—অর্থাৎ কম আয় যাঁরা করেন, তাঁদের উপর বেশী কর চাপান হচ্ছে এবং বাধ্যতামূলক সঞ্চয়ের নামে প্রভিডেন্ট ফান্ড ও অন্যান্য ফান্ডে যেসমস্ত ফান্ডে টাকা জমা থাকে, তা থেকে সমস্ত টাকা নেওয়া হবে। অর্থাৎ কিনা গরীব জনসাধারণের উপর ঐ দুশো কোটি টাকার এক-তৃতীয়াংশ টাকা চাপান হচ্ছে। ট্যাক্সের বোঝা চাপানোর অন্যান্য যে ক্ষেত্র রয়েছে, সেই ক্ষেত্রও মুক্ত করে দেওয়া হচ্ছে। আমি তাই বলছিলাম—আমাদের যেটুকু শ্বাসপ্রশ্বাস চলছিল, তাও বন্ধ করবার মত অবস্থা হয়েছে। শুধু তাই নয়, বাংলাদেশে সেন্ট্রাল ট্যাক্স ছাড়াও সেলস ট্যাক্সের বোঝাও চাপাচ্ছে; বাজেট বক্তৃতায় শুনছি প্রায় তিন কোটি টাকা চাপছে তার উপর। সুতরাং আমি যেটা বলতে চাই—তার ফলে জিনিসপত্রের দাম বাড়ছে। তারপর কৃষি ও খাদ্যোৎপাদনের ক্ষেত্রে ক্রমান্বয় ব্যর্থতা ও এই জিনিস-পত্রের দাম বাড়ার একটা কারণ। পরোক্ষ ও প্রত্যক্ষ ট্যাক্স ও এই জিনিসপত্রের দাম বাড়ার জন্য দায়ী। আরও কারণ হচ্ছে—মজুতদারী, ফাটকাবাজী, কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম না নেওয়া, সমস্ত ব্যবসায় রাষ্ট্রায়ত্তকরণ না করা ও জিনিসপত্রের মূল্য বেঁধে না দেওয়ার ফলে আমরা দেখছি জিনিসপত্রের দাম আজকে আকাশচুম্বী হচ্ছে। ফলে লোকে যা আয় করে, যে আয়ও কমে যাচ্ছে। সাধারণ মধ্যবিত্ত ও কৃষক আজ এর শিকার বনছে। এই হচ্ছে একদিকের চিত্র। আর অন্যদিকে আমরা দেখছি পুলিস খাতে ব্যয় বেড়েই চলেছে, দমনমূলক খাতে ব্যয় বেড়েই চলেছে এবং কংগ্রেসের দলীয় স্বার্থে শাসনব্যবস্থা বজায় রাখবার ব্যবস্থা হচ্ছে। আমরা দেখছি কলকাতায় প্রায় ২ কোটি টাকা পুলিসের জন্য খরচ করা হচ্ছে; গোয়েন্দা পুলিসের জন্য খরচ করা হচ্ছে ৩০ লক্ষ টাকা প্রতি বছর, আর এই পুলিস সম্পর্কে তাঁরা করছেন কি? শুধু আমাদের উপর নয়, কমিউনিস্টদের উপর নয়, গভর্নর সম্মেলনে হায়দ্রাবাদে ১৯৬০ সালে প্রেসিডেন্ট রাজেন্দ্রপ্রসাদ যেকথা বলেছিলেন, সেটা প্রনিধানযোগ্য: আমরা দেখছি স্বাধীনতা আন্দোলনের সময় যত না গুলি চলেছে, স্বাধীনতালাভের পরবর্তীকালে তার চেয়ে অধিক গুলি চলেছে। অর্থাৎ সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনে যেগুলি চলেছে, তার চেয়ে অধিক সংখ্যক গুলি চলেছে এই কংগ্রেস রাজত্বে।" এটা আমার কথা নয় আমাদের রাষ্ট্রপতি তখন ছিলেন ডাঃ রাজেন্দ্র-প্রসাদ, তিনি গভর্নর সম্মেলনে এই কথা বলেছিলেন। আর পশ্চিমবাংলায় পুলিসী ব্যাপারে রেকর্ড কি? আমরা দেখছি—আজ সমাজ বিরোধী কার্যকলাপে মধ্যপ্রদেশ প্রথম ভারতবর্ষের মধ্যে এবং দ্বিতীয় হচ্ছে পশ্চিমবাংলায়, অথচ ৪০ হাজারের বিরাট পুলিস বাহিনী তাঁরা পুষছেন! তারপরও এই অবস্থা দাঁড়িয়েছে! রাহাজানি লুটতরাজ চুরি-ডাকাতি খুনজখম নারী নিয়ে পাপ ব্যবসায়, ট্রেনের ওয়াগন ভাঙ্গা, টেলিগ্রাফের তার চুরি ইত্যাদি ক্রমান্বয়ে বেড়ে চলেছে। এইজন্য আরও তাঁরা দাবী করছে সাড়ে পঞ্চাশ লক্ষ টাকা আমাদের দাও।

তারপর সমাজ উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে তাঁদের ব্যর্থতা। দলীয় ব্যবস্থা রক্ষা করবার জন্য সমস্ত পুলিসী ব্যবস্থা অবলম্বন করছেন, সমস্ত জনসাধারণকে দাবাবার চেষ্টা করছেন। আমরা এখানে দেখছি কয়েকদিন ধরে এই ব্যাপারে খুব আলোচনা হচ্ছে এবং আলোচনা হচ্ছে দেশপ্রেম ও দেশদ্রোহিতা নিয়ে। যেন এখানে একটা টাগ অফ ওয়ার হচ্ছে—কারা কত দেশপ্রেমিক ও কারা কত দেশদ্রোহী। এই টাগ অফ ওয়ার হচ্ছে। কংগ্রেসী রাজত্বে যাকে এক কথায় বলে আমাদের কলকাতা শহর একটা ডাস্টবিন, যত দুর্নীতি যত অপচয় যত নোংরা যত সমাজের জঞ্জাল সেই জঞ্জাল যা ডাস্টবিনের মধ্যে থাকে তেমনি আমাদের এই সরকারও একটা ডাস্টবিন।

[12-50—1 p.m.]

এই সরকার হল ডাস্টবিন। তাঁরা সমস্ত কিছুকে হৃদয়ে ধারণ করে সমাজ ও মানুষের চোখ থেকে আড়াল করতে চান, এবং সেই ডাস্টবিনের সেইসমস্ত নোংরা পঙ্কিল অবস্থায় পাঁক মেখে, দুর্নীতির গন্ধ মেখে যাঁরা দুর্নীতি করে বেড়াচ্ছেন তাঁরা আবার চড়া গলায় গলাবাজী করে বলেন—দেখো আমরা কত দেশপ্রেমিক, আর ঐদিকে সব দেশদ্রোহীরা রয়েছেন।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসন।]

আশ্চর্য তাঁরা যেন দেশপ্রেমের ঠিকাদারী নিয়ে বসে আছেন, ঠিকাদারী উপাধি তাঁরা পেয়েছেন।

[এ ভয়েস—নিশ্চয়। চীনাকে কি আপনারা এখানে ডেকে আনতে চান নি ?]

মিঃ স্পীকার স্যার, যখন শ্রীমতী ইলা মিত্র সম্পর্কে ঐ বেঞ্চ থেকে শ্রীমতী বিভা মিত্র এবং আমাদের কারামন্ত্রী পূরবী মুখোপাধ্যায় বললেন এবং ইলা মিত্রকে দেশদ্রোহী বলে অভিযুক্ত করেন তখন আমার মনে হল কালীঘাটের অপদেবতা এ'দের মাথায় ভর করছেন। অপদেবতা যখন ভর করে তখন মানুষ বিকারগ্রস্থ হয়। আজ মনে হচ্ছে ঠিক সেই অবস্থা এ'দের হয়েছে। শঙ্করবাবু বললেন এখানকার কমিউনিস্টদের সাথে চীনের যোগাযোগ আছে। কিন্তু তা প্রমান করবার তাঁদের সাহস নেই। অতি গোপনীয় কথা অতি গোপনীয় ব্যবস্থা।

[এ ভয়েস—আলবাৎ আছে।]

[ইন্টারাপসনস]

নেপালবাবু চীৎকার করছেন এবং আনন্দবাবুও চীৎকার করছেন—তাঁরা অভিযোগ করছেন যে শ্রীযুত গনেশ ঘোষ এবং শ্রীযুত নিরঞ্জন সেন তাঁরা দেশদ্রোহী। ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে তাদের অবদান সারা ভারতবর্ষ জানে। কিন্তু ভারতের স্বাধীনতা আন্দোলনে এক বিন্দু কণামাত্রও অবদান যাদের নেই—অতীতে ছিল না এবং এখনও নেই; তারা যখন তাঁদের সম্পর্কে দেশদ্রোহী বলে অভিযুক্ত করেন, তখন একটা কথা আমার মনে পড়ে।

ঢাকায় এক কোচম্যান ভাড়া সংগ্রহ করবার সময় জিজ্ঞাসা করেন—ও কত্তা কম্‌নে যাইবেন? কত্তা বলেন—যাবো অমুক জায়গায়। কোচম্যান বলে তাহলে দুই টাকা লাগবে। বাবু বলেন দুই টাকা লাগবে? সে বলে আস্তে কয়েন কত্তা, আস্তে করেন। দু টাকাই লাগবে। বাবু বলেন—না। ১২ আনা পয়সা দেবো। সে তখন বলে কত্তা আস্তে কয়েন শুনলে আমার ঘোড়া হাসবো।

[লাফটার।]

ঘোড়ায় হাসবো এই হচ্ছে এ'দেরও তাই। আজ এ'রা একদিকে দেশপ্রেমের ঝাণ্ডা উড়িয়ে বড় বড় দেশপ্রেমিক সেজে তারা সমস্ত কিছুর জঞ্জাল, নোংরামী যা কিছু করছেন তা ঢাকবার চেষ্টা করছেন। স্যার তেহাটার ট্রেনে একজন হকারকে দাওয়াই বিক্রি করতে শুনেছিলাম। সেই হকার বলে কি ? যেত্‌না খুজলি ঘা, নালি ঘা, পোড়া ঘা, পচা ঘা, সব কুচ আরাম হো যায়

গা—এই হাতকাটা ছাপ মার্কা তেল লাগায়ে দেও। এখানেও তাঁরা সেইরকম দেশদ্রোহীর তেল লাগিয়ে আরাম করতে চান যত নালি ঘা পচা ঘা শুকনো ঘা। তারা এই তেল লাগাবেন বটে কিন্তু সেই তেলে আরাম হয় না। যতই তাঁরা নিজেদের দেশপ্রেমিক বলে জাহির করুন না কেন? যতই আমাদের দেশদ্রোহী বলে অভিযুক্ত করুন না কেন? তাতে কোন ফল হবে না। বাংলাদেশের মানুষ, এবং সারা ভারতবর্ষের মানুষ জানে যে ১৯৪২ সাল থেকে আপনারা এই ভাবে চীৎকার করে আসছেন। কিন্তু ১৯৪২ সালের পর আমরা স্বাধীনতা লাভ করবার পরে দিনের পর দিন কমিউনিস্ট পার্টি ভারতবর্ষে শক্তি অর্জন করে চলেছে এবং আজকে তার ভারতের মধ্যে দ্বিতীয় অনুমোদিত পার্টিতে পরিণত হয়েছে। সুতরাং আপনারা যতই চীৎকার করুন আমাদের দেশদ্রোহী বলে তাতে কোন লাভ হবে না। কারণ আজ বাংলার মানুষ সারা ভারতবর্ষের মানুষ জানে কারা প্রকৃত দেশদ্রোহী। আমি এই কথা বলতে চাই বাংলাদেশে এখনও বহু ব্যক্তিকে রাজনৈতিক বন্দী হিসাবে জেলে আটক রাখা হয়েছে। শঙ্করবাবুর সাহস নেই তাঁরা ভীরু কাপুরুষের মত কথা বলেন। তাঁদের একটিকেও কোর্টের সামনে প্রডিউস করে তার বিরুদ্ধে চার্জ এনে সাজা দিতে পারবেন না। অথচ তাঁরা এখানে এসে গলাবাজী করে বলবেন তারা সব দেশদ্রোহী আর এঁরা হচ্ছে দেশপ্রেমিক। লজ্জারও একটা সীমা আছে। আমি বলতে চাই যে বাংলাদেশের বন্দী মুক্তি আন্দোলনের ইতিহাস আপনারা আজ ভুলে যাবেন না। অতীতের সরকার, সেই মুসলীম লীগের আমল থেকে ফজলুল হক সাহেবের আমল থেকে প্রতিটি সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে বাংলাদেশের ছাত্র এবং জনসাধারণকে বন্দীদের মুক্তির জন্য আন্দোলন করে চেষ্টা করতে হয়েছে; তার ঐতিহ্য আছে। এখনও সময় আছে আপনারা এঁদের ছেড়ে দিন। যদি আপনারা এইসকল রাজনৈতিক বন্দীদের মুক্তিদান না করেন তাহলে এই কথা আমি পরিষ্কার ভাবে বলে দিতে চাই—বাংলাদেশের এইসকল মানুষকে আপনারা যতই দেশদ্রোহী বলে বড় গলায় চীৎকার করুন না কোন বাংলার জনসাধারণ কোনদিন আপনাদের ক্ষমা করবে না, এবং তারা আন্দোলন করে এইসমস্ত বন্দীদের মুক্ত করে নিয়ে আসবে।

Shri Ashoke Krishna Dutta: On a point of order, Sir.

উনি আপনাকে বলছেন বাংলাদেশের মানুষ আপনাকে ক্ষমা করবে না! এটা কি..............

Mr. Speaker:

আপনি আমায় বুঝিয়ে দিন কি করে এটা পয়েন্ট অফ অর্ডার হল।
উনি এই হাউসকে বলছেন।

Shri Ashoke Krishna Dutta:

উনি যা বলেছেন আপনাকে উদ্দেশ্য করেই বলছেন এবং তাতে এই হাউস-এর স্পীকার-এর উপরে অ্যাসপারসন এনেছেন বলেছেন বাংলাদেশের মানুষ আপনাকে ক্ষমা করবেন না।

Mr. Speaker:

তাহলে প্রিভিলেজ-এর কোশ্চেন বলুন, নট পয়েন্ট অফ অর্ডার।

Shri Jamini Bhushan Saha:

স্যার, যে কথা আমি বলছিলাম বাংলাদেশের মানুষ কোনদিনই বন্দীদের ভুলে যায় নি আজও ভুলবে না। একটি ক্ষেত্রেও প্রমাণ করতে পারেন না অথচ জোর করে যদি জেলেতে রেখে দেন আমাদের তাহলে বাংলাদেশের সাধারণ মানুষ ছাত্র মজুর তাদেরকে ছাড়িয়ে নিয়ে আসবে।

Shri Nepal Chandra Roy:

কখখন না। নজরুলের ভাষায় বলব—'কালের চক্র বক্র গতিতে ঘুরিতেছে' এটা যাঁরা সরকার পক্ষ তারা যেন স্মরণে রাখেন।

[1—1-10 p.m.]

Shri Apurba Lal Majumdar: স্পীকার, স্যার, এই শেষ মুহূর্তে মুখ্যমন্ত্রী এখানে নেই তাই আপনার মাধ্যমে তাঁকে উদ্দেশ্য করে একটি কথা বলব. জানি না এই অভিযোগগুলি শুনে মুখ্যমন্ত্রী কোন জবাব দেবেন কি না—জানি না আমার এই অভিযোগ দয়াহীন স্থবির পাষাণ ফলকে আঘাত করে মরবে কি না; ন্যায় আছে সেই দায়িত্বের কথা স্মরণ করে আমি আমার এই অভিযোগগুলি পেশ করছি. যা পেশ করার সময় আমার ভাষা তীব্র এবং রুক্ষ হয় তাহলে আশা করি মন্ত্রিমণ্ডলীর সদস্যারা সেগুলিকে বিচার পাবে কি না, তবুও বিরোধি পক্ষের নেতা হিসাবে যে কঠোর এবং কঠিন দায়িত্ব আমার ব্যক্তিগত পর্যায়ে নেবেন না—তার অন্তর্নিহিত উদ্দেশ্য উপলব্ধি করে সে সম্পর্কে জবাব দেবেন। আমি প্রথমে সিমেন্ট-এর কালোবাজার সম্পর্কে দু-একটা কথা বলব। এই সিমেন্ট এখন কালোবাজারে যেভাবে চলছে—ওপাশে নেপালবাবু এখন নেই, তিনি থাকলে কিছু জ্ঞান দিতে পারতেন। যাই হোক এই সিমেন্ট-এর ব্যাপারে বাংলাদেশে একটা তীব্র সংকট দেখা দিয়েছে। গত ডিসেম্বর মাসে কলকাতায় এবং হাওড়ায় যে সিমেন্ট-এর কোটা আমরা পেতাম আজকে তা পাচ্ছি না। গত ডিসেম্বর মাস পর্যন্ত আমরা দেখেছি ডালমিয়ানগরের জাপলো ফ্যাক্টরী বিহার শিল্পাঞ্চল হতে ট্রেনে করে ওয়াগন ভর্তি করে সিমেন্ট এসে পৌঁছাত; কিন্তু গত জানুয়ারী মাস হতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং পশ্চিমবাংলা সরকার এই সিদ্ধান্ত নিয়েছেন যে, বিহার থেকে কোন সিমেন্ট ওয়াগন করে আর কলকাতায় আসবে না—তারা কেন্দ্রীয় সরকারের নির্দেশ এটা মেনে নিয়েছেন যে এখন থেকে সিমেন্ট যা কলকাতায় আসবে বা পশ্চিমবঙ্গে আসবে সেই সিমেন্ট আসবে সৌরাষ্ট্র থেকে এবং সেটা আসবে মাদ্রাজ হয়ে জাহাজে এই মাদ্রাজ হয়ে জাহাজে করে সিপমেন্ট-এর মাধ্যমে এই সিমেন্ট আনবার ফলে আরও গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে। জানুয়ারী থেকে ফার্স্ট মার্চ এই ফার্স্ট কোয়ার্টার আমার কলকাতার প্রাপ্য ছিল ৮ হাজার টন সিমেন্ট; আজ পর্যন্ত মাত্র তিন হাজার টন সিমেন্ট কলকাতায় এসেছে। বাকী ৫ হাজার টন আসে নি। সে সম্পর্কে মুখ্যমন্ত্রী কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানতে চাই। বিহার থেকে সিমেন্ট না এনে কিছু কিছু চোরাকারবারীদের ঢালাও কারবার করবার সুযোগ দেওয়া হয়েছে, তার মাঝখানে মুখ্যমন্ত্রী কেন নিজেকে জড়িয়ে ফেলছেন জানি না। আমাদের প্রশ্ন বিহারে যখন প্রচুর পরিমাণে পাওয়া যায় সেটা কেন ডালমিয়ানগরে জয়ন্তী ফ্যাক্টরীতে আনা বে-আইনী করে দেওয়া হল। বিহার থেকে সিমেন্ট কেন ট্রেনে করে পশ্চিমবঙ্গে আসা বন্ধ করা হল? এর ফলে অবস্থা দাঁড়িয়েছে এই যে ট্রেনে করে যদি সিমেন্ট পশ্চিমবঙ্গে আসত তাতে তার জন্য প্রতি টনে ২২ টাকা করে ফ্রেট চার্জ বাঁচত। সরকার আবার মাদ্রাজ থেকে আনছেন তার ফলে ৪২ টাকা করে বেশী লাগছে। এই যে টন প্রতি সরকারের টাকা লোকসান হচ্ছে এটা কার স্বার্থে? কনজুমারদের স্বার্থে নিশ্চয়ই নয়? কতকগুলি ব্যবসাদার এবং শিপিং কোম্পানীর স্বার্থে এটা করা হচ্ছে। কিছুদিন আগে শ্রীকৃষ্ণমাচারী বলেছিলেন যে, কয়লা বোঝাই জাহাজ মাদ্রাজে চলে যায়, কিন্তু সেগুলি ফিরে আসে খালি অবস্থায় তাতে শিপিং কোম্পানীর প্রচুর লোকসান হচ্ছে—সুতরাং সে ক্ষতির পরিমাণ থেকে শিপিং কোম্পানীকে বাঁচানর জন্য কৃষ্ণমাচারী প্রস্তাব করলেন ওখান থেকে সিমেন্ট আসুক জাহাজ ভর্তি করে এবং আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ওই শিপিং কোম্পানীর স্বার্থে ওটা স্বীকার করে নিলেন এবং তার ফলে সিমেন্ট সাপ্লাইর কোটা ৮ হাজার টন থাকা সত্ত্বেও ফার্স্ট কোয়ার্টারে কলকাতার মানুষ মাত্র তিন হাজার টন পাচ্ছে এবং সরকারের ক্ষতি হচ্ছে প্রতি টনে ২২ টাকা করে। কেন হবে? কৃষ্ণমাচারীর স্বার্থে, বড় বড় শিপিং কোম্পানীর সঙ্গে তাঁর গোপন আঁতাত থাকতে পারে, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে যদি এই কাজ করে তাহলে পশ্চিমবঙ্গের মানুষ বলতে পারে মুখ্যমন্ত্রী অন্যায় করেছেন এবং তার জবাব তাঁকে নিশ্চয় দিতে হবে। হাওড়াতে একই ব্যাপার। সেখানে কোয়ার্টারলি সিমেন্ট প্রাপ্য ২ হাজার ২০ টন; এবার জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত ১৫ শ' টন পাওয়ার কথা, তার মধ্যে ১ হাজার পাঁচ টন সিমেন্ট আজ পর্যন্ত পোঁছেছে। যদিও এই কোয়ার্টার শেষ হতে চলেছে, তবুও কলকাতার মানুষ ৫ হাজার টন সিমেন্ট পেল না এবং হাওড়া জেলার মানুষ পাঁচশ' টন সিমেন্ট পেল না। এই যে সামান্য কোটা আমাদের পশ্চিমবঙ্গকে দেওয়া হচ্ছে তা উসুল হচ্ছে না। সঙ্গে সঙ্গে এটা হচ্ছে যে জাহাজে করে এই সিমেন্ট

আসছে তার জন্য আমাদের কনজিউমার্স ৪ই টাকা করে পার টন বেশী কিনতে হচ্ছে। ট্রেন-এ করে যদি আসত তাহলে পার টন ৪ই টাকা করে কম দামে হত অর্থাৎ সিমেন্ট কিনতে পারত। কিন্তু মুখ্যমন্ত্রী ঐ শিপিং কোম্পানীর স্বার্থে এবং কৃষ্ণমাচারীর স্বার্থে এই ৪ই টাকা করে পার টন ক্ষতিগ্রস্থ করেছেন কনজিউমারদের, আর সরকারের ক্ষতি হচ্ছে পার টন ২২ টাকা করে। দেখা যাবে প্রতি কোয়ার্টারএ ৯ লক্ষ টাকা এইভাবে সরকারের ক্ষতি হচ্ছে এবং প্রতি বছর ৪×৫ =৩৬ লক্ষ টাকা ক্ষতি হচ্ছে আর পশ্চিমবঙ্গের মানুষ পার টন ৪ই টাকা করে সিমেন্ট কিনছে।

[1-10—1-20 p.m.]

ইমারজেন্সির কথা বলছি, বড় বড় কথা বলছি কিন্তু ইমারজেন্সির সময় ৩৬ লক্ষ টাকা বেশী ব্যয় করছি কয়েকটি শিপিং কোম্পানীর স্বার্থে। এই শিপিং কোম্পানীর স্বার্থে যখন এই প্রস্তাব নেওয়া হলো তখন সেই এ্যাডভাইসরি কমিটির মিটিংএ উপস্থিত ছিলেন ইউ এন দে, এ্যাসিস্ট্যান্ট ডিরেক্টার, তিনি একজন ইনএফিসিয়েন্ট, দক্ষতাহীন অফিসার, তিনি আমাদের মুখ্যমন্ত্রীর প্রিয়পাত্র, বারবার এক্সটেনসন পেয়েছেন বৃদ্ধ অক্ষম অপদার্থ লোককে সেখানে বসিয়ে দিয়ে বাংলার মানুষের ন্যায্য ন্যায়সঙ্গত যে প্রাপ্য তা থেকে বঞ্চিত করা হয়েছে। এই প্রসঙ্গে আমি আরও কয়েকটি বিষয় আপনার সামনে উপস্থিত করব। সেটা হলো টেক্সটাইল ডাইরেক্টরেট সম্বন্ধে। ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যে টেক্সটাইল ডাইরেক্টরেট হলো কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রী ডিপার্টমেন্টের মধ্যে। কিন্তু মুখ্যমন্ত্রী এই টেক্সটাইল ডারেক্টরেট ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টএর অধীনে রেখেছেন কেন? তার কারণ তার দলগত স্বার্থ, এবং তার দলের মানুষের স্বার্থ চরিতার্থ করবার জন্য তিনি এই টেক্সটাইল ডাইরেক্টরেট নিজের হাতে নিয়ে রেখেছেন, যার মধ্যে দিয়ে তিনি দয়া-দাক্ষিণ্য বিভিন্ন মানুষের মধ্যে বিস্তার করে তার পার্টির স্বার্থকে অক্ষুণ্ন রাখবার জন্য তিনি চেষ্টা করছেন। ভারতবর্ষের আর কোথায় এই নজীর দেখাতে পারবেন না যে মুখ্যমন্ত্রীকে আমি বলছি যে টেক্সটাইল ডাইরেক্টরেট কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রী ডিপার্টমেন্টএর অধীনে আছে। কিন্তু এখানে নিজের দলীয় স্বার্থকে চরিতার্থ করবার জন্য এবং কতকগুলি লোভী অসাধু ব্যবসায়ীদের সমর্থন জানাবার জন্য তাদের মুনাফার সুযোগ করে দেবার জন্য সেই ডাইরেক্টরেটকে নিজের কুক্ষিগত করে রাখবার জন্য ফুড এ্যান্ড সাপ্লাইএর অধীনে রেখে দিয়েছেন। এখানে টেক্সটাইল এ্যাডভাইসর যিনি তার নাম হচ্ছে অনাদি ব্যানার্জি। আপনারা শুনলে আশ্চর্য হবেন এই পোস্টএ লোক নেবার জন্য স্টেটসম্যান কাগজে এ্যাডভার্টাইজ করা হয়েছিল ফার্স্ট জুন ১৯৫৯ সালে। তাতে চাওয়া হয়েছিল যে, মিনিমাম কোয়ালিফিকেশন

M.Sc. in Textiles Technology with 10 years experience in a spinning mill.

এই অবস্থায় কাকে নিয়োগ করা হলো, না যিনি শুধু ম্যাট্রিকুলেট এবং শ্রীরামপুরের টেক্সটাইল ইনস্টিটিউটএর থার্ড ক্লাশ ডিপ্লমা হোল্ডার। এই যদি অবস্থা হয় এই অপদার্থ লোককে বসান হলো পি এস সি-র কাছে উত্থাপন করা হলো না। পি এস সি-কে স্কুটেনি করতে সুযোগ দেওয়া হল না। সেই লোকের বিরুদ্ধে বহু অভিযোগ এসেছে বিভিন্ন পত্র-পত্রিকা মারফত তার বিরুদ্ধে অভিযোগ উঠেছে যে কো-অপারেটিভএর কাছ থেকে তিনি টাকা নিচ্ছেন। বিভিন্ন ভাবে তার বিরুদ্ধে কাগজে লেখা সত্ত্বেও কোন তদন্ত তার বিরুদ্ধে আজ পর্যন্ত হয় নি। আরও অভিযোগ এসেছে তিনি দুইখানি বাড়ী করেছেন। অভিযোগ এসেছে কো-অপারেটিভএর কাছ থেকে তিনি মাসিক মাসোহারা আদায় করছেন। বিভিন্ন অভিযোগ থাকা সত্ত্বেও তার বিরুদ্ধে মুখ্যমন্ত্রী কোন তদন্ত করতে রাজী হন নি। এর সঙ্গে এ্যাসিস্টান্ট ডিরেক্টার অফ টেক্সটাইলএর পোস্টএ এস পি চৌধুরীকে নেওয়া হল, এই পোস্টএর জন্য এ্যাডভার্টাইজ পর্যন্ত করা হল না। তার চেয়ে কোয়ালিফায়েড লোক থাকা সত্ত্বেও তাকে উইদাউট এ্যাডভার্টাইজ তাকে সেখানে বসিয়ে দেওয়া হল। এই টেক্সটাইল ডাইরেক্টরেটে এবং ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টে একটা পাপচক্র গড়ে উঠেছে। সেখানের এস কে সান্যালের কথা ধরুন তিনি সাতবার এক্সটেনশান পেয়েছেন। তারপর পি নাগের কথা বলুন, তিনি ৪বার এক্সটেনশন পেয়েছেন তারপর পি সি মুখার্জীর কথা বলুন তিনি পাঁচবার এক্সটেনশন পেয়েছেন। এই সমস্ত অক্ষম অপদার্থ অফিসারদের রেখে সুপারএ্যানুয়েটেড অফিসারদের রেখে সেখানকার পাপচক্র যেভাবে দিনের পর

দিন দানা বেঁধে উঠেছে তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষ প্রতিবাদ জানিয়েছে, আমি নিজে মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিয়েছিলাম এই সমস্ত অভিযোগ জানিয়ে, কিন্তু আজ পর্যন্ত সেই চিঠির এ্যাকনলেজমেন্ট পর্যন্ত পাওয়া যায় নি। একজন বিধানসভার সভ্য হিসাবে গুরুতর অভিযোগ জানিয়ে তার একটা জবাব দেওয়ার প্রয়োজনীয়তা তিনি অনুভব করলেন না এতখানি স্পর্ধা আমাদের মুখ্যমন্ত্রীর। তাঁর এই দম্ভের বিরুদ্ধে নিশ্চয় বিধানসভায় দাঁড়িয়ে আমি আমার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। শুধু তাই নয়, কিছুদিন আগে আপনারা সংবাদপত্রে দেখেছেন যে আমাদের মুখ্যমন্ত্রীর সই জাল করে বেনামীতে বহু টাকার জাল পারমিট নিয়ে মাল বাজারে বেরিয়ে গিয়েছে। কিন্তু সেই ব্যাপারে কোন তদন্ত হয় নি। কারণ পুলিশ যখন সক্রিয় হয়ে উঠল বড় বড় অফিসারের বিরুদ্ধে, যখন ঐ সমস্ত লোকদের বাড়ীতে জাল পারমিটের কাগজপত্র পাওয়া গেল এবং যখন সীজড করা হলো এবং সীজড করার পর আমরা দেখেছি মুখ্যমন্ত্রী তাদের বাঁচানোর জন্য এগিয়ে এলেন এবং তারই হস্তক্ষেপের ফলেই সেটা চাপা পড়লো। কিন্তু সেই জাল পারমিটের ফোলিওগুলি অফিসারের বাড়ীতে পাওয়া গেল। কিন্তু তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী সেখানে ইনটারভেন করে সেই কেস চাপা রেখেছেন। মাত্র এই অভিযোগে তাদের কয়েকজনকে বদলি করে দেওয়া হল, কিন্তু শেষ পর্যন্ত আমরা দেখলাম তাদের ও আবার ফিরিয়ে নিয়ে আসা হল। আমরা দেখেছিলাম এ কে ঘোষ, এ্যাসিটএ্যান্ট ডিরেক্টারএর বিরুদ্ধে যখন দুর্নীতির অভিযোগ এল তাকে ব্যারাকপুরে সরিয়ে নেওয়া হল, সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী তখন ইনটারভেন করে তাকে আবার ফ্রি স্কুল স্ট্রীটে ফিরিয়ে আনলেন। তার কারণ দীর্ঘদিনের অনেক অপকীর্তি দুর্নীতির বাসা ওখানে বেঁধে আছে, সেই দুর্নীতির সঙ্গে যারা সংযুক্ত তাদের বিরুদ্ধে পুলিশ যখন সক্রিয় হয়ে উঠলো তখন মুখ্যমন্ত্রী এই সমস্ত অক্ষম অপদার্থ বৃদ্ধ অফিসারের সমর্থনের জন্য নির্লজ্জের মত এগিয়ে আসেন। তারপরে স্যার, আমি আরেকটা বিষয়ে এখানে উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে বিজয় সিং নাহারের সম্পর্কে। কালকে মাননীয় সদস্য কানাই ভট্টাচার্য যখন বলছিলেন, তখন মাননীয় অর্থমন্ত্রী শংকরদাসবাবু বললেন যে ঐ ধরনের উক্তি আমরা সমর্থন করি না। কিন্তু আমি আজকে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনতে চাই। কাল শংকরদাসবাবু বলেছেন যে সিমপ্যাথী দেখিয়েছেন। তাই আমি বলছি মুখ্যমন্ত্রী এই বিষয়ে পরিস্কার করে তাঁর বক্তব্য রাখুন। এখন পর্যন্ত মুখ্যমন্ত্রী এই বিষয়ে কোন কিছু বললেন না। আমরা জানতে চাই সেদিন দম্ভ করে বিজয় সিং নাহার এই হাউসের মধ্যে দাঁড়িয়ে বলেছেন যে এই সমস্ত অসৎ কর্মচারীদের চিঠি দিয়েছি বেশ করেছি, আবার দেব। এই ধরনের কদর্য উক্তি করে যে ইতর দৃষ্টান্ত তিনি এই সভার মধ্যে স্থাপন করেছেন

(ডিস্টারবেন্স এ্যান্ড নয়েজ)

[At this stage the red light was lit]

ডেপুটি স্পীকার মহাশয় আমাকে আর দুই-এক মিনিট টাইম দেবেন।

মিস্টার ডেপুটি স্পীকারঃ

Mr. Majumdar you must take your seat. I am on my legs.

কেবল উচ্ছ্বাসে আপনি নিজেকে হারিয়ে ফেলেন। আপনার পয়েন্ট কিছু নেই। আপনি বসুন। আপনার টাইম হয়ে গিয়েছে।

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, ওঁকে টাইম দিন আমাদের পার্টির থেকে আমরা সময় ঠিক করে নেব।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আবার বলছি যে সেই ইতর দৃষ্টান্ত—এই জন্য বলছি যে আমাদের প্রশাসনিক ইতিহাসে এতবড় কলঙ্কিত দাম্ভিক উক্তি কোন দিন বিধান সভার মধ্যে উচ্চারিত হয় নি। আজকে যদি তিনি এই হাউসের মধ্যে দাঁড়িয়ে তাঁর সেই দম্ভের উক্তি যদি প্রত্যাহার না করেন, যদি তিনি না বলেন যে এই সমস্ত ব্যাপার আর তিনি অসাধুদের প্রশ্রয় দেবেন না, তা হলে এই বিধান সভার মান ক্ষুণ্ণ হতে বাধ্য। আমি বলেছি যে আমার কথা রূঢ় হতে বাধ্য, তার কারণ এই সমস্ত জিনিষে কঠিন এবং কঠোর আঘাত করা দরকার। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, we are speaking about the Appropriation Bill. I do not think that there would be any difficulty in getting anything passed here in this Assembly by the strength of the comfortable majority. The Budget was passed, the Supplementary Demand was passed and the Appropriation Bill will also be passed. In this way crores and crores of rupees provided for under the different budget heads have been passed since 15 long years and in the name of improving the State of West Bengal hundreds and crores of rupees have been spent. I am not going to enter into any acrimonious debate. But sitting here on the other side it is difficult to know what they are spending, how they are spending excepting reading newspaper report. There is such a report known as the Audit report. I find from it that since 1948-49 up to the present day there were audit objections to the spending of moneys illegally, irregularly and characterised as wasteful expenditure, avoidable expenditure in no less than 29 thousand 2 hundred 41 cases involving a total sum to the extent of about Rs. 68 crores 54 lakhs. On the basis of the Audit report we would not be far from wrong if we only assume that there will be extravagance in spending the moneys which the House would likely to pass. All that we can say at the present moment is that let us hope that the money the House has sanctioned and would sanction will be spent judiciously, economically, honestly and in the best interest of all the people living in West Bengal.

Sir, what are our achievements and the results of spending of crores and crores of rupees on the much vaunted and much trumpeted Five-Year Plans—First and Second Five-Year Plans? In course of the last 13 or 14 years have they ever been able to bring about any improvement in the living condition of the people? That has got to be enquired into. I can only say that the condition of the middle class people—I do not hesitate to say that the condition of the middle class Bengalees of Bengal—is getting worse day by day. I do not hesitate to say that the middle class Bengali families have been put under this financial policy almost on the border of total extinction. I would only request the Government to make an enquiry into this matter as to how a family living in Calcutta and the middle class Bengali families living in Bengal were obliged to leave their hearths and homes due to the cause of this economic policy, under this economic condition. Sir, I do not hesitate to say in this West Bengal Assembly that the worst sufferers are the Bengali community. I am not a supporter of provincialism but I have got to support those who are living in this State. I have got to support the people in my humble capacity, for whose cause I am here, so that they can be saved from total destruction.

[1-20—1-30 p.m.]

Sir, every fourth man in this city, you know, live in the busti. Don't you imagine who are the busti dwellers today? Here in these busties live the middle class families of lower income group. During your 15 years' rule you have allowed them to live under conditions of hell where even dogs, goats and cats hesitate to live. In one room live several persons huddled together—daughter-in-law, son and parents—where they are born, where they live, where they work and where they die. Sir, the busties are not very far away from Chowringhee. I can cite instances of busties which are at a stone's throw from Chowringhee where people live with goats and with dogs in the same room side by side with sky-scrapper. Sir, if this economy is not faulty, how can you say that the wealth of all India is in the hands of a favoured few? You have served the people for so many years and you have brought ruination to the people, and the history of Bengal will record one fact alone that this rule means the total annihilation

of the common man—the middle class families—from Bengal. Sir, as I have said, one-third of India's population will be below the bread-line some time at the end of 20th century, and this fact appeared in the Newspapers. This is the economic condition of following the much trumpeted Five-Year Plans. Sir, no less a person than the Hon'ble Chief Minister, Shri P. C. Sen, said only the other day that 80 lakhs of the people here possess less than 2 acres of land, and as you know, the minimum requirements of any cultivator to run his family is 5 acres, and this was described in the Report of Sir John Woodhead during the British Rule, after the famine of 1943. It was stated there that with less than 5 acres of land it was not possible for a family to live in comfort. Sir, as you say, this money would be passed under conditions that you have to take serious note of.

Sir, there is failure of crop as is usual every year and we find that there is a deficit of 4 lakh tons of paddy. And out of it the deficit from Sunderban area, once called the granary of West Bengal, is 1 lakh 25 thousand tons. Do you know the price? The price is 40 crores of rupees. If by your management you allow such sort of things to happen then you are a worthless Government and you should get out from this. I do not care whether you pay heed to me. As you know Sir, here in this country where people are illiterate, where illiteracy is the rule, it is easier for those who have got the money to have the Government at their back and to come hundred times here to occupy the Treasury benches—it is not a very great thing.

Then, Sir, what about the Bengali Regiment about which we have spoken, and mention was made on the floor of the House? Why the Chief Minister did not take up the matter with the Centre to make it final? Why should he oblige the Central Ministers with folded hands? Why should be not go there with a demand from this House that we want this and this for the good of the country? If you do not care to hear us live your office and come out. Sir, that should be the attitude.

Then, what have you done about the gold-smiths? 40 to 50 thousand people with their families have been brought out to the streets and you have failed to detect a single smuggler of gold with all your Military and Police Officers and you want to penalise those poor people. You say, we will give a dole of Rs. 12 per head per month. You want people to live with Rs. 12 per head per month. You want people to live with Rs. 12 and that is reducing them to beggary. Then, with additional taxation on kerosene and on everything clerks with a salary of Rs. 125 a month will have to pay a few rupees more by any of forced saving. You do not know in what conditions they are living. All this talk, all this paraphernalia of Assembly and democracy seems to me to be a farce and nothing more than that.

[1-30—1-40 p.m.]

Shri Abhoy Pada Saha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই বৎসরের প্রায় শেষের দিকে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ খরচের অনুমোদন চাওয়া হচ্ছে, সাধারণ ব্যয়-বরাদ্দ হয়ে গেছে, কোটি কোটি টাকা ব্যয় হয়েছে—অতিরিক্ত ব্যয়ও হচ্ছে—কিন্তু পল্লীগ্রামের ভূমি-মজুর এবং বর্গাদারদের সেই টাকা দিয়ে তাদের কতটুকু উন্নতি করতে পেরেছে সেটা আমরা মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই। ভূমিমজুর বছরে তিন মাস অনাহারে থাকে—দিকে দিকে নানা রকম পরিকল্পনা হচ্ছে, রাস্তাঘাট হয়েছে, প্রাইমারী স্কুল হচ্ছে, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট হচ্ছে, কিন্তু তাদের এতে কি এসে যায়। প্রাইমারী স্কুলে তাদের ছেলেমেয়ে কি পড়ে? তাদের ছেলেমেয়েদের কি পড়বার সুযোগ আছে?

চার-পাঁচ বছর হলেই সেই নাবালক ছেলেদের নিজের রুজিরোজগার করে তাদের খেতে হয়—রাখালগিরি করে, অন্য লোকের বাড়ী খেটে তাদের ভরনপোষণ চালাতে হয়। রাস্তা হয়েছে—তাতে তার কি হয়েছে? সেই পাকা রাস্তায় সে চললো না চললো তাতে তার কি এসে যায়? হাসপাতাল হয়েছে, সেখানে গেলে সে কি ঔষধ পায়? সে ঔষধ পায় না। সে এক রকম বিতাড়িতই হয়। হাসপাতালে যে সাধারণ শয্যা আছে তাতে অবস্থাপন্ন লোকের স্থান পাওয়া দুরূহ ব্যাপার—আর সেই লেংটী মজুর কি করে হাসপাতালে স্থান পাবে? এই কল্যাণরাষ্ট্রে যার সংখ্যা পল্লীগ্রামে শতকরা ৩০ থেকে ৩৫ পর্যন্ত তাদের এটা কল্যাণরাষ্ট্র না দুর্ভিক্ষ রাষ্ট্র, না পঙ্কিল রাষ্ট্র এটা বলাও যা তাদের কাছে না বলাও তাই। তারা দিন দিন মরণের পথে চলেছে—এই অবস্থায় এই কল্যাণরাষ্ট্রে আমাদের প্রতিষ্ঠা করছেন আমাদের মন্ত্রিমণ্ডলী। তারপর তারা জোর গলায় নানা রকম প্রচার যন্ত্রে বলছেন যে আমরা চাষীর উন্নতি করেছি, চাষের উন্নতি করছি, চাষের দিকে আমরা সর্বাধিক লক্ষ্য রেখেছি—কিন্তু অতিরিক্ত ব্যয়-বরাদ্দে আমরা চাষের সম্বন্ধে একটুও যে ব্যয় বেশী হয়েছে সেদিকে অমরা দেখতে পেলাম না। বরঞ্চ সাধারণ ব্যয়ে বরাদ্দে যে টাকা ছিল তাও খরচ হয় নি। চাষের জন্য তারা বলেন যে ভাল বীজের ব্যবস্থা করি, সারের ব্যবস্থা করি, বীজ যে কি ব্যবস্থা করেন তা আপনাদের পক্ষেরই সদস্যরা বেশ ভাল করে বিশ্লেষণ করে বলেছেন যে সরকার যে কত ভাল সরকারী বীজের উপর চাষীদের যে কত আস্থা আছে সে সম্বন্ধে আপনাদের পক্ষের সদস্যরাই বর্ণনা করে বলেছেন। তারপর সারের ব্যবস্থা—অবশ্য সারের ব্যবস্থা করেছেন, কিন্তু সেটা চাষীর সার্থে নয়, কারণ সেদিকে নজর দিলে বিশেষভাবে বিশ্লেষণ করে দেখা যাবে যে সার সরবরাহ করে সরকার সার থেকে বহু টাকা লাভ করেন এবং অনেক কন্ট্রাক্টার ব্যবসায়ী তাদের লাভের ব্যবস্থা করে দিয়েছেন।

কিন্তু সরকার চাষীদের জন্য কোন ব্যবস্থা করেন নি। চাষীদের সাবসিডি দিয়ে চাষীকে সস্তা দরে সার দিয়ে যাতে সে কৃষিকার্যে আরো তৎপর হতে পারে, সেদিকে তাঁরা লক্ষ্য দেন নি। এইভাবে আমাদের দেশে কৃষকদের দিয়ে ভাল করে চাষ-আবাদ করিয়ে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবেন—এই কথা তাঁরা প্রচার করছেন। কিন্তু এঁদের কর্মপদ্ধতি কি দেখি? চাষ হচ্ছে, চাষের অবস্থা দিন দিন আরো খারাপের দিকে যাবে, ভাল হবে না। যদি এঁদের হাতে এই রাজ্যের শাসন ক্ষমতা থাকে, তাহলে দিন দিন লোকের অবস্থা সঙ্গীন হবে।

এবার চাল কম হয়েছে, আসছে বছরেও কম হবে। যারা চাষী চাষ করে, যারা মজুর—তাদের অবস্থা কাহিল। তারা পল্লীগ্রাম ছেড়ে সহরের দিকে আসছে। কারণ পল্লীগ্রামে থাকলে তারা অনাহারে থাকবে, সহরে এলে কোন কিছু করে হয়ত তাদের পেট ভরবে। তাই সহরে দিন দিন লোকের অত্যধিক চাপ হচ্ছে। আর পল্লীগ্রাম লোকহীন হয়ে যাচ্ছে। তারপর মধ্যবিত্ত চাষী যারা, তাদের আর পল্লীগ্রামে থাকার মত অবস্থা নাই; চোর ডাকাতের উপদ্রব অসম্ভব। রাত্রিতে কি করে বাস করবে? পাড়াগাঁয়ের লোক এসব হাড়ে হাড়ে জানে। রাত হলে কত ভয়ে ভয়ে বাস করতে হয়! তার দরুন অধিকাংশ—যারা উচ্চ মধ্যবিত্ত, তারা পল্লীগ্রাম ছেড়ে সহরের দিকে পা বাড়িয়েছে। এই তো আপনাদের নিরাপত্তার ব্যবস্থা। যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে সাধারণ লোকে নিরাপত্তা বোধ করতে পরছে না। অথচ আপনারা পুলিস খাতে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ চাচ্ছেন যাতে দেশের অবস্থা ঠিক থাকে। কিন্তু পল্লীগ্রামের অবস্থা দেখুন, সকল খবরের কাগজ আপনি খোলেন, প্রতিদিন দেখবেন অমুক গ্রামে ডাকাতি হয়েছে, অমুক গ্রামে অমুকের সর্বস্ব খোয়া গেছে ইত্যাদি। এই রকম যদি অবস্থা হয়, তাহলে দেশে উন্নয়নমূলক কার্যকলাপ কতটা এগিয়ে চলেছে সেটা আমাদের বিবেচনা করবার বিষয়।

একটা গল্প বলি—

[এ ভয়েসঃ আর বলবেন না।]

একটা গ্রামে তিনজন নেতৃস্থানীয় লোক ছিলেন—একজনের গায় দাদ, আর একজনের চোখে ঘা এবং আর একজনের মাথায় টাক। এই তিনজন লোক একটা জায়গায় নেতৃত্ব করতে যাচ্ছেন তাদের সাঙ্গপাঙ্গ নিয়ে নৌকা করে চলেছে। কাঠফাটা রৌদ্রে চৈত্র মাসে খোলা নৌকায় তারা চলেছে। রৌদ্রের দাপটে গায়ে জামা থাকা সত্ত্বেও যার গায়ে দাদ, তার দাদে অসম্ভব চুলকানি

আরম্ভ হয়েছে। তখন সে একটা গল্প বলতে আরম্ভ করলো—জানিস্ ভাই, আমার এক দাদা ছিল, সে এমন পালোয়ান ছিল, আর যা তেল মাখতো তোমরা দেখে তাজ্জব হবে। এই বলে জামার ভেতর হাত ঢুকিয়ে তেল মাখা দেখিয়ে দিল এবং সেই সাথে দাদও চুলকিয়ে নিল। আর যার চোখে ঘা, সে দেখলো ও দাদ চুলকিয়ে নিল; তখন সে বললো আমার এক মামা ছিল, তার শখ ছিল ভেড়া পুষতো। সেই ভেড়ার এত বড় বড় সিং—এই বলে পুরানো চশমা খুলে চোখ রগড়ে নিল। তখন যার মাথায় টাক তার তো রোদে মাথা ফাটে ফাটে, সে মাথায় খানিকটা জল তুলে নিয়ে বললে তার মাথায় বন্যা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়েরও সেই অবস্থা হয়েছে। তাঁরা মুখে এক কথা বলেন, আর একভাবে চলেন এবং কাজের বেলায় অন্য সিদ্ধান্ত করেন।

Aspersion to the Chair

Shri Abani Kumar Basu: Sir, on a point of order

কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয় বক্তৃতা করতে গিয়ে একটা ভাষা ব্যবহার করেছেন, যার সম্বন্ধে আমি তখনই উঠে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আপনি বোধ হয় জিনিষটা বুঝতে পারিন নি। তিনি বলেছিলেন 'ইতর'। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই। আমার বন্ধু মাননীয় সদস্য কমলবাবু বলেছেন, 'আপনি বিজয়বাবুকে প্রশ্রয় দিচ্ছেন'। আমার মনে হয়

it is a sufficient aspersion on the chair.

আমি এ বিষয়ে আপনার রুলিং প্রার্থনা করছি।

Warning for aspersion to the Chair

Mr. Deputy Speaker: Honourable members know that I am a member of this House since 1937. Perhaps Mr. Kamal Guha was not born then. He said that and certainly it is an aspersion on the Chair and it affects the dignity and decorum of the House. But I am not so touchy as to mind it. He should not have said like that. I give a note of warning for the first time—he should be warned for future. I say that this is definitely an aspersion—it affects the dignity to the Chair and the decorum of the House No more of it.

Shri Abani Kumar Basu: Sir, do I take it that the particular speech or remarks should be expunged from the proceedings?

Mr. Deputy Speaker: Yes, certainly it must be expunged.

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনার বিরুদ্ধে কমলবাবু যদি কিছু বলে থাকেন, অন্যায় করেছেন। আপনি এখানে বলেছেন এক্সপাঞ্জ করার কথা, দ্যাট ইজ অল রাইট। কিন্তু, কোনটা এক্সপাঞ্জ হবে?

Mr. Deputy Speaker:

"আপনি বিজয় সিং নাহারকে প্রশ্রয় দিচ্ছেন"—দিস্ পোরসন।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার বক্তব্য হচ্ছে আপনি যখন তাঁকে ওয়ার্নিং দিচ্ছেন, হোয়েন হি হ্যাজ বিন পানিসড, তখন আবার এক্সপাঞ্জ হবে কেন?

Mr. Deputy Speaker: It will be expunged because it affects the dignity of the House. No more of it.

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, তাহলে আপনি এই যে ওয়ার্নিংটা দিলেন, এটাওত এক্সপাঞ্জ হবে?

Mr. Deputy Speaker:

এটা কেন এক্সপাঞ্জ হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে আপনি কিসের জন্য ওয়ার্নিংটা দিলেন? আবার এই ওয়ার্নিংএর মানেটা হবে কি করে?

Mr. Deputy Speaker:

আপনি ত রুলস কমিটিতে ছিলেন। আপনি এই সবগুলি নিশ্চয় জানেন। এটা হয় না। অবজেকসনএবল যে কথাটা, সেটাকে এ্যাস্টারিস্ক দিয়ে লেখা থাকে না। বাকী সব রিমার্ক যা থাকে, সেটাই থাকবে, অবজেকসনএবল কথাটা কোন দিনই লেখা থাকবে না। এক্সপাঞ্জ হল না, সেই পোরসনটা, অর্থাৎ এই হাউসে প্রতি মিনিটে কি হচ্ছে তা লেখা থাকে। কি লেখা থাকে বা থাকে না, হাউসের যাঁরা মেম্বার তাঁরা জানেন। এখন সবটা কভার করবার জন্য নিশ্চয়ই লেখা থাকে না বটে। কিন্তু হাউসের যাঁরা মেম্বার তাঁদের পক্ষে এটা জানা উচিত, এবং তাঁরা এই সমস্ত জানেন। আপনি এ বিষয়ে যদি আরও জানতে চান, আমার ঘরে আসবেন আমি কথা বলবো। আমি এ বিষয় এখন আর কিছু বলবো না।

The West Bengal Appropriation (No. 2) Bill, 1963

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আবার এখানে সাপলিমেন্টারী বাজেটের এ্যাপ্রপ্রিয়েসন বিল আনা হয়েছে। আমি এই বিলটাকে এ্যাপ্রপ্রিয়েসন না বলে মিসএ্যাপ্রপ্রিয়েসন বিল বলতে চাই। কারণ এই সম্পর্কে আমি আগে সাপলিমেন্টারী বাজেটের সময় বিস্তৃতভাবে আলোচনা করেছি। বিনা অনুমতিতে টাকা খরচ করবার পর আবার অনুমতি নিতে আসা, এটা আমি যুক্তিসঙ্গত মনে করি না। যাই হোক আমি সেদিন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতা শুনেছি—তিনি ভবিষ্যতের আশ্বাস দিয়েছেন। আমি সেজন্য আবার অনুরোধ করছি ভবিষ্যতে যেন এই রকম ধরনের বিল আমাদের সামনে না আসে বা এই রকম সাপলিমেন্টারী বাজেট আমাদের সামনে আনা না হয়।

[1-40—1-50 p.m.]

তবে একটি কথা তাঁকে আমি বলছি যে তিনি বলেছেন যে যদি কোন জরুরী কারণে খরচ করা হয়, তা যদি হয় তাহলে আমরা হাউসে সকলেই তা সমর্থন করবো। যেমন তিনি এখানে আর্তত্রাণের নামে ২ কোটি ৬৪ লক্ষ টাকা খরচ করেছেন, সেটাকে আমরা সকলেই সমর্থন করতে পারি। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি বলবো, যেকথা আমি সেদিন বলেছিলাম সেটার পুনরুল্লেখ করতে চাই, যে বৎসরে দুইবার করে বাজেট অধিবেশন হওয়া উচিত। যদি ফেব্রুয়ারী মাসে জেনারেল বাজেট এবং সেপ্টেম্বর মাসে রিভাইজড বাজেট হয় তাহলে আমরা সারা বৎসরের হিসাবপত্র ঠিক করে নিতে পারি এবং সঙ্গে সঙ্গে আমরা আলোচনাও করতে পারবো। এর সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই যে জরুরী কাজের জন্য এক কোটি থেকে দুই কোটি টাকা বিধান সভার অনুমতি নিয়ে একটা ফান্ড গঠন করা যেতে পারে এবং সেটা মুখ্যমন্ত্রীর অধীনে রাখা যেতে পারে। যদি বৎসরের মধ্যে কোন নৈসর্গিক ঘটনা ঘটে অথবা অন্য কোন জরুরী কারণ ঘটে তাহলে সেখানে সে টাকা খরচ করা যেতে পারে। এটা আমার একটা অনুরোধ। তারপর আর্তত্রাণ সম্পর্কে একটা কথা বলতে চাই, তিনি বলেছেন গত বৎসর আর্ত-ত্রাণের জন্য এত কোটি টাকা খরচ করার জন্য সাপলিমেন্টারী বাজেট বেড়ে গিয়েছে। আমি বলতে চাই আর্তত্রাণের জন্য টাকা মঞ্জুর করতে আমরা রাজী আছি কিন্তু কার হাতে টাকা দেবো। যিনি আর্তদের প্রতি উপেক্ষা প্রদর্শন করেন, নিষ্ঠুরতা প্রশ্রয় দেন তার হাতে টাকা দিতে পারি কি না সেটা আমাদের চিন্তা করা দরকার। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই প্রসঙ্গে বলতে চাই, সেদিন এই আর্তত্রাণ খাতে যে বক্তৃতা হল তাতে আমাদের আর্তত্রাণ মন্ত্রিমহোদয়াকে যেভাবে নাটকীয় ভঙ্গীতে বলতে শুনেছিলাম সেই ভাষাটি আপনার সামনে উল্লেখ করছি। তিনি বার বার বলেছিলেন তিন সত্য করে যে, আমরা দেশে দুর্ভিক্ষ আসতে দেবো না, দেবো না, দেবো না। নাটকের দিক দিয়ে খুব ভাল হয়েছিল, অভিনয়ের দিক থেকে বাংলার মঞ্চশিল্পীদের চেয়ে কোন অংশে খারাপ হয় নি। কিন্তু কালকে যখন একটা ক্লাট

উত্থাপন করেছিলেন মাননীয় সদস্য কানাই ভট্টাচার্য মহাশয় যে বিভূতি সাঁতরা নামে একজন স্বর্ণশিল্পী নাইট্রিক এ্যাসিড খেয়ে আত্মহত্যা করার চেষ্টা করেছিলেন তখন আমরা কি দেখলাম? এখানে খাদ্যমন্ত্রী ছিলেন, ত্রাণমন্ত্রী এখানে ছিলেন, আমাদের শঙ্করদাসবাবু অর্থমন্ত্রী, যিনি বাজেট পেশ করেছেন, তিনি এখানে ছিলেন, আমরা তাঁদের কোন একজনকে একটু সহানুভূতি প্রদর্শন করতেও দেখলাম না। খাদ্যমন্ত্রী যাঁর হাতে খাদ্যের ভার, আজ দলে দলে স্বর্ণশিল্পীরা অসহায় অবস্থায় পড়ে আছে, যারা একদিন স্বাচ্ছন্দে স্বর্ণমন্দিরে ছিলেন, যাদের আজকে কংগ্রেস সরকার ফুটপাথে কুকুরের মত টেনে এনেছে, যারা আজকে এ্যাসিড খেয়ে আত্মবিসর্জন করতে যাচ্ছে, তাদের জন্য একটা সান্তনার বাণী তাঁদের মধ্যে থেকে উচ্চারিত হয় নি। খাদ্যমন্ত্রী চুপ করে মাথা নীচু করে চলে গেলেন, একটা কথাও আর্তত্রাণ মন্ত্রীর মুখ থেকেও বের হয় নি যে, তোমাদের মরতে দেবো না, আমি একটা স্বর্ণশিল্পীকেও মরতে দেবো না। তিনি চুপচাপ চলে গেলেন। আমি যদি আজ নাটকীয় ভঙ্গীতে জিজ্ঞাসা করি তাহলে তিনি তার কি জবাব দেবেন, তিনিত নাটকীয় ভঙ্গীতে অনেক কথা বলেছেন। কিন্তু আমি যদি তাঁকে সেকথা জিজ্ঞাসা করি, কে করিল স্তব্ধ তব মুখের ভাষণ, তখন তিনি তার কি জবাব দেবেন। কেন তিনি চুপ করে চলে গেলেন? অর্থমন্ত্রী মাথা নাড়া দিলেন। সে মাথা নাড়ার অনেক রকম অর্থ হতে পারে, উপেক্ষাও হতে পারে, উপহাসও হতে পারে। কিন্তু তখন কেউ একটি কথাও বলেন নি। এইত হচ্ছে আর্তত্রাণের ইতিহাস, এইত হচ্ছে আর্তত্রাণের রূপ। আমরা বলছি আর্তত্রাণের মধ্যে দিয়ে নানা জায়গায় দলীয় নীতি চলছে। এদিকের সুধীর দাস মহাশয়, তিনি একটা কথা তুলেছিলেন যে আর্তত্রাণের মন্ত্রী আর্তত্রাণের নামে তিনি ঘুরে বেড়ান কংগ্রেস মিটিংএ সরকারী টাকায়। এবং সঙ্গে সঙ্গে তিনি আর একটা কথা বলেছিলেন যে, তিনি আর্তত্রাণের কাজ ছেড়ে দীঘার সমুদ্র উপকূলে কোথায় লবণের জমি আছে খুঁজে বেড়াচ্ছেন তাতে তিনি স্পর্ধার সঙ্গে বলেছিলেন নিশ্চয় যাবো, বারবার যাবো। জানি স্পর্ধার সঙ্গে তিনি অনেক কথা বলতে পারেন, কিন্তু আমি জানি তিনি তাঁর কর্তব্যের প্রতি অবহেলা করে ঘুরে বেড়াচ্ছেন লবণ জমির জন্য। এতে আপত্তি নেই, কিন্তু তাঁর এই ঘুরে বেড়ানর জন্য কাঁথির লোক, মেদিনীপুরের লোক, এমন কি বাংলাদেশের লোক সেটা অশুভ বলে মনে করছে। আমি মনে করছি সেখানে সেই যে ৫ থেকে ৬ হাজার একর লবণের জমি আছে, সেখানে বাংলার একটা বিরাট সম্পদ গড়ে উঠবার সম্ভাবনা আছে, তাঁর শনির দৃষ্টি পড়লে সেখানে একটা দলীয় দুষ্ট-চক্র গড়ে উঠবে এবং বাংলাদেশের সম্পদ নষ্ট হয়ে যাবে এই হচ্ছে সকলের আশঙ্কার কারণ। আমি বরং তাঁকে পরামর্শ দিচ্ছি যে তিনি যান, সেই বিহারের দিকে যান সম্বলপুরের দিকে যান সেখানে ম্যাঙ্গানিজের কারবার চলতে পারে। সেই অতীতের ইতিহাস তিনি স্মরণ করুন। সেখানে জিপ আসতে পারে, টাকা জুটতে পারে, সঙ্গীও আছে প্রবীরবাবুর মত। কাজেই সেই দিকে লক্ষ্য দিন, সেখানে জমি জায়গা পাওয়া যাবে, ঐ দীঘার উপকূলে নয়। আমি সেইজন্য তাঁকে সতর্ক করে দিচ্ছি যে বাংলার এই সম্পদকে তিনি নষ্ট করবেন না, আমি এই সঙ্গে সঙ্গে একটি কথা বলবো যে আজ এই গণতন্ত্রের নামে কিভাবে দলবাজী চলছে, এই গণতন্ত্রের নামে কিভাবে গুন্ডামী চলছে তার একটা উল্লেখ আপনার কাছে করবো। এই উপনির্বাচনটাকে কিভাবে এঁরা নষ্ট করতে চাচ্ছেন। গণতন্ত্রকে কিভাবে এঁরা ধ্বংস করতে চাচ্ছেন তার একটা ঘটনা আপনাকে বলি। এই চৌরঙ্গীতে উপনির্বাচন হচ্ছে সেই উপনির্বাচন সেখানে কি বিভৎস রূপ ধরেছে তা আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন। আমি গত রবিবারের একটা ঘটনার কথা বলছি। রবিবারে চৌরঙ্গী এলাকায় একটা সভা হয়েছিল, কংগ্রেসের সভা, সেখানে প্রজা সোস্যালিস্ট পার্টির অনেকগুলি কর্মী গিয়েছিল। ঐ সভায় তারা যখন প্রজা সোস্যালিস্ট পার্টির বিরুদ্ধে অশোভন উক্তি করছিলেন তখন ঐ প্রজা সোস্যালিস্ট কর্মীরা তার প্রতিবাদ করেছিল। সেই জন্য কংগ্রেস দলের গুন্ডারা তাঁদের পিছনে পিছনে এসে যখন তারা রাত্রে উমাদাস লেনে এসে পৌঁছাল তখন তাদের আক্রমণ করে তাদের বেদম প্রহার করে এবং কারো চশমা ভেঙ্গে দেয় এবং ঘড়ি ও টাকাকড়ি নিয়ে নেয়। শেষ পর্যন্ত তা পুলিশে জানান হয় এবং তালতলা থানায় একটা ডাইরি করা হয়। এই হচ্ছে কংগ্রেসের গণতন্ত্র, তারা অন্যকে সহ্য করতে পারে না। অথচ মুখে তারা বলে গণতন্ত্রের কথা। শুধু তাই নয়, মুসলমান পাড়ায় ভয় দেখান হচ্ছে, চৌরঙ্গী এলাকায় মল্লিকবাজার, কলিন স্ট্রীট, কলিন লেন, পার্ক লেন, নীলমণি হালদার লেন ইত্যাদি প্রধান প্রধান মুসলিম এলাকায় তাদের ধমক দেওয়া হচ্ছে তোমরা যদি কংগ্রেসকে

ভোট না দাও তাহলে তোমাদের পাকিস্থানে পাঠিয়ে দেবো, তোমাদের বস্তি ভেঙ্গে চুরমার করে দেবো। আজকে আমরা চৌরঙ্গী এলাকা থেকে যে খবর পেয়েছি তা অত্যন্ত লজ্জার কথা। তারা এখানে কমিউনিস্টদের দেশদ্রোহী বলেন, জেলখানায় পুরে রাখেন কিন্তু চৌরঙ্গীতে তাদেরই সঙ্গে তাদের আঁতাত গড়ে উঠছে প্রজা সোস্যালিস্টকে হারাবার জন্য। লজ্জা করে না। এখানে তারা দেশদ্রোহীতার কথা বলেন আর বাইরে তারা নিজেরা জিতবার জন্য যে কোন প্রকারই পন্থা অবলম্বন করেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিধানসভায় আর একটি কথার উল্লেখ করবো। বাসরুটের ব্যাপারে কংগ্রেসীরা দানের নাম করে ঘুষ নেয়। আমি সেদিন মেদিনীপুরের কংগ্রেস ভবনের কথা উল্লেখ করেছিলাম এবং আমাকে বলা হয়েছিল নাম দেবার কথা, আমাদের পার্টির থেকে শৈলেন অধিকারী মহাশয় প্রবীর জানার নাম বলেছেন। কেন প্রবীরবাবুর নাম উঠে আমি তদন্ত করার জন্য বলেছি। তাঁরা বলেছেন তাদের হিসাব দেখবার জন্য। আমি জানি কংগ্রেস ভবনের নামে যে হিসাব দেওয়া হয়েছে তাতে সেখানকার কংগ্রেস কমিটির সদস্যরা পর্যন্ত সন্তুষ্ট নয়। আমি বলেছি নামগুলি তাঁরা কাগজে প্রকাশ করুন। এই যে প্রায় ৪০-৫০ হাজার টাকা তোলা হয়েছে কংগ্রেস ভবনের জন্য, নাম সকলের জানান হোক কাদের কাছ থেকে টাকা নেওয়া হয়েছে। আর একটা কথা, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, তিনি একজন জননেতা, তাঁর প্রতি আমার বিশেষ শ্রদ্ধা আছে, তিনি এই তদন্তের ভার নিন। আমি জানি কংগ্রেসের মধ্যে জ্ঞানী লোকও আছে, সৎ লোকও আছে কিন্তু কতকগুলি লোক তা খারাপ করছে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলছি যে এটা সরকারী লেভেলে তদন্ত করুন। মেদিনীপুরেই নয়, সারা বাংলাদেশে ৭-১০ হাজার টাকা ঘুষ না দিলে বাস রুট পাওয়া যায় না। সেই জন্য এর তদন্তের ব্যবস্থা করা হোক।

তারপর আর একটা কথা আমি খাদ্য মন্ত্রীকে অনুরোধ করবো যাতে সকলে ১৬ টাকা দরে চাল পায়, বাংলাদেশের অবস্থার কথা অনুভব করে যাতে বাংলা দেশের মানুষ খেয়ে বেঁচে থাকতে পারে সেদিকে লক্ষ্য দেবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2 p.m.]

Shri Mrityunjoy Jana:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল সমর্থন করি। আমাদের বিরোধী দলের বন্ধুরা যেমন দুর্নীতির অভিযোগ, ব্যর্থতার অভিযোগ, অপচয়ের অভিযোগ করেছে তাঁরা সেগুলি অতিরঞ্জিত করে বলার চেষ্টা করেছেন। এই সমস্তই শিক্ষিত শ্রেণীর উপর আরোপ করা হয়েছে। শিক্ষা জাতির মেরুদণ্ড। সেজন্য আমি সচিত্র এই আবেদন জানাই সরকারের কাছে যে, শিক্ষার মান উন্নত করা প্রয়োজন। আমাদের স্বাধীন ভারতে ছাত্রদের নির্ধারিত পথে পরিচালনার জন্য উপযুক্ত পরিদর্শক যাহারা স্বাধীন দেশের নাগরিক গড়ে তোলার নির্ধারিত আচরণ করিয়া দেখাইতে পারেন এমন পরিদর্শক আরো বাড়ান প্রয়োজন বলে মনে করি। উপযুক্ত পরিদর্শকের দ্বারা আমাদের স্কুলগুলি আরো উন্নততর তত্ত্বাবধান করার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাই। স্কুলগুলি যাতে প্রতি তিন মাস অন্তর পরিদর্শনের ব্যবস্থা করা হয় এবং পরিদর্শক দুই দিন স্কুলে অবস্থান করিয়া ছাত্রজীবন সে গড়ে তোলার আদর্শ আচরণ করিয়া দেখাইবেন এই ব্যবস্থার জন্য আমি আবেদন জানাই। মাধ্যমিক স্কুলের ডেফিসিট গ্রান্ট অন্তত অর্ধেক বছরের প্রথম দেওয়া একান্ত আবশ্যক এবং যাতে সময়মত পৌঁছায় তার জন্যও আমি আবেদন জানাই; স্বাধীন ভারতে উপযুক্ত নাগরিক গড়ে তোলার ভার প্রাইমারী স্কুল ও মাধ্যমিক স্কুলগুলির উপর রয়েছে। প্রয়োজনবোধে শিক্ষকদের এক জায়গা থেকে অন্য জায়গায় ট্রান্সফার করার জন্যও আমি আবেদন জানাই। বিরোধী দলের বন্ধুরা যে সমস্ত দুর্নীতি, অপচয় ও ব্যর্থতার অভিযোগ আনিয়াছেন এই সমালোচনা গত ৫ বৎসর ধরেই আমরা শুনে আসছি। কিন্তু এই সমালোচনায় সমাজের বা রাষ্ট্রের কোন কল্যাণ হয়েছে বলে আমি বিশ্বাস করি না। এইরূপ বিকৃত সমালোচনার উপর আমার বিশ্বাস নাই। সেজন্য আমি আবেদন জানাই সমালোচনার সঙ্গে সঙ্গে কাজে অগ্রসর হবার জন্য। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, আপনার মাধ্যমে এই প্রস্তাব করিতেছি যে, প্রতি এম এল এ বছরে একটি করিয়া দুর্নীতি ধরিয়া আইনের আমলে আনিবার ভার গ্রহণ করুন। ও একটি স্কুলের স্বাধীন দেশের প্রকৃত নাগরিক গড়ে তোলার ভার গ্রহণ করুন। এবং সেই শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্র করিয়া স্থানীয় সমাজের পরিবেশকে স্বাধীন দেশের নাগরিক গড়ে তোলার অনুকূল আবহাওয়া সৃষ্টি করিবার ভার গ্রহণ করুন। আমার বিশ্বাস তাহা হলে সমাজের মেরুদণ্ড শক্ত হবে ও দেশ ক্রমোন্নতির পথে অগ্রসর হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কৃষি-বাণিজ্য-শিল্পক্ষেত্রে এমন কি সংসার পরিচালনার ক্ষেত্রেও উপযুক্ত তত্ত্বাবধানের ব্যবস্থা না থাকলে উদ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত হয় এবং বছরের শেষে ব্যর্থতার পরিমাণ ও কারণ ও তাহার নিরসনের উপায় নির্ধারণ না করিলে উন্নতির পথ রুদ্ধ হয়।

সেজন্য আমি আমাদের রাষ্ট্রীয় ক্ষেত্রে সর্ব বিষয়ে আরো উন্নততর তত্ত্বাবধানের ব্যবস্থা করার জন্য আমি আবেদন জানাই। আজকে আমাদের জাতীয় সরকার যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করছেন সেগুলি শুধু তত্ত্বাবধানের অভাবে ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে। সেজনা প্রত্যেকটা বিভাগে আরো উন্নততর তত্ত্বাবধানের ব্যবস্থা করা দরকার। বিভিন্ন দপ্তরে যে মৎস্য কর্মচারী আছেন তাদের কাজে সহযোগিতা, সহনুভূতি ও মনে উৎসাহ ও প্রেরণাদান আবশ্যকীয় করার জন্য আমি আবেদন জানাই। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে এই আবেদন জানাই যে, সরকারী কাজ আরো ত্বরান্বিত হওয়া প্রয়োজ্য, এবং সরকারী ফাইল যেন ৭ দিনের ভিতর ক্রিয়ার করা হয়। ৭ দিনের বেশী কোন ফাইল পড়িয়া না থাকে এই ব্যবস্থার জন্য প্রতি বিভাগে কর্মকর্তার উপর তত্ত্বাবধানের দায়িত্ব দেওয়া হোক। সমাজ উন্নয়ন পরিকল্পনাগুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তার জন্য এ ডি এম-এর নেতৃত্বে স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তিদের একটা ত্রৈমাসিক আলোচনা বৈঠকের ব্যবস্থা করবার জন্য আমি আবেদন জানাচ্ছি সরকারের কাছে। এই হাউসের আচরণ আমাদের সমাজের অনুকরণীয়। তাই আমি আবেদন জানাই আমাদের এই হাউসের আচরণ যেন আরো উন্নত হয়। কেবল ডিগ্রি, যোগ্যতার মাপকাঠি না হইয়া তাহার কাজের উপর যোগ্যতর পরিমাণ ঠিক করিয়া বর্ধিত বেতন হওয়া দরকার, আমাদের প্রত্যেকটি সরকারী দপ্তরে যাতে দুর্নীতি উচ্ছেদ করতে পারা যায় তার জন্য আমি প্রস্তাব করি যে, বৎসরান্তে একবার কাজের হিসাব-নিকাশ করলে উপকার পাওয়া যাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Prabir Chandra Jana: On a point of personal explanation, Sir. মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটি সম্বন্ধে আজকে উনি যা বলেছেন, মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক হিসাবে আমি সেদিন আমার বক্তব্য রেখেছিলাম। তিনি আজকেও সেকথা বলেছেন; আমি তাঁর সংগে এক সংগে বলব যে, মুখ্যমন্ত্রী এবং বোধ হয় তিনি পুলিশ বিভাগের কথা বলেছেন, পুলিশকে দিয়ে এই যে দুর্নীতির কথা, মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটির বিরুদ্ধে দুর্নীতির কথা বলেছিলেন, আমিও মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন নিজে অথবা পুলিশের মাধ্যমে অনুসন্ধান করে দেখেন যে দুর্নীতির অভিযোগ আনা হয়েছে মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটির বিরুদ্ধে সেটা সত্য কি না। আমি বলছি, সেদিনও বলেছি, আজকেও বলছি এটা সম্পূর্ণ অসত্য। বলাইবাবুর রাগ থাকা খুবই স্বাভাবিক। আমি বলতে চাই মুখ্যমন্ত্রী পুলিশ দপ্তরের মাধ্যমে অনুসন্ধান করে দেখুন, জেলা কংগ্রেস কমিটির তরফ থেকে বলছি এটা সম্পূর্ণ অসত্য।

[নয়েজ]

[এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ—তোমাদের ৯০ হাজার ভোটে হারিয়েছি লজ্জা করে না। এবার তো সবে ধন নীলমনি চার জন আছেন, তাও এবার গাড্ডায় ফেলে দেবো।]

[2—2-10 p.m.]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: অন এ পয়েন্ট অফ অর্ডার—স্যার, উনি তুমি কথা ব্যবহার

[নয়েজ]

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ

The House is accustomed to tolerate warmth but not heat. I will not allow this to go on.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ

Sir, I rise on a point of order.

মাননীয় প্রবীরবাবু আমাদের মাননীয় সদস্য বলাইবাবুকে অভদ্রভাবে উক্তি করেছেন—তুমি কথা তিনি ব্যবহার করেছেন।

(**দি অনারেবল আভা মাইতিঃ** বেস করেছে) একজন ক্যাবিনেট মিনিস্টার হিসাবে বলছেন বেস করেছে......

[নয়েজ]

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ আপনি যে কথা বললেন—আমি প্রসিডিংস দেখে এ বিষয় ব্যবস্থা করবো। আপনি আর এ বিষয়ে বাড়াবেন না—আই এ্যাম গিভিং মাই রুলিং।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ আপনার অধিকার নেই আমি বলছি না—আমি বলছি যে গোলমালের মধ্যে......

[নয়েজ]

আমাকে পয়েন্ট অফ অর্ডারে বলতে হবে—আমার কথা শুনুন......

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ কানাইবাবু আপনি এই হাউসের অনেক দিনের পুরানো মেম্বার—আমি আপনাকে এ্যাপিল করছি যে গোলমালের মধ্যে আমি কথাটা শুনতে পাই নি—কাজেই আমি প্রসিডিংস দেখে এ বিষয়ে যা করবার ব্যবস্থা করবো।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মাননীয়া মন্ত্রিমহাশয়া বলেছেন, বেস করেছি।

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ

I will not spare anybody whoever he may be. Let me see the whole proceedings. Then I shall take necessary steps. I hope this will satisfy you.

[নয়েজ]

[ডাঃ কানাইলাল ভট্টাচার্য বলিতে উঠেন]

দি অনারেবল জগন্নাথ কোলেঃ আপনারা এক তরফা বললে হবে না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ একজন ক্যাবিনেট মিনিস্টার বলছেন বেশ করেছি এ্যান্ড ইউ উইল টু টলারেট দিজ থিংস। তিনি এটা উইথড্র করবেন কি না।

[নয়েজ]

দি অনারেবল জগন্নাথ কোলেঃ আপনার অনেক কথা শুনেছি—আমি চুপ করে ছিলাম, আপনি তো ওদের সেল্টার দিচ্ছেন, কিন্তু প্রশ্ন হচ্ছে বলাইবাবু কালকে এক কথা বলেছেন আবার আজকেও বলছেন—কটাক্ষ করলে হবে না এবং যে কথা বলেছেন নিশ্চয়ই ডেপ্যুটি স্পীকার দেখবেন। বলাইবাবু যদি বলে থাকেন তাঁকেও উইথড্র করতে হবে। হাউসের ডেকোরাম রাখতে হবে। তা না হলে যা তা বলে যাবেন সেটা কি আমাদের সহ্য করতে হবে? এটা আমি আপনাকে চিন্তা করতে বলছি।

[নয়েজ]

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে প্রবীরবাবু ও'কে অভদ্রভাবে তুমি বলে সম্বোধন করেছেন এবং শুধু তাই নয়......

[নয়েজ]

Mr. Deputy Speaker:

What is your point of order?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমি একটা জিনিস বুঝতে পারছি না যেখানে বলাইবাবু আছেন সেখানে আপনি কেন বলছেন? উনি কি এক তরফা বলে যাবেন?

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে প্রবীরবাবু বলাইদাস মহাপাত্র মহাশয় তাঁর বক্তৃতা যা দিয়েছিলেন তার ভেতর তিনি কি বলেছেন না বলেছেন আমি জানি না। মন্ত্রিমহাশয়কে নাকি কটাক্ষপাত করেছেন। আমি বলছি যে প্রবীর জানা মহাশয় ওঁকে তুমি বলে সম্বোধন করেছেন অভদ্র ভাষায় তিনি এই কথা বলাতে আমি যখন আপনাকে বলেছিলাম তখন শ্রীমতী আভা মাইতি, আমাদের একজন ক্যাবিনেট মিনিস্টার, তিনি বললেন বেশ করেছি—এই রকম ধরনের যদি উক্তি এ্যাসেমব্লীতে হয় এবং আপনি যদি এ বিষয়ে কিছু না করেন তাহলে আমাদের অপোজিশনের যে রাইটস এ্যান্ড প্রিভিলেজেস সেটা যাবে কোথায়? এটাই হচ্ছে আমার ওপিনিয়ন—এ বিষয়ে আমি আপনার রুলিং চাই......

[নয়েজ]

মিঃ ডেপুটি স্পীকার: আপনার পয়েন্ট অফ অর্ডারের জবাব আমি দিচ্ছি......

[নয়েজ]

আপনারা শুনবেন কি শুনবেন না (নয়েজ) আপনার পয়েন্ট অফ অর্ডারের জবাব দিচ্ছি—যদি কোন মন্ত্রীর কথায় বা ব্যবহারে আপনারা অসন্তুষ্টই হন তাহলে নো কনফিডেন্স মোসন দিয়ে দিন। আপনারা নো কনফিডেন্স মোসন দিয়ে রিমুভ করতে পারেন—এই রকম দুর্বলের কান্নার কোন মূল্য নেই। আমি আমার রুলিং দিয়েছি—আমি প্রসিডিংস দেখবো, দেখে নেসেসারী স্টেপ নেবো—

If you are not satisfied, then I will leave the Chair and adjourn the House.

[নয়েজ]

[এ ভয়েস—কটাক্ষপাত করেছেন]

আমি বলছি চতুর্ভুজস্য ভুজো নাস্তি নির্ভুজঃ কিং করিস্যতি......আপনারা এত সব মেম্বার রয়েছেন

you have got your power, you have got the privilege. You can table a no confidence motion against the Cabinet or the Minister.

আমার কাছে কান্না গেয়ে লাভ নেই। আপনাকে একথাই আমি বলবো—এখন আপনি বসুন

[নয়েজ]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, মাননীয় ডেপুটি স্পীকার,—বেশ করেছি কথাটা তিনি উইথড্র করুন—তার জন্য নো-কনফিডেন্স মোসন আসতে পারে সেটা আমরা ভেবে দেখব। কিন্তু বলাইবাবু যে কটাক্ষপাত করেছেন তার জন্য তিনি দায়ী না যাঁরা ** করে বেড়ান তাঁরা দায়ী?

[নয়েজ]

**Expunged by order of Mr. Speaker.

Expunction of indicent words

[2-10—2-20 p.m.]

শ্রীজয়নুল আবেদিন :
Sir, he has said "rashlila". This is highly objectionable.

[এ ভয়েস : ডেপুটি স্পীকার, স্যার, আপনি কি এই রকম ভাষা ব্যবহার করতে এ্যালাউ করবেন—আমরা আপনার প্রটেকসন চাই।]

দি অনারেবল জগন্নাথ কোলে : কানাইবাবু আপনার কাছ থেকে এই রকম কথা আশা করি নি—আপনার মত একজন নেতৃস্থানীয় লোক এবং আপনি বোধ হয় ও'র বক্তৃতাটা শুনেন নি। দ্যাট ইজ ভেরি ব্যাড কানাইবাবু।

মিঃ ডেপুটি স্পীকার :
Dr. Bhattacharya, you are the recipient of a doctorate. You are an educated man. I say, it is a bad taste. You should not have uttered that word. It should be expunged.

দি অনারেবল আভা মাইতি : স্যার আমার একটা পারসোন্যাল একসপ্লানেসন আছে......

মিঃ ডেপুটি স্পীকার :
Miss Maiti, I ask you to take your seat. I have said it is a bad taste. I have given my ruling. It should be expunged from the proceedings.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : স্যার, আপনার চেয়ারকে রেসপেক্ট করে কোন কথা বলা আর সম্ভব হবে কি না জানি না—আমি আপনার চেয়ারকে রেসপেক্ট করি—কিন্তু আপনি যে কথা বললেন তাতে আপনাকে বলি যে আমাদেরও একটা রেসপেক্ট আছে

[নয়েজ]

দি অনারেবল জগন্নাথ কোলে : আমি হেমন্তবাবুকে এ্যাপিল করছি—লিডার অফ ফরোয়ার্ড ব্লক......

মিঃ ডেপুটি স্পীকার :
Please take your seat. I have said it is a bad taste and I have given my ruling. That is enough.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : আমি আপনার মন্তব্য শুনতে পাই নি কিন্তু আমি মনে করি যে আপনি আমার বিরুদ্ধে একটা খারাপ মন্তব্য করেছেন—আমরা চেয়ারকে রেসপেক্ট করি—কিন্তু মন্ত্রীরা যে অন্যায় করছেন তার প্রতিবাদে আমাকে একটা অন্যায় করতে হয়েছে; আপনি ওদিকে না বলে আমাদের যদি বলেন তাহলে চেয়ারের প্রতি যদি রেসপেক্ট নষ্ট হয়ে যায় তাহলে আপনি দোষ দেবেন না।

মিঃ ডেপুটি স্পীকার :
You can do whatever you like. I have seen many things.
আপনি এই সব শব্দ ব্যবহার করবেন আর এগুলি আমরা টলারেট করবো—তা আমি করবো না। আই ক্যান টেক এনি রিস্ক।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : আমরাও টলারেট করতে পারছি না।

শ্রী[illegible] রাহা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়......

[নয়েজ]

শ্রীশৈলেন অধিকারী: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আজকে যেভাবে আলোচনা হোল তাতে হাউসের ডেকোরাম এবং ডিসেন্সি নষ্ট হয়েছে এবং সেই ডিসেন্সি এবং ডেকোরাম নষ্ট হবার ব্যাপারে আজকে ট্রেজারী বেঞ্চ থেকে যেভাবে অপোজিসনের উপর যে সমস্ত ইঙ্গিত করা হয়েছে তার জন্য আপনি ডেপুটি স্পীকার হিসাবে এবং কাস্টোডিয়ান অফ আওয়ার রাইটস এ্যান্ড প্রিভিলেজেস হিসাবে আপনি আমাদের কি প্রটেকসন দেবেন সেটা আমাদের বলুন।

মিঃ ডেপুটি স্পীকার: আমি যথেষ্ট প্রটেকসন দিয়েছি—আপনারা তো আমার প্রটেকসন নিতে চান না—আমি বললাম যে আমি প্রসিডিংস দেখে আই স্যাল টেক নেসেসারী স্টেপস। তার উত্তরে কানাইবাবু এমন একটা কথা বলেছেন যাতে হাউসের ডিগনিটি এবং ডেকোরাম বলে কিছু থাকে না। কানাইবাবুর এ বিষয়ে লজ্জিত হওয়া উচিত।

Shri Balai Lal Das Mahapatra:

স্যার, পয়েন্ট অফ অর্ডারে আমি একটা কথা বলতে চাই।

[গোলমাল]

Mr. Deputy Speaker:

আমি আর বলতে দেব না। আই হ্যাভ গিভন্ মাই রুলিং।

[গোলমাল]

Shri Kashi Kanta Maitra:

অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার কথা হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা রুলিং চাই। আপনার ডিসিসন আমরা মাথা নত করে মেনে নেব। দেয়ার সুড বি ফেয়ার প্লে। আমরা চাই আপনি বিচারক হিসাবে যখন রায় দেবেন, তখন আপনার ডান দিকে চাইবেন না—এই অনুরোধ করবো। জাস্টিস সম্বন্ধে বলা হয়েছে—জাস্টিস ইজ ব্লাইন্ড। অন্ধের মত চলবার চেষ্টা করবো না।......

[হট্টগোল]

[Mr. Maitra rose to speak.]

Mr. Deputy Speaker:

মিঃ মৈত্র, ইউ আর এ নিউকামার টু দি হাউস কিন্তু এটা এ্যাডিং ইনসাল্ট টু ইনজুরী। ডাঃ কানাই ভট্টাচার্য একটা কথা উচ্চারণ করলেন।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনার কাছ থেকে জাস্টিস না পাবার জন্য বলতে বাধ্য হয়েছি, ফেয়ার প্লে হয় নি।

Mr. Deputy Speaker:

আমি বলেছি—আমি রুলিং দিয়েছি—আই স্যাল লুক ইনটু দি প্রসিডিংস এ্যান্ড টেক নেসেসারী স্টেপস।

Shri Kashi Kanta Maitra:

আমার একটা কথা আছে বলবার......

Mr. Deputy Speaker:

আপনার একটি কথাও শুনব না।

You are a new comer to this House. You have not behaved like an honourable member. I am on my legs. You will not be allowed to disobey the Chair. I ask you to obey the Chair. You must take your seat. Your point of order does not arise. The House is not in order. It is already in

disorder. Therefore, the point of order does not arise. You can raise a point of privilege. I shall request you not to rise again.

(Shri Kashi Kanta Maitra rose to speak)

Mr. Mitra, you are yet to learn.

Shri Kashi Kanta Maitra: I will continue to be a learner till the last day of my life. But unlike other members of the Treasury Bench I never pretend to be a know-all humbug. I am a learner and I shall continue to be a learner. You are not listening to what I am saying. I am raising a point of order.

[Noise and interruptions.]

Sir, I have confidence in your ruling and in your sense of justice.

এটা দেখতে আপনাকে অনুরোধ করছি এই কথা বিবেচনা করতে।

Sir, let me not be misunderstood. I have not made any aspersion on the exalted Chair you are occupying. I had great confidence in you and still I have that confidence. But let me humbly beg of you to kindly appreciate the point that has been raised by the members of the Opposition here. The point is this: While the Hon'ble member was making a speech relating to election and certain other matters connected therewith he might have made certain drastic and caustic remarks. If the Treasury bench members take exception to it they may have the right to reply and explain the whole thing when their turn comes. But while the discussion goes on, is it open to any member of the Treasury bench to make or pass any comment which smacks of bad taste or which has the effect of undermining the prestige and sense of dignity of the members of this House? I am, therefore, appealing to you kindly to see that this is not repeated.

[2-20—2-40 p.m.]

Mr. Deputy Speaker:

আপনি বসুন। আর এ সব বলবেন না। আমি বলেছি, আমি এটা দেখে নেসেসারী স্টেপ নেবো। এর পরও যদি আমার কথা আপনাদের ভাল না লাগে তাহলে

I shall leave the Chair and I shall adjourn the House

আপনাকে আর কি বলবো। আপনাদের, আপনি এই সব কথা বলছেন যদিও, কিন্তু, আপনি রিপিট করছেন, আপনি সেই হারান জিনিসটাই বলছেন। আপনি হাউসে ছিলেন না। এখন আপনি ওকালতি করছেন, তার জায়গা আছে। আপনি এখন আর ওকালতি করবেন না।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি এ কি কথা বলছেন এখন আমি হাউস অ্যাডজোর্ন করছি?

[Noise and interruptions.]

[At this stage the House stand adjourned for 15 minutes.]

[After Adjournment.]

[2-40—2-50 p.m.]

Shri Nepal Chandra Roy:

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার..............

Mr. Speaker:

আপনার পয়েন্ট অব প্রিভিলেজ পরে হবে। এখন হাউসের বিস্‌নেস চলুক।

Shri Kashi Kanta Maitra: Sir, with a very grievous heart I am raising a question of privilege.

Mr. Speaker:

মিঃ মৈত্র, আপনি এটা পরে বলবেন।

Privilege of members against remarks from the Chair

Shri Kashi Kanta Maitra:

স্যার, এটা পরে বললে, এর রিলেভান্সী চলে যাবে। মিঃ স্পীকার স্যার, আপনি আসবার আগে, আপনার ঐ আসান যিনি বসে ছিলেন, মিঃ ডেপ্রুটি স্পীকার তিনি আসন পরিত্যাগ করবার আগে, এই হাউসে আমাদের পি এস পি-র সভ্য শ্রীবলাইলাল দাস মহাপাত্রের বক্তৃতাকে কেন্দ্র করে এখানে একটা গোলমাল হয়, এবং তাঁর ভাষণের মধ্যে কোন জায়গায় অসংগত বা কোন অশালীন উক্তি কিছু ছিল না, বা তিনি করেন নি, তিনি কেবল [illegible] সমালোচনা করেছেন। তারপর আমি যখন হাউসে এসেছিলাম তখন আমার দলের পক্ষ থেকে আমি মাননীয় ডেপ্রুটি স্পীকারের রুলিং চেয়েছিলাম। আমি তাঁকে বলেছিলাম যে যদি অপর পক্ষ থেকে অর্থাৎ কংগ্রেস দলের পক্ষ থেকে যদি কোন সদস্য অসংগত বা অশোভন উক্তি করে থাকেন এবং তাতে প্রোভোক্‌ড হয়ে অপজিসনের কোন মেম্বার যদি পাল্টা কোন উক্তি করে থাকেন তাহলে, আগে যিনি এখানে স্পীকার বা ডেপ্রুটি স্পীকার হিসাবে ছিলেন, তাঁর কাছে আমি জানতে চাই—যিনি আগে, প্রথমে এই ধরনের উক্তি করে হাউসের পরিবেশকে কলুষিত করলেন, তাঁকে স্নাবিং করা হবে কিনা, এবং তাঁকে এটা উইথড্র করবার জন্য অনুরোধ করা হবে কিনা? তার উত্তরে আমাকে বললেন ডেপ্রুটি স্পীকার যে আপনি নূতন এসেছেন,

you are new-comer, you do not know anything. You are a lawyer, go and practise there.

আমি জিজ্ঞাসা করতে চাই, আমি নবাগত এ কথা সত্যি, কিন্তু নবাগত বলে এইভাবে যদি উনি ঐ আসন থেকে য়্যাস্পার্সনস আমার উপর করেন, তাহলে আপনার এই যে আসন, যে আসনে আপনি বসে আছেন, তার প্রতি গভীর শ্রদ্ধা আমাদের আছে। আমরা জানি আপনি ন্যায় দণ্ড সোজা রাখেন, এবং আপনি হাউসের সমস্ত শ্রেণীর, সমস্ত দলের সভ্যদের পক্ষ থেকে প্রচুর শ্রদ্ধা পান এবং পাবেনও আমি জানি। আমি আপনার কাছে, আমার দলের পক্ষ থেকে নয়, এই সভার সদস্য হিসাবে আমি বলছি যে যদি ডেপ্রুটি স্পীকার ঐ উচ্চ আসনে বসে এই ধরনের উক্তি একজন সভ্য সম্বন্ধে করেন, যে আপনি একজন উকিল, আপনি বাইরে গিয়ে ওকালতি করুন। ঠিক, আমি একজন আইনজীবী, আমার দুধের ব্যবসা নেই। আমি গুঁড়া দুধ নিয়ে কারবার করি না, রেড ক্রসের জিনিস নিয়ে কারবার করি না—আমি সৎভাবে থেকে রোজগারের চেষ্টা করি—আমি স্বাধীনভাবে আইনের ব্যবসা করি—আমি জানতে চাই কোন অধিকারবলে ডেপ্রুটি স্পীকার মহাশয় এরকম একটা অসত্য এবং অশালীন উক্তি করলেন আমার সম্পর্কে। হোয়েদার ইট ইজ নট এ কোশ্চেন অফ প্রিভিলেজ? আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই

law and legality are the very foundations of federal structure.

ডক্‌টর ভট্টাচার্য্য যখন উঠলেন উনি তখন দাঁড়িয়ে উঠে বললেন

Dr. Bhattacharjee you are a doctorate, it speaks of bad taste.

এভাবে যদি বলেন তাহলে আমাদের পক্ষে

Mr. Speaker: The House must not dictate.

(Mr. Deputy Speaker rose to speak.)

This cannot be the court. I won't allow. I do not know the procedure —whether I am right or wrong in not allowing the Deputy Speaker to speak.

Mr. Mitra, if you don't mind, I cannot allow this sort of things to go. I have not allowed by Deputy Speaker to speak at the moment. However, I was not present during the proceedings. I have not heard what you said nor have I heard what he has said. But I have heard of some golmal going on. Let me look into the proceedings. You also go through the proceedings. After all, your privileges must be protected. All the members of this House must have their privileges, their due rights protected from the Chair. Whether I am sitting or the Deputy Speaker is sitting here, the Chair will give you protection. Before we go further into the matter, let me look into the proceedings.

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমার একটা বক্তব্য ছিল।

Mr. Speaker:

আর বক্তব্য বলে এখন আর কোন লাভ নেই। আগে জিনিসটা পড়ে দেখুন—আমিও পড়ে দেখি, তারপর বক্তব্য বলবেন। উনি একটা পয়েন্ট অফ প্রিভিলেজ তুলছেন—সে সম্বন্ধে জানতে চেয়েছেন আমার কাছে। লেট মি গো থ্রু ইট এখানে আমার ডিউটি হচ্ছে টু গিভ ইউ প্রটেক্সন।

Really every member stands in the same position. Anything that goes against any of your rights, any of your dignity must be vindicated, there is no doubt about it. Whether I sit or whether Mr. Mullick sits in the Chair, that must be vindicated by all means. However, I will look into the proceedings.

Dr. Kanai Lal Bhattacharya:

উনি একটা এক্সপাঞ্জ অর্ডার দিয়ে দিয়েছেন যে সেই কথা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জড হয়ে যাবে।

Mr. Speaker:

প্রসিডিংস থেকে এক্সপাঞ্জড হলেও আমি সেটা দেখতে পাব—এখানে ভাববার কিছু নেই।

The Hon'ble Sankardas Banerji: Sir, as you know, I was myself Speaker in this House, and without going into the details, I would humbly submit that the only point is this that when the Deputy Speaker sits in the absence of the Speaker, he is the Speaker for the time being, and any decision that he takes, let me say with all respect, cannot be the subject of discussion; his decision is final.

Mr. Speaker: That question does not arise. Mr. Maitra has raised a point of privilege as to what is his right in the House and whether he will have due protection. Nothing beyond that.

Shri Kashi Kanta Maitra:

আপনি যা বললেন আপনার কথা আমি মাথা পেতে নিচ্ছি। তবে একটা কথা আমি বলছি রুলিং দেওয়ার সময় এটা কনসিডার করার জন্য। যদি কোথাও দেখেন আমি কোন অসঙ্গত কথা বলছি, আমি নিশ্চয়ই সেটা উইথড্র করব। তার আগে আমি আপনাকে অনুরোধ করব মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তিনি এত উচ্চ আসনে বসে থেকে যে উক্তি করে গিয়েছেন তা যদি আপনি অসঙ্গত মনে করেন তাহলে

whether he is the Deputy Speaker or a member of this House he has got to withdraw the remark before the House. That is my humble submission.

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি কাউকেই ওই ধরনের উক্তি করতে দিতে পারেন না বলে আমি মনে করি

Mr. Speaker: I would not allow because I was not present when the turmoil was going on.

আগে প্রসিডিংস দেখা যাক।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে একটা দিন ঠিক করুন, ইউ ফিক্স আপ এ ডেট টু হিয়ার দি টেপ রেকর্ড। আমরাও আপনার সঙ্গে শুনবো।

Mr. Speaker:

আপনার যদি শুনবার দরকার হয় আমি আপনাকে শুনাব।

Shri Abani Kumar Basu:

স্যার, মাননীয় বন্ধু কাশীকান্ত মৈত্র মহাশয় তার বক্তব্যের এক জায়গায় বলেছেন যে ডেপুটি স্পীকার অসত্য এবং অশোভন কথা বলেছেন। এই কথা বলাটা ইজ ইট ইন অর্ডার।

Mr. Speaker:

আপনি দয়া করে বসুন।

The West Bengal Appropriation (No. 2) Bill, 1963

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েসন ২নং বিল-এর বিরোধীতা করতে উঠে আমি কয়েকটি কথা এই বিধান সভার সামনে রাখতে চাই। প্রথমতঃ এই হাউস এই আমাদের বাংলাদেশের কংগ্রেস সরকারের যিনি প্রধান মন্ত্রী, যাঁর হাত দিয়ে ১৩৫০ সালের দুর্ভিক্ষ রচিত হয়েছিল, মুখ্যমন্ত্রী তিনি এই হাউস-এ জানিয়েছিলেন যে বামপন্থীরা দুর্ভিক্ষের কথা, দুর্ভিক্ষের পদধ্বনি, এই কথা বলে বলে প্রচার করে রাজনৈতিক হাতিয়ার করতে চায় এবং দেশের লোক যাতে আরো বেশী দামে চাল কিনতে বাধ্য হয় তার জন্য তারা দুর্ভিক্ষের সাহায্য করছে দেশের লোকের কষ্ট যন্ত্রণাকে বাড়িয়ে দিচ্ছে। আমি তার পাল্টা চার্জ, অভিযোগ আনছি সেই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে, যিনি ঐ হতভাগা বাংলাদেশের শতকরা ৮০ জন লোক যারা গ্রামীণ জীবন যাপন করে যারা শহরে এবং গ্রামের মধ্যে অত্যন্ত দুর্দিনে জীবন যাপন করছে সেই সব লোকের কথা আমরা আলোচনা করতে চাই এবং তারই মারফত বলতে চাই যে আজকে আমাদের যে সাবধান বাণী মুখ্যমন্ত্রী দিচ্ছেন যে দুর্ভিক্ষের পদধ্বনির কথা বলেন, খাদ্যাভাবের কথা বলেন, দুর্ভিক্ষের কথা বলেন পরে দেশে চালের দাম বেড়ে যাবে, আমার মনে হয় এটা তাঁর কৌশল। এই কৌশলের ফলে বামপন্থী বা বিরুদ্ধ দলের গলা টিপে দিলে পরে, তাদের মুখের থেকে যদি আওয়াজ না বের হয়, গ্রামীণ জীবনের দুঃখকষ্ট, যন্ত্রণার কথা যদি বলতে না পারি তাহলে নিঃশব্দে বাংলাদেশের মানুষ দুর্ভিক্ষকে বরণ করে নেবে। ফলে হবে এই বাংলাদেশের যারা লক্ষপতি, কোটিপতি, যারা মিলের মালিক, চাল কলের মালিক, একচেটিয়া কারবারী তাদের কাছে আরো ২০-২৫ কোটি টাকা গিয়ে এই বৎসরই সঞ্চিত হবে। এই একমাত্র উদ্দেশ্য। আমার অভিযোগ হচ্ছে এই দুর্ভিক্ষের পদধ্বনি, খাদ্যাভাবের কথা এইভাবে তাকে উলটে দিয়ে, তাকে লঘু করে দেবার ফল হয় বাংলাদেশের লোককে নিঃশব্দে তিলে তিলে মারবার ষড়যন্ত্র।

[2-50—3 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তাঁদের কথা বলবো যাঁরা চালের দর ৪০ টাকা হলেও রেডিও সেট, ট্রান্সমিটার কিনতে পারে, সাইকেল কিনতে পারে, লাক্সারী গুডস কিনতে পারে। আমি তাঁদের কথা যাঁরা চালের বদলে কেক খেয়ে, সন্দেশ খেয়ে জীবনধারণ করতে পারেন। আমি বলছি তাঁদের কথা যাঁরা এই বাস্তব জীবনকে সত্য বলে মনে করেন, যাঁরা একবেলা খেলে খাটতে পারেন না, যাঁরা একবেলা ভাত না খেতে পেলে দুর্বল হয়ে যায়, আমি বলছি তাঁদের কথা।

যাঁদের খাবার হচ্ছে সস্তা দরের চালের ভাত। আজকে বাংলাদেশের শুধু গ্রামীণ অর্থনীতিতে কেন, শহরাঞ্চলেও বস্তিবাসী সাধারণ মধ্যবিত্ত কেরানী, প্রাথমিক শিক্ষক, এবং গ্রামীণ বাংলার ছুতার, চামার, কুটীরশিল্পী যাঁরা নিজের হাতে শিল্প করে খায়—আমি বলেছি তাদেরই কথা। গ্রামে এবং শহরে আমি হিসাব করে দেখেছি সাড়ে তিন কোটি লোকের মধ্যে প্রায় দুই কোটি আশি লক্ষ এইভাবে জীবনযাপন করে। এই দুই কোটি আশি লক্ষ লোককে জীবনধারনের মানের উন্নতি বিধানের জন্য আপনারা তাঁদের কি আশ্বাস দিয়েছেন। আমরা যখন বিভিন্ন জায়গায় শ্রমিকদের কাছে যাব, কৃষকের কাছে যাব, গরীব কৃষকের কাছে যাব, মধ্যবিত্ত কৃষকের কাছে যাব, সাধারণ নিম্ন মধ্যবিত্ত ও মধ্যবিত্ত লোকের কাছে যাব, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকের কাছে যাব, গ্রামীণ শিল্পীর কাছে যাব, তাঁরা তখন আমাদের জিজ্ঞাসা করবেন আমাদের কি হবে। আমরা তাঁদের বলব বাংলাদেশের মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় বলেছেন একটা লোককেও না খেয়ে মরতে দেবেন না। কিন্তু এই কথায় তাঁরা কি আশ্বাস পাবে? তার মধ্যে বহু জায়গায় অনাহারে মৃত্যু আরম্ভ হয়েছে। এই সেদিন হাওড়ায় দুইজন স্বর্ন শিল্পী মারা গিয়েছেন। এইভাবে যারা খেটে নিজেদের জীবিকার্জন করতে পারত তারা একটা না একটা রোগগ্রস্ত হয়ে মারা যাবে, কেউ বা পক্ষাঘাতে পঙ্গু হয়ে যাবে, বা অন্য রোগাগ্রস্ত হবে, কেউ বা শেষ পর্যন্ত ভিখারী হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ'রা বলেন সমাজতান্ত্রিক ধাঁচের অর্থনীতির কথা, মিশ্র অর্থনীতির কথা। কিন্তু আমি বলি সমাজতান্ত্রিক ধাঁচ দূরের কথা, সাম্রাজ্যবাদী পুঁজী-বাদী সরকার যে কায়দায় চলে আমাদের এই কংগ্রেসী সরকার তার ধার ঘেঁষেও চলেন না। এই হচ্ছে আমাদের সরকারের চরিত্র, একেবারে ধনিক সরকার, বণিক সরকার। আজ আমাদের জাতীয় সরকারের উপর একচেটিয়া পুঁজিপতিদের ষোল আনা আধিপত্য। আজকে আমাদের দেশের বড় বড় ব্যাঙ্কগুলি রাষ্ট্রীয়করণ পর্যন্ত করা যেতে পারে না এই সমস্ত একচেটিয়া [illegible] চাপের ফলে, এ'দেরই কারসাজির ফলে আজকে চালের উর্ধ্বগতি হচ্ছে। এ'দেরই চাপের ফলে আজকে মূল্য নিয়ন্ত্রণের ক্ষমতা পর্যন্ত আমাদের সরকারের নাই। আজ দেশের যাবতীয় ব্যবসা-বাণিজ্য এই একচেটিয়া পুঁজিপতি মহাজনের হাতে যায়, ফলে সারা দেশে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। আজকে চালের দর ৩০।৩২ টাকা, কে বলতে পারে ৪০।৪২ টাকা হবে না? তারপর, আপনারাই তো বলে এসেছেন দুর্ভিক্ষ হবে, কিন্তু আমরা দুর্ভিক্ষ ঘোষণা করব না, দুর্ভিক্ষ হবে, কিন্তু লোককে না খেয়ে মরতে দেব না, ক্যাশ ডোল, ড্রাই ডোল টেস্ট রিলিফ দেব। এভাবে দেশের মধ্যে গভীর সংকটের সৃষ্টি হবে, লোকের হাতে ক্রয় ক্ষমতা কমে যাবে। বস্তায় বস্তায় চাল কোথায় থাকবে, কিন্তু লোকে পাবে না, আর আপনারা বলবেন দুর্ভিক্ষ নাই, চালের বদলে লাউ, কুমরো খাও। ধীরে ধীরে লোকের ক্রয় ক্ষমতা কমে যাবে, দেশে দুর্ভিক্ষ হবে। তবু আপনারা গদি ছাড়বেন না, আপনাদের তো একচেটিয়া শাসন। একচেটিয়া শাসনের রূপই হচ্ছে, অর্থনীতির ক্ষেত্রে মানুষকে পঙ্গু করে দিয়ে শাসকের গদীতে বসে সমগ্র মুনাফা শোষণ করা এবং দেশকে সর্বস্বান্ত করা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে বলতে চাই, আজ বাংলাদেশের অবস্থা কি? চার লক্ষ টন খাদ্যশস্য ঘাটতি, তারপর আবাদ করবার জন্য বীজ ধানের প্রায় দশ লক্ষ টনের অভাব। বর্তমানে চালের দর ৩০।৩২ টাকা। আর কিছু দিন পরে হয়তো চাল কিনতে পাওয়া যাবে না। বিদেশের বাজারে পাট বিক্রী করে আপনারা ১৫০ কোটি ফরেন এক্‌সচেঞ্জ লাভ করবেন, খুব ভাল কথা। কিন্তু চাষীর কথা কে ভাববে। চাষীকে মেরে ফরেন এক্‌সচেঞ্জ আর্ন করা—লজ্জার সীমা থাকা দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দেশের এই অকুলান এই বাজেটে ১২০ কোটি টাকার স্মল সেভিং-এর ব্যবস্থা হয়েছে—মাসে মাসে তা দিতে বাধ্য করা হবে। এতে করে লোকের ক্রয় ক্ষমতা কমে যাবে, জিনিসপত্রের দামও কমতে বাধ্য। এই অর্থনীতি আমাদের রাষ্ট্রের কর্ণ-ধারগণ নপুংসকের মতো একচেটিয়া [illegible] হাতে সবকিছু ছেড়ে দিয়ে বসে আছে। আজকে আমাদের রাষ্ট্রে তাঁদেরই আধিপত্য। ফসলের ট্যাক্‌স চাপবে প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষভাবে এবং ৮০ কোটি টাকা শুধুমাত্র প্রত্যক্ষভাবে বড়লোকেরা দেবে। আজকে সবাই বড়লোকের পক্ষে দালালী করবেন, চেম্বার অফ কমার্স থেকে আরম্ভ করে সবাই বড়লোকের পক্ষেই কথা বলছেন কিন্তু সাধারণ মানুষের কথা কেউ বলেন না।

[3—3-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিক এইরকম অবস্থা যখন আমাদের হয়, সে সময় আমরা কি দেখি? আমাদের রাজস্ব আদায় করার জন্য, ৭।৮ বছরের কৃষি ঋণ আদায় করার জন্য সার্টিফিকেট করা হয়েছে এবং ক্যানাল ট্যাক্স আদায় করার জন্য সার্টিফিকেট করা হয়েছে এই অত্যাচার করার ফলে কৃষক সর্বস্বান্ত হয়ে গেছে, জিনিসের দাম বেড়েছে এবং তাদের ট্যাক্স দিতে হচ্ছে; স্বর্ণ বিধির ফলে নয় লক্ষ সোনার ব্যবসায়ীরা রাস্তায় ও তাঁরা বেকার হয়েছে। সবগুলো মিলিয়ে বাংলাদেশের অবস্থা হচ্ছে এই যে, একটা এম্পাসী স্ট্যান্ডস্টিল ব্যবসার অচল অবস্থা। বহু-বাজার দিয়ে হাঁটলে দেখা যাবে সব দরজায় তালা লাগান। আমাদের খাড়ারের বাজারে গিয়ে দেখুন সেখানে পাটের বাজার নেই। আমি ব্যবসায়ীদের সঙ্গে পরামর্শ করেছি—ছোট ব্যবসায়ীদের শতকরা ২৫।৩০ ভাগ ব্যবসায়ীদের ঘাটতি হয়ে গেছে। এই যদি আমাদের দেশের লোকের অবস্থা হয়, তাহলে আমি বলবো যে এ অবস্থা আনলো কে? কেন্দ্র যেমন গোটা দেশের শাসনকর্তা হয়ে আছেন এবং আর এই নেহেরু সরকার এবং কেন্দ্রীয় সরকারের যে নীতি নিয়ে চলেছেন আজ আমাদের বাংলা সরকার গরীবদের মারবার জন্য সেই নীতি অনুসরণ করে চলেছেন। আর এই নীতির ফলে আমাদের অবস্থা আজ কি হয়েছে? অবস্থা এই হয়েছে যে দুর্ভিক্ষের প্রতিধ্বনি বলে যে কথা বলা হয়েছে তাতে একথা কেউ বলতে চায় না যে ১৯৫০ সালের দুর্ভিক্ষকে ডেকে আনবার চেষ্টা আমরা করছি। একথা কেউ বলতে চায় না যে ভবিষ্যতে ১৩৫০ ফিরে আসবে। ইতিহাস এভাবে বারবার একই জিনিস রিপিট করে না। অবজেক্টিভ কন্ডিশন বদলায়, অর্থনৈতিক সূত্র বদলায়, কারেন্সী এক্সচেঞ্জ-এর ফর্ম বদলায়, যার ফলে নানা ধরনের ফর্ম বদলে বদলে ভেরিয়াস ফর্ম দেখা দেয়। সেটাকে লক্ষ্য করে যদি আজকে দেখান হয় আমার মনে হয় বাংলাদেশে এতগুলো এম এল এ এসেছি আমরা আমাদের কর্তব্য সাধন করতে পারবো না। সেজন্য আজ গভীরতার সঙ্গে বিচারের সঙ্গে জনসাধারণের দিকে দরদ দিয়ে এই ২ কোটি ৩৩ লক্ষ গ্রামীণ লোক এবং দেশের এই মধ্যবিত্ত থেকে আরম্ভ করে ক্ষেতমজুর পর্যন্ত সবায়ের অর্থনৈতিক অবস্থার দিকে দৃষ্টি দেওয়া উচিত। সংসারের অর্থের সামগ্রিক পারচেসিং ক্যাপাসিটি যদি না থাকে—সে শক্তি যদি না থাকে তাহলে খাদ্য আসতে পারে না—অরাজকতার সৃষ্টি হবে, তা যেকোন রকমের একটা আন্দোলনের সুযোগ নেবে এবং সে আন্দোলনটায় একটা বিশৃংখলতাও হতে পারে। কাজেই আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো, দাবী করবো যে প্রতিধ্বনিকে এভাবে গ্রহণ করে হালকাভাবে উড়িয়ে দেওয়া উচিত নয়, এই সমস্ত জিনিস মিলিয়ে আমাদের দেশের যে অবস্থা হয়েছে যেভাবে দুর্ভিক্ষের কথা বলা হয় ... এই ... এ ... ভাব আমি দেখেছি। সেই ... ট্রিটমেন্ট করে ... করা দরকার। এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার সম্পূর্ণ উদাসীন আছেন, যে সরকার তাকে সেই ঔদাসীন্য থেকে মুক্ত হয়ে এগিয়ে আসতে হবে। আমাদের দেশে খাদ্য সরবরাহের কতকগুলি অবস্থা আছে, যাকে আমরা মডিফায়েড রেশনিং বলি। এ বিষয়ে গ্রামের ভেতরের অভিজ্ঞতা আমার আছে, সেটা হচ্ছে যে শতকরা ৮০ জন লোকের ক্ষমতা নেই সাত দিনের রেশন একসঙ্গে নিতে পারে—সে অর্থ বা সামর্থও তাদের নেই। তাদের দৈনিক রেশন দেবার ব্যবস্থা করতে হবে। তা না হলে দিন মজুরদের এ সমস্ত করে দেওয়া হয়েছে যে গম না কিনলে চাল দেওয়া হবে না অর্থাৎ পোকা গম যে কিনবে তাকে সারপ্লাস নোংরা চাল দেওয়া হবে, তাকে সেই সারপ্লাস নোংরা চাল খেতে হবে বাধ্য হয়ে এবং পোকা নোংরা গম কিনতে হবে এর মানে হচ্ছে যে তাকে পয়সা খরচ করে গম কিনতে হবে এবং চালের পয়সাও আনতে হবে, তা না হলে সে রেশন পাবে না, এই যে নীতি এটা হচ্ছে মানুষকে বঞ্চনা করার নীতি, শুধু তাই নয়। যদি আমরা চাই গ্রামের মধ্যে মডিফায়েড রেশানের দোকান হোক, ২।৩ খানা গ্রামের মধ্যে দোকান দেওয়া হোক কিন্তু তা হবে না। ঐ বি ডি ও থেকে আরম্ভ করে, সারকেল অফিসার থেকে আরম্ভ করে এমনই চক্র আছে যে মডিফায়েড রেশানের ডিলার এক জায়গায় তাদের বিরুদ্ধে কমপ্লেন দিলে সে কমপ্লেন ঠিকভাবে নেওয়া হয় না। আমার এ অভিজ্ঞতা আছে। আমি রাঙ্গামাটির চাঁদমারি ইউনিয়নে মিটিং-এ সে প্রস্তাব করে এসেছি ছয় মাস আগে যে ডিলার বদলাও, সে চুরি করে তাকে বদলে এ লোককে দাও, এ গ্রামের মধ্যে দিলে ছয়খানা গ্রামের

সুবিধা হবে। কিন্তু সে প্রস্তাব সমর্থন করা হয় নি। কাজেই এ মডিফায়েড রেশানের দোকানগুলি ও এর অবস্থিতি সম্বন্ধে চিন্তা করতে হবে। গ্রামে গ্রামে গিয়ে আগে আমাদের কংগ্রেস কর্মী এবং সমস্ত [illegible]—বামপন্থী ও দক্ষিণ পন্থী সবাইকে যদি আপনারা চান তবে সেইমত করান। আপনারা দুর্ভিক্ষের পদধ্বনি ছেড়ে দিন, শুধু খাদ্যাভাবকে রাখুন। আমরা সবাই এক জায়গায় দাঁড়াই এবং গিয়ে দেখি কোথায় কি ধরনের খাদ্যাভাব। যেখানে যে ধরনের খাদ্যাভাব, সেখানে সে ধরনের অভাব দূর করার জন্য কোন পন্থা নেওয়া যায়। আমি আর একটি কথা বলছি মুখ্যমন্ত্রী পুরুলিয়ায় গিয়েছিলেন। এখনে দুর্ভিক্ষের পদধ্বনি বলে তিনি তা উড়িয়ে দেন। কিন্তু পরে কাগজে দেখলাম পুরুলিয়ায় গিয়ে বলে এসেছেন খাদ্যাভাব আছে। উপায় তো নেই, ভোট যে আছে। সমস্ত লোক চেপে ধরেছে। তারা বলছে—কি বলছেন বলুন, আমাদের অবস্থা বলুন। তখন বাস্তবভাবে মুখোমুখি হয়ে গেলে তখন তাকে বলতে হয় পুরুলিয়ার তিনটা থানায় খাদ্যাভাব আছে। আমি আহ্বান করবো, চলুন মুর্শিদাবাদে, চলুন ভগবানগোলা, রানীনগরে, লালগোলায় আবার নবগ্রামে তাহলে আপনাকে দুর্ভিক্ষের পদধ্বনি এইভাবে স্বীকার করতে হবে।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে অ্যাপ্রোপ্রিয়েসন বিল নিয়ে আলোচনার সময় যে কথা মনে হচ্ছে যে বিধানসভার বাজেট অধিবেশন আর কয়েকদিন পরে শেষ হয়ে যাবে, এবং এর পর আমরা ফিরে যাব—কিন্তু প্রত্যক্ষ এবং পরোক্ষ ফল কি হলো তা যদি আমরা বাইরের দিকে তাকাই তাহলে আমরা কি দেখতে পাই? প্রথমেই দেখতে পাই ট্যাক্স-এর বোঝা বাড়ছে। এই ট্যাক্স-এর বোঝার ফলে সাধারণ মানুষ আজ বলিদান হচ্ছে। আমি উদাহরণ দিয়ে বলতে পারি জলপাইগুড়ি শহরের বুকে একটি কেরোসিন তেলের ডিলার সাবানও বিক্রী করে, সে ডিলারকে খুন করা হয়েছে অথচ সরকার খুনীকে ধরতে পারেন নি। কেবল শুধু ট্যাক্স বৃদ্ধি করেছেন। আজ কেরোসিন তেলের দাম বৃদ্ধি পেয়েছে। অপর দিকে দেখতে পাই গ্রামের সাধারণ মানুষ ভিক্ষার অভাবেতে আজ দুর্ভিক্ষে ভুগছে কিছু না খেতে পেয়ে। সাধারণত যারা কেরানীকুল ছাপোসা মানুষ, তাদের অর্থের পথ আজ বন্ধ হয়ে গেছে। যে সামান্য আয় তাতে তাদের সংসার চলে না। এই যে অবস্থা এর পরিপ্রেক্ষিতে কি বুঝি? আমাদের মূল সূত্র কি? মূল সূত্র হচ্ছে খাদ্যাভাব। খাদ্য সম্পর্কে পশ্চিমবাংলা সরকারের শুরু থেকে আজ পর্যন্ত কোন সুষ্ঠু নীতি গ্রহণ করতে পারেন নি। এটা যদি দীর্ঘ দিন ধরে লক্ষ্য করি তাহলে দেখব বিধানসভার অধিবেশন যে দিন বসেছিল সেদিন থেকে আজ অবধি চালের দর ৪ টাকা মণ করা বেশী হয়েছে। শুরুতে যেটা ২৭ টাকা ছিল সেটা আজকে কমপক্ষে ৩১ টাকায় দাঁড়িয়েছে। সুতরাং এটা বোঝা যাচ্ছে যে এই সরকারের কোন কিছু খাদ্যনীতি নেই। আমি এই সম্পর্কে একটা উদাহরণ দিয়ে বলতে পারি। মাত্র একদিন আগে ২৬এ মার্চ মঙ্গলবার এই পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন যে কথা বলেছিলেন তার সেই টুকরো টুকরো কথা—এরপর আবার ত্রাণ ও দুর্ভিক্ষ মন্ত্রী শ্রীমতী আভা মাইতি মহাশয়া তিনি যে ব্যয়-বরাদ্দের দাবী করেছিলেন সেটার প্রসঙ্গ উল্লেখ করে এবং তৃতীয়তঃ দিল্লী পার্লামেন্ট-এ মিঃ থোমাস খাদ্য দপ্তরের ডেপুটি মিনিস্টার, তিনি যে উক্তি করেছিলেন—এই তিনটে উক্তি যদি আমি আপনাদের সকলের সামনে রাখি তাহলে আপনারা স্পষ্টই বুঝতে পারবেন যে পশ্চিমবঙ্গ সরকারের কোন সুষ্ঠু খাদ্যনীতি নেই। পশ্চিমবঙ্গ বিধানসভায় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে অধিক গম খাও, অধিক পরিমাণে গম না খেলে চালের দর হ্রাস করা অসম্ভব। পশ্চিমবঙ্গের জনসংখ্যা বৃদ্ধি এবং এ বৎসর পৌনে ৪ লক্ষ টন চাল কম উৎপাদন হওয়ায় চালের মূল্য বৃদ্ধি পেয়েছে। উড়িষ্যা এবং কেন্দ্র থেকে চালের যোগান যথেষ্ট নয় অতএব ব্যবস্থার প্রয়োজন; অর্থাৎ সোজা কথায় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়েই যে কথা বলতে চেয়েছেন যে যোগান কম থাকার ফলেই চালের দাম বেশী বেড়ে যাচ্ছে। অপর দিকে দেখতে পাই ঠিক একই সময় পার্লিয়ামেন্ট-এ মিঃ থোমাস বলছেন—

"The Minister also revealed that the Centre had assured the West Bengal Government the supply of an adequate quantity of rice from the

Central stocks during the current year. This would be in addition to whatever quantity of rice and paddy were moved to West Bengal from Orissa and were brought from border areas in Nepal as part of the traditional trade."

অর্থাৎ সেন্ট্রাল বলছেন যত খুশি চাল লাগে তা আমি পশ্চিমবঙ্গ সরকারকে দিতে রাজী আছি আবার এদিকে পশ্চিমবঙ্গ সরকার উল্টো কথা বলছেন। অন্য দিক থেকে আবার দেখতে পাই ত্রাণ ও দুর্ভিক্ষ মন্ত্রী ২ কোটি ৩৪ লক্ষ টাকার একটা অ্যাডিশন্যাল বাজেট এখানে পাস করিয়ে নিচ্ছেন। এই যে অবস্থা, এ থেকে পরিষ্কারভাবে একটা কথা আমি বলতে চাই যে পশ্চিমবঙ্গ বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন ও পার্লিয়ামেন্ট-এ মিঃ থোমাস যে কথা বলেছেন এ দুটাই কি কথার কথা, আমার মনে হয় আসল ও খাঁটি কথা হল যা সেটা হচ্ছে বাঙলা দেশের মানুষ আজ ভিক্ষার অভাবে ঘুরছে। আজ দেশে দুর্ভিক্ষ দেখা দিয়েছে আর এ জন্যই বোধ হয় আজ দুর্ভিক্ষ খাতে বেশী টাকা বরাদ্দ করা হয়েছে।

[3-10—3-20 p.m.]

আজকে আমি পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে গ্রামীণ অর্থনীতি একেবারে ধ্বংসের মুখে—এবং সর্বত্র একটা দুর্ভিক্ষের করাল ছায়া দেখা যাচ্ছে। এই অবস্থায় আমরা পরিষ্কারভাবে মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে পশ্চিমবঙ্গ সরকারের এ ব্যাপারে মতামত কি? টমাস যে কথা পার্লামেন্টে বলেছেন সেকথা সত্য না পশ্চিমবঙ্গ সরকার যে কথা বলছে সে কথা সত্য? দ্বিতীয় কথা মুখ্যমন্ত্রীর কাছে পরিষ্কারভাবে জানতে চাই যে চালের যে সর্বনিম্ন দাম বাঁধার কথা কেন্দ্রীয় সরকার বলেছেন যে আমরা মনে করি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে—কারণ পশ্চিমবঙ্গ একটি ডেফিসিট এরিয়া, এখানে সর্বনিম্ন দাম বাঁধার দরকার নেই, সর্বোচ্চ দাম বাঁধার প্রয়োজন আছে—আজকে মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করবেন কি যে সরকারের কোন ইচ্ছা আছে কিনা এই দাম বাঁধার ব্যাপারে। এই অবস্থায় সরকারের খাদ্যনীতি কি তা পরিষ্কার করতে বলছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে যে ১৯৪৭ সালে সরকার এই কংগ্রেস যে ভুল করেছিল তার ফলে আজকেও দেখা যাচ্ছে যে পূর্ববঙ্গ থেকে বহু লোক বিনা পাসপোর্টে এবং ভিসায় উইদাউট এনি সিটিজেনসিপ সার্টিফিকেটে তারা পশ্চিমবঙ্গে প্রবেশ করছে এবং আমরা জানি যে হাজার হাজার মানুষ এইরকম করছে এবং এদের মধ্যে কিছু সংখ্যক লোক আছে যাদের সরকার জেলে পাঠিয়েছেন। আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে কোচবিহার জেলায় মেখলিগঞ্জে তিনদিন আগে ৪০ জন লোককে গ্রেপ্তার করে জেলে প্রেরণ করা হয়েছে। আমি জিজ্ঞাসা করি যে এদের সম্পর্কে সরকারের নির্দেশ কি? যারা উদ্বাস্তু হয়ে যারা পূর্ববঙ্গ ছেড়ে দিয়ে—আপনাদের সিটিজেনসিপ সার্টিফিকেট দরকার তা জোগাড় করতে না পেরে যারা এই পশ্চিমবঙ্গে আসছে তাদের সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করছেন তা আমি জানতে চাই। যদি বলেন যে যারা এসেছে তারা ফিরে চলে যাক এই কথা যদি হয় তাহলে ১৯৪৭ সালের আগে আপনারা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা পূর্ববঙ্গ থেকে যারা আসবে তাদের সম্পর্কে আমরা পূর্ণ দায়িত্ব গ্রহণ করবো—আজকে যারা আসছে তাদের সম্পর্কে আপনাদের কি নীতি—তারা কি ভেসে যাবে? এই কি আপনাদের নীতি এই সম্পর্কে পরিষ্কার বক্তব্য আমি আপনাদের কাছ থেকে চাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে খানিক আগে খাদ্য ও দুর্ভিক্ষ সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। শ্রীসনৎকুমার রাহা যদিও তিনি উপস্থিত নেই বোধ হয়—তিনি বলেছেন যে আমরা শুনতে পাই বা না পাই তারা দুর্ভিক্ষের পদধ্বনি শুনতে পাচ্ছেন। তা শুনতে পারেন। আমি তাঁকে একথা জিজ্ঞাসা করি তিনি নিশ্চয়ই রুশ দেশের ইতিহাস জানেন। চীন দেশের লোক গত চার বছরের কথা তিনি নিশ্চয়ই ভাল করে জানেন এবং আপনারাও জানেন যে রুশ দেশে একটা বড় বিপ্লব হয়েছিল এবং সেই বিপ্লবের পর তিন বছর পরে ভয়নক দুর্ভিক্ষ হয় এবং তাতে প্রচুর লোক মারা যায়। রুশ দেশেও ১৯৩০-৩১ সালে ১৩-১৪ বছরের পর একটা ভীষণ দুর্ভিক্ষ হয় তাতেও প্রায় ৪০ লক্ষ লোক মারা যায়। এটা আমরা জানি যে

চীন দেশে, রাশিয়ায় দুর্ভিক্ষ হয়েছে। চীন দেশে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে গত বছর ১৯৬২ সালের প্রথম দিকে আমাদের এখান থেকে—কলকাতা শহর থেকে ফুড প্যাকেট গেছে চীন দেশে এবং সেখানে দুর্ভিক্ষ হয়েছিল একথা সকলেই জানেন। আমাদের দেশের এঁরা দুর্ভিক্ষ টেনে আনতে চাইছেন—তারা বলছেন যে আমরা খাদ্য সমস্যা সমাধান করতে পারি নি—আমিও একথা বলছি না যে খাদ্য সমস্যা পুরোপুরি আমরা সমাধান করতে পেরেছি, কিন্তু একথা বলতে চাই যে আমাদের পশ্চিমবাংলায় ১০ হাজার ফেয়ার প্রাইস সপ আছে এবং সেখানে চাল ও গম আছে—নিশ্চয়ই আমরা লোককে গম খেতে বলবো কারণ চাল আমাদের কাছে নেই, গম পর্যাপ্ত পরিমাণে আমাদের কাছে আছে এবং নিশ্চয়ই আমরা লক্ষ্য করবো যে ৩০ টাকায় চাল না কিনে ২৭ টাকার চাল না কিনে ১৬ টাকার গম অনুগ্রহ করে কিনুন, আর পুষ্টির দিক দিয়ে খুব ভাল—পুষ্টির দিক দিয়ে চাল এবং গমের কোন পার্থক্য নেই বরং কোন কোন ক্ষেত্রে গমের পুষ্টি বেশী। আমাদের এই পশ্চিমবাংলায় ১৯৫৯ সালে সাড়ে সাত লক্ষ টন গম আমরা খেয়েছিলাম তখন অন্তত ২০ লক্ষ লোক গম খেয়েছিল—গত বছর আমরা সাড়ে পাঁচ লক্ষ টন গম খেয়েছি। যদি সত্যিই আমাদের টানাটানি হয়ে থাকে তাহলে আমি আশা করবো যে আমাদের দেশের লোক অন্তত আমরা ১৫ লক্ষ টন গম খাবো—এতে আমি বলে দিচ্ছি যে তাতে চালের দাম কমে যাবে। গম খেতেই হবে। আজকে সেইজন্য জোর করে দুর্ভিক্ষ কেউ টেনে আনতে পারবে না। আর আমিও তা হতে দেব না। কেন? না, আমাদের সরকারী গুদামে যথেষ্ট পরিমাণ গম আছে, চাল অবশ্য বেশী নাই। যত গম আমাদের দেশের লোক চাইবে, আমরা তা সরবরাহ করবো।

The Hon'ble Sankardas Banerji: Mr. Speaker, Sir, I do not wish to repeat what I have been saying for so many days. During the Appropriation Bill these very things were put forward and argued and I made endeavour to answer and meet all the points which were raised by my friends Opposite. Today when the debate opened one of our honourable friends on the Opposite s de made sweeping observations regarding the arrests made by Government and detention of members of the House, as also members of the public. It was characterised that I am a new born baby, not one of the old revolutionaries. I admit I never was: I admit I never was in jail; I admit that I did not take part in the revolutionary movement. There is no doubt about it. But I have been in this House for more than eleven years, and therefore I think I can claim that I know something about the political life of West Bengal, and I also can assert that I am not a nominated member either. People have voted for me in a very large majority and I enjoy the confidence of at least one section of the people who voted for me. (SHRI JAMINI BHUSAN SAHA: So also Shri Jyoti Basu) I never said Mr. Jyoti Basu is not a leader; I never suggested even that Mr. Jyoti Basu did not receive a large number of votes. I never said anything like that. All that I say is that certainly I am fond of my country. I am certainly a patriot although I may not have taken part in the revolutionary movement.

Honourable members must be aware of it that although the general people have fundamental rights, I was looking up the Constitution again, and if you look up the latest volume of the Constitution at pages 190 and 191, there is a chapter on 'Emergency' which deals with the suspension of all rights given to a citizen under the Constitution. It is not our creation; it is in the Constitution. Emergency has been declared not by the State of West Bengal. Emergency has been declared by the Central Government; and if you look up the law, Sir, you will find that the Central Government has power to give directive to the State as to how to function. That is the directive and we have to carry out the directive; there is no question about it. I will just place one of the provisions of the Constitution. Article 353 says: "While a Proclamation of Emergency is in operation, then, notwithstanding anything in this Constitution the executive power of the Union shall extend to the giving of directions to any State as to the manner in which the executive power thereof is to be exercised."

[3-20—3-30 p.m.]

We are not free—the Constitution says that the Central Government will have the power to issue directives. Directives have been issued and we are functioning in accordance with the directives given by the Central Government. It is not an arbitrary decision on the part of......(Shri JAMINI BHUSAN SAHA: What about Kerala?). I will answer that later but meanwhile please let me finish my speech. I do not think the Government of Kerala is differently placed. Kerala is in the extreme south of India. Conditions obtaining in Kerala are completely different from the conditions obtaining in northern India—the position is different. (A voice from the Congress Bench: West Bengal is a border State). I know it is a border State and I don't want any support from my friends either of this side or of that side. The point that I am making is this. It seems that many members—not all, but many of them—have read the Constitution carefully, others may not have done so. It is not an arbitrary decision of the State Government that they are proceeding in this fashion or that they are putting people under arrest and keeping them under detention. We work in collaboration with the Centre. Certain directions came and we have put them under arrest. The emergency has not been lifted. Again the lifting of emergency does not rest with this State Government. We have to wait till such time when the Central Government decides to lift the emergency. Now, one other thing that I would like to tell the honourable members of this House is this. Although we are Ministers—true enough Shri Prafulla Chandra Sen is the Chief Minister of the State—but whom do we depend on? We depend on our officers, we have our Inspector-General, we have the D.I.-G., we have the Central Intelligence, we have the local intelligence—all sorts of Intelligence Departments are there. If the officers give us some information and place the confidential papers before the Chief Minister who happens to be the Home Minister as well, that these things are happening, that these people ought to be arrested, let us take it at that and he says 'very well', I think he would be doing the right thing. He has no right, if I may say so,—unless there is very good reason—to say that 'I override all my officers and I shall direct this thing to be done and disregard all the information that I have received'. It is not possible for the Chief Minister, it is not possible for any Minister to say that. We have to rely on our officers and there is no doubt about it. The next question is, is it possible for me to place all the information we have received from the officers before the honourable members of this House? If the honourable members sitting Opposite think of liberty, freedom, the fundamental rights guaranteed by the Constitution—right of speech, right of liberty, right of movement—let me assure them that we are equally conscious of those rights. But as I have pointed out just now from that Article about the suspension of all those rights, you cannot agitate over them and it is not open to the Chief Minister, it is not open to the Finance Minister, it is not open to the Ministers of the Government to supply you or to place before you the evidence or the materials we have at our disposal—it is not open to us—and in the interest of the State we have to hold them back. Possibly if the members knew them, they would have been of the same opinion. I don't know what information the executive officers of Kerala gave the Kerala Government but I do know what materials were placed before the Chief Minister here and I know, if not the whole, at least a little of them, at least something.

And honourable members will kindly remember, it is not a spirit of vindictiveness. We are equally conscious that public liberty must be preserved and it is our endeavour to do so. We review the cases, but when reports come in, when adverse reports flow in we have to take into consideration the day to day reports which come from the frontier. We have

to do certain things. I would say that every consideration is shown. It is a pity that we cannot go beyond what we are doing now. I know that some honourable members feel very keenly. So do we. But our hands are tied. We cannot go beyond it. Whether you accept it or not, what I have said, I am sorry, we cannot help it. It must stand there.

I have more than once appealed to my friends both on my right and on my left, not that I have anything to say against my friends sitting on the left—many of them present here in this House. I have great respect for them—I have appealed to the honourable members not to make personal accusation. It does not help anybody. We are here with the Appropriation Bill. The point is whether you are going to vote the amount or not. What is the good of making personal remarks against anybody's character, or how he carries on. It does not help anybody at all. I appeal to my friends on both sides, I would beg of you not to do it because it does not help the work of the House at all. On the contrary, the dignity of the House is lowered to a very great degree. I had the privilege of being a Speaker, as Dr. Narayan Roy knows me, and there were very troublesome times indeed. But even then, I think the honourable members did co-operate and I used to try my very best asking for not to make personal charges and accusations, because often have I seen honourable members saying such and such officer is a very bad man and so on. He cannot defend himself. The only thing open to us is to say, what you have said are all wrong. Does it help matters? I do not think it does.

So far as food situation is concerned, the Chief Minister has said something about it.

So far as the superannuated officers are concerned, the difficulty is this. In the West Bengal Government, for the time I have been here, I have noticed that we are in short supply of officers of experience. Therefore, sometimes, much against our wishes, although I do feel that re-employment should be given with very great caution, or extension, because that re-employment or extension comes in the way of junior officers' promotion, sometimes we are left without an alternative. That is why it is done. At least, so long I have been the Finance Minister, the Chief Minister has always supported me whenever I have said that this officer is past 63 and so on, no matter how physically fit he is, no matter how capable he is, I do not think we should extend the period. And I have had, much against my wishes, to refuse extension or re-employment to certain very high officials. That is so far as the charges are concerned, and I do not wish to repeat myself over and over again.

Sir, there is no amendment. Therefore, that is all that I have to say.

The motion of the Hon'ble Sankardas Banerji that the West Bengal Appropriation (No. 2) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill, was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[3-30—3-40 p.m.]

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1963

The Hon'ble Sankardas Banerji: Sir I beg to introduce the Bengal Electricity Duty (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1963, be taken into consideration.

As you are aware, the Third Five-Year Plan of West Bengal was scaled down from Rs. 341 crores to Rs. 293 crores by the maximum amount of pruning feasible. On the assumption that the size of the State Plan would be of the order of Rs. 293 crores and according to the pattern of financing as laid down by the Planning Commission, Rs. 160 crores will be made available by the Centre and the State will have to find resources to the tune of Rs. 133 crores. However, as I mentioned in my budget statement, additional development projects of considerable importance are continually coming up before Government for inclusion in the State Plan. The most important additional item of expenditure of an inescapable nature relates to setting up of additional Power Projects, on which we intend to spend Rs. 22.19 crores more in addition to the original provision for Rs. 48.6 crores for development of Power in our State Plan. With the inclusion of such additional projects in our Plan, the size of the State Plan is likely to increase and the State Government will have to make correspondingly greater efforts for raising additional resources. Again, as members are aware, West Bengal will have an over-all negative closing balance of Rs. 9 crores 22 lakhs during the year 1963-64. I indicated in my budget statement that a part of this overall deficit would be covered by yield from additional taxation measures to be undertaken by this Government. Amendment of the Bengal Electricity Duty Act, 1935 is one of the proposed measures of additional taxation.

At present the rates of electricity duty on consumption for lights and fans vary from 3 nP to 6 nP per unit, while the rate of duty on consumption for purposes other than lights and fans is only 1 nP per unit with a further provision for a concessional rate of 1/3 nP per unit for consumption by a cottage and small-scale industry or by an industry using electrolytic process or electric furnace. Domestic power for purposes other than lights and fans such as cooking and ironing, etc., is also charged at the rate of 1 nP. per unit. Thus the rates of duty on lights and fans are already much higher than the rates for industrial consumption. These rates along with the rates for domestic power are, therefore, proposed to be left unchanged for the present.

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1963 seeks to enhance the rate of duty on consumption of electrical energy for purposes other than lights and fans and domestic power from 1 nP per unit to 1.5 nP per unit, i.e., by 0.5 nP. per unit of consumption. This proposal is fully justified by the fact that the existing rate of duty of 1 nP per unit of consumption for industrial purposes is a very low rate compared to the rate of duty on lights and fans. Moreover, when there is such a huge and growing demand for

power in the State and there is shortage in supply and when this State Government will have to spend more than 70 crores of rupees on development of power during the Third Five-Year Plan, it is only meet and proper that at least a small part of the additional resources required for this purpose should be raised by way of additional taxation on supply of electrical energy. However, the present proposal will not have the special concessional rate of duty on 1/3 nP per unit of consumption by cottage and small-scale industries or by an industry using electrolytic process or electric furnace. The additional revenue that we will get by the proposed enhancement will be about Rs. 1 crore per year.

I have also taken this opportunity to remove certain existing administrative difficulties which are briefly as follows:

As I have already stated, an industrial undertaking using electrolytic process or electric furnace enjoys a concessional rate of duty of 1 nP for every 3 units. This concessional rate is, however, based on the recommendation of the Inspecting Officer to the effect that the cost of electrical energy consumed is not less than 20 per cent. of the total cost of manufacture incurred by such industrial undertaking. Under the present provisions of the Act, the Chief Electric Inspector, West Bengal, who is the departmental superior of the Inspecting Officer, or even the State Government have no authority to revise the findings of the Inspecting Officer in this matter. This lacuna is sought to be remedied now.

It has also become necessary to clearly define in the body of the Act the manner of computing the "total cost of manufacture" for the purpose of granting the concessional rate of 1/3 nP per unit.

There has arisen another practical difficulty with regard to high-tension power consumers, such as factories, which do not find it possible, by installing separate motor or otherwise, to distinguish the electricity consumed by lights and fans right inside the factory where the manufacturing process is actually carried out, from that consumed in the process of manufacture which is industrial use proper. To obviate this difficulty a high-tension power consumer is paying on account of the higher rate of duty for lights and fans, a surcharge calculated at 10 per cent. of the duty payable on such total mixed consumption at the industrial rate. Necessary provision in the Act for the purpose is being made.

No additional expenditure will be required for giving effect to the provisions of the present Bill.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

Dr. Kanai Lal Bhattacharya:

কত টাকা পাওয়া যাবে আন্দাজ?

The Hon'ble Sankardas Banerji: One crore. Since you have asked that question I may tell you that we have left the domestic electricity unchanged. Two fundamental changes are being brought about by this. We are raising it by ½ nP and we have calculated that it will yield nearly one crore of rupees. Therefore, it will not affect the Industry. On the other hand, this money will be utilised for bridging up the gap and using it for various purposes of the State. One other difficulty—whether you will appreciate it or not—is with regard to persons using electric furnace, etc. In this matter the report of the Inspecting Officer was final and not even the Chief Inspector of the Government had any say. We thought that it was wrong—he should have a right to look into the matter whether the Inspecting Officer was correctly giving his decision or not. Therefore, we have amended the Bill.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1963 be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছেন, বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি অ্যাক্ট-এর উপর তার যে বক্তৃতা শুনলাম যদি সেইটুকুর মধ্যে থাকা যায় তাহলে তার বিলকে সমর্থন করতে হয়। কিন্তু একটু ঘুরিয়ে দেখা যায় তাহলে ওখানে থাকা যাচ্ছে না বলে আমার মনে হচ্ছে। আমি যে দৃষ্টিভঙ্গীতে এই প্রস্তাব দেখছি তা উপস্থিত করছি। প্রথমে আমি বলতে চাই যে একথা ঠিক যে তিনি যে কথা বলেছেন বাস-গৃহে যে ফ্যান এবং লাইট ব্যবহার করা হবে তার কোন ডিউটি বাড়ছে না। এবং কটেজ ইন্ডাস্ট্রিতেও কোন ডিউটি বাড়ছে না। তিনি যা বলতে চাইছেন তাতেই আমি এটাই বুঝতে পেরেছি যে, যেসমস্ত শিল্পে ফ্যাক্টরী অ্যাক্ট চালু হয় সেইসব শিল্পে প্রধানত এই ডিউটি বাড়ান হবে। এখন কথা হল, এটা যদি বুঝতাম যে এই ডিউটি বাড়ালে পরে কস্ট অফ প্রোডাকসন বাড়বে না। তাহলে সানন্দে তার এই প্রস্তাব গ্রহণ করতাম। যে মুহূর্তে সরকার এই ডিউটি বাড়াবেন তারপর দিন থেকে মালিকপক্ষ—যারা ম্যানুফ্যাকচার করে, যারা বিভিন্ন জিনিস তৈরী করে তারা কস্ট অফ প্রোডাকশান বেড়ে গেছে এই অজুহাতে জিনিসপত্রের দাম বাড়াবেন। হয়ত এখানে দেখান হচ্ছে যে ১ কোটি টাকা আসবে কিন্তু আমাদের পূর্বের অভিজ্ঞতা থেকে বলতে পারি যে সরকার যেখানে নতুন করে ডিউটি বসিয়েছেন এবং বিশেষ করে যেখানে মালিক পক্ষের কোনরকম অধিকার বা কোন বিশেষ সুযোগ সুবিধা আছে সেই ডিউটি আদায় করা বা অন্য কায়দা দিয়ে অন্যভাবে আদায় করা দেখা গেছে যে এই ১ কোটি টাকার নাম করে সেখানে চার পাঁচ কোটি আদায় হয়ে থাকে। স্যার, এখানে কোন গ্যারান্টি নাই যে মালিকপক্ষ ঐ কস্ট অফ প্রোডাকশান বাড়াবার নাম করে যদি প্রোডাকশানের কস্ট বাড়িয়ে দেয় তাহলে তাকে কমাবার কোন গ্যারান্টি অর্থমন্ত্রী আমাদের দিতে পারবেন না। এর সুদূর প্রসারী ফলটা কি হবে এই সাধারণ মানুষকে আবার ১ কোটি টাকা দিতে হবে। অন্য কোন জায়গা থেকে আদায় হবে না। মালিকের পকেট থেকে যাবে না। সাধারণ মানুষকে এই ১ কোটি টাকা দিতে হবে। সেই জন্যই আমি বিরোধীতা করছি। যদি বুঝতাম যে মালিকের মুনাফা থেকে টাকা নেওয়া হচ্ছে এবং এমনভবে নেওয়া হচ্ছে যে সাধারণ মানুষের পকেট থেকে যাবে না তাহলে আমার এতটুকু আপত্তি থাকতো না। দ্বিতীয় প্রশ্ন যেটা আমি বলতে চাই সেটা হচ্ছে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে কুটির শিল্পের ক্ষেত্রে ফ্যাক্টরী অ্যাক্ট-এ যে শিল্পকে ধরা হবে না সেখানে এই আইন প্রযোজ্য হবে না। তার কাছে আমি একটা কথা বলতে চাই যে এই ডিউটি যদি বাড়ান হয় বিশেষ করে পাওয়ার লুম ফ্যাক্টরিতে বিশেষ করে ছোট ছোট কারখানা বা ছোট ছোট ইঞ্জিনীয়ারিং কারখানা আছে যেখানে ৫০-১০০ জন কাজ করে, যেসব মালিক-এর পক্ষে মাসের শেষে ৫০-১০০ টাকা বের করা সত্যই ভীষণ অসুবিধার ব্যাপার, তাদের উপর যদি এই ডিউটি চাপিয়ে দেওয়া হয় তাহলে আমার মনে হয় তাদের শিল্পে সঙ্কট দেখা দেবে। হয়ত এর ফলে তাদের শিল্প বন্ধ হয়ে যেতে পারে। এর জন্য অর্থমন্ত্রী কি চিন্তা করেছেন সেটা আমি তার কাছে প্রশ্ন রাখছি। তাকে আমি অনুরোধ করব যে এর থেকে পরিত্রাণ পাবার কি সহজ উপায় আছে সেটা তিনি পরিষ্কার করে বলবেন। সেই জন্য আমি বলতে চাই এখন যারা আমরা ইলেকট্রিসিটি কনজিউম করি তারা অনেকেই কমপ্লেন করেন—যদিও এটা সত্যি কিনা আমি জানি না। যে ধরনের বাতি জ্বালাচ্ছি যে ওয়াট—বিশেষ করে ক্যালকাটা ইলেকট্রিসিটি কোম্পানী যেখানে বিদ্যুৎ সরবরাহ করে—যেমন ৫০ ওয়াটের বাতির যে উজ্জ্বলতা হওয়া উচিত তা হয় না। অনেক কারখানার মালিকরাও আমাদের কাছে —বিশেষ করে যে কারখানায় আমাদের ইউনিয়ন আছে তারা বলেন যে নতুন করে যেখানে ইলেকট্রিসিটি নেবার ব্যবস্থা হয়েছে যার ফলে বহু কারখানায় যেখানে দুই শিফটের কাজ হচ্ছে এবং সেখানে ইলেকট্রিসিটি কনজিউম হচ্ছে এবং তার জন্য যে ইলেকট্রিসিটি খরচ হচ্ছে তাতে তিন শিফটে কাজ হলে যে ইলেকট্রিসিটি খরচ হতো তা এখন দুই শিফটে কাজ হয়ে সেই তিন শিফটের খরচ হচ্ছে। এর জন্য তাদের খরচ বেড়ে গিয়েছে। সুতরাং বর্তমানে ইলেকট্রিসিটির সরবরাহের যে অবস্থা তাতে ট্যাক্স বাড়ালে কি লাভ হবে তা আমি বুঝতে পারছি না। আপনারা বললেন যে অনেক পরিকল্পনা আছে, থারমাল প্ল্যান্ট-এর কাজের জন্য ব্যয় করতে হবে ইত্যাদি অনেক কথা বললেন।

[3-40—3-50 p.m.]

তিনি নিজে বলেছেন যে পশ্চিমবঙ্গের লোক ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী ট্যাক্স দেয় অন্যান্য প্রদেশের তুলনায়। আমি বলছি যত ট্যাক্স তিনি আনছেন বা ভবিষ্যতে তিনি আনবেন সব ট্যাক্সই জনসাধারণের উপর বর্তাবে বলে মনে হচ্ছে। যেহেতু মটর ভিহিকিলস ট্যাক্স তিনি বাড়ালেন আজকে বাসওয়ালারা বলছেন তাদের ভাড়া বাড়াতে হবে। আমি জিজ্ঞাসা করি তখন কার পকেট থেকে যাবে। তিনি সেখানে যুক্তি দেখালেন যে মাদ্রাজে এই ট্যাক্স বেশী, বোম্বেতে এই ট্যাক্স বেশী, তিনি যদি এই যুক্তি দেন যে পাঞ্জাবের ট্যাক্স সব থেকে বেশী তাহলে বাংলাদেশেরও তা দিতে হবে। এই যদি তার নীতি হয় তাহলে বর্তমান অবস্থায় সমর্থন করা যায় না। আজকে কেন্দ্রীয় সরকারের পাহাড় প্রমাণ ট্যাক্স বসবে, আমি বলছি যাদের মাহিনার হিসাব থাকে যাদের আয়ের হিসাব থাকে সেই মধ্যবিত্তদের অবস্থা এবং মজুর শ্রেণীর উপর যে ট্যাক্স ধরার দৃষ্টিভংগী পরোক্ষভাবে এবং প্রত্যক্ষভাবে কি কেন্দ্রীয় সরকারের কি এখনকার সরকারের তার আমি বিরোধীতা করছি। সুতরাং আমি এই ট্যাক্স নীতির পরিবর্তনের বিরোধীতা করছি, এজন্য যে এটা জনসাধারণের উপর গিয়ে পড়বে। যদি মালিকের পকেট থেকে যেত আমার কোন আপত্তি ছিল না। একথা বলে আমি অনুরোধ করব যে এই বিলের ওপিনিয়ন নেবার জন্য সারকুলেশান নেওয়া হোক।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, শঙ্করদাসবাবু অর্থমন্ত্রী হবার পর এই তৃতীয় দফায় আমাদের সাধারণ মানুষের উপর তিনি ট্যাক্স করছেন। তাঁর প্রারম্ভিক ভাষণে তিনি আমাদের বোঝাবার চেষ্টা করেছেন এই ট্যাক্স জনসাধারণের উপর পড়বে না। ইন্ডাস্ট্রিয়াল ইউনিট, ইলেকট্রিসিটি ইন্ডাস্ট্রিয়াল ইউনিট-এর উপরেই এই ডিউটি বসান হচ্ছে এবং এ থেকে কুটিরশিল্প ইত্যাদি বাদ যাবে। স্যার প্রথমতঃ এটা দেখলে মনে হয় না এটা খুব একটা অন্যায় কিছু হচ্ছে। কিন্তু একটু তলিয়ে দেখলে বোঝা যাবে যে যত বড় বড় কথা বলুন না কেন এই ট্যাক্স শেষ পর্যন্ত সাধারণ মানুষের উপরেই আসবে। আমি একটা উদাহরণ দিয়ে বলছি যে, গত সেসন-এ যখন শঙ্করদাসবাবু মোটর ভিহিকলস ট্যাক্স করলেন তখন আমরা যে আশঙ্কা প্রকাশ করেছিলাম তার কোন বিশেষ জবাব তিনি দেন নি, আমরা তখন বলেছিলাম যে, মোটর ভেহিকলস ট্যাক্স বসালে বাসের ভাড়া বাড়ার সম্ভবনা আছে—তখন তিনি এর কোন জবাব দেন নি। তারপর কিছুদিন আগে একটা কলিং অ্যাটেনশন-এ তিনি বলেছেন যে মোটর পার্টস-এর দাম বেড়ে গেছে, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে পেট্রল-এর উপর ট্যাক্স বসিয়েছে বলে বাসের ভাড়া বাড়বে। স্যার, একটা কথা আমি বলছি যে উনি পরিবহণ মন্ত্রীও বটে আর অর্থমন্ত্রীও বটে। ইন্ডাইরেক্ট ট্যাক্স যেভাবে করা থাক না কেন শেষ পর্যন্ত ব্যবসায়ীর ঘাড়ে তা পড়ে না, পড়ে জনসাধারণের ঘাড়ে। আমরা বুঝতাম যে ট্যাক্স বসিয়েছে সেটা জনসাধারণকেই দিতে হচ্ছে, তা না হলে হয়ত অনেক সময় আপত্তি হতো না। আমি একটু বুঝিয়ে বলবার চেষ্টা করছি। পেট্রলের উপর ট্যাক্স বসিয়েছেন মোটর পার্টস-এর উপর ট্যাক্স রয়েছে মোটর ভিহিকলস-এ ট্যাক্স বেড়েছে। এই ৩টা কম্বাইন ট্যাক্স যা হয় যদি সেটা বাসে যেসমস্ত প্যাসেঞ্জার চড়েছে সেটা যদি সমভাবে তাদের উপর চাপিয়ে দেওয়া হয়, তাহলে সেটা বহন করতে তাদের আপত্তি হয় না। কিন্তু আমরা বেশীর ভাগ ক্ষেত্রে দেখি যে, মাথাপিছু পকেট পিছু যদি ½ পয়সা হয় তাহলে বাসের মালিক ভাড়া বাড়ায় ২ পয়সা করে। অর্থাৎ এই ট্যাক্স থেকে কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য-সরকারের যদি ২ কোটি টাকা আয় হয় তাহলে সেখানে জনসাধারণকে দিতে হয় ৮ কোটি টাকা। অর্থাৎ ট্যাক্স বাড়ানোর জন্য তাঁদের কোষাগারে সাধারণ মানুষ যা তুলেছিল তার তিন-গুণ টাকা তুলে নিল দেশের ধনীকরা। এই যে অভিশাপ, এই অভিশাপ থেকে রেহাই পাওয়া যাবে না। সুতরাং অর্থমন্ত্রী মহাশয় যতই ভালভাবে আমাদের বোঝানোর চেষ্টা করুন না কেন সেটা সাধারণ মানুষের উপর আসবে। অর্থাৎ ট্যাক্স এক গুণ না হয়ে আসে ৪ গুণ হয়ে এবং তার এক গুণ কেবল পাবেন এঁরা আর তিন গুণ পাবে বড় বড় মালিকরা। এখন এইভাবেই করা হয়েছে। শঙ্করদাসবাবু বলেছেন এক কোটি টাকা ইনকাম হবে। পশ্চিমবাংলার মানুষ হয়ত এতে খুব আপত্তি করতোনা, কিন্তু এই এক কোটি ৪ কোটি মালিকরা পকেট কেটে তুলে নেবে, একথা আজকে অনস্বীকার্য এবং আমরা দেখছি এটাই অর্থনীতির নিয়ম।

[3-50—4 p.m.]

এবং শুধু তাই নয়, অর্থনীতিতে এটা বলে। আমাদের এই যে সরকার এবং তার যে মালিক প্রীতি ও ধনীর তোষণ নীতি তার ফলেই আজ ধনীরা জিনিসপত্রের দাম বাড়ায়। এর প্রতি সরকার কোনপ্রকার দৃষ্টি দেন না বা এটা রোধ করবার কোনপ্রকার প্রচেষ্টা করেন না। আমরা দেখতে পাচ্ছি কাপড়ের উপর আট আনা ট্যাক্স বেড়েছে, কিন্তু কাপড় জোড়াপিছু বেড়ে গেছে এক টাকা। গভর্নমেন্ট আট আনা পাচ্ছে আর বাকি পাচ্ছে ক্যাপিট্যালিস্ট। ইলেকট্রিকের বেলায়ও ঠিক সেই রকম হবে বলে আমাদের আশংকা হয়। সেজন্য আমরা একে সমর্থন করতে পারছি না। আমরা মনে করি এটা যদি সমর্থন করা যায় তা হলে সাধারণ মানুষের উপর এটা আবার আরও তিন-চার গুণ হয়ে ফিরে আসবে। আমি আর একটা কথা শঙ্করদাসবাবুকে জিজ্ঞাসা করতে চাই, সেটা হচ্ছে এই যে ইলেকট্রিক ডিউটি যা করা হয়েছে এটা ট্রাম কোম্প্যানির উপর প্রযোজ্য হবে কিনা? আমাদের ভয় হচ্ছে আজ ট্রাম কোম্পানির উপর যদি ডিউটি প্রযোজ্য হয় ও তাকে যদি পাঁচ হাজার টাকা ডিউটি দিতে হয় তখন ঐ ট্রাম কোম্পানী ভাড়া বাড়িয়ে মানুষের পকেট কেটে কুড়ি হাজার টাকা তুলে নেবে। আমি শঙ্করদাস বাবুকে জিজ্ঞাসা করতে চাই ট্রাম কোম্পানীর উপর এটা প্রযোজ্য হবে কিনা? এবং যদি এটা প্রযোজ্য হয় তা হলে ট্রাম কোম্পানি নিশ্চয়ই তার ভাড়া বাড়াবার চেষ্টা করবে। এখন থেকে এমন একটা কথাও শুনতে পাচ্ছি যে, ভাড়া বাড়ানো হবে। তাই যদি হয় তা হলে আমরা এই বিলের তীব্র প্রতিবাদ করব এবং সঙ্গে সঙ্গে শঙ্করদাসবাবুকেও এটা জানাতে চাই যে, ট্রাম কোম্পানি যদি ভাড়া বাড়াবার চেষ্টা করে তা হলে নিশ্চয়ই তাদের আবার জনসাধারণের আন্দোলনের সম্মুখীন হতে হবে এবং তাঁরা সহজে এ ভাড়া বাড়াতে পারবেন না। আমি আর একটা প্রসঙ্গ তুলতে চাই সেটা হচ্ছে ইলেকট্রিক ডিউটি সম্বন্ধে। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন যে ইলেকট্রিক দেন বা স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে ইলেকট্রিক সাপ্লাই করেন এ দুটোর উপরেই এটা প্রযোজ্য কিনা নিশ্চয়ই ধরে নিতে পারে। কিন্তু আমরা দেখেছি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা সরকারী সংস্থা। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে হারে বিদ্যুৎ সরবরাহ করেন আর ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন যে হারে বিদ্যুৎ সরবরাহ করেন এই দুজনের হারের পার্থক্য প্রায় দ্বিগুণ। একটার হচ্ছে এগার পয়সা আর একটা হচ্ছে বাইশ পয়সা। এই পার্থক্যের কারণ কি? আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এরূপ উচ্চ হারে ইলেকট্রিসিটি চার্জ নেবে কেন ও আজ সেটা কমাবেন কিনা? আমরা তো শুনেছিলাম প্রাথমিক স্টেজএ এই ডিউটি ফিক্স থাকবে তারপর আস্তে আস্তে কমে যাবে, কিন্তু আজ পর্যন্ত এই ডিউটি করা হয়েছিল তা এক পয়সাও কমান হয় নি, এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দিতে হবে। এই যে ডিউটি ফিক্স করেছেন এই ফিক্সড করার জন্য ইন্ডাস্ট্রিয়াল ইউনিট এনহ্যান্সড রেট অব ডিউটি দিতে হত এখন এর দ্বারা কি তাদের ডিউটি দিতে হবে? আমরা সত্যই বুঝতে পারবো যে সত্যই এই সমস্ত ইন্ডাস্ট্রিয়াল কনসার্ন জিনিষ পত্রের দাম বাড়াবে কিনা, এবং যদি বাড়ায়, সরকার পক্ষ থেকে তা প্রতিরোধের কোন ব্যবস্থা করা হবে কিনা? যদি না করা হয় তাহলে এই বিল সমর্থন করতে পারবো না—আমরা মনে করি যে এই কর প্রত্যক্ষ ইন্ডাস্ট্রিতে হলেও এটা পরোক্ষভাবে জনসাধারণের উপর আসবে। কাজেই এই বিলটিকে আমরা সমগ্রভাবে সমর্থন করতে পারছি না।

Shri Shambhu Gopal Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয় যে বিল আমাদের অর্থ মন্ত্রী এই সভায় সদস্যদের সামনে এনেছেন সেই বিলটি সম্পর্কে আমাদের সুস্পষ্ট বক্তব্য এই যে এটির প্রতি আমাদের যে সমর্থন সেটা জানাতে পারছি না। ১৯৩৫ সালের বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি অ্যাক্ট—এটি তারই একটা সংশোধন মাত্র এবং এই বিল আনতে গিয়ে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মাধ্যমে বলা হয়েছে

The Bill seeks to enhance the rate of electricity duty.

এইভাবে ডিউটিটাকে বাড়ানো হবে। এর আগে এখানে কিছু আলোচনা হয়েছে যদিও একথা সত্য যে বিলের মাঝখানে সাধারণ মানুষের মনে ধরে এমন একটা কথা বলা হয়েছে এবং বলা

হয়েছে যে এই যে ডিউটি বাড়ছে রেট যে বাড়ছে এর দ্বারা যে রিঅ্যাকসন হবে তাতে সাধারণ মানুষের উপর পড়বে না এবং ছোট ছোট কুটির শিল্প তাদের উপরে এই বোঝা চাপবে না। ছোট ছোট গৃহস্থালীর কাজে যে ইলেকট্রিসিটি ব্যবহৃত হয় তার উপরেই চাপবে না। স্পষ্ট করেই বলা হয়েছে এখানে যে ফ্যান অ্যান্ড ডোমেস্টিক পাওয়ার............ইত্যাদি। কিন্তু একটা কথা পরিস্কারভাবে জানা দরকার—পারিবারিক কাজ কর্মের জন্যে আমরা বিদ্যুতের ব্যবহার করে থকি সেক্ষেত্রে জনা দরকার যে কোন কোন জিনিসের উপর এ ডিউটি বেশি চাপবে না। যেমন একটি কথার আমি জবাব চাচ্ছি—যে আজকাল মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত বিশেষ করে সহরের এবং তার আসে পাশের অঞ্চলে যে ইলিকট্রিক ব্যবহৃত হয় অথবা যে ইলেকট্রিক হিটার ব্যবহার করা হয় এগুলো ব্যবহার করার উপরেও কি ডিউটি চাপবে? এটা স্পষ্টভাবে জানা দরকার। লাইটের কথা বললাম, ফ্যানের কথাও বললাম—কিন্তু যে নানা ধরনের জিনিষ বিদ্যুতের মাধ্যমে ব্যবহার করছে লোকে সে সম্বন্ধে স্পষ্ট কথা জনানা দরকার যে ইলেকট্রিক স্টোভ আমরা ব্যবহার করি যে হিটার ব্যবহার করছি, বাড়ীতে বাড়ীতে কাপড় ইস্ত্রি করার জন্য সে বিদ্যুৎ ব্যবহার করা হয় তার উপর ডিউটি হবে কিনা তার একটা সুস্পষ্ট ভাষা আমরা জানতে চেয়েছিলাম যা এখানে নেই। বোধ হয় এখানে তা রাখা যেতো। এই জন্যেই আমি অর্থ-মন্ত্রীর কাছে তার বক্তব্যের মাঝখানে আমরা আশা করবো তিনি এ সম্বন্ধে স্পষ্ট কথা বলবেন। কারণ আমি জানি এই যে গরীব মানুষের ঘাড়েই বিপদটা নানা দিক দিয়েই চাপে এবং এই ছোটখাটো ছিদ্র ধরেই সে বিপদ বড় অকারে আসে। তৃতীয় কথা হচ্ছে যে আমরা এটা মানতে রাজী আছি যে গভর্নমেন্ট বড় বড় শিল্পপতিদের কাছ থেকে বড় লোকদের কাছ থেকে ইলেকট্রি-সিটি ডিউটি বাবদ যদি ১ কোটি টাকা পান তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু সঙ্গে সঙ্গে এই প্রতিশ্রুতিও আমরা চাই যে কথা আগেও আলোচনা হয়েছে যে এর যে পরোক্ষ ফল সেই পরোক্ষ ফল যে গরীব জনসাধারণের উপর না আসে। আমরা জানি যে গভর্নমেন্ট এক দিকে যখন এক কথা বলেন তখন অন্য ফল ফলে। মোটর ভিকলস-এর উপর সরকার যখন কর চাপালেন তখন কানাইবাবু একটা কথা বলেছিলেন যে অর্থমন্ত্রী মহাশয় কৃষ্ণরূপে করটি চাপালেন আবার তাঁর কালীরূপ দেখা যাবে যে রূপে ঐ বাসের মালিকরা যখন ভাড়া বাড়াবে তখন তিনি আর কিছু করতে যাবেন না। ঐ ট্যাক্স জনসাধারণের উপরেই চাপবে। সেকথা আজকে বাস্তবিক ক্ষেত্রে ফলতে বসেছে। কলকাতার যে অসংখ্য মানুষ ট্রামে যাতায়াত করে যাদের গাড়ী নেই এমন লোক সাধারণ মনুষ মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত লোক যখন যাতায়াত করে তখন ক্লান্ত হয়ে পড়ে এই বিল আনার পরে ট্রাম কোম্পানীকে যদি বেশি টাকা দিতে হয় ডিউটি বাবদ তাতে যে ট্রাম কোম্পানী ভাড়া বাড়াবে না এই ধরনের সুস্পষ্ট প্রতিশ্রুতি আমরা মন্ত্রিমহাশয়ের কাছ থেকে চাই।

[4—4-10 p.m.]

এই বিল আনার পরে ট্রাম কোম্পানী যদি বেশী টাকা খরচ করতে পারে ইলেকট্রিসিটি বাবদ, যে ইলেকট্রিসিটি ছাড়া চলে না, তার ফলস্বরূপ ট্রাম কোম্পানী ভাড়া বাড়াবে না—এইরকম একটা সুস্পষ্ট প্রতিশ্রুতি, সুস্পষ্ট অভয় আমরা গভর্নমেন্টের কাছ থেকে পেতে চাই। কিন্তু সেই ধরনের কোন প্রতিশ্রুতি এখানে দেখতে পাচ্ছি না। সেইভাবে একই কথা সর্বত্র খাটছে। সরকার এক হিসেবে একটা কাজ করছেন, কিন্তু আমরা এটাও দেখছি বর্তমান অবস্থার মাঝখানে বিশেষ করে এবার এই সময় এই যে সর্বনাশা বাজেট বিধানসভায় গৃহীত হলো এবং কেন্দ্রেও হয়েছে এবং তার ফলে যখন বিশেষতঃ গরীব, মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত মানুষ একে তারা নানারকম জ্বালাতে ভুগছে, সেই অবস্থার মাঝখানে আমরা আশঙ্কা করছি আজ যদি বিদ্যুতের জন্য বেশী খরচ দিতে হয় ই-ডাস্ট্রিয়ালিস্টদের, তাহলে শিল্পপতিরা সেটা জনসাধারণের কাছ থেকে তুলে নেবেন এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নাই। এবং নিত্যপ্রয়োজনীয় ও নিত্যব্যবহার্য যে জিনিসপত্র, সেই জিনিসপত্রের খদ্দের যখন জনসাধারণ, তখন তাদেরকেই বেশী বোঝাটা বহন করতে হবে এবং শেষ পর্যন্ত দেখা যাবে ঐ বাড়তি টাকার যে সমস্তটা দিতে হবে বড় বড় শিল্পপতিদের, এক কথায় বড়লোকদের সেই বাড়তি টাকাটা সহজেই জনসাধারণের কাছ থেকে তুলে নেওয়া হয়েছে এবং লাভের অঙ্ক যেটা সেটাও মোটা হয়েছে।

এটা ছোট একটা বিল হলেও এই বিলকে অগ্রাহ্য করা যায় না; সামান্য হলেও এটাকে অসামান্য বলে আমরা মনে করি। গভর্নমেন্টের যে প্রবণতা, যে মনোবৃত্তি সর্বক্ষেত্রে কাজ করে থাকে, এখানেও সেটা কাজ করবে। এটা আমরা আশঙ্কা করছি। আমি সেইজন্য মাননীয় অর্থ-মন্ত্রীর কাছে জানতে চাচ্ছি তাঁর জোরালো গলার কথা তিনি বলুন এখানে যে এই অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ড-এর ফলে বিদ্যুতের উপর ডিউটি যদিও বাড়ানো হলো, তার ফলে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের উপব ইনডাইরেক্ট ট্যাক্সেশন হবে না, তার বোঝা ঘুরে ফিরে তাদের উপর এসে পড়বে না। এই কথা তাঁর কাছ থেকে আমি আশা করছি।

Shri Mono Ranjan Baksi:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলতে বাধ্য হচ্ছি যে এখানে দেখছি প্রত্যেকদিন ট্যাক্স বাড়ানোর ব্যাপার নিয়ে আমরা আলোচনা করছি। ট্যাক্স বৃদ্ধি করা যেভাবে হচ্ছে, তাতে দেখতে পাচ্ছি বাংলাদেশের জনসাধারণ বিব্রত বোধ করছে।

আপনি জানেন স্যার, দেশ যখন পরাধীন ছিল, বৃটিশ গভর্নমেন্ট যে ট্যাক্স আদায় করতেন, আমরা তার বিরোধিতা করতাম। আমরা জানতাম সেই ট্যাক্স আদায় করে তারা দেশে নিয়ে যাবে। আর আমাদের জাতীয় সরকারের প্রবর্তন হয়েছে, দেশের কল্যাণের জন্য। আমরা ট্যাক্স দিতে আগ্রহী। নিরক্ষর বাংলার জনগণেব উপর যেভাবে সরকার ট্যাক্সের বোঝা দিন দিন চাপিয়ে চলেছেন, তাতে মনে হয় বাংলাদেশের জনসাধারণ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত সকলে অসহায় বোধ করছেন। তাই আজকে নিবেদন করছি বাজেট সেসন যখন শেষ হতে চলেছে, আজ সেই মুহূর্তে বৃহস্পতিবারের বারবেলায় এই ইলেকট্রিসিটি বিল মারফৎ ট্যাক্স বৃদ্ধির যে প্রস্তাব নিয়ে এসেছেন সরকার, তাতে মনে হয় তাঁরা বাংলাদেশের জনসাধারণকে ইলেকট্রিক শক দিয়ে মৃত্যু ঘটাবার চেষ্টা করছেন এই প্রস্তাব এনে।

মাননীয় স্পীকার স্যার, আজকে যদি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মনে করে থাকেন যে বাংলাদেশের মধ্যবিত্ত জনসাধারণ মরে গিয়েছে, অতএব আমি যা মনে করবো, তাই করবো, তাহলে আমি তার বিরুদ্ধে বলতে চাই বাংলার জনসাধারণ এখনও মরেনি, বেঁচে আছে। তিনি যেভাবে ইলেকট্রিক পাওয়ার দিতে আরম্ভ করেছেন, তাতে আমার মনে হয়, বাংলার জনসাধারণ এর তীব্র প্রতিবাদ করবে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিলটি হাউসের সামনে নিয়ে এসেছেন, তার সম্বন্ধে পূর্ববর্তী বক্তারা যা বলে গেলেন, তারপর আবার সেইসব পয়েন্টে বললে পুনরুক্তি হবে। আমি যেটুকু শঙ্করবাবুকে দেখে বুঝেছি, তা হচ্ছে শঙ্করবাবু খুব সাদাসিধা লোক, তিনি সোজা কথা বলে দেন, সেটা শুনতে ভাল লাগে। দ্বিমত হলেও শুনতে ভাল লাগে। তিনি বলেছেন টাকা নেই, টাকা আমার দরকার, টাকা আমাকে নিতে হবে; এবং নিতে হলে, আমি যত কম পারি নেবো। এই হচ্ছে ও'র পক্ষের যুক্তি।

স্যার, কাল কি পরশুদিন হবে, দিনের বেলায় আমি সেন্ট্রাল এভিনিউ দিয়ে হাঁটতে হাঁটতে যাচ্ছিলাম। যেতে যেতে দেখি যে দিনের বেলায় সেখানে রাস্তার বাতিগুলো জ্বলছে। তখন আমার মনে পড়লো সেই ছোটবেলায় একটা কবিতা পড়েছিলাম—"যেজন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি"। এখানে মোমের জায়গায়, বিজলী। জ্বালায় বিজলী বাতি। "আশু গৃহে তার জ্বলিবে না আর নিশীথে প্রদীপ ভাতি"। শঙ্করবাবুর কাছে আমার বক্তব্য হচ্ছে, ঐটা আমার একটা পয়েন্টার। অর্থাৎ ইলেকট্রিসিটি অপব্যয় ও অপচয় কিভাবে হচ্ছে, তা আমরা বুঝতে পারছি এই থেকে। যে রাজ্যে দিনেব বেলায় ইলেকট্রিক বাতি জ্বালান হচ্ছে, সেই রাজ্যে ইলেকট্রিসিটি যে কিভাবে অপচয় হচ্ছে তা সহজেই বোঝা যায়। তিনি আজ অর্থমন্ত্রী হয়েছেন, এবং আইন থেকে অর্থে যাওয়া খুব সোজা ব্যাপার নয়, তারও একটা অর্থ থাকে। কাজেই তিনি আজ অর্থমন্ত্রী হয়ে যদি সেই জিনিসটা একটু চিন্তা করে দেখেন—ঐ পয়েন্টারটাকে—"আশু গৃহে তার জ্বলিবে না আর, নিশীথে প্রভাত ভাতি" (হাস্য।) সেটা যদি দেখেন, তাহলে তিনি নিজেই বুঝতে পারবেন যে এইভাবে ট্যাক্স না করেও তিনি [illegible] অপচয়কে যদি বন্ধ করতে পারতেন তাহলে তাঁর টাকাটা আসতো। যাক্, সে সব তো অন্য প্রসঙ্গ।

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আপনার কাছে আর একটা বিষয় এই ইলেকট্রিসিটি সম্পর্কে বলছি। উনি বলেছেন এই ইলেকট্রিসিটির উপর খুব সামান্য ট্যাক্স ধার্য করেছেন। সত্যিই খুব সামান্য, এক নয়া পয়সাও নয়। বোধহয় আধ নয়া পয়সার কাছাকাছি হবে। এখানে আমি আপনার মারফৎ শঙ্করবাবুকে একটা কনক্রীট এক্সাম্পল দিই—যে একটা সামান্য ট্যাক্স কিভাবে অসামান্য হয়ে যায়। ধরুন আমাদের সেন্ট্রাল বাজেটের কথা। আমি এই সেন্ট্রাল বাজেটে দেখছিলাম, ইট মে বি আই য়্যাম রং, কিন্তু, আমি যেটা বুঝেছি সেটা আপনার সামনে রাখছি—প্যার ওয়ান থাউজ্যান্ড সিগারেটের উপর ৮৭ পয়েন্ট কত নয়া পয়সা সেন্ট্রাল গভর্নমেন্ট ট্যাক্স ধরেছেন। অর্থাৎ তাঁরা যে সারচার্জ করেছেন সিগারেটের উপর, তাতে ১০টা সিগারেট নিয়ে যে একটা প্যাকেট হয়, সেই প্যাকেটের মূল্য বেশী হয়ে দাঁড়ায় এক নয়া পয়সাও নয়. তবে এক নয়া পয়সা পর্যন্ত বাড়াতে পারেন। আমি একটা সিগারেটের কথা বলছি, 'এম্‌ব্যাসী', তার দাম ছিল বাজারে ২২ নয়া পয়সা, সেটা তার পরে ১ নয়া পয়সা বাড়লো, তাহলে ২৩ নয়া পয়সা তার দাম হওয়া উচিত ছিল। কিন্তু বাজারে সেটা ২৫ নয়া পয়সায় বিক্রি করা হচ্ছে। এ ছাড়া আরও সিগারেট আছে যেমন মার্কোভিচ, ব্ল্যাক এন্ড হোয়াইট, এগুলি বাজারে ৩৫ নয়া পয়সা দামে বিক্রয় হচ্ছে। শঙ্করবাবু নিশ্চয় খবরের কাগজে দেখেছেন যে বিগ বিজিনেস মেনরা, তাদের নিজের স্বার্থে কিভাবে এটা ইউটিলাইজ করে এবং কিভাবে এই ১ নয়া পয়সাকে আরও বাড়িয়ে, সেটা জনসাধারণের ঘাড়ে চাপায়। তারা খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে কোন জায়গায়, ৩ নয়া পয়সা, কোন জায়গায় ১০ নয়া পয়সা দাম বাড়িয়েছেন।

[4-10—4-20 p.m.]

শঙ্করদাসবাবু যদি জানতেন তাহলে এই ইলেকট্রিসিটির উপরে সারচার্জ করতে গিয়ে অনেক জিনিস চিন্তা করতেন। এখন এই ইলেকট্রিসিটি বিলের উপর বলতে গিয়ে, আর একটা কথা এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর অবস্থায় সেন্ট্রাল এন্ড প্রভিন্সিয়াল গভর্নমেন্ট বিভিন্নভাবে প্রাইভেট সেক্টর থেকে পাবলিক সেক্টরকে বেশী করে স্টেপ আপ করার গ্যারান্টি দেওয়া সত্ত্বেও পশ্চিম বাংলায় দেখছি একটি প্রাইভেট কনজিউমারদের ইলেকট্রিক সাপ্লাই দিচ্ছে ব্যারাকপুর ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন তার সম্বন্ধে ইলেকট্রিক বোর্ড-এর কাছে বহু অভিযোগ এসেছে, লোকাল পিপুল বহু অভিযোগ করেছে, নাগরিক সমিতি বহু অভিযোগ করেছে এবং এখানকার ইলেকট্রিসিটি দপ্তর থেকে ইন্সপেক্টর গিয়েছেন এবং যাওয়ার পর ব্যারাকপুর ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন-এর অ্যাকাউন্টস দেখা হয়েছে তার পরে আর কিছুই হয়নি। শুধু হয়নি তা নয়—সেই অফিসার নাকি তারপর বিলাত গিয়ে বিলাত থেকে ঘুরে এসেছেন। আবার দেখছি সিমেন্ট-এর ব্ল্যাকমার্কেটিং চলছে ৫০০ বস্তা সিমেন্ট-এর ব্ল্যাকমার্কেটিং হল। ওরা সোভিয়েট রাশিয়া, চায়না ইত্যাদির কথা বলতেন। আমি বলতে চাই আমাদের দেশে কেন এ ভাব হবে—কোন দেশে কি হচ্ছে না হচ্ছে সেটা বড় কথা নয়। সবচেয়ে বড় কথা এইসব কুকাজ আমাদের দেশে কেন হবে। অর্থমন্ত্রী শঙ্করদাস ব্যানার্জীর প্রতি আমার শ্রদ্ধা আছে—অন্ততঃপক্ষে এইসব জিনিস-গুলি সম্পর্কে তিনি তার ডিপার্টমেন্ট-এ ইনফ্লুয়েন্স করে বন্ধ করতে পারেন তার চেষ্টা যেন করেন। আর একটা কথা বলব—ইলেকট্রিসিটি তো আমাদের দেশে শর্টেজ এবং ১২০০ মেগা-ওয়াট লাগবে সেখানে সাতশ কত মেগাওয়াট আছে। কিন্তু ইলেকট্রিসিটি এক্সপেন্ডিচার কমাবার জন্য দেখছি সচদেব কমিটি যে রিপোর্ট দিয়েছিলেন সেটা বাই পাস করা হচ্ছে। আমরা দেখছি সেন্ট্রাল গভর্নমেন্ট যে কমিটি বসান সেই কমিটি যে জিনিস রেকমেন্ড করেন তা আনা হয় না—বাই পাস করা হয় এবং দেখছি ডাইরেক্ট ট্যাক্সেসন না হলেও ইনডাইরেক্ট ট্যাক্সেসন জনসাধারণের উপর এসে যাচ্ছে। এজন্যে আমরা এই বিলকে সমর্থন করতে পারছি না।

The Hon'ble Sankardas Banerji: I have heard with attention the various points put forwarded by my friends Opposite.

The first thing that they have said is that we have not closely examined the matter; that on the face of it the Bill looks innocuous but when you examine it rather carefully, it reveals a different picture. That is what has

been stated by my friends on the other side. I am sorry to say that I went to put forward exactly the same argument. It is they who have failed to examine it closely, otherwise they could not have said many things which they have said had they been in the know of correct facts.

The first thing I would like to tell is this: we have practically exhausted, I say practically, I don't say wholly, the sources of hydel electricity. There is hardly any river capable of being harnessed for the production of electricity which has not been harnessed. You may ask, how it is relevant. It is relevant in that hydel electricity is cheaper, and we have now to fall back on thermal power for the purpose of supplying electricity.

Now, why are we trying to step up production of electricity? That is the main question. When I presented my budget before this House I drew attention of the honourable members to the fact that instead of Rs. 9 crores which we have spent last year we are going to spend Rs. 18 crores. Why? Why this top priority is being given to generation of electricity prunning down other items? That is the main point. My friends always criticise that we do not produce sufficient food. For the information of my friends here I may tell you this. We have sunk altogether a large number of tube wells 125 of which have been energised, and some of them by diesel power. The rest of the tube wells have not been energised at all. You know, the cost of sinking a deep tube well is of the order of Rs. 75,000 to Rs. 80,000 minimum. How are we to step up food production? D.V.C. water will surely not cross the Bhagirathi to irrigate areas in Nadia, Murshidabad and 24-Parganas. We have got to sink deep tube wells for the purpose of production of more food. Therefore, electric power is necessary. Where do we get electricity? No alternative but to have more thermal stations for production of electricity.

Secondly, we know it for a fact that our plants and machinery do not work all the time, full three shifts. That means we are producing so much less. Forget the industrialists. You have installed a plant in this country; if you cannot make full use of it, not only industries suffer, industrialists suffer, production suffers. You have got to fight that. Therefore, we have got to do it.

My friend there was thinking of a nursery rhyme

"যে জন দিবসে........."

I don't know whether he was accusing the Government or the Calcutta Corporation. Government of West Bengal has hardly anything to do in the matter of street lighting in Chittaranjan Avenue. Therefore, perhaps he was holding out threat to the Corporation, in which case I would thank him so much. We are not concerned with it.

Let me tell you again that so far as we are concerned we are very much in short supply, and I know it for a fact that many institutions which go in for air conditioning between the hours of 6 and 8, they are not permitted to use electricity at all, air conditioner or no air-conditioner. I do not know how you would like in this House; the rest of Calcutta is to go without it.

So far as the Calcutta Electric Supply Corporation is concerned, the total installed capacity of the Calcutta Electric Supply Corporation is 450 Mega Watt, but do you know how much they are producing? They are producing only 300 Mega Watt. The reason is old machinery and so on. Perhaps, if we replace them they will be able to produce more. But then, there is the question, the inevitable question of foreign exchange. It is not easy to replace the generating plants of the Calcutta Electric Supply Corporation which will run into many crores of rupees. In the Greater Calcutta Area, the present supply of electricity is 400 Mega Watt.

[4-20—4-26 p.m.]

By Greater Calcutta I mean Budge Budge, Kalyani and Kancrapara areas. Now, the demand is for 550 megawatts—we have to supply it. Well, you cannot have it both ways—you will criticise us that we are not producing food but when we try to produce food, you are angry with me and you say 'provide industry' and so on, and when I try to do that, you get angry with me because I ask for half a naya paisa more and because it might ultimately fall on the consumers. Take for instance, the Tata's or the Indian Iron and Steel. Now, how much would it reflect on an item, say, on joist, I cannot tell you. It may be five rupees or it may be ten rupees, but you must pay for it because this is a necessity and the necessity will have to be met by extra taxation. The point is, are we just in our outlook, are we just in our approach, should we have gone in for this thing or could we have avoided it? That is the whole question. I am no wizard, I am a practical man and I have come to the conclusion that it cannot be avoided, we have got to do it. That is a straight question and perhaps a straighter answer is that the country needs it. We need the money, we must utilise it for improving industry for production of food and for other colateral purposes. They were not pleased that domestic consumers have not been made to pay. Well, supposing the industrialists make more profit, what will be the consequence? I think my friends on the other side have not forgotten the Central Finance Minister's budget proposal for super tax—they will be swept away, wait and see what happens to them. This thing is an urgent necessity, we must have it and this extra money is needed for the welfare of the State and the State has no alternative but to come before the House asking for the increase in the rates.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963, was then put and lost.

The motion of the Hon'ble Sankardas Banerji that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 and 4

The question that clauses 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Tarun Kumar Sen Gupta:

মিঃ স্পীকার, স্যার, আমি শুধু একটা অ্যামেন্ডমেন্ট আনছি, সেটা হচ্ছে ৫(বি)১, সেখানে বলা হয়েছে কটেজ ইন্ডাস্ট্রির জায়গায় আমি এভাবে একটা অ্যামেন্ডমেন্ট আনতে চাচ্ছি

A cottage industry or a small-scale industry, by the undertaking not being a factory as defined in the Factories Act, 1948.

এটা করা যায় কিনা

Or the industry where the total number of heads engaged therein is up to 100.

আমার মনে হয় যে ছোট ছোট শিল্পপতিদের পক্ষে এতে একটু সুবিধা হবে। তা না হলে আমি মনে করি কো-অপারেটিভ পাওয়ারলুম ইত্যাদি এদের উপর অন্তত টেনশন বেশি হবে, এবং এদের বিজনেসের ক্ষতি হবে।

The Hon'ble Sankardas Banerji: Sir, I think, I might have answered this question when I was addressing the House a minute ago. I checked it up because this is a very important question. I have no doubt about it. The question is whether the Factories Act applies or not. If power is used, then a factory employing 10 people or less does not come under the Factories Act. And if the Factories Act does not apply, it will not be affected.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-26 p.m. till 12 noon on Friday, the 29th March, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Buildings, Calcutta, on Friday, the 29th March, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 12 Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 155 Members.

Reference to the death of a Fire Brigade employee

[12—12-10 p.m.]

শ্রীদেবীপ্রসাদ বসু: স্যার, আজকের এই অধিবেশন পাঁচ মিনিটের জন্য মুলতুবী রাখা হোক। আমরা দেশের অনেক বড় বড় লোকের জন্য মুলতুবী রাখি, কিন্তু ফায়ার ব্রিগেড-এর যে কর্মীটি শ্রীএন্থনি জেমস সাহসের সঙ্গে সংগ্রাম করে জীবন দিলেন তার পরলোকগত আত্মার প্রতি আমাদের শ্রদ্ধা দেখান উচিত।

শ্রীনেপালচন্দ্র রায়: স্যার, দেবীবাবু যে কথা বললেন আমিও সেটা সমর্থন করছি যে আজ এই হাউস পাঁচ মিনিটের জন্য বন্ধ রাখা হোক।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এটার প্রতি আমাদেরও সমর্থন আছে। আমরা যদি এইভাবে সম্মান প্রদর্শন করি তাহলে আমাদের যাঁরা সরকারী কর্মচারী তাঁরা উৎসাহ পাবেন এবং তাঁরা আরও ভালভাবে জনসাধারণের কাজ করতে পারবেন। সুতরাং তাঁর এই আত্মত্যাগের প্রতি আমরা আমাদের শ্রদ্ধা পোষণ করি এবং এ বিষয়ে আমাদের যা কর্তব্য সেটা আমাদের পালন করা উচিত।

শ্রীহেমন্তকুমার বসু: ফায়ার ব্রিগেডএর কর্মীটি যেভাবে জীবন দিয়েছেন সেটা অত্যন্ত উৎসাহের বিষয়। বাস্তবিক এইরকম সাহসের পরিচয় আমরা খুব কম কর্মীর দেখি। লোকে এইরকমভাবে যুদ্ধে জীবন দান করে, কিন্তু এইরকমভাবে জীবন বিপন্ন করা বাস্তবিকই একটা ঐতিহাসিক ঘটনা। কাজেই এইরকম আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করার জন্য যে প্রস্তাব এসেছে সেটাকে আমি সমর্থন করি।

শ্রীননী ভট্টাচার্য: শ্রদ্ধেয় দেবীবাবু যে কথা বলেছেন সেটার প্রতি আমাদের দলের সমর্থন আছে এবং আমি মনে করি সেই কর্মীটির প্রতি সম্মান প্রদর্শনের জন্য পাঁচ মিনিটের জন্য এই হাউস মুলতুবী রাখা হোক।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমার মনে হয় যে, সরকারী কর্মচারীটি সাহস, বীরত্ব এবং কর্তব্যপরায়ণতার পরিচয় দিয়েছেন তাতে আমাদের পাঁচ মিনিটের জন্য মুলতুবী রেখে সম্মান জানান উচিত।

Mr. Speaker: I would request the honourable members to stand in silence for one minute.

(At this stage the honourable members rose in their seats and remained standing in silence for one minute.)

Thank you, ladies and gentlemen. The Secretary will do the needful.

The House stands adjourned for 5 minutes as a mark of respect to the departed soul.

[At this stage the House was adjourned for five minutes.]

[After adjournment.]

Deputy Speaker's apology for last days' incident

[12-10—12-20 p.m.]

Shri Ashutosh Mallick: Mr. Speaker, Sir, I owe it my duty to say something with regard to yesterday's incident. What I did say yesterday I said in course of discharging my duties as a Speaker.

Mr. Speaker: Mr. Mallick, I don't think that there is any occasion at the moment to say as to what had been said or not said—whether said rightly or wrongly—in course of your duty. After all you were sitting in the Chair. Therefore, I have got a right to look into the matter. That matter has been raised............

Shri Ashutosh Mallick: No, no, you have no right to look into the matter. Let me say what I have got to say and then you give your ruling.

Sir, permit me to say something with regard to yesterday's incident. What I did say yesterday I said in course of discharging my duties as a Speaker of this House. I had no intention to offend anybody. Still, even if my words have had any adverse effect upon the mind of any Hon'ble Member of this House, I am really very sorry and I should apologise and I do apologise for that.

With regard to your giving ruling, I should say, there is nobody under the sun including yourself, Sir, who can challenge my ruling given while I was occupying the Chair.

Mr. Speaker: Mr. Mallick, that point you need not go into because I have not as yet given any opinion.

Shri Ashutosh Mallick: I repeat what Mr. Banerji had said.

Mr. Speaker: That's all right. I thank you Mr. Mallick.

Shri Anadi Das:

আজকে এই হাউসের কাজ আরম্ভ হবার আগে আমি একটা ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুগান্তর কাগজে একটা খবর বেরিয়েছে, "রিলিফের আটা নিতে এসে শেষ নিঃশ্বাস ত্যাগ"......

Mr. Speaker: Mr. Das, let the question hour be over and then you speak.

STARRED QUESTION

(to which oral answers were given)

Kulti Sewage Water Canal

***151.** (Admitted question No. *967.) **Shri Nepal Chandra Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) if any land was acquired for the Corporation of Calcutta from within the jurisdiction of Bhangar police-station for excavating the Kulti sewage water canal;

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) how many acres of land were acquired;

(ii) how many acres of land, such acquired, are being utilised as beds and banks of sewage water channel and stores water channels; and

(iii) how many acres of the acquired land has been leased out and/or sold out for residential and agricultural purposes?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) Yes.

(b)(i) 1,419.43 acres.

(ii) 1,117.28 acres.

(iii) An area of 302.15 acres was transferred to the Refugee Relief and Rehabilitation Department for resettlement of refugees both agricultural and non-agricultural.

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে জমি দখল করা হয়েছে কুলটি সিউয়ার ওয়াটার ক্যানেল ডিসপোজালএর জন্য, এটা কি ঠিক?

The Hon'ble Saila Kumar Mukherjee:

বলেছি তো ইয়েস।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে ঐ একসেস ল্যান্ড যাদের কাছ থেকে দখল করা হয়েছিল, তাদের সেটা ফেরৎ না দিয়ে রেফিউজি রিহ্যাবিলিটেশনএর জন্য দিয়ে দেওয়া হল কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা কর্পোরেশনের ব্যাপার, কর্পোরেশন বলতে পারেন। রিফিউজিরা তাঁদের জমিতে বসেছিল। কর্পোরেশন তাঁদের কল্যাণের জন্য রিফিউজি ডিপার্টমেন্টকে দিয়ে দিয়েছেন।

Shri Lutful Hoque:

যে জমি তাঁরা রিকুইজিশন করেছিলেন তা কর্পোরেশনের অনুরোধে কি না? এই জমি রিকুই-জিশন করে দিয়েছিলেন কর্পোরেশনকে ফর দি পার্টিকুলার পার্পাস?

The Hon'ble Saila Kumar Mukherjee:

নিশ্চয়ই।

Shri Lutful Hoque:

কাজেই সরকার যখন পার্টিকুলার পারপাসএ ঐ জমি কর্পোরেশনকে রিকুইজিশন করে দিলেন, সেই পার্টিকুলার পারপাসএ কর্পোরেশন সেই জমি ইউজ করবেন—এটা নিয়ম। কাজেই কর্পো-রেশন যখন আদার পার্পাসএ সেটা ইউজ করতে গেল, তাতে সরকারের কি দায়িত্ব আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সর্বত্র যেমন হচ্ছে—যখন কোন জায়গায় রিফিউজি বসেছিল, সেখানেই রিফিউজিদের সেটেল-মেন্ট হয়, তেমনি এখানেও সরকার [illegible] সেটেলমেন্টএর জন্য দিয়েছেন।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার জবাবটা হল না। আমি জিজ্ঞাসা করেছিলাম, কলিকাতা কর্পোরেশন জমি দখল করেছে কুলটি সিউয়ার ওয়াটার ডিসপোজাল করবার জন্য। তার জন্য যতটা দরকার সেটা বাদ দিয়ে একসেস ল্যান্ডটা রিফিউজি ডিপার্টমেন্টকে হ্যান্ড ওভার করে দেওয়া হল। কিন্তু যাদের কাছ থেকে জমি দখল করা হয়েছিল, তাদের কাছে ফেরৎ

দেওয়া হল না কেন? যে কারণে জমি দখল করা হয়েছিল, সেই কাজে যখন লাগল না, তখন নিয়ম হচ্ছে, জমি যাদের, তাদের ফেরৎ দেওয়া সেটা না করে রিফিউজি রিলিফ ডিপার্টমেন্টকে হ্যান্ড ওভার করলেন কেন? যদি সেজন্য প্রয়োজন হয়, আলাদাভাবে সেটা দখল করে নিতে পারতেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আসল ব্যাপার হচ্ছে এই রিফিউজিরা অনেক আগে থেকে সেখানে স্কোয়াট করেছিল, যেমন অন্য জায়গায় হয়ে থাকে, একবার বসলে আর সেখান থেকে রিফিউজিদের সরাতে পারি না। তেমনি এখান থেকেও তাদের সরাতে পারি নি এবং পরে সেই জিনিসই রেগুলারাইজ করবার ব্যবস্থা করা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

যে রিফিউজিরা স্কোয়াট করেছিল বলছেন, এটা কি সত্য, তাদের যখন ওখানে নিয়ে আসা হয়েছিল প্রথমে, তখন সেই জমিতে তাদের সেটেলমেন্ট করবার আশ্বাস দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

রিফিউজিরা কখনও নিয়ে আসা হয় নি, তারা নিজেরা এসে বসেছিল।

Shri Sailendra Nath Adhikary:

ওরা স্কোয়াটারস হয়ে গেছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সর্বত্র বাংলাদেশে যা হয়েছে যেখানে রিফিউজিরা এসে বসেছে, সেখানে তাদের পুনর্বাসনের জন্য হাজার হাজার বিঘা জমি দেওয়া হয়েছে। এখানেও আড়াই শো একর তিন শো একর জমি দেওয়া হয়েছে। কর্পোরেশনের জমি, যেহেতু সেই জমিতে রিফিউজিরা বসেছিল, সেই কারণেই রিফিউজিদের সেটেলমেন্টএর জন্য মেনে নেওয়া হয়েছে।

Wage-rate for test-relief works

***152.** (Admitted question No. *1019.) **Shri Sudhir Chandra Das:**

ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান টেস্ট রিলিফের মজুরির হার কি; এবং

(খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি হওয়ার টেস্ট রিলিফের মজুরির হার বৃদ্ধি করিবার বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কি?

Shrimati Shakila Khatun:

(ক) মজুরী খাদ্যশস্যে দেওয়া হইলে মাথাপিছু দৈনিক ২½ কিলোগ্রাম চাল, গম, আটা অথবা তিন কিলোগ্রাম ধান এবং তার সংগে মাথাপিছু সপ্তাহে পঁচিশ নয়া পয়সা। আর শুধু নগদে দেওয়া হইবে মাথাপিছু এক টাকা হইতে ১·৫০ নয়া পয়সা।

(খ) না।

[12-20—12-30 p.m.]

Shri Anadi Das:

দৈনিক ১ টাকা থেকে ১:৫০ নয়া পয়সা, এই রকম কাকে, কাকে কি রকম অবস্থায় দেওয়া হয়, জানাবেন কি?

Shrimati Shakila Khatun:

প্রয়োজন মত জায়গা বুঝে গভর্নমেন্ট দিচ্ছেন।

Shri [illegible]a Nath Adhikary:

মাননীয়া মন্ত্রী মহোদয়া যে কিলোগ্রাম গম এবং চালের কথা বললেন, সেই কিলোগ্রাম চাল বা গম যা দিলেন তার বাজার রেট কত? আপনি যে কন্ট্রোলড রেট-এ হুইট এ্যান্ড রাইস দিলেন হোয়াট ইজ দি কন্ট্রোলড রেট?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা একটা হিসেব করে দেওয়া হয়। আড়াই কিলোগ্রাম আটার দাম ১ টাকার চেয়ে কম নয়, বরং একটু বেশী।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয়া মন্ত্রীমহোদয়া বললেন ১ টাকা থেকে ১·৫০ নয়া পয়সা দেওয়া হয়। এই কথাটা কিভাবে আমরা বিশ্বাস করতে পারি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই যে রেট ১ টাকা থেকে ১·৫০ নয়া পয়সা, এটা এক জায়গায় দেওয়া হয় নি। যেমন ধরুন জলপাইগুড়ি জেলাতে টেস্ট রিলিফের কাজ করি, সেখানে মজুরী দেওয়া হয়, এবং এটা যখন নির্ধারিত করেছিলাম তখন সেই অঞ্চলের ওয়েজ রেট কি, দেখে করা হয়েছিল।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি বর্তমানে বাজারের যে রকম দর, তাতে এক টাকা থেকে দেড় টাকা এই যে রেট ধার্য্য করেছেন, সেটা ফর দি হিউমেনিটিজ সেইক, বাড়িয়ে দেড় টাকা থেকে আড়াই টাকা করবার পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। এরকম কোন পরিকল্পনা নেই।

Shri Jamini Bhusan Saha:

মাননীয়া মন্ত্রীমহোদয়া বলবেন কি দৈনিক কতখানি কাজ করলে পর এই মজুরী পাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই জিনিসটা নির্ভর করে সেই ব্যক্তির কার্য ক্ষমতার উপর। আমি এমন জায়গা দেখেছি—যেমন বীরভূম জেলার চার ঘণ্টা কাজ করে এই মজুরী পায়। আমার যত দূর জানা আছে পাঁচ ঘণ্টার বেশী কাজ করতে হয় না।

Shri Balai Lal Das Mahapatra:

এই এক টাকা করে মজুরী দিচ্ছেন কোন কোন জেলায়?

Shrimati Shakila Khatun: This question does not arise.

নোটিশ দিলে বলতে পারবো, এখন জানি না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয়া মন্ত্রীমহাশয়া কি অবগত আছেন যে [illegible] এক টাকা করে রেট দেওয়া হচ্ছে?

Shrimati Shakila Khatun:

না। আমার জানা নেই।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয়া মন্ত্রীমহাশয়া কোন জায়গায় কোন রেট দেওয়া হচ্ছে তা যদি না জানেন, তাহলে কি জন্য আপনি এসেছেন এই প্রশ্নের জবাব দিতে?

The Hon'ble Abha Maiti:

আপনার কাছে নোটিশ চাওয়া হয়েছে। কোন জেলায় কত রেটএ দেওয়া হয়, তার প্রশ্ন পরে করবেন তখন তার উত্তর দেওয়া যাবে।

(এ ভয়েসঃ এইভাবে কথা বলবেন না। ভদ্রভাবে বলুন।)

Shri Sailendra Nath Adhikary:

আমি জিজ্ঞাসা করছি যেভাবে রেট বেঁধে দেওয়া হয়েছে তাতে যারা এই টেস্ট রিলিফের কাজ করছে, বিশেষত রাঢ় অঞ্চলে, সেখানকার মাটি এত কঠিন, তার ফলে সেখানে অনেক মেয়ে যারা কাজ করে, তারা দৈনিক চার আনা ছয় আনার বেশী রোজগার করতে পারে না। তাদের দুরবস্থার কথা স্মরণ করে, রাদের সত্যিকার রিলিফ দেওয়ার জন্য, মানবতার খাতিরে এই রেটটা বাড়ানর পরিকল্পনা করবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

এখানে মানবতার প্রশ্ন নেই। চীফ মিনিস্টার বলেছেন রেট বাড়ানর প্রশ্ন এখন বিবেচনা করা হচ্ছে না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, জলপাইগুড়িতে সেখানকার মজুরীর রেট, ওয়েজ রেট অনুযায়ী কিছু বৃদ্ধি করা হয়েছে। আমি জানি আমার জেলায় হিজল মাটি ও খুব কড়া মাটি এবং সব জায়গায় এক রকম মাটি নয়; সেই জেলায় যদি মজুরীর রেট এক টাকা থেকে বার আনা করেন, তাহলে খুব অসুবিধা ও অন্যায় হয়। অনেক জায়গায় দেখা যাবে হিজল মাটি সিমেন্টের মত শক্ত, সেখানে টেস্ট রিলিফের কাজ নিয়েও সেই কাজ উদ্ধার করা যায় না। সুতরাং মজুরী না বাড়ালে সেই কাজ বন্ধ হয়ে পড়ে থাকে। এই রকম ক্ষেত্রে মজুরী বাড়াবার কোন নির্ধারিত পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

বর্তমানে আমাদের এই রকম কোন পরিকল্পনা নেই।

Shri Sanat Kumar Raha:

যেখানে টেস্ট রিলিফের কাজের জন্য প্রয়োজন হয়ে পড়েছে, সেখানে এটা করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

On 13th March, 1963 the price of paddy was Rs. 16.28 nP., a month ago it was Rs. 15·89 nP., two month ago it was Rs. 15·43 nP. and three month ago it was Rs. 14.87 nP.

In the district of Birbhum on 13th March, 1963, the price of rice was Rs. 26.33 nP., a month ago it was Rs. 26.17 nP., two months ago it was Rs. 25.34 nP. and three months ago it was Rs. 24.70 nP.

On 13th March, 1963, the price of paddy was Rs. 15·82 nP., a month ago it was Rs. 15.49 nP., two months ago it was Rs. 14.80 nP. and three months ago it was Rs. 14.28 nP.

In the district of Murshidabad on 13th March, 1963, the price of rice was Rs. 25.76 nP., a month ago it was Rs. 25.33 nP., two months ago it was Rs. 24.30 nP. and three months ago it was Rs. 24.48 nP.

Price of paddy on 13th March, 1963, was Rs. 16·51 nP. A month ago it was Rs. 15.99 nP. Two months ago it was Rs. 15.18 nP. Three months ago it was Rs. 14.44 nP.

[1—1-10 p.m.]

It is no doubt, due to the fact that the overall aman harvest during the current year is less than that of the last year by about 4 lakh tons. The arrivals of rice and paddy from Orissa are also less than that of the last year because the last aman harvest in that State is also unsatisfactory.

As for taking stict measures to stop the upward trend of price, it must be mentioned here that there is no statutory ceiling price fixed for rice and paddy. Statutory price control is very difficult to enforce, specially in a deficit State. Our experience with regard to the rice and paddy price control during the period from January to June, 1959, shows that vigorous efforts to enforce statutory price control drive, stocks underground and aggravate the difficulties of consumers. Moreover, if ceiling price of rice

and paddy be fixed, it would need the prior concurrence of the Government of India, as such a policy cannot be taken unilaterally by one State. It may also hamper agricultural production and affect the incentive of the agriculturists to grow more food.

However, during the year 1962, under various control orders, there were as many as 688 prosecutions in Calcutta and 2,603 prosecutions in the districts, the total number of convictions in that year being 684 in Calcutta and 1,946 in the district. There was only 1 acquittal in Calcutta and 61 acquittals in the districts, the number of cases pending at the end of the year being 3 in Calcutta and 596 in the districts. This will show that the various control orders are being enforced vigorously.

In order, however, to counteract the rising trend, modified ration shops have been opened, wherever needed, where rice at rasonable price and wheat not exceeding Rs. 16 per maund are sold to consumers. At present the number of shops functioning in the districts of Burdwan, Birbhum and Murshidabad is as follows:—

Burdwan—Number of modified ration shops is 836; Birbhum—the number is 432 and in Murshidabad 744.

The physical stock with Government in these districts as on 16th March, 1963, was as follows:—

Rice—in Burdwan 342 tons; Birbhum—225 tons; Murshidabad—736 tons.

Wheat—in Burdwan 354 tons; in Birbhum 660 tons; in Murshidabad 899 tons.

Atta—in Burdwan district 16 tons.

Further stocks of rice and wheat are also in transit to destinations, where needed.

Lengthly statement on calling attention notice to be laid on the Table

Mr. Speaker: Mr. Mahanti, I have told before in the House, on many occasions that when answer to the calling attention notice will be a long one, only a summary should be given and the rest may be laid on the Table. You may give the summary.

The Hon'ble Charu Chandra Mahanti: I have finished, Sir.

This supply is in addition to the normal flow of wheat products on trade account to the above districts.

It will thus be seen that the State Government is quite alive to the rise in prices of rice and paddy and instead of adopting strict measures, as suggested by the members, which would drive stocks underground, have arranged to meet the cereal requirements, as needed from time to time, in the way indicated above.

Mr. Speaker: Hon'ble Minister-in-charge will please make a statement on the death of Shri P. K. Ghosh, Vice-Principal, Bijoychand Engineering Institute of Technology, Burdwan, notice of which was given by Shri Sambhu Charan Ghosh on the 25th March last.

Shri Mukti Pada Chatterjee: It has been ascertained from the Principal, Bijoychand Engineering Institute of Technology, Burdwan, that the death of Shri P K. Ghosh, Vice-Principal, was purely a case of suicide due to mental worries over the illness of his wife and his recent attack of small-pox.

Mr. Speaker: I have received 4 notices of Calling Attention on the following subjects:

1. Postponement of test relief work by one of supervising officers in Contai subdivision—by Shri Sudhir Chandra Das.

2. Proner steps for the prevention of small-pox and cholera in Calcutta—by Dr. Golam Yazdani.

3. Present health condition of two hunger strikers in Toofangunge sub-jail—by Shri Sanat Kumar Raha, and

4. Relief and alternative employment for the unemployed goldsmiths in West Bengal—by Shri Birendra Narayan Ray.

I have selected the notice of Dr. Golam Yazdani on the subject of proper steps for the prevention of small-pox and cholera in Calcutta.

Hon'ble Minister-in-charge may make a statement today or give me a date on which the statement will be made.

The Hon'ble Ardhendu Sekhar Naskar: The statement will be made on Tuesday next.

Point of Order and Privilege

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা পয়েন্ট অফ অর্ডার তুলেছি, এবং সেই সংগে একটা কোয়েশ্চেন অব প্রিভিলেজও এসে যাচ্ছে। গত ২৭শে তারিখে মাননীয় অর্থ-মন্ত্রী শ্রীশঙ্করদাস ব্যানার্জী এই হাউসে যে বক্তৃতা দেন, সেই বক্তৃতাপ্রসংগে তিনি বলেন আমাদের হাউসে তাঁর বক্তৃতা যা রিপোর্টেড হয়েছে তার একটা কপি থেকে আমি পড়ছি

"I do not agree with you for a second that this Government is not taking a sympathetic view, or it is with a spirit of vengence that we are detaining those who had the misfortune of being arrested. But the reason for arrest is not only their pro-Chinese sympathy, but for their own agency. There are facts with us, which I cannot disclose to this House, showing their clear connection with Chinese agents—I mean that is there."

এই হচ্ছে তাঁর বক্তব্য এবং সেই বক্তৃতার অপর এক জায়গায় তিনি এও ইনডিকেট করেছেন যে যত বন্দীদের অ্যারেস্ট করেছেন, যাদের সম্বন্ধে এই বক্তব্য, তাঁদের মধ্যে ফরটিন মেম্বার্স অফ দি লেজিসলেটিভ অ্যাসেমব্লি, তাঁরাও গ্রেপ্তার হয়েছেন, এই কথা তিনি উল্লেখ করেছেন সুতরাং আমার পয়েন্ট অফ অর্ডার ও প্রিভিলেজ হচ্ছে এই তার বক্তৃতার মধ্যে এই যে প্যারাটা আমি উদ্ধৃত করলাম, সেই প্যারাটার মন্তব্য দ্বারা তিনি এই হাউসের ১৪ জন মেম্বারের উপর রিফ্লেকশন কাস্ট করেছেন এই বলে যে তাঁদের সংগে "ক্লিয়ার কানেকশন উইথ চাইনিজ এজেন্টস" আছে।

[এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ সেটা আপনি অস্বীকার করেন নাকি? এখন আপনি জানেন বোধহয়—শ্রীজ্ঞানেন্দ্র রায়—নিশ্চয় জানি।]

আপনাকে আমি 'আপনি' বলি না।

মিঃ স্পীকার, স্যার, আপনি বোধহয় জানেন হাউস অফ দি পিপল অর্থাৎ লোকসভায় "এজেন্ট অফ পাকিস্তান" বলা হয়েছিল কোন সদস্যের বিরুদ্ধে তা লোকসভা সহ্য করেনি এবং তা এক্সপাঞ্জ হয়েছিল ফ্রম দি প্রসিডিংস। আপনি দেখবেন লোকসভার ডিবেট ডেটেড ৫-১২-৫২ অর্থাৎ ১৯৫২ সালের ৫ই ডিসেম্বর।

[1-10—1-20 p.m.]

তারপর আর একটা কথা......

আপনি এটা নিশ্চয়ই লক্ষ্য করবেন যে, যেখানে এজেন্ট অফ পাকিস্তান বললে মাননীয় সদস্যদের মানহানি করা হয় এবং সেই হিসাবে সেটা সহ্য করা হয়নি সেখানে এজেন্ট অফ চায়না বললে বেশী মানহানি করা হয় কারণ পাকিস্তানের সঙ্গে আমাদের বর্তমানে যুদ্ধের সম্পর্কে নেই যা চীনের সঙ্গে রয়েছে। এই হিসাবে তিনি এই সভার চৌদ্দজন সদস্য যারা গ্রেপ্তার হয়ে আছেন তার সঙ্গে সঙ্গে বহু কর্মী যারা এখানে ডিফেন্সলেস—যাদের পক্ষে এখানে এসে জবাব দেওয়ার সম্ভাবনা নেই এবং এমন কি আদালতে গিয়ে জবাব দেবেন সে সুযোগও নেই—নিজেদের আদালতে ডিফেন্ড করবার সুযোগ নিয়ে সেই অবস্থার সুযোগ নিয়ে তাদের বিরুদ্ধে এইরকম মন্তব্য করেছেন কাওয়ার্ডলি অপরচুনিটি নিয়েছেন। শুধু তাই নয় হাউস-এর পয়েন্ট অফ অর্ডার ভঙ্গ করেছেন, হাউস-এর শালীনতা ভঙ্গ করেছেন এবং মেম্বারদের প্রিভিলেজ নষ্ট করেছেন এবং সেই হিসাবে আমি পয়েন্ট অফ অর্ডার তুলেছি। আশা করি আমাদের এই হাউস-এর যে বর্তমান অবস্থা তা আপনি লক্ষ্য করেছেন। শুধু এই বিষয়েই নয় সাধারণভাবে এই হাউস এ যে যা খুসী বলতে পারেন এরকম একটা আবহাওয়া চলছে।

Mr. Speaker: I will look into the matter and consider the position.

Point of privilege

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, আমারও একটা পয়েন্ট অফ্ প্রিভিলেজ আছে সেটা হচ্ছে এই যে কিছুদিন আগে যুগান্তর পত্রিকায় আমার বক্তৃতার একটি রিপোর্ট বেরিয়েছে, সেই রিপোর্ট-এ সেটা আমার একজন বন্ধু সম্প্রতি আমার কাছে যে কাগজ পাঠিয়েছেন তাতে রিপোর্টটা যে রয়েছে সেটা স্পষ্টতর মনে হচ্ছে প্রক্ষিপ্ত এবং আমার বক্তব্যের ডিগনিটি কমে গেছে। তাতে এক জায়গায় লেখা হয়েছে যে বর্তমান জরুরী ব্যবস্থা অব্যাহত রাখিবার দাবী করিয়া শ্রী ভাদুড়ী বলেন.........। এখন বাজেটের উপর বক্তৃতাতে আমি জরুরী অবস্থাকে অব্যাহত রাখা কি না রাখা এ সম্বন্ধে কিছু বলি নাই। আমি বলেছিলাম যে বর্তমানে সরকারের হাতে দুটো এ্যাসেট রয়েছে। জরুরী অবস্থার জন্য জরুরী ক্ষমতা রয়েছে আর বিপুল জনসমর্থন রয়েছে। কাজে কাজে এই দুটোকে এক সঙ্গে বিপ্লবের উদ্দেশ্যে ব্যবহার করলে তাহলে ধনীদের অনায়াস স্বর্ণ সঞ্চয় এবং ব্যাঙ্কের জাতীয়করণ ইত্যাদি করে দেশের দেশরক্ষণ শিল্প এবং শিল্পায়ণ দুটো করা যায় এবং উল্টোটা যদি করা হয় অর্থাৎ জনগণকে যদি আঘাত করা হয় যেমন স্বর্ণ শিল্পীদের উপর কি দরিদ্র জনগণের তাদের উপর সার্টিফিকেট করা হচ্ছে সেভাবে করলে সেটা ঠিক হবে না।

এই বক্তব্যই আমি রেখেছিলাম। এখন ঢালোয়াভাবে আমি জরুরী ব্যবস্থা অব্যাহত রাখতে বলেছি, দাবী করেছি এটা বললে তার ভিতরেতে যে বিকৃতি হয় সেটা হচ্ছে সরকারের জনগণের বিরুদ্ধে এর মারফতে যে আক্রমণ সে আক্রমণটাও সমর্থন হয়ে পড়ে এবং সেই হিসাবে ঐ রিপোর্ট তুলে কিছু কিছু অপপ্রচার হচ্ছে আমার সে বন্ধুটি কাগজের কপি আমার কাছে দিয়েছেন, তিনি সেই কথা বলেছেন। আমি সেইজন্য মনে করি যে এই বিকৃত রিপোর্ট এবং প্রক্ষিপ্ত রিপোর্টের মধ্যে দিয়ে একজন বিধানসভার সদস্যর অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে এবং এই হাউসেরও অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে। তাই আমি আপনাকে অনুরোধ করবো যে এটি হাউসের অধিকার রক্ষা কমিটির কাছে দিয়ে এটা বিবেচনা করবেন।

Mr. Speaker: Mr. Bhaduri, please make over the papers to me. I will look into the matter.

Shri Panchu Gopal Bhaduri:

পেপার আপনার কাছে পাঠিয়ে দিয়েছি।

Mr. Speaker: I will look into it and give my views later on.

মাউ মিঃ দাস কি বলছিলেন বলুন।

Shri Anadi Das:

আমি, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটি খবরের বিষয়। সুন্দরবনের বাসন্তী থানার অন্তর্গত নফরগঞ্জ বাজারে, এটা আমার খবর নয়, "রিলিফের আটা লইতে আসিয়া শেষ নিঃশ্বাস ত্যাগ" নিজস্ব সংবাদদাতা, যুগান্তর। তিনদিন ধরে উপবাস ছিলেন একটি মহিলা শেষ পর্যন্ত রিলিফের আটা নিতে এসে তিনি সেই দোকানের সামনে আটা নিয়ে সেখানে মারা গেলেন। যে আটাটুকু পেলেন সেটুকু আর তাঁকে খেতে হল না। এটাও একটা ঘটনা, স্যার, এর সঙ্গে আরো খবর আছে যে ঐখানে খাদ্যাভাবে গ্রামাঞ্চলের অধিকাংশ চাষী ও মজুর পরিবার অনাহারে দিন কাটাইতেছে। এবং কাজের সন্ধানে.........

Mr. Speaker:

আপনি কি বলছেন বোঝা গেল না। অন্তত বলতে দেবো না আপনি আপনার পয়েন্টটা বলুন।

Shri Anadi Das:

পয়েন্টটা হচ্ছে এই গ্রামে একটা দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হচ্ছে। এই যে জায়গাটা বাসন্তী থানার অন্তর্গত নফরগঞ্জ বাজার বলে একটি জায়গা আছে সেই জায়গায় দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়েছে।

Mr. Speaker:

এটা তো অনেকবার আলোচনা হয়ে গিয়েছে। আপনি একটা কলিং এটেনসান দিয়ে দেবেন, মিনিস্টারকে বলে দেবো জবাব দেবার জন্য।

Non-official Resolutions

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that whereas five bye-elections are taken place in the State and whereas it is necessary to ensure free and fair elections, this House recommends to the Government to release forthwith all members and supporters of Opposition Parties at present detained without trial in the State.

আমি আমার প্রস্তাব উত্থাপন করলাম এবং এই সম্পর্কে বিস্তারিত আলোচনা আমাদের দলের নেতা কমরেড সোমনাথ লাহিড়ী করবেন।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব উপস্থিত করা হয়েছে তারপরে একটি সংশোধন পাওয়া গিয়েছে, তার মধ্যে শ্রীনন্দী ভট্টাচার্য যে সংশোধন দিয়েছেন তার প্রথমটা গ্রহণ করতে আমাদের আপত্তি নেই কিন্তু দ্বিতীয়টায় একটু মুস্কিল হচ্ছে যে প্রিজনার্সদের রিলিজ না করে শুধু তাঁদেরকে ট্রায়ালের জন্য হাজির করা হোক এই প্রস্তাব রাখলে যে ব্যাকগ্রাউন্ড-এ এই প্রস্তাব অর্থাৎ নির্বাচনের ব্যাকগ্রাউন্ডএ, ঠিক সময়ের মধ্যে প্রিজনার্সদের রিলিজের কোন ব্যবস্থা হয় না। কাজেই তাঁরা যদি এটাকে অন্য কোনভাবে উপস্থিত করে দিতে পারেন তাহলে আমরা বিবেচনা করতে পারি। আর অন্য যেসমস্ত আরো অ্যামেন্ডমেন্ট এসেছে আমরা তা সমর্থন করতে পারি না। যাই হোক আজকে এই প্রস্তাব আলোচনার সময় আমি কোন ক্রুদ্ধ বাক-বিতন্ডার মধ্যে না গিয়ে চেষ্টা করবো যাতে আমাদের কংগ্রেস পক্ষের এবং মন্ত্রীমণ্ডলীর সদস্যারা, তাঁদের মধ্যে বাস্তববোধ যদি থাকে, সেই বাস্তববোধ দিয়ে প্রশ্নটাকে বিচার করবার জন্যে সহিষ্ণুভাবে বিষয়টা উপস্থিত করবার চেষ্টা করবো। এবং আমি আশা করবো যেভাবে জিনিসটাকে উপস্থিত করছি তাঁরাও সেইভাবে জিনিসটা বিবেচনা করবার চেষ্টা করবেন। এখন ভারত সরকার মনে করেন যে চীনেরা যুদ্ধবিরতি ঘোষণা করেছেন যার ফলে আমাদের দেশের যে দাবী সীমানা সম্পর্কে সেই দাবীর ন্যায্যতা অনেকখানি পরিমাণে বেশী শক্তিশালী হয়েছে এবং আমাদের দাবীর সবটা এখন আদায় হয়নি বটে কিন্তু চীনেরা পিছু হটতে বাধ্য হওয়ায় পৃথিবীর জনমত অনেক বেশী পরিমাণে আমাদের স্বপক্ষে এসেছে যার ফলে সম্মানজনক শান্তির সম্ভাবনা বেড়েছে। সেইজন্য তাঁরা মনে করেছেন যে দেশের অবস্থার অনেকখানি উন্নতি

হয়েছে, আপৎকালীন জরুরী বিধানের কড়াকড়ি এখন অনেকখানি পরিমাণে শিথিল করা সম্ভব। সেইজন্য তাঁরা একসঙ্গে সারা ভারতে এতগুলি উপনির্বাচন অনুষ্ঠান আরম্ভ করেছেন। এখন প্রশ্নটা হল যে যুদ্ধ বিরতি যদি অবস্থার উন্নতি এনে থাকে এবং আমাদের দাবীর ন্যায্যতা সম্বন্ধে যদি আমাদের কেসকে শক্তিশালী করে থাকে যে চীনেরা বমডিলা পর্যন্ত খুব তাড়াতাড়ি অগ্রসর হয়ে গেল তারা পিছু হটতে বাধ্য হল কেন? যুদ্ধ বিরতি হল কেন এ প্রশ্নটা ভেবে দেখতে হয়। এখন যুদ্ধবিরতি হল কেন, চীনেরা পিছু হটতে বাধ্য হল কেন সেই প্রশ্নের জবাব আমি দিলে হয়ত আমাদের অপর পারের বন্ধুদের গ্রাহ্য হবে না।

[1-20—1-30 p.m.]

সেজন্য আমি তাঁদের মনে করিয়ে দিচ্ছি এই কলকাতা শহরে মাত্র ২৬ দিন আগে তাঁদের সংগঠনের যিনি প্রধান অর্থাৎ কংগ্রেস সভাপতি শ্রীসঞ্জীবায়া কলকাতা ময়দানে একটা বক্তৃতা করেছেন, করে এই প্রস্তাব উপস্থিত করেছেন—চীনারা কেন পিছু হটতে বাধ্য হল সেই প্রসঙ্গে তাঁর বক্তব্য সংবাদপত্রে—কংগ্রেসী সংবাদপত্রে যে রিপোর্ট বেরিয়েছে তাই আমি এখানে পুরোপুরি তুলে দিচ্ছি Mr. Sanjivaya said, "China thought she would get the support of the Indian Communists in her aggressive design. This expectation was belied. Moreover, Russia's attitude came as a rude shock. Western arms aid and last but not the least the unforeseen unity in India panicked her and made her. withdraw her arms."

লক্ষ্য করবেন, অপরপক্ষের বন্ধুরা লক্ষ্য করবেন, চীন কেন আর্মস উইথড্র করতে বাধ্য হল তার কারণ কংগ্রেসের যিনি প্রধান বলছেন—এটা লক্ষ্য করবেন—সর্বপ্রধান কারণ তিনি বলছেন এবং এটাও লক্ষ্য করবেন যে, আমেরিকান আর্মস কিম্বা আমাদের জাতীয় ঐক্য ও শক্তি তার ভূমিকাও তিনি অস্বীকার করেননি, কিন্তু সর্বাগ্রে তিনি কমিউনিস্ট পার্টি যে স্ট্যান্ড নিয়েছে এবং তার যে প্রতিক্রিয়া হয়েছে সেটাই উল্লেখ করেছেন। এখন কংগ্রেসের সর্বপ্রধান যিনি সংগঠনের দিক থেকে তিনি যদি যুদ্ধবিরতির, যার ফলে অবস্থার উন্নতি হওয়ার দরুণ উপনির্বাচন হতে পারছে, প্রথম ক্রেডিট কমিউনিস্টদের দেন তাহলে বুঝতে হবে দেশের প্রতি কমিউনিস্টদের এই সার্ভিস-এর জন্য দেশবাসীর সঙ্গে এত বদমায়েসী সত্ত্বেও, এত গুণ্ডামী সত্ত্বেও, সংযোগ রাখতে পেরেছে। কিন্তু সেটা বড় কথা নয়।

Shri Nepal Chandra Ray:

বড় কথা তাহলে কি? বড় বড় কথা বলা হচ্ছে—

Shri Somnath Lahari:

স্যার, এই সমস্ত রিমার্কস এক্সপানজ হওয়া দরকার—একজন ভদ্রলোক যদি কেবলই এইরকম বাজে কথা বলে যেতে পারেন তাহলে হাউসের প্রসিডিংস যখন বাইরে লোকে পড়বে তারা কি মনে করবে আমাদের সম্বন্ধে, তা ছাড়া এতে করে আমাদের হাউসের মর্যাদাও ক্ষুণ্ণ হয়। যাই হোক, কমিউনিস্টদের এই সার্ভিস-এর জন্য শুধু দেশবাসীই নয়, কংগ্রেস এবং সরকারের মধ্যে যাদের বাস্তবতাবোধ এখনো অবশিষ্ট আছে—আজকে তাঁরাও কমিউনিস্টদের এই সার্ভিস-এর কথা বলছেন, এবং কমিউনিস্টদের এই সার্ভিস-এর প্রয়োজন আছে বলে মাঠে ময়দানে বক্তৃতা করে কমিউনিস্টদের ক্রেডিট দেন। অপরদিকে তেমনি কংগ্রেসের ভিতরও কেউ কেউ চান সমস্ত কমিউনিস্টদের গ্রেপ্তার করা হোক। কিন্তু তাঁদের সেই মনস্কামনা পূর্ণ হয়নি, এজন্য পূর্ণ হয়নি যে কমিউনিস্টদের প্রতি এই সরকারের কোন দয়া আছে, মেহেরবানী আছে, পূর্ণ হয়নি এজন্য যে কমিউনিস্টরা দেশের মধ্যে প্রচণ্ড প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে, কুৎসারটনাকারী। সমস্ত কুৎসার বিরুদ্ধে দাঁড়িয়ে যাতে কাজ করতে পারেন তারই চেষ্টা করে এসেছেন। সেইজন্যই যাঁরা চান সমস্ত কমিউনিস্টদের গ্রেপ্তার করা হোক তাঁদের মনস্কামনা এখনো পর্যন্ত পূর্ণ হয়নি। এখন আমাদের মন্ত্রীবর যেসমস্ত কমিউনিস্টদের গ্রেপ্তার করেছেন চাইনিজদের সঙ্গে যোগাযোগ আছে বলে—এ সম্বন্ধে তাঁদের হাতে কি তথ্য আছে জানি না, কেউ জানেন না, ও'রা বলছেন আর আমাদের বিশ্বাস করতে হবে মানুষকে এই কথা বললে কোন সত্য প্রমাণিত হয় না, বরং আমি বলব ডিফেন্সলেস যারা তাঁদের প্রতি একটা কাওয়ার্ডলি ইমপুটেশন করা হচ্ছে—আমি

বলুন, ধরুন, এই দেশের কমিউনিস্টদের মধ্যে সবচেয়ে বেশি রাগ আপনাদের জ্যোতি বসুর প্রতি, তিনি কমিউনিস্ট দলের নেতা, বিরোধীদলের নেতা, এই জ্যোতি বসু কি স্ট্যান্ড নিয়েছেন এই বিধানসভায় নবেম্বর মাসে যে প্রস্তাব আলোচনা হয় সেই প্রস্তাবে জ্যোতি বসু যে বক্তৃতা দেন সেই বক্তৃতা থেকে দু-একটি অংশ আমি এখানে মনে করিয়ে দিচ্ছি—এটা অমৃতবাজার পত্রিকার রিপোর্ট—হি উইসড টু স্টেট—তখনো তিনি চাইনিজ এজেন্ট বলে আখ্যাত হন নি—

"He wished to make it clear that they were unable to accept the harmful and wrong theory propagated by the Chinese that Prime Minister Nehru had gone over to U.S. imperialism and that non-alignment had been a thing of the past as far as the present Government was concerned."

অর্থাৎ চীনের যে পলিটিক্যাল পলিসি ছিল এই আক্রমণের পিছনে সেই পলিটিক্যাল পলিসির সম্পূর্ণ বিরুদ্ধে দাঁড়িয়ে বান্দুং পলিসিকে ডিফেন্ড করে জ্যোতি বসু এখানে বক্তৃতা দিয়েছেন। তারপর দেখুন, শুধু কি তাই, তিনি তারপর বলেছেন,

"It was good that they purchased arms wherever they were available and as the resolution stated, they were all thankful to those who are giving them the much-needed arms."

আমরা বিভিন্ন রাষ্ট্রের কাছ থেকে যুদ্ধের প্রয়োজনে অস্ত্র পাচ্ছি তা তিনি শুধু সমর্থনই করেননি, তার জন্য তিনি ধন্যবাদও জানিয়েছেন। তার আগে তিনি কি কি বলেছেন তার সঙ্গে হয়তো তা মিলে না, হতে পারে, তার সঙ্গে কমিউনিস্ট পার্টিরও অনেকের মিল হয় না একথা তিনি পরিষ্কার বলেছেন—তাঁর মনে যে দ্বিধা ছিল সেই দ্বিধার উপর পরিষ্কার স্ট্যান্ড নিয়ে তিনি বলেছেন,

"A personal statement of mine was subjected to criticism by Union Home Minister. He was surprised that I as an Indian should ask both China and India to seek the help of friendly mediators and not stick to each other's point of view. I did make a statement before the resolution came at the National Council of the C.P.I. but now my stand does not and cannot differ from the resolution of the National Council, that is, that the Chinese should go back to where they were on the 8th September, 1962 and when only the possibility of negotiation will arise."

মানে আমাদের কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের রেজলিউশন। আপনারা জ্যোতি বসুকে সকলেই চেনেন, অন্তত এই কথা আমার ধারণা কেউ মনে করবেন না যে জ্যোতি বসু নিজের পার্সোনাল সেফটির জন্য তাঁর পলিটিক্যাল মতামত সম্পূর্ণ উল্টে দিয়ে মিথ্যার আশ্রয় নেবেন এই চার্জ তাঁর বিরুদ্ধে এই হাউসে কেউ আনবেন বলে আমার মনে হয় না—দু-একজন বিকৃত বুদ্ধির কথা বলতে পারি না—

Shri Asoke Krishna Dutta:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার—

[Noise and interruptions]

[Shri Nepal Chandra Roy rose to speak]

Mr. Speaker: Mr. Roy, please take your seat. So long as Mr. Dutta is standing, you must.

আপনি আগে বলুন—

Shri Asoke Krishna Dutta:

স্যার উনি এই হাউসের মেম্বারদের প্রতি এস্‌পারসন করেছেন-

Mr. Speaker: There is no aspersion, nothing of the kind.

Shri Nepal Chandra Roy:

স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার—

Mr. Speaker:

আবার কেন মিঃ রায়, হয়ে গিয়েছে।

Shri Nepal Chandra Roy:

স্যার আমাকে পয়েন্ট অফ অর্ডারএ বলতে দিন—

[1-30—1-40 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: কারণ কোন কোন সদস্যের মত পুলিসের আশ্রয় নিয়ে গুন্ডাবাজীর কথা তিনি চিন্তা করেননি।

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আমাদের বিরোধীদলের...........
[নয়েজ।]

(শ্রীনেপালচন্দ্র রায় বলিতে উঠিলেন)

মি. স্পীকার: আপনারটা পরে শুনব।

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: আমাদের বিরোধীদলের মাননীয় আলিপুরের সদস্য মহাশয় এক্ষুনি একটা কথা বললেন যে, জ্যোতিবাবুর বিষয় যদি কেউ এমন একটা ধারণা পোষণ করেন তাহলে সে সদস্যের বুদ্ধি নেই, রিক্ত বুদ্ধি। এইরকম ধরনের একটা মতবাদে যদি আমরা বিশ্বাস করি তাহলে আমাদের বুদ্ধি নেই এবং আর একটা মতবাদে যদি বিশ্বাস করি তাহলে বুদ্ধি আছে। এই এসপারসন করাটাতে মনে হচ্ছে ব্যক্তিগতভাবে মেম্বারের এবং হাউসের অধিকার ক্ষুণ্ণ হচ্ছে।

শ্রীনেপালচন্দ্র রায়: পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমার বক্তব্য হচ্ছে.........

মিঃ স্পীকার: আপনার পয়েন্ট অফ অর্ডার, না প্রিভিলেজ সেটা বলুন।

শ্রীনেপালচন্দ্র রায়: আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, উনি বলেছেন যে কোন কোন সদস্য পুলিসের আশ্রয় নিয়ে গুন্ডাবাজী করে এবং এই দিকে আঙুল দেখিয়ে গুন্ডাবাজীর কথা উল্লেখ করেছেন এবং পুলিসের আশ্রয় নিয়ে আমরা না কি তাঁদের গলা বন্ধ করছি।

Mr. Speaker: That is not a point of order.

শ্রীসোমনাথ লাহিড়ী: এঁরা ২ জন আমার সময় নষ্ট করেছেন, এখনও আমার ১০ মিনিট সময় লাগবে।

মিঃ স্পীকার: আপনি বলুন তো।

শ্রীসোমনাথ লাহিড়ী: এখন কথা হচ্ছে আমি অপর পক্ষের সদস্যদের বলব বিবেচনা করে দেখবেন যে জ্যোতিবাবুকে তাঁরা জানেন, তাঁর সঙ্গে তাঁদের ভাওলেন্ট ডিফারেন্স থাকতে পারে, কিন্তু তিনি নিজে যা বিশ্বাস করবেন না সেটা না বলে, সেটা নিজে বিশ্বাস করেন, বলেন মিথ্যা আপনাদের সামনে উপস্থিত করবেন এইরকম ধরনের লোক তিনি নন। কাজেই তিনি যা বলেছেন এই হচ্ছে তাঁর বক্তব্য এবং এই বক্তব্য যে মানুষ বলতে পারে না সে কখনও যে চাইনিজ এজেন্ট হতে পারে না এটা সত্য। কাজেই আমরা বলব যে তার বক্তব্য থেকে তাঁর বক্তব্যকে কার্যে পরিণত করবার সুযোগ দিয়ে কেন তাঁকে পরীক্ষা করে নিলেন না। এমন যদি হোত—আপনারা অনেক কেস প্রমাণ করতে পারেন—হ্যাঁ তিনি চাইনিজ এজেন্ট-এর মত কাজ করছেন তাহলে আমরা অন্য কথা ভাবতে পারতাম। কিন্তু আজ পর্যন্ত একটা কেস আপনারা প্রমাণ করতে পারেন নি, আপনারা কাউকে কোন অপরাধে সাজা দিতে পারেননি এবং সেখানে তাঁদের যে পলিটিক্যাল বক্তব্য সেই বক্তব্য অনুসারে তাঁরা কাজ করেন। সেই কাজ করেন বলে আপনারা শাস্তি দিতে না পেরে বিনা বিচারে তাদের বন্দী করে রেখেছেন। প্রশ্ন শুধু তাই দিয়ে বিচার করতে বলব না। কংগ্রেসপক্ষীয় সদস্য এবং মন্ত্রিসভাকে বিবেচনা করতে বলব যে পরিস্থিতিটা আপনারা বিবেচনা করুন। এই পরিস্থিতিতে অবস্থার কিছুটা উন্নতি হয়েছে এবং তার জন্য উপনির্বাচন হয়েছে। কিন্তু তাই কি সব? এই ৪।৫ দিন আগে পণ্ডিত নেহরু লোকসভায় বলেছেন যে আবার চীনের পক্ষ থেকে পুনরাক্রমণের আশঙ্কা দেখা দিতে পারে। এখন তা যদি

হয় তাহলে অবস্থা কি দাঁড়াবে একটু বাস্তবভাবে ভেবে দেখুন। এই নয় যে শুধু কমিউনিস্টদের গাল দিতে হবে। ভারতবর্ষ এবং দেশের ভবিষ্যত সম্বন্ধে আপনাদের একটা দায়িত্ব আছে। সেই দায়িত্ব কি? ধরুন বমডিলা পর্যন্ত চীনারা এসেছিল। এর ফলে আপনারা জানেন যে দেশের মধ্যে প্রতিক্রিয়া শক্তি এমন প্রবল হয়ে উঠেছিল যে তাদের আক্রমণ ছিল দেশের স্বাধীনতা নীতির বিরুদ্ধে, গোষ্ঠীনিরপেক্ষতা নীতির বিরুদ্ধে এবং তার প্রবক্তা আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরুর বিরুদ্ধে এমন উগ্র হয়ে উঠেছিল যে পণ্ডিত নেহরুর অবস্থা যায় যায় হয়েছিল।

[Voice of 'question' 'question' from Congress Bench.]

ভারতবর্ষের প্রত্যেকটি মানুষ তা জানে। যাই হোক সেই অবস্থায় তখন পর্যন্ত শুধু কৃষ্ণমেননকে বলি দিয়ে ক্ষান্ত হয়েছিল। কিন্তু মনে করুন আর একটা নূতন আক্রমণ হলে কি হবে?

একটা নূতন আক্রমণ হ'ল, এই অবস্থা যদি ঘটে চীনের পক্ষ থেকে, নূতন কিছু গোলমাল সৃষ্টি হয় তখন যে প্রতিক্রিয়া আজকে যুদ্ধ বিরতির পরিস্থিতিতে আজকে খানিকটা কোণঠাসা হয়েছে, যে প্রতিক্রিয়া আজকে তার দাঁত ভিতরে লুকাতে কিছু পরিমাণ বাধ্য হয়েছে সে প্রতিক্রিয়া আবার মাথা চাড়া দিয়ে উঠবে—পণ্ডিত নেহরুর প্রত্যেকটা নীতি এই, প্রত্যেকটা নীতিকে আক্রমণ করবার জন্য। আমি আপনাদের একটা কথা বলে রাখতে চাই যে, যদি আবার আক্রমণ ঘটে এবং তার ভিত্তিতে প্রতিক্রিয়া যদি দম্ভ বিকাশ করতে পারে তো তখন পণ্ডিত নেহরুকে দ্বিতীয়বার তাঁর নীতিকে রক্ষা করা অনেক বেশী কঠিন হবে, অনেক বেশী আয়াসসাধ্য হবে অতীতের তুলনায়। কি করে রক্ষা করা সম্ভব? রক্ষা করার সপক্ষে প্রতিক্রিয়াশীলরা যে আজকে কোটরে কোটরে জমা হচ্ছে এবং সে কোটর থেকে বার হবার জন্য দিন গুনছে। সেখানে আমরা তাদের চাপা দিতে পারিনি। যদি এই উপনির্বাচনকেও একটা সুবর্ণ সুযোগ হিসাবে ব্যবহার করি। কিসের সুযোগ? উপনির্বাচনে যদি আমরা সারা দেশের কাছে নামতে পারি এই বলে যে পণ্ডিত নেহরুর এই নীতিকে—গোষ্ঠীনিরপেক্ষ এই নীতিকে রক্ষা করব। ভারতের স্বাধীনতা আমরা কোন কারুর কাছে বিকুব না সে পশ্চিমি সাম্রাজ্যবাদ হোক আর চীনা কমিউনিজম হোক, কারো কাছে আমরা ভারতের স্বাধীনতাকে বিকোতে প্রস্তুত নই। এই নীতিতে অব্যাহত থাকবার ঘোষণা নিয়ে—আবেদন নিয়ে এবং প্রতিক্রিয়ার প্রত্যেক ষড়যন্ত্র মানুষের সামনে উদ্ঘাটিত করবার সঙ্কল্প নিয়ে আজকে যদি সারা দেশব্যাপী উপনির্বাচন উপলক্ষে বিরাট আন্দোলন এবং প্রচারে নামতে পারি, তাহলে পরে পরিস্থিতি যদি জটিল হয়ও—যদি পুনরায় আক্রমণ ঘটেও, তাহলে পরে সে অবস্থায়ও সমস্ত মানুষকে প্রতিক্রিয়ার হাত থেকে রক্ষা করে আমরা পণ্ডিত নেহরুর নীতির পেছনে দাঁড় করিয়ে ভারতবর্ষের যুদ্ধে লড়তে পারবো সে ভরসার সৃষ্টি হবে। কি করে হবে? বাংলাদেশের আপনারা উপনির্বাচনে লড়বেন, অথচ সেখানে যারা এ কাজ করতে পারে তার মধ্যে প্রধান শক্তি—প্রধান বিরোধীদল তাদেরকে আপনারা হাত পা বেঁধে বন্ধ করে রেখে দিলেন। তারপর সে আন্দোলন দানা বাঁধবে কি করে? এই আন্দোলন মানুষের মনে উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করবে কি করে? একথা বলতে আমার বিন্দুমাত্র দ্বিধা নেই, এবং একথা দিনের আলোর মত সত্য এবং স্পষ্ট, বাংলাদেশে যদি কোন শক্তি থাকে, যা বাংলাদেশের তথা ভারতবর্ষের স্বাধীনতার জন্য লড়াই করে, যা, পণ্ডিত নেহরুর নীতির মধ্যে যা প্রগতিশীল তাকে রক্ষা করবার জন্য প্রাণ দিয়ে বুক দিয়ে লড়াই করে কংগ্রেসের চেয়ে বেশী তা হচ্ছে কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া। যে কথা অনেক কংগ্রেস পক্ষের সদস্য, মন্ত্রীমণ্ডলীর অনেক সদস্য, তাদের সঙ্কীর্ণ ক্ষুদ্র স্বার্থে অনেক সময় বিস্মৃত হন। অনেক সময় তাঁরা ইচ্ছা করেই বিস্মৃত হন। কিন্তু মোটের উপর ভারতবর্ষ, তথা ভারত সরকার তা এখনও সম্পূর্ণ বিস্মৃত হতে পারেন নি। পারেন নি এজন্য যে তার মধ্যে বাস্তববোধ এখনও কিছু পরিমাণে অবশিষ্ট আছে। সেজন্য দেখি সঞ্জীবায়ার বক্তৃতা শুনলে অতুল্যবাবুর খুব রাগ হয়, বলেন, মশাই ওসব আপনার দিল্লীতে চলবে, এখানে নয়। খুব রাগ হয়, এবং চ্যালেঞ্জ দিয়ে দেন কমিউনিস্ট বন্দীদের ছেড়ে দাও কুচপরোয়া নেই, আমরা দেখে নোব কি করে তারা জেতে। কিন্তু সে চ্যালেঞ্জ দিয়েও রক্ষা করবার মুরোদ থাকে না—ক্ষমতা থাকে না। কিন্তু আজকে আমি ঝগড়ার মধ্যে যেতে চাচ্ছি না, আমি খোঁচা দিতে চাচ্ছি না। আমি চাচ্ছি বিষয়টা আপনারা বাস্তবভাবে বিবেচনা করুন—ভাবুন। যদি আবার চায়নার আক্রমণ হয়, যদি পরিস্থিতি আরো ঘোরালো হয় তখন কি করে আপনার বাংলাদেশকে যে শক্তির বলে আজ আপনারা রোধ করেছেন তা হচ্ছে আপনাদের কংগ্রেসের

সমর্থন এবং যে কংগ্রেসের সমর্থনের পেছনে যা হচ্ছে প্রধান সমর্থন তা হচ্ছে পণ্ডিত নেহরুর যে নীতির পোষকতা করেন, গোষ্ঠীনিরপেক্ষ নীতি—শান্তির নীতি, সাম্রাজ্যবাদ বিরোধিতার নীতি। সে নীতিকে যদি আমরা রক্ষা করতে না পারি। কি করে রক্ষা করব? যদি আবার আক্রমণ হয় তাহলে এর প্রতিক্রিয়া দানা বেঁধে আবার আক্রমণ করতে আরম্ভ করে, সুতরাং আমি আপনাদের কাছে আবেদন করবো ঠিক সেই কারণে সপ্তবায়া এসে বলতে বাধ্য হন যে চীনারা যে পিছু হোটলো তার প্রধান কারণ—প্রথম কারণ ভারতবর্ষের কমিউনিস্ট যা করেছে তার জন্য। ঠিক সেই কারণেই ভবিষ্যতকে নিশ্চিত করবার জন্য ভবিষ্যত পুনরাক্রমণের আশঙ্কার বিরুদ্ধে সমস্ত দেশবাসীকে ঐক্যবদ্ধ করবার জন্য এবং প্রতিক্রিয়াকে সকলে মিলে কোণঠাসা করবার জন্য আসুন। সমস্ত কমিউনিস্ট বন্দীদের মুক্তি দিন। এক সঙ্গে এক ধ্বনি নিয়ে আমরা ইলেকসানে নামি। যা হচ্ছে ভারতের স্বাধীন পররাষ্ট্র নীতিকে রক্ষা করা। বাংলাদেশে নূতন জোয়ার বয়ে যাবে, নূতন সমুদ্র জাগবে, এবং সে সমুদ্রের সামনে প্রতিক্রিয়া চূর্ণ-বিচূর্ণ ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যাবে।

[1-40—1-50 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব মাননীয় ডাঃ রাধানাথ চট্টোরাজ মহাশয় উত্থাপন করেছেন সেই প্রস্তাবের আমি যে অ্যামেন্ডমেন্ট এনেছি সেটা পড়ি—

Sir, I beg to move that—

(i) in line 2, after the words "in the State" the following be inserted, namely:—

", whereas in view of the decision to hold by-election by the party in power it appears beyond doubt that the state of national emergency no longer really exists, whereas it is a recognised democratic principle that nobody should be detained without trial, whereas there is reasonable apprehension about the misuse of power vested under the D.I. Rules and the P.D. Act by the party in power for partisan interest";

(ii) in lines 3-5, for the words beginning with "to release" and ending with "in the State" the following be substituted, namely:—

"to produce all detenus belonging to the opposition political parties for trial before an appropriate court or a tribunal composed of High Court Judges and to act according to its verdict.".

স্পীকার, স্যার, আমি প্রথমে এই হাউসের মাননীয় সদস্যদের কাছে দু-একটা কথা বলতে চাই যে, আজকে যে বিষয় নিয়ে এখানে আলোচনা হচ্ছে সেটা খুবই গুরুত্বপূর্ণ এবং সেই দিকে তাকিয়েই আজকে সবাইকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। নীতিগত প্রশ্ন এর মধ্যে জড়িত আছে। স্পীকার, স্যার, আপনি জানেন যে কমিউনিস্ট পার্টির সঙ্গে বিপ্লবী সমাজতন্ত্রী দলের রাজনৈতিক মত-পার্থক্য মৌলিক এবং বিশেষ করে চীন আক্রমণের পরিপ্রেক্ষিতে এই মতভেদ খুবই মৌলিক। খুবই প্রনাউন্সড। সুতরাং তা সত্ত্বেও আমি আমার সংশোধনী প্রস্তাবের মধ্য দিয়ে বলছি যে, যেসমস্ত লোক বিনা বিচারে আটক হয়ে আছেন—ডি আই রুল বলেই হোক, প্রিভেন্টিভ ডিটেনসন অ্যাক্টের বলেই হোক—তাদেরকে বিচারের জন্য কোর্টে পাঠানো উচিত বা তাদের বিচারের জন্য ট্রাইবুন্যাল বসানো উচি। আমি কোন পার্টির দিকে তাকিয়ে একথা বলছি না—কমিউনিস্ট পার্টির ওকালতি করার জন্য একথা বলছি না—আমি বিশেষ করে এর সঙ্গে যে নীতির কথা জড়িত আছে সেই নীতির দিকে তাকিয়েই একথা বলছি। সে নীতিটা হচ্ছে এই যে গণতন্ত্রে একটা সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে কাউকে বিনা বিচারে আটক করে রাখা হবে না—যে নীতির জন্য আমাদের দেশবাসী আন্দোলন করেছে—যে নীতির জন্য এমন দেশ স্বাধীন হবার পরেও বিভিন্ন জায়গায় আন্দোলন চলেছে এবং আমরা সেই আন্দোলনের অংশীদার সেই নীতির দিক থেকে আজকে এই সংশোধনী প্রস্তাব এই হাউসে উত্থাপন করছি। পরিষ্কার কথা যে আজকে যখন ন্যাশানাল এমারজেন্সী জারী আছে তখন আমরা সংশোধনী প্রস্তাবের প্রিএম্বেলে বলছি যে বাই-ইলেকশন করা সমীচীন হয় নি—এবং সমীচীন নয় এবং আমরা মনে করি যা আমরা

আমা ণপত্রের মাধ্যমে জানিয়ে দেশবাসীর কাছে জানিয়েছি এবং সরকার বাহাদুরও জানেন যে, আমরা মনে করি ন্যাশানাল এমারজেন্সী চলাকালীন নির্বাচন করা উচিত নয় এবং নির্বাচন স্থগিত রাখা উচিত। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি নির্বাচন হচ্ছে, উপ-নির্বাচন হচ্ছে এবং আমরা এখনও মনে করি যে এই উপ-নির্বাচন হওয়া এবং এমারজেন্সী জারী থাকা এ দুটো পাশাপাশি চলতে পারে না।

নির্বাচন যদি হয়, তাহলে সেই নির্বাচনে পূর্ণ ব্যক্তি স্বাধীনতা থাকা দরকার, অর্থাৎ বাক্-স্বাধীনতা থেকে আরম্ভ করে সবরকম স্বাধীনতা সেখানে থাকা দরকার। তার সুযোগ আজকে জরুরী অবস্থার মধ্যে, ন্যাশানাল এমারজেন্সীর জন্য দেওয়া হচ্ছে না। সেইজন্য সরকার বাহাদুরকে তাঁদের সিদ্ধান্তের ভেতর পরিষ্কার করে সেকথা বলে দেওয়া দরকার। যখন উপ-নির্বাচন হচ্ছে, তখন ন্যাশানাল এমারজেন্সীকে তাঁরা খুব লঘুভাবে দেখছেন, যে লঘুভাবে দেখার কোনরকম কারণ নাই। যা দেখছি—যখন এই অবস্থা, তখন আমি মনে করি যে রাজনৈতিক বন্দী যাঁরা বিনা বিচারে আটক হয়ে আছেন, তাঁদেরও ব্যক্তি স্বাধীনতার প্রশ্ন এখানে আছে। সেখানে তাঁদের কোর্টের সামনে হাজির করা উচিত এবং ট্রাইব্যুনালের সামনে উপস্থিত করা উচিত এবং সেখানে যদি দোষী সাব্যস্ত হন, জেলে থাকবেন এবং দোষী সাব্যস্ত না হন, জেলের বাইরে চলে যাবেন। এই সঙ্গে একটা কথা বলি। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন এই হাউসে, বিধান পরিষদেও বলেছেন—অকাট্য প্রমাণ নাকি তাঁদের হাতে আছে, অকাট্য তথ্য তাঁদের হাতে আছে। এই হাউসের সভ্য যাঁরা জেলে আছেন, তাঁদের বিরুদ্ধে অকাট্য তথ্য বা প্রমাণ আছে—চীনা এজেন্টদের সঙ্গে তাঁরা যুক্ত আছেন বা তাদেরকে এঁরা তথ্য সরবরাহ করেছেন। আমি একটা জিনিস বুঝতে পারি না—মাননীয় সদস্য যাঁরা জেলে আছেন, এম এল এ হিসেবে—যে প্রিভিলেজ ও দায়িত্ব সব কিছু নিয়ে তাঁরা জেলে আছেন এবং এম এল এ হিসেবে এই হাউসে আমরা তাঁদের ছুটি মঞ্জুর করেছি। আপনারা যেখানে বলছেন অকাট্য তথ্য ও প্রমাণ আছে, সেখানে আমার বক্তব্য হচ্ছে এই অকাট্য তথ্য বা প্রমাণ যদি কিছু আপনাদের হাতে থেকে থাকে, তা এই হাউসের কনফিড্যান্স-এ নিন এবং সেই নিয়ে একটা সিক্রেট সিটিং ডাকুন এবং সেখানে এই তথ্য পেশ করুন। আইনে সিক্রেট সেসন-এর প্রভিশন রয়েছে। কেউ কেউ বলছেন কমিউনিস্ট কমরেডরা থাকবে, সেখানে তাঁদের সামনে এই তথ্য পরিবেশন করা যায় না। কেন যায় না? তাহলে তাদের মুখের উপর বলে দেওয়া যায়—এই দেখো, যেসমস্ত কমরেডরা জেলে আছে, তাদের বিরুদ্ধে এই এই প্রমাণ আছে। তাঁরা আজ জোর দিয়ে যে কথা বলছেন, সেই সুযোগ তাঁরা আর পেতেন না। আমরা মনে করি সরকারের যদি কোন অকাট্য তথ্য বা প্রমাণ থাকে, সেই ধরনের তথ্য থাকে, তাহলে সেগুলি এখানে পেশ করা উচিত একটা সিক্রেট সিটিং ডেকে এবং সেখানে এর মীমাংসা হয়ে যাওয়া উচিত।

এখানে সরকারের দুমুখো নীতি চলেছে, একদিকে বিনা বিচারে কমিউনিস্ট এম এল এ-দের জেলে আটকে রাখছেন, তারা জেলে আছে স্বীকার করে নিয়েছেন, আবার অন্য দিকে চীনের সঙ্গে কূটনৈতিক সম্পর্কও বজায় রেখে চলছেন, ছিন্ন করছেন না। এদিকে কমিউনিস্ট সদস্যদের বিভিন্নভাবে বিচার করবার চেষ্টা করছেন। আজকে দু-মুখো নীতি অচল—সেকথা আগেই বলেছি এবং আজও সেকথা পুনর্বার বলছি। সংবিধানেও কোন বাধা নাই—একটা সিক্রেট সিটিং ডেকে এই অকাট্য তথ্য বা প্রমাণ নিয়ে আলোচনা হতে পারে। ডি আই রুলস-এ যাঁদের ধরা হয়েছে, তা নিয়েও আলোচনা হতে পারে, কোন বাধা নাই, যদি দেখতাম যে সেগুলি এখানে উত্থাপন করা যেতে পারে না। কাজেই এর জন্য আমার সন্দেহ আছে যে—
there is reasonable apprehension about the misuse of power.
সেই মিসইউজ অফ পাওয়ার যে হচ্ছে সে বিষয় আমার যথেষ্ট সন্দেহ হবার কারণ আছে। কেন কারণ আছে? এই হাউসে তা আলোচনা হয় নাই। সেই নবেম্বর সেসনে—মনে করুন শোলমারীর ব্যাপারে আমাদের জড়িয়ে বিভিন্ন সার্কেলে সরকারী উপর মহলে পর্যন্ত আলোচনা হয়েছে। সেখানে কংগ্রেস পার্টির স্বার্থের দিকে তাকিয়ে কুৎসা রটনা হচ্ছে। নানারকম ষড়যন্ত্রের কথা পর্যন্ত বিভিন্ন মহলে আলোচনা হচ্ছে। সে ঘটনা আমি কিছু কিছু জানি।
[1-50—2 p.m.]

অন্য দিকে সেদিন গো সভাতে অমুককে টাকা ধার দেওয়া হবে, অমুককে কিছু টেস্ট রিলিফ-এর কাজ দেওয়া হবে, এইরকম ভাবের নানারকম কথা বলে, সেখানে দেখেছি কংগ্রেসের কিছু

লোক সাধারণ মানুষের সই সংগ্রহ করেছে এবং সেখানে কি সব লিখে থানায় নালিশ করা হয়েছে; এবং সেখানে বলা হয়েছে হারাণ মণ্ডল, সেবক দাস, গজেন মাইতি, এ'রা দেশের প্রতি বিশ্বাস-ঘাতকতা করেছে, প্রিজুডিশিয়াল টু দি ডিফেন্স অফ ইন্ডিয়া, এই রকম ধরনের কাজ তারা করেছে, এবং তাই নিয়ে সেখানে একটা ষড়যন্ত্র ধূমায়িত হয়ে উঠেছে। এর কি পরিণতি হবে, তা আমরা জানি না। তবে এই ধরনের কাজ সেখানে চলছে। এ ছাড়াও একটা কোর্টের তথ্য আমি এখানে হাজির করছি, তা যদি দেখেন তাহলে সেই তথ্যই যথেষ্ট হবে সন্দেহ করবার পক্ষে। আজকে ডি আই রুলস-এর যে পাওয়ার আছে, তার যে অপব্যবহার হচ্ছে এবং হতে পারে, তার প্রমাণ যথেষ্ট আছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি হাউসের দৃষ্টি ৯ই মার্চ তারিখে স্টেটস্‌ম্যান পত্রিকায় প্রকাশিত একটি রিপোর্টের প্রতি নিবদ্ধ করতে বলছি। সেই রিপোর্টে পরিষ্কারভাবে এ'টি লেখা আছে। আপনি জানেন তারাপদ দাস এবং অনীলকুমার দে কাঁচড়াপাড়া মিউনিসিপ্যালিটির কমিশনার, তাদের প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্টে ধরা হয়েছিল। তাদের বিরুদ্ধে কি চার্জ ছিল? খুব কুৎসিত একটা মিথ্যা চার্জ তাদের বিরুদ্ধে দেওয়া হয়েছিল, কোন এক মহিলা সম্পর্কে, তার নাম করতে চাই না। চার্জে লেখা হয়েছে—

on the allegation that the detenus had threatened to outrage the modesty of Miss M. Ghosh when she refused to submit to the immoral proposals of these detenus.

কিন্তু অবস্থাটা কি? গোটা ঘটনাটাই মিথ্যা। মিস ঘোষ, তিনি ব্যারাকপুর কোর্টে এফিডেভিট করে ম্যাজিস্ট্রেটের সামনে বলেছেন আমি ও'দের কাউকে চিনি না, জানি না। এই ধরনের অভিযোগ কোন দিন আমি করিনি। তারপর তিনি হাইকোর্ট জজের কাছে এফিডেফিট করে বলেছেন আমি ও'দের চিনি না, এই সমস্ত কথা মিথ্যা। এবং এই জন্য হাইকোর্ট কমিশনার অনীল দে ও তারাপদ দাস, উভয়কে মুক্তি দিয়েছেন। এই একটা ঘটনাই যথেষ্ট প্রমাণ করবার পক্ষে যে পার্টি ইন পাওয়ার, তাদের পার্টির স্বার্থের জন্য তারা কতদূর নীচে নামতে পারে এবং নীচে নেমে, ডি আই রুলস-এর সুযোগ নিয়ে তাঁর ক্ষমতার কত অপব্যবহার করতে পারেন। আর একটা ঘটনার কথা দৃষ্টান্তস্বরূপ দেওয়া যায়। অবশ্য সেটা কোর্টে ওঠে নি, ফাইনাল রিপোর্টে সেটা শেষ হয়েছে। সেটা হচ্ছে ফণীন্দ্রকুমার বাগচি সংক্রান্ত কেস। (এ ভয়েসঃ ওটা কি সার্টিফায়েড কপি?) হ্যাঁ সার্টিফায়েড কপি। ১৮-১২-৬২ তারিখে তাঁকে গ্রেপ্তার করা হয়। তিনি নাকি ১৫-১২-৬২ তারিখে একটা প্রেজুডিশিয়াল স্পীচ দিয়েছিলেন ভারত গভর্নমেন্টের বিরুদ্ধে এবং চীনা আক্রমণ সংক্রান্ত ব্যাপারে। তাঁর কি বক্তৃতা, কি বক্তব্য তাঁর সেই চার্জের মধ্যে লেখা নেই। কোন কিছু খবর নেই। কে বলেছেন, কি বলেছেন, তার কিছু খবর নেই। তারপর মাসের পর মাস ধরে তাকে ডিভিশন টু আন্ডারট্রায়াল প্রিজনার হিসেবে আটক রাখা হল এবং এর ফলে তিনি জেল খাটতে লাগলেন। পরবর্তী কালে দেখা গেল পুলিশ কোন সাক্ষী সাবুদ দিতে পারছে না। এদিকে যখন খুব হৈ-চৈ হচ্ছে, তখন তাকে ছেড়ে দেওয়া হল এই বলে—

he may be discharged as there is no sufficient evidence against him to warrant his trial. Sufficient evidence.

এটা একটা খুব সাধারণ কথা। একটা মিটিং-এ তিনি উপস্থিত হয়ে, সেখানে তিনি প্রেজুডিস্যাল বক্তৃতা দিয়েছেন এবং ডি আই রুলস-এর ৪৫(১) ধারা অনুসারে তাঁকে ধরা হয়েছে। তিনি একটা পাবলিক প্লেসে, মাঠে বক্তৃতা দিয়েছেন, লোকে শুনলো, অথচ বলা হচ্ছে—সাক্ষী নেই। এ একটা অদ্ভুত কথা। সুতরাং তাঁদের এই কথা থেকেই প্রমাণ হয়ে যায় যে আজকে যে পার্টি পাওয়ারে বসে রয়েছেন, অর্থাৎ কংগ্রেস পার্টি, তাঁদের দলীয় স্বার্থ চরিতার্থ করবার জন্য অনেক জায়গায় এই ধরনের প্রতিহিংসামূলক নীতি নিয়ে কাজ করে চলছেন এবং বিপক্ষকে নানাভাবে বিব্রত করবার চেষ্টা করছেন।

এখানে পি এস পি-র তরফ থেকে যে অ্যামেন্ডমেন্ট রাখা হয়েছে সেখানেও একটা কথা পরিষ্কার করে বলা হয়েছে—

This House views with great concern various acts of organised assault and violence perpetrated on P.S.P. workers, supporters and sympathisers by

Congress workers, in the Chowringhee area in Calcutta in connection with the forth coming bye-election.

সুতরাং এই দৃষ্টান্ত শুধু এখানেই নয়, বিভিন্ন জায়গাতেও হয়েছে। শুধু যে কমিউনিস্ট কর্মীরাই আটক আছেন তা নয়, যাকে ধরবার দরকার হচ্ছে তাকেও কমিউনিস্ট ছাপ দিয়ে আটকে রাখা হচ্ছে, যেমন আর সি পি আই'র কর্মী আটকে পড়ে আছে, এই হাউসের মাননীয় সদস্য, তিনি আটকে পড়ে আছেন, বসন্ত ঘোষ, শিলিগুড়িতে সংঘর্ষ পত্রিকার সম্পাদক, তাঁকেও আটকে রাখা হয়েছিল। সুতরাং এখানে যথেষ্ট সন্দেহ করার কারণ আছে যে আজকে ক্ষমতার গদীতে যাঁরা বসে আছেন তাঁরা তাঁদের স্বার্থে সেই ক্ষমতা অপব্যবহার করার চেষ্টা করছেন। সেইজন্য আমি বলছি যে, আজকে যাদেরকে আটকে রাখা হয়েছে বিনা বিচারে তাদেরকে কোর্টের সামনে হাজির করা হোক। কেউ কেউ বলতে পারেন, একথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিধান পরিষদে বলেছেন যে, প্রকাশ্য বিচার হলে দেশে নাকি ভীষণ গণ্ডগোল হবে। আমি ত মনে করি না যে কোন গণ্ডগোল হবে। দেশের জনসাধারণের শক্তির উপর যদি গভর্নমেন্ট দাঁড়িয়ে থাকে, গণতন্ত্রের উপর এই সরকার দাঁড়িয়ে আছে এই যদি তাঁদের দাবী হয়, তাহলে দেশের লোককে লুকিয়ে কোন বিচার করার কোন প্রশ্ন উঠে না, কারণ থাকতে পারে না, এবং তা সত্ত্বেও যদি গোপন বিচারই করতে হয়, তাহলে ট্রাইব্যুন্যাল বসান হোক। হাইকোর্টের জাজকে নিয়ে এসে সেই ট্রাইব্যুন্যাল গঠিত করা হোক এবং গঠিত করে সেখানে সেই সিক্রেট বিচার করা হোক, প্রাইভেট রাইটস টু ডিফেন্স দিয়ে। এই বলে আমি আমার অ্যামেন্ডমেন্টটা সমর্থন করছি।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমার অ্যামেন্ডমেন্টটা সম্পূর্ণ অন্য রকমের। আমি মনে করি না যে এইরকম এমার্জেন্সী সিচুয়েশনে কোন ইলেকশন চলতে পারে। তাই আমি মুভ করছি—

I beg to move that in lines 1-5, for the words beginning with "five bye-elections" and ending with "in the State" the following be substituted, namely:—

> "the whole of country is passing through a phase of national emergency and whereas no free and fair election is possible under the present state of affairs, this House is of opinion that the proposed bye-elections in the State be postponed."

OBSERVATION OF AMENDMENT TO A RESOLUTION HAVING NEGATIVE EFFECT.

Shri Somnath Lahiri:

অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে, হেমন্তবাবু যে প্রস্তাব এই অ্যামেন্ডমেন্টে রাখলেন সেটা হচ্ছে এই প্রস্তাবের বিপরীত। এখানে প্রস্তাবটা হচ্ছে যে ইলেকশন হচ্ছে, সুতরাং বন্দীদের মুক্তি দেওয়া হোক। আর ও'র প্রস্তাবটা হচ্ছে ইলেকশন না করা হোক। ইলেকশন যেটা হচ্ছে প্রস্তাবের অ্যাজামশন সেটাকে নেগেট করা হচ্ছে, বিপরীত হচ্ছে, যা সম্পূর্ণ অন্য ব্যাপার ত বটেই এবং বিপরীতও। এই প্রস্তাবের মর্ম হচ্ছে ইলেকশন হচ্ছে ধরে নিয়ে একটা সাজেশন হচ্ছে, আর সেখানে ইলেকশনই না হোক এই ধরনের কোন অ্যামেন্ডমেন্ট আনাটা আমার মতে নট ইন অর্ডার।

মিঃ স্পীকারঃ

Mr. Lahiri, every member has the right to move his motion.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ তাতে আমার কোন আপত্তি নেই। তিনি মুভ করুন, বক্তৃতা দেন, তাতে আমার আপত্তি নেই, কিন্তু আমি বলছি হোয়েদার ইট ইজ ইন অর্ডার অর নট সেটা আপনি বিবেচনা করবেন।

মিঃ স্পীকারঃ ও'কে প্রথমে মুভ করে বলতে দিন।

শ্রীহেমন্তকুমার বসু: আমি মনে করি না যে এটা মূল প্রস্তাবের বিরোধী। এখন যে ইলেকশন হচ্ছে সেখানে
emergency situation is the most important factor,
কাজেই আমরা চাই এই এমারজেন্সী সিচুয়েশনে ইলেকশন না হোক। এটা নেগেশন নয়, এটা অ্যাসার্টিভ। স্যার, আমি এই বিষয়ে আমার লিখিত বক্তৃতা পাঠ করছি।

চীনা আক্রমণের ফলে দেশে জরুরী অবস্থার সৃষ্টি হয়েছে।

[2—2-10 p.m.]

লোক দেখানো গোছের দুচার জন ছোট ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হলেও, বড় বড় ব্যবসায়ীদের গায়ে হাত দেয়া হচ্ছে না। ভারতরক্ষা আইনে এদের গ্রেপ্তার করা হচ্ছে না কেন? আমরা এ কথা স্বীকার করি, দেশের প্রতিরক্ষার স্বার্থে, স্বাধীনতা রক্ষার প্রয়োজনে সরকারের হাতে জরুরী অবস্থায় বিশেষ ক্ষমতা থাকা উচিত। এবং যারা দেশদ্রোহী তাদের বিনা বিচারে আটক রাখাও চলে। কিন্তু প্রশ্ন হচ্ছে, এরূপ জরুরী অবস্থায় নির্বাচন করা সংগত কিনা? নির্বাচন অনুষ্ঠানের জন্য যে গণতান্ত্রিক পরিবেশ প্রয়োজন তা জরুরী অবস্থায় থাকা সম্ভব নয়। আপৎকালে দেশদ্রোহীদের বিনা বিচারে আটক রাখা সংগত, কিন্তু এই ক্ষমতার অপব্যবহার করে সরকার নির্বাচনে বিরোধীপক্ষীয় যে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করে আটক রাখতে পারেন এমন আশঙ্কা আছে। এ অবস্থায় স্বাধীন নির্বাচন সম্ভব নয়। কেবলমাত্র রাজনৈতিক বন্দীর প্রশ্ন নয়, জরুরী অবস্থায় সাধারণ গণতান্ত্রিক অধিকারও সংকুচিত। গণতন্ত্র মানে কতকগুলি প্রতিষ্ঠান ও অনুষ্ঠান মাত্র নয়, এ এক পরিবেশ—যে পরিবেশে সকলেই স্বাধীন ও স্বচ্ছন্দভাবে নিজেদের বক্তব্য রাখতে পারবে এবং সেই মত কাজ করতে পারবে। কিন্তু বর্তমানে চীনা আক্রমণ ও তজ্জনিত জরুরী অবস্থায় যে গুমোটের সৃষ্টি হয়েছে, তাতে এই পরিবেশ বা আবহাওয়া কোথায়? সরকারের প্রতিরক্ষা নীতির দুর্বলতার সমালোচনা করা চলবে না—তাহলেই ভারতরক্ষা আইনের ভয়। অথচ সরকারী দল কংগ্রেস নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। ট্যাক্সের বিরুদ্ধে বললেই বলবেন, প্রতিরক্ষা ব্যবস্থাকে দুর্বল করার অভিসন্ধি। সাধারণ মানুষ সরকারের সমালোচনা করতে ভয় পায়। ভারতরক্ষা আইনের বিভীষিকার মধ্যে কোন স্বাধীন নির্বাচন সম্ভব নয়। স্বাধীন ও গণতান্ত্রিক নির্বাচন করতে হলে জরুরী অবস্থা ও ভারতরক্ষা আইন প্রত্যাহার করতে হবে, এবং যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের বিরুদ্ধে স্পষ্ট অভিযোগ এনে বিচার করতে হবে। যাদের দেশদ্রোহিতার অভিযোগ প্রমাণিত হবে তাদের কঠোর শাস্তি দিতে হবে, এবং অন্যদের ছেড়ে দিতে হবে। কিন্তু জরুরী অবস্থা তোলার মত সময় কি উপস্থিত হয়েছে? সরকারকে স্থির করতে হবে, জরুরী অবস্থা থাকবে, না নির্বাচন হবে? দুটো এক সঙ্গে হতে পারে না। সরকার আজ স্পষ্টই পরস্পর বিরোধী আচরণ করছেন। আমাদের বক্তব্য, জরুরী অবস্থা বর্তমানে প্রত্যাহার করা উচিত নয়। স্বাধীনতার বিপদ এখনও কাটে নি। ভারতের বিস্তীর্ণ অঞ্চলে আজও চীনা হানাদাররা বসে রয়েছে। তাছাড়া চীন যেকোন সময় ভারত আক্রমণ করতে পারে। চীনের মতিগতি মোটেই ভাল নয়। স্বয়ং প্রধানমন্ত্রী পর্যন্ত নতুন আক্রমণের আশংকা প্রকাশ করেছেন। এ অবস্থায় দেশরক্ষার প্রয়োজনে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত, এবং জরুরী অবস্থা বজায় রেখে দেশদ্রোহীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সম্ভাব্য চীনা আক্রমণের পরিপ্রেক্ষিতে জরুরী অবস্থা বজায় রাখার কথা যদি আমরা স্বীকার করি, তবে এ অবস্থায় নির্বাচন করা চলে কি করে? তাই আমাদের সুনির্দিষ্ট প্রস্তাব, জরুরী অবস্থা থাকাকালীন সময়ে নির্বাচন হওয়া উচিত নয়, এবং সেই কারণে নির্বাচন কমিশনকে অবিলম্বে সকল উপ-নির্বাচন বন্ধ কররা জন্য অনুরোধ করা হোক।

[2-10—2-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in line 3, after the words "fair elections" the following be inserted:—

"this House is of opinion that inasmuch as the Communist Government of China is reported to be making heavy concentration of Chinese troops all along the border, and the Prime Minister has

time and again cautioned the nation against any complacency and asked the country to be prepared against further invasion by the Communist China and inasmuch as the morale of the people has to be bosted up, unity of the people forged spontaneously against the invaders has to be maintained and strengthened and national solidarity preserved and all efforts have to be made to maintain and keep up massive developmental programmes and defence preparations, hold the price line, curb the profiteers and activities of anti-social and anti-national subversive elements and pro-Chinese Agents, build national economy on solid socialist foundation no bye-election should be held during the continuance of national emergency;

this House views with grave concern various acts of organised assault and violence perpetrated on P.S.P. workers, supporters and sympathisers by Congress workers, in the Chowringhee area in Calcutta in connection with forthcoming bye-election and coercion and intimidation held out to the members of the minority community in Chowringhee and Jamalpur constituencies by Congress Party, interplay of communal politics encouraged by Congress and the Communist and the grand unholy alliance forged between Congress and Communist on the eve of bye-elections which have vitiated the political climate and imperilled the democratic and patriotic forces in the country;

resolved further that in view of the categorical statements made before the House about the existence of facts and data necessitating the detention of pro-Chinese Communists of the State and worsening of the situation consequent upon Chinese bellicosity, any attempts to relax security measures and release persons against whom Government claims to have incriminating evidence to suit petty electoral interests and political convenience, would not only encourage lawlessness, expose the security and territorial integrity, to risks of subversion and endanger the very freedom and existence of the country as a whole;

this House while feels that national emergency should not be used as a political weapon to boost up the stocks of the corrupt and inefficient ruling party, whitewash the misdeed, omissions and commissions resulting in the shocking unpreparedness, military reverses, and belonging to the Defence Ministry and exploit the situation for furtherance of narrow party ends and while acknowledges the necessity of continuance of national emergency, the individual cases of citizens detained in prison, should be re-examined, re-considered and reviewed on the basis of attending facts and circumstances and injustice and hardship should under no circumstances be inflicted on innocent persons who have no connection with any political party or group having extraterritorial loyalty who have been detained on the basis of vague suspicion and rumours. This House feels that even in an emergency individual personal liberty, dignity of human personality—observance of due process of law and the fairplay should not be severely fixed and the freedom of Press should be upheld. Though the Government is armed with extensive powers during emergency period the danger of abuse of such Draconic power and corruption in the hands of corrupt functionaries and irresponsible executive officers is still there and any attempt on the part of the executive to placate Fifth Column elements and subversive forces and weaken thereby the alliance of patriotic forces, undermine national integrity and working people's solidarity will lead to a national calamity."

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে প্রস্তাব ডাঃ ত্রিরাজ রেখেছেন এবং তার সমর্থনে মাননীয় বন্ধু শ্রীলাহিড়ী যে বক্তৃতা করেছেন তার উপর আমাদের দলের পক্ষ থেকে আমি আমার সংশোধনী প্রস্তাব রাখছি। স্যার, আমরাও মনে করি দেশে যখন জরুরী অবস্থা চলছে তখন কোন নির্বাচন হওয়া উচিত নয়। এবং বিশেষ করে বিনা বিচারে রাজনৈতিক বন্দীদের দীর্ঘদিন আটক রাখা উচিত নয়। আমরা বিশেষ করে ন্যাশান্যাল এমারজেন্সী থাকার কালেও, আপৎকালীন অবস্থা চলার কালেও ব্যক্তিগত স্বাধীনতা বা মতামত প্রকাশের স্বাধীনতা বা সংবাদপত্রের স্বাধীনতা ডিউ প্রসেস অফ ল-তে হওয়া উচিত এটা আমাদের বিশ্বাস। এটা কোন রাজনৈতিক বন্দীদের আটক রেখে বিশেষ এক উদ্দেশ্য হাসিল করবার জন্য আমরা বলছি না। কেন না আমাদের ডানদিকে যেসব বন্ধুরা বসে আছেন তাঁরা অন্তত জানেন যে এই মূল নীতি নিয়ে তাঁদের সঙ্গে আমাদের রাজনৈতিক দীর্ঘদিনের মতভেদ রয়েছে। স্যার, এই মূল প্রস্তাব যদি পড়েন তাহলে দেখবেন যে যাঁরা এই প্রস্তাব এনেছেন তাঁদের মনের মধ্যে পাপ রয়েছে। তাঁরা বলছেন

"and whereas it is necessary to ensure free and fair elections, this House recommends to the Government to release forthwith all members and supporters of Opposition parties at present detained without trial in the State."

কেন তারা বলছেন না যে কমিউনিস্ট পার্টির মেম্বারদের আটক রাখা হয়েছে। আমি সোমনাথবাবুকে বলছি যে স্পষ্ট করে বলুন। কারণ দিল্লীতে আমাদের দলের একজন সদস্যকে আটক রাখা হয়েছিল, প্রজা সমাজতান্ত্রিক দল দিল্লী ফরোয়ার্ড ব্লক এবং দল নিরপেক্ষ ব্যক্তিরা তারা জনসভা করে শোভাযাত্রা করে প্রধানমন্ত্রীকে বাধ্য করেছিল, লালবাহাদুর শাস্ত্রীকে বাধ্য করেছিল তাকে রিলিজ করে দিতে। আমি জিজ্ঞাসা করি, কেন তাঁরা পারছেন না? আজ তাঁরা অপোজিশান পার্টি বলে—গৌরবে বহুবচন করে যেন আজকে ন্যাশানাল ইমারজেন্সীর সময় বাংলাদেশের অপোজিশান পার্টিগুলি দেশদ্রোহিতার চার্জে পড়েছে—এটা তো মোটেই সত্য নয়। আজকে অপোজিশান পার্টি বলে একটা স্মোক স্ক্রীন সৃষ্টি করছেন এখানে শুধু অপোজিশান পার্টি বলে ছেড়ে দিচ্ছেন। তার জানা উচিত যে আমার এলাকায় কংগ্রেস কর্মী আছে যারা আজ কারারুদ্ধ তাদের ব্যাপার নিয়ে আমি মুখ্যমন্ত্রীকে বলেছি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি, সেখানে নোয়াপাড়া কেন্দ্র থেকে একজন স্কুলের শিক্ষক এবং মণ্ডল কংগ্রেসের একজন সম্পাদক সিরাজুদ্দিন মণ্ডল যাদের সঙ্গে অন্য কোন রাজনীতির সঙ্গে সংশ্রব নেই, সম্পূর্ণ নিরীহ তাদের প্রতি রাজনৈতিক আক্রমণ এবং দলীয় জিঘাংসা চরিতার্থ করবার জন্য আজ তাদের আটকে রাখা হয়েছে। অপোজিশান পার্টির কথা বললে শুধু যারা অপোজিশান পার্টির সভ্য নয় তারা কি ডিটেন হয়ে থাকবে? এই মূল প্রস্তাব তাঁরা তুলছেন না যে রাজনৈতিক বন্দীদের বিনা বিচারে আটক রাখা চলবে না।

To ensure free and fair election.

এখানে চৌরঙ্গীতে দেখছি কংগ্রেসের কিছু কর্মীদের হাতে আমাদের কর্মীরা মাথা ফাটিয়ে হাসপাতালে পড়ে আছেন। লাহিড়ী মহাশয়ের দলের কিছু লোক যদি মুক্তি পেয়ে আসেন তাহলেই ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশান হবে—আমি আদৌ একথা মনে করি না। আজ নির্বাচন কেন হচ্ছে? আজ তারা প্রধানমন্ত্রীর স্তুতি গান করছেন—কারণ, প্রধানমন্ত্রীকে তাদের জানা আছে এটাই হচ্ছে তার কারণ। আমি বলি ওয়ার্লড মার্ক্সিস্ট রিভিউ, ফেব্রুয়ারী মাসের রিভিউটা পড়ে দেখুন, তাতে আছে তারা প্রধানমন্ত্রী সম্বন্ধে কি বলছেন সেটা আগে ভাল করে পড়ে দেখুন। দেশে যখন ন্যাশান্যাল এমারজেন্সী চলছে, যখন কংগ্রেসের উপর এত সমালোচনা চলছে তখন কংগ্রেস জিতে গেলে তারা বিশ্বের কাছে দেখাবে দুটো জিনিস, প্রথম হচ্ছে যে, ন্যাশান্যাল এমারজেন্সীর মধ্যে কংগ্রেস নির্বাচন করতে ভয় পায় না। আর দ্বিতীয় হচ্ছে কংগ্রেসের রাজনীতি আভ্যন্তরীণ নীতি বৈদেশিক নীতি সমস্ত নীতিই ভারতবর্ষের লোক সমর্থন করেন। এই রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য আজকে তারা এই চাল খেলেছেন। এই চালের প্যাচে আমাদের বন্ধুরা পড়ে যাচ্ছেন। সেখানে আমাদের কমিউনিস্ট বন্ধুদের আঘাত করবার ক্ষমতা নাই। আমি লাহিড়ী মহাশয়কে খুব বিনয়ের সঙ্গে বলতে চাই

He should remember that Prime Minister Nehru can never be allowed to be used by a particular party—the Communist Party.

আজ কমিউনিস্ট পার্টি তাদের প্রয়োজনের জন্যই তারা এইরকম নেহরু নীতি ব্যবহার করছেন। সেজন্যই আমি লাহিড়ী মহাশয়কে বলতে চাই যে,—

Mr. Nehru should never be used as banner and sekeen at the same time.

যে প্রধানমন্ত্রীকে তাঁরা দেবতার স্থানে বসিয়েছেন সেই প্রধানমন্ত্রী বলছেন যে চীন যখন-তখন আক্রমণ করতে পারে। আমরা সংবাদপত্রে দেখেছি যে সমস্ত চুম্বী ভ্যালী এলাকায় চীনা-ভারত সীমান্তব্যাপী লক্ষ লক্ষ চীনা সৈন্য সমাবেশ হয়েছে, যুদ্ধের প্রস্তুতি হচ্ছে, যুদ্ধের দামামা আবার বেজে উঠতে পারে। সেখানে তিনি বলছেন কাগজে বেরিয়েছে কোন বন্ধু ওঁকে মিসআন্ডারস্ট্যান্ড করিয়েছে। তাহলে দেখা যাচ্ছে কোথায় তাঁদের সিরিয়াসনেস আসবে এক হাউসের একজন সভ্য সেদিন জ্যোতিবাবু এবং পণ্ডিত নেহরুকে অ্যাটাক করে বলেছিলেন যে পণ্ডিত নেহরু যা বলছেন জ্যোতিবাবুও তাই বলছেন। আজকাল পণ্ডিত নেহরু আমাদের কমিউনিস্টদের বন্ধু। কমপ্লিমেন্টটা ভাল করে হৃদয়ের মণিকোঠায় পুঞ্জীভূত করে রেখে দেবেন। তাহলে কমিউনিস্ট পার্টির সিন্সিয়ারিটিটা কোথায়? এখানে লাহিড়ী মহাশয় বলছেন, ভাদুড়ী মহাশয় বলছেন যে বিপ্লবী শক্তিকে সেখানে প্রয়োগ করা হচ্ছে না। তাঁরা বলছেন দুটো শক্তি —একটা হচ্ছে ন্যাশনাল এমারজেন্সী পাওয়ার, আর একটা বলছেন জনগণের বিপুল সমর্থন। আমি বলছি যে কংগ্রেস সরকারের পেছনে আদৌ জনসাধারণের সমর্থন নেই। এই বাজেটের পর এবং সরকারের দুর্নীতির পর জনসাধারণ আজকে বিক্ষুব্ধ এবং জনসাধারণ বিক্ষুব্ধ বলে চীনা আক্রমণের বিরুদ্ধে তারা আরও বেশী করে দাঁড়িয়েছে। কিন্তু তাঁরা বলছেন যে, কংগ্রেস সরকার বিপুল শক্তিকে কাজে লাগাতে পারছেন না। জনগণের শক্তির প্রতি এইরকম হাস্যাস্পদ উক্তি আর শুনি নি। যে কংগ্রেসকে তাঁরা বলছেন পুঁজিবাদী সরকার, দুর্নীতিগ্রস্ত সরকার এবং প্রত্যেক দিন এখানে ড্রামাটিক ওয়েতে বক্তৃতা তাঁরা করছেন আবার সেই পুঁজিবাদী সরকারকে বলছেন যে বিপ্লবী শক্তিকে রেভলিউসনারী পারপাস-এ ইউস করছেন না। কনট্রাডিকশন ইন টার্ম হচ্ছে না, একটা করাপ্ট রুলিং ক্যাপিটালিস্ট পার্টি কি করে একটা রেভোলিউশনারীজ এ্যাক্টিভিটিজ প্রোগ্রাম-এ পেতে পারে তা জানি না। সুতরাং তাঁরা নিজেদের মনকে পরিষ্কার করুন। আমরা বরাবরই বলে আসছি যে ন্যাশনাল এমারজেন্সীতে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে কার বিরুদ্দে কি অভিযোগ আছে সরকার সে সম্বন্ধে বিবেচনা করবেন। আমরা জানি যে, এ সম্বন্ধে আপাততঃ দেশের মধ্যে দুটো নীতি আছে। আমরা টোট্যালিটারিজম কান্ট্রি, ফ্যাসিস্ট কান্ট্রি, কমিউনিস্ট কান্ট্রিতে কি হয় দেখেছি, গণতান্ত্রিক দেশের দৃষ্টান্ত দেখেছি। এই হাউসের দলমত নির্বিশেষে যাঁদের গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা আছে, তাঁরা ইংল্যাণ্ড-এর ইতিহাস স্মরণ করবেন। আমি বলছি যে ইংল্যান্ড-এ ঠিক এই জিনিস হয়েছিল ইংল্যান্ড-এর রেগুলেশান ১৮(বি)-র বিরুদ্ধে ইংল্যান্ডের লেবার পার্টির কনজারভেটিভ লিবারেলস ইত্যাদি প্রত্যেকেই বিরোধিতা করেছিল। কিন্তু যুদ্ধ যখন এল, যখন ন্যাশনাল এমারজেন্সী চালু হল, রেগুলেশন যখন চালু হল, সেই ১৮(বি) যখন ডিটেনসন হল, তখন লুনেসিস ভারসাস এন্ডারসন-এর সেই ফেমাস কেস এবং সেই অ্যাপিল কেস, সেই কেস-এ দেখা গেল ইংল্যান্ড বিখ্যাত ল লর্ডরা বললেন ইট ইজ এ সাবজেক্টিভ ফ্যাক্টর, এই ব্যাপারে রিজিনেবল কজ যদি থাকে, সসিপেক্ট যদি থাকে, তাহলে দ্যাট ইজ এনাফ, সেটাতে লর্ড একসন বললেন না তা হতে পারে না এবং এঁর ফলে হবে কি না আমরা এক্সিকিউটিভ-এর হাতে বিরাট ক্ষমতা দিয়ে দেব, এবং অত্যাচারের স্টিম রোলার চলতে থাকবে। কিন্তু যে মুহূর্তে যুদ্ধ শেষ হয়ে গেল সেই ইংল্যান্ড ভারসাস এন্ডারসন-এর সেই বিখ্যাত কেস উলটে গেল এবং লর্ড অ্যাক্টিং-এর ডিফেন্সিভ জাজমেন্ট ইংল্যান্ড-এর সমস্ত ল লর্ডরা ফলো করেছেন। এই হচ্ছে গণতন্ত্রের পরীক্ষা। আমি একথা বলতে চাই যে যখন ন্যাশান্যাল এমারজেন্সী আসে তখন মানুষের অধিকার ক্ষুণ্ণ হয় এবং সেখানে গণতন্ত্রের বলে

"People are persuaded to lend their liberty for an extraordinary investment, an investment in national existence and national sovereignty is a good incentive to the country."

আজকে সেই পার্পাস-এ দেশের লোক এসেছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সেখানে এসে সরকার একটা দলবজী করছেন। আমার বন্ধু ননী ভট্টাচার্য বললেন যে প্রকাশ্য আদালতে বিচার হচ্ছে না কেন? এটা ঠিক কথা। কিন্তু প্রকাশ্য আদালতে বিচার করবার ক্ষমতায় দুর্বলতা

রয়েছে সরকারের, কেন না সরকারের মধ্যে এমন বহু হোমড়া-চোমড়া রয়েছেন যাঁরা এর মধ্যে এসে পড়বেন। মাননীয় লাহিড়ী মহাশয় কি জানেন না যে তাঁর দলকে কি প্রশ্রয় সরকার দিয়েছেন? তাঁদের তোয়াজ যে সরকার করেন তা আমরা সমস্ত ব্যাপারে দেখেছি। যখন কোন ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট হয়, অন্য কোন পলিটিক্যাল পার্টি যেহেতু তাঁরা সংখ্যায় কম, তাঁরা মাথা নিচু করে হেরে চলে এসেছেন। কিন্তু তাঁদের শক্তি ছিল প্রোসেসন বার করেছেন সরকার আপনি মাথা নীচু করেছেন এবং জনসাধারণকে তাঁরা দেখিয়েছেন যে আমাদের দলের পেছনে শক্তি আছে এবং আমাদের যদি না মান সরকারের কাছে কানমলা খাবে। এইভাবে তাঁরা সরকারের পেছনে কোন পলিটিক্যাল স্ক্রুপলাস রেখে চলেন নি। কোন পলিটিক্যাল ফিলোসফি বা পলিটিক্যাল থিওরি নিয়ে চলেন নি। শ্রদ্ধেয় লাহিড়ী মহাশয়কে জিজ্ঞাসা করছি বুকে হাত দিয়ে তিনি বলুন পৃথিবীতে একটা দেশ দেখান যে দেশে কোন পলিটিক্যাল প্রিজনার্স-এর কথা বলছি না—সামান্য সামান্য অপরাধের জন্য কি সাংঘাতিক পানিসমেন্ট দেওয়া হয়েছে। সেই ফ্রান্সিস ট্রায়াল, মস্কো ট্রায়াল, ব্রিটিশ ট্রায়াল, কর্পোরাল ট্রায়াল, সন ডক্টরস ট্রায়াল ইত্যাদি ট্রায়ালগুলো দেখুন।

[2-20—2-30 p.m.]

আমার কাছে বইটা আছে, পড়ছি—বুখারিন যাকে লেনিন ফেভারিট অফ দি পার্টি, ডার্লিং অফ দি নেশন—সেই বুখারিন সম্বন্ধে বলি—সেই বুখারিন-এর মত অত বড় কমিউনিস্ট নেতাকে গুলি করে হত্যা করা হয়েছিল মস্কো ট্রায়ালেতে। বুখারিন সেখানে স্বীকার উক্তি করেছিলেন। বুখারিন তাঁকে ৩ মাস অসহ্য যন্ত্রণা সহ্য করতে হয়েছিল। সে মেথড তাঁকে এ্যাপ্লাই করা হয়েছিল—কি জন্য? টু কনফার, বুখারিন কনফেস করতে যান নি।

"I shall now speak of myself, of the reasons for my repentence. For three months I refused to say anything. Then I began to testify. Why? Because while in prison I made a revalution of my entire past. For when you ask yourself: 'If you must die, what are you dying for?'—an absolutely black vacuity suddenly rises before you with startling vividness. There was nothing to die for, if one wanted to die unrepented. Again, 'Very wel, suppose, you do not die, suppose by some miracle you remain alive, again what for? Isolated from everybody, an enemy of the people in an inhuman position, completely isolated from everything that constitutes the essence of life."

বুখারিন বলছেন এইভাবে,—এইভাবে তাঁকে বাধ্য করা হল—যদি আমি না স্বীকার করি আমার কি অপরাধ—আমাকে পৃথিবীর বুক থেকে মুছে দিতে হবে, এই ভাবে হয়েছে। স্ট্যালিনএর সেদিনের কথা বলছিলাম—উনি তো জানেন যে, টয়েন্টিয়েথ পার্টি কংগ্রেস-এ ক্রুশ্চেভ বলেছিলেন স্ট্যালিনএর ইনজাংশন ছিল কি? নির্দেশ—বিট, বিট এ্যান্ড বিট এগেন—পিটিয়ে ঠান্ডা কর, যাকে কাছে পাবে তাকে খুন কর, হত্যা কর, আদায় করে নাও তাদের কাছে সমস্ত তথ্য। এ সমস্ত জিনিষ দেখে আমরা শিউরে উঠি। কোন সভ্য দেশ কখনও এ জিনিষ সহ্য করে নেবে না। গণতন্ত্রকে যাঁরা শ্রদ্ধা করেন, তাঁরাও এর বিরুদ্ধে। আমরা তাই ঐ ধরনের আটকের—নির্বাচন আটকেরও বিরুদ্ধে। কিন্তু একটা কথা এখানে বলতে চাই—আমরা সকলেই একথা বলতে চাই যে, নির্বাচন ইলেকটোরাল ট্রুস-এর জন্য বা ইলেকটোরাল পেটি ইন্টারেস্ট সার্ভ করবার জন্য টু সুট দি কনভিনিয়েন্স অফ ইলেকটোরাল এ্যালায়েন্স যদি আজকে কোন রকমের কোন কিছু করা হয় সিকিউরিটি মেজার্সকে রিল্যাক্স করা হয় তাহলে দেশের সর্বনাশকে ডেকে আনা হবে। লাহিড়ী মহাশয় কি বলতে পারেন যে চীন কালকে কি করবে কি করবে না। আজকে তাঁরা বলেছেন যা পণ্ডিত নেহেরু বলেছেন, তাঁর কথা আমরা স্মরণ করি। তিনি বলেছেন যে আমাদের ছেড়ে দিন। তিনি শেষকালটা খুব ড্রামাটিক্যালি বলেছেন যে, আসুন আমাদের সবাইকে ছেড়ে দিন। এই নির্বাচনে আমরা নামি এবং পণ্ডিত নেহেরুর নীতিকে আমরা জয়যুক্ত করি। তাহলে কাকে জয়যুক্ত করবেন? কংগ্রেসকে জয়যুক্ত করবার জন্য কারামুক্তি চাচ্ছেন? কংগ্রেস হয়ত আপনাদের সমর্থন না পেয়েই হয়ত বলবেন আমরা লড়াই করবো। তাহলে কংগ্রেসকে সমর্থন করবার জন্য আপনারা নির্বাচনে কারামুক্তি চাচ্ছেন? আপনারা যদি কংগ্রেসকে, তার নীতিকে সমর্থন করবেন তাহলে আপনাদের ক্যানডিডেট দেবার কি অর্থ আছে? আপনারা তো চৌরঙ্গীতে কোন ক্যান্ডিডেট দিচ্ছেন না, আপনারা কেন কংগ্রেসএর বিরুদ্ধে

ক্যান্ডিডেট দিচ্ছেন না? আপনাদের নীতিই হচ্ছে এই আর তাই পরোক্ষভাবে কংগ্রেসকে সমর্থন করছেন। তাহলে ফ্রি এ্যান্ড ফেয়ার ইলেকসন নষ্ট হয়ে যাচ্ছে, এর কোন রেলিভেনসি কি থাকছে না। আমি বলতে চাই গণতান্ত্রিক প্রত্যেক দেশে ব্যক্তির গণতন্ত্রে স্থান আছে। তাঁরা যে ব্যক্তিকে এভাবে তুলে দিচ্ছেন এটা একটা মারাত্মক জিনিষ। এটা চিন্তা করতে হবে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলতে চাই, আমার এখনই একটা কথা হঠাৎ মনে পড়ে যাচ্ছে যে, বাল্যকালে ছাত্রজীবনে পড়েছিলাম একজন স্ট্যালিন সম্বন্ধে কবিতা লিখে স্ট্যালিন প্রাইজ পেয়েছিলেন। তাঁর কবিতার বক্তব্য কি? তিনি বলেছিলেন

"Oh Stalin, you are so great! With whom shall thou be compared? With the mountain No, it has a summit. With the ocean? No, it has a fathoms with the sky? No, it has a horizon. With the moon? No, because the moon does not have its full effulgence until midnight. Then, with the sun? No, the comparison fails, because the sun sets."

এই হচ্ছে স্ট্যালিন বন্দনা করে, ন্যক্কারজনক বন্দনা করে স্ট্যালিন প্রাইজ পেয়েছিলেন। পরবর্তীকালে দেখলাম কবরে গিয়েও হাড়গুলোকে তুলে টেনে আনা হল, দেওয়ালেতে আলকাতরা মাখাতে আরম্ভ হল, যেখানে স্ট্যালিনের নাম, সেখানে স্ট্যালিনের নাম মুছে দেওয়া হল। একথা পণ্ডিত নেহেরুর জানা উচিত। ইতিহাস কাউকে কখনও ক্ষমা করে না। তাঁর জানা উচিত তিনি যত বড়ই হোন, তিনি ভারতবর্ষের উর্ধে কখনই নন, এবং ভারতবর্ষের ৪৫ কোটি মানুষের সুখ-দুঃখের ভাগীদার হয়ে তাঁকে লড়ে যেতে হবে শেষ দিন পর্যন্ত। তাঁরা আজকে বলছেন যে, প্রধানমন্ত্রীকে রক্ষা করবার জন্য রয়েছি। তাহলে প্রশ্ন হচ্ছে, চীনের আক্রমণ মোকাবিলা করা তত বড় প্রশ্ন নয়, ভারতবর্ষের ৪০ কোটি মানুষের সম্মান, মর্যাদা, তার স্বাধীনতা, তার ধনসম্পদ এ রক্ষা করা প্রশ্ন নয়, ভারতবর্ষের কৃষ্টি, ঐতিহ্য, অস্তিত্ব, তার সার্বভৌমত্ব, তা রক্ষা করা তত বড় প্রশ্ন নয়, যত বড় প্রশ্ন হচ্ছে পণ্ডিত জহরলাল নেহেরুর হাত শক্তিশালী করা। এবং এর পেছনে কোন রাজনীতি আছে? কেন রাজনৈতিক তত্ত্ব আছে আমি জানি না। আমি সেজন্য বলি যে আমরা মনে করি যে, ন্যাশনাল এমারজেন্সীর প্রয়োজনীয়তা আছে। আমরা মনে করি নির্বাচন এখনই বন্ধ করা উচিত, এবং এই রাজনৈতিক দলবাজির জন্য নির্বাচন করতে দেওয়া কখনই উচিত নয়।

আমরা মনে করি যে আজকেও সংবাদপত্রের স্বাধীনতা রাখা উচিত। কিন্তু তাঁরা তো সে কথা বলছেন না। এখানকার মাননীয় বন্ধু কমলবাবু বলেছিলেন যে কেন স্বাধীনতা পত্রিকায় চুম্বী উপত্যকায় চীনা সৈন্যের সমাবেশের কথা কেন বেরুলো না—তারা বললো যে আমরা ঐ সমস্ত বাজে জিনিস কাগজে ছাপি না। আমরা যেগুলো খাঁটি খবর সেগুলো ছাপি। এই ধরনের কথা অনেকবার তারা বলেছেন। আনন্দবাজার, স্টেটসম্যান, যুগান্তর, অমৃতবাজার, হিন্দুস্থান কাগজে বছরের পরে বছর এই সমস্ত তথ্য বেরিয়েছে, আর তারা এইগুলো বাজে বলে উড়িয়ে দিচ্ছেন। যখন আক্রমণ হোল তখন কি অবস্থা দাঁড়ালো। সুতরাং তাই বলছি যে তাদের সিরিয়াসনেস কোথায়—আজকে সোমনাথ লাহিড়ী মহাশয়কে বলছি যে তাঁর দল থেকে তিনি আহ্বান দিন যে ২৫ হাজার ৩০ হাজার লোকের র‍্যালে বার করবো যে ভারতকে রক্ষা করতে হবে চীনের আক্রমণের বিরুদ্ধে দেশ তখন বুঝবে তাদের সিরিয়াসনেস। তা তারা করছেন না। যেখানে ন্যাশনাল ইমারজেন্সী সেখানেই ঐ চিমটিকাটা। সেখানেই বলছেন ও কিছু নয়—আমরা যখন দ্রব্যমূল্য বাড়ে মনে ব্যথা পাই কেন—কি আমরা জানি এই দ্রব্যমূল্য বৃদ্ধি দরিদ্র জনসাধারণের উপর পড়বে—তাতে তাদের শিথিলতা এসে যাবে—মানুষের মধ্যে লড়ায়ের যে প্রবৃত্তি সেটা ভেঙ্গে যাবে। সেই জন্য আমরা বলি যে এগুলো বন্ধ করুন। সমাজতান্ত্রিক পথে চলুন গরীবের দুঃখ বুঝুন। তাদের সুখ-দুঃখের ভাগী হউন এবং লড়াইতে নামুন। তা তারা করবেন না তারা তাদের যা খুশী করবেন। তাই অনেকে বলছেন চীনের আক্রমণ-টাক্রমণ কিছু না এইটাই হচ্ছে তাদের অজুহাত দ্রব্যমূল্য বাড়াবার। সেজন্য আমি বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে এলেন-এর বইতে পড়েছি—তাঁর মত বড় পূজারী গণতন্ত্রের খুব কমই আছে—আমি তাঁর বই থেকে এইটুকু বলে শেষ করছি—তাঁর মত গণতন্ত্রের পূজারী তিনি বলছেন—

"One of the most depressing aspects of modern war is that a democratic nation which believes in freedom of belief and expression and which respects

minorities, on the outbreak of a war has to reckon with enemies within as well as enemies without. 'Ideologies' which profess to transcend all national boundaries and attachments have undermined traditional ideas of loyalty, which pale before 'loyalty' to a supranational creed or objective. Between the wars new totalitarian regimes had made great and ingenious efforts—in some instances with tragic success—to infiltrate the democracies with their doctrines and so weaken resistance to aggression".

আমি এই কথা বলি আজকে এই যে অবস্থা এসেছে তাতে আমরা মনে করি একজিকিউটিভের হাতে যে বিরাট ক্ষমতা দেওয়া হয়েছে এই কাঁচের প্লাস তাদের হাতে দেওয়া এভাবে চলে না।

The greater the power, the greater is the chance of misuse, and I sincerely feel, and this is also the view of my party, that it is not necessary to say that in the hour of crisis, personal gain is of no account at all.

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, the question that we are considering just now is about the release of the political prisoners detained under the Defence of India Rules and we are considering this question in the background of the bye-elections to be held in many places in West Bengal. Sir, elections are usually held in normal times but if during this emergency period the elections are held, I would like to know, Sir, why these bye-elections had been postponed some months ago and why they have been directed to be held some months after. Sir, who decided as to whether there was emergency and who has decided now that there is no emergency? We hear from our Hon'ble Prime Minister that this emergency would continue for years to come. If that is so, then are we to understand that those who are detained under the Defence of India Rules should be detained for then, fifteen or twenty years—so long as the emergency would continue?

Sir, elections, according to our Constitution, must be fair elections—all the parties whoever they are and who intend to set up candidates must be fairly, equitably and justly treated. Sir, nobody here will certainly support them who are accused today or charged today for treason against the country, who have got some link with the enemies outside during this aggression. But how are we to know that unless those charges are proved in a court of law, unless we know by which time they will be produced before a court of law, in a democratic country—how are we to assume that? Are we to assume that simply because of statements made by some persons that these people are guilty of such and such charge?

[2-30—2-40 p.m.]

Sir, let there be no misgivings. I yield to none in my desire to see that the guilty persons, specially those who have anything to do against the interests of the country, or against the freedom of this country, should be severely dealt with under the law. Let there be no misgivings about that. But this point has to be very seriously considered because the ruling party here will take advantage of the Defence of India Rules and will put behind the prison bar anybody and everybody whom they consider fit, whom they think to be their real opponents, who may oppose effectively. Sir, this impression from the public mind has got to be removed as to why these people should be detained without a trial, without somebody coming forward and saying that these are the evidences which have been scanned and the guilt has been proved. This has to be done in the interest of the Government, in the interest of those who have been arrested and in the interest of the general public so that the people may know about them and decide that these are the people who are guilty of such heinous offences, and if they belong to any party whatsoever, that party will also go down in history and in the estimation of everybody—that these are the persons who acted in this way. Why Government is not

taking that step? They simply say that we are to assume that it is the responsibility of those in authority, who have put them behind the prison bar, to see to all these things. They will not produce them before a court of law. If they have any desire to produce them before a court of law one day or the other, or before a tribunal, let them fix a dead line here and now. Why are they not going to produce them before a court of law? Sir, in a democratic country everybody is to be presumed as an innocent man under the law until and unless the charges framed against anybody are proved in a court of law.

Sir, I am not interested just in fighting out as to which party will deliver the goods, the Congress, the Communists, or the P.S.P., or the R.S.P. I am interested in the freedom of citizens in a democratic country Sir, they have detained them. If they feel, that for reasons of security they are to be detained, just as they have said, we have nothing to say. But if after some years or some time they are proved to be innocent, or if they are let off by a court of law after their cases have been heard, who will be responsible? The responsibility will be theirs. Sir, as you know, the principle of law is that let hundreds of guilty persons, or accused, go away scot free, but not one innocent person be condemned without legal proceedings. Sir, we do not know what are the charges, excepting those in authority who may have evidence, or who may have some justification to put them under detention. Some years back when these D. I. Rules were used against any person in this country, if you go through the proceedings of those days, Sir, you will find how these Rules were characterised. It is unfortunate, Sir, that the same D. I. Rules have got to be applied by us today. Let there be no misgivings in the mind of anybody that the powers have been or are being abused because they have got the power under the D. I. Rules. But I feel that this election should not have been held during this emergency. Why this hurry? They are here with a comfortable majority. Nothing, no work is being hampered. There is no difficulty in getting anything passed in this Assembly. What would have been the consequences if these 4 or 5 seats were left vacant? If the Election Commissioner thought that election could be held during this emergency, he might have got some sort of a report from here to the effect that the election could be held, the time is ripe and there is no trouble in this State. I do not know whether he called for any report, or if any report was sent by the Government suggesting that this was the proper opportunity or suitable moment for holding the election. That has got to be ascertained.

I have read in the newspapers the speech of the Hon'ble the Finance Minister. He has emphatically said in the affirmative that these are the people against whose cases he has got definite proof. He also said that these are the people who have got some links with the enemies outside. Sir, we are not in a position to say so. If the statement is made by those in authority—if such a statement is made—then absolutely there is no other way but to accept that statement in the interest of the State, because after all the security of the State lies in their hands. For them the best thing would have been to examine all these cases by this time or to send all these cases to a court of law and if they had been proved to be found guilty, certainly it would have been easier for all of us, for all Congressmen to understand. And, perhaps, if they were found to be guilty after simply being tried in a court of law no party who is now pressing for the release of the prisoners—many of them would not have the guts or the courage or the authority to move for the release of such prisoners.

Sir, democracy demands that they must be tried and sooner they are so tried the better for us.

With these words, I support and I am in favour of the proposal that bye-election should not be held at the present moment.

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার, স্যার, একটু আগে আমাদের বিরোধী দলের বন্ধু শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় যে ওকালতি করলেন, অর্থাৎ দেশদ্রোহী বন্দী যারা রয়েছেন তাঁদের ছেড়ে দেওয়ার ব্যাপারে। আমি নীতিগতভাবে বলবো যে তাদের আজকে আটকে রাখা নিশ্চয় উচিত। কিন্তু, ব্যক্তিগতভাবে আমি বলতে চাই যে তাদের ছেড়ে দেওয়া উচিত। কেন তাঁদের ছেড়ে দেওয়া উচিত? জেলের বাইরে এলে তাঁরা দেখতে পাবেন জনতার, ভারতবর্ষের এই ৪৪ কোটি দেশভক্ত নাগরিকের কি রকম এ'দের প্রতি ধিক্কার। সেই ধিক্কারকে দেখবার জন্য, আমি চাই কমিউনিস্ট বন্দীদের ছেড়ে দেওয়া হোক। আমরা জানি ইটালিতে সিনর মুসোলিনীকে সেখানকার জনসাধারণ, দেশভক্ত ইটালির জনতা তার গায়ে থুতু দিতে দিতে মেরে ফেলেছিল। আমরাও এখানে দেখতে পাবো যদি আমাদের কমিউনিস্ট বন্দীদের ছেড়ে দেওয়া হয় জেলখানা থেকে, ঠিক ইটালিতে মুসোলিনীকে যে রকম ভাবে হত্যা করা হয়েছিল ভারতবর্ষেও ঠিক সেই জিনিসের পুনরাবৃত্তি হবে—তিনি জ্যোতি বসুই হোন বা যে কোন লোক হন যারা দেশদ্রোহিতা করবেন। পৃথিবীর অন্য যে কোন দেশে, আমি বলবো অন্য গণতান্ত্রিক দেশে এটা কেউ বরদাস্ত করে না, কমিউনিস্ট দেশের কথা ছেড়ে দিলাম। কমিউনিস্ট দেশের কোন লোক সেখানে কোন রকম দলবিরোধী বা সরকার-বিরোধী কথা বললে তাকে হত্যা করা হয়, এরকম নজির আমরা বহু দেখেছি। শ্রীবেরীয়ার যিনি রুশদেশে সর্বাধিনায়ক ছিলেন, যাঁর কথায় রুশ দেশের মানুষ উঠত, বসত, সেই বেরীয়ারকে বিনা বিচারে হত্যা করা হয় নি স্ট্যালিনের আমলে? ক্রুশ্চেভ সাহেব বর্তমানে যিনি রুশ দেশের প্রধানমন্ত্রী, এই ক্রুশ্চেভ সাহেব তাঁকে হত্যা করেছেন। হত্যাই হচ্ছে কমিউনিস্টদের একমাত্র জিনিষ। বর্তমানে বুলগানিন সাহেবের অবস্থাটা কি? তিনি এককালে ছিলেন রুশ দেশের প্রধানমন্ত্রী। আমরা এখানে তাঁকে অভ্যর্থনা জানিয়েছিলাম। সেই বুলগানিন সাহেবকে আজ কি করতে হচ্ছে? খালি মতের মিল হয় নি তাই তার আজ এই অবস্থা। আর আমাদের এখানে এ'রা দেশদ্রোহিতা করবেন, যার নজির আমাদের কাছে রয়েছে, যার নজির আমরা কোর্টে প্রমাণ করবো। সেইজন্য আমি ব্যক্তিগতভাবে কমিউনিস্টদের ছেড়ে দেওয়ার বিপক্ষে।

[2-40—2-50 p.m.]

স্যার, আমি ব্যক্তিগতভাবে কমিউনিস্টদের ছেড়ে দেওয়ার পক্ষে। স্যার, লাহিড়ী মশাই আমাদের কংগ্রেসের সর্বশ্রেষ্ঠ নেতা, শ্রীসঞ্জীবীয়ার কথা উল্লেখ করেছেন তাঁর ময়দানের মিটিংএর কোন কাগজের রিপোর্টের কথা উল্লেখ করে সোমনাথবাবু বলেছেন যে কমিউনিস্টদের জন্যই চীনারা ভারত আক্রমণ করতে আসে নি, তারা ফিরে গেছে। আমি, স্যার, সেই মিটিংএ উপস্থিত ছিলাম—আমি জানি শ্রীসঞ্জীবীয়া এই কথা বলেছেন—দি কমিউনিস্ট কুড নট হেলপ দি চাইনিজ জনতার চাপে ভারতীয় কমিউনিস্ট পার্টি চীনা কমিউনিস্টদের সাহায্য করতে পারে নি—তাই ভয়ে ফিরে চলে গেছে। এখানে আর যে সমস্ত বিরোধী দল আছে তাদের শিকড় ভারতের মাটিতে। জ্যোতি বসু এবং তার দলবলের লোক নাকি দেশভক্ত। কই আমরা তো কোনদিনই শুনি নি যে, কমিউনিস্ট পার্টির কোন কর্মীর বলতে আমি ভারতভক্ত, কেন নেতা বলছেন ভারতের স্বার্থ সবার আগে। আজ যদি কেউ বলছেন চীনপন্থী, কেউ বলছেন ভারতপন্থী। কিন্তু আসলে প্রত্যেক জায়গায় সকলে ও'রা এক। অন্য জায়গায় তাদের শিকড় রয়েছে—ভারতের মাটির সঙ্গে তাদের কোন সম্পর্ক নেই। আমাদের দেশের শত্রু বলতে যারা বুঝায় তারা হল কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া। এদের মুখে প্রায়ই শুনব নেহেরুর জন্য তাদের বুক ফেটে যাচ্ছে। দেশের মানুষের চাবুকের ভয়ে চামড়া বাঁচানর তাগিদে আজ এরা বাবা বলতে শুরু করেছে। এই জ্যোতি বাবু যার কথা একটু আগে সোমনাথবাবু বললেন, তিনি নাকি পরম দেশভক্ত। গত নির্বাচনের আগে জলপাইগুড়ি সহরের বুকে দাঁড়িয়ে তিনি বলেছেন—জলপাইগুড়ি সহর যদি চীনারা চায় তাহলে ভুল হবে না, কারণ, এক সময় জলপাইগুড়ি ছিল তিব্বতের অধীনে। তিব্বত এখন চীনের অধীনে সুতরাং চাইলে অন্যায় হয় না। আর একটি বলেছেন যে পণ্ডিত নেহেরুর নীতির সমর্থন নন-এলাইনমেন্ট। ভারতের স্বাধীনতা রক্ষার প্রয়োজন, কিন্তু সেই স্বাধীনতা কি দল টল দিয়ে রক্ষা হবে? যখন আমরা বিদেশ থেকে অস্ত্রশস্ত্র আনছিলাম তখন তারা সর্বভারতীয়

রেজলিউশন নিয়েছেন যে বাইরে থেকে কোন অস্ত্রশস্ত্র এখানে আনা হবে না। মনে হচ্ছে আমাদের দুর্বল করে দেওয়া এই হচ্ছে এদের নীতি। আমি এদের সম্বন্ধে খোঁজখবর রাখি—এদের যাঁন বর্তমান নেতা তেলেপোকা যেমন পাখি তেমনি নেতা। গাঁয়ে মানে না আপনি মোড়ল। এর চরিত্রের সম্বন্ধে কিছু বলছি—ইনি আজকে সাধু সেজে বসে আছেন। ১৯৪৮ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত সর্বভারতীয় ভিত্তিতে বিশেষ করে পশ্চিমবাংলায় যে আন্দোলন হয়েছে—যে অরাজকতার সৃষ্টি হয়েছে তার মূলে কে ছিলেন তখন শ্রী লাহিড়ী ছিলেন পশ্চিম বাংলার কমিউনিস্ট পার্টির নেতা—আমি সেই সময় থেকে আমি ওকে চিনি। সেই সময় কত টাকা তিনি বাইরে থেকে আমদানী করেছেন, দেশের মানুষের হাতে অস্ত্র দেবার জন্য, অরাজকতা সৃষ্টি করার জন্য, উচ্ছৃঙ্খল গুন্ডাদের হাতে অস্ত্র দেবার জন্য তিন লক্ষ টাকা কি আনেন নি?

Shri Somnath Lahiri: On a point of order, on a point of privilege also. ওই ... ক বললেন আমি তিন লক্ষ টাকা কোথা থেকে নিয়ে এসেছি—গুন্ডা পুষবার জন্য নাকি ...ছি। কোন মেম্বার সম্বন্ধে অন্যায়ভাবে টাকা এনেছেন একথা বলা সম্পূর্ণভাবে পার্ল...রী নীতি বিরোধী। এটা স্যার প্রিভিলেজ কমিটির কাছে পাঠাতে হবে।

Shri Nepal Chandra Roy: Is it a point of order? It is simply to disturb me.

Point of Order on Personal Allegations

Shri Somnath Lahiri:

স্যার, আমার বক্তব্য খুব স্পষ্ট, তিনি বলেছেন আমি কোনখান থেকে টাকা এনেছি এই জিনিস ইমপুট করেছেন। হাউসএর কোন সদস্য টাকা এনেছেন কোন ব্যাপারে অন্যায়ভাবে এটা বলার কোন অধিকার কোন সদস্যের নেই। সুতরাং আমি বলছি

This matter should be referred to the Privilege Committee. Either he must prove the case or he must withdraw. Sir, he must apologise.

Mr. Speaker: Mr. Ray, as I have said, personal allegations should not be made. He has taken objection to the matter and it should be withdrawn.

এরকম পার্সোন্যাল এলিগেসন করবেন না।

Shri Nepal Chandra Roy:

আপনি বললে স্যার আমি সব সময় উইথড্র করতে রাজী। স্যার, আন্তর্জাতিক কমিউনিস্ট পার্টির নেতৃত্বে পশ্চিমবাংলায় এবং সারা ভারতবর্ষে কয়েক লক্ষ টাকা পাঠান হয়েছিল যাতে দেশের মধ্যে গোলমাল করা হয়। সেই গোলমালের নেতা ছিল কে? ১৯৪৮-৪৯ সালে সোমনাথবাবুই এখানকার পার্টি নেতা। আমি তাঁকে প্রশ্ন করছি তখন ৩ লক্ষ টাকার তহবিল তছরূপ হয়েছে কি না এবং তার ফলে তাঁর নেতৃত্ব চলে যায় কি না? তিনি প্রমাণ...... ,

Shri Somnath Lahiri:

অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি বলেছেন আগে একবার উইথড্র করেও ও'র কাণ্ডজ্ঞান হয় না—উনি বলছেন যে তিন লক্ষ টাকা ভারতবর্ষের কমিউনিস্ট পার্টি পেয়েছিল। সেই টাকা আমি তছরূপ করার অভিযোগে কমিউনিস্ট পার্টির নেতৃত্ব থেকে আমি অপসারিত হই। এটা ম্যালিসিয়াস ফলসহুড, এটা বলার কোন অধিকার তার নেই

Either he must prove or he must drop the matter.

2-50—3-15 p.m.]

Mr. Speaker: Allegation against members are not allowable unless they can be substantiated. Shri Lahiri has explained and denied the allegations. After that I will not allow it.

Shri Somnath Lahiri:
যদি একজন সদস্য প্রতি মিনিটে এই রকম দায়িত্বহীন উক্তি করেন
The Chair must take action against him.

Shri Nepal Chandra Roy:
১৯৬১ সালে যখন কমিউনিস্ট পার্টির সভা হয়, যখন নাকি খাদ্য আন্দোলনকে ভিত্তি করে সভা হয়—সে মনাথবাবু অস্বীকার করতে পারেন তিনি জ্যোতিবাবুর বিরুদ্ধে অভিযোগ এনেছিলেন, জ্যোতিবাবু, আপনার অন্যায় হয়েছে, আপনি কেন জনতার হাতে অস্ত্র দেন নি, কেন সরকারের কাছে মাথা নীচু করলেন—

Mr. Speaker: Please keep yourself within the resolution. Don't go far off the resolution.

Shri Nepal Chandra Roy:
প্রথম যখন চীনা আক্রমণ ভারতবর্ষের বুকে হয়, সোমনাথবাবু অস্বীকার করুন, তিনি বিভিন্ন সভায় একথা বলেছেন কি না আমরা ম্যাকমোহন লাইন মানি না, অস্বীকার করতে পারেন তিনি? বহু সভা-সমিতিতে তিনি দিনের পর দিন চেষ্টা করেছেন চীনের সংগে একটা গোপন আঁতাত করবার জন্য যাতে ম্যাকমোহন লাইন মানি না বললে তার পক্ষে সুবিধা হয়—

Shri Somnath Lahiri: Sir, on a point of order.

[Noise.]

Mr. Speaker:
পয়েন্ট অফ অর্ডার আনলে আমি কি করতে পারি বলুন, আমাকে শুনতে হবে, প্রত্যেক মেম্বার-এরই তাঁর পজিসন ইন্ডিকেট করবার অধিকার আছে।

Shri Somnath Lahiri:
স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই যে, তিনি এখনি বললেন আমি বিভিন্ন জায়গায় মিটিং করে চীনাদের সংগে গোপন আঁতাত করেছি,
it is gross libel.
একথা কোন সদস্য অন্য কোন সদস্যের সম্বন্ধে বলতে পারেন না, এবং স্পীকারও এলাউ করতে পারেন না, তা ছাড়া আমি ফরমেলি দরখাস্ত করব কমিটি অফ প্রিভিলেজএর কাছে আন্ডার রুলস—

Mr. Speaker:
তিনি একথা বলেছেন কি না
I will look into the record and decide.

Shri Nepal Chandra Roy:
আমি তা বলিনি, আঁতাত করবার চেষ্টা করেছিলেন, কিন্তু পারেন নি—

স্যার, আপনার মাধ্যমে আমি এঁদের প্রশ্ন করতে চাই, আজকে যাঁরা লম্বাচওড়া কথা বলছেন, দেশদ্রোহী বন্দীদের মুক্ত করতে চাচ্ছেন আমি তাঁদের জিজ্ঞাসা করছি, ন্যাশনাল কাউন্সিল-এর দিল্লীতে যে সভা হয়েছিল সেই সভায় তাঁরা প্রশ্ন করেছিলেন, চীন আক্রমণ করেছে কি না—বাংলা দেশের প্রতিনিধিরা বলেছিলেন করে নি, বাংলা দেশের প্রত্যেকটি মেম্বার বলেছেন করে নি। যখন প্রমোদ দাশগুপ্তের কাছে খবরের কাগজের রিপোর্টার গিয়েছিলেন, তাঁরা জিজ্ঞাসা করেছিলেন আপনারা চীনের পক্ষে না বিপক্ষে। তিনি বলেন, যদি আমরা পণ্ডিত নেহরুকে সমর্থন না করি—এই কথা বলে তিনি বলেন চীনের পক্ষে কেউ কেউ আছেন। পশ্চিমবাংলার একটা কমিউনিস্টকেও যদি ছেড়ে দেওয়া হয়, যাঁরা ছাড়বেন তাঁরা সবচেয়ে বড় দেশদ্রোহী।

[At this stage the House was adjourned for 15 minutes.]

NON-OFFICIAL RESOLUTIONS

[After adjournment]

[3-15—3-25 p.m.]

Shri Cour Chandra Kundu:

অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, নেপালবাবু তাঁর বক্তৃতায় বললেন যে বেরিয়াকে ক্রুশ্চেভ খুন করেছেন। এখন সোভিয়েট ইউনিয়ন-এর প্রধানমন্ত্রী সম্বন্ধে এই রকম মন্তব্য সংগত কি না সেটাই আমার পয়েন্ট অফ অর্ডার, সোভিয়েট ইউনিয়ন আমাদের বন্ধু রাষ্ট্র, সেখানে সেই রকম একটা রাষ্ট্রের প্রধানমন্ত্রী সম্বন্ধে এই রকম মন্তব্য করা উচিত কি না সেটাই আমার প্রশ্ন। আমি মনে করি এটা প্রসিডিংস থেকে একস্‌পানজ করা দরকার।

Mr. Speaker: There is no point of order in it.

Shri Anadi Das:

মাননীয় স্পীকার, স্যার, বন্দীমুক্তি সম্পর্কে যে প্রস্তাব এখানে এসেছে, সে সম্বন্ধে বলতে গিয়ে আমি মনে করি ইমার্জেন্সীর সংগে বন্দীমুক্তি নির্বাচন প্রসংগ এবং দেশের লোকের মানসিক প্রস্তুতি ইত্যাদিগুলি অত্যন্ত জড়িত। কয়েক মাস আগে চীন আক্রমণ করার ফলে যে এমারজেন্সী ঘোষিত হয়, তারপর অনেক ঘটনা ঘটে গেছে। চীন একতরফা যুদ্ধ বন্ধ করেছে এবং অবস্থা দেখে মনে হয় যে, হয়ত যুদ্ধ আবার না-ও হতে পারে। অবশ্য যুদ্ধ জিনিষটা গাজোয়ারী এর মধ্যে যুক্তি নেই। সেজন্য সেই যুক্তি বিচার করতে চাই না। যুদ্ধ আর না হতে পারে একথা আমি বলতে পারি। কাজেই যে বিরোধগুলি ছিল সেই বিরোধগুলির মীমাংসা না হওয়াতে যুদ্ধ যখন-তখন হতে পারে, এই আশংকায় দুই দিক থেকেই একটা প্রস্তুতি চলছে যদি আক্রমণ হয় তাহলে আত্মরক্ষা করতে হবে। সেজন্যই আমাদের প্রধানমন্ত্রী সাবধান করে দিয়েছেন এবং আমাদের প্রস্তুতি থাকা প্রয়োজন বলে আমরা মনে করি। এই যদি অবস্থা হয় তা হলে এমার্জেন্সীতে সাধারণ নির্বাচন কি করে অনুষ্ঠিত হতে পারে। একথা আর সি পি আই মনে করেন যে এই অবস্থায় নির্বাচন অনুষ্ঠিত হতে পারে না। সরকার কতটুকু প্রচারের স্বাধীনতা দেবেন সেটা বড় কথা নয়—বন্দী মুক্তি দিলে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকসন হবে। আর সি পি আই একথা মনে করে না যে, যতখানি স্বাধীনতা গভর্নমেন্ট ইলেকশনএর সময় প্রচার করবার জন্য দেবেন সেটা বড় কথা নয়—ইমারজেন্সী থাকা কালীন সরকার স্বাধীন হয়েছে বা না হয়েছে দেশের লোক বিভিন্ন রাজনৈতিক দল কতখানি স্বাধীনতা তারা নিজেরা নেবে সেটাই বড় কথা। অর্থাৎ এমারজেন্সীর সময় আমরা কতখানি কথা প্রকাশ্যে খুলে বলতে পারব সেটাই বড় কথা। সুতরাং আমি মনে করি যে এই এমারজেন্সী থাকাকালীন নির্বাচন হওয়া মোটেই স্বাভাবিক এবং যুক্তিসংগত নয়। এই অবস্থায় সাধারণ নির্বাচনকে লোকে স্বাধীন নির্বাচন মনে করবে না। কংগ্রেস পক্ষ থেকে এমারজেন্সী থাকাকালীন এই সুযোগ নেওয়া হচ্ছে এর নিশ্চয় আপনারা কংগ্রেস ক্যান্ডিডেটকে পার করে নিয়ে আসতে পারতেন। সুতরাং দুনিয়ার কাছে আমরা দেখাতে পারব যে, আমরা কিরকমভাবে যুদ্ধ থাকাকালীন, এমারজেন্সী থাকা কালীন গণতান্ত্রিক সুযোগ দিচ্ছি এবং দেশের লোক কি ভাবে আমাদের সমর্থন করছে এবং আমরা নির্বাচনে জয়লাভ করে এসেছি একথা প্রচার করবার জন্য এই সুযোগ তাঁরা নিয়েছেন। আমরা সরকারের এই প্রচারকে তীব্র নিন্দা করি। সেজন্য পি এস পি-র তরফ থেকে উঠেছে বটে যে কংগ্রেস পক্ষ থেকে এই রকম সুযোগ নেবার চেষ্টা হচ্ছে। কিন্তু তার সংগে আমাদের মূলগত একটা পার্থক্য থেকে যাচ্ছে। তাঁরা এই ইলেকশনকে গ্রহণ করবেন না, অথচ পার্টিসিপেট করছেন। আমি মনে করি একথাটা পরস্পরবিরোধী হচ্ছে। সেদিক থেকে আর সি পি আই এই নির্বাচন সম্বন্ধে জনসাধারণকে বলছে যে এই নির্বাচন বর্জন করা উচিত।

আমি যেটা বলছি এটা হচ্ছে নীতির কথা,

[A voice from Congress Benches—Candidate নেই।]

যেদিন আর সি পি আই-এর কোন ক্যানডিডেট ছিল না সেদিনও এই কথাই বলেছি—এটা হচ্ছে সম্পূর্ণ নীতির কথা। আমি মনে করি যে কোন গণতান্ত্রিক দেশে, যেখানে গণতন্ত্র আছে বলে মনে করি, সে জায়গতে বিনাবিচারে বন্দী রাখা উচিত নয়। এটা গণতান্ত্রিক লক্ষণ নয়;

গণতন্ত্রকে অস্বীকার করা হয়। সুতরাং গণতন্ত্র যেখানে স্বীকার করা হয়েছে সেখানে বিনা-বিচারে বন্দীদের ছেড়ে দেওয়া হোক। যদি মেটিরিয়েল থাকে তাদের বিরুদ্ধে—যা নাকি সরকার পক্ষ থেকে বলেছেন যথেষ্ট মেটিরিয়েল আছে, আমি জিজ্ঞাসা করছি যদি মেটিরিয়েল থাকে তা হলে কেন তাদের কোর্ট-এর সামনে উপস্থিত করা হচ্ছে না এবং তাদের বিচারের ব্যবস্থা করা হচ্ছে না। আজ ৩, ৪, ৫ মাস চলে গেল এখনও তাদের কোর্টের সামনে রাখা হয় নি। আরও বিস্ময়ের কথা যতজন শুধু বিনাবিচারের—যাদের ডিটেন্ড করা হয়েছে তারাই নয় যাদের অন্ডার ট্রায়াল করা হয়েছে তাদের আজ পর্যন্ত একটা দোষও সাব্যস্ত হয় নি। এমন কি মামলাগুলি পর্যন্ত চালু কর হয় নি। আমি দেশের লোক কি বলছে মাননীয় অধ্যক্ষ মহাশয় সেটা আপনাকে বলছি—এটা আপনি অবহিত হোন। এদের মধ্যে বেশীর ভাগ লোক যদি সাজা পেত এবং তাদের যদি দেশের লোকের সামনে উপস্থিত করা যেত, তাহলে এই যে মেটিরিয়েল-এর কথা বলা হয়েছে এতে দেশের লোক বুঝতে পারতো যে দেশের নিরাপত্তার জন্য এদের আটক রাখা হোক। কিন্তু আমরা দেখছি তা হয় নি। অন্যদিকে ট্যাক্স ইত্যাদি বাড়ছে, তাতে দেশের লোক কি বলছে শুনুন। তারা বলছে ট্যাক্স বাড়ছে, মূল্যবৃদ্ধি হচ্ছে, এই মূল্যবৃদ্ধি ট্যাক্স বৃদ্ধি করার বিরুদ্ধে কোন কিছু প্রতিবাদ, সভা, মিছিল কিছুই হচ্ছে না, কারণ যারা আমাদের নিয়ে আন্দোলন করবে তারা আজ জেলে পড়ে আছে বলেই আন্দোলন হচ্ছে না একথাই দেশের লোক বলছে। আপনারা মনে করছেন তারা দেশের লোকের শত্রু, তারা প্রেসটিজ দিয়েছে। কিন্তু একথা আর সি পি আই থেকে বলবো যদি এদের বিচার করা হ'ত, দেশের লোক বুঝতে পারতো এদের জেলে রাখার জাস্টিফিকেশন আছে। আমি মনে করি দেশের লোকেরা এই কথাই ভাবছে। আমি আর একটি কথা বলতে চাই, ১৯৪৭ সালের পর এই এমারজেন্সী আরম্ভ হবার পর দেশের মানুষ যেভাবে হোক যার যতটুকু আছে, যার কিছু নেই সে রক্ত দান করেছে, গরীব মানুষ এক দিনের রোজ দিয়েছে- তারা মাসে মাসে টাকা দিয়েছে। গোড়া থেকে যে প্রেরণা এসেছিল ১৯৪৭ সালের পর সে প্রেরণা আর দেখা যায় নি। কিন্তু কংগ্রেস তাদের সে প্রেরণাকে দেশ-গঠনের কাজে লাগাতে পারে নি। আজ পর্যন্ত যে প্রেরণাকে কংগ্রেস গভর্নমেন্ট কাজে লাগাতে পারে নি, তার কংগ্রেসএর স্বার্থে ব্যবহার করেছে। আমি পশ্চিমবঙ্গ সরকারের এ সম্পর্কে মতামত কি জানতে চাই। আমরা মনে করি এমারজেন্সী যতক্ষণ আছে ততক্ষণ নির্বাচন হতে পারে না।

[3-25—3-35 p.m.]

Shri Shamsuddin Ahamad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক শ্রেণীর সুন্দরীদের কথা শুনেছি যারা হাতে কাঁকন রাখবার জন্য আয়নার দরকার করে না। আজকে যারা প্রস্তাব উত্থাপন করেছেন তাদেরও ঠিক ঐ একই অবস্থা হয়েছে—একথা আমার বার বার মনে হয়েছে। সাধারণভাবে কোন রাজনৈতিক কর্মী বা ব্যক্তিকে আটক করার পক্ষে আমরা নই এমন কি কোন নাগরিককেও নই। আজকে যারা শাসন ক্ষমতায় অধিষ্ঠিত তাদেরই দল কর্তৃক এই শাসনতন্ত্র রচিত হয়েছিল। আজকে ব্যক্তি স্বাধীনতা সেই সংবিধানের মাঝখানে রয়েছে। যারা এই সংবিধান রচনা করেছেন তারা ব্যক্তি স্বাধীনতাকে স্বীকার করে নিয়েছেন। তারা নিতান্ত প্রয়োজন না থাকলে নিশ্চয়ই সেই ব্যক্তি স্বাধীনতাকে হরণ করতে বা খর্ব করতে চান না। এবং কোন মতেই তা খণ্ডিত করতে চান না। এই সম্পর্কে আমি মাননীয় সদস্যদের আর একবার স্মরণ করতে বলি। যে কোন সভ্যতার পত্তন থেকে দেখা যায় যে মানুষের অবাধ স্বাধীনতা যা খুশী তাই করার স্বাধীনতা সভ্যতাকে গড়ে তুলে নি। মানুষের স্বাধীনতাকে নিয়ন্ত্রিত করতে হয়েছে দেশের সাংগঠনিক কাজে লাগাতে হয়েছে। আমরা যে স্বাধীনতাকে খণ্ডিত করতে যাচ্ছি বা করেছি—ইমারজেন্সী ক্ষমতা বলে তার সবচেয়ে বড় কারণ হচ্ছে এই যে, আমাদের সকলের সাধনার যে স্বাধীনতা যে সবচেয়ে ক্ষতি রাষ্ট্রীয় স্বাধীনতা, রাষ্ট্রীয় সার্বভৌমতা, তাকে রক্ষা করবার জন্যই করছি। আমাদের সংবিধানে ইমারজেন্সী ক্ষমতা কখন নেওয়া হয় এবং কি কি কাজ করবার জন্য এই ক্ষমতা নেওয়া হয় এ সম্পর্কে যদি একটু অনুধাবন করি তাহলে আমরা স্পষ্টই দেখতে পাবো যে আমরা ইমারজেন্সী ডিক্লেয়ার করেছি বটে, কিন্তু সংবিধানের ৩৫৬ আর্টিকল মতে রাজ্য সরকারগুলোর ক্ষমতা তাদের হাত থেকে কেড়ে নিই নি। অর্থাৎ রাজ্য সরকারগুলো গণতান্ত্রিক পদ্ধতিতে যা কাজ

করে যাচ্ছিল বা সে যে গণতান্ত্রিক পদ্ধতি'তে কাজ করে যাবে আমরা ইমারজেন্সী পাওয়া সত্ত্বেও এই ক্ষমতার বলে রাজ্য সরকারগুলোকে বঞ্চিত করি নি। তা যদি না করে থাকি তাহলে সংবিধান বলে যে রাজ্য সরকার গঠিত হয় বিধান সভা, বিধান পরিষদ, যেভাবে গঠিত তাকে আমরা সেই গঠন করার পথ থেকে কোন মতেই বন্ধ করতে পারি না। তা যদি আমরা না করি তাহলে যে পদ শূন্য আছে এই বিধান সভার তা পূরণ করিতে পারি। এবং এই পদ পূরণ করবার জন্য নির্বাচন করবার ক্ষমতা কোন সরকারের হাতে নেই—নির্বাচন করবার ক্ষমতা আছে ইলেকসন কমিশনের হাতে। এটা আমাদের হাইকোর্টের বা সুপ্রীম কোর্টের মতই একটি স্বাধীন সংস্থা তারা যদি ইলেকসন করতে চান সরকারের এই ক্ষমতা আছে যে রাজ্য সরকারগুলিকে বাতিল করা এ ছাড়া আর কোন ক্ষমতা নেই যা দিয়ে তারা ইলেকসন বন্ধ করতে পারেন। কাজেই আমরা যে প্রস্তাব আমাদের সামনে রেখেছি যারা সংশোধনী নিয়ে এসে বন্ধ করতে বলছেন তাঁরা মূলগত আমাদের যে অধিকার সে সম্বন্ধে তাঁরা কোন সচেতন নন বলেই একথা বলছেন। এবং যারা স্বাধীন নির্বাচনের জন্য রাজনৈতিক বন্দীদের মুক্তি দেবার কথা বলেছেন তাদের কাছে বলে যে তাঁরা যেন একবার নিজেদের দিকে তাকান তাহলে দেখবেন যে তারা নিজেরাই কত দ্বিধা বিভক্ত। আন্তর্জাতিক আন্দোলনের ক্ষেত্রে তাদের কি দুটো মত নেই—তারা কি দুটো পথের পথিক হয়ে যাচ্ছে না? এবং ভারতের যে দল কমিউনিস্ট পার্টি—তারা কি আজকে দ্বিধা বিভক্ত নন। আজকে যে সোমনাথবাবু, জ্যোতিবাবুর মুক্তির জন্য আবেদন জানাচ্ছেন সেই সোমনাথবাবুই কি জ্যোতিবাবুর আমলে নীরব ছিলেন না। নীরব ছিলেন কেন?—এইজন্য যে জ্যোতিবাবুর মতবাদের সংগে সোমনাথবাবুর মতবাদের মিল ছিল না। আজকে জ্যোতিবাবুর অকাজের সুযোগ নিয়ে অনেক রসিকতা আমরা শুনতে পাচ্ছি এটা আমাদের ভাগ্য ভাল—এটা থেকে আমরা বঞ্চিত ছিলাম যতদিন জ্যোতিবাবু এখানে ছিলেন। তার পথ যে সোমনাথবাবুর পথ এক নয় একথা সোমনাথবাবু নিজেও বলেছেন এবং তারা যে সভাসমিতি করছেন, যে আলাপ আলোচনা করছেন যে কাগজপত্র বের করছেন যে কোরাস করছেন তাতে একথা স্পষ্টভাবে প্রতীয়মান হয়েছে। তাই যাদেরকে আমরা মনে করি যে চীনের মতবাদের সংগে মিল আছে এবং যারা চাচ্ছে যে চীনের যে রাষ্ট্রব্যবস্থা তা তারা ভারতে প্রবর্তন করবে এবং তার জন্য ক্ষমতায় আসার জন্য তারা চীনের হয়ে সর্বাত্মক কাজে যুক্ত থাকার সন্দেহ করে থাকি তাহলে আমরা কিছুমাত্র অন্যায় করেছি? তাদেরকে যদি আমরা আটক করে থাকি তাহলে কি আমরা কিছুমাত্র অন্যায় করেছি? আমরা ভারতবর্ষের নওজওয়ানদের বলছি স্বাধীনতা রক্ষার জন্য তোমাদের প্রাণ দিতে হবে। তাদের যদি প্রাণ দেওয়ার জন্য আহ্বান জানিয়ে থাকি তাহলে আমাদের নৈতিক অধিকার আছে যে কাজের জন্য দেশবাসী প্রাণ দেবে সেই কাজের পেছনে তারা যে সাহায্য করবে সে কাজকে যারা নষ্ট করবার চেষ্টা করবে চীনের রাজনৈতিক ব্যবস্থা ও মতবাদ বিশ্বাসী হবে তাদের সম্পর্কে আমরা নিশ্চয়ই সন্দিহান থাকবো। এর জন্য যদি আমরা কিছু ব্যক্তিস্বাধীনতা হরণ করে থাকি তাহলে আমরা ন্যূনতম কাজ করেছি তাদের বিরুদ্ধে যে কঠোর ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল তা আমরা করি নি। এবং তাদের দৃষ্টিভংগীতে স্বাধীনতা যদি কিছু হরণ করে থাকি, তাহলে হয়ত ন্যূনতম কাজ আমরা করেছি। তাদের বিরুদ্ধে আরো কঠোরতর ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল। কিন্তু তা আমরা করি নি। গোটা কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে আমাদের অভিযোগ নাই। সোমনাথবাবুর স্বাধীনতা আমরা এখানে খর্ব করি নি। কমিউনিস্টরা যে কাজ করছে কমিউনিস্ট পার্টির অন্যান্য যারা, তাদের আমরা আটক রাখি নি; কিন্তু যারা আমাদের রাষ্ট্রকে বিপন্ন করতে চেয়েছেন, তাঁদের আটকান হয়েছে, যাদের আমরা দেশের শত্রু মনে করেছি, তারা আটকান থাকবে; তাদের কখনো মুক্তি দেওয়া যেতে পারে না। এই বলে আমি এই বর্তমান প্রস্তাবের বিরোধিতা করছি।

Shri Panchu Copal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, এই প্রস্তাবের সমর্থনে বলতে উঠে আমি প্রথমে আপনার কাছে নিবেদন করতে চাই যে সেদিন বোধ হয় ২৭এ তারিখে মাননীয় শঙ্করদাস ব্যানার্জি মহাশয় এই হাউসে এবং বিধান পরিষদে যে কথা বলেছিলেন, সে হচ্ছে ডিটেন্ড যাঁরা আছেন, তাঁদের ভেতর কিছু কিছু লোক তাঁদের সম্পর্কে কাগজে-কলমে সরকার প্রমাণ পেয়েছেন যে তাঁরা চীনের এজেন্টদের সংগে জড়িত। আমি শঙ্করদাসবাবুর সেদিনকার বক্তৃতা খুব ভাল করে ফলো করেছিলাম।

তিনি খুব ব্যারিস্মারের মত বলেছিলেন—তাঁর বক্তৃতা থেকে একথা আসছে, কিছু কিছু "ব্যক্তি" —তার মানে কিছু কিছু ব্যক্তি আছেন তাঁরা সংশ্লিষ্ট নন—এই কথা তাঁর বক্তব্য থেকে আসছে। এই হাউসের বহু তরফের বক্তৃতার মধ্য দিয়ে বুঝতে পেলাম—এক্ষুণি কংগ্রেসের তরফ থেকে যে বক্তব্য রাখা হল, কমিউনিস্ট পার্টি অ্যাজ এ হোল সম্পর্কে সরকারের বক্তব্য নাই, শুধু যাদের চীনের সঙ্গে সম্পর্ক আছে, তাদের সম্পর্কে বক্তব্য আছে। হেমন্তবাবু খুব শ্রদ্ধাভাজন ব্যক্তি, তিনি যে কথা বলছেন এম এল এ যাঁরা বিনাবিচারে আটক আছেন তাঁদের প্রকাশ্যে বিচার করা উচিত ছিল বলে আমি মনে করি। বোধ হয় সরকার তা মনে করেন নাই, বোধ হয় এই ধরণের উক্তি তিনি করেছিলেন। এম এল এ যাঁরা, তাঁদের প্রকাশ্যে বিচার হওয়া উচিত ছিল বা যাঁরা ধরা পড়েছে তাদের প্রকাশ্যে বিচার হওয়া উচিত ছিল। বার বার আমরা নাম করেছি—আপনারা তাদের বিচার করুন এবং বিচার করে সাজা দিন। কিন্তু তা করা হয় নাই। যারা বিভিন্ন অভিযোগে ধরা পড়েছে, তাদের একজনেরও সাজা হয় নাই। বহু কেসের নজীর আছে স্থানীয় ক্ষমতাশীল গর্বিত শাসকদল বিভিন্ন ব্যক্তিদের ধরিয়েছেন।

আজকে যে প্রশ্ন উঠেছে সেটা হচ্ছে ইমারজেন্সীতে কোন ইলেকশন হওয়া উচিত নয়। একটা কথা হয়েছে আজ যদি ইমারজেন্সী তখনি শিথিল করা যায়, যাতে নির্বাচন করা চলে তাহলে আমার বক্তব্য হচ্ছে ফেয়ার ইলেকশন করতে হলে যারা ধরা পড়েছে, তারা ছাড়া না পেলে ফেয়ার ইলেকশন হতে পারে না। বড়জোড়া কেন্দ্রের কথা বলেছেন। অতুলাবাবু সেখানে গিয়েছেন, তিনি সেখানের লোক নন; পূরবী মুখার্জীও সেখানে গিয়েছেন, তিনিও সেখানকার লোক না। কিন্তু সেখানকার যাঁরা কমিউনিস্ট নেতারা রয়েছেন, তাঁরা সেখানে যেতে পারবেন না; জ্যোতিবাবু যেতে পারবেন না, ইলা মিত্র সেখানে যেতে পারবেন না। কাজে-কাজেই ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হচ্ছে এটা মনে করবার কারণ নাই। কাশীকান্তবাবু কিছু কিছু কথা বলেছেন। তিনি বলেছেন, তিনজন কর্মীকে আন্দোলন করে ছাড়িয়েছেন। আমরা জানি কিছু কিছু ব্ল্যাক মার্কেটিয়ার্স তারা প্রেসার একজার্ট করে তাদের লোকদের ছাড়িয়েছে। অর্থাৎ তারা যে সমস্ত রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট, তাদের প্রচেষ্টার জোর আছে। তারা ঠিক ঠিক মহলে সেটা এ্যাপ্লাই করে তাদের ছাড়িয়েছে। এটা অবশ্য আইনগত কিছু নয়। তবে প্রকাশ্য আন্দোলন করে আপনাদের কাছে মানবতার নামে আবেদনও এখনো সফল হয় নি।

[3-35—3-45 p.m.]

কাশীকান্তবাবুর আর একটা কথা শুনে আমি আশ্চর্য হলাম। পণ্ডিত নেহরু সম্পর্কে আক্রমণ করতে গিয়ে তিনি এই কথা বললেন যে পণ্ডিত নেহরুকে আমরা ব্যক্তিগতভাবে পূজা করি না. পণ্ডিত নেহরুর যে সমস্ত বুনিয়াদি নীতি, যে জন্য পণ্ডিত নেহরুর নাম, তিনি সেই নীতির সমর্থক, ধারক, বাহক এবং প্রবর্তক, সেই জন্যই পণ্ডিত নেহরুকে আমরা সমর্থন করি। এবং এমন বহু ক্ষেত্রেও আছে যেখানে আমরা পণ্ডিত নেহরুকে সমর্থন করি না। যেমন যেখানে তাঁর কাজকর্ম জনগণকে আঘাত করে সেখানে আমরা তাঁকে সমর্থন করি না। পণ্ডিত নেহরুর নীতিগুলি যে যে কারণে আমরা সমর্থন করি, ঠিক সেই সেই কারণে কাশিকান্তবাবুরা এর বিরুদ্ধতা করেন এবং ব্যক্তিগত হিসাবে তাঁকে আক্রমণ করেন, এবং বিরোধিতা করেন নীতিগত দিক থেকে। কিন্তু আমরা তাঁকে ব্যক্তিগত হিসাবে সমর্থন বা পূজা করি না। নীতিগতভাবে যেখানে সমর্থনযোগ্য, সেখানে আমরা সমর্থন করি। এখানে আর একটা কথা হচ্ছে—আমরা গত ইলেক্‌সনে সব জায়গায় আমাদের তরফ থেকে প্রার্থী দাঁড় করাইনি, সেইজন্য কথা উঠেছে। বর্তমান অবস্থার ভিতরে যে দুটা ক্ষেত্রতে আমাদের বেশ কিছু প্রভাব আছে, সেখান আমরা প্রার্থী দাঁড় করিয়েছি। আমাদের কর্মীর সংখ্যা অপ্রচুর, কারণ আমাদের বহু কর্মী আজ জেলে আটক আছেন, তাতে সব জায়গায় প্রার্থী দাঁড় করান সম্ভব হয় নি। নির্বাচনে আমাদের যে লক্ষ্য, সেটা হল, সর্বভারতীয় ক্ষেত্রে যে প্রতিক্রিয়াশীল রাজনীতি দল, সে যাতে জিততে না পারে। সেখানে প্রতিক্রিয়াশীল রাজনীতি জিততে না পারে এইটাই আমরা চাই। সেইজন্য শুধু যদি এখানকার পশ্চিমবঙ্গ কংগ্রেস, তাঁরা পণ্ডিত নেহরুর যে তিনটি স্থূল নীতির কথা এই হাউসের সামনে বলেছেন, সেই নীতি কয়টিকে সামনে রেখে যদি [illegible] লড়তেন তাহলে আমরা কোন কোন জায়গায় হয়ত সমর্থন করতাম। কিন্তু তাঁরা সেই নীতি

নিয়ে লড়ছেন না। তাঁরা বন্দীদের মুক্ত করেননি এবং তাঁরা নিজেদের সুবিধার জন্য এমার্জেন্সীকে প্রয়োগ করেছেন এবং জনসাধারণের উপর করভার চাপানর জন্য তাঁরা ব্যবস্থা করছেন। সেইজন্য আমরা যেখানে যেখানে কংগ্রেসের নীতি সমর্থনযোগ্য নয় দেখেছি, সেখানেই আমরা কংগ্রেসের বিরুদ্ধে নির্বাচনে প্রার্থী দাঁড় করিয়েছি। কিন্তু তা সত্ত্বেও এই নির্বাচন প্রার্থী দাঁড় করিয়েও আমরা বারবার ঘোষণা করতে চাই যে আপনারা ইলেক্সন কমিশনের দোহাই দিয়ে পার পেতে পারেন না। ইলেক্সন কমিশন অক্টোবর মাসেতে বাই-ইলেক্সন হবে বলে ঘোষণা করে তা আবার প্রত্যাহার করেছিলেন। যদি এমার্জেন্সী এতই সাংঘাতিক হবে, ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকসন করা যায় না, তবে এখ্য তা প্রত্যাহার করতে পারতেন। কিন্তু ইলেক্সন যখন হচ্ছে, নির্বাচন যখন হচ্ছে, তখন সেটা ফ্রি অ্যান্ড ফেয়ার নির্বাচন না করার কোন অর্থ হয় না। আমরা আগে বহুবার বলেছি যদি কারও বিরুদ্ধে কোন অভিযোগ থাকে, তাহলে শঙ্করবাবুকে চ্যালেঞ্জ এখনও আমরা করি যে যদি আপনার হাতে এ রকম কোন প্রমাণ থাকে, তাহলে আমাদের দেশেতে যে ডিফেন্স অফ ইন্ডিয়া অ্যাক্ট আছে, ল অফ প্রিজনার অ্যাক্ট আছে, শাস্তি দেবার বহুপ্রকার কায়দা ও ব্যবস্থা আছে, যাঁরা দোষী, যারা চীনের সংগে ষড়যন্ত্রে লিপ্ত, তাদের শতবার শাস্তি দিতে পারেন। কিন্তু এইভাবে অভিযোগ উপস্থিত করা হাউসের সেন্টারে এবং সেই অভিযোগ প্রমাণ বা অপ্রমাণ করার কোন সুযোগ-সুবিধা না দেওয়া, এটা অত্যন্ত অসংগত ও অন্যায় বলে আমি মনে করি। সেইজন্য আমি এই হাউসে দাবী করব যে, এখানকার বেশির ভাগ সদস্যরা বারবার যেকথা বলেছেন তার সংগে আমরা ভিন্ন মত নই যে, যাদের আপনারা ধরে রেখেছেন এম এল এ ও অন্যান্য ব্যক্তি, যদি আপনাদের সাহস ও সাধ্য থাকে তা হলে তাদের প্রকাশ্য আদালতে বিচার করুন। এখানে পি এস পি সদস্যরা বলেছেন যদি আপনাদের সাধ্য থাকে তা হলে তথ্য এনে এই হাউসের মধ্যে সিক্রেট সেসন করে, সেখানে সব তথ্য রাখুন এবং প্রমাণ করুন, আপনারা যে কথা বলছেন সে কথা সত্য। সেই প্রমাণ করার ওনাস, সেই প্রমাণ করার দায়িত্ব সরকারপক্ষের আছে। সেই-ভাবে প্রমাণ করা হল না। এবং তা যদি না করতে পারেন, তাহলে যে ল অফ প্রিজন আছে সেই অনুযায়ী আপনারা চেষ্টা করুন। তা না করে, শঙ্করবাবু সেক্ষেত্রেও এক অংশের কথা বলেছেন। এই এক অংশ ক্ষেত্র সম্পর্কে কেন তিনি বলেছেন? সেই অংশকে ধরে আটকে রেখেছেন কেন? তিনি বাকী অংশকে আয়ত্তে রেখেছেন কেন? কোন সেকশন্যাল ইন্টারেস্টএর জন্য, কেন খণ্ড স্বার্থের জন্য এটা আপনারা করছেন? সেইজন্য সেদিক থেকে আমি আবার বলছি, যে প্রস্তাব আমরা করেছি, সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং পণ্ডিত নেহরু যে যে মূল নীতির কথা বলেছেন, সেই নীতির ভিত্তিতে যদি সম্পূর্ণভাবে পশ্চিমবঙ্গের কংগ্রেস বন্দীমুক্তি দিয়েও করতো, তা হলে কোন কোন ক্ষেত্রে আমরা তাঁদের প্রতিক্রিয়ার বিরুদ্ধে [illegible] া সমর্থন করতাম, কিন্তু সেটা আজকে আমরা করতে পারছি না। তাঁরা অনেক ক্ষেত্রে কারিয়াপ্পার সভাতে পশ্চিমবঙ্গ কংগ্রেসের অনেক নেতা ব্যক্তি সভাপতিত্ব করেছেন, সংযুক্ত হয়েছেন প্রতিক্রিয়ার সংগে তাঁরা একসংগে চলেছেন সেইজন্যে তাঁদের সম্পর্কে আমাদের একটু জিজ্ঞাসার চিহ্ন ও সংশয় আছে। এবং আমি আবার বন্দীমুক্তি সম্বন্ধে আমাদের প্রশ্ন সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-45—3-55 p.m.]

Shri Asoke Krishna Dutta:

আমাদের নেতাকে আমরা যতখানি শ্রদ্ধা করি, তাঁরা তার চেয়ে বেশি শ্রদ্ধা করবার চেষ্টা করছেন। আমি আগেই বলেছি, এই অতিভক্তি এটা কিসের লক্ষণ তা আমরা ভালভাবেই বুঝতে পেরেছি। আমি আপনার মাধ্যমে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, আজকে যে বিষয় নিয়ে বিতর্ক হচ্ছে অর্থাৎ কিছু কিছু লোককে অ্যারেস্ট করা হয়েছে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ এবং এই পরিস্থিতিতে নির্বাচন করার সিদ্ধান্ত ইলেকশন কমিশন করেছেন। এই দুটো পলিসি কার পলিসি? এই পলিসি কি পশ্চিমবঙ্গ সরকারের পলিসি না ভারত সরকারের পলিসি যে সরকারের নেতৃত্ব করছেন পণ্ডিত নেহরু। অ্যারেস্টেড হয়েছে এটা তো শুধু পশ্চিমবঙ্গের ব্যাপার নয়—সমস্ত ভারতবর্ষেই অ্যারেস্টেড হয়েছে এম এল এ বলুন, অন্য লোক বলুন, সমস্ত স্টেটেই অ্যারেস্টেড হয়েছে। এটা কি পণ্ডিত [illegible] করেছেন না [illegible] লোকেরা করেছে? নির্বাচন যখন স্থগিত ছিল, যখন সংকট গভীরভাবে ছিল তখন ঠিক ছিল ইলেকশন

হবে না। এখন ইলেকশন হচ্ছে এবং এটা তো শুধু পশ্চিম বাংলায় হচ্ছে না—সমস্ত ভারতবর্ষে যেখানে যেখানে বাই-ইলেকশন হচ্ছে সেখানে কোন সদস্য যেখানে মারা গিয়েছেন—সেটা সারা ভারতবর্ষেই অনুষ্ঠিত হচ্ছে এবং এই পলিসি ভারত সরকারের পলিসি—পণ্ডিত নেহরুর পলিসি। এটা আমরা পশ্চিমবঙ্গে ইচ্ছা করে করছি এটা ভাবা অন্যায়। সোমনাথবাবু তাঁর বক্তৃতায় জ্যোতিবাবুর কথা এখন বলছেন। এটা মনে হয় আফটার থট। এই কিছুদিন আগে রাজ্যপালের ভাষণের উপর যে বক্তৃতা দেন সেসময় একথা বলেন নি। সে সময় সোমনাথবাবু নাম করে কতকগুলি অ্যারেস্টএর প্রতিবাদ করেছিলেন—তার মধ্যে এই সভার সদস্য ছিলেন। বাইরের লোকও ছিলেন—নাম করে বলেছিলেন যে, তাদের অ্যারেস্ট করা হয়েছে। কিন্তু তখন সোমনাথবাবুর মনে হয় নি যে, এখানকার যিনি তাঁদের নেতা তিনিও অ্যারেস্টেড হয়েছেন এবং সেটা অন্যায় করা হয়েছে। তিনি তখন নতুন দলপতি হয়েছেন—তিনি তাঁর দপ্তরে গিয়ে ঢুকলেন টেলিফোন করতে গিয়ে দেখলেন, টেলিফোনের তার কেনট গিয়েছে। গাড়ী চড়তে গেলেন—যদিও পার্টির গাড়ী সেটা জ্যোতিবাবুর নামে ছিল তাই তা পারলেন না—তখন তাঁর মনোভাব অন্যরকম ছিল। এখন বোধ হয় আফটার থটএর পরে অন্য কথা বলছেন। পাঁচুবাবু বলেছেন আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন, যেসমস্ত কেন্দ্রে নির্বাচন হচ্ছে সেই সমস্ত কেন্দ্রের কাউকে পার্টি নেতা করা হয় নি, সেই প্রসঙ্গে পাঁচুবাবু বললেন যে, অতুল্যবাবু প্রভৃতি কংগ্রেসের যেসমস্ত নেতা বিভিন্ন কেন্দ্রের লোকের সামনে বক্তৃতা করছেন তাঁরা ঐ কেন্দ্রের লোক নন সুতরাং কমিউনিস্ট পার্টির যাঁরা আটক আছেন তাঁদের কেন সুযোগ দেওয়া হবে না বেরিয়ে এসে বক্তৃতা করবার? আমি বলছি যে, সোমনাথবাবু বা পাঁচুবাবু তো ওই কেন্দ্রের লোক নন—তাঁরা গিয়ে সেখানে বক্তৃতা করুন -তাঁদের বাধা দেওয়া হচ্ছে না। যাদের আটকে রাখা হয়েছে ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলসএ ভারতের প্রতিরক্ষার কাজ যাদের দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারে তাদেরই আটকে রাখা হয়েছে। অনেক বিচারের কথা বলা হয়েছে। পাঁচুবাবু চ্যালেঞ্জ করেছেন যে, বিচার করা হোক। নিশ্চয়ই বিচার হবে—চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করা হবে—বিচার হবে এবং তাদের বিরুদ্ধে দেশদ্রোহিতার প্রমাণ পেলে তাদের প্রত্যেকের শাস্তি হবে। কিন্তু বিচার করার সময় এলে করা হবে। আমি স্মরণ করিয়ে দিই সোমনাথবাবুকে যে, বৃটিশ গভর্নমেন্ট তখন কনজার্ভেটিভ পার্টি গভর্নমেন্ট—যুদ্ধের সময় তাদের কতকগুলি সিকিউরিটি মেজার্স ছিল, কত প্রাইভেট ক্যাপিট্যাল রেসট্রিকটেড করেছিল সেটা বেশ মনে আছে। কিন্তু সেই সময় যে সমস্ত অ্যারেস্ট করা হয়েছিল সিকিউরিটি প্রিকশন হিসাবে তাদের তৎক্ষণাৎ বিচার হয় নি সেটা কি ভুলে গেছেন? ঐ যুদ্ধের সময় জন আমেরী-কে বন্দী করে রেখেছিল—যুদ্ধ মিটে গেল তখন জন আমেরীর বিচার করে তাঁকে ফাঁসী দেওয়া হয়েছিল। আজকে এই যুদ্ধের পরিস্থিতিতে যদি বিচার করতে যাই তাহলে সেই ট্রায়াল-এর মাধ্যমে যে সমস্ত তথ্য বেরুবে তাতে স্টেট-এর ক্ষতি হতে পারে। এখনও শত্রু দাঁড়িয়ে আছে আমাদের সীমান্তের কাছে এজন্য এখন বিচারে যে সমস্ত তথ্য ফাঁস হবে তাতে চীনের সুবিধা হতে পারে। তাছাড়া আভ্যন্তরীণ পরিস্থিতির ক্ষতিকর ডেভেলপমেন্ট হতে পারে। কারণ, বিচারের মাধ্যমে যাদের অ্যারেস্ট করা হয়েছে তাদের এমন সব নিন্দনীয় কার্যকলাপ বেরিয়ে পড়বে যাতে জনসাধারণ ক্ষিপ্ত হয়ে উঠবে এদের সায়েস্তা করবার জন্য ফলে একটা অরাজকতার সৃষ্টি হতে পারে। এই সংকটের সময় এরকম পরিস্থিতি কাম্য নয়। পৃথিবীর প্রত্যেকটি গণতান্ত্রিক রাষ্ট্রে কুপ-এর সময়, এমারজেন্সীর সময় এই সমস্ত স্টেট ট্রায়াল বন্ধ থাকে—সময় কেটে গেলে ট্রায়াল হয়। আমাদের অর্থমন্ত্রী বলেছেন এমন সমস্ত তথ্য আছে এদের বিরুদ্ধে যা সাংঘাতিক। নিশ্চয়ই এমারজেন্সী কেটে যাবার পরে এই সমস্ত তথ্য বেরুবে এবং সেদিন এদের উপযুক্ত বিচার হবে এবং এই বিচারে তখন প্রমাণিত হবে তাদের কার্যকলাপ। আমরা তাই এই চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করে নিচ্ছি। আমরা দেখেছি সোমনাথবাবু কিছুদিন আগেও এঁদের কথা বলেন নি। আমরা শুনেছি বিভিন্ন জায়গায় জলপাইগুড়ির কাছে কতকগুলি ইউনিয়ন আছে তারা যেগুলি কন্ট্রোল করেন সেই সমস্ত লোক যখন জাতীয় প্রতিরক্ষার তহবিলে টাকা দিচ্ছে তখন তারা তাদের উত্তেজিত করেছেন চাঁদা না দেওয়ার জন্য। এই সমস্ত ভদ্রলোক ২৪-পরগণার বিভিন্ন অঞ্চলে গিয়ে যে সমস্ত কথাবার্তা বলেছেন, তাদের আজকে সভা ডাকবার সাহস নাই তাই লুকিয়ে লুকিয়ে ভিতরে ভিতরে যে সমস্ত কথা তারা বলেছেন এবং এখনও যে সমস্ত কার্যকলাপ তারা চালিয়ে যাচ্ছেন এবং আমাদের অর্থ সংগ্রহের যে সমস্ত প্রচেষ্টা সেই সমস্ত প্রচেষ্টাকে বানচাল করার জন্য যে সমস্ত কথাবার্তা তারা বলে

এসেছেন এবং এখন করবার চেষ্টা করছেন তাদের যদি আমরা আটকে না রাখি তাহলে নিশ্চয়ই আমাদের দেশের সমূহ ক্ষতি হবে। তাদের আটকে রাখা নিশ্চয়ই প্রয়োজন। একটা কথা আমাদের মনে রাখতে হবে যে অ্যাকচুয়াল যুদ্ধ আমাদের এখন বন্ধ রয়েছে। যখন যুদ্ধটা বন্ধ রয়েছে তখন আমরা কিছুটা দম নেবার সময় পেয়েছি মাত্র। এখনও এমারজেন্সীর অবস্থা শেষ হয়নি। আমরা কিছুটা অবসর পেয়েছি মাত্র। এই অবসরের মধ্যে গণতন্ত্রের যেগুলি মূল জিনিষ সেগুলি সব সময় আমাদের দেশে চলছে এবং চলবে, কিন্তু সংকটের সময় মাঝে মাঝে রিজিনেবল্ রেসট্রিকশন আনার প্রয়োজন হয়। তখন সমস্ত কিছু যদি গণতান্ত্রিক পদ্ধতিগুলি চালাবার চেষ্টা করা হয় তাহলে রাষ্ট্রের অনেক ক্ষতি হয়। আজকে গণতন্ত্রকে বানচাল করে দেওয়া হয় নি, কিন্তু কিছুটা রিজিনেবল্ রেসট্রিকশন রাখা হয়েছে। সংকটের সময় দেশে যাতে প্রতিরক্ষার কাজে কোন কিছু প্রতিহত না হয় তার জন্য গণতন্ত্রের মূল জিনিষ বন্ধ করে রাখা হয়েছে। ইমারজেন্সি যখন বেড়েছিল—ইমারজেন্সি নিশ্চয়ই কমে বাড়ে, ইমারজেন্সি হচ্ছে একটা কনডিশন, তার একটা ডিগ্রী আছে। মাঝে মাঝে বেড়ে যায় মাঝে মাঝে কমে। এ্যাকচুয়াল সংকট যখন চলছিল সেই সময় ইমারজেন্সীর ম্যাগনিচুডটা আরও বেশী ছিল, এখন তার ম্যাগনিচুডটা কমেছে। আমরা যখন কিছু হাঁফ ছাড়বার অবস্থা পেয়েছি তখন আমরাই ইলেকশন কেন করব না। আমি তার জন্য এই কথা মনে করি আজকের এই পরিস্থিতিতে বাই-ইলেকশন হওয়া অবশ্যক। আমি বলি ভারতরক্ষা আইনে দণ্ডনীয় অপরাধে যাদের ধরা হয়েছে তাদের কোনমতেই ছাড়া উচিত নয়। সেইজন্য প্রত্যেকটি সংশোধনী প্রস্তাবের আমি বিরোধীতা করছি।

[3-55—4-5 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের নেতা শ্রদ্ধেয় হেমন্ত বসু মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার সমর্থন করতে উঠে আমি প্রথমে বলতে চাই যে আপৎকালীন অবস্থায় নির্বাচন করা উচিত নয়। আজকে এইমাত্র অশোকবাবুর মুখে যে কথা শুনলাম তার দ্বারা আরও জোর করে আমার বক্তব্য সমর্থিত হচ্ছে যে এই আপৎকালীন অবস্থায় নির্বাচন করা উচিত নয়। তার কারণ হচ্ছে এই সময় শুধু জনকয়েক বন্দী কারাগারে রয়েছে তার জন্য নয় সুষ্ঠুভাবে এই নির্বাচন করাতে গেলে ক্ষমতায় যারা আসীন তাদের বিরুদ্ধে সমালোচনা করা আজকের দিনে অসম্ভব। আমরা জানি আজকে সমালোচনা করতে গেলে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাই দুর্বল হয়ে পড়বে। আমি সেইজন্যই বলছি যে কংগ্রেসের সে সুযোগ গ্রহণ করা উচিত নয়। এবং আমি মনে করি আজকে জরুরী অবস্থাও তুলে নিলে ভুল হবে। কেননা চীন এখনও উত্তর প্রান্তে সৈন্য সমাবেশ করে আছে পুনরায় আক্রমণ চালাবে বলে ওত পেতে বসে রয়েছে। অতএব জরুরী অবস্থা তুলে দেবার কোন প্রশ্নই উঠতে পারে না। আজকে যে সমস্ত বন্দী চীনের সঙ্গে সংযোগ থাকার জন্য বন্দী হয়েছেন তাদের মুক্তি সম্বন্ধে আজকে এখানে প্রশ্ন উঠছে। এই সম্বন্ধে আমার পরিষ্কার বক্তব্য যে কোন অবস্থায় আজকে তাদের বিনা বিচারে আটক রাখা হয়েছে—আমাদের স্বাধীনতার প্রশ্নই হচ্ছে সবচেয়ে বড় প্রশ্ন। আজকে চীন যখন আমাদের দেশ আক্রমণ করেছে সরকার মনে করেছেন এবং তার সঙ্গে আমরাও মনে করি যে এমন কয়েকজন ব্যক্তি এবং কমিউনিস্ট পার্টির কিছু কিছু সদস্য আছেন যারা এর সঙ্গে যুক্ত আছেন যাদের জেলে রাখা উচিত, এবং এই সময় তাদের মুক্তি দেওয়া উচিত নয়। এখন তাদের বিচারের প্রশ্ন আসতে পারে। আমি মনে করি যত দিন আপৎকালীন অবস্থা থাকবে তাদের বিচারের প্রশ্ন উঠতে পারে না। আমি কমিউনিস্ট পার্টির সদস্যদের একটু স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৪২ যখন তাঁর জনযুদ্ধ বলে দ্বিতীয় মহাযুদ্ধের সময় বৃটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে হাত মিলিয়ে ছিলেন তখন বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের অনেককেই যেমন হেমন্তবাবু ছিলেন এবং ঐদিককার অনেকেই ছিলেন, আমাদের আটকে রাখা হয়েছিল তখন কমিউনিস্ট পার্টিরা আমাদের জাপানের চর বলেছিলেন তারা অন্ততঃ মনে করেছিলেন ভুল হোক ঠিক হোক কই তখন তো তারা আমাদের মুক্তির জন্য আন্দোলন করেন নি। তখন বন্দীদের মুক্তির জন্য একটি কথাও বলেন নি। তখন বিনা বিচারে আটক রাখার জন্য এবং সত্যি আমরা জাপানের চর কিনা তার জন্য বিচারের কথা তারা বলেন নি। সেই রকম আমাদেরও আজ সন্দেহ হয়েছে যে কমিউনিস্ট

পার্টির কয়েকজন সদস্য এই হাউসে আছেন যাদের সংগে চীনের যোগাযোগ আছে, তারা চীনের চর এটা প্রমাণ করা আজকে সম্ভব নয়। আমাদের ভুল হতে পারে কিম্বা আমরা রাইট হতে পারি, কিন্তু আমাদের সন্দেহ হয়েছে যে তাদের চীনাদের সংগে যোগাযোগ আছে। সেইজন্য আজকে আপৎকালীন বা জরুরী অবস্থা যতদিন থাকবে ততদিন তাদের মুক্তির কোনও প্রশ্নই উঠতে পারে না। কেন না, আমাদের স্বাধীনতার প্রশ্ন এর সংগে জড়িত আছে। সংগে সংগে আমি সোমনাথবাবুকে একটি কথা বলতে চাই, তিনি আজকে বললেন যে জ্যোতিবাবু জাতীয় কাউন্সিলে প্রস্তাব গ্রহণ করেছিলেন। তিনি সেই অনুযায়ী কাজ করবেন। কিন্তু জ্যোতিবাবুকে যখন অ্যারেস্ট করা হয়, তারপর দেখা গেল যে তিনি স্বাধীনতা প্রেস বিক্রি করে দিয়েছেন, পার্টি ফান্ডের সমস্ত টাকা অন্য জায়গায় সরিয়ে ফেলেছেন, গাড়ী বিক্রী করে দিয়েছেন এমন কি টেলিফোনের সংযোগ কেটে দিয়েছেন, সেই সময় দেখা গেল স্বাধীনতা পত্রিকা প্রায় বন্ধ হয়ে যাচ্ছে, তখন সোমনাথবাবুর একটা এডিটোরিয়্যাল আমরা দেখেছিলাম। তিনি লিখেছিলেন যে জ্যোতিবাবু, প্রমোদ দাশগুপ্ত ইত্যাদি নেতারা পার্টি বিরোধী কাজে লিপ্ত আছেন। তখন কি তার মনে এই প্রশ্ন উদয় হয় নি—আমি তাকে আজকে জিজ্ঞাসা করতে চাই যে পার্টি বিরোধীতাটা কি? তাহলে কি চীন যে ভারতবর্ষ আক্রমণকারী সেই প্রস্তাব কি তিনি গ্রহণ করেন নি? সেই এডিটোরিয়্যালের ভিতর দিয়ে সোমনাথবাবু পরোক্ষভাবে এরা চীনের সমর্থনকারী এটা কি ঘোষণা করেন নি। আজকে সোমনাথবাবুর কথা শুনে আশ্চর্য লাগছে আজ যদি তিনি জ্যোতিবাবুর নাম না করতেন তাহলে বুঝতাম, কিম্বা এটা আমাদের বিশ্বাস করতে হবে যে জ্যোতিবাবু, প্রমোদ দাশগুপ্ত, হরেকৃষ্ণবাবু তাদের সংগে যে চীনের যোগাযোগ রয়েছে যেটা সোমনাথবাবু সন্দেহ করেছিলেন আগে, আজকে তিনি তাঁর মত পরিবর্তন করছেন, এটাই আমরা ঠিক বুঝতে পারছি না।

Shri Somnath Lahiri:

অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন স্যার, কানাইবাবু বলেছেন যে আমি জ্যোতিবাবু প্রভৃতি পার্টি বিরোধী কাজ করছেন বলে লিখছি—এ কথাটা সম্পূর্ণ অসত্য।

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে যে প্রস্তাব নিয়ে আমরা আলোচনা করছি সেই প্রস্তাবের মধ্যে মূল কথা হচ্ছে আগামী নির্বাচনের পূর্বে ধৃত কমিউনিস্ট বন্দীদের মুক্তি দেওয়া হোক। আমাদের এই নির্বাচন যা হচ্ছে, এতে কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে পাঁচটা আসনের মধ্যে মাত্র দুটো আসনে তাঁরা প্রার্থী খুঁজে পেয়েছেন, অন্য তিনটা আসনে এখনও পর্যন্ত তাঁদের প্রার্থী দেবার মত কোন ক্ষমতা ছিল বলে বোঝবার কোন কারণ নেই। এই দুটো আসনে প্রার্থী দাঁড় করিয়ে তাঁদের আন্দোলন করতে হচ্ছে রাজনৈতিক বন্দীদের কমিউনিস্টদের মুক্তি দাও তা না হলে ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হবে না। ও'রা যখন ইলেকশনএ হেরে যান তখন এই অ্যাসেমব্লির ফ্লোরএ এবং বাহিরে দাঁড়িয়ে বলেন যে, ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হয় নি। আর যেখানে ও'রা জেতেন সেখানেই ও'দের ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হয়। এই দুটো আসনে প্রার্থী দাঁড় করিয়ে শ্রীজ্যোতি বসু এবং অন্যান্য যাঁরা জেলে রয়েছেন তাঁরা যেতে পারছেন না এই অভিযোগে ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হবে না কিম্বা ইলেকশনেএর ক্ষতি হচ্ছে এই কথা বলা মানে পার্টির পক্ষে দুর্বলতার পরিচয় দেওয়া। কমিউনিস্ট পার্টি কি ব্যক্তিপূজারী হয়ে গেল? এতদিন দেখছিলাম তাঁদের মূল রাষ্ট্রে সেটা হয়। এখানে শ্রীজ্যোতি বসুর ব্যক্তিপূজারী যাঁরা তাঁরা ভাবছেন যে, শ্রীজ্যোতি বসু যখন জেলে রয়েছেন তখন এই নির্বাচনে পার পাবার আর কোন উপায় নেই। অতএব আজকে এই প্রস্তাবের মাধ্যমে তাঁরা এইটুকু জনসমক্ষে উপনির্বাচনের পূর্বে দেখিয়ে দিলেন তাঁরা কত দুর্বল। এই আলোচনা করতে গিয়ে তাঁরা বিনা বিচারে আটক রাখা হয়েছে বলে এবং আপনার সামনে অন্যান্য পক্ষ থেকে বিনা বিচারে আটক বন্দী সম্বন্ধে অনেক কিছু বলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিচার কি করে হবে? কেননা যদি কোন স্পেসিফিক চার্জ-এ ধরা হত—ইন্ডিয়া ডিফেন্স রুলস, সেকশন থার্টিফাইভ-এর স্পেসিফিক কেস-এ ধরলে তখন বিচারের প্রশ্ন ওঠে। এ'দের ধরা হয়েছে অন্যাতে। আপনি নিশ্চয় ডিফেন্স অফ ইন্ডিয়া রুল, থার্টিওয়ান (বি)টা ভাল করে পড়েছেন। আমি আপনাদের অবগতির জন্য এটা এখানে একবার পড়ে দিচ্ছি।

The Central Government or the State Government if it is satisfied with respect to any particular person that with a view to preventing him from acting in any manner prejudicial to the defence of India and civil defence, the public safety, the maintenance of public order, India's relations with foreign powers, the maintenance of peaceful conditions in any part of India or the efficient conduct of military operations, it is necessary so to do, make an order;

থার্টি (বি)-তে বলা হয়েছে ডাইরেক্টিং দ্যাট হি বি ডিটেন্ড এর সঙ্গে (এ) থেকে (এইচ) পর্যন্ত আরও অনেক প্রভিশন ছিল শাস্তির এবং অনেক জায়গায়। আমরা পশ্চিমবঙ্গ সরকার শুধু যেটা অ্যাপ্লাই করছেন সেটা হচ্ছে থার্টি (বি)(আই)—অর্থাৎ ডাইরেক্টিং দ্যাট হি বি ডিটেন্ড। এই অভিযোগ যদি সম্পূর্ণভাবে প্রকাশ্য আদালতে বিচার করতে হয় তা হলে দেশের নিরাপত্তা ব্যাহত হবে। স্যার, এখানে আমি স্মরণ করিয়ে দিতে চাই এই যে সমস্ত প্রভিশন এখানে রয়েছে ফরেন কান্ট্রির সঙ্গে রিলেশন কিংবা সেরকম ধরণের কোন কাজের সূত্র প্রকাশ্য আদালতে যদি সরকার থেকে উপস্থাপিত করতে হয় তাহলে রাষ্ট্রের নিরাপত্তা অত্যন্ত বেশীভাবে ব্যাহত হবে এবং ঐ সূত্রগুলি লোপ পেয়ে যাবে এবং বিভিন্ন দেশ বা - বিভিন্ন দেশ আমি বলব না,--কমিউনিস্ট চীন জানতে পারবে কতখানি ফ্যাক্টস আমাদের পজেসনএ আছে এবং কোন্ সূত্রে আছে। আমাদের দেশের স্বার্থের জন্য, জনসাধারণের স্বার্থের জন্য দেশের নিরাপত্তার জন্য এদের সম্মুখে বিচার করা সম্ভব হবে না।*

[4-5—4-15 p.m.]

বিনা বিচারে আটক বন্দীদের সম্বন্ধে বলতে গিয়ে বিভিন্ন দলের মাননীয় সদস্যরা যে কথা বলেছেন, তাঁদের আমি একথা বিবেচনা করতে বলি ও দেখতে বলি যে, রাষ্ট্রের নিরাপত্তার জন্য যাঁকে বন্দী করলাম, রাষ্ট্রের নিরাপত্তার ক্ষতি হবে বলে যাঁকে জেলখানায় রাখা হল, যদি সে জিনিস প্রকাশ্য আদালতে দিনের পর দিন উপস্থাপিত করা হয়, তা হলে রাষ্ট্রের নিরাপত্তায় তাদের বন্দী করা কি প্রয়োজন ছিল? আজকে এ সবের স্বার্থে, জনসাধারণের স্বার্থে, স্বাধীনতার স্বার্থে, দেশের গণতন্ত্রের স্বার্থে এদের বিচার করা সম্ভব হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় শ্রীসোমনাথ লাহিড়ী বলেছেন, পণ্ডিত নেহরুকে তাঁরা সমর্থন করেন এবং তাঁকে আইসোলেট করছেন কংগ্রেস এবং সরকার থেকে, তা শুনে হাসির উদ্রেক হয়, কৌতুকের উদ্রেক হয়, করুণার উদ্রেক হয়। মানুষ যখন ডুবে যায় তখন তার শেষ অস্ত্র শেষ কুটোটুকুকেও সে চেপে ধরতে চেষ্টা করে। পণ্ডিত নেহরুর নামের ছায়া আজ কমিউনিস্ট পার্টির শেষ অস্ত্র হয়েছে। এ দেখলে কার না করুণার উদ্রেক হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এখানে দাঁড়িয়ে জোর করে বলতে চাই, পণ্ডিত নেহরু এবং কংগ্রেস এবং কংগ্রেস সরকার এক অভিন্ন ও অবিভাজ্য যদি শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় পণ্ডিত নেহরুকে সমর্থন করেন বলে জোরগলায় বলেন, তাহলে এই অর্থই কি আমরা ধরে নেব তিনি পণ্ডিত নেহরুর সমর্থিত এবং তাঁর নেতৃত্বে যে কংগ্রেসের যে নীতি—যে সরকারের যে উপদেশ, যে নির্দেশ, যে আইন যে সমস্ত কিছু করা হয়েছে তারও উনি সমর্থন করেন? যদি তাই করেন তাহলে আমাদের সঙ্গে তো ওঁদের তফাৎ কিছু থাকে না। আর তা না করে আজ যদি জেলখানার বাইরে থাকার জন্য যদি পণ্ডিত নেহরুর নামের নামাবলী গায়ে দিয়ে দেশপ্রেমের পরিচয় দিতে চান তা হলে দেশের মানুষ তাঁদের স্বীকার করবে না। এই পণ্ডিতজীকে কংগ্রেস ক্যাম্প, কংগ্রেস সরকারকে আইসোলেট করার চেষ্টা একথা ব্যর্থ অপপ্রয়াস মাত্র এবং বাংলাদেশের এমন কোন মানুষ নেই যে এর পেছনে যে প্রয়োজন আজ কমিউনিস্ট পার্টি ডুবে যাবার আগে—স্বখাত সলিলে একেবারে ডুবে যাবার আগে কুটো ধরবার চেষ্টামাত্র, একথা স্পষ্ট করে তাঁরা জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় জ্যোতিবাবুর বক্তৃতা নিয়ে শ্রীসোমনাথ লাহিড়ী এখানে বলেছেন। আমি আপনাদের সেদিনের কথা মনে করিয়ে দিই। সেদিন দিল্লীতে প্রস্তাব পাশ হবার পরে যে প্রস্তাব পাশ করবার সময় এই বাংলাদেশের কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে তাঁরা তীব্র আন্দোলন করেছিলেন যাতে কমিউনিস্ট পার্টি তার নিজের প্রস্তাব—যে দেশ আক্রান্ত হয়েছে, শেষ পর্যন্ত বলতে বাধ্য হওয়ার যে প্রস্তাব তা পর্যন্ত বিরোধিতা করবার পরেও যখন ভোটের জোরে প্রস্তাব পাশ করে নিয়েছিলেন ডাঙ্গের দলের সবাই তখন এখানে দাঁড়িয়ে জ্যোতিবাবু একটা বক্তৃতা করেছিলেন। সেদিনে শ্রীজ্যোতি

বস্‌র বক্তৃতার সময় তাঁর সেই কম্পমান শরীরে যেকথা তিনি এখানে দাঁড়িয়ে বলেছিলেন কনভিকশন ছিল না, সে বলার পিছনে কোন রকম আস্থা ছিল না এবং নিজের বলা কথা নিজেকে হজম করতে হয়েছিল বলে যেভাবে কেঁপে কেঁপে বক্তৃতা করছিলেন আজ সোমনাথবাবু সে দৃশ্য আমাদের মনে না করিয়ে দিলে ভাল হ'ত। তবে সোমনাথবাবুর এটা প্রয়োজন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার সকলই মনে আছে যে কোন্ অবস্থায় কেন্দ্রীয় কমিউনিস্ট পার্টি শেষ পর্যন্ত প্রস্তাব পাশ করতে বাধ্য হয়েছিলেন। আপনার স্মরণ আছে, সেপ্টেম্বর এইট্‌থ্ ১৯৬২ প্রথম থাগলা রিজ পার হয়ে নামকাচু নদীর দুটি সেতু দখল করে নেয় কমিউনিস্ট চীন অক্টোবর টোয়েন্টি তারিখে ও চুসুল এলাকা চিপচাপ উপত্যকা আক্রমণ করে বিপুল শক্তি নিয়ে তখন কমিউনিস্ট পার্টি নীরব। অক্টোবর টোয়েন্টি-ফোর ১৯৬২ তাওয়াং দখল হয়। গুণসিংলা পর্বতশ্রেণী দিয়ে অতর্কিতে আক্রমণ চালায় এবং তাওয়াং ঘাঁটি বিপন্ন হয়। এই ভারতবর্ষে এবং এই বাংলাদেশের সুসন্তান বীর সৈনিকরা মায়ের কোল খালি করে যুদ্ধক্ষেত্রে প্রাণ দেবার পরেও ভারতের কমিউনিস্ট পার্টি প্রস্তাব করে এসব বলে, তখনও এরা বিশ্বাস করছে কমিউনিস্ট চীন ভারত আক্রমণ করে নি। আজকে সেই জ্যোতিবাবুর অনুসরণে এখানে যখন দেখি শ্রীসোমনাথ লাহিড়ী বক্তৃতা করছেন তখন ঐ দৃশ্য আবার মনে পড়ে যে, দিল্লীর বক্তৃতা শেষ হবার পরে দিল্লীর প্রস্তাব শেষ হবার পরে এখানকার এবং দিল্লীর কমিউনিস্ট পার্টির সংগে বর্তমান কমিউনিস্ট পার্টির এখানকার যাঁরা নেতৃত্ব করছেন তাঁদের কি চমৎকার টানাটানি হয়েছিল। যে টানাটানির মূল সূত্র ছিল বুডাপেস্ট সম্মেলনে ইটালীর সম্মেলনে। যেমন নাচিয়েছেন তেমনি নেচেছেন। সেইজন্য আমরা কোন রকম কথা এখানে শুনতে চাই না যে দেশের এই বর্তমান উপনির্বাচনের জন্য কোন কমিউনিস্টকে জেল থেকে মুক্তি দেবার কোন প্রশ্ন থাকতে পারে না। তাঁরা যখন দেশের কোন রকম জরুরী অবস্থা ছিল না, যুদ্ধ ছিল না সেই সময় সাধারণ নির্বাচনে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন করে যে পার্টি আসনে এসে বসেছেন আজকে তাই তাঁরা এর চেয়ে বেশী আসন তাঁরা পেতেন না। উপরন্তু যে সমস্ত কমিউনিস্ট পার্টির লোকেরা আজকে জেলখানার ভেতরে রয়েছেন বলে দেশের নিরাপত্তার পক্ষে বাধা সৃষ্টি হওয়ায় আমরা এবং দেশের লোক খানিকটা নিরাপদ মনে করছি অন্তত পঞ্চম বাহিনী হয়ে কোন দেশের শত্রুর সংগে হাত মেলাব না—তাই আজকে আমাদের পক্ষে কোন কমিউনিস্টকেই জেল থেকে ছাড়া সম্ভব হবে না। আমি আর একটি কথা শ্রীননী ভট্টাচার্য সম্বন্ধে বলতে চাই—তিনি কি বললেন তিনি বললেন যে যেসমস্ত লোক বা কমিউনিস্টরা অবশ্য উনি মুক্তকণ্ঠে বললেন না দেশের নিরাপত্তা ব্যাহত করছেন কিনা এবং তার পরে দ্বিতীয় লাইনে বললেন যদি কেউ করে থাকে তাহলে তার বিচার হোক—কেন এত দ্বিধা, কিসের এত দুর্বলতা? তা হলে কি তিনি যে দলের অনুবর্তী সে দল কি মুক্তকণ্ঠে যারা দেশদ্রোহিতা করছে যারা দেশের বিরুদ্ধে কাজ করছে যারা শত্রুপক্ষের আনুকূল্যে আনুগত্য দেখিয়ে কাজ করছেন তাঁদের মুক্তকণ্ঠে আপনাদের পার্টি থেকে এ সম্বন্ধে বলতে পারছেন না তোমরা সত্যিকারের দেশদ্রোহী। আমি একথা তাঁর বক্তৃতায় হয়ত অসতর্কতার জন্য তিনি বলেছেন তা স্বীকার করুন—এই হাউসে সম্ভব না হলেও অন্তত বাইরেও তাঁর নীতি কি স্পষ্ট-ভাবে তা বলুন। শ্রীহেমন্ত বসু মহাশয় কতকগুলো কথা বলেছেন একটি লিখিত বিবৃতি পাঠ করেছেন—সমস্ত বিষয়গুলো বোধ হয় পড়া সহজ ছিল না—এক জায়গায় উনি বলেছেন শুনলাম যে গ্রাম্য দলাদলীর সুযোগ নিয়ে কমিউনিস্টকে ধরা হচ্ছে।

[নয়েজ]

মিঃ স্পীকারঃ

Mr. Guha I will not allow that.

দি অনারেবল প্রফুল্ল মুখার্জিঃ আমি আগেই বলেছি যে কিছু শোনা যাচ্ছিল না। যদি তিনি এটা বলে না থাকেন তাহলে তো হয়ে গেল। শ্রীকাশীকান্ত মৈত্র তিনিও বলেছেন বিনা বিচারে বেশি দিন আটকে রাখা উচিত নয়। আমি বলি যতদিন দেশে এমারজেন্সী থাকবে, যতদিন দেশ শত্রু কর্তৃক আক্রান্ত হবার সম্ভাবনা থাকবে ততদিন সে যত দীর্ঘ সময় হোক, এই সমস্ত লোক যারা আজকে কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে যাদের দেশদ্রোহিতার অপরাধে ধরা হয়েছে তাদের আটকে রাখা ছাড়া সরকারের এবং দেশের গতি থাকবে না। সে সময়

সংক্ষেপ হতে পারে যদি কমিউনিস্ট চীন আক্রমণ না করে। পণ্ডিত নেহরু দিল্লীর লোকসভায় দাঁড়িয়ে বলেছেন যে সম্পূর্ণ সম্ভাবনা আছে অতি শীঘ্র আবার দেশ আক্রান্ত হবার। যদি তাই সত্য হয় এবং নিশ্চয়ই তা সত্য কারণ পণ্ডিত নেহরু লোকসভায় দাঁড়িয়ে তা না হলে বলতেন না—অতএব আজ দীর্ঘ দিনই হোক আর কম দিনই হোক আটক যারা রয়েছেন আটক তারা থাকবেন এ হচ্ছে যারা বিনা বিচারে আছেন। আর বিচারাধীন বন্দী তাদের সম্পর্কে আমার বলার কিছু নেই। যে স্পেসিফিক কেসের জন্য ধরা হয়েছে আদালতে প্রমাণ না হলেও তারা ছাড়া পাবেন না। সে সম্বন্ধে কেউই কথা বলতে পারেন না এবং আমিও বলতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্যের শেষ পর্যায়ে শুধু এইটুকু বলবো যে আজকে এই সুযোগে যিনি প্রস্তাব এনেছেন কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে তিনি সুযোগ করে দিয়েছেন আর একবার কমিউনিস্ট পার্টির জন্য দেশের প্রতি আনুগত্য দেখানোর। যে ব্যবস্থা তাঁরা করেছেন এবং যে মনোভাব প্রকাশ করেছেন তা প্রকাশ্যে বিরোধীদল এবং কমিউনিস্ট দলের পক্ষ থেকে একবাক্যে একযোগে তার প্রতিকার জানানো এই জন্য আমি এই প্রস্তাব আনার জন্য আমি কমিউনিস্ট পার্টির সদস্যকে অভিনন্দন জানাচ্ছি।

[4-15—4-25 p.m.]

[The Hon'ble Prafulla Chandra Sen rose to speak.]

[Some sound was heard]

The Hon'ble Prafulla Chandra Sen: What is this, Sir?

Mr. Speaker: May I ask the honourable member who has just now made the sound to stand up and express regret? I do not know who has done it but I expect that from the manner in which it was done, the honourable member should stand up and express regret for it.

(Shri Nepal Chandra Roy rose to speak.)

Mr. Speaker: Mr. Roy, I am dealing with the matter. I have not seen who has done it, but as this is being objected to by the Chair, as an honourable member of this House, he should stand up and express regret. I leave it to the honourable member to keep the honour and prestige of the House, not of the Chair alone. I leave it at that.

Shri Debi Prosad Basu:

মিঃ পাল বললেন [illegible]

Mr. Speaker: Mr. Basu, no explanation is necessary. If you want to express regret, do it. I am not calling upon anybody to do it. I have left it to the honourable member.

The Chief Minister may please speak now.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে সমস্ত বক্তৃতা হয়েছে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের পক্ষ থেকে তা যদি এক জায়গায় আপনি ধরে দেখেন বা ধরেন তো তাহলে আমাকে আর কিছু বলে দেবার প্রয়োজন নাই। যখনই একদলের লোকের বক্তৃতা শুনেছিলাম তখন মনে হচ্ছিল একজন একজনকে কেটে দিলেন। ঠিক অন্য দলের একজন একজনকে কেটে দিলেন। আজকে এখানে আমার কমিউনিস্ট বন্ধুরা প্রজা সোসালিস্ট পক্ষের বন্ধুরা ফরওয়ার্ড দলের বন্ধুরা আর এস পি দলের বন্ধুরা আর সি পি আই দলের বন্ধুরা যে সমস্ত বক্তৃতা করেছেন তা এক জায়গায় রাখলে কাটাকাটি হয়ে যায় অর্থাৎ আমাদের শ্রীরাধানাথ চট্টরাজ মহাশয়ের যে মূল প্রস্তাব—সেটা।

তারপর এইমাত্র মাননীয়া পূরবী মুখার্জি মহোদয়া যে বক্তৃতা করলেন, তারপর আমি আর বেশি কিছু বলতে চাই না। আমরা সকলে দুঃখিত—কমিউনিস্টরাও যেমন, আর সি পি আই-ও তেমনি। ফরওয়ার্ড ব্লকও তেমনি, আর সি পি আই-ও তেমনি তাঁরাও তাই কংগ্রেস পক্ষ থেকে সকলে আমরা দুঃখিত। আজ ভারতবর্ষে আমরা গত ১৬ বছর ধরে বিশেষ করে ১২ বছর ধরে কন্সটিটিউশন রচিত হবার পরে ব্যক্তি-স্বাধীনতা বজায় রাখবার চেষ্টা করছি, যেখানে আমরা কাউকেও একদিনের জন্য বিনা বিচারে আটক রাখতে চাইনি আমাদের মাননীয় বন্ধু শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় তিনি বললেন যে আমাদের প্রধানমন্ত্রী শ্রীজওহরলাল নেহরুর মূল নীতি তিনি সমর্থন করেন। তা যদি তিনি সমর্থন করেন, তাহলে পরে এই যে জরুরী অবস্থা জারী হয়েছে রাষ্ট্রপতির দ্বারা এবং জরুরী অবস্থা জারী হবার পর যখন আমাদের লোকসভা এবং রাজ্যসভার অধিবেশন হয়, সেই সময় যখন উপস্থিত করা হয় এই জরুরী অবস্থার কথা এবং দুটো হাউসের দ্বারা রাজ্যসভা ও লোকসভার দ্বারা সেটা প্রায় সর্ববাদি সম্মতিক্রমে গৃহীত হয়, তখন আমার মনে হয় যে শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় তিনি এই জরুরী অবস্থা যা কিছু করা হয়েছে তা নিশ্চয়ই সমর্থন করবেন।

জরুরী অবস্থা যে ঘোষণা করা হয়েছে, তা আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে করা হয় নি। এমনকি আমাদের এখানে এই সভা থেকেও সেটা জারী করা হয় নি। সেটা জারী হয়েছে ভারত সরকারের পক্ষ থেকে এবং গণতান্ত্রিক উপায়েই জারী হয়েছে, তাতে আমি আশা করব শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় পণ্ডিত নেহরুর মূল নীতি যখন সমর্থন করবেন তখন এটাও করবেন। পণ্ডিত নেহরু নিশ্চয় চান না যে আমাদের ভারতবর্ষে যে কোন দলের, যে কোন মতের লোক হোক না কেন, যে কোন নীতি গ্রহণ করুন না কেন কোন একজন লোককেও বিনা বিচারে আটক রাখা হবে। এবং এটা গণতান্ত্রিক নীতির বিরোধে নিশ্চয়। তা ছাড়া আমরা কোনদিন মনে করি নি যে আমাদের ভারতবর্ষে এই ধরণের জরুরী অবস্থা ঘোষণা করার প্রয়োজন হবে। এটা অত্যন্ত দুঃখের বিষয় ও গভীর বেদনার বিষয়। এই জরুরী অবস্থা সৃষ্টি করল কারা? না, চীনদেশ সৃষ্টি করল। সে এমন একটা দেশ যার সঙ্গে বন্ধুত্ব স্থাপন করবার জন্য যতদূর যাওয়া যায় আমাদের প্রিয় প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরু তা গিয়েছিলেন এবং চেষ্টা করেছিলেন। কাজে কাজেই এই জরুরী অবস্থাকে আমাদের সকলকে সমর্থন করতে হবে। সোমনাথবাবুর দ্বিতীয় কথা হল এই যে, উপ-নির্বাচন আসছে তখন আমরা কেন তাঁর দলের লোককে বিনা বিচারে আটক রেখেছি। তাঁকে জানাতে চাই আমাদের পশ্চিমবাংলায় ১৩০ জন ব্যক্তিকে আটক রাখা হয়েছে। তারা সবাই কমিউনিস্ট নন, তবে অধিকাংশই কমিউনিস্ট। এই ১৩০ জন লোকের স্বাধীনতা আমরা হরণ করেছি, এবং তা আইনের বলেই করেছি, যে আইন আমাদের গণতন্ত্রসম্মত সংবিধানে আছে। এই আইন অনুসারে সেই ১৩০ জন লোককে আটক করে রাখা হয়েছে। হতে পারে সোমনাথবাবু মনে করছেন উপ-নির্বাচনে তাঁদের তত সুবিধা হবে না। কিন্তু আমরা এ পক্ষ থেকে মনে করি তাতে কিছু আটকাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের নেতাজী সুভাষ চন্দ্র বসু যখন কারাগারে ছিলেন এবং সেই সময় বহু কংগ্রেস নেতা ও কর্মীরাও কারাগারে ছিলেন, তখন এক নির্বাচনে নেতাজী সুভাষ-চন্দ্রকে প্রার্থীরূপে দাঁড় করান হয়েছিল, এবং তখন দেশের লোক নেতাজী সুভাষ চন্দ্রকে ভোটে জয়ী করেছিলেন। আজকে সত্যিই যদি জ্যোতিবাবু এবং তাঁর দলের ১২৯ জন লোক বিনা বিচারে কারাগারে আটক থাকার দরুন, দেশের লোকের মনে যদি সহানুভূতির এই ভাব জাগে যে অন্যায়ভাবে তাদের আটক রাখা হয়েছে, তারা পিকিংপন্থী নন, তাঁরা ভারতবর্ষকে ভালবাসেন যেমন অন্য সবাই ভারতবর্ষকে ভালবাসে, তাহলে পরে একটি নেতাকেও নির্বাচন উপলক্ষে, সেখানে বক্তৃতা করতে যেতে হবে না। অতুল্য ঘোষ, শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, কাউকেই সেখানে যাবার প্রয়োজন হবে না এবং কমিউনিস্টদের একজনকেও সেখানে যাবার প্রয়োজন নেই, শুধু একটা হ্যান্ডবিল ছাপিয়ে বিলি করে দিলেই হল। সুতরাং এতে তাঁদের আটকাচ্ছে না। আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে, অতিরিক্ত ট্যাক্স বেড়েছে, এই কথা তাঁরা বলছেন, হ্যান্ডবিলও তাঁরা দিচ্ছেন, আমরাও তাতে কাউকে আটকাচ্ছি না। আমাদের বড়জোড়া কেন্দ্রে, গোটা বাঁকুড়া কেন্দ্রে একজন লোককেও আমরা গ্রেপ্তার করি নি। কাজে কাজেই এই সমস্ত কথা বলে উপ-নির্বাচন বন্ধ করবার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। বিশেষ করে আমরা চাই না যে উপ-নির্বাচন বন্ধ হোক। তাছাড়া, সাধারণ নির্বাচন বা উপ-নির্বাচন

কোন রাজ্য-সরকার করেন না, কেন্দ্রীয় সরকারও করেন না। আমাদের সংবিধানে যে বিধান আছে, সেই অনুসারে ইলেকসন কমিশনার, তিনি নির্বাচনের কাজ পরিচালনা করেন। আজকে তিনিই এই উপ-নির্বাচনের ব্যবস্থা করেছেন, সেখানে আমাদের কোন ক্ষমতা নেই এই উপ-নির্বাচন পরিচালনা করবার বা তাকে স্থগিত রাখার। আমরা মনে করি না যে এইরকম কোন সুপারিশ করবার প্রয়োজন আছে, যে এই উপ-নির্বাচনকে বন্ধ করে দেওয়া হোক। আমি সেই জন্য মূল প্রস্তাবের বিরোধীতা করছি এবং যে সমস্ত সংশোধনী প্রস্তাব এখানে এসেছে, তারও বিরোধীতা করছি। আমি অনুরোধ করবো যে মূল প্রস্তাব এবং তার উপর সংশোধনী প্রস্তাবগুলি প্রত্যাহার করবার জন্য। এটা প্রত্যাহৃত যদি করা হয়, তাহলে আমরা এখানে আর একটা যে নন-অফিসিয়াল রেজলিউসন আছে, সেটা নিয়ে আলোচনা করবার সুযোগ পাবো।

[4-25—4-35 p.m.]

Dr. Radhanath Chattoraj:

মি স্পীকার স্যার, এই প্রস্তাব আমরা অনেকক্ষণ ধরে এখানে আলোচনা করলাম এবং মূলতঃ সকলে বলেছেন যে বিনা বিচারে আটক রাখা অন্যায় এবং নীতি বিরোধী

[এ ভয়েসঃ এ কথা কেউ বলে নি!]

অনেকে বলেছেন, মূলতঃ সেই কথাই বলেছেন। যা-হোক, কমিউনিস্টদের বিরুদ্ধে বিভিন্ন রকম ধূম্রজাল সৃষ্টি করা হচ্ছে দেশদ্রোহী বলে। কিন্তু একথা আমি জোরের সঙ্গে বলতে পারি, আমরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী—আমরা এই হাউসের গত অধিবেশনে দাঁড়িয়ে প্রস্তাব গ্রহণ করেছি এবং সেই প্রস্তাব মত আমরা দেশরক্ষা ব্যাপারে যা-কিছু করা দরকার আমরা সমস্ত দিকে কাজ করেছি এবং এইরকম কাজ এখনো করে চলেছি। তা সত্ত্বেও আজকে আমাদের উপর এই যে কটাক্ষপাত -এটা সম্পূর্ণ অন্যায় এবং সম্পূর্ণ অযৌক্তিক।

গত অধিবেশনে আমাদের প্রত্যেকটি সভ্যকে, আমাদের পার্টির যে মিটিং হয়েছিল সেই মিটিং-এ প্রত্যেকটি সভ্যকে দেশরক্ষা খাতে চাঁদা দেবার জন্য আমাদের নেতা জ্যোতি বসু যে নির্দেশ দিয়েছিলেন তা আমাদের প্রতিটি এম এল এ অক্ষরে অক্ষরে পালন করেছে এবং আজও তারা কোন জায়গাতে কোন একজন কমিউনিস্টের বিরুদ্ধে কোন রকমের যে রাষ্ট্রবিরোধী কার্য-কলাপ তাঁরা প্রমাণ করতে পারেন নি, এবং আমি জানি তা করতে পারবেন না। তার কারণ কমিউনিস্ট পার্টির যদি কোন গোলযোগ থাকতো আমরা সাধারণ কর্মী হিসাবে আমরাও জানতে পারতাম। কমিউনিস্ট পার্টি গোপনে কোন কাজ করে না, যদি কোন কাজ করতে হয় তাহলে তাকে সুদূর গ্রাম অঞ্চলে কর্মী এবং সমস্ত র‍্যাঙ্ককে বলতে হবে। এটা সম্পূর্ণ অন্যায় এবং আমরা কখনও বিশ্বাস করি না যে এই ধরণের হতে পারে। একদিকে আপনারা জরুরী অবস্থা ঘোষণা করেছেন অপর দিকে আপনারা নির্বাচন করছেন। এই নীতি আপনাদের পোস্ট ওয়ার বিরোধী নীতি। এই নীতিকে আপনারা মনে করেন যে আমরাই বুঝি খুব বুদ্ধিমান, আমাদের চেয়ে আর বুদ্ধিমান লোক নেই, দেশের লোক এই নীতির জন্য আপনাদের উপরে অবিশ্বাস করতে আরম্ভ করেছে যে, কেন এটা হয়। পৃথিবীর কোন দেশে এই জরুরী অবস্থাকালীন নির্বাচন হয় নি। আপনারা নির্বাচনও করছেন, সঙ্গে সঙ্গে জরুরী অবস্থাও ঘোষণা করে রেখেছেন। সেই জন্য আমি আপনাদের অনুরোধ করবো যে যাতে আপনারা আমাদের পরীক্ষা করে দেখতে পর্যন্ত দিলেন না। আপনারা ডেমোক্রেটিক সেন্টার-এ বিশ্বাসী, আমাদের মতামত, আমাদের ভিন্ন মত থাকতে পারে। কিন্তু যখন প্রস্তাব পাশ হয় তখন যারা অমত করে তাদেরকেও সেই প্রস্তাব মানতে বাধ্য হতে হয়। অন্য সমস্ত পার্টির করা চলে কিন্তু কমিউনিস্ট পার্টির সেই ডেমোক্রেটিক সেন্টার-এর উপর বিশ্বাসী থাকতে হবে এবং সেই ন্যাশান্যাল কাউন্সিল যে প্রস্তাব পাশ করেছে সেই প্রস্তাব অক্ষরে-অক্ষরে প্রতিপালন করতে হবে, এই আমাদের পার্টির নীতি। আমরা সেই করেও যাচ্ছিলাম। সেই কাজের সুযোগ আপনারা দেন নি। আজকে যদি সেই সমস্ত নেতাদের বাইরে রাখতেন তারপরে তাঁদের কার্যকলাপ দেখতেন, আপনারা যে-কোন সময় ইচ্ছা করলে অ্যারেস্ট করতে পারেন, তখন আপনারা অ্যারেস্ট করতে পারতেন। কিন্তু

এই আমাদের দাঁড়িয়ে উঠে প্রস্তাব গ্রহণের পর আপনারা সে সুযোগ আমাদের দেন নি যে কেমন করে আমরা দেশরক্ষা ব্যবস্থাকে আরো দৃঢ়তর করবো, আরো ভালভাবে চালিয়ে যাবো সেই সুযোগ আপনারা দেন নি। আমি সেই জন্য আপনাদেরকে অনুরোধ করবো যাতে কেরেলা গভর্নমেন্ট যেভাবে সমস্ত রাজনৈতিক বন্দীদের তাঁরা মুক্তি দিয়েছেন, আপনারা কেরলার পথ অনুসরণ করুন এবং সমস্ত রাজবন্দীদের আপনারা মুক্তি দিন। আর যদি মুক্তি না দেন তাহলে পরে আপনারা মনে করছেন যে কমিউনিস্ট পার্টিকে খতম করে দেবো, আপনাদের ব্যক্তিগত প্রতিহিংসা এবং দলগত প্রতিহিংসা নিয়ে আজকে তাদের খতম করে দেবার চেষ্টা করছেন কিন্তু পৃথিবীর ইতিহাস যদি আপনারা পর্যালোচনা করেন, কোন দেশে কোন শক্তিশালী, সে যত বড়ই হোক, হিটলারের চেয়ে আপনারা শক্তিশালী হন নাই, সেও খতম করতে পারে নি, সেইজন্য আমি আপনাদের অনুরোধ করবো যে আপনারা অবিলম্বে সমস্ত নেতাদের মুক্তি দিন এবং তাঁদের কার্যকলাপ দেখুন এবং পরীক্ষা করুন। অ্যারেস্ট-ত আপনারা যে-কোন সময় করতে পারেন। সেইজন্য আমি বিশেষ কিছু বক্তব্য রাখবো না, আমি আবার আপনাদের অনুরোধ করবো যাতে আমাদের নেতাদের আপনারা মুক্তি দেন। আপনারা শুধু এক চক্ষু হরিণের মত দৃষ্টিপাত করে গিয়েছেন। আপনারা লক্ষ্য করেন নি যে আপনাদের দলের ভিতর ১৯৪৭ সালের পর যে-সমস্ত নূতন কংগ্রেসী হয়েছে এবং যারা লীগ থেকে কংগ্রেসে রূপান্তরিত হয়েছে তারা দেশের বহু ক্ষতি করতে পারে। তারা এমন কোন কাজ নেই যা করতে পারে না। আপনারা এক চক্ষু হরিণের মত দৃষ্টি রেখেছেন। আপনারা এমন কি দলের শৃংখলা, সামান্য নিম্নতম নিয়ম যে খদ্দর তাও পর্যন্ত আপনাদের অনেক দলের লোক পরেন না, এবং এইসমস্ত লোক আজ আমাদের পাকিস্তানের সঙ্গে সম্বন্ধ ভাল নয়, আজকে চীনের সঙ্গেও সেই সম্বন্ধ, সেইজন্য আমি আপনাদের দলের ভিতরেও দৃষ্টি রাখতে হুঁশিয়ার করে দিতে চাই। পরিশেষে আমার বক্তব্য এই যে, বর্তমান অবস্থায় যাতে আমাদের নেতারা মুক্ত হন এবং অবাধ ইলেকশন নির্বাচন চলে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-35—4-45 p.m.]

The motion of Shri Nani Bhattacharjee that—

(i) in line 2, after the words "in the State" the following be inserted, namely:—

", whereas in view of the decision to hold by-election by the party in power it appears beyond doubt that the state of national emergency no longer really exists, whereas it is a recognised democratic principle that nobody should be detained without trial, whereas there is reasonable apprehension about the misuse of power vested under the D. I. Rules and the P. D. Act by the party in power for partisan interest";

(ii) In lines 3-5, for the words beginning with "to release" and ending with "in the State" the following be substituted, namely:—

"to produce all detenus belonging to the opposition political parties for trial before an appropriate court or a tribunal composed of High Court Judges and to act according to its verdict.",

was then put and a division taken with the following result:—

NOES 95

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar

Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shrimati Maya
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Satyanarayan
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahatab, Shrimati Radharani
Maiti, The Hon'ble Abha
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar

Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sheila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phani Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar

AYES 23

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jagat
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Shambhu Gopal
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nirmal Chand
Raha, Shri Sanat Kumar
Roy, Dr. Narayan Chandra
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar

The Ayes being 23 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Hemanta Kumar Basu that in lines 1-5 for the words beginning with "five bye-elections" and ending with "in the State", the *following be substituted, namely:—*

"the whole of country is passing through a phase of national emergency and whereas no free and fair election is possible under the present state of affairs, this House is of opinion that the proposed bye-elections in the State be postponed.",

was then put and a division taken with the following result:—

NOES 113

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindaban
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri

Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Satyanarayan
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahatab, Shrimati Radharani
Maiti, The Hon'ble Abha
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prasad
Bhaduri, Shri Panchu Gopal
Chattoraj, Dr. Radhanath
Dev, Shri Tarapada
Golam Yazdani, Dr.

Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Roy, Dr. Narayan Chandra
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar

AYES 15

Abdul Bari Moktar, Shri
Adhikary, Shri Sailendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Pal, Shri Kanai
Roy, Shri Bijoy Kumar
Roy Pradhan, Shri Amarendra Nath

The Ayes being 15 and the Noes 113, the motion was lost.

Shri Siddhartha Shankar Ray: Sir, I missed pressing my button as I was otherwise busy with a very important matter. I want to vote "No", which may be recorded.

The motion of Shri Sailendra Nath Adhikary that in line 3, after the words "fair elections" the following be inserted:—

"This House is of opinion that inasmuch as the Communist Government of China is reported to be making heavy concentration of Chinese troops all along the border, and the Prime Minister has time and again cautioned the nation against any complacency and asked the country to be prepared against further invasion by the Communist China and inasmuch as the morale of the people has to be boosted up, unity of the people forged spontaneously against the invaders has to be maintained and strengthened and national solidarity preserved and all efforts have to be made to maintain and keep up massive development programmes and defence preparations, hold the price line, curb the profiteers and activities of anti-social and anti-national subversive elements and pro-Chinese Agents, build national economy on solid socialist foundation no bye-election should be held during the continuance of national emergency;

This House views with grave concern various acts of organised assault and violence perpetrated on P.S.P. workers, supporters and sympathisers by Congress workers, in the Chowringhee area in Calcutta in connection with forthcoming bye-election and coercion and intimidation held out to the members of the minority community in Chowringhee and Jamalpur constituencies by Congress Party, inter-play of communal politics encouraged by Congress and the

Communist and the grand unholy alliance forged between Congress and Communist on the eve of bye-elections which have vitiated the political climate and imperilled the democratic and patriotic forces in the country;

Resolved further that in view of the categorical statements made before the House about the existence of facts and data necessitating the detention of Pro-Chinese Communists of the State and worsening of the situation consequent upon Chinese bellicosity, any attempts to relax security measures and release persons against whom Government claims to have incriminating evidence to suit petty electoral interests and political convenience, would not only encourage lawlessness, expose the security and territorial integrity, to risks of subversion and endanger the very freedom and existence of the country as a whole:

This House while feels that national emergency should not be used as a political weapon to boost up the stocks of the corrupt and inefficient ruling party, whitewash the misdeed, omissions and commissions resulting in the shocking unpreparedness, military reverses, and belonging to the Defence Ministry and exploit the situation for furtherance of narrow party ends, and while acknowledges the necessity of continuance of national emergency, the individual cases of citizens detained in prison, should be re-examined, re-considered and reviewed on the basis of attending facts and circumstances and injustice and hardship should under no circumstances be inflicted on innocent persons who have no connection with any political party or group having extra territorial loyalty who have been detained on the basis of vague suspicion and rumours. This House feels that even in an emergency individual personal liberty, dignity of human personality—observance of due process of law and the fair play should not be severely fixed and the freedom of Press should be upheld. Though the Government is armed with extensive powers during emergency period the danger of abuse of such Draconic power and corruption in the hands of corrupt functionaries and irresponsible executive officers is still there and any attempt on the part of the executive to placate Fifth Column elements and subversive forces and weaken thereby the alliance of patriotic forces, undermine national integrity and working people's solidarity will lead to a national calamity."

was then put and a division taken with the following result:—

NOES 110

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna

Bhattacharyya, the Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Muktipada
Chattopadhyay, Shri Brindaban
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Satyanarayan
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahatab, Shrimati Radharani
Maiti, The Hon'ble Abha
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani

Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Sankar
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkathirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Bhaduri, Shri Panchu Gopal
Chattoraj, Dr. Radhanath
Golam Yazdani, Dr.
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Ray, Dr. Narayan Chandra
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar

AYES 6

Abdul Bari Moktar, Shri
Adhikary, Shri Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Tarapada
Maitra, Shri Kashi Kanta

The Ayes being 6 and the Noes 110, the motion was lost.

The motion of Dr. Radhanath Chattoraj that whereas five bye-elections are taking place in the State and whereas it is necessary to ensure free and fair elections, this House recommends to the Government to release forthwith all members and supporters of Opposition Parties at present detained without trial in the State, was then put and a division taken with the following result:—

NOES 97

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri

Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, the Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Muktipada
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shrimati Santi
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Satyanarayan
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahatab, Shrimati Radharani
Maiti, The Hon'ble Abha
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Pijush Kanti

Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Sankar
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahamad, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkathirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar

AYES 19

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jagat
Bhaduri, Shri Panchu Gopal
Chattoraj, Dr. Radhanath
Dey, Shri Tarapada
Ghosh Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kunda, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mukhopadhyay, Shri Bhabani
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Roy, Dr. Narayan Chandra
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar

The Ayes being 19 and the Noes 97, the motion was lost.

Shri Siddhartha Shankar Ray: Sir, I pressed the button but my vote did not appear on the board—every time it should be recorded as a red 'No'.

Mr. Speaker: Now we take up the next resolution.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that in view of the national emergency and in view of practising economy everywhere and inspiring all to work hard and also in view of the fact of curtailment of social welfare activities of the Government, this Assembly is of opinion that the present size of the Ministry of West Bengal should be substantially curtailed.

Shri Nani Bhattacharya:

আমি আমার বক্তব্য পরে বলব।

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in lines 1-5, for the words beginning with "in view of" and ending with "substantially curtailed" the following be substituted, namely:—

> "Whereas during the period of national emergency curtailment in all sorts of expenditure is essential and the size of the present Ministry of West Bengal is unnecessary and unwelcome, the House is of opinion that the size of the Ministry be substantially curtailed."

আমি আমার ফরম্যাল অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Mr. Speaker: The House stands adjourned till 12 noon on Monday next.

Adjournment

The House was accordingly adjourned at 4-45 p.m. till 12 noon on Monday, the 1st April, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 1st April, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 14 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 137 Members.

Obituary

[12—12-10 p.m.]

Mr. Deputy Speaker: Honourable members, before the proceedings of the day it is my melancholy duty to refer to the death of Iswar Chandra Mal, ex-member of the West Bengal Legislative Assembly. He was born in a middle class family and had to build up his career by dint of his own merit, industry and indefatigable energy from the very humble beginning. He was a member from the Midnapur South-East constituency till the 1952 general election.

May his soul rest in peace.

I would request the honourable members to stand in their places in silence for two minutes to pay homage to the memory of the deceased.

(Honourable members then rose in their places and remained standing for two minutes in silence.)

Mr. Deputy Speaker: Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

STARRED QUESTIONS

(to which oral answers are given)

Telephones at the village homes of the Ministers

***162.** (Admitted question No. *942.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether any Minister or Ministers of the State Government have been allowed, after the declaration of emergency, to instal telephone or telephones at his or their village home; and

(b) if so, total expenditure incurred by the State Government for this installation?

The Hon'ble Bijesh Chandra Sen: (a) No

(b) Does not arise.

Shri Birendra Narayan Ray:

এ সম্বন্ধে আর কিছু বলবেন কি?

The Hon'ble Bijesh Chandra Sen:

না।

Flood Control Scheme in Nadia district

***163.** (Admitted question No. *1028.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) when and how Government proposes to implement the recommendations of the Flood Control Commission with regard to the district of Nadia; and

(b) whether the Government has any proposal for draining off the water of dead Palda river or utilizing the water for irrigation by using pumping machines?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: (a) West Bengal Flood Enquiry Committee (1959) recommended the following schemes with regard to Nadia district:

(i) Farakka Barrage Project including river training and protection of the Bhagirathi-Hooghly.
(ii) Control of floods in the Western Tributaries of the Bhagirathi including soil conservation and afforestation works.
(iii) Re-excavation of Khana and Nutan Khals.
(iv) Flood flushing scheme between the Bhagirathi and Jalangi including resectioning of inner channel and excavatioin of new cuts for connecting the isolated low pockets.

Now construction of the Farakka Barrage has already been taken in hand by the Government of India.

Flood Control Reservoir in the Ajoy and soil conservation works in the western tributaries, i.e., Ajoy and Mayurakshi are under active consideration of the Government.

Schemes under (iii) and (iv) above will not be effective for the purpose of drainage during the monsoon unless flood levels in the Bhagirathi can be kept lower by implementing schemes mentioned in (i) and (ii) above. A scheme for post-monsoon drainage regarding (iii) above which is now under preparation may given partial relief.

Investigation for flood flushing scheme will be taken up subject to the availability of funds.

It is not possible to say at this stage when the schemes under items (ii), (iii), and (iv) can be implemented.

(b) There is no such proposal under the Irrigation and Waterways Department.

Shri Mahananda Halder: Will it be possible for the Hon'ble Minister to give a possible date by which all these schemes will be implemented?

The Hon'ble Ajoy Kumar Mukherjee: I have just answered that it is not possible to say at this stage when the schemes under items (ii), (iii) and (iv) can be implemented.

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে তিন এবং চার নম্বর যে সাজেশন যেটা তিনি বললেন সেটা ভাগীরথীর লেবেল উঁচু হয়ে গেলে কি ইমপ্লিমেন্ট করা সম্ভব নয়?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

১ এবং ২নং হলে ৩ এবং ৪ সম্ভব নয়।

Dr. Kanai Lal Bhattahcaryya:

১ এবং ২ কত দিনের মধ্যে ফিনিশ হবে বলে মনে করছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ফারাক্কা বারেজটা আরম্ভ হয়েছে সেটা সাত বছরে হবে। দুইটা এখনও আরম্ভ হয় নি ইনভেস্টিগেশন চলছে—এটা সাত বছরের মধ্যে হবে।

Dr. Kanai Lal Bhattacharyya:

ইন দি মিন টাইম ৩ এবং ৪ যদি এক্সিকিউট না করেন তাহলে টেম্পোরারী স্কীম হবে কিনা ফ্লাড চান্সটাকে মিনিমাইজ করার জন্য?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ফ্লাড এনকোয়ারী কমিটি এ বিষয়ে আমাদের কোনরকম সাজেশন দেন নি।

Roads in Kharba police-station of Malda district

***164.** (Admitted question No. *1029.) **Shri Jamini Bhusan Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that no plan for constructing any road or bridge has been sanctioned in the Third Five-Year Plan for the Kharba police-station of Malda district;

(b) if it is a fact that the construction "Chanchal-Swarupgonj" road in Kharba police-station, Malda district, was recommended by the Malda District Development Council for inclusion in the Third Five-Year Plan; and

(c) if so, the reason as to why this road was not sanctioned?

The Hon'ble Bijesh Chandra Sen: (a) Yes.

(b) Yes.

(c) Limited financial outlay.

Divisional Commissioner's House

***165.** (Admitted question No. *1041.) **Shri Sambhu Charan Ghosh:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চুঁচুড়াতে অবস্থিত বিভাগীয় কমিশনারের বাসভবন সম্প্রতি এয়ার-কন্ডিশন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহার জন্য কত খরচ হইয়াছে?

Shri Muktipada Chatterjee:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh:

এটা এয়ার-কন্ডিশন করার কোন পরিকল্পনা ছিল কি?

Shri Muktipada Chatterjee:

আমি ডিটেলস জানাচ্ছি।

For facility of work in the Secretariat, the office rooms of the Secretaries as well as Joint Secretaries of Departments have been air-conditioned. The Divisional Commissioners hold rank and responsibility higher than those of most of the said officers. It was, therefore, considered necessary that the said amenities should be allowed to the Divisional Commissioners also in the interest of Government work. The office room of the Commissioner, Burdwan Division, which is located in a part of his official residence has accordingly been air-conditioned at a cost of Rs. 6,970. The work has been completed in the second week of March, 1963.

এই বাড়ীর এক অংশে অফিস।

Dr. Kanai Lal Bhattacharyya:

উনি প্রথম জবাবে বলেছিলেন না প্রশ্ন উঠে না এবং দ্বিতীয়বার যেটা বললেন তা থেকে দেখা গেল এটা আংশিক সত্য। একথা আমি আগের দিন বলেছিলাম যে প্রশ্নের জবাব আংশিক সত্য—এইভাবে মন্ত্রীরা যদি জবাব দেন তাহলে তার দ্বারা আমরা কনফিউসড হই এবং আমরা সাপ্লিমেন্টারী কোশ্চেন করার সুযোগ পাই না। মন্ত্রী মহাশয় এই মাত্র যে জবাব দিলেন তাতে বোঝা গেল রাজ ভবনের একটা ঘর যেটা অফিস হিসাবে ব্যবহৃত হয় সেটা এয়ার-কন্ডিশনড করা হচ্ছে। আমাদের প্রশ্ন ছিল রাজ ভবন এয়ার-কন্ডিশন করা হয়েছে কিনা? সেটার উত্তর দেওয়া উচিত ছিল। আমার মনে হয় আপনি মন্ত্রীদের এইভাবে ডাইরেকশন দেবেন যে এইরকম ধরনের জবাব যেন তাঁরা না দেন।

Shri Muktipada Chatterjee:

আমি ঠিক জবাবই দিয়েছি।

Dr. Kanai Lal Bhattacharyya:

না, দেন নাই।

Mr. Deputy Speaker:

আপনি স্পেসিফিক কোশ্চেন করুন।

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, আপনার কাছে আমার গ্রিভান্সেস জানালাম, সাপ্লিমেন্টারী কিছু নাই।

Colour Washing of Raj Bhaban

***166.** (Admitted question No. *1048.) **Shri Sambhu Charan Ghosh:** বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি পশ্চিমবঙ্গের রাজ্যপালের বাসভবন নতুনভাবে রং করা হইয়াছে কিনা; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর যদি "হ্যাঁ" হয়, তবে উহার জন্য কত খরচ হইয়াছে?

The Hon'ble Bijesh Chandra Sen:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh:

শেষ কোন বছর রং করা হয়েছে?

The Hon'ble Bijesh Chandra Sen:

প্রতি বছর রাজ ভবন রং করা হয়।

Shri Sambhu Charan Ghosh:

১৯৬৩ সালে হয়েছে কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

হয়েছে।

Shri Sambhu Charan Ghosh:

প্রশ্ন ছিল রং করা হয়েছে কিনা? আপনি বলেছেন না। তাহলে কি বুঝবো?

The Hon'ble Bijesh Chandra Sen:

আপনি জিজ্ঞাসা করেছেন কত খরচ হয়েছে?

Shri Sambhu Charan Ghosh:

আমি বলেছি—রং করা হয়েছে কিনা, আপনি বলেছেন—না।

The Hon'ble Bijesh Chandra Sen:

আপনি জিজ্ঞাসা করেছেন নূতনভাবে রং করা হয়েছে কিনা—তাই বলেছি না। প্রত্যেক বছর রং করা হয়।

Shri Sambhu Charan Ghosh:

আপনি বললেন প্রতি বছর রং করা হয়, আমি প্রশ্ন করেছি এ বছর নূতনভাবে রং করা হয়েছে কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

এ বছর নূতন করে রং করা হয় নাই।

Dr. Kanai Lal Bhattacharyya:

এর জবাব হতে পারতো নূতনভাবে রং করা হয় নাই পুরানভাবেও রং করা হয় নাই। উনি উত্তরে কেন বললেন—না? এটা ভেরী কনফিউজিং

The Hon'ble Bijesh Chandra Sen:

পুরানভাবেও নয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

যেভাবে প্রত্যেক বছর করা হয়, সেইভাবে করা হয়েছে বললেই হয়।

Shri Sambhu Charan Ghosh:

আপনি বলছেন রং করা হয়েছে সে পুরানভাবেই হোক, আর নূতনভাবেই হোক, এই রং করার জন্য কত টাকা খরচ হয়েছে?

The Hon'ble Bijesh Chandra Sen:

৬,৮৬৪ টাকা।

Shri Sailendra Nath Adhikary:

এই যে রং করা হয়েছে এটা লাল রং কি?

(No reply—laughter)

Shri Birendra Narayan Roy:

কয়ভাবে আমাদের রং করা হয়?

The Hon'ble Bijesh Chandra Sen:

প্রতি বছর রং করা হয়।

Shri Sambhu Charan Ghosh:

আপনারা এমারজেন্সীর সময় যখন সমস্ত কিছুতে ব্যয় সংকোচ করছেন, তখন প্রতি বছর হলেও এ বছর রং করা বন্ধ রাখার কোন ব্যবস্থা করেছেন কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

ফরেন থেকে আমাদের এখানে অনেক লোকজন আসে, বহু ফরেনার ওখানে থাকে। তার জন্য প্রতি বছর রং করার দরকার, রাজ ভবনকে ঠিকভাবে রাখতে হয়।

Shri Deb Saran Ghosh:

প্রতি বছর রং না করলে বাড়ীটা নষ্ট হয়ে যাবার সম্ভাবনা আছে কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

নিশ্চয়ই আছে। সেইজন্য প্রতি বছর রিপেয়ার করা দরকার।

Midnapore bridge over Kangsabati

***167.** (Admitted question No. *1059) **Shri Sudhir Chandra Das:**

বাস্তু বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কংসাবতী নদীর উপরে মেদিনীপুর পুল অতিক্রম করিতে হইলে মাল সহ পাঁচ টনের কোন গাড়ি যাতায়াত করিতে পারিবে না, এইরূপ সরকারী নির্দেশ আছে; এবং

(খ) সত্য হইলে, কবে হইতে এই নির্দেশ দেওয়া হইয়াছে এবং কতদিন ইহা বলবৎ থাকিবে?

[12-10—12-20 p.m.]

The Hon'ble Bijesh Chandra Sen:

(ক) মালসহ ছয় টনের বেশী কোন গাড়ি যাইতে পারিবে না—এই মর্মে নির্দেশ আছে।

(খ) উক্ত নির্দেশ ১৯৫৩ সালের অক্টোবর মাস হইতে দেওয়া হইয়াছে এবং ঐ স্থলে নূতন আর সি কান্টিলিভার ব্রীজের নির্মাণ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত উহা বলবৎ থাকিবে।

Shri Sudhir Chandra Das:

ছয় টনের বেশীও হতে পারে—তা নির্ধারণের কি ব্যবস্থা আছে?

The Hon'ble Bijesh Chandra Sen:

ব্রীজের মুখে পুলিশ আছে, তাঁরা সেটা ঠিক করে দেন।

Shri Sudhir Chandra Das:

ছয় টনের বেশী যেতে পারবে না। ছয় টন নির্দ্ধারন করবার সেখানে কি ব্যবস্থা হয়েছে?

The Hon'ble Bijesh Chandra Sen:

পোলের দুপাশে পুলিশ রয়েছে, তারা চেক করে লরি ছাড়ে।

Shri Sudhir Chandra Das:

যাত্রী বোঝাই যেসব বড় বড় বাস যাচ্ছে, সেগুলো ছয় টনের বেশী হয় জানেন?

The Hon'ble Bijesh Chandra Sen:

যত দূর জানা আছ ছয় টনের বেশী যায় না।

Shri Birendra Narayan Roy:

পুলিশ কিভাবে জানতে পারবে ছয় টনের বেশী না কম?

The Hon'ble Bijesh Chandra Sen:

মেজারমেন্ট ইত্যাদি থেকে লরি চেক করলেই বোঝা যাবে কত টনের লরি।

Shri Birendra Narayan Roy:

মন্ত্রীমহাশয় কি জানেন পাঁচ টনের লরিতে আট টন চাপান হয়?

The Hon'ble Bijesh Chandra Sen:

আমার ঠিক জানা নেই।

Dr. Radha Krishna Sinha:

ওভার লোডেড সম্বন্ধে জানেন কি।

The Hon'ble Sankardas Banerjee:

খুবই ওভার লোডিং হয়, আমরা নূতন পাঁচটা মেসিনের অর্ডার দিয়েছি, বিভিন্ন এলাকায় এগুলো বসান হবে যাতে এটা সহজ হয়। এখন এমন কোন ব্যবস্থা নেই বলে অসুবিধা হচ্ছে। এখন রাস্তায় নামিয়ে তো আর মাপতে পারবো না।

Shri Sudhir Chandra Das:

আপনি বললেন পরে ব্যবস্থা করবেন মেসিন আসবে ইত্যাদি, আপনি জানেন কিনা যে, এখন বিরাট বোঝা নিয়ে মতেয়ান পুলিশকে দশ টাকা ঘুষ দিয়ে মেদিনীপুরে লরি ইত্যাদি চলাচল করছে, এ খবর রাখেন কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

এ জানা নেই।

Electrocution of the building of the Chatterji Hat Industrial Housing Estate

***168.** (Admitted question No. *1106.) **Dr. Kanailal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) whether the Government is aware that one man was killed and several others injured due to electrocution of the entire building of the Chatterji Hat Industrial Housing Estate, 583 Circular Road, P.O. Santragachi, Howrah, on 11th March, 1963; and

(b) if so, what are the reasons for the electrocution of the entire building?

The Hon'ble Bijesh Chandra Sen:

(a) Yes.

(b) The primary reason is that the insulations of two flat Nos. 8 and 15 were low, as detected later, which resulted in leakages of electric installations of the flats in question whereby the m.s. pipe lines of other flats, were charged with electricity and due to heavy rain, all the walls, floors and stairs of the building were electrified.

Main switches in the building are mounted on the angle iron frame and connected to main earth. The main earth lead in No. 6 Swg protected by G.I. pipe was found, after the incident, broken near ground level at the point where G.I. pipe has ended. The fuse did not blow as the earth wire was broken. The deceased person standing on the wet bathroom floor, was electrically charged and was killed when he touched the tap water pipe. Some others also received mild shocks due to difference of potential between their bodies and materials of the building.

Dr. Kanai Lal Bhattacharyya:

এই যে তিনি মারা গেছেন, তাঁকে কিছু কমপেনসেশন দেবার কথা গভর্নমেন্ট চিন্তা করছেন কিনা?

The Hon'ble Bijesh Chandra Sen:

আইনতঃ পারি না—নিয়ম নাই তবে এক্ষেত্রে কিভাবে দেওয়া যায় বিবেচনা করা হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

তাহলে কিভাবে বিবেচনা কচ্ছেন? আপনি বললেন নিয়ম নেই। তবে কিভাবে বিবেচনা করা যায় সেটা বুঝতে পারছি না।

The Hon'ble Bijesh Chandra Sen:

আমরা বিবেচনা করছি, উনি মারা গিয়েছেন এর পর ও'র বাবা লিখেছেন যে, উনিই একমাত্র আর্নিং মেম্বার ছিলেন। কোন আইনে নেই—কিছু সাহায্য করা যায় কিনা দেখা হচ্ছে। গভর্নমেন্টের অন্য কোন ফান্ড থেকে কিছু দেওয়া যেতে পারে কিনা সে বিষয়ে চিন্তা করছে।

Prisoners' accommodation in Balurghat sub-jail

***169.** (Admitted question No. *1166.) **Shri Mangala Kisku:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার অন্তর্গত বালুরঘাট সাব-জেলে কতজন বন্দীর থাকিবার স্থান আছে;

(খ) বর্তমানে গড়ে কতজন বিচারাধীন ও সাজাপ্রাপ্ত বন্দী উক্ত জেলে আছেন; এবং

(গ) উক্ত জেলে প্রথম শ্রেণীর বন্দীদিগের থাকিবার মতো কোন ব্যবস্থা আছে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) বালুর ঘাট সাব-জেলএ ৩৪ জন কয়েদী তার মধ্যে ৩১ জন পুরুষ ও ৩ জন নারী

(খ) গত ফেব্রুয়ারী মাসে উক্ত সাব-জেলে দৈনিক গড়ে বিচারাধীন ৯০·৭১ জন ও সাজা প্রাপ্ত ৩৬·৬১ জন বন্দী ছিল।

(গ) না।

Shri Somnath Lahiri:

আপনার বিবৃতি থেকে দেখা যাচ্ছে যে যত বন্দী রাখার ব্যবস্থা আছে তার প্রায় ডবল বন্দী রাখা হয়েছিল। এই রকম ওভার ক্রাউডিং দূর করার কোন ব্যবস্থা করছেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমাদের পশ্চিম দিনাজপুর বালুরঘাটে সাব-জেলে যাদের রাখা হয়েছে তারা সকলেই বিচারাধীন বন্দী। বিচারাধীন বন্দীদের কোর্ট থেকে দূরে সরিয়ে নিয়ে যাবার কোন উপায় নেই কারণ প্রায়ই তাদের কোর্টে প্রডিউস করতে হয়। সেই জন্য এখন এর চেয়ে ভাল অ্যাকোমডেশন বাড়ানোর কোন পরিকল্পনা নেই। পাশে রায়গঞ্জে আমরা একটা সাব-জেল করেছি। এই সাব-জেল হয়ে যাওয়ার দরুন বালুরঘাটে কনজেশন অনেক কমে যাবে।

[12-20—12-30 p.m.]

Shri Somnath Lahiri:

বিচারাধীন বন্দীদের সরান সম্ভব না হয়ে থাকে যারা অন্যান্য বন্দী আছেন তাদের সরানোর ব্যবস্থা করলেন না কেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ওখানে রেজিস্টার্ড ক্যাপাসিটি হচ্ছে ৩৪ জন রাখার ৩৬ জন রাখা হয়েছে। সেটা কনজেশন নয়।

Shri Birendra Narayan Roy:

৩৪ জন রাখার জায়গায় ৩৬ জন রাখা কি কনজেশন নয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

কারণ আমরা যাকে রেজিস্টার্ড ক্যাপাসিটি বলি সেটার আয়তন বাড়িয়ে রাখি বলে ইমারজেন্সী হলে সেখানে কনজেশন না করে দু-চার জন বেশী রাখা যায়। তাই ৩৪ জনের জায়গায় ৩৬ জন মোটেই কনজেশন নয়।

Shri Sailendra Nath Adhikary:

এই যে আয়তনের কথা বললেন প্রত্যেক বন্দীর জন্য তার পরিমাণ কত?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি ঠিক স্কোয়ার ফুট এর কথা বলতে পারব না—তবে একজন বন্দীর সমস্ত জিনিসপত্র এবং বিছানা রেখে দুপাশে দুই হাত দুই হাত করে চার হাত জায়গা ছেড়ে দেওয়া হয়।

Shri Birendra Narayan Roy:

একজন বন্দীর পক্ষে সেটা কি স্বাস্থ্যকর হয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

হ্যাঁ, ডাক্তারের মতে স্বাস্থ্যকর।

Shri Sailendra Nath Adhikary:

যে নিয়মটা বললেন সেটা কি ব্রিটিশ আমল থেকে প্রচলিত অর্থাৎ ওই জায়গার পরিমাণ সম্বন্ধে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না, পরে পরিবর্তন করা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

জায়গা আগের চেয়ে কমান হয়েছে না বাড়ান হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি আগেই সেকথা বলেছি যখন আগের প্রশ্নকর্তা জিজ্ঞাসা করেন।

Mr. Deputy Speaker:

আর একবার না হয় বলে দিন।

The Hon'ble Purabi Mukhopadhyay:

যেটা আগে ছিল তার চেয়ে অনেক বেশী বাড়ান হয়েছে।

Prisoners under D. I. Rules and Security Act in West Dinajpur

***170.** (Admitted question No. *1168.) **Shri Mangala Kisku:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুরে ভারতরক্ষা আইন ও নিরাপত্তা আইনে কতজন বন্দী আছেন; এবং

(খ) কতজন বন্দী প্রথম শ্রেণী হিসাবে গণ্য হইতেছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) পশ্চিম দিনাজপুরে ৪৩ জনকে ভারতরক্ষা আইন ও নিরাপত্তা আইনে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) বিচারাধীন বন্দীদের শ্রেণীভুক্ত করে থাকেন বিচারক ম্যাজিস্ট্রেটগণ, কত জন বন্দী ১ম শ্রেণীভুক্ত হইয়াছে তাহা উপস্থিত জানা নাই।

Shri Somnath Lahiri:

কেন তা জানাবেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

তার কারণ অনেক কেস-এ বিচারাধীন যারা আছেন তাদের সম্বন্ধে দুইজন ছাড়া রিপোর্ট যেদিন হয়েছে ততদিন পর্যন্ত দ্বিতীয় শ্রেণী এবং তৃতীয় শ্রেণী হিসাবে তারা ছিলেন। ইতিমধ্যে আর বেড়েছে কিনা ম্যাজিস্ট্রেট-এর কছ থেকে কেস-এর আর কোন উচ্চতর শ্রেণী বিন্যাস হয়েছে কিনা আমাদের জানা নেই।

Sub-registry office at Bethuadaliary

***171.** (Admitted question No. *1193.) **Shri Mahananda Haldar:**

বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার নাকাশীপাড়া থানার বেথুয়াডহরীতে একটি সাব-রেজেস্ট্রী অফিস মঞ্জুরের সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, উহা কতদিনের মধ্যে খোলা হইবে; এবং

(গ) উক্ত সাব-রেজেস্ট্রী অফিসের স্থান কোথায় নির্দিষ্ট হইয়াছে?

The Hon'ble Iswar Das Jalan:

(ক) নদীয়া জেলার বেথুয়াডহরীতে একটি সাব-রেজেস্ট্রী অফিস খোলার প্রস্তাব পাওয়া গিয়াছে এবং মহানিবন্ধ পরিদর্শক মহাশয়কে প্রস্তাবটি পরীক্ষা করিতে অনুরোধ করা হইয়াছে।

(খ) ও (গ) মহানিবন্ধ পরিদর্শক মহাশয় অনুসন্ধান সম্পর্কে রিপোর্টটি পরীক্ষা করিয়া দেখিতেছেন। তাঁহার উত্তর পাওয়ার পর এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

Persons arrested under D.I. Rules in West Bengal

492. (Admitted question No. 923.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) total number of arrests in this State under rule 30 of the Defence of India Rules, since its promulgation and up to February, 1963;

(b) the total number of cases reviewed; and

(c) the number of arrested persons released so far?

The Minister for Home (Special): (a) One hundred and eighteen persons were arrested and detained under rule 30 of the Defence of India Rules, 1962

(b) Some cases have been reviewed.

(c) Nil.

Rural Water Supply in Kanthi subdivision, Midnapore

493. (Admitted question No. 924.) **Shri Balailal Das Mahapatra:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি মহকুমার কোন্ কোন্ থানায় কয়টি নলকূপ সরকার পল্লীজল-সরবরাহ বিভাগের ব্যবস্থাধীনে রহিয়াছে;

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে কোন্ থানায় কয়টি নলকূপ অচল অবস্থায় রহিয়াছে; এবং

(গ) ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালের মধ্যে সরকার উক্ত মহকুমার কোন্ কোন্ থানায় কয়টি নলকূপ সংস্কার অথবা নূতন সংস্থাপন করিয়াছেন?

The Minister of State for Health:

(ক) ও (খ)—

থানার নাম	মোট নলকূপের সংখ্যা	অচল নলকূপের সংখ্যা
ভগবানপুর	৩০৩	৫১
এগ্রা	৫৩৫	৩৯
পটাশপুর	৪৬৪	৫৬
রামনগর	৩২৮	৩৫
খেজুরী	২২০	৪০
কণ্টাই	৪২০	৬৭

(গ)—

	নূতন নলকূপের সংখ্যা	পুনঃ স্থাপিত নলকূপের সংখ্যা
ভগবানপুর	১৩	১৫
এগ্রা	৫	৯
পটাশপুর	৬	১১
রামনগর	৫	৬
খেজুরী	১	৭
কণ্টাই	২৪	২৬

Treatment of Tuberculosis

494. (Admitted question No. 925.) **Shri Balailal Das Mahapatra:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রামাঞ্চলে ব্যাপকভাবে যক্ষ্মারোগ বিস্তারলাভ করিতেছে;

(খ) যক্ষ্মারোগীদের প্রাথমিক চিকিৎসা ও তাহার পরিবারবর্গের নিরাপত্তার জন্য প্রতি মহকুমার ভিত্তিতে এক-একটি পৃথকীকরণ ক্যাম্প প্রতিষ্ঠার কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister of State for Health:

(ক) এমন কোনও পরিসংখ্যান সরকারের গোচরে নাই যাহার উপর ভিত্তি করিয়া বলা যাইতে পারে যে যক্ষ্মারোগ ব্যাপকভাবে গ্রামাঞ্চলে বিস্তার লাভ করিতেছে।

(খ) না, তবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যক্ষ্মা প্রসাররোধকল্পে অধুনাপ্রচলিত গৃহ-চিকিৎসা (ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট)-এর এক সর্বাত্মক কর্মসূচি সরকার কর্তৃক গৃহীত হইয়াছে।

Crimes in Ramnagar police-station, Midnapore

495. (Admitted question No. 928.) **Shri Balailal Das Mahapatra:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার অন্তর্গত রামনগর থানা এলাকায় ১৯৫৯, ১৯৬০, ১৯৬১ এবং ১৯৬২ সালে চুরি, ডাকাতি ও সিঁদের সংখ্যা কত;

(খ) ডাকাতি কালে ডাকাত দল কর্তৃক কয়টি ক্ষেত্রে হাত-বোমা ব্যবহারের সংবাদ সরকার অবগত আছেন;

(গ) ঐ সময়ে চুরি, ডাকাতি ও সিঁদের অভিযোগে গ্রেপ্তারের সংখ্যা কত;

(ঘ) উল্লিখিত অপরাধে আদালতে দণ্ডিতের সংখ্যা কত;

(ঙ) ১৯৬০ সাল হইতে ১৯৬২ সাল-এর মধ্যে তৎকালীন স্থানীয় পুলিস অফিসারের বিরুদ্ধে সরকার কোন অভিযোগ পাইয়াছিলেন কিনা; এবং

(চ) যদি অভিযোগ পাইয়া থাকেন, তৎসম্পর্কে কোন প্রকাশ্য তদন্ত হইয়াছে কিনা?

The Minister for Home (Police):

(ক), (গ) ও (ঘ) এতৎসম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) একটি ক্ষেত্রে।

(ঙ) ও (চ) হ্যাঁ।

Statement referred to in reply to clauses (ka), (ga) and (gha) of unstarred question No. 495.

	সাল	সংখ্যা	গ্রেপ্তারের সংখ্যা	দণ্ডিত ব্যক্তিদিগের সংখ্যা
ডাকাতি	১৯৫৯	×	×	×
	১৯৬০	৪	৩৯ জন	১৭
	১৯৬১	১	১৮ জন	×
	১৯৬২	৬	৮২ জন	×
চুরি	১৯৫৯	২১	২০ জন	২
	১৯৬০	১২	১৮ জন	১
	১৯৬১	২২	৩২ জন	১
	১৯৬২	১৬	২৮ জন	১
সিঁদ	১৯৫৯	২১	২৬ জন	৩
	১৯৬০	১১	৩০ জন	২
	১৯৬১	১১	২১ জন	২
	১৯৬২	১০	৫ জন	×

১৯৬২ সালে সংঘটিত অনেকগুলি ঘটনা এখনও পুলিসের তদন্তাধীন আছে।

Taxes on Power-loom Factory

496. (Admitted question No. 930.) **Shri Dulal Chandra Mondal:** শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক পাওয়ার লুম-এর উপর বাড়তি শুল্ক ধার্য হইবার ফলে মালিকগণ কর্তৃক তাঁত বন্ধ করিবার কোন সংবাদ সরকার অবগত আছেন কিনা; এবং

(খ) অবগত থাকিলে, কয়টি ক্ষেত্রে তাঁত বন্ধ হইয়াছে?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) ছয়টি পাওয়ার লুম ফ্যাক্টরীতে তাঁতের সংখ্যা কমান হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

Talee and Brick Industries

497. (Admitted question No. 931.) **Shri Dulal Chandra Mondal:**

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের টালি ও ইট শিল্পের শ্রমিকদের জন্য মিনিমাম ওয়েজেস অ্যাক্ট চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Labour:

টালি ও ইট শিল্প নিম্নতম মজুরী আইনের তালিকাভুক্ত নয়। এই শিল্পে নিম্নতম মজুরী আইন বর্তমানে চালু করিবার কোন পরিকল্পনা সরকারের নাই।

Sinking of Wells

498. (Admitted question No. 934.) **Shri Daman Kuiri:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাগমুণ্ডি ও আর্সা থানার জন্য ১৯৫৮ সাল হইতে ১৯৬২ সাল পর্যন্ত কতগুলি কুয়া মঞ্জুর হইয়াছিল;

(খ) উক্ত মঞ্জুরীকৃত কুয়াগুলির মধ্যে কতগুলি খনন করা হইয়াছে; এবং

(গ) মঞ্জুরীকৃত কুয়াগুলির মধ্যে যেগুলি এখনও খনন করা হয় নি, সেগুলি কবে নাগাদ খনন করা হইবে?

The Minister of State for Health:

(ক) বাগমুণ্ডি থানার জন্য ৫০টি কুয়া এবং আর্সার জন্য ৪৬টি।

(খ) বাগমুণ্ডি থানায় ৪০টির এবং আর্সাতে ২০টির খনন কার্য সম্পন্ন হইয়া গিয়াছে।

(গ) বাগমুণ্ডির ৬টি এবং আর্সাতে ২০টির খনন কার্য শীঘ্রই সম্পন্ন হইয়া যাইবে। বাকিগুলির খননকার্য শীঘ্রই গ্রহণ করা হইবে।

Realisation of Chowkidari and Panchayat taxes

499. (Admitted question No. 935.) **Shri Daman Kuiri:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পুরুলিয়া জেলার বাগমুণ্ডি ও আর্সা থানার চৌকিদারী ও পঞ্চায়েত ট্যাক্স একসাথে আদায় করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayat:

(ক) বাগমুণ্ডি থানায় চৌকিদারী ট্যাক্স ও পঞ্চায়েত ট্যাক্স আদায় করা হইতেছে। আর্সা থানায় পঞ্চায়েত ট্যাক্স এখনও পর্যন্ত ধার্য করা হয় নাই। অতএব সেখানে কেবলমাত্র চৌকিদারী ট্যাক্সই আদায় করা হইতেছে।

(খ) পুরুলিয়া জেলায় ছোটনাগপুর গ্রাম্য পুলিস আইন বলবৎ থাকায়, উক্ত আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী চৌকিদারী ট্যাক্স আদায় করা হইতেছে। পঞ্চায়েতের সহিত এই ট্যাক্সের কোন সম্পর্ক নাই। এবং যতদিন পর্যন্ত উক্ত আইন বলবৎ থাকিবে ততদিন পর্যন্ত এইভাবে উক্ত ট্যাক্স আদায় করা হইবে।

Construction of Dams

500. (Admitted question No. 937.) **Shri Daman Kuiri:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাগমুণ্ডি থানায় যেসমস্ত পাহাড়ী নদী আছে, সেগুলি বাঁধ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কবে নাগাদ কার্যকরী হইবে?

The Minister of Irrigation and Waterways:

(ক) হ্যাঁ, কেষ্টোবাজার ও তুর্গা নদীর বাঁধ এবং কুলবেরা নদীর বাঁধ দেওয়ার দুইটি পরিকল্পনা আছে। বর্তমানে পরিকল্পনা দুইটির তথ্য অনুসন্ধান চলিতেছে।

(খ) বর্তমানে বলা সম্ভব নহে।

Sasanga Union at Khandaghosh police-station, Burdwan

501. (Admitted question No. 980.) **Shri Jaharlal Banerji:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় খণ্ডঘোষ থানার সসঙ্গা ইউনিয়ন এলাকা দামোদর পরিকল্পনা বহির্ভূত এলাকারূপে ঘোষিত হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ অঞ্চলে সেচের জন্য অন্য ব্যবস্থা করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা;

(গ) বিবেচনা করিলে, ঐ পরিকল্পনাগুলি কি এবং কতদিনের মধ্যে কার্যকরী হইবে;

(ঘ) সরকার কি ঐ অঞ্চল হইতে গভীর নলকূপের জন্য কোন আবেদন পাইয়াছেন; এবং

(ঙ) আবেদন পাইয়া থাকিলে তাহার সংখ্যা কত এবং কোন্ কোন্ স্থান হইতে পাওয়া গিয়াছে এবং ঐ আবেদনগুলি সম্বন্ধে কি সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) এই প্রশ্ন উঠে না।

(ঘ) না।

(ঙ) এই প্রশ্ন উঠে না।

D.A. by Ministers during 1961 and 1962

502. (Admitted question No. 941.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state the money drawn as D.A. by each Minister, State Minister, Deputy Minister and Parliamentary Secretary of the State Government during the years 1961 and 1962?

The Minister for Finance: Two statements are laid on the Table.

Statements referred to in reply to unstarred question No. 502

Statement of Daily Allowance drawn (in T. A. bills preferred to Accountant-General, West Bengal) during 1st January, 1961 to 31st December, 1961, by the Cabinet Ministers, the Ministers of State, the Deputy Ministers and the Parliamentary Secretaries

	Rs. nP.	Rs. nP.
Cabinet Ministers		
Shri Prafulla Chandra Sen (Chief Minister)	665·00	
Shri Khagendra Nath Das Gupta	1,220·00	
Shri Ajoy Kumar Mukherji	800·00	
Shri Iswar Das Jalan	815·00	
Shri Rai Harendra Nath Chaudhuri	510·00	
Shri Tarun Kanti Ghosh	310·00	
Shri Syama Prasad Barman	1,245·00	
Shri Bhupati Majumdar	960·00	
Shri Abdus Sattar	1,960·00	
Dr. Rafiuddin Ahmed	815·00	
Late Bidhan Chandra Roy	855·00	
Late Kalipada Mookerjee	722·50	
Late Bimal Chandra Sinha	30·00	
	10,907·50	10,907·50
Ministers of State		
Shrimati Purabi Mukhopadhyay	450·00	
Shri Syamadas Bhattacharyya	233·75	
Shri Jagannath Koley	132·50	
Dr. Anath Bandhu Roy	1,886·25	
	2,702·50	2,702·50
Deputy Ministers		
Shri Sourindra Mohan Misra	1,709·50	
Shri Tenzing Wangdi	2,207·50	
Shri Smarajit Bandopadhyay	727·50	
Shri Charu Chandra Mahanty	1,325·00	
Shri Chitta Ranjan Roy	1,327·50	
Shri Satish Chandra Roy Singha	650·00	
Shri Ardhendu Sekhar Naskar	175·00	
Shri Asutosh Ghosh	Nil	
Shri Syed Kazem Ali Meerza	625·00	
Shri Md. Zia-ul-Haque	1,427·50	

Deputy Ministers—concld.

	Rs. nP.	Rs. nP.
Shrimati Maya Banerjee	177·50	
Shri Rajani Kanta Pramanik	1,125·00	
Shri Nar Bahadur Gurung	3,597·50	
	15,074·50	15,074·50

Parliamentary Secretaries

	Rs. nP.	Rs. nP.
Shri Sankar Narayan Singh Deo	2,287·50	
Shri Kamala Kanta Hembram	687·50	
Shri Md. Syed Miah	175·00	
Late Nishapati Majhi	1,037·50	
	4,187·50	4,187·50
		32,872·00

Statement of Daily Allowance drawn (in T. A. bills preferred to Accountant-General, West Bengal), during 1st January, 1962 to 31st December, 1962, by the Cabinet Ministers, the Ministers of State, the Deputy Ministers and the Parliamentary Secretaries

Names.	Ministers.	Ministers of State.	Dy. Ministers.	Parliamentary Secretaries.
	Rs. nP.	Rs. nP.	Rs. nP.	Rs. nP.
Shri Prafulla Chandra Sen (Chief Minister)	422·50			
Shri Khagendra Nath Das Gupta ..	1,590·00			
Shri Ajoy Kumar Mukherji ..	795·00			
Shri Iswar Das Jalan	300·00			
Shri Rai Harendra Nath Chaudhuri ..	415·00			
Shri Tarun Kanti Ghosh	320·00			
Shri Syama Prasad Barman ..	570·00			
Shri Bhupati Mazumdar	Nil			
Dr. Rafiuddin Ahmed	Nil			
Shri Abdus Sattar	360·00			
Late Bidhan Chandra Roy ..	155·00			
Late Kalipada Mookerjee	660·00			
Shri Sankardas Banerji	330·00			
Shri Saila Kumar Mukherjee ..	985·00			
Shrimati Abha Maity	1,110·00			
Shri S. M. Fazlur Rahman ..	1,655·00			
Shri Bijoy Singh Nahar	1,027·50			

Names.		Ministers.	Ministers of State.	Dy. Ministers.	Parliamentary Secretaries.
		Rs. nP.	Rs. nP.	Rs. nP.	Rs. nP.
Shrimati Purabi Mukhopadhyay	..	405·00	275·00		
Shri Syamadas Bhattacharyya	..	712·50	Nil		
Shri Jagannath Koley ..	..	225·00	Nil		
Late Jiban Ratan Dhar ..	..	220·00			
Dr. Anath Bandhu Roy ..	..		431·25		
Shri Sourindra Mohan Misra	..		1,125·00	412·50	
Shri Tenzing Wangdi ..	..		1,300·00	547·50	
Shri Smarajit Bandopadhyay	..		695·00	135·00	
Shri Charu Chandra Mahanty	..		650·00	Nil	
Shri Chitta Ranjan Roy ..	..		975·00	342·50	
Shri Ardhendu Sekhar Naskar	..		162·50	Nil	
Shri Asutosh Ghosh ..	..		Nil	Nil	
Shri Bijesh Chandra Sen ..	..		57·00		
Shri Probodh Kumar Guha	..		868·75		
Shri Sushil Ranjan Chattopadhyay	..		872·50		
Shri Pramatha Ranjan Thakur	..		1,145·00		
Shri Syed Kazem Ali Meerza	..			1,167·50	
Shri Md. Zia-ul Haque ..	..			1,145·00	
Shrimati Maya Banerjee ..	..			Nil	
Shri Satish Chandra Roy Singha	..			537·50	
Shri Rajani Kanta Pramanik	..			37·50	
Shri Nar Bahadur Gurung ..	..			297·50	
Shri Tara Pada Roy ..	..			1,417·50	
Shrimati Radha Rani Mahatab	..			718·75	
Shri Kanai Lal Das ..	..			425·00	
Shri Zainul Abedin ..	..			1,073·75	
Shri Mukti Pada Chatterji ..	..			1,926·25	
Shri Mahendra Nath Dakua	..			1,125·00	
Shrimati Shakila Khatun ..	..			42·50	
Shri Sankar Narayan Singh Deo	..				287·50
Shri Kamala Kanta Hembram	..				100·00
Late Nisha Pati Majhi ..	..				Nil
		12,257·50	8,575·00	11,351·25	387·50
Grand Total	..	32,571·25			

Cars allotted for Ministers and Gazetted Officers

503. (Admitted question No. 943.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) how many cars of the State Government have been set apart for use of (1) Ministers, (2) Ministers of State, (3) Deputy Ministers, (4) Parliamentary Secretaries and (5) Gazetted Officers; and

(b) the total expenditure incurred by the State Government in 1962 in connection with the maintenance of these cars?

The Minister for Home (Transport): (a)

(1) Ministers—11 cars.

(2) Ministers of State—nil.

(3) Deputy Ministers—nil.

(4) Parliamentary Secretaries—nil.

(5) Gazetted Officers—5 cars.

Total—16 cars.

(b) Rs. 83,142.00 nP.

Hospitals in Murshidabad

504. (Admitted question No. 947.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of hospitals, with their locations, in the district of Murshidabad;

(b) the total number of beds in each hospital; and

(c) the number of doctors actually posted in each hospital?

The Minister of State for Health: (a) to (c) A statement is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 504

	Name of hospital with its location.		Number of beds.	No. of Medical Officers posted.	
				Gazetted.	Non-Gazetted.
	Hospitals				
1.	Rao J. N. Roy Hospital, Berhampore	..	175	11	2
2.	Lalbagh Subdivisional Hospital, Lalbagh	..	25	1	1
3.	Jangipur Subdivisional Hospital, Jangipur	..	14	4	..
4.	Kandi Subdivisional Hospital, Kandi	..	33	2	..
5.	Berhampore A. G. Hospital, Berhampore	..	15	..	1
6.	Domkal A. G. Hospital, Domkal ..	..	5	..	1
7.	Patkabari A. G. Hospital, Patkabari	..	10	..	1 (part-time)
8.	Azimganj A. G. Hospital, Azimganj	..	15	..	1

	Name of hospital with its location.	Number of beds.	No. of Medical Officer posted.	
			Gazetted.	Non-Gazetted.
	Hospitals—concld.			
9.	Gokarna A. G. Hospital, Gokarna ..	10	..	1
10.	Islampur A. G. Hospital, Islampur ..	30	..	2
11.	Sundarpur A. G. Hospital, Sundarpur ..	10	..	1
12.	Suti A. G. Hospital, Bajitpur	10	1	..
3.	Sagardighi A. G. Hospital, Sagardighi ..	10	..	1
14.	Nabagram A. G. Hospital, Nabagram ..	10	..	1
15.	Boniagram F. R. E. Hospital, Boniagram ..	10	..	1 (part-time)
16.	Sherpur F. R. E. Hospital, Indrani (O. P. D.) ..	..	..	1 (part-time)
17.	Kurmitola R. C. Hospital, Kurmitola ..	10	..	1
	Health Centres			
1.	Arjunpur S. H. C., Arjunpur		..	
2.	Bahara S. H. C., Bahara		..	
3.	Bahirpara S. H. C., Rasulpur	2	..	1
4.	Beldanga P. H. C., Beldanga	20	1	2
5.	Bahutali S. H. C., Balhutali	10	..	1
6.	Choan S. H. C., Choan	..	..	1
7.	Garaimari S. H. C.	4	1	1
8.	Jitpur P. H. C.	10	..	1
9.	Gokarna S. H. C.	2	..	1
10.	Hariharpara P. H. C.	10	1	1
11.	Hillora P. H. C.	10	.	2
12.	Humaipur S. H. C. at Ghoramara Mahishmara	10	..	1
13.	Jajan S. H. C. . ..	15	..	1
14.	Jallangi P. H. C. at Sadikhan' dohera ..	20	1	1
15.	Jiaganj P. H. C.	20	1	1
16.	Jhili S. H. C. at Nonadanga . ..	10	..	1
17.	Khargram P. H. C.	50	1	2
18.	Khidirpur S. H. C. at Baharan	10	..	1
19.	Kuli S. H. C.	2	..	1
20.	Madhupur S. H. C. at Gangadhari . ..	10	..	1
21.	Mahula S. H. C.	2	..	1
22.	Margram S. H. C.	10	..	1

Name of hospital with its location.	Number of beds.	No. of Medical Officers posted.	
		Gazetted.	Non-Gazetted.
Health Centres—concld.			
23. Monigram S. H. C.	2	..	1
24. Nowda P. H. C. at Amtala	20	1	1
25. Panchthupi S. H. C.	2	..	1
26. Parulia S. H. C.	2	..	1
27. Purandarpur S. H. C.	2	..	1
28. Ramnagar-Bandhra S. H. C.	10	..	1
29. Sagardighi S. H. C.	2	..	1
30. Sagarpara S. H. C.	4	..	1
31. Saktipur P. H. C.	10	..	1
32. Satui-Chowrigacha S. H. C.	10	..	1
33. Simulia S. H. C. at Sirpara	..	..	1
34. Sonapara S. H. C.	4	..	1
35. Chaitanyapur S. H. C.	2	..	1
36. Bharatpur P. H. C.	10	1	1
37. Burwan P. H. C.	10	1	1
38. Sabdurnagar S. H. C.	2	..	1
39. Dangapara S. H. C. at Hussainpur	2	..	1
40. Aurangabad S. H. C.	2	..	1
41. Kiriteswari S. H. C.	2	..	1

Deep irrigation tubewells in Murshidabad

505. (Admitted question No. 948.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many deep irrigation tubewells have been sanctioned for Murshidabad district during the Third Five-Year Plan; and

(b) if any of them has been sunk?

The Minister of State for Agriculture: (a) No decision has yet been taken as to how many tubewells will be sunk in Murshidabad district during the Third Plan period. Thirty-seven tubewells are however proposed to be sunk during 1963-64.

(b) Two exploratory tubewells have been sunk in the district during the current year.

T. B. beds in the district of Murshidabad

506. (Admitted question No. 950.) **Shri Birendra Narayan Roy:**
স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় যক্ষ্মারোগীদের জন্য কোনও হাসপাতাল বা হাসপাতালের বেড সংরক্ষিত আছে কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথায় এবং কত বেড যক্ষ্মারোগীদের জন্য সংরক্ষিত আছে; এবং

(২) ১৯৪৭ সালের পর অদ্যাবধি মুর্শিদাবাদ জেলায় কয়টি যক্ষ্মারোগীদের জন্য 'বেড' বাড়ানো হইয়াছে?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ, হাসপাতালের বেড সংরক্ষিত আছে।

(খ) (১) বহরমপুর রাও জে এন রায় হসপিটালে ২০টি বেড সংরক্ষিত আছে।

(২) ২০টি।

Block Development Office

507. (Admitted question No. 951.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Service Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) লালগোলা এবং (২) নবগ্রাম ব্লক ডেভেলপমেন্ট অফিসের জন্য নিজস্ব অফিস-গৃহ নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই পরিকল্পনা দুইটি কার্যকরী করিবার জন্য চূড়ান্তভাবে কোন নির্দিষ্ট স্থান স্থির হইয়াছে কিনা;

(২) এই পরিকল্পনাগুলির কোন্‌টিতে কত অর্থ নিয়োগ করা হইবে;

(৩) ইহাদের নির্মাণকার্য কখন শুরু হইবে?

The Minister for Community Development and Extension Service:

(ক) হ্যাঁ।

(খ) (১) নবগ্রাম ব্লকের জন্য স্থান চূড়ান্তভাবে নির্বাচিত হইয়াছে। লালগোলা ব্লকের জন্য স্থান এখনও নির্বাচিত হয় নাই।

(২) সাধারণত ব্লকের অফিস-গৃহ নির্মাণের জন্য ২৫,০০০ টাকা এবং কর্মীদের বাসগৃহ এবং ভূমি দখলের জন্য ১,০০,০০০ টাকা বরাদ্দ আছে। স্থানীয় অবস্থার পরিপ্রেক্ষিতে উহা পরিবর্তনীয় এবং পরিবর্ধনীয়। নবগ্রাম ব্লকের অফিস-গৃহ নির্মাণের জন্য ৩২,৮৫০ টাকা এবং কর্মীদের বাসগৃহ নির্মাণ ও ভূমি দখলের জন্য ৯৭,৭৫০ টাকা মঞ্জুর করা হইয়াছে। লালগোলা ব্লকের অফিস-গৃহ, কর্মীদের বাসগৃহ এবং ভূমি দখলের জন্য অর্থ মঞ্জুর এবং অর্থ আবণ্টন উক্ত ব্লকের স্টেজ ১-এ রূপান্তরসাপেক্ষ।

(৩) নবগ্রাম ব্লকের অফিস-গৃহের এবং কর্মীদের বাসগৃহের নির্মাণকার্য শুরু হইয়াছে। লালগোলা ব্লকের অফিস-গৃহ এবং কর্মীদের বাসগৃহের নির্মাণকার্য উক্ত ব্লকের স্টেজ ১-এ রূপান্তরসাপেক্ষ।

Darbar tent at Cooch Behar

508. (Admitted question No. 377.) **Shri Sambhu Charan Ghosh:**
স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহারের 'দরবার তাঁবু' (দরবার টেন্ট) বর্তমানে কাহার অধীনে আছে?

The Hon'ble Chief Minister:

পশ্চিমবঙ্গ সরকারের অধীনে।

Development of Asansol town

509. (Admitted question No. 831.) **Shri Haridas Chakraborty:** উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার আসানসোল শহরটিকে উন্নত করার ব্যাপারে উক্ত মহকুমার এস ডি ও-র নিকট হইতে সরকার কোন রিপোর্ট পাইয়াছেন কিনা;

(খ) রিপোর্ট পাইয়া থাকিলে তাহা কি এবং সরকার সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(গ) উক্ত মহকুমা শহরটিতে উন্নয়ন ও সংস্কারের কার্যসাধনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে তাহা কবে নাগাদ কার্যকরী করা হইবে?

The Minister for Development:

(ক) হ্যাঁ, পাইয়াছেন।

(খ) উক্ত রিপোর্ট আসানসোল এবং তৎসংলগ্ন অঞ্চলের উন্নতিবিধানের জন্য একটি পর্ষৎ স্থাপনের প্রস্তাব করা হইয়াছে। ইহা সরকারের বিবেচনাধীন আছে।

(গ) পৌর এলাকার উত্তরে ১,০২৬ একর ভূমি উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে।

(ঘ) কোন নির্দিষ্ট তারিখ স্থির হয় নাই।

"Chanchhis" over Bhaduripara canal and Shialmari river

510. (Admitted question No. 872.) **Shri Abdul Bari Moktar:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government is aware that by creating "Chanchhi" for fishing by some people over Bhaduripara canal at Bhaduripara and over Shialmari river at Chanderpara within police-station Jalangi in the district of Murshidabad the water from various beels is not passing and thereby the cultivation of the lands containing those beels is being hampered; and

(b) if so, what action, if any, has been or is being taken by Government to remove these "Chanchhis"?

The Minister of State for Agriculture: (a) Though Government is aware of creation of "Chanchhis" for fishing by some people over Bhaduripara canal and Shialmari river, they have no information that cultivation has been affected in consequence thereof.

(b) The "Chanchhis" have since been removed.

Tribal Welfare Work in Murshidabad district

511. (Admitted question No. 959.) **Shri Birendra Narayan Roy:** আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে সমগ্র মুর্শিদাবাদ জেলায় আদিবাসী সম্প্রদায়ের উন্নতির জন্য সরকার কোন্ কোন্ থানায় কি কি পরিকল্পনা করিয়াছিলেন;

(খ) কোন্ বৎসরে কত টাকা ঐ বাবদে খরচ হইয়াছে;

(গ) বর্তমান বৎসরে ঐ বাবদে কত টাকা বরাদ্দ আছে; এবং

(ঘ) উহা উক্ত জেলার কোন্ কোন্ স্থানে কিভাবে খরচ হইবে?

The Minister for Tribal Welfare:

(ক) নিম্নে রক্ষিত "চ" বিবরণী দ্রষ্টব্য।

(খ) ১৯৬০-৬১—২·৩৪ লক্ষ টাকা
১৯৬১-৬২— ·৯৪ লক্ষ টাকা
১৯৬২-৬৩—১·৪৩ লক্ষ টাকা
(প্রস্তাবিত)

(গ) ১·৪০ লক্ষ টাকা।

(ঘ) "চ" বিবরণী "গ" অংশ দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 511.

বিবরণী "চ"

১৯৬০-৬১, ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানায় রূপায়িত আদিবাসীমঙ্গল কার্যসূচিগুলির তালিকা

(ক) ১৯৬০-৬১

পরিকল্পনার নাম ও থানার নাম

(১) বিনা বেতনে মাধ্যমিক বিদ্যালয় শিক্ষাদান—সমগ্র জেলায়।

(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান—সমগ্র জেলায়।

(৪) পানীয় জল সরবরাহ—সাগরদিঘি, নবগ্রাম, নওদা, দমকল, বহরমপুর, হরিহরপাড়া, বেলডাঙ্গা, জলঙ্গী, খরগ্রাম, বারওয়ান, ভরতপুর ও কান্দী।

(৫) গৃহনির্মাণ—বহরমপুর, নবগ্রাম, জিয়াগঞ্জ, সাগরদিঘি, ফরাক্কা, বারওয়ান, খরগ্রাম ও কান্দি।

(৬) আদিবাসী নেতাদিগকে পুরস্কার প্রদান—বহরমপুর, বারওয়ান, নবগ্রাম, সাগরদিঘি।

(৭) প্রাথমিক বিদ্যালয় গৃহের সংস্কারসাধন—বহরমপুর ও ফরাক্কা।

(৮) দাতব্য চিকিৎসালয়কে অনুদান—সাগরদিঘি ও নবগ্রাম।

(৯) ছাত্রাবাস নির্মাণ—নবগ্রাম।

(১০) বিদ্যালয় গৃহ নির্মাণ—সাগরদিঘি ও বহরমপুর।

(১১) মামলা পরিচালনার জন্য অর্থসাহায্য—নবগ্রাম।

(১২) গ্রাম্য কাঁচা রাস্তার উন্নয়ন—সাগরদিঘি, নবগ্রাম ও বারওয়ান।

(১৩) গ্রাম্য রাস্তার উপর কালভার্ট নির্মাণ—বহরমপুর, সাগরদিঘি, নবগ্রাম ও বারওয়ান।

(১৪) নৈশ বিদ্যালয়, বয়স্ক শিক্ষাকেন্দ্র ইত্যাদিকে অর্থসাহায্য—সাগরদিঘি, মুর্শিদাবাদ, নবগ্রাম, বারওয়ান, ফরাক্কা, কান্দী, জিয়াগঞ্জ, বহরমপুর ও হরিহরপাড়া।

(১৫) কল্যাণকেন্দ্র স্থাপন—ফরাক্কা।

(১৬) শস্যগোলা স্থাপন—নবগ্রাম, সাগরদিঘি, ফরাক্কা ও বহরমপুর।

(খ) ১৯৬১-৬২

পরিকল্পনার নাম ও থানার নাম

(১) বিনা বেতনে অধ্যয়নের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(৪) পানীয় জল সরবরাহ- সাগরদিঘি।

(৫) নৈশ বিদ্যালয়, ক্লাব ইত্যাদিকে অনুদান প্রদান—ফরাক্কা, সাগরদিঘি, বহরমপুর, বারওয়ান, নবগ্রাম, মুর্শিদাবাদ ও কান্দী।

(৬) মাইনর সেচ পরিকল্পনা—নবগ্রাম, রঘুনাথগঞ্জ, কান্দী ও বারওয়ান।

(৭) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থসাহায্য—বহরমপুর ও দমকল।

(৮) পতিত জমি উদ্ধার ও উন্নয়ন—মুর্শিদাবাদ, বহরমপুর, ফরাক্কা, সাগরদিঘি ও বারওয়ান।

(৯) গৃহনির্মাণ বহরমপুর, সাগরদিঘি, বারওয়ান ও ফরাক্কা।

(১০) শস্যগোলা স্থাপন -নবগ্রাম, সাগরদিঘি ও বহরমপুর।

(গ) ১৯৬২-৬৩

(১) বিনা বেতনে অধ্যয়নের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থসাহায্য—সমগ্র জেলায়।

(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান--সমগ্র জেলায়।

(৪) বিশেষ কোচিং ব্যবস্থা—সমগ্র জেলায়।

(৫) পানীয় জল সরবরাহ—নবগ্রাম, বহরমপুর, বারওয়ান ও খরগ্রাম।

(৬) গৃহনির্মাণ - বারওয়ান, ফরাক্কা, হরিহরপাড়া, নবগ্রাম, বহরমপুর ও কান্দী।

(৭) নৈশ বিদ্যালয়, ক্লাব ইত্যাদিকে অনুদান—সাগরদিঘি, বারওয়ান, বহরমপুর, ফরাক্কা, নবগ্রাম ও রঘুনাথগঞ্জ।

(৮) পতিত জমি উদ্ধার ও উন্নয়ন—বহরমপুর, কান্দী, বারওয়ান, সাগরদিঘি, নবগ্রাম, ফরাক্কা ও মুর্শিদাবাদ।

(৯) ছাগপালন—নবগ্রাম ও বারওয়ান।

(১০) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থসাহায্য—কান্দী ও ফরাক্কা।

(১১) কৃষি জমি ও বাস্তু জমি ক্রয়ের জন্য অনুদান—নবগ্রাম, ফরাক্কা ও বারওয়ান।

(১২) মাইনর সেচ পরিকল্পনা—সাগরদিঘি, ফরাক্কা ও খরগ্রাম।

(১৩) শস্যগোলা স্থাপন—কান্দী, বারওয়ান, ফরাক্কা ও সাগরদিঘি।

Grants to the non-Government Ayurvedic Institutions

512. (Admitted question No. 976.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the names of the non-Government Ayurvedic Institutions that were given grant-in-aid; and

(b) the amount of grants for the last three years and for 1962-63 to each of these Institutions?

The Minister of State for Health: A list with required details is enclosed.

List referred to in reply to unstarred question No. 512

	1959-60.	1960-61.	1961-62.	1962-63.
	Rs.	Rs.	Rs.	Rs.
1. J. B. Ashtanga Ayurveda Vidyalaya, Calcutta	50,000	52,000	60,000	40,000
2. Shymada Vaidya Shastra Pitha Parishad, Calcutta.	25,000	25,000	35,000	35,000
3. Viswanath Ayurved Mahavidyalaya, Calcutta	15,000	15,000	20,000	18,000
4. Ayurved Dispensary at Beko (Puruha) ..	1,500	..	1,500	1,500
5. Gungadhar Ch. Ayurvedic Dispensary at Khagra, district Murshidabad.	500	500	500	..
6. Ayurved Sevak Sangha and Vaidak Pathsala, Contai (Midnapore).	5,000	5,000	5,000	
7. Navadwip Ayurved Mahavidyalaya ..	2,000	3,000	8,000	..
8. Ayurvidya Pratisthan, 123 Harish Mukherjee Road, Calcutta.	..	..	1,500	2,000
9. Bhowanipur Ayurvedic Databya Ausadhalaya, Bhowanipur, Calcutta.		..	..	500

Rural Training Centre, Burdwan

513. (Admitted question No. 977.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) when the Rural Training Centre in the district of Burdwan came into operation;

(b) what kind of training is imparted to—

(i) Social Workers,, and

(ii) Sanitary Inspectors; and

(c) what is the duration of the training period for each category?

The Minister of State for Health: (a) During 1959-60 (5th August 1959.)

(b) (i) No training is given to the Social Workers at the Rural Training Centre, Burdwan.

(ii) A six months' course of training is imparted to the In-service Health Assistants for upgrading them to Sanitary Inspectors. No training is, however, given to the qualified Sanitary Inspectors there.

(c) (i) Social Workers—Does not arise.

(ii) Sanitary Inspector—Six months.

(In-service Health Assistants for upgrading to Sanitary Inspectors.)

Government grant for the construction of school buildings

514. (Admitted question No. 978.) **Shri Aswini Roy:**

আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের উপজাতিদের জন্য কোন্ কোন্ জেলায় কতগুলি বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য সাহায্য মঞ্জুর করা হইয়াছে;

(খ) ঐ বিদ্যালয়গুলির নাম ও মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ; এবং

(গ) ১৯৬৩-৬৪ সালে ঐরূপ বিদ্যালয়গৃহ নির্মাণের পরিকল্পনা থাকিলে (১) তাহার নাম ও (২) অর্থের পরিমাণ?

The Minister for Tribal Welfare:

(ক)

জেলার নাম	বিদ্যালয়ের সংখ্যা
(১) পশ্চিম দিনাজপুর	২
(২) বীরভূম	২
(৩) নদীয়া	১
(৪) পুরুলিয়া	১

(খ) নিম্নে রক্ষিত ('ক') বিবরণী দ্রষ্টব্য।

(গ) পরিকল্পনা নাই।

Statement referred to in reply to clause Kha of unstarred question No. 514.

বিবরণী "ক"

১৯৬২-৬৩ সালে যে বিদ্যালয়গুলিকে গৃহ নির্মাণের জন্য অর্থ সাহায্য দেওয়া হইয়াছে তাহাদের নাম ও মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

বিদ্যালয়ের নাম ও মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

(১) বুরা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়, থানা হিলি, জেলা পশ্চিম দিনাজপুর—৩,৪৫২ টাকা।

(২) মথুরাপুর প্রাথমিক বিদ্যালয়, থানা বালুরঘাট, জেলা পশ্চিম দিনাজপুর—৩,২৬৪ টাকা।

(৩) লঘাটা প্রাথমিক বিদ্যালয়, থানা লাবপুর, জেলা বীরভূম—২,৬৪৬ টাকা।

(৪) সুলুঙ্গা সাঁওতাল প্রাথমিক বিদ্যালয়, থানা রামপুরহাট, জেলা বীরভূম—২,৬৪৬ টাকা।

(৫) ঘোরাইমারী প্রাথমিক বিদ্যালয়, থানা চাকদহ, জেলা নদীয়া—৩,৩৬২ টাকা।

(৬) শ্বেতপলাশ প্রাথমিক বিদ্যালয়, থানা রঘুনাথপুর, জেলা পুরুলিয়া—৪,০০০ টাকা।

Loans for the purchase of pumping machines

515. (Admitted question No. 980.) **Shri Balailal Das Mahapatra:**

সমাজ উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাম্পিং মেসিন ক্রয়ের জন্য রায়গঞ্জ পঞ্চায়েতের এলাকায় সম্প্রতি কতজন ব্যক্তিকে কি পরিমাণ লোন দেওয়া হইয়াছে;

(খ) উক্ত লোন টাকায় পাম্পিং মেসিনগুলি ক্রয় করা হইয়াছে কিনা;

(গ) যদি পাম্পিং মেসিন ক্রয় করা হইয়া থাকে, তাহা কাহার মারফত এবং কোন্ কোম্পানি হইতে ক্রয় করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত পাম্পিং মেসিনগুলি কার্যকরী আছে কিনা এবং কোম্পানি হইতে মেসিনগুলির জন্য কোন গ্যারান্টী-পত্র দেওয়া হইয়াছিল কিনা?

The Minister for Community Development and Extension Service:

(ক) বর্তমান আর্থিক বৎসরে ১৯৬২-৬৩ পাম্পিং মেসিন ক্রয়ের জন্য রায়গঞ্জ পঞ্চায়েতের এলাকায় কোন ব্যক্তিকে সরকারী ঋণ দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Anchal Relief Committees under Ausgram Block Development No. II

516. (Admitted question No. 981.) **Shri Monoranjan Bakshi:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনস্থ বিভিন্ন অঞ্চল পঞ্চায়েতের অন্তর্ভুক্ত রিলিফ কমিটিসমূহের সদস্যগণের নাম কি?

The Minister for Relief:

বর্তমানে আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনস্থ প্রতিটি অঞ্চল রিলিফ কমিটিতে অঞ্চল পঞ্চায়েতপ্রধান, অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী এবং স্থানীয় এম এল এ পদাধিকারবলে সদস্য আছেন। পদাধিকারবলে নিযুক্ত বর্তমান সদস্যদের নামের একটি তালিকা এতদ্‌সহ উপস্থাপিত করা হইল। এতদ্ব্যতীত প্রতি কমিটিতে দুইজন সরকার মনোনীত সদস্য নিয়োগের ব্যবস্থা করা হইতেছে।

List referred to in reply to unstarred question No. 516.

অঞ্চলের নাম এবং পদাধিকারবলে অঞ্চল রিলিফ কমিটিতে নিযুক্ত বর্তমান সদস্যদের নাম

(১) ভল্‌কী

(১) অঞ্চল অঞ্চায়েত প্রধান—শ্রীনৃসিংহ লাল সিংহ (সভাপতি)।

(২) অঞ্চল অঞ্চায়েত সেক্রেটারী—শ্রীমদনমোহন মণ্ডল (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

(২) এরাল

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীসত্যচরণ মণ্ডল (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীসেখ রমজান আলী (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীঅশ্বিনীকুমার রায়।

(৩) ভেদিয়া

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীসত্যকিংকর পাঠক (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীপ্রমোদকুমার দত্ত (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

(৪) রামনগর

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীমহাদেব চ্যাটার্জী (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীকালিপদ মুখার্জী (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

(৫) অমরপুর

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীশিবদাস রায় (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীঅনিলবরণ মণ্ডল (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

(৬) কোটা

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীশান্তিময় তিওয়ারী (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীহরিপদ ভট্টাচার্জী (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

(৭) দেবসালা

(১) অঞ্চল পঞ্চায়েত প্রধান—শ্রীনিশাকর মণ্ডল (সভাপতি)।

(২) অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী—শ্রীরঞ্জিৎকুমার ব্যানার্জী (সেক্রেটারী)।

(৩) স্থানীয় এম এল এ—শ্রীমনোরঞ্জন বক্সী।

Panagarh and Ghuskara Ranges of the Burdwan Forest Division

517. (Admitted question No. 982.) **Shri Monoranjan Bakshi:**

বনবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ও পানাগড় (কাঁকসা থানা) রেঞ্জের অধীনে কত পরিমাণ জঙ্গল আছে;

(খ) আউশগ্রাম ও পানাগড় রেঞ্জের অধীনে ফরেস্ট রেঞ্জ অফিসার, বিট অফিসার ও ফরেস্ট গার্ডদের সংখ্যা কত; এবং

(গ) গত ১৯৬২ সাল হইতে ১৯৬৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত পানাগড় ও আউশগ্রাম রেঞ্জের মধ্যে জঙ্গল হইতে কতগুলি ক্ষেত্রে কাঠ চুরি ও বেওয়ারিশ কাঠ ধরা পড়িয়াছে এবং কতগুলি ক্ষেত্রে জরিমানা ও শাস্তিমূলক ব্যবস্থা হইয়াছে; এবং

(ঘ) পানাগড় রেঞ্জের ও আউশগ্রাম রেঞ্জের অধীনে শাল জঙ্গলে কতগুলি মাদার ট্রি আছে?

The Minister for Forests:

(ক) বর্ধমান জেলায় আউশগ্রাম বলিয়া কোন রেঞ্জ নাই। আউশগ্রাম গুসকরা রেঞ্জের অধীনে একটি বিট। পানাগড় ও গুসকরা রেঞ্জের জঙ্গলের পরিমাণ নিম্নে দেওয়া হইলঃ—

পানাগড় রেঞ্জ—২১,১৭১ একর।

গুসকরা রেঞ্জ—১০,৬০০ একর।

(খ) নিম্নে দেওয়া হইলঃ—

পানাগড় রেঞ্জ

রেঞ্জ অফিসার—১

ফরেস্টার ও বিট অফিসার—৬

ফরেস্ট গার্ড—১৭

গুসকরা রেঞ্জ

রেঞ্জ অফিসার—১

ফরেস্টার ও বিট অফিসার—৫

ফরেস্ট গার্ড—১১

(গ) নিম্নে দেওয়া হইল:—

(১) পানাগর রেঞ্জে ৪০টি ক্ষেত্রে বেআইনী কাজ ধরা পড়িয়াছে ও জরিমানা আদায় করা হইয়াছে। ১টি আদালতের বিচারাধীন। ৮টির ক্ষেত্রে অপরাধীদের ধরা যায় নাই।

(২) গ্নসকরা রেঞ্জে ৩৩টি ক্ষেত্রে বেআইনি কাজ ধরা পড়িয়াছে এবং জরিমানা আদায় করা হইয়াছে ৩টির ক্ষেত্রে আদালতে মোকদ্দমা করা হইয়াছিল। ইহার মধ্যে ২টি ক্ষেত্রে অপরাধীরা দোষ স্বীকার করায় এবং জরিমানা দেওয়ায় এই দুইটি মোকদ্দমা আদালত হইতে উঠাইয়া লওয়া হইয়াছে। বাকী একটি মোকদ্দমা এখনও বিচারাধীন। ৬টি ক্ষেত্রে অপরাধীদের ধরা যায় নাই।

(ঘ) গড়ে প্রতি-একর শাল জঙ্গলে ১৫ হইতে ২০টি মাদার ট্রি রাখা হয়।

Roads Grant to Ausgram Development Block No. II

518. (Admitted question No. 983.) **Shri Manoranjan Bakshi:**

সমাজ উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউসগ্রাম ২নং উন্নয়ন সংস্থায় গত ১৯৬২-৬৩ সালের আর্থিক বৎসরে রাস্তার জন্য কত টাকা সরকারী গ্র্যান্ট ছিল;

(খ) উক্ত গ্র্যান্ট হইতে কত টাকা কাঁচা রাস্তা ও পাকা রাস্তা নির্মাণে খরচ হইয়াছে; এবং

(গ) কাঁচা রাস্তা নির্মাণের জন্য উন্নয়ন সংস্থা কর্তৃক অর্থসাহায্যের নিয়ম আছে কিনা?

The Minister for Community Development and Extension Service:

(ক) উক্ত ব্লকে বর্তমান আর্থিক বৎসরে কেবলমাত্র কাঁচা রাস্তার জন্য ১৫,৬৮২ অর্থ মঞ্জুর হইয়াছে।

(খ) ৩,৫৫৯ টাকা (কাঁচা রাস্তার জন্য)। বর্তমান আর্থিক বৎসরের মধ্যে আরও ২,০০০ টাকা খরচ হইবে আশা করা যায়।

(গ) হ্যাঁ।

Santal Villages in Ausgram and Kanksa police-station

519. (Admitted question No. 985.) **Shri Monoranjan Bakshi:**

আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ও কাঁকসা থানায় সাঁওতাল আদিবাসী-অধ্যুষিত পল্লীর সংখ্যা কত;

(খ) আউশগ্রাম ও কাঁকসা থানার কোন্ কোন্ সাঁওতাল আদিবাসী পল্লীতে সরকার হইতে পানীয় জলের ব্যবস্থা করা হইয়াছে এবং কোন্ কোন্ পল্লীতে পানীয় জলের ব্যবস্থা নাই; এবং

(গ) উক্ত যে সকল পল্লীতে পানীয় জলের কোন ব্যবস্থা নাই সেই সব পল্লীতে পানীয় জলের জন্য সরকার হইতে নলকূপ বা ইঁদারার কোন ব্যবস্থা করা হইয়াছে কি?

The Minister for Tribal Welfare:

(ক) আউশগ্রাম থানা—৩৩টি

কাঁকসা থানা—৯টি

কান গ্রামেরই আদিবাসী বাসিন্দার সংখ্যা মোট জনসংখ্যার অর্ধেকের বেশী নয়।

(খ) নিম্নে রক্ষিত 'ক' বিবরণী দ্রষ্টব্য।

(গ) পানীয় জলের অভাব রহিয়াছে এমন প্রত্যেক পল্লীতেই ক্রমশঃ নলকূপ বা ইঁদারা খননের পরিকল্পনা সরকারের আছে।

Statement (Ka) referred to in reply to clause (Kha) of unstarred question No. 519.

বর্ধমান জেলার আউশগ্রাম ও কাঁকসা থানার আদিবাসী-অধ্যুষিত যে পল্লীতে পানীয় জল সরবরাহের ব্যবস্থা হইয়াছে এবং হয় নাই তাহার তালিকা

পানীয় জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এমন পল্লীর নাম

আউশগ্রাম থানা

(১) চণ্ডীপুর	(১৫) ধনডাঙ্গা
(২) জয়রামপুর	(১৬) জামডাড়া
(৩) হারাগরিয়া	(১৭) সাহেবগঞ্জ
(৪) ছড়া	(১৮) হামিরপুর
(৫) এরাল	(১৯) বুকুর
(৬) অভিরামপুর	(২০) ভাটকুনা
(৭) কারটিয়া	(২১) গোপালপুর
(৮) নৃসিংহপুর	(২২) ভেলেডাঙ্গা
(৯) মালগু	(২৩) ডিগ্রিডাঙ্গা
(১০) আমড়ারগড়	(২৪) রাধারামপুর
(১১) যাদবগঞ্জ	(২৫) কুলডিহা
(১২) তেলাতা	(২৬) রাঙ্গাখিলা
(১৩) মঙ্গলপুর	(২৭) যাদুগরিয়া
(১৪) মালিয়ারা	(২৮) চণ্ডীপুর ডাঙ্গা

পানীয় জল সরবরাহের ব্যবস্থা এখনও করা হয় নাই এমন পল্লীর নাম

আউশগ্রাম থানা

(১) চণ্ডীপুর ডাঙ্গা
(২) শিববাটি
(৩) চোরা
(৪) সাহাপুর
(৫) কায়ারপুর

পানীয় জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে
এমন পল্লীর নাম

কাঁকসা থানা

(১) বেলডাংগা

(২) পলাশবনী

(৩) আন্ধাশ্নুলি

(৪) লবন্ধা

(৫) বাসুদহ

(৬) ডাংগল

(৭) গোঁসাই ডাংগা

(৮) ডোমরা

পানীয় জল সরবরাহের ব্যবস্থা এখনও করা হয় নাই
এমন পল্লীর নাম

কাঁকসা থানা

(১) নারিকেল ডাংগা

Damodar navigable canal

520. (Admitted question No. 986.) **Shri Aswini Roy:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর নৌ-খাল খননের কাজ কতদূর হইয়াছে; কি পরিমাণ কাজ বাকি আছে; এবং

(খ) ঐ খালে নৌ-চলাচল কবে হইতে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) দামোদর নৌ-খাল খননের কাজ প্রায় শেষ হইয়াছে, কুন্তি নদীর মোহনায় পলিমাটি অপসারণের কার্য চলিতেছে।

(খ) এ সম্পর্কে কোন নির্দিষ্ট দিন স্থির হয় নাই।

Lands irrigated from D. V. C. irrigation canals and Eden canal

521. (Admitted question No. 987.) **Shri Aswini Roy:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দামোদর ভ্যালির সেচ খালগুলি ও ইডেন ক্যানেল হইতে বর্ধমান জেলার কোন্ কোন্ থানায় রবিশস্যের জন্য ১৯৬০-৬১, ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত কত একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

বিবরণী এতৎসহ প্রদত্ত হইল:—

	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩ (ফেব্রুয়ারি পর্যন্ত)
থানা	একর	একর	একর
বর্ধমান	২৪২	১,৪৫২	৬৯৫
মেমারী	৫,২৪৬	৬,১৮৬	৫,৯৬০
কালনা	২,০২৮	৩,০৬৫	২,৯৫৪
গলসী	৪৩৫	১,৫৪৫	৮৫০
ভাতার	১২৫	৩৫০	৩৫০
জামালপুর	১,৮৮০	১,৯২১	১,৭০০
মন্তেশ্বর	৪৪১	৩৬৫	জল দেওয়া হয় নাই।

Lands irrigated by D. V. C. canal water

522. (Admitted question No. 992.) **Shri Aswini Roy:** সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর ভ্যালি কর্পোরেশনের দক্ষিণ ও বামতীরবর্তী খাল হইতে ১৯৬২-৬৩ সালের খারিফ শস্যের জন্য নতুন জমিতে জল-সরবরাহের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ থানায় কোন্ মৌজায় কত পরিমাণ জমিতে জল-সরবরাহ করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬২ সালের খারিফ শস্যের জন্য দামোদর ভ্যালি কর্পোরেশনের দক্ষিণ ও বামতীরবর্তী খাল হইতে মোট ৬,২৪,৭২৯ একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে। ইহার মধ্যে তৎপূর্ববৎসর অপেক্ষা নতুন জমির পরিমাণ প্রায় ৩২৭ একর। ১৯৬৩ সালের খারিফ শস্যের জন্য আরও নতুন জমিতে জল সরবরাহ করার প্রস্তাব আছে।

(খ) কোন্ থানায় কোন্ মৌজায় কত পরিমাণ জমিতে জল-সরবরাহ করা হইবে, সে সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই।

Particulars of work on both banks of the D.V.C. Main canal

523. (Admitted question No. 995.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state the particulars of works proposed to be done in 1963-64 both on the left and right banks of main canals and their branches of the D.V.C. in relation to—

(a) construction of regulators;

(b) bridges;

(c) cross-drainage;

(d) syphons;

(e) inlets and falls over distributaries;

(f) excavation of canals; and

(g) expansion and extension of canals, if any?

The Minister for Irrigation and Waterways: A statement showing the particulars of work likely to be taken up by the D.V.C. in 1963-64 both on the left and right banks of the main canal of D.V.C. and their branches is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 523

(1) Regulators (including gates outlets)	115 Nos.	65 Nos.
(2) Bridges (including culverts)	35 Nos.	8 Nos.
(3) Cross-drainage		
(4) Syphons	80 Nos.	20 Nos.
(5) Inlets and falls over distributaries		

(6) and (7) 35 Nos. of water courses on the left bank and 5 Nos. of water courses on the right bank of main canals and their branches are proposed to be taken up by the D.V.C. during 1963-64.

Cold storage in Burdwan district

524. (Admitted question No. 997.) **Shri Aswini Roy:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমানের হিমঘর শিল্প কোন্ সালে প্রতিষ্ঠিত হইয়াছে;

(খ) ইহার সংস্থাপনের জন্য বিভিন্ন খাতে সরকারী ও দামোদর ভ্যালি কর্পোরেশনের ব্যয় কত হয়;

(গ) উক্ত হিমঘরে গুদামজাত করিবার সর্বোচ্চ সীমা কত;

(ঘ) বিভিন্ন ফসলের জন্য গুদামজাত করার ভাড়ার হার কি;

(ঙ) গত তিন বৎসরে এই হিমঘরের কত আয় ও ব্যয় হইয়াছে; এবং

(চ) ইহার বর্তমান মালিকানা কাহার?

The Minister of State for Agriculture:

(ক) ১৯৫৬ সালে। কানাই নাটসাল।

(খ) দামোদর ভ্যালি কর্পোরেশনের হিসাব অনুযায়ী বর্ধমানের হিমঘর শিল্প স্থাপনের জন্য ৪,৩২,৩৩০ টাকা খরচ হইয়াছিল। কেন্দ্রীয় সরকারী খাতে ব্যয়ের সংবাদ আমাদের জানা নাই।

(গ) রাজ্যসরকারের অনুমিত হিসাব অনুসারে বর্তমানে ১৩,৫০০ মণ।

(ঘ) এবং (ঙ) বর্তমানে জানা নাই।

(চ) বর্তমান মালিক দামোদর ভ্যালি কর্পোরেশন। উক্ত হিমঘর শিল্প ডি ভি সি-র দখল হইতে পশ্চিমবঙ্গ সরকারের দখলে এখনও আসে নাই। সুতরাং (ঘ) এবং (ঙ) প্রশ্নাবলীর উত্তর দেওয়া এই বিভাগের পক্ষে সম্ভব নহে।

Bhatar Primary Health Centre

525. (Admitted question No. 998.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ভাতাড় থানা স্বাস্থ্যকেন্দ্রের কার্য আরম্ভ হইয়াছে কিনা;

(খ) কাজ আরম্ভ হইয়া থাকিলে, তাহা কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) উহার নির্মাণকার্য কখন শেষ হইবে বলিয়া মনে করা যায়?

The Minister of State for Health:

(ক) ভাতাড় প্রাথমিক (থানা নহে) স্বাস্থ্যকেন্দ্রের কার্য আরম্ভ হইয়াছে।

(খ) আনুমানিক শতকরা ২৫ ভাগ নির্মাণকার্য সম্পন্ন হইয়াছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

Health Centres for Murshidabad district

526. (Admitted question No. 1002.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state the names and locations of various Health Centres proposed to be set up in the Third Five-Year Plan in the Murshidabad district?

The Minister of State for Health: A statement is enclosed.

Statement referred to in reply to unstarred question No. 526

Name of Block.	Names and locations of Health Centres already administratively approved for construction.		Proposed Health Centres.	
	Primary Health Centre.	Subsidiary Health Centre.	Primary Health Centre.	Subsidiary Health Centre.
(1)	(2)	(3)	(4)	(5)
Nabagram	Nabagram ..	.. Amirabad		
Jiaganj	..	1. Palsanda 2. Lalkuti		
Sagardighi	..	1. Suryapur .. 2. Singeswari-Gouripur	Sagardighi ..	..
Burwan	..	1. Kharjuna (Sabaldah Union).		
Bharatpur I	.	..	..	Amlai
Bharatpur II	..	1. Tenya (Baidyapur Union) 2. Kagram	Salar ..	.. ..
Farakka	..	..	Site not yet selected	.. Site not yet selected.
Nowda	..	..	..	Patkabari
Samserganj	..	..	Site not yet selected	.. 1. } Sites not yet selected. 2. }
Raghunathganj I ..	..		Ditto ..	.. 1. Daffaripur. 2. Site not yet selected.
Raghunathganj II ..	..		Ditto ..	.. 1. } Sites not yet selected. 2. }

Suti I	..	Ahiron ..	..
Suti II	..	Site not yet selected	.. Site not yet selected.
Berhampore ..	..	Ditto ..	.. Hatinagar.
Domkal ..	..	..	1. Site not yet selected.
Jalangi ..	Faridpur ..	..	
Raninagar ..	..	Raninagar ..	.. 1. } Sites not yet selected. 2.
Bhagwangola I ..	..	Bhagwangola ..	.. 1. } Ditto. 2.
Bhagwangola II ..	.	Site not yet selected	.. 1. } Ditto. 2.
Lalgola ..		Lalgola ..	.. 1. } Ditto. 2.

Lift irrigation scheme in Harishchandrapur police-station of Malda district

527. (Admitted question No. 1004.) **Shri Birendra Kumar Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর থানার খিদিরপুর গ্রামে বা দৌলতনগর মৌজায় কালিন্দী নদী হইতে জল তুলিয়া সেচের (লিফট্ ইরিগেশন) কোন পরিকল্পনা সরকার পাইয়াছেন কিনা;

(খ) পরিকল্পনা পাইয়া থাকিলে—

(১) উহা মঞ্জুরীকৃত হইয়াছে কিনা, এবং

(২) কতদিনে এই পরিকল্পনা কার্যকরী হইতে পারে?

The Minister of State for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(২) কাজটি করিবার জন্য টেন্ডার ডাকা হইয়াছে।

Maternity Centre at Barui in Malda district

528. (Admitted question No. 1006.) **Shri Birendra Kumar Maitra:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার বড়ই গ্রামে মাতৃসদন স্থাপনের জন্য সরকারের নিকট জনৈক ভদ্রলোক একটি দ্বিতল বসতবাটী দান করার প্রস্তাব দিয়াছেন;

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন;

(গ) উক্ত গ্রামে কোন মাতৃসদন বা সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে তাহা কতদিনে কার্যকরী করা হইবে?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ।

(খ) বাড়িটি অতি পুরাতন, উহার মেরামতী ও পরিবর্ধন ব্যাপারে পূর্ত বিভাগ হইতে প্রাক্ কলন (এস্টিমেট) আনা হইয়াছে, এবং প্রয়োজনীয় অতিরিক্ত জমির খোঁজ করা হইতেছে।

(গ) আছে।

(ঘ) সঠিক বলা সম্ভব নহে।

Gourhand Anchal Panchayat Dispensary in Malda district

529. (Admitted question No. 1007.) **Shri Birendra Kumar Maitra:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার গৌরহন্ড অঞ্চল পঞ্চায়েতের ডিসপেনসারীটি সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কোন প্রস্তাব সরকার পাইয়াছেন কি;

(খ) প্রস্তাব পাইয়া থাকিলে, কবে কাহার নিকট হইতে পাইয়াছেন; এবং

(গ) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister of State for Health:

(ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

Tubewells in Midnapore and Jhargram police-stations

530. (Admitted question No. 1008.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number and locations of the tubewells which have been sunk with Government aid in police-station Midnapore and in Union Nos. 8 and 9 of police-station Jhargram;

(b) the total number of such tubewells sanctioned for 1961-62 and 1962-63 in those areas;

(c) how many of them remain still to be sunk and re-sunk; and

(d) when they are expected to be sunk and re-sunk?

The Minister of State for Health: (a) The number and locations of the tubewells are given in the enclosed statement.

(b) Twenty-five new sinking and eight re-sinking.

(c) Six new sinking and two re-sinking.

(d) These are expected to be completed very soon.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 530

Tubewells sunk and re-sunk in police-station Midnapore

Union No.	Location.	Number of tubewells.
1	Malkuri	1
„	Chandabilla	2
„	Dharna	5
„	Boilasole	1
„	Cheraboni	1
„	Chaipur	4
2	Deuldanga	1
„	Alampur	3
„	Chandra	2
„	Bhalki	1
„	Kelimari	1
„	Gajpatia	1
„	Elaboni	1
„	Bansole	1

Union No.	Location.	Number of tubewells.
3	Tentulia	1
,,	Berapal	1
,,	Gurgutapal	1
4	Tantigeria	1
,,	Hamarpota	1
,,	Khoirullachak	1
,,	Chand Bhuinasole	1
,,	Koukabati	2
,,	Nepura	1
,,	Gope Jamsole	1
,,	Muriadanga	1
,,	Midnapore A. G. Hospital	1
,,	Najargonja	1
,,	Saldanga	1
,,	Khejurdanga	1
5	Madarpur	1
,,	Talkui	1
,,	Barna	1
,,	Chandipur	1
,,	Kholesouda	2
,,	Narendrapur	1
,,	Sankoti	1
,,	Seromonim	2
,,	Bisra	1
,,	Pasarara	2
6	Dakshin Bangali	1
,,	Keshabpur	1
,,	Harishpur	2
,,	Jhartiati	1
,,	Gobindanagar Patna	1
,,	Ramnagar	2
,,	Cherna	1
,,	Bhutgeria	1
,,	Nischantapur	1
,,	Birsingpur	1

Union No.	Location.	Number of tubewells.
6	Maharajpur	1
,,	Munsipatna	2
,,	Panchkuri	3
,,	Kulda	2
,,	Bichripat	1
,,	Hatipalka	2
,,	Kamalapur	3
,,	Jamkunda	1
7	Gobrasole	1
,,	Ajoyadhanagar	2
,,	Khangardihi	2
,,	Bolobandihi	2
,,	Gorachak	1
,,	Krisnadeuli	1
,,	Agarpara	1
,,	Ramchandrapur	2
,,	Bagageria	1
,,	Panchra	2
,,	Tundadanga	1
,,	Kishmatanga	1
8	Bindapatra	1
,,	Patra	2
,,	Koisakola	1
,,	Boraipal	1
,,	Mahatabnagar	1
,,	Denadihi	1
,,	Malida	1
,,	Raghunathpur	2
,,	Kalinagar	1
,,	Bajpara	1
,,	Bar Gouradanga	1
,,	Palasy	1
,,	Khaldanji	1
,,	Paljagul	2
,,	Jagul	2

Union No.	Location.	Number of tubewells.
8	Balipota	2
„	Belpatri	2
„	Gopinathpur	1
„	Chakdaulat	1
„	Raghabchak	[illegible]
„	Dharmapur	[illegible]
„	Hetadanga	1
		127

Tubewells sunk and re-sunk in Union Nos. 8 and 9 of police-station Jhargram

Union No.	Name of site.	Number of tubewells.
8	Routarapur	1
„	Bolla	1
„	Choubka	1
„	Medipur	1
„	Khalsubi H. C.	1
9	Nil	Nil

Test relief schemes in Midnapore and Jhargram police-stations

531. (Admitted question No. 1009.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) the number and description of test relief schemes sanctioned for 1962-63 in Midnapore police-station and Union Nos. 8 and 9 of Jhargram police-station; and

(b) which of those schemes were taken up and completed in 1962-63?

The Minister for Relief: A statement is laid on the Table.

—24

[illegible] question No. 531

Name of P.S.	No. of relief work schemes sanctioned for 1962-63.	Serial No.	Description of relief work schemes sanctioned for 1962-63. Names of the schemes.	Description of the schemes taken up and completed in 1962-63. Schemes taken up.	Schemes completed.
Midnapore ..	9	1.	Repair of Solkumari to Krishnadeuli Road (in Union No. 7).	1. Repair of Solkumari to Krishnadeuli Road (in Union No. 7).	1. Repair of Solkumari to Krishnadueli Road (in Union No. 7).
		2.	Repair of Chandipur to Talkui Road (in Union No. 5).	2. Repair of Chandipur to Talkui Road (in Union No. 5).	2. Repair of Chandipur to Talkui Road (in Union No. 5).
		3.	Repair of Jamira Nagda Road (in Union No. 9).	3. Repair of Jamira Nagda Road (in Union No. 9).	3. Repair of Mahatapnagar to Balipota Road (in Union No. 8).
		4.	Repair of Bata[illegible] to Aganpara Road (in Union No. 7).	4. Repair of Mahatapnagar to Balipota Road (in Union No. 8).	
		5.	Reconstruction of Spesdanga to Nandaria Road (in Union No. 3).	5. Construction of a road from Chandipur to Kolsanda (in Union No. 5).	
		6.	Repair of Mahatapnagar to Balipota Road (in Union No. 8).		
		7.	Repair of [illegible] Bangeshha Road (in Union No. [illegible]).		
		8.	Construction of a road from Chandipur to Kolsanda (in Union No. 5).		
		9.	Repair of Bandapathra Mahatapnagar Road (in Union No. 8).		
Jhargram—					
Anchal Panchayat No. 8	1	1.	Chamtidanga Bara Bhandi Road	Chamtidanga Bara Bhandi Road ..	Chamtidanga Bara Bhandi Road.
Anchal Panchayat No. 9	2	1.	Julir Bundh ..	.. Julir Bundh ..	.. Julir Bundh.
		2.	Baharakota Durgapur Road.		

Health Centres in Midnapore police-station

532. (Admitted question No. 1010.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there are any schemes for the construction of Health Centres in police-station Midnapore;

(b) if so, their number and locations; and

(c) when they are expected to be taken up?

The Minister of State for Health: (a) Yes.

(b) One Primary Health Centre and two Subsidiary Health Centres. The locations have not yet been selected.

(c) No target date has been fixed.

Constitution of a new subdivision in Jalpaiguri district

533. (Admitted question No. 1011.) **Shri Kamini Mohan Roy:**

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার মাল, মেটেলী, নাগরাকাটা, ময়নাগুড়ি, ধূপগুড়ি এই পাঁচটি থানা নিয়া একটি নূতন মহকুমা গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে, এই নূতন মহকুমার কার্যালয় কোন্ স্থানে হইবে; এবং

(গ) কোচবিহার জেলার হলদিবাড়ী থানা জলপাইগুড়ি জেলার সহিত সংযুক্তির কোন প্রস্তাব আছে কিনা?

The Minister for Home (General Administration):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এরূপ কোন প্রস্তাব নাই।

Allegation against Raiganj Block Development Officer and Panchayat Officer

534. (Admitted question No. 1013.) **Shri Balailal Das Mahapatra:**

সমষ্টি-উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ ব্লক ডেভেলপমেন্ট অফিসার ও পঞ্চায়েত সম্প্রসারণ অফিসারের দুর্নীতি সম্পর্কে রায়গঞ্জ থানার অঞ্চল প্রধানগণের অভিযোগ-সম্বলিত কোন সর্বসম্মত প্রস্তাব সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে, এ সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কিনা এবং তদন্ত হইয়া থাকিলে তাহার রিপোর্ট কি?

The Minister for Community Development and Extension Service:

(ক) ও (খ) এই বিষয়ে কোন লিখিত অভিযোগ অদ্যাবধি এই দপ্তরে পাওয়া যায় নাই। তবে গত ৬ই ফেব্রুয়ারি তারিখের সংবাদপত্রে প্রকাশিত এই বিষয়ে একটি সংবাদের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে এবং বিষয়টি পশ্চিম দিনাজপুরের জেলাশাসকের নিকট তদন্তের জন্য পাঠানো হইয়াছে। জেলাশাসকের রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

Electrification of Nalhati Thana Health Centre

535. (Admitted question No. 1014.) **Shri Shiromani Prosad:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নলহাটী থানা হেলথ সেন্টারের গৃহগুলি বৈদ্যুতিকরণের জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে?

The Minister of State for Health:

উক্ত হেলথ সেন্টারের গৃহগুলি বৈদ্যুতিকরণ সরকারের বিবেচনাধীন আছে।

Tap water supply at Nalhati

536. (Admitted question No. 1015.) **Shri Shiromani Prosad:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালীন নলহাটী ইউনিয়ন বোর্ডের মাধ্যমে প্রপার নলহাটীতে ট্যাপ ওয়াটার সাপ্লাই-এর জন্য লক্ষাধিক টাকা দেওয়া হইয়াছিল;

(খ) সত্য হইলে, ট্যাপ ওয়াটার সাপ্লাই-এর কোন ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(গ) ব্যবস্থা না হইলে, তাহার কারণ কি?

The Minister of State for Health:

(ক) ইহা সত্য নহে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Construction of wells in Nalhati police-station

537. (Admitted question No. 1016.) **Shri Shiromani Prosad:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নলহাটী থানার অন্তর্গত মধুপুর, যাঁপুর, বানিওড় ইত্যাদি গ্রামের কূয়াগুলির খননকার্য অর্ধসমাপ্ত অবস্থায় আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত ইন্দারাগুলির খননকার্যাদি কবে নাগাদ শেষ হইয়া ব্যবহারোপযোগী হইবে?

The Minister of State for Health:

(ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট ঠিকাদার (কন্ট্রাক্টারদের) ত্রুটিই ইহার কারণ।

(গ) আগামী বর্ষার পূর্বেই যাহাতে ইহাদের কাজ সম্পূর্ণ হয় তাহার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Construction of Chanchal Primary Health Centre

538. (Admitted question No. 1020.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state the reason for not starting construction of the proposed hospital at Chanchal in Kharba police-station, Malda district, at the selected site as yet?

The Minister of State for Health: Although the construction of Chanchal Primary Health Centre was administratively approved on 14th March, 1962, the work could not be undertaken due to an injunction issued

by the High Court against the acquisition of the land measuring 6.66 acres under the West Bengal Land (Requisition and Acquisition) Act, 1948, for the construction of the said Health Centre. Construction will be taken up if and when the injunction has been vacated.

Agriculture loan

539. (Admitted question No. 1037.) **Shri Monoranjan Bakshi:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থায় গত ১৯৬১ এবং ১৯৬২ সালে কত টাকা কৃষিঋণ দেওয়া হইয়াছে; এবং

(খ) উপরি-উক্ত সময়ে আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনে কোন্ কোন্ অঞ্চল পঞ্চায়েতে কত টাকা কৃষিঋণ দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) ১৯৬১ সালে ১০,০০০ টাকা এবং ১৯৬২ সালে ১২,০০০ টাকা কৃষিঋণ দেওয়া হইয়াছে।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

অঞ্চল পঞ্চায়েতের নাম	বিতরিত কৃষিঋণের পরিমাণ	
	১৯৬১ সাল	১৯৬২ সাল
	টাকা	টাকা
ভলকি	১,০০০	২,২০০
এড়াল	১,০০০	১,৯৫০
রামনগর	১,৫০০	১,৭০০
অমরপুর	১,০০০	১,৭০০
দেবসালা	১,০০০	১,৫০০
কোটা	১,০০০	১,২৫০
ভেদিয়া	৩,৫০০	১,৭০০
মোট ...	১০,০০০	১২,০০০

Opening of Medical Colleges under the Third Five-Year Plan

540. (Admitted question No. 1040.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় পশ্চিমবঙ্গে কোন মেডিক্যাল কলেজ খোলার পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ স্থানে কয়টি কলেজ খোলা হইবে?

The Minister of State for Health:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Laying of Order No. 1 of the Delimitation Commission

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to lay before the Assembly Order No. 1 made by the Delimitation Commission under clause (a) of section 8 of the Delimitation Commission Act, 1962.

Message

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that a message has been received from the West Bengal Legislative Council to the effect that the West Bengal Appropriation (No. 2) Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 29th March, 1963 and returned to the Assembly without any recommendations. Sir, I lay a copy on the Table.

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: Hon'ble Minister-in-charge will kindly make a statement on the delay in the payment of salary to the teachers of secondary schools in the Contai Subdivision--notice given by Shri Sudhir Chandra Das on the 27th March, 1963.

Shri Mukti Pada Chatterjee: There are about 1,600 high schools receiving grant-in-aid from the Board of Secondary Education, West Bengal. It has been learnt on enquiry from the Board that all aided high schools during 1962-63 received the first interim grant equivalent to 50 per cent. of the grant of the previous year. In addition to this, grant calculated at Rs. 200 per teacher was sanctioned before the last Pujah Holidays to all aided high schools. Second instalment grant equivalent to 25 per cent. of the previous year has been sanctioned to 300 high schools. The Board has arranged to complete payment of the second instalment grant to the remaining 1,300 high schools by the 15th April, 1963. The final instalment of the grant will be paid as early as possible on receipt of the audit report for 1961-62 and after calculation of actual deficit. 200 high schools (high schools receiving grant-in-aid from the Backward Education Fund, high schools located in Chandernagore, Purulia and other transferred territories and a few sponsored secondary schools) receive grant-in-aid from the Education Directorate. These schools have been paid grant-in-aid for 1962-63 in full.

There are 45 aided high schools in Contai Subdivision. First instalment grant and the grant calculated at the rate of Rs. 200 per teacher have been paid to all of these schools. Second instalment grant has been paid to 15 high schools. Second instalment grant will be paid to the remaining 30 schools by the 15th April, 1963. Final instalment will be paid on receipt of audit report for 1961-62 and after calculation of the actual deficit.

Mr. Deputy Speaker: I have received three calling attention notices on the following subjects, namely,—

(1) Difficulty in proper construction of sluice, dams, etc. in the village areas for delay in the distribution of allotted money—by Shri Sudhir Chandra Das.

(2) Death of a firebrigade worker due to the negligence of the Medical College staff—by Shri Sailendra Nath Adhikary.

(3) Starvation among the families of the peasants and the labourers of Nafarganj Bazar area under P.S. Basanti, 24-Parganas—by Shri Anadi Das.

I have selected the notice of Shri Sailendra Nath Adhikary on the subject of death of a firebrigade worker due to the negligence of the Medical College staff. Hon'ble Minister-in-charge will make a statement today or give the date on which the statement will be made.

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

কাল দেব।

Shri Sudhir Chandra Das:

স্পীকার, স্যার, একটি গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মেডিকেল কলেজ-এ গুরুতর অন্যায় এবং অবিচার......

Mr. Deputy Speaker:

আপনি কলিং এ্যাটেনশন মারফৎ বলতে পারেন। এভাবে বলা যায় না।

Shri Sudhir Chandra Das:

এটা একটা গুরুতর অবিচার। প্রথম, দ্বিতীয়কে বাদ দিয়ে তৃতীয়কে তারা সিলেকশন করে নিয়েছেন হাউস ফিজিসিয়ান হিসাবে। তার রোল নং ১২৯৪। মুখ্যমন্ত্রী এবিষয়ে দয়া করে কিছু বলবেন।

Mr. Deputy Speaker:

আপনি একটা কলিং এ্যাটেনশন দিন। এখুনি লিখে ফেলুন—কালকে উত্তর হয়ে যাবে।

The Hon'ble Jagannath Kolay:

তাই করুন তাড়াতাড়ি জবাব পেয়ে যাবেন।

[12-30—12-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আপনার অনুমতি নিয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই—বিষয়টা হচ্ছে আমাদের নির্বাচন সম্পর্কে—আমি কালকে জামালপুরে যে উপনির্বাচন হল সেখানে গিয়েছিলাম, এবং সেখানে যাবার পর অমরা শুনলাম যে কোন কোন অফিসার এবং—

Mr. Deputy Speaker:

এইভাবে হয় না, আপনি সর্ট নোটিশ কোশ্চেন দিন।

GOVERNMENT BILL

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1963

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to introduce the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be taken into consideration.

Honourable members are aware of the growing and urgent need for raising additional resources for financing the plan and meeting other urgent obligations. While presenting the deficit budget estimates for the financial

year 1963-64 I pointed out that several big additional development schemes had to be approved by the State Government because of their urgent and inescapable nature. At the same time the level of expenditure of the State Government has gone up because of many unforeseen commitments arising out of national emergency. Hence I proposed in my budget statement some additional taxation measures which have been necessitated by absolutely unavoidable financial commitments. A separate Bill for amending the Bengal Finance (Sales Tax) Act, 1941, will be introduced tomorrow before the House. The present Bill seeks to amend the West Bengal Sales Tax Act, 1954.

However, I must make it clear right at the outset that the object of the present Bill is not only to provide for raising additional revenue as such, but also to effect certain very important changes in the administration of Sales Tax in this State. For the purpose of explaining this point I would like to state in brief the working of the West Bengal Sales Tax Act, 1954.

While the Bengal Finance (Sales Tax) Act, 1941, provides for imposition of sales tax on all commodities in general except exempted commodities at the last point of sale, the West Bengal Sales Tax Act, 1954, provides for transferring of certain selected commodities from the scope of the Bengal Finance (Sales Tax) Act, 1941 to that Act for taxing their sales at the first point. While not all commodities are suitable for being subjected to Sales Tax at the first point of sale, in the case of good number of other commodities the first point sales tax has certain definite advantages in that the possibility of evasion of sales tax is largely eliminated.

Again, the cost and difficulties of collection are much less and the machinery required for collection of such a tax is much simpler. The West Bengal Sales Tax Act was introduced in 1954 mainly as an experimental measure. It introduced first point taxation of a limited number of selected commodities for the first time in this State in order to get the advantages of such first point taxation. At that time it was provided in the Act that there will be a fixed rate of 3 per cent. sales tax on all commodities selected for first point taxation under this Act. This rigidity of the rate of tax under the West Bengal Sales Tax Act has, however, stood in the way of bringing in a larger number of suitable commodities under the scope of this Act. For, a flat rate of 3 per cent. at source works out to only about 2 3/4 per cent. at the last point of sale. The flat rate of 3 per cent. at source is too low for a large number of commodities and specially for luxury goods and taxation of such goods under the West Bengal Sales Tax Act, 1954 will lead to inequity and unnecessary loss of revenue. A flat rate of tax makes it impossible to take over under the West Bengal Sales Tax Act certain other classes of commodities also. For example, some commodities may be "declared goods" which can not be taxed at a rate higher than 2 per cent. Hence, the scope of taxation under the West Bengal Sales Tax Act is bound to remain extremely restricted unless provision is made for different rates of tax for different notified commodities under that Act.

Actually, it has been felt for quite some time that selected commodities which are not important raw materials, which are manufactured or imported by a limited number of concerns and which are either not exported or exported direct without previous sale in this State should be brought under the ambit of the 1954 Act for first point taxation. For one thing, the scope of evasion is thereby largely eliminated. Representations from business interests have also favoured this. However, the absence of any provision for different rates of tax for different notified commodities in the 1954 Act have stood in our way.

Now, the only suitable way to provide for different rates of tax for different notified commodities under the West Bengal Sales Tax Act, 1954, lies in not specifying any flat rate of tax in the Act itself and, instead, authorising the State Government to fix different rates of taxes for different commodities by Notification in the Official Gazette. The Sales Tax Laws of many other States contain provisions authorising the respective State Governments in like manner. It is obvious, however, that such a power to fix rates of tax by Notification can not be unlimited. Hence, it is proposed to vest the State Government with this power subject to the proviso that the rate of tax on any particular notified commodity shall not exceed the rate of tax that would have been applicable to that commodity under the Bengal Finance (Sales Tax) Act, 1941 if that commodity had not been transferred to the West Bengal Sales Tax Act, 1954. Thus, it is not proposed to take additional powers as such to raise rates of tax on different commodities by Notification. What is actually proposed is to authorise the State Government to bring a particular commodity under the West Bengal Sales Tax Act, 1954 and impose on it sales tax at the same rate as under the Bengal Finance (Sales Tax) Act, 1941 for maximum.

Thus, I want to emphasise that the State Government's power to fix rates of tax by Notification in respect of commodities transferred to the West Bengal Sales Tax Act, 1954 will be strictly a limited one. In fact, the same rate of tax at the first point under the West Bengal Sales Tax Act, 1954 as at the last point under the Bengal Finance (Sales Tax) Act, 1941 actually works out to a slightly lower rate. For example, a 5 per cent. first point tax is equivalent to a last point tax of about 4 3/4 per cent. Even then we expect to get a considerable amount of additional revenue from this measure as evasion of tax will be largely eliminated and the cost and trouble of collection will be minimised under this system.

However, I should point out that this amendment will enable us to fix the rates of tax on also the already notified commodities under the West Bengal Sales Tax Act, 1954. These notified commodities are all liable to 5 per cent. sales tax at the last point of sale under the Bengal Finance (Sales Tax) Act, 1941.

[12-40—12-50 p.m.]

Hence, I propose to raise the existing rate of tax of 3 per cent. in respect of some of these commodities. Though these changes in the rates of tax will be effected by Notification, I am mentioning below my proposals in this respect:

Notified Commodities.	Existing rate of tax.	Proposed rate of taxes
(1) Vanaspati	3 per cent	4 per cent
(2) Soap	3 per cent	3 per cent
(3) Biscuits	3 per cent	4 per cent
(4) Betel nuts	3 per cent	4 per cent
(5) Black and White pepper, Turmeric, Cloves and Cinnamon	3 per cent	4 per cent
(6) Powdered milk, condensed milk including Baby food.	3 per cent	3 per cent
(7) General Purpose Washing Powders ..	3 per cent	3 per cent
(8) Drugs	3 per cent	3 per cent
(9) Powders for food-drinks having Coco, etc. ..	3 per cent	3 per cent

It may be noted that soap and washing powders, powders milk, condensed milk including Baby food, drugs and powders for food-drinks are proposed to be left untouched, as these are necessities which are widely consumed by the common people. It is expected that the above proposals will bring in additional revenue of Rs. 18 lakhs per annum.

Once the fixity of the rate of tax under the West Bengal Sales Tax Act is given up, I propose to bring under this Act for taxing at source a number of other articles which are taxed at the last point of sale at present. The details in this regard are being closely examined and worked out at present. I expect that by transferring carefully selected commodities to the West Bengal Sales Tax Act, 1954, we shall be able to get further additional revenue through elimination of evasion and without any raising of the rates of tax.

The only other amendment proposed in Clause 4 of the Bill seeks to remove an existing administrative difficulty. This proposal needs no explanation.

No additional expenditure is envisaged for giving effect to the provisions of the amending Bill.

Sir, with these words, I commend my motion for the acceptance of the House.

Briefly, I may further tell the honourable members of this House that we are all satisfied at this end that there is a considerable evasion of sales tax, and the honourable members both of this side and that side have repeatedly emphasised about plugging up evasion and so on. The main intention of this Bill is to plug up evasion - instead of collecting the sales tax at the last point we want to tax at the first point- that is the main purpose of the Act. We have left untouched many items. We have touched some items like Vanaspati, etc. (Dr. Kanai Lal Bhattacharya---What about betel leaves?) Betel nuts have been taxed but betel leaves have been exempted.

You may just as well ask me, "Mr. Banerji, have you at all thought of what are the other things which you are going to tax at the first point." I won't give you all the details but I might tell you, for example, paper and aluminium wares. There are big companies which manufacture these and so instead of collecting sales tax from the retailers in different places we want to go right at the spot and tax them. This will lead to two results —firstly, sales tax cases will go, of course much to the discomfiture of many of my erstwhile colleagues, and, secondly, the method of collection will be simpler and the agency will be much cheaper; that is the main point. As far as I remember now, I made up my mind to tax paper, aluminium wares and one or two other articles at the first point which really will not affect anybody. So far as drugs and Baby foods are concerned we are leaving these untouched although whatever is being collected now will also be collected but not at the last point but at the first point. That is the whole idea because I have every reason to believe that honourable members of both the sides of this House repeatedly complained that there was too much of sales tax evasion. This is a fact and we do not want to give opportunity to those people to go in for further evasion. We are trying to tighten it up as much as we can. This is the purpose of the present Bill.

Mr. Deputy Speaker: There are amendments. I think all the amendments are taken as moved and I take them as moved.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1963.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1963.

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় বাংলাদেশের সরকারের প্রচুর টাকার দরকার, জরুরী পরিস্থিতির জন্য টাকার দরকার, প্ল্যানিংএর জন্য টাকার দরকার, ডেভেলপমেন্টএর জন্য টাকার দরকার, পাবলিক ইন্ডাস্ট্রিজের জন্যও টাকার দরকার। খুব সাধু কথা বলে এই বিলকে আনা হয়েছে। প্রথমত এই বিলটার এবং মূলগত ও নীতিগতভাবে এর সমস্তটার বিরোধীতা করি। সেল ট্যাক্সটা সম্পূর্ণ প্রত্যক্ষভাবে আসে জনসাধারণের উপর গরীব লোকের বিরুদ্ধে একটা অস্ত্র। শুধু গরীব লোকের বিরুদ্ধে অস্ত্র নয়, গরীব লোকদের বিরুদ্ধে শানিত অস্ত্র। বার বার মরচে পড়া সেই অস্ত্রটাকে শানিয়ে নেওয়া হচ্ছে, ১৯৪০ সালে, ১৯৫৪ সালে, ১৯৫৮ সালে আবার ১৯৬৩ সালে। যদিও বহু টাকার দরকার, সে টাকার বরাদ্দ এ্যামেন্ডমেন্ট মারফৎ ফান্ডামেন্টাল সেল ট্যাক্স-এর না করলে হয় না, সে জন্য এই বিলটা আনা হয়েছে--হাতে অধিকার চাই। গরীব লোকের কাছ থেকে, তাদের পকেট থেকে টাকা আদায় করতে হবে জিনিষের দাম বাড়িয়ে টাকা আদায় করতে হবে, তার কাছ থেকে যেভাবে হোক টাকা আদায় করতে হবে। তার জন্য বর্তমান যুগোচিত কতকগুলি ভাল ভাল কথা বলা হয়েছে—লাক্সারি গুড্স, কমন গুড্স যেগুলো সাধারণ লোক ব্যবহার করে সেগুলো একজাম্পট করব এই সমস্ত কথার পিছনে একটা বিরাট ফাঁকি আছে। সে ফাঁকি হচ্ছে এই, যে সরকার নিজের আয়ত্বে আনতে পারে না রাষ্ট্রীয় সম্পদকে, যে সরকার নিজের সরবরাহ ব্যবস্থাকে নিজের আয়ত্বে আনতে পারে না, সে সরকার মূল্য সীমায়িত রাখতে পারে না--মূল্য-বৃদ্ধি করতে বাধ্য এবং সেই সরকারের হাতে যতই ক্ষমতা দেন সেই সরকার একচেটিয়া মুনাফাকে বাড়াতে বাধ্য করে, সে সেল ট্যাক্স-এর নামেই হোক, যে কোন ট্যাক্স-এর নামেই হোক আর যে কোন অ্যাক্ট বা অ্যামেন্ডমেন্টএর নামেই হোক। সমস্ত শক্তি শেষ পর্যন্ত এই উদ্দেশ্যে ব্যবহৃত হবে, সেই উদ্দেশ্যে বাংলাদেশের লোককে আনতে হবে এবং একচেটিয়া পুঁজিপতিরা এতে আরও নূতন নূতন শোষণের রূপ নেবে। আমার মনে হয় নীতিগত ভাবে সেল ট্যাক্সকে চিরকাল বাধা দেওয়া উচিত এবং আমরা তা বাধা দিয়ে এসেছি। আবার আমরা চাই না নূতন করে সরকারের হাতে এমন অস্ত্র দিয়ে দেই যে অস্ত্রে ১৯৬৩ সালে ভাল ভাবে শানিয়ে গরীবের গলা কাটা যায়। সেই অস্ত্রটাকে আমরা চাই আজকে ভোঁতা করে দিতে,—পঙ্গু করে দিতে। এই রকম ধরণের অস্ত্র প্রয়োগ করে গরীবের কাছ থেকে সেল ট্যাক্সএর নামে জিনিষের দাম বাড়িয়ে টাকা সংগ্রহ করার পন্থাকে চিরকালের জন্য বন্ধ করা উচিত। সরকারের উচিত হবে রাষ্ট্রীয় সম্পদ আহরণ করা, কোথায় করা যায় সেদিকেই লক্ষ্য রাখা। এ সরকার একচেটিয়া পুঁজিপতির সরকার, তারা এদিকে দৃষ্টি দেন না। সরবরাহ ব্যবস্থাকে নিজের আয়ত্বে রাখতে না পেরে তারা ছেড়ে দেয় প্রাইভেট কোম্পানীর হাতে কোন ব্যক্তি বিশেষের হাতে। যার ফলে জিনিষের দাম দিনের পর দিন বেড়ে যায়, এবং একচেটিয়া কারবার দিনের পর দিন বেড়ে যায়। আমরা মনে করি সেল ট্যাক্স এ্যামেন্ডমেন্ট হওয়ার ফলে যে ক্ষমতা সরকারকে দেওয়া হবে সে ক্ষমতার ফলে সীমাহীন শোষণ করবার ক্ষমতা থাকবে। সেল ট্যাক্সএর নামে প্রত্যক্ষভাবে গরীবদের মারা—গরীবকে মারার গ্যাঁড়াকলের একটি অস্ত্র। কাজেই সেল ট্যাক্সএর নামে বলা হয় যে অমুক থেকে একজাম্পট করছি—সাগুদানা, হোসিয়ারী গুড্স ইত্যাদিকে একজাম্পট করছি। এ সব নগণ্য কথা আন-একজাম্পট করার তালিকা খুবই বেশী। রাজস্ব আদায় করার জন্য যে লিস্ট গ্রহণ করা হয় সে সব কমোডিটিস গুড্স একের পর এক তালিকাকে আজ দিনের পর দিন বর্ধিত আকারে তাঁরা করে নিচ্ছেন, তার ফলে আমাদের প্রত্যেককেই কিছু কিছু ট্যাক্স বরাদ্দ সহ্য করতে হয়, বর্ধিত ট্যাক্স বহন করতে হয় এতে সন্দেহ নেই।

[12-50—1 p.m.]

আমরা জানি একথা যে বর্তমানে যুগে বিশেষ করে সমাজনীতি এবং অর্থনীতির ফলে যে সেটআপ হয়—কোন একটা কমোডিটি কোন একটা জায়গায় যদি বড় আঘাত খায় তার আঘাতটা সেইখানেই শেষ হয় না। ধরুন চালের দাম বাড়লে এবং সংগে সংগে প্রত্যেকটি জিনিষের দাম বাড়বে—প্রত্যেকটি ব্যবসাদার যারা সেই কমোডিটি নিয়ে ব্যবসা করে তারা বলবে যে চালের দাম বেড়েছে, জিনিষের দাম তো বাড়বেই। অজকে সেল ট্যাক্সের নামে কারখানার মালিকদের প্রোডাকসন ফার্স্ট পয়েন্টে তুলুন—কারখানার মালিককে পকেট থেকে দিতে হবে না—বরং আমি বলবো যে এই সরকারের সংগে যে যোগাযোগ আছে বিশেষ করে এই সরকারী নীতির সংগে—যাদের একচেটিয়া কারবারের সংগে যোগ আছে, তারা সেল ট্যাক্‌সকে পরোক্ষে আশীর্বাদ দেন, আহ্বান করেন কারণ আমার অভিজ্ঞতা হচ্ছে এই—অনেক বড় বড় কোম্পানী আছে অনেক বড় বড় বিজনেসম্যান আছে যারা সেল ট্যাক্‌স-এতে এসটাবলিসমেন্ট করেছে। ১ শত টাকা, ৫০ টাকা, ২ শত টাকা, ৫ শত টাকা মাইনে দিয়ে তারা কর্মচারী বহাল করেছেন এই সেল ট্যাক্‌স-এর হাংগামা থেকে মুক্তি পাবার জন্য। ফলত হয় কি? কার্যত আমরা দেখি যেখানে ১০ হাজার টাকা সেল ট্যাক্স দেবার কথা সেল ট্যাক্স ফাঁকি দিয়ে কি করে ২ হাজার টাকা দেওয়া যায় সেই চিন্তায় এসটাবলিসমেন্ট খরচ করতে বড় বড় ব্যবসায়ীদের। খুব বড় বড় ব্যবসাদার যারা আছে আমরা এই সেল ট্যাক্‌সএর পরিপ্রেক্ষিতে দাবী করতে পারি কোন কোন কোম্পানী ট্যাক্‌স দেয় নি, ফাঁকি দিয়েছে তার তালিকা আমরা চাই। ফাঁকি দিতে পারলো কেন তাও জানতে চাই। তার সংগে সরকারের কোন কর্মচারীর যোগাযোগ আছে কি না তার তালিকা চাই। পরিষ্কার করে বলতে হবে এই সেল ট্যাক্স আইনের পেছনে কারা আছে। সেল ট্যাক্স আইনে বলি হচ্ছে কারা? এই সেল ট্যাক্‌সএর জন্য জনসাধারণকে কি রকম হারে কর বহন করতে হচ্ছে। বড় বড় ব্যবসাদার যাঁরা তাঁরা এসটাবলিসমেন্ট মেনটেন করেন শুধু এই উদ্দেশ্যে যে সরকারের ট্যাক্স ফাঁকি দিয়ে তারা চারগুণ টাকা নিজের পকেটস্থ করেন। 'সেল ট্যাক্সএর টাকা কিছুকাল ধরে খাটিয়ে নেন এবং আরও মুনাফা করেন। এই হোল সেল ট্যাক্‌সএর এক দিকের ছবি। আর এদিকে ছোট ছোট ব্যবসাদার মাঝারী ব্যবসাদার তারা যেখানে সেখানে দোকান করেন নানা ধরণের দোকান করেন সেই দোকান চালিয়ে সংসার চলে না উপরন্তু সেল ট্যাক্সএর বোঝা বহন করতে হয়, তার উপর আবার জিনিসের দাম বেড়ে গিয়েছে বেশী বিক্রি করা কঠিন ব্যাপার, তাদের সেল ট্যাক্স দিতে হবে এ আবার হাংগামা। তার ফলে ছোট ছোট যে সংগঠন কারবারী ব্যবসাদার তাদের পক্ষে সম্ভব নয় সেল ট্যাক্স ফাঁকি দেওয়া বা সেল ট্যাক্স দেওয়ার জন্য একটা বিশেষ সংগঠন তৈরী করা বা পালন করা, তাকে মেনটেন করা। কাজেই গরীব মধ্যবিত্ত ক্লাসের দোকানদাররা খুব বেশী হয়রানি হয়। অমুক জায়গায় সেল ট্যাক্স অফিসে, অমুক জায়গায় সেল ট্যাক্স অফিসারের কাছে গিয়ে বার বার হয়রানি, আর সেল ট্যাক্স অফিসারদের হুমকী, এ তারা সহ্য করতে পারে না আবার কিছু টাকা দিয়ে দিলেই তাদের সন্তোষ। এই কায়দায় সেল ট্যাক্স দপ্তর একদিকে জনসাধারণের উপর অত্যাচার করছে আর একদিকে বড় বড় লোককে ফাঁকি দেবার সুযোগ দিচ্ছে আর এক দিকে সেল ট্যাক্‌স আইনের ফলে সাধারণ গরীব লোক মারা যায়। কাজেই আমি আগে বলেছি এবং পুনরায় বলি এই সেল ট্যাক্সএর পেছনে যে নীতি আছে সেল ট্যাক্স যেভাবে গরীব লোককে মারে এবং হয়রানি করে ছোট ছোট দোকানদারকে উৎখাত করে দেয় ব্যবসাকে নস্যাৎ করে দেয়, বড় বড় ব্যবসাদারকে সুযোগ দয় সেই সেল ট্যাক্সএর বিরুদ্ধে আমরা দাঁড়াই। সেজন্য আমি বলেছিলাম—আমার আবেদন ছিল এই ধরণের একটা বিল যে বিলটা শতকরা একশতজনকে এ্যাফেক্ট করবে, শতকরা একশতজন লোকের ঘাড়ে গিয়ে চাপবে, সেই রকম ধরনের যে বিলে আপনাদের হাতে প্রচুর ক্ষমতা দেওয়া হচ্ছে, সীমাহীন ভাবে যাতে পারসেনটেজ বাড়িয়ে বাড়িয়ে চলবেন, আজকে যে আইটেম আছে কালকে আবার অন্য কমোডিটি নিয়ে আসবেন, ক্রমশ ক্রমশ দেখা যাবে যে বর্তমান ইকনমিক সেট আপের মধ্যে যদি একটাকে বাদও দেন তাহলেও দেখা যাবে যে তার প্রতিক্রিয়া, যেটা বাদ দেওয়া হয়েছে সেটার উপর পড়েছে পরোক্ষভাবে। এই জন্য আমি নীতিগতভাবে এর বিরোধীতা করি বিশেষ করে বর্তমান পরিবেশে যখন দেশে ইমারজেন্সীর ফলে টাকার যেমন দরকার হয়েছে সেই টাকা তুলবার জন্য সরকারের পদক্ষেপ করা উচিত যাদের সম্পদ আছে, দেবার শক্তির দরকার—অর্থাৎ যাদের কাঁধ শক্ত। সেখান থেকে আপনারা টাকা বের

করে নিয়ে আসুন। সরকারের উচিত নিজ হাতে কিছু ব্যবসা গ্রহণ করা। উচিত সরকারের কতকগুলো এমন কায়দা বের করা যার ফলে গরীব লোক আরও শান্তি পায়, স্বস্তি পায় যাতে বড়লোক বোঝে যে দেশের জন্য আমাদের ত্যাগ করতেই হবে এ ছাড়া উপায় নেই। সেই নির্দেশ সেল ট্যাক্সএর মধ্যে নেই। কাজেই আমি বলবো সেদিকে পদক্ষেপ না করে সরকার চলছেন উলটো দিকে। কারণ সরকার তো জনসাধারণের সরকার নয়। সরকার হচ্ছে সম্পূর্ণ একচেটিয়া ব্যবসাদারদের পক্ষে। তাদের স্বার্থে আয়-কর তাদের স্বার্থে এই সেল ট্যাক্স তাদের স্বার্থে কমোডিটির মূল্য বৃদ্ধি হওয়া—তাদেরই স্বার্থে মূল্য বৃদ্ধি রোধ করতে না পারা—হোর্ড করা, ব্ল্যাক মার্কেট করা সমস্ত নির্ভর করে এই সরকারের চরিত্রের উপর।

এই অবস্থায় আমরা এই বিলের বিরোধিতা যেমন করি, তেমন সঙ্গে সঙ্গে আমরা একথাও বলবো—এই বিলকে আপনারা জনসাধারণের সামনে ছেড়ে দিন। জনসাধারণ, ব্যবসাদার, মধ্যবিত্তের সংগঠন তাদের যত আছে, তাঁরা বিচার করে বলুক আমরা দেশের এই জরুরী পরিস্থিতিতে প্রস্তুত আছি—এই ট্যাক্স বহন করবার জন্য, সমধিকভাবে বড়লোকদের মত বা বড়লোকদের থেকে কিছু কম-বেশী হোক তাতে আমাদের আপত্তি থাকবে না কিন্তু জনসাধারণের মতামত এই গুরুত্বপূর্ণ বিলের উপর আহ্বান করা উচিত। এই বক্তব্যই আমার এ্যামেন্ডমেন্টএ আছে। শুধু এই অবস্থায় কেন, জরুরী পরিবেশ একদিকে যেখানে পদক্ষেপ আরো দৃঢ়ভাবে গরীবের দিকে যাওয়া দরকার, যেখানে পদক্ষেপ করলে পরে সমাজতান্ত্রিক ধাঁচের সরকার হতে পারে, যাতে গরীবের হাতে আরো ক্রয়শক্তি বাড়ে, সেদিকে পদক্ষেপ সরকারের নাই। জরুরী পরিস্থিতিতে জিনিষপত্রের দাম বাড়লো, মালপত্র উধাও হয়ে গেল, চালের দাম বাড়লো, আর চাল কলের মালিকরা অন্ততপক্ষে ১০ কোটি টাকা লাভ করলো। এই তো পরিবেশ সৃষ্টি হয়েছে। এই পরিবেশের মধ্যে অবস্থা কি হলো? আর একটি কেন্দ্রীয় বাজেট হতে না হতে সেখানে জিনিষপত্রের দাম বেড়ে গেছে। প্রায় ১৮০ কোটি টাকা আমাদের কেন্দ্রীয় বাজেটের দরুন মাশুল গুনতে হবে গরীব জনসাধারণের।

দ্বিতীয়তঃ আমাদের এই রাজ্য বাজেট—শঙ্করদাসবাবু এই মন্ত্রিসভায় যোগদান এবং বাংলাদেশের অর্থদপ্তরের ভার পাওয়ার সঙ্গে সঙ্গে তিনি অত্যন্ত ক্রেডিট, অত্যন্ত শক্তির সঙ্গে, অত্যন্ত গর্বের সঙ্গে বলছেন টাকা আমি চাই—টাকা আমি আদায় করবোই, টাকা আমি নেবই। পরিষ্কার কথা। অবশ্য পাল্টা কথা বলবার সাহস এখন কারো নাই; জরুরী পরিবেশ, সংগঠন দুর্বল এবং অপজিশনকে যেভাবে থাকা দরকার, সেভাবে অপজিশন নাই, তাকে পঙ্গু করে দেওয়া হয়েছে উদ্দেশ্যমূলকভাবেই। সুযোগ পাওয়া গেছে—বাঁহাতে শেয়াল, দপ্তর চালাতে হবে টাকা চাই-ই। দেশের লোককে বোবা করে দাও, মুখ বন্ধ করে দাও, জরুরী পরিবেশ তৈরী কর, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস চালু কর এবং এই জরুরী পরিবেশে যেখানে ধনিকের বিরুদ্ধে তীব্র আঘাত হানা সম্ভব, সেখানে আঘাত না হেনে তীব্র আঘাত হানা হয়েছে গরীবের উপর। একদিকে মোরারজী দেশাইএর বাজেট, তিনি কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে ছেড়ে দিয়েছেন। সারা পৃথিবীতে তার প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে, বাংলাদেশেও হয়েছে প্রতিক্রিয়া। সেই সঙ্গে রাজ্য বাজেট ও রাজ্য সরকারের বিল, রাজ্য সরকারের অ্যামেন্ডমেন্ট এ্যাক্ট ইত্যাদির ফলে একটা অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। শুধু তাই নয়, আর একটা লক্ষণও আমরা দেখছি। গ্রাম এলাকায় যখন এক বছর, দু-বছর, তিন বছর, চার বছর, পাঁচ বছর, ছয় বছর, সাত বছর, আট বছরের খাজনা বাকি পড়ে আছে। একটি লোক তাকে পুনর্বাসনের জন্য পয়সা দিতে হবে জমির জন্য খাজনা দিতে হবে, কৃষি-ঋণের জন্য পয়সা দিতে হবে, ক্যাটল পারচেজ লোন-এর জন্য পয়সা দিতে হবে এবং তার সব জিনিষপত্র জুটিয়েও সেই টাকা দিতে পারছে না, সার্টিফিকেট হচ্ছে। শুধু তাই নয় যে চাষী টাকা দিয়ে এই সব দেনা মেটাবে, সেই চাষীকে সরকারের আশীর্বাদপুষ্ট আমেদপুর ন্যাশনাল সুগার মিল, তাঁরা লক্ষ লক্ষ টাকা চাষীর মেরে বসে আছে, টাকা পেমেন্ট করেন নি এখনো। তাঁরা বলছেন ইন্ডিয়া গভর্নমেন্ট আমাদেরকে চিনি যদি লিফ্‌ট দেওয়ার পারমিশন দেন, তবে টাকা দিতে পারবে। তা না হলে কোন উপায় নাই—দিতে পারবো না। লিগালি কি আমরা পারি চাষীকে এইভাবে বঞ্চিত করে রাখতে? এই রকম ঔদ্ধত্যের সঙ্গে কথা বলা হচ্ছে। এই যে পরিবেশ সৃষ্টি হয়েছে, দশচক্রের মধ্যে আমরা পড়ে গিয়েছি। গরীব

লোককে চারিদিক থেকে ফেলা হয়েছে জরুরী পরিস্থিতিতে, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এ; ট্যাক্স চাই—অথচ বড়লোককে আঘাত করবো না, গরীবকে মারবো। দেশাই-এর বাজেট, রাজ্যের বাজেট, এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট ইত্যাদি নানান জিনিষের চক্রের ভেতর ফেলে দেওয়া হয়েছে, অবস্থা আমাদের অত্যন্ত সঙ্গীন এই অবস্থায় আমি বলবো কই, আপনারা তো সে চিন্তা করছেন না? কাঁসে শিল্পী, পিতল শিল্পী বা এই সব ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পীদের হাতে যাতে ক্রয়শক্তি বাড়ে, যাতে এই শিল্পগুলি আরো ব্যাপকভাবে বৃদ্ধি হয়, তার জন্য শিল্পীদের দ্বারা প্রস্তুত পণ্যদ্রব্য কাঁসার বাসন ও পিতলের বাসনের উপর থেকে ট্যাক্স তুলে নিই, তা তো আপনারা বলছেন না? বলছেন কি? হ্যান্ডলুম গুড্স অর্থাৎ হোসিয়ারী গুড্স ট্যাক্স থেকে একজাম্পট হবে, কিন্তু ইয়ার্ন-এর উপর ট্যাক্স চাপবে। কায়দা বটে! ইয়ার্ন-এর উপর ট্যাক্স চাপবে, আর গুড্স থেকে সেলস ট্যাক্স থেকে মাপ করবে। এ তো ফাঁকির কথা—নানাভাবে ঘুরিয়ে ফিরিয়ে বলা হয় সাধু কথার মধ্যে বর্তমান সভ্যযুগের সমাজতান্ত্রিক ধাঁচ, আর সভ্যতা হচ্ছে সাম্যবাদ—এই কথাগুলি গুলিয়ে গুলিয়ে এমনভাবে রাখা হয়েছে। অমুককে দিচ্ছি ফাঁক, আর অমুককে দিচ্ছি চাপ; এই করে করে আপনারা এমন একটা অবস্থা করেছেন, এমন একটা নীতি গ্রহণ করেছেন, যে নীতির প্রত্যক্ষ এবং পরোক্ষ আঘাত গিয়ে পড়বে গরীবের ঘাড়ে। কাজেই এই বিলের আমরা সম্পূর্ণ বিরোধিতা করি।

আমি আরো বলবো এই যে সেলস ট্যাক্স যাঁরা ফাঁকি দিচ্ছেন, তার একটা হিসেব আমি চাই। টাকা দরকার কি না, টাকা আরো পাওয়া যায় কি না—তা আমরা দেখতে চাই। সেদিন দেখলাম ৭০ লক্ষ টাকা সেলস ট্যাক্স ফাঁকি দেওয়ার কথা। একথা অপজিসন বলছেন, রাইট বলছেন, লেফ্ট বলছেন। অতএব আপনারা এই ফাঁকি ধরতে পারবেন না। কারণ যে সরষে দিয়ে ভূত ছাড়াবেন সেই সরষের ভেতর ভূত ঢুকে বসে আছে। কোথায় পারবেন আপনারা? যে সব কথা বিধান সভায় বলবেন, আমাদের ডেকে নিয়ে আসবেন, আমরা এসে আপনাদের হাতে এমন একটা অস্ত্র শানিয়ে দেব, যে অস্ত্র আপনারা কালকে নিয়ে গিয়ে গরীবের গলা কেটে বেড়াবেন। বিধান-সভা তার জন্য হয় নি এবং হওয়াও উচিত নয়।

আমি মনে করি এই কথা এই বিলের বিরোধিতা করা উচিত এবং এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[1—1-10 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী, যিনি এই বিল উপস্থাপিত করেছেন, তিনি এখনে উপস্থিত নেই, থাকলে ভাল হ'ত। স্যার, এই বিলটি এখানে ইনট্রোডিউস করবার সময় মাননীয় অর্থমন্ত্রী যে সমস্ত যুক্তি দিলেন তার দ্বারা হাউসের মধ্যে খানিকটা ধোঁয়াটে অবস্থা সৃষ্টি হয়েছে। স্যার, পশ্চিমবঙ্গে বিক্রয়-কর ধার্য করা এবং বিক্রয়-কর আদায় করবার জন্য দুটো আইন প্রচলিত আছে। একটা হচ্ছে বেঙ্গল ফাইনান্স সেলস ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১ এবং আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স অ্যাক্ট, ১৯৫৪। স্যার, এই দুটো আইনের উদ্দেশ্য আলাদা। প্রথমটা বেঙ্গল ফাইনান্স সেলস ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১, তাতে বলা হয়েছে যে লাস্ট পয়েন্টএ সেলস ট্যাক্স আদায় করা হবে। অর্থাৎ যেখানে ক্রেতা, যাঁরা নাকি জিনিষ ব্যবহার করবেন, তিনি যখন জিনিষ কিনছেন, সেই সময় এই ট্যাক্সটা আদায় করা হবে। এই আইনটা ১৩।১৪ বছর চলার পর সরকার অনুভব করেছিলেন দেশের মধ্যে নানা রকম অভিমত সৃষ্টি হয়েছে, এবং আমাদের অপজিশনএর তরফ থেকে ক্রিটিসিজমএর ফলে সরকার অনুভব করেছিলেন যে এর কিছুটা পরিবর্তন করা দরকার। সেই জন্য ১৯৫৪ সালে ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স এ্যাক্ট তৈরী হয় এবং তা প্রবর্তিত হয়। সেই আইনের উদ্দেশ্য হচ্ছে যে ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন অর্থাৎ যেখানে জিনিষটা উৎপাদিত হচ্ছে সেখানে সেলস ট্যাক্স ধরে, তারপর বাজারে ছেড়ে দেওয়া। এর উদ্দেশ্য সাধু। তখন আমরা এটাকে কিছু কিছু সমর্থন জানিয়েছিলাম। তার কারণ হচ্ছে এর দ্বারা সেলস ট্যাক্সটা ইভেড করা শক্ত হবে। যাঁরা জিনিষ তৈরী করছেন তাঁরা সাধারণত অবস্থাপন্ন লোক হন এবং তাঁদের পক্ষে এর হিসাব রাখা সম্ভব হয়। তাঁদের কাছ থেকে যদি

সরকার ট্যাক্‌স আদায় করেন, তাহলে সরকারের পক্ষে আদায় করা সুবিধা হয় এবং ইভেশনও বন্ধ হয়। সবচেয়ে ভাল হয় মধ্যবিত্ত যারা ব্যবসায়ী, যারা জিনিষপত্র বিক্রয় করেন, তাদের উপর এই সেলস ট্যাক্সের হিসাব আর কোন কিছু রাখতে হয় না। এই ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশনএর মধ্যে এমন কতকগুলি জিনিষ আছে, যেমন মনে করুন, যেটা শঙ্করবাবু বললেন গ্রাউন্ডনাট অয়েল, সিগারেট, বেবী ফুড ইত্যাদি—সেগুলি ফ্যাক্টরীতে তৈরী হয়ে দোকানে বিক্রয়ের জন্য আসে। তার উপর যদি সেলস ট্যাক্স লাস্ট পয়েন্টএ হ'ত তাহলে দোকানদারদের অসুবিধা হ'ত। স্যার, এই দুটো আইনে রেট অফ ট্যাক্সেশন ডিফারেন্ট। ১৯৪১ সালের আইনে আছে ফাইভ পারসেন্ট এবং ১৯৫৪ সালের আইনে থ্রি পারসেন্ট, এটা ছিল এবং এখনও আজ পর্যন্ত আছে। এই যে ১৯৫৪ সালে থ্রি পারসেন্ট ছিল, তার কারণ হচ্ছে সরকার হিসাব করে দেখেছিলেন ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন হলে, তা আদায় করবার জন্য যে খরচ সেটা অত্যন্ত কমে যায় এবং ফার্স্ট পয়েন্ট ট্যাক্‌সেশনএ ইভেশনও কম হয়। কাজেই ফার্স্ট পয়েন্টএ তিন নয়া পয়সা করলে, সরকারের যা কালেকশন হয়, আর লাস্ট পয়েন্টএ পাঁচ নয়া পয়সা করলে, সরকারের কালেকশন প্রায় তাই হয়। সেই জন্য এই আইন দুটো করা হয়েছিল। তার প্রধান কারণ হচ্ছে ১৯৪১ সালের আইন থেকে কোন কমোডিটিকে যদি ১৯৫৪ সালের আইনে আনতে হয়—অর্থাৎ লাস্ট পয়েন্ট ট্যাক্সেশন যেটা ছিল তাতে যদি ফার্স্ট পয়েন্ট কমোডিটি ট্যাক্সেশনএর মধ্যে আনতে হয় তাহলে ১৯৫৪ সালের যে আইন তার ২৫ ধারা অনুসারে সরকারের নোটিফিকেশন দিয়ে আনতে হয়। মনে করুন কোন কমোডিটির লাস্ট পয়েন্ট ট্যাক্সেশন ছিল তাকে ৫ পারসেন্ট দিতে হ'ত। তাকে যদি সেখানে সেকশন ২৫ অফ ১৯৫৪ এ্যাক্টএ সেই কমোডিটিকে ১৯৪১ এ্যাক্ট থেকে ১৯৫৪-এর এ্যাক্ট-এর মধ্যে আনতে হয় তাহলে নোটিফিকেশন দিয়ে করতে পারেন যেটা পাঁচ নয়া পয়সা দিতে হ'ত সেটা থেকে পাচ্ছেন তিন নয়া পয়সা। সেজন্য আমরা বার বার সেলস ট্যাক্স আলোচনার মাধ্যমে বলেছি যে ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন করুন তাহলে মধ্যবিত্ত ছোট ছোট ব্যবসাদার যারা তাদের অনেক সুবিধা হয়, তার জন্য হিসাব রাখতে হয় না, কেরানী রাখতে হয় না এবং ট্যাক্স ইভেশনও বন্ধ করা যায়। আজকে ট্যাক্‌স আইন সংশোধন করার চেষ্টা হচ্ছে—দুটি জায়গায় সংশোধন হচ্ছে। একটা হচ্ছে ১৯৫৪-এর সেলস ট্যাক্স আইনে ছিল থ্রি পারসেন্ট ট্যাক্সেশন সেখানে সরকার বলছেন সেটা তাদের হাতে নিয়ে নেবেন—কত পারসেন্ট ট্যাক্‌সেশন করবেন, কোন কমোডিটির উপর কত পারসেন্ট করবেন সেটা আইনের মধ্যে রাখছেন না। নিজেদের হাতে ক্ষমতা নিচ্ছেন যাই নোটিফিকেশন তাঁরা করবেন। এটা একটা অত্যন্ত ন্যক্কারজনক পন্থা। আমরা মনে করি এর দ্বারা আমাদের অ্যাসেম্বলীকে অ্যাভয়েড করা হচ্ছে, শঙ্করদাসবাবু যখন দেখলেন যে অনেকগুলি জিনিষ লাক্‌সারী গুড্‌স তাতে থ্রি পারসেন্ট বেশী হচ্ছে কাজেই কোনটায় কত হবে সেটা কি সিডিউল করে দিয়ে চাওয়া যায় না? আবার যদি তাঁরা ইচ্ছা করেন যে লাক্সারী গুড্‌স-এর উপর আমরা থ্রি পারসেন্টএর জায়গায় ফাইভ পারসেন্ট ট্যাক্সেশন করব নিশ্চয়ই তা করতে পারেন সিডিউল করুন। যেমন বেঙ্গল সেলস ট্যাক্স এ্যাক্ট-এ আছে সিডিউল করা এক নম্বর, দুই নম্বর সেই ভাবে করতে পারেন, ক্ষমতা কেন নিজেরা হাতে নিচ্ছেন? আমাদের অ্যাসেম্বলীর যে ক্ষমতা আছে যে এখানে সেলস ট্যাক্স রেট পরিবর্তন করতে গেলে ছ'য়ের জায়গায় চার, চারের জায়গায় পাঁচ করতে গেলে কিম্বা কোন আইটেম-এর উপরে ট্যাক্সেশন বাড়াতে গেলে আপনার অ্যাসেম্বলীর কাছে আসতে হয়, আপনারা কি সেটা অ্যাভয়েড করবেন? আমাদের ক্ষমতা আপনারা হাতে নিয়ে যেতে চেষ্টা করছেন। এটা আমরা মনে করি অত্যন্ত অন্যায় জিনিষ—এতে ডেমোক্রেসীকে খর্ব করা হয়—এর আমরা তীব্র বিরোধিতা করি। শঙ্করদাসবাবু একটা প্রোভাইসো জুড়ে দিলেন যে ১৯৪৪ সালের আইনকে ১৯৫৪ সালের আইনের ২৫ ধারা অনুযায়ী যে তার করার ক্ষমতা আছে। কিন্তু সেটা করলে যে ট্যাক্স ছিল সেটা বাড়বে না। স্যার, এটা শুধু অ্যাসেম্বলীকে ধোঁকা দেওয়া, কারণ হচ্ছে ১৯৪১ সালের আইনের আওতা থেকে কোন কমোডিটিকে যদি ১৯৫৪ সালের আইনের আওতায় নিয়ে আসা হয় তাহলে [illegible] দুই নয়া পয়সা ট্যাক্‌স সেই কমোডিটির কমে যাবে। কেন? তার কারণ হচ্ছে যে ১৯৪৪ সালের আইন অনুযায়ী আদায় করতে অসুবিধা নেই, ইভেশন লোকে করতে পারবে না সেজন্য এই সুযোগটা ছিল। সেটা ও'রা বন্ধ করে দিচ্ছেন। যদি কোন কমোডিটিকে লাস্ট পয়েন্ট

[1-10—1-20 p.m.]

ট্যাক্সেশন থেকে ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন-এ আন যায় তাহলে ত র রেট অফ ট্যাক্সেশন বাড়ান হবে। কিন্তু যদি কমান হত সেই কমানর অধিকার যে চলে গেল তার কি হবে? তারপর এখানে কোন কমোডিটিকে অ নবেন বললেন না। তিনি আম দের সামনে বললেন—গভর্নমেন্ট প্রপোজেস টু ইনক্রিজ দি ট্যাক্স অন সারটেন কমোডিটিস ফ্রম থ্রি এন পি টু ফোর এন পি। এ ব্যাপারে কতকগুলি জিনিষের নাম করলেন-একটা গ্রাউন্ডনাট অয়েল আর একটি বিটল নাট—এগুলির ক্ষেত্রে তিন নয়া পয়সা থেকে চ র নয়া পয়সা করবেন। আর কতকগুলি জিনিষের নাম করলেন যেমন বেবী ফুড তাতে ট্যাক্স বাড়বে ন। তিনি বললেন তাঁর মনে হচ্ছে ১৮ লক্ষ টাকা ওর থেকে পেতেন। আজকে এত বড় অ্যাকসেপ্টেড প্রিন্সিপল কেন ভায়লেট করছেন? আজকে নীতিগতভাবে এই বিরোধিতা কর র প্রধান কারণ হচ্ছে আমাদের অ্যাসেম্বলীর হাত থেকে ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। এটা নিগেশন অফ ডেমোক্রেসী। সেজন্যে আমরা এর তীব্র বিরোধিতা করি। অ মি বিটল নাটএর উপর ট্যাক্স বাড়ান সংগত মনে করি ন। আমি মনে করি নতুন করে কোন কমোডিটির উপর ট্যাক্স বিভিন্ন দিক থেকে জনসাধারণ দুঃখ-দুর্দশায় আজ জর্জরিত হচ্ছে ইট ইজ দি লাস্ট স্ট্র অন দি ক্যামেলস ব্যাক। স ধারণ মানুষ আজ সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। কিন্তু অর্থমন্ত্রী মহ শয় ১৮ লক্ষ টাকার জন্য প্রিন্সিপল-এর বিরুদ্ধে আজ সরকারের হাতে সমস্ত ক্ষমতা নিচ্ছেন। কিভাবে নিচ্ছেন? তিনি এটা দুইভাবে নিচ্ছেন। এক নিচ্ছেন বাই নোটিফিকেশন ল স্ট পয়েন্ট থেকে ফার্স্ট পয়েন্টএ আনবেন। ভাল কথা। কিন্তু নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে এই যে থ্রি পারসেন্ট-এর অ্যাডভানটেজ পেত তা থেকে তাদের বঞ্চিত করছেন। আমি মনে করি এটা ঘোরতর অন্যায়। সরকার কতখানি উপকৃত হবেন ব হচ্ছেন জানি না। এই যে অ্যাডভানটেজ যারা পেত এতদিন পর্যন্ত সেটা বাঁ হ ত দিয়ে দিচ্ছিল আর ডান হাত দিয়ে সরিয়ে নিচ্ছেন। তিনি বলতে প রেন লাক্সারী গুডসএ ট্যাক্সেশন এবার বাড়ব। তিনি তা বাড়াতে পারেন -সিডিউল করুন। তিনি বললেন বিটল নাট-এর উপর, গ্রাউন্ড নাট-এর উপর ব ড়াব। বেশ সিডিউল করুন। তা না করে তিনি অ্যাসেম্বলীর ক্ষমতা কেড়ে নিচ্ছেন অ মি এর তীব্র বিরোধিতা করি। এই আইনে তিনি বলছেন সরকারের লিমিটেড পাওয়ার হবে। এটা কি লিমিটেড পাওয়ার হল? আমি জিজ্ঞাসা করতে চাই যে, যে কোন কমোডিটি যখন যেভাবে হোক সরকার যদি কত ট্যাক্স হবে সেটা তারা ফিক্স করে দেন—এই যে ক্ষমতা এটা কি লিমিটেড ক্ষমতা হল? তারা একটা প্রোভিসো জুড়ে দিয়েছেন, বলছেন ১৯৪১-এর অইনের যদি লাস্ট পয়েন্ট কে ন কমোডিটিকে ফার্স্ট পয়েন্ট-এ আনা য য় তাহলে ফাইভ পারসেন্ট বাড়াব, সেখানে তাঁদের পাওয়ার কিছু লিমিটেড করছেন বটে; কিন্তু যদি ফার্স্ট পাওয়ার-এর কোন কমোডিটির উপর ট্যাক্স বাড়াতে চান সেটা আনলিমিটেড ওয়েতে বাড়াতে পারবেন। সেই ক্ষমতা তাঁরা নিচ্ছেন। স্যার, আমি এখানে বেশী বক্তৃতা দিতে চাই না, কারণ এই আইনে তিনি বলেছেন লিমিটেড পাওয়ার টু দি স্টেট গভর্নমেন্ট টু ফিক্স ডিফারেন্ট রেটস। এটা কি লিমিটেড পাওয়ার হলো, আমি জিজ্ঞাসা করতে চাই যে কোন কমোডিটি যখন যেভাবে হউক সরকার কত তার ট্যাক্স হবে সেটা তাঁরা ফিক্স করে দেবেন। এই যে ক্ষমতা এটা কি লিমিটেড হল? তাঁরা একটা প্রভিশান জুড়ে দিয়েছেন—যেখানে বলেছেন লাস্ট পয়েন্ট-এ হবে, অথচ তিনি বলছেন লিমিটেড পাওয়ার। আমার মনে হয় এটা আনলিমিটেড পাওয়ার তাঁরা নিচ্ছেন—এ পাওয়ার তাঁদের দেওয়া যেতে পারে না। স্যার, আমাদের এখানে ডেলিগেটেড লেজিসলেটিভ কমিটি নাই, আমরা যে পাওয়ার সরকারকে ডেলিগেট করব—এই ডেলিগেশ ন-এর পর সেই ক্ষমতা তাঁরা কিভ বে ব্যবহার করবেন? না তার অপব্যবহার করবেন, এবং তার অফিসাররা সেই ক্ষমতা কিভাবে ব্যবহার করবেন তা দেখব র জন্য আমাদের ডেলিগেটেড লেজিসলেটিভ কমিটি ন ই। সেজন্য আমরা বার বার বলেছিলাম যে আপনারা সেই রকম একটা কমিটি করুন। আমরা লেজিসলেশান থেকে যে পাওয়ার আপন দের কাছে ডেলিগেট করছি সেই পাওয় রের অপব্যবহার হচ্ছে কি না তা আমরা দেখতে চাই। কিন্তু আজ পর্যন্ত সে রকম কোন কমিটি তৈরী হল না। আজকে যদি তাদের এই ক্ষমতা দিয়ে দেওয়া হয় ত হলে কে চেক করবে। এর কোন রুলস নেই—যে প্রেসক্রাইব অ ন্ডার দি রুলস এবং সেই রুলসগুলি আমাদের অ্যাসেম্বলীতে প্লেস করা হবে এবং সেই

রুলসগুলির উপর আমরা বলতে পারব—তাও নয়, একেবারে নোটিফিকেশন গেজেটে দিয়ে দেবেন যে তিন পারসেন্ট ছিল সেলস ট্যাক্স কোন কমোডিটিতে এটা সাত পারসেন্ট করা হল। আবার দুই মাস বাদে আবার বলবেন আমার আরও টাকা চাই—তখন সেটাকে ১০ পারসেন্ট করা হল। এই ভাবে যদি আপনারা বাড়িয়ে চলেন তখন আমাদের বলবার কিছুই থাকবে না। কাজেই এতবড় একটা ইমপর্টেন্ট ব্যাপারে সেখানে আমাদের ডেলিগেটেড কমিটি নেই, সেই জায়গায় এই ক্ষমতা সরকারের হাতে দেওয়া যেতে পারে না। এই যে টেন্ডেন্সি সামান্য ১৮ লক্ষ টাকার জন্য—এই টেনডেন্সিকে আমরা নিন্দা করছি। এবং আমি গভর্নমেন্টকে বলব যে তাঁরা এই বিলকে প্রত্যাহার করুন। সত্যি যদি চান কোন জিনিষের উপর কত ট্যাক্স করতে চান তারপর আমাদের এখানে সিডিউল দিন এবং যুক্তি দেখান যে এটা লাক্সারি গুড্‌স এটা অমুক গুড্‌স এর জন্য আমরা বাড়াচ্ছি তাহলে আমরা বুঝতে পারি। তখন আমরা আলোচনা করতে পারি। কিন্তু আজকে এই ধরনের একটা ছোট্ট বিল নিয়ে এসে বলবেন যে সমস্ত ক্ষমতা আমাদের দিয়ে দাও, আমরা যা করব দেশের ভালর জন্য করব—তাতে আমরা রাজী নই। কাজেই আমি মনে করি আজকে এই পাবলিকের জন্য সারকুলেশানের জন্য দেওয়া উচিত এবং পাবলিক যে ওপিনিয়ন দেবে তার পরে এই বিল হাউসে নিয়ে আসা উচিত। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-20—1-30 p.m.]

শ্রীদেবশরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি প্রথমে আমার অ্যামেন্ডমেন্ট মুভ করে তারপরে আমি বিল সম্বন্ধে আমার বক্তব্য রাখব। আমাদের অর্থমন্ত্রী অর্থদপ্তরের ভার গ্রহণ করার পর আমরা দেখছি যে তিনি বাংলাদেশের সাধারণ মানুষের উপরে বিভিন্ন রকম ট্যাক্সের বোঝা দিনের পর দিন চাপাবার ষড়যন্ত্র তিনি করছেন। আমি একথা খুব জোরের সংগে বলব যে সাধারণ মানুষ আজকে ট্যাক্সের চাপে অতিষ্ট হয়ে পড়েছে। তাদের জীবন প্রায় শেষ সীমায় এসে পৌঁছেছে। এই অবস্থায় আরেকটা নূতন বিল আমাদের সামনে তিনি নিয়ে আসছেন। এবং এই বিলের সংগে অন্যান্য বিলের সময় যেসব ভাল ভাল কথা বলেন এ বছরেও সেই সব ভাল ভাল কথা তিনি আমাদের শুনিয়েছেন। এই বিলে তিনি বলেছেন যে ট্যাক্স যেটা বসান হবে সেটা ফার্স্ট পয়েন্ট অর্থাৎ কারখানা থেকে যে মাল তৈরি হবে সেই মালের উপরে প্রথম পর্যায়ে এই ট্যাক্স বসান হবে। সুতরাং আমরা যে অভিযোগ করছি যে সাধারণ মানুষের উপরে ট্যাক্স বসবে, এবং সাধারণ মানুষকে দিতে হবে তাতে তিনি বলছেন না দিতে হবে না। এটা নাকি মালিককে দিতে হবে। কিন্তু বাস্তবে আমরা দেখছি তা নয়। ইতিপূর্বে তিনি যে ট্যাক্স বিল এখানে এনেছেন তার প্রতিটি ক্ষেত্রে আমরা দেখেছি মালিক বা বড়লোকের উপর ট্যাক্স বসান হলেও বাস্তবে দেখা যায় সেটা ঘুরে গিয়ে গরীব জনসাধারণকেই সেই ট্যাক্স দিতে হয়। এই বিলের বিরোধিতা করার মূল কারণ হিসাবে মাননীয় সদস্য কানাইবাবু যেকথা বলেছেন আমি সেটারই পুনঃ উল্লেখ করতে চাই। এতদিন পর্যন্ত কতকগুলি নির্দিষ্ট জিনিসের উপর নির্দিষ্ট হারে ট্যাক্স বসানোর যে আইন ছিল, সেই আইন সংশোধন করে এখন যে আইন নিয়ে আসছেন তাতে আন-লিমিটেড পাওয়ার সরকার নিতে চাচ্ছেন। আমরা স্বাভাবিকভাবে এই ধারণা করতে পারি যে সরকার এই অসীম ক্ষমতার বলে যে সমস্ত জিনিসের উপরে এখন ট্যাক্স নাই সেই সমস্ত জিনিসের ট্যাক্স তো বসবেই উপরন্তু এই কথাও জোর করে বলা চলে যে হারে বর্তমানে ট্যাক্স আছে সেই হার যে বর্ধিত হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে যেকথা বলা হয়েছে —

for additional reason for planning and development and other purposes

এর আগে পর্যন্ত একটা জিনিস আমরা লক্ষ্য করছিলাম যে ন্যাশনাল ইমারজেন্সির জন্য টাকার দরকার কাজেই ট্যাক্স বাড়াতে হবে। টাকার প্রয়োজনে যেভাবে পারা যায় টাকা আদায় করতে হবে। কিন্তু এবারে সেসব কথা বাদ দিয়ে পুরানো কথায় এসেছেন যে ডেভেলপমেন্টের জন্য টাকার দরকার। প্ল্যানিং-এর জন্য টাকার দরকার। স্যার, এই প্রসংগে দুই একটি কথা আমি আপনার সামনে রাখতে চাই। গত পনের বছর ধরে এই কথার উপরে জোর দিয়ে বাংলার সাধারণ মানুষের উপরে কোটি কোটি টাকা ট্যাক্সের বোঝা চাপান হয়েছে। উন্নতির জন্য,

ডেভেলপমেন্টের জন্য, প্ল্যানিং-এর জন্য—এই অজুহাত দিয়ে এ যাবত কাল নতুন ট্যাক্স আদায় করা হয়েছে। মাঝে চীন যখন ভারতবর্ষ আক্রমণ করল আমরা দেখলাম ন্যাশনাল ইমারজেন্সি অবস্থা চলেছে সুতরাং টাকার দরকার, ট্যাক্স বাড়ান হয়েছে। এখন আমার মনে হয় অবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, এখন আর জনসাধারণকে আর ন্যাশনাল এমারজেন্সির নাম করে জরুরীর অবস্থার সুযোগ নিয়ে আর ট্যাক্স চাপানো চলবে না এটা তারা বুঝেছেন। সেইজন্য বুদ্ধিমান অর্থমন্ত্রী তিনি আবার দেশের উন্নতির জন্য টাকার দরকার এইসব কথা বলতে আরম্ভ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত পনের বছর ধরে বাংলাদেশের কি পরিবর্তন হয়েছে আপনি তা জানেন। সাধারণ মানুষের জীবনযাত্রার মান দিনের পর দিন নীচে নেমে গিয়েছে। এই পনের বছর এর মধ্যে দুটো পরিকল্পনা কার্যকরী করা হয়েছে, তার জন্য বহু কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে, সাধারণ মানুষের কাছে থেকে বহু টাকা আদায় করা হয়েছে। কাজেই আমার সুস্পষ্ট অভিমত এই যে সরকারের যে নীতি তারা মুখে বলেন কার্যক্ষেত্রে তারা অন্যরকম করেন। তারা মুখে বলেন যে বড়লোকদের উপর ট্যাক্স বসান হচ্ছে কিন্তু আসলে সেই ট্যাক্স গরীব জনসাধারণ-এর কাছ থেকে আদায় করা হচ্ছে। আমি মনে করি এই বিলে যত ভাল কথাই বলা হউক আমরা জানি প্রথম পর্যায়ে ট্যাক্স বসানোর নীতি চালু থাকলেও যারা ব্যবসাদার তারা ট্যাক্স দেবে এটা ঠিকই কিন্তু ট্যাক্সের নাম করে জিনিসের দাম যে পরিমাণ ট্যাক্স তারা দেবে তার চেয়ে দুইগুণ তিনগুণ দাম বাড়িয়ে দেবে। এবং এইভাবে তারা বেশী মুনাফা করার সুযোগ নেবে। সেজন্য আমি মনে করি এই গুরুত্বপূর্ণ বিল বিশেষ করে সরকার যে অসীম ক্ষমতা নেবার যে অপচেষ্টা করছেন তা আমার মনে হয় সমর্থনযোগ্য নয়। এইজন্য আমি এই বিলটার বিরোধিতা করছি এবং জনমত প্রচারের জন্য আবেদন করছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে বিল আনা হয়েছে এতে আমার যে অ্যামেন্ডমেন্ট আছে জনমত গ্রহণের জন্য সেটা সমর্থন করার জন্য আমি দাঁড়িয়েছি। আমি মনে করি এই যে বিল আনা হয়েছে এতে জনসাধারণের গুরুতর ক্ষতি হবে। কারণ আজকে যদিও তাঁরা বলছেন যে উন্নয়ন পরিকল্পনাকে সাফল্যমণ্ডিত করার জন্য এবং দেশের জরুরী পরিস্থিতির জন্য বিশেষভাবে এই বিল আনা হয়েছে অর্থের প্রয়োজনে। কিন্তু আমি তাঁর কাছে প্রশ্ন করছি প্রকৃত প্রস্তাবে জনসাধারণের আর ট্যাক্স দেবার ক্ষমতা আছে কিনা? আজকে সাধারণ মানুষ, মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তের যে অবস্থা হয়েছে গ্রামের কৃষক শ্রমিকদের যে অবস্থা হয়েছে তাতে তাঁরা যে পারসেন্টেজ বাড়াতে চাচ্ছেন—৭-এর জায়গায় ১০ করতে চাচ্ছেন—তাতে কোথায় কি করবেন না করবেন ঠিক নেই। এ বিষয়ে তাঁর বিশেষ ক্ষমতা নিতে যাচ্ছেন। অর্থাৎ কোথায় তাঁরা বাড়াবেন সেই ক্ষমতা নিজের হাতে রাখায় জনসাধারণ আতঙ্কিত। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি গতবার যা ছিল ইন্ডাস্ট্রি অল ফরমস অফ রাইস, র অর কুকড সেখানে কুকড রাইস ১৷৷০ বেশীর যেখানে হবে সেখানে আবার সেলস ট্যাক্স বসবে। আজকাল যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে তার ২।১টা উদাহরণ দেব। কুকড ফুড আমরা দেখতে পাচ্ছি আজকার জিনিসপত্রের যে দাম তাতে ১৷৷০ যে-কোন জায়গায় যে-কোন হোটেলে এর কমে খাওয়া যায় না। সেখানে যদি সেলস ট্যাক্স বসানো হয় তাহলে সাধারণ মধ্যবিত্তের যে কি অবস্থা হবে সেটা আপনাদের চিন্তা করতে বলব। অথচ এইরকম কুকড রাইস-এর উপর কোনপ্রকার কিছু ছিল না। ম্যাচ তাঁরা বাদ দিয়ে দিয়েছেন। এইরকমভাবে অনেক জিনিস আছে যেটা বিস্তৃতভাবে আলোচনা করলে হয়ত তাঁরা বলবেন যে আমরা এসব ব্যাপারে কিছু চাচ্ছি না। বিলাস দ্রব্যের কথা ধরা যাক। আজকার বিলাস দ্রব্য হিসাবে এমন অনেক জিনিস আছে যা সাধারণ মানুষ নিত্য নৈমিত্তিক প্রয়োজনে জীবনের মান উন্নত করতে হলে সেগুলো ব্যবহার করে। আপনারা সেখানে কিভাবে ট্যাক্স ধার্য করবেন তা বোঝা কঠিন। এইভাবে তাঁরা যদি সর্বত্র ট্যাক্স ধার্য করেন তাহলে সাধারণ মানুষের জীবন দুরূহ হয়ে উঠবে। বিশেষতঃ আমরা দেখতে পাচ্ছি সেন্ট্রাল গভর্নমেন্ট যেমনভাবে কেরোসিন থেকে আরম্ভ করে সাবান, কাগজপত্র, পোস্টকার্ড ইত্যাদি দৈনন্দিন যেসব জিনিসপত্রের উপর এমনভাবে ট্যাক্স বাড়িয়েছে তাতে মানুষ কিভাবে বাঁচবে তাঁরা ভাবতে পারছে না মোটর-এর উপর ডিউটি বসাতে জিনিসপত্রের দাম বাড়লো, লরীর উপর ট্যাক্স বাড়ার ফলে কিংবা অন্যান্য বাস ভাড়ার বাড়ার ফলে মানুষ বিব্রত হয়ে পড়েছে। এর উপরও যদি সেলস ট্যাক্স বাড়াবার সুযোগ গ্রহণ করেন তাহলে

মানুষের জীবন আরও দুরূহ হয়ে উঠবে। সেজন্য আমি মনে করি তিনি সেলস ট্যাক্স না বাড়াবার চেষ্টা করুন এবং সেলস ট্যাক্স যারা ফাঁকি দিচ্ছে তাদের ধরার ব্যবস্থা করুন। নিশ্চিন্তভাবে আমরা বারবার আলোচনা করেছি যে ৫ কোটি থেকে ৬ কোটি টাকা সেলস ট্যাক্স ফাঁকি দেয়। আমি জানি আজ এই নিয়ে অনেক কেস চলছে। আপনার সামনে আমি ২।১টা কেস বলব। মোহনচাঁদ শেঠিয়া সম্পর্কে আজকে কোর্ট কেস চলছে—যার সঙ্গে ৮৩ জন লোক যুক্ত রয়েছে, যার সঙ্গে সেলস ট্যাক্স অফিসার যুক্ত রয়েছে। সেখানে হয়ত বহু লক্ষ লক্ষ টাকা খাটছে। এই অ্যাসেম্বলির ক্যানিং স্ট্রীটের সিরাজুদ্দীন সম্পর্কে বলেছিলাম যেটা নিয়ে লোকসভায় আলোচনা হয়েছিল। তারা প্রায় ৩ লক্ষ টাকা ফাঁকি দিয়েছেন এবং সেন্ট্রাল গভর্নমেন্টকেও কত টাকা ফাঁকি দিয়েছেন। আজকে যাই হোক আনন্দের কথা যে গভর্নমেন্ট সেখানে স্টেপ নিয়েছেন. তাকে গ্রেপ্তার ইত্যাদি করা হয়েছে এবং কেসও হবে। এইভাবে বিড়লা ব্রাদার্স-এর কথা বলি। বিড়লা গোষ্ঠীর ৩০।৩৫টা কোম্পানি রয়েছে যারা কোটি কোটি টাকা ফাঁকি দিচ্ছে।

[1-30—1-40 p.m.]

কিন্তু এইভাবে বিড়লা গোষ্ঠীর মধ্যে ৩০।৩৫টা কোম্পানি রয়েছে যারা কোটি কোটি টাকা ফাঁকি দেয় এবং বিড়লা বাড়ী রহস্যের কথা বহুবার আলোচনা হয়েছে। আজও মনে করি এইভাবে যদি সেল ট্যাক্স ধরতে পারেন, সততার সহিত আন্তরিকতার সহিত এসব করেন তাহলে জনসাধারণের উপর ট্যাক্স বাড়াবার কোন প্রয়োজন হবে না, এবং এইভাবে বলতে পারি যদি শুধু সেল ট্যাক্স বাড়াবার জন্যই নয়, আমি মনে করি এখনকার যে অবস্থা তাতে জনসাধারণের মনবলকে যদি ঠিক রাখতে হয় তাহলে ট্যাক্স কমিয়ে দেওয়া দরকার। আমি ইংল্যান্ড-এর কথা বলি, গত মহাযুদ্ধের সময় ও'রা ট্যাক্স কমিয়ে ছিলেন এবং সেখানে উৎপাদন বাড়াবার চেষ্টাও হয়েছিলো। উৎপাদন বাড়িয়ে জনসাধারণের হাতে যাতে পয়সা আসতে পারে তার চেষ্টা তাঁরা করেছিলো। এতে হয় কিনা এতে ক্ষমতা বেড়ে যায়। যদি উৎপাদন বাড়ে জনসাধারণের ক্রয় ক্ষমতা বাড়ে, এবং তাহলে স্বভাবতই গভর্নমেন্ট-এর আয়ও বাড়বে; এবং জনগণের মনের আনন্দে গভর্নমেন্টকে সমর্থন করবে আজ এ'রা জরুরী পরিস্থিতির নাম করে ট্যাক্স-এর বোঝা চাপিয়ে দেন। জনসাধারণকে একেবারে গলার টুঁটি টিপে মারবার চেষ্টা করেন। আমি বলি এতে তাহলে প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে, মানুষের মনোবল নষ্ট হয়ে যাবে। এই জন্য আমি মনে করি জরুরী পরিস্থিতি কথার চিন্তা করে এখন ট্যাক্স না বাড়িয়ে জনসাধারণকে ট্যাক্স মুক্ত করুন, এবং উৎপাদন যাতে বাড়ে তার চেষ্টা করুন। আমি যাতে উৎপাদন বাড়ে এবং গভর্নমেন্ট-এর রাজস্বে টাকা আসে সেজন্য বারবার দৃষ্টি আকর্ষণ করছি। আমি বারবার লবণের কথা বলেছি যাতে নাকি ১ থেকে ১৷৷৹ কোটি টাকা আয়। আমি সেদিন ম্যাঙ্গানিজের কথা বলেছিলাম—সে ম্যাঙ্গানিজের ব্যাপার হচ্ছে এই সিরাজুদ্দিনের কোম্পানী যেমন ম্যাঙ্গানিজের ট্যাক্স ফাঁকি দেয় তেমনি। ১৯৫৪ সালে এইরকম বেনামী ম্যাঙ্গানিজের ব্যবসা করবার জন্য কিছু লোক চেষ্টা করেছিলেন, এবং সেই ম্যাঙ্গানিজের কথা তুলেছিলাম বলে অনেক হৈ হৈ কান্ড প'ড়ে গিয়েছিল। কাজেই আপনারা দেখুন ও লক্ষ্য রাখুন যাতে ট্যাক্স ফাঁকি দিতে না পারে। আমি বিস্তৃত আলোচনা করবার দরকার মনে করছি না, কারণ এই ধারাবাহিক ধারাগুলি যদি দেখা যায় বিশেষ করে যে ধারাতে রাখা হয়েছে যে পার্সেন্টেজ বাড়াবার ক্ষমতা হাতে রাখবেন। কোন কোন জিনিসের উপর পার্সেন্টেজ বাড়াবেন এই যে মারাত্মক ধারা রাখা হয়েছে এ কোনপ্রকারেই থাকতে পারে না। গভর্নমেন্ট হাতে সর্বময় ক্ষমতা নিতে যাচ্ছেন, তাহলে বিধানসভার কি প্রয়োজন আছে? গণতন্ত্রের কি প্রয়োজন আছে? কাজেই আমি এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি ঐ অ্যামেন্ডমেন্ট তাঁরা মেনে নেবেন যাতে অন্তত জনমত প্রচারের জন্য এটাকে ৩০এ জুন পর্যন্ত প্রচারের ব্যবস্থা করতে বলছি। তাঁরা এটাকে কার্যকরী করলে, অন্তত জনসাধারণ জানুক ট্যাক্স বাড়াতে চায় কিনা - বর্তমানে ট্যাক্স বাড়ানো উচিত কিনা। এ ছাড়া যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে যে তাকে ধরে রাজস্ব যদি বৃদ্ধি করতে পারি তাহলে এটার কোনরকম প্রয়োজনীয়তা আছে বলে মনে করি না। আমি এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Radha Krishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সদস্যই অনেক কিছু বলেছেন, আমি মফঃস্বলের চিকিৎসক হিসাবে দু-একটা কথা বলব, সাধারণ মানুষের যা অত্যন্ত কষ্টের জিনিস তার নীতিগত কথা বলব। প্রথম হচ্ছে, মাননীয় সদস্যরা সকলেই জানেন দেশ থেকে আজকে ম্যালেরিয়া চলে গেছে। কিন্তু টিউবারকিলোসিস ও অন্যান্য রোগ দেখা দিয়েছে এবং পেনিসিলিন এবং স্ট্রেপটোমাইসিন—যা সরকার বলছেন যে কম দামে লোককে দিতে পাচ্ছি ও দেবার চেষ্টা করবো। আমি মন্ত্রি-মহাশয়কে বলবো গভর্নমেন্ট-এর পিম্পরিতে যে পেনিসিলিন ফ্যাক্টরি আছে সেখানে ১৮ নঃ পঃ করে এ তৈরি করতে লাগে আর আমরা পাই ৮ আনা ৯ আনা করে এখানে গভর্নমেন্ট ১৭৭ পারসেন্ট লাভ করছে। আজকে আমাদের দেশের অবস্থা কি? আমি মন্ত্রীকে বলবো অন্ততঃ পেনিসিলিন ও স্ট্রেপটোমাইসিন এ সমস্তের উপর সেলস ট্যাক্স কমিয়ে দেওয়া হোক। আপামর জনসাধারণ এই দুটোর উপর নির্ভর করে থাকে। আর একটা কথা বলবো এই সমস্ত লাইফ সেভিং ড্রাগকে লাক্সারি গুডস হিসাবে ধরা হয়েছে এবং আমাদের দেশে গণ্য করা হচ্ছে। আজকে আমাদের দেশের লোক এক্স-রে করতে না পারায় টিউবারকিলোসিস-এ মারা যাচ্ছে। সেখানে গভর্নমেন্ট-এর উচিত প্রত্যেক পাড়াগাঁয়ে যে এক্স-রে প্ল্যান্ট-এর ব্যবস্থা করা। বর্তমানে এক্স-রে প্ল্যান্ট-এর উপর সেলস ট্যাক্স নিচ্ছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এটা থেকে ট্যাক্স বাদ দেওয়া হোক। আমি ৭ পারসেন্ট সেলস ট্যাক্স আজ লাক্সারি গুডস দিয়ে এক্স-রে প্ল্যান্ট কিনেছি। এটা আমার কাছে আছে। আমি অর্থমন্ত্রী মহাশয়কে দেখাতে পারি, আমি জীবনের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করবো এটার বিষয় দেখুন। এক্স-রে প্ল্যান্ট যন্ত্রটাকে লাক্সারি গুডস হিসাবে ধরা হয়েছে। তাই আমি অনুরোধ করবো এটা থেকে যেন ট্যাক্স বাদ দিয়ে দেওয়া হয়। আমি নিজে ৭ পারসেন্ট ট্যাক্স নিয়ে জি ই সি থেকে কিনেছি আমি জানি না কেন এটাতে ৭ পারসেন্ট ট্যাক্স করা হোল। যেগুলো কমন মেডিসিন তা থেকে ট্যাক্স বাদ দেবার জন্য অনুরোধ করি। যদি চ্যালেঞ্জ করেন আমি দেখাতে পারি কাগজ-পত্র—আমি কারও কথা শুনে বলছি না আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি আপনি সন্ধান নেবেন। উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি পুনরায় অনুরোধ করবো যেগুলো কমন মেডিসিন লাইফ লাকসারি গুডস সেগুলো থেকে সেলস ট্যাক্স কমিয়ে দিন আমি বাদ দিতে বলি না—যেন সেগুলোকে লাকসারি গুডস হিসাবে যেন গণ্য করা না হয়। এক্স-রে প্ল্যান্টকে যেন লাকসারি গুডস না বলা হয় এই হচ্ছে আমার শেষ কথা।

শ্রীতরুণকুমার সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয় অর্থমন্ত্রী শ্রীশংকরদাস ব্যানার্জি মহাশয় সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবের উপর আমি দু-চারটি কথা বলতে চাই। বিশেষ করে আমি প্রথমেই বলতে চাই যে এই সংশোধনীর মধ্য দিয়ে যে নীতি চালু করতে যাচ্ছেন বাংলাদেশে সে সম্বন্ধে অনেক বন্ধুই আমার আগে বলেছেন। এতে আমি মনে করি এটা অত্যন্ত অগণতান্ত্রিক। এবং এর মাধ্যমে বলতে চাই যে বাংলাদেশে বিধান আছে বলে এবং ভবিষ্যতে থাকবে বলে মনে হচ্ছে না। আমি একটি উদাহরণ দিয়ে বলতে চাই সেটা হচ্ছে যে আজকে যেভাবে সেলস ট্যাক্স ফাঁকি দেওয়া হয় সেটার যদি প্রতিরোধ করার ব্যবস্থা হোত তাহলে বোধ হয় এই আইনের কোন পরিবর্তন দরকার হোত না। আমি সরকারী তথ্য থেকে দেখাচ্ছি যে ১৯৫৯-৬০ সালে সেল ট্যাক্স বাবত সরকার একচুয়েল যে আদায় করেছে তার অঙ্ক হচ্ছে এই ১৭ কোটি ১১ লক্ষ ৪৮ হাজার টাকা। ১৯৬০-৬১ সালে সরকার আদায় করেছে ১৯ কোটি ৭০ লক্ষ ১২ হাজার টাকা। ১৯৬১-৬২ সালে আদায় করেছে ২১ কোটি ৪৫ লক্ষ ৬ হাজার টাকা। সুতরাং এর যে আদায় এটা ঊর্ধ্বমুখী। এবং আমি মনে করি এটা যদি বন্ধ করতে পারতো সরকার তাহলে এই বিল আনার দরকার হত না এবং লোকের উপর অযথা ট্যাক্স বসানো হোত না। কেন হচ্ছে না—আমার যেটা মনে হচ্ছে সেটা হচ্ছে ১৯৪১ সালে যে আইন পাশ হয় বেঙ্গল ফিনান্সিয়াল (সেল ট্যাক্স) অ্যাক্ট—তাতে যে একটা নিয়ম ছিল বা যে একটা কথা বলা হয়েছিল যে রেজিস্টার্ড ডিলার তাদের একটা তালিকা সরকার টাইম টু টাইম বার করবে। ১৯৪৮ সালের পর আজ পর্যন্ত সরকার কোন রেজিস্টার্ড ডিলারদের লিস্ট বার করতে পারেন না। ১৯৪৮ সালের পর বাংলাদেশের লোক যদি জানতে চায় বাংলাদেশে কারা কারা রেজিস্টার্ড ডিলার তার কোন হদিস পাবে না। তার ফলে কি হচ্ছে? তার ফলে হচ্ছে এই যে বাংলাদেশের

যারা ক্রেতা বা যারা ব্যবসাদার তারা জানতে পারছেন না কে রেজিস্টার্ড ডিলার এবং অনেক লোকই রেজিস্টার্ড ডিলার নয় কেউ হয়তো সরকারকে সেলট্যাক্স জমা দেয় না সে নিজে রেজিস্টার্ড ডিলার বলে যারা বায়ার তাদের কাছ থেকে সেল ট্যাক্স আদায় করছে এবং সেটা পকেটস্থ করছে সরকারের কাছে পৌঁছোচ্ছে না। সুতরাং এইটা যদি সংশোধনী করা হোত এর যদি একটা ব্যবস্থা করা হোত যে প্রতি বছর বছর রেজিস্টার্ড ডিলারের অন্তত একটা লিস্ট সরকার বার করবে তাহলে ব্যবসাদারদেরও সুবিধা হোত -এবং আমরা যারা জিনিস কিনি আমাদেরও সুবিধা হোত। লোকেও বুঝতে পারতো কে ফাঁকি দিচ্ছে বা না দিচ্ছে। আমরা অনেক সময় শুনি বা খবরের কাগজে দেখি যে সরকারী কর্মচারীরা ঐ সমস্ত বড়বাজার এলাকায় ঐ সমস্ত কটন স্ট্রীটে ঢুকতে পারে না। যদি বলি যে এই লিস্ট ইচ্ছা করে করা হচ্ছে না—এতে করে যাতে বাংলাদেশের লোক বুঝতে না পারে যে ঐ বড়বাজার এলাকায় কত লোক সেল ট্যাক্স ফাঁকি দিচ্ছে। তা থেকে অন্ধকারে রাখার জন্য এই লিস্ট ছাপা হচ্ছে না। বা বললে কি যুক্তি দেবেন তা আমি জানি না। কিন্তু আমি বলে যাচ্ছি এখানে যে উদ্দেশ্যমূলকভাবে এই লিস্ট ছাপানো হচ্ছে না। যদি এই লিস্ট ছাপানো হোত তাহলে কি হোত? তাহলে হয়তো লোকে বুঝতে পারতো যে এরা এরা রেজিস্টার্ড ডিলার অন্তত এই এই জায়গায় তারা ফাঁকি দিচ্ছে এবং জনসাধারণও তা বুঝতে পারতো। এর ফলে আরও অন্য জিনিস দাঁড়াচ্ছে। এর ফলে যারা সাধু ব্যবসায়ী এবং রেজিস্টার্ড ডিলার যারা ট্যাক্স দেয় তাদের কাছ থেকে নিশ্চয়ই অনেক সময় সেল ট্যাক্স ডিপার্টমেন্ট কমপ্লেন পান যে যে দামে ব্যবসা করলে লাভ হয় তার চেয়ে অনেক কম দামে যে রেজিস্টার্ড ডিলার নয় সে বিক্রি করছে এবং তার ফলে তাকেও দাম কমাতে হচ্ছে এবং তাকে অসাধু পথে যেতে হচ্ছে এই অবস্থা হচ্ছে।

[1-40—1-50 p.m.]

সুতরাং এই আইনকে কোন পরিবর্তন না করে যদি একটা লিস্ট তাঁরা করতেন এবং প্রতি বছর ছাপাবার ব্যবস্থা করতেন, তাহলে আমি মনে করি বাংলাদেশে সেল ট্যাক্স-এর আয় আরো বেড়ে যেত। সরকার হয়ত বলবেন এতবড় রিস্ক নেওয়া সম্ভব নয়। আমি বলবো টেলিফোন ডাইরেক্টরী কি করে বের হয়? রেজিস্টার্ড ডিলার্সদের লিস্ট যদি বের করা হয়, তাহলে লিস্ট ধরে ধরে অনায়াসে এই টাকা আদায় করা যাবে এবং কোন বিল আনারই প্রয়োজন হবে না। এইটাই হচ্ছে আমার বক্তব্য।

The Hon'ble Sankardas Banerji: Sir, I don't think my friends sitting opposite have understood the thing. As I told you, the whole idea is primarily to tax goods at the first point so that there can be no evasion at all. Question of registration, question of granting certificates and all these things do not arise at all. We want to stop all these because you know that these declaration forms have been forged, sold and misused to the detriment of the country and the State revenue. We want to stop all that. I have heard with respect when the members sitting in the opposition benches repeatedly asserted that "You must plug up evasion." So, I thought that it was my primary duty to do so. That is—I told you right at the start—the idea of every member of the legislature who thinks rightly and that is what the Bill has been designed to do. Very rightly the honourable members have asked me, "You have not mentioned in the body of the Act what you are going to tax at the first point." I think I have deliberately kept it flexible but it is my duty to explain to the honourable members of this House what are the things which I propose to tax at the first point. Things are: Paper for instance—Titagurh Paper Mill is producing paper, Bengal Paper Mill is producing paper, and we go and tax them right in the Factory, and therefore, there is no question of evasion at all. Secondly, aluminium wares. As I told you, Dr. Bhattacharya, aluminium wares are manufactured in a large scale by some factories and we want to go right there and tax. Thirdly, tyres and tubes. You know of Dunlop Factory—we want to impose our sales

tax right at the first point there so that the blackmarketing that goes on with tyres and tubes may be stopped. Fourthly, the dry cell battery—that is a thing manufactured in the Indian Oxygen Company. You can go and tax it there. That is not absolutely an essential thing. You find large number of dry cell batteries are used. The amount proposed and intended will not be heavy at all. These are the principal things which, although I have not mentioned in the body of the Act, normally poor people do not use. I do admit that in mufassils now-a-days fashionable young people go out with torches and so on, but so far as people are concerned it is taxable. Not that it is free of taxes but we only want that instead of taxing at the last point we want to tax at the first point.

The next thing that I wish to tell the honourable members is this. You have said, "You can do this by notification, why have you brought a fresh Bill?" That certainly merits an answer. The reason is this. The Act of 1954 provides that you cannot charge anything more than 3 per cent. it was rigidly fixed. I think that there should be some flexibility about it. That is why we want to make the Act of 1954 flexible. By this amendment of the Act that rigidity of 3 per cent. is being removed.

Dr. Kanai Lal Bhattacharya: You can do it by adding schedules.

The Hon'ble Sankardas Banerji: It is not possible. It is pure question of law. I have examined it myself and my department has examined it. The whole thing is designed to bring about flexibility. We are not going to increase anything more than 5 per cent. which was provided by the Act of 1941 itself. I think I have devoted some time on it.

Dr. Kanai Lal Bhattacharya: You should have stated the increase in the schedule.

The Hon'ble Sankardas Banerji: If you had devoted the same time as myself you would have come to the same conclusion.

The third point is: Some of my friends opposite have been saying that this is destructive of democracy as you are taking into your hands powers which practically do away with the idea of Legislative Assembly. That is what has been said. I was trying to find out whether we only are doing it or whether there are other States where the same laws are there. I looked into them and found that in Bihar, the Bihar Sales Tax Act, 1959, section 6, sub-section (1) and (2) is in this direction: The State Government may, from time to time by notification and subject to such conditions and restrictions as it may impose, fix a higher rate not exceeding 9 per cent. That is to declare goods by notification fixing a higher rate not exceeding 9 per cent. or a lower rate not below 2 per cent. The Sales Tax Act of Uttar Pradesh, section 3, second proviso states: The State Government may by notification enhance the rate of tax not exceeding 3 per cent. and may likewise diminish it. In Orissa, Madhya Pradesh, Rajasthan, in every State there are similar provisions.

Dr. Kanai Lal Bhattacharya: Everywhere there is a limit.

The Hon'ble Sankardas Banerji: In Bihar there is a limit of 9 per cent. We have made categorical assurance that 5 per cent. limit will not be exceeded as was provided by the Act of 1941. But the making of 3 per cent. or 4 per cent. is a thing which I do not agree. I have made it quite plain that this State needs money. I have never tried to canceal the fact that we need money. I shall never give up the plea that the State needs money. But primarily if I tax motor-car tyres and tubes, paper, aluminium ware at the first point, I do not think that anybody can

justifiably oppose. If you wish to oppose it, you can do it because every taxation bill is opposed by the Opposition. I never expect that you will not do it. I have made my position more than clear that the commodities which are are going to tax at the first point will not touch the poor people. Even if it does, it does in very, very minor point. It is an essential thing for the welfare of the State that this measure should be taken.

With these words, Sir, I am opposing the motions for circulation.

[1-50—2 p.m.]

The motion that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:

NOES 73

Abdul Gafur, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, The Hon'ble Syamadas
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahtab Chand
Dasadhikari, Shri Radha Nath
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Haldar, Shri Haralal

Hansda, Shri Debnath
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Khamrai, Shri Niranjan
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Anil
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sisharam
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pramanik, Shri Rajani Kanta
Ray, Dr. Anath Bandhu
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarker, Shri Narendra Nath
Sen, The Hon'ble [illegible] Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsul Bari, Shri Syed
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Jaynarayan
Sinha, Shri Phanis Chandra
Thakur, The Hon'ble Promatha Ranjan

AYES 33

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syead
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 33 and the Noes 73, the motion was lost.

The motion of the Hon'ble Saukardas Banerji that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and 4

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agred to.

Preamble

The question that the preamble do tand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: I move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, as settled in the Assembly be passed.

Shri Hemanta Basu:

স্যার, যে আইন আজকে এখানে উপস্থিত করা হয়েছে এই আইন সম্বন্ধে আমাদের তীব্র বিরোধিতা আছে। যেভাবে ফার্স্ট পয়েন্টএ যে ৩ পারসেন্ট ট্যাক্সের ব্যবস্থা ছিল আর লাস্ট পয়েন্টএ সে ৫ পারসেন্টের ব্যবস্থা ছিল সেটা খুব যুক্তিসংগত ছিল; বিজ্ঞানসম্মত ছিল। কিন্তু এই আইনের দ্বারা সরকার ৩ পারসেন্টের থেকে ৫ পারসেন্ট, ৫ পারসেন্ট থেকে এবং ইচ্ছা করলে যে-কোন পারসেন্টেজ তাঁরা এই ট্যাক্স তুলতে পারবেন। শঙ্করদাসবাবু এইমাত্র বিভিন্ন প্রদেশের যে সেলস ট্যাক্স আইন দেখালেন এবং তার যেখানে যেখানে পারসেন্টেজ ঠিক করা আছে সেখানে কোন জায়গায় আনলিমিটেড পাওয়ার দেওয়া হয়নি। সেখানে একটা লিমিট করা আছে। কাজেই তিনি এখানে একটা আনলিমিটেড পাওয়ার চাইছেন। যদি একটা লিমিট করে দিতে পারতেন তাহলে আমরা বুঝতে পারতাম। কাজেই সরকারের হাতে যে এইরকম অবাধ ক্ষমতা, আমরা নিশ্চয়ই এর বিপক্ষে। কাজেই সেদিক থেকে নিশ্চয়ই এই বিলকে আমরা বিশেষভাবে প্রতিরোধ করতে চাই। এইমাত্র ট্যাক্সের ব্যাপারে তাঁর মনের কথা আমরা বুঝতে পারলাম, যে কোন জিনিসের উপর তিনি ট্যাক্স বসাবেন। আপনারা সকলেই জানেন, স্যার, এই যে সেলস ট্যাক্সের ব্যাপার নিয়ে খরিদ্দারেতে দোকানদারেতে অনবরত একটা গোলমাল চলে। খরিদ্দাররা সেলস ট্যাক্স দিতে চায় না এবং দোকানদাররা সেই সেলস ট্যাক্স আইনমত ট্যাক্স আদায় করতে হয়, অনেক সময় তারা আদায় করতে পারে না। এবং এই সামান্য সেলস ট্যাক্সের ব্যবস্থা করবার জন্যে তাদের নানা রকম ব্যবস্থা রাখতে হয়। হিসাব রক্ষক রাখতে হয়, কেরানী রাখতে হয়, নানা অসুবিধার মধ্যে দিয়ে এই সেলস ট্যাক্সের আইন অনুসারে তাদের কাজ করতে হয়। কাজেই সেদিক থেকে এই সেলস ট্যাক্সের যেভাবে আপনাদের ব্যবস্থা আমাদের অর্থমন্ত্রী করলেন, একটা কথাই বলেছেন যে বিটলনাট, আমাদের দেশের গ্রামের লোক, সাধারণ লোক যাঁরা পান খান, কিন্তু যদি এই বিটলনাটের উপর ট্যাক্স চাপানো হয় তাহলে নিশ্চয়ই সাধারণ লোকের যে অত্যধিক কষ্ট হবে সে বিষয়ে সন্দেহ নেই। কাজেই সরকারের উপর, এই যে একটি উদাহরণ দিয়েছেন, এতেই বেশ আমরা বুঝতে পারছি যে সরকার ক্ষমতা নিয়ে তাঁরা কিভাবে জিনিসপত্রের উপরে ট্যাক্স চালু করবেন। তাঁরা বলছেন যে মাত্র লাকসারি গুডসের উপরেতেই তাঁরা ট্যাক্স চালু করবেন, কিন্তু লাকসারি গুডসের নামে যে অনেক জিনিসের উপর তাঁরা যে ট্যাক্স চালু করবেন এই ক্ষমতা নেবার ফলেই আমরা বুঝতে পারছি। সরকার যদি মনে করতেন যে তারা যেসমস্ত জিনিসের উপর ট্যাক্স চালু করতে চান, ধার্য করতে চান, এর আগে সেলস ট্যাক্সের অনেক অ্যামেন্ডমেন্ট হয়েছে, নূতন নূতন জিনিস সিডিউলএ ধরা হয়েছে কাজেই শঙ্করবাবু যদি মনে করেন যে আরো অনেক জিনিসের উপর তাঁরা ট্যাক্স চাপাতে চান, কোন কোন জিনিসের উপর চাপাতে চান সেটা সিডিউল করে এই হাউসের কাছে সেটা উপস্থিত করলেই ভাল ছিল। যদি তিনি মনে করতেন যে না, অনেক জিনিস বাদ গিয়েছে তাহলে যেমন হাউসএ অনেক অ্যামেন্ডমেন্ট হয়েছে যে অ্যামেন্ডমেন্টের উপর, একটা নেবুর, লুংগীর উপর, ফলের উপর ট্যাক্স চাপানো হয়েছে, আমাদের প্রতিরোধ সত্ত্বেও তা চাপানো হয়েছে—কাজেই সেটা আইন করেই চাপানো হয়েছে, কিন্তু তার অনেক আমরা প্রতিবাদ করেছি, কাজেই সেদিক থেকে যদি সেইরকম ঐ নেবুর উপর ট্যাক্স চাপান, ঐভাবে যদি ট্যাক্স চাপান হয় এবং আমরা ভয় করছি যে সরকার ক্ষমতা নিয়ে এই সমস্ত জিনিসের উপর ট্যাক্স চাপাবেন যাতে বাস্তবিকই দেশের জনসাধারণ অত্যধিক কষ্ট এবং অসুবিধায় পড়বে। কাজেই সেই দিক থেকে এই ধারাটি, এই যে সরকারের অবাধ ক্ষমতা দেবার ধারাটি আমরা নিশ্চয়ই এর প্রতিবাদ ও প্রতিরোধ করতে চাই। সেইজন্যই শঙ্করবাবুকে বলছি যে তিনি যে আইন এনেছেন এই আইনে যেসমস্ত জিনিসের উপর ট্যাক্স চাপাতে চান সেটাকে সিডিউল করে দিন যে এইসব জিনিসগুলির উপর ট্যাক্স চাপাবো এবং এত পারসেন্ট আমরা চাপাবো। কিন্তু তা না করে এইরকম অবাধ ক্ষমতার আমরা সম্পূর্ণ বিরোধী। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2—2-10 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে যুক্তি দেখালেন সেটা আদৌ গ্রাহ্য নয়। তিনি বলছেন এই যে নতুন সংশোধিত বিল, এই বিল পাস্ হয়ে গেলে এর থেকে ১৮ লক্ষ টাকা সেলস ট্যাক্স বাবত তাঁরা পাবেন। ১৮ লক্ষ টাকার কত ভাগ সুপারি জাতীয় জিনিস থেকে সেলস ট্যাক্স হিসাবে আসবে এবং কত ভাগ বিলাস দ্রব্যের উপর ট্যাক্স হিসাবে আসবে সেই কথা তিনি অবশ্য বলেন নি। কিন্তু এই সংশোধনী বিলের ভিতর থেকে পরিষ্কার বুঝতে পারা যায় কিভাবে সেই টাকাটার ব্যবস্থা হচ্ছে। প্রথম কথা হচ্ছে, একথা ঠিক সেলস ট্যাক্স ইভেশন যদি বন্ধ করতে হয় অর সেলস ট্যাক্স আদায় বাবত খরচ কিছু কমাতে হয় তাহলে ফার্স্ট পয়েন্ট সেলস ট্যাক্স বসানো হোক, লাস্ট পয়েন্টএ না বসিয়ে। কোন জিনিসের উপর আমি সেলস ট্যাক্স বসাব তার যে তালিকা সেই তালিকা আইন সভায় তাঁর রাখা উচিত ছিল। সরকার কোন কোন জিনিসের উপর সেলস ট্যাক্স বসাবেন এই বিল অনুসারে সেটা তাঁরাই ঠিক করবেন এখানে একথা বলা হচ্ছে, এবং এর ফলে তিনি যে দৃষ্টান্ত দিয়েছেন তা থেকে পরিষ্কারভাবে বুঝা যায় জনসাধারণের নিত্যপ্রয়োজনীয় জিনিসের উপর সেলস ট্যাক্স বসবে এবং ফার্স্ট পয়েন্টএ সেলস ট্যাক্স বসালেও তার দরুন জিনিসপত্রের দাম বেড়ে যাবে। সুতরাং এক কথায় বলা যায় নিত্য ব্যবহার্য জিনিসপত্রের উপর সেলস ট্যাক্স-এর সম্ভাবনা বাড়ছে এবং তার থেকে মূল্যবৃদ্ধির সম্ভাবনাও বাড়ছে। আগেকার আইনে পরিষ্কারভাবে বলা হয়েছিল, তার মধ্যে কতগুলি সিডিউল করা ছিল, এগুলি সেলস ট্যাক্স-এর বহির্ভূত, এর উপর ট্যাক্স বসবে না এবং আরেকটা সিডিউল আছে, এগুলির উপর ট্যাক্স বসবে। আজকে সরকার নিজের হাতে এই ক্ষমতা নিচ্ছেন যে, সিডিউল-এর অন্তর্ভুক্ত কোন জিনিসের উপর যদি ফার্স্ট পয়েন্টএ সেলস ট্যাক্স বসাতে হয় সেটা শুধু ৩ পারসেন্ট নয়, তার চেয়েও বেশি পারবেন। সরকারের হাতে এই ক্ষমতা থাকায় আজ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি ঘটবে যে কারণে এই বিল সম্পর্কে আমাদের আপত্তি আছে। আমরা চেয়েছিলাম এই বিল জনমত নির্ধারণের জন্য সার্কুলেশনে দেওয়া হোক, কিন্তু তা হচ্ছে না। আমরা আশ্চর্যান্বিত হয়ে যাচ্ছি বারবার করে বিরোধীপক্ষ থেকে বলা সত্ত্বেও গভর্নমেন্ট এই ব্যাপারে এমন একটা নীতি গ্রহণ করেছেন যার ফলে মূল্যবৃদ্ধির আশংকা দেখা দিয়াছে এবং জনসাধারণের উপর সোজাসুজিভাবেই হোক বা ঘুরিয়ে [illegible] ট্যাক্সের বোঝা [illegible] চলেছে। আমাদের আপত্তির [illegible] কারণ হল এই যে, সরকার নিজের হাতে ক্ষমতা রেখে [illegible] কমোডিটির উপর সেলস ট্যাক্স বসাবেন এবং [illegible] জনসাধারণের উপর [illegible]। [illegible] আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে [illegible] আমাদের সামনে যে সেলস ট্যাক্স বিল [illegible] এনেছেন সে সম্বন্ধে কিছু আলোচনা করতে গিয়ে আমার মনে হচ্ছে এই কথা [illegible] তাঁদের [illegible] এমন একটা [illegible] বাংলাদেশের সাধারণ [illegible] করে। [illegible] ট্যাক্স করেছেন [illegible] বাংলাদেশের মানুষের [illegible]। [illegible] উপর শংকরবাবু যে সেলস ট্যাক্স [illegible] কতখানি টিকে থাকতে পারবে সেটা সন্দেহের [illegible]। শংকরবাবু লাকসারি গুডস এর উপর যে ট্যাক্স বসাবেন তার কোন নির্দিষ্ট তালিকা আমাদের সামনে পেস করেন নি। লাকসারি গুডস-এর মধ্যে কোন কোন জিনিস পড়বে সেটা নির্ভর করবে দৃষ্টি-ভংগীর উপর, যেমন, মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন চাল খেয়োনা, গম খাও। এখন চাল খাওয়াও বিলাসের পর্যায়ে পড়ছে। কালকে যদি শংকরবাবু চালের উপর সেলস ট্যাক্স বসিয়ে দেন তাহলে আমাদের কি অবস্থা হবে সেটা বুঝতেই পারছেন। কিছুদিন আগে এক মন্ত্রী বলেছিলেন, ধুতি পরো না হাফ প্যান্ট পরো। তাই শংকরবাবুর কাছে আমার বক্তব্য হচ্ছে, লাকসারি গুডস-এর তালিকা তিনি পেস করুন যদি আমাদের সাংসারিক নিত্য প্রয়োজনের মধ্যে যেগুলি না পড়ে তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে সমর্থন করব। ডাঃ রাধানাথ সিংহ বলেছেন, তিনি একটা এক্স-রে প্ল্যান্ট কিনেছেন, কিনবার সময় তাঁকে ৭৷৷০ পারসেন্ট ট্যাক্স দিতে হয়েছে। এক্স-রে

প্ল্যান্ট এটাও লাকসারি গুডস-এর মধ্যে পড়েছে। শঙ্করবাবু বলেছেন সুপারির উপর ৩ পারসেন্ট ট্যাক্স হবে। নর্থ বেঙ্গল-এ বড় বড় জোতদারদের সুপারির বাগান আছে, সুপারি বিক্রী করে তারা বছরে হাজার হাজার টাকা কামায়। কিন্তু তাঁদের উপর ৩ পারসেন্ট ট্যাক্স বসিয়ে আদায় করবার কি ব্যবস্থা আছে আমি শঙ্করবাবুর কাছে জানতে চাই, এবং আশা করি শঙ্করবাবু এর উত্তর দেবেন। উত্তরবঙ্গে যেসমস্ত সুপারির বাগান আছে তাদের মালিকের কাছ থেকে কিভাবে আদায় করবেন তিনি যেন সেটা বলেন। যেসমস্ত মহাজনদের কংগ্রেসের সঙ্গে গাঁটছড়া বাঁধা আছে তাদের থেকে যদি না আদায় করতে পারেন তাহলে ১৮ লক্ষ টাকা কেন, ৮ টাকাও তুলতে পারবেন না।

[2-10—2-20 p.m.]

আর যদি গাঁটছড়া বন্ধ মুক্ত হয়ে শেষকালে মানুষের মত মাথা তুলে দাঁড়াতে পারেন তাহলে আমরা মনে করি ১৮ লক্ষ টাকা কেন ৫৮ লক্ষ টাকা বেরিয়ে আসতে পারে। আজকে পেপারে দেখলাম এবং এই হাউসে অনেক আলোচনা হয়েছে ম্যাঙ্গানিজ কোম্পানী নিয়ে। তারা বহু লক্ষ লক্ষ টাকা ফাঁকি দিয়েছে এবং সাপ্তাহিক লোকমত পত্রিকায় উঠেছে যে কেন্দ্রীয় মন্ত্রী তাঁদের কাছ থেকে প্রচুর উৎকোচ গ্রহণ করেছেন। এটা নিয়ে পার্লামেন্টে একটা আলোচনা সৃষ্টি হয়েছে, এই হাউসেও আলোচনা হয়েছে। আজকে পেপার দেখলাম সিরাজুদ্দীনকে অ্যারেস্ট করা হয়েছে। সিরাজুদ্দীন সাহবের শঙ্করবাবু একজন লিগ্যাল অ্যাডভাইসার ছিলেন। গতকাল তাঁহার ভাই সিদ্ধার্থবাবু আদালতে বলেছেন যে সিরাজুদ্দীন সাহেবকে ছেড়ে দেওয়া হোক, উনি নাকি খুব ভাল লোক, ওঁকে হ্যারাস করা কোন মানে হয় না এখানে প্রশ্ন উঠেছে সিরাজুদ্দীন সাহেব যে লোকটা আমাদের আর্থিক দুর্দশাক্লিষ্ট পশ্চিম বাংলার ৩ লক্ষ টাকা ফাঁকি দিল সেই সিরাজুদ্দীন সাহেবকে বেল দেওয়া হোল অথচ যদি দেখা যায় আমরা যদি কোন কিছু বলতে চাই যে বর্তমানে সেল ট্যাক্সের উৎপীড়ন আমাদের উপর বোঝা হয়ে দাঁড়িয়েছে তাহলে আমাদের অ্যারেস্ট করা হবে এবং আমরা বেল পাবো না অথচ যে লোকটা তিন লক্ষ টাকা ফাঁকি দিল—কালকে তাকে জামিন দেওয়া হোল কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী কে ডি মালব্য কলকাতায় এসেছিলেন এবং তিনি সিরাজুদ্দীন সাহেবের সঙ্গে দেখা সাক্ষাৎ করেন। আমরা জানি কে ডি মালব্য এই সিরাজুদ্দীন সাহেবের কাছ থেকে হাজার হাজার টাকা ঘুষ নিয়েছে। কাজেই [illegible] যাই করুন যদি [illegible] হচ্ছে এই সব টাকা [illegible] না করেন তাহলে আপনাদের [illegible] কিছুই আসবে না। মুখ্যমন্ত্রী [illegible] সরকার [illegible] এসেছেন [illegible] নির্বাচনের আগে [illegible] মন্ত্রী নিজে ৫০ লক্ষ টাকা নিয়েছিলেন এবং [illegible] ১০ লক্ষ টাকার মত নিয়েছিলেন। এই সমস্ত [illegible] আছে। সেজন্য আমরা শঙ্করবাবুকে একটা কথা বলতে চাই যে [illegible] দিকে আপনারা নজর দিন [illegible] জিনিস যেগুলো সাধারণ মানুষ [illegible] চলবে। শেষ সময়ে আমি [illegible] একটা কথা বলতে চাই [illegible] এই যে এই সব টাকা আমাদের [illegible] কিভাবে আসতে পারে সেইভাবে আপনি বলুন এবং আমার মনে হয় একটা তদন্ত কমিটি করুন। বাংলাদেশের অনেক অর্থনীতিবিদ আছেন তাঁদের সঙ্গে বসে দেখুন যে কোথা থেকে কোন কোম্পানীর কাছ থেকে কিভাবে টাকা আদায় করা যেতে পারে এবং আমার মনে হয় সেইদিক থেকে আপনি যদি চিন্তা করেন তাহলে বহু টাকা আসতে পারে। এমারজেন্সী পিরিয়ডই বলুন বা পরিকল্পনার জন্যই বলুন সেই টাকাগুলো আমরা সংগ্রহে লাগাতে পারি—কিন্তু আপনাদের সদিচ্ছার উপর আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে, আমাদের অনাস্থা যথেষ্ট রয়েছে—আমি আশা করবো যে আমাদের এই সন্দেহ এবং অনাস্থাকে আপনি কাটাবার চেষ্টা করবেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, যে প্রশ্ন আমি আমার প্রথম বক্তৃতার সময় করেছিলাম তার কোন জবাব অর্থমন্ত্রীর কাছ থেকে পাইনি। সেটা হচ্ছে এই যে আমরা ঠিক বুঝতে পারলাম না যে ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন করতে গেলে তাদের এই ট্যাক্সেশন-এর পরিবর্তনের কি প্রয়োজন আছে? ফাস্ট পয়েন্ট ট্যাক্সেশন-এর ব্যাপারে আজকে এক্জিসটিং আইন যা আছে তাতে লাস্ট পয়েন্ট থেকে ফাস্ট পয়েন্ট-এ আনা যায় এবং তাতে আনলে সরকারের কোন কিছু ক্ষতি হচ্ছে না। একথা আমি বলেছি এবং একথা ও'রাও স্বীকার করেন যে লাস্ট পয়েন্ট থেকে ফাস্ট পয়েন্ট-এ আনতে গেলে কোন কিছু ক্ষতি হয় না, বরং তাতে জনসাধারণের কিছুটা ট্যাক্স রিলিফ পাবার চান্স আছে। কিন্তু এই প্রশ্নের কোন জবাব তিনি দিলেন না। তিনি সে প্রশ্নের কোন জবাব দিলেন না, তিনি বললেন যে আমি ট্যাক্স ইভেড করার জন্য এবং মিডলম্যান যারা বিজনেসম্যান তাদের খানিকটা রিলিফ দেবার জন্য আমরা এই ফাস্ট পয়েন্ট ট্যাক্সেশন করছি। এই ফাস্ট পয়েন্ট ট্যাক্সেশন করার জন্য বিলের সংশোধন করার কোন প্রয়োজন নেই। একটা কথা হচ্ছে তিনি ট্যাক্সেশন বাড়াবেন—রেট অফ ট্যাক্সেশন বাড়াবেন—সেটা তিনি বলুন তার জন্য একটা আনলিমিটেড ক্ষমতা তিনি হাতে নিয়ে নিচ্ছেন। আমরা যেটা বললাম তাতে উনি বলছেন যে অন্যান্য প্রদেশেও আছে। অন্যান্য প্রদেশের কোন জায়গাই তিনি দেখাতে পারবেন না যে, আনলিমিটেড ক্ষমতা আছে। আমাদের সেখানে বিশেষ বক্তব্য ছিল আনলিমিটেড ক্ষমতা কেন নেওয়া হচ্ছে? সেটার জবাব উনি দিলেন না তার পরিবর্তে তিনি বললেন যে, পেপার, অ্যালুমিনিয়াম ওয়্যার ইত্যাদি সেগুলো এতদিন লাস্ট পয়েন্ট-এ যদি থেকে থাকে সেগুলোকে ফাস্ট পয়েন্ট-এ আনতে চাইছেন আর সেটা আনবার জন্য তাকে ৫ পারসেন্ট করার কি প্রয়োজনীয়তা ছিল? আপনি বলেছেন যে আপনি বেশী টাকা পাবেন, কিন্তু আমাদের জিজ্ঞাসা—আজকে আইন হয়ে যাচ্ছে, আপনি প্রথমে প্রথম বক্তৃতা দেবার সময় বলেছিলেন ৫ পারসেন্ট ট্যাক্সেশন যদি ফাস্ট পয়েন্ট-এ হয় সেটার এফেক্ট লাস্ট পয়েন্ট-এ হচ্ছে ৪ অ্যান্ড ৩ কোয়ার্টার অর্থাৎ ¼ পারসেন্ট রিলিফ কনজিউমার পেতে পারে, তাহলে কিছুই পাবে না। আমার বক্তব্য ছিল যদি পেপারে ৫ পারসেন্ট ট্যাক্সেশন লাস্ট পয়েন্ট ট্যাক্সেশন যেখানে ছিল সেখানে ফাস্ট পয়েন্ট-এ যদি ৩ পারসেন্ট ট্যাক্সেশন হয় তার দ্বারা জনসাধারণের কিছুটা রিলিফ পাবার চান্স ছিল। যদিও আমি বিশ্বাস করি না যে জনসাধারণ এর দ্বারা কোন রিলিফ পেত। এর দ্বারা গভর্নমেন্ট-এর কফার-এ বেশী টাকা আসতো ইভেশন ইত্যাদি অ্যাভয়েড করা যেত। স্যার আজকে পেপার, অ্যালুমিনিয়াম ওয়্যার ইত্যাদিকে লাস্ট পয়েন্ট থেকে ফাস্ট পয়েন্ট ট্যাক্সেশন আনছেন, এবং তার দ্বারা রেট অফ ট্যাক্সেশন যা ছিল সেটাই রেখে দিচ্ছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে পেপার-এর দাম বাড়বে কিনা, এবং অ্যালুমিনিয়াম ওয়্যার-এর দাম বাড়বে কিনা, এবং অন্যান্য জিনিসের দাম বাড়বে কিনা? আমি এর একটা স্পষ্ট জবাব তার কাছ থেকে চাই। তার কারণ আমি মনে করি আজকে যখনই পেপার-এর বিজিনেসম্যান যখনই বুঝতে পারবে যে তাদের ফাস্ট পয়েন্ট ট্যাক্সেশন-এ তাকে ৫ পারসেন্ট ট্যাক্স দিতে হবে তখনই তারা পেপার-এর মূল্য বাজারে বাড়িয়ে দেবে এবং ব্যাপারিরা যারা, তারা সেলস ট্যাক্স না দেয়, সেদিকে লক্ষ্য না রেখে আজকে অসৎ উপায়ে কাগজের দাম আজকে বেড়ে যাবে। শুধু কাগজের দাম বাড়ান নয় তার আনুষঙ্গিক সমস্ত কিছুর দাম বেড়ে যাবে। বই খাতাপত্র ইত্যাদির সমস্তর দাম বাড়বে। কাজেই এর দ্বারা সরকার কতটা উপকৃত হবে জানি না। অথচ আজকে শুধু শুধু এভাবে জিনিসের দাম বাড়ানর একটা প্রচেষ্টা হচ্ছে।

শংকরদাসবাবু আমার আর একটা প্রশ্নের জবাব দেননি যে কেন আমাদের লেজিসলেটিভ অ্যাসেমব্লির ক্ষমতা তিনি কার্ব করছেন। এর দ্বারা তাঁর কতটুকু উপকার হবে বলেন নি. এ প্রশ্নের জবাব আমি আমার এখনকার প্রশ্নেও আবার রাখলাম। আমি আশা করি এর একটা সুষ্ঠু জবাব পাব। স্যার সেই সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে, এই বিলটি পাস হয়ে যাবার পর শংকরদাসবাবু যেগুলি এক্জিসটিং ফাস্ট পয়েন্ট-এ আছে তার উপরে কোন কোন জিনিসের উপর তিনি ট্যাক্স বাড়াতে চান এবং কত বাড়াতে চান তার স্পেসিফিক একটা ঘোষণা দাবী করছি এই অ্যাসেমব্লিতে। যেগুলো ফাস্ট পয়েন্ট-এ অলরেডি এক্জিসটিং ট্যাক্সেশন আছে যেগুলোও ৩ পারসেন্ট দিতে হয় সেই সমস্ত কোন কোন কমোডিটিতে আপনি কত ট্যাক্স বাড়াতে চান আজকে আমাদের হাউসে, এই ফ্লোর-এ সেই ঘোষণা করুন এটাই আমরা দাবী করছি

কারণ আমরা মনে করছি আজকে এই ট্যাক্সেশন-এর ফলে জিনিসপত্রের দাম আরও বাড়বে, জনসাধারণের উপর আরও নিপীড়ন করা হবে আরও অত্যাচার করা হবে। এই অত্যাচারের প্রতিবাদ হওয়া দরকার। সেইজন্য আমি শংকরদাসবাবুকে বলছি যে, আপনি এই হাউস-এর সামনে রাখুন এবং এইটুকুন আপনার কাছ থেকে অ্যাসিওরেন্স চাই যে, ইন বিটুইন টু লেজিস-লেচার, আপনি যদি কোন ট্যাক্সেশন-এর রেট বাড়ান তাহলে ইমমিডিয়েটলি লেজিসলেচার-এ আপনি সেটা প্লেস করবেন এবং কেন বাড়িয়েছেন কেন এ ট্যাক্স করছেন,—যদিও আইনের মধ্যে নেই তাহলে অন্তত হাউস-এর মধ্যে আমরা দাবী করছি তিনি ইন বিটুইন টু লেজিসলেচার যদি কোন ট্যাক্স-এর রেট বাড়ান, যে-কোন কমোডিটি তাহলে সেটা লেজিসলেচার-এর সামনে আনবেন এবং সে সম্বন্ধে আমাদের বক্তব্য রাখবার বা বলবার একটা সুযোগ দেবেন। আমি আশা করি শংকরদাসবাবু আমার এগুলি চিন্তা করে দেখবেন।

2-20—2-30 p.m.]

শ্রীবলাই দাস মহাপাত্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যে ট্যাক্স না বাড়িয়ে যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেটাকে যাতে ফাঁকি না দিতে পারে তার ব্যবস্থা করার জন্য। তার তিনি কোন জবাব দিলেন না। আমি মনে করি যে অন্তত ট্যাক্স ৫ কোটি থেকে ৬ কোটি টাকা ফাঁকি দেয়—এরকম আমরা বার বার অভিযোগ করেছি। আমি উদাহরণস্বরূপ বললাম যে সিরাজুদ্দীন কোম্পানী সম্পর্কে যে তারা নিজেরাই প্রায় ৩ লক্ষ টাকা ফাঁকি দিচ্ছে এবং শুনতে পাচ্ছি যে তারা ৫০।৬০ লক্ষ টাকা ফাঁকি দেওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এই রকমভাবে মহাজন সম্পর্কে একটা প্রস্তাব তুলেছি যার সংগে প্রায় ৭০।৮০ জন গভর্নমেন্ট অফিসার সহ তাতে আছে। এবং যেখানে যেখানে ট্যাক্স ফাঁকি যাচ্ছে সর্বত্র গভর্নমেন্ট অফিসাররা যুক্ত রয়েছে। যে কথা মাননীয় হেমন্তবাবু বললেন যে এই সেল ট্যাক্স-এর জন্য বাংলাদেশের সর্বত্রই ডুপলিকেট খাতাপত্র রাখা হয়—মানে সমগ্র দেশটাই যেন একটা অসাধু হয়ে যাচ্ছে। কাজেই আর এই সেল ট্যাক্সের উপর চাপ না দিয়ে বরং সাধারণভাবে তারা যদি অগ্রসর হন—বা যেটুকু ট্যাক্স ধার্য করেছেন সেটাকে যদি আদায় করবার চেষ্টা করেন তাহলে আমি মনে করি আর ট্যাক্স ধার্য করতে হবে না। এইরকম বিল আনবার কোন প্রয়োজন হবে না বা বিশেষ ক্ষমতাও তাদের হাতে নিতে হবে না। এটা আমি বিশেষ করে বললাম এটা তাঁরাই লিখেছিলেন যে ইনক্লুডিং অল ফরমস অফ রাইস অর ফুড। আর সেখানে ঐ ট্যাক্স বাড়াবার জন্য দুটো করে ভাত তাও খেতে তারা পাবে না। কারণ সেখানে দেড় টাকা হলেই ট্যাক্স দিতে হবে। এই যে অবস্থাটা হচ্ছে—টাকার প্রয়োজন আছে আমি স্বীকার করছি-দেশের মঙ্গলের জন্য টাকার দরকার আছে। কিন্তু এভাবে মানুষকে উৎপীড়িত করে নয়। আমার এই হচ্ছে কথা। কাজেই সেল ট্যাক্স বাড়াবার কোন প্রয়োজন হবে না। আমি বলি এই বিলকে আপনি জোর করে পাশ না করিয়ে বরং চেষ্টা করুন যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের ধরতে পারেন কিনা এবং তাতে বাংলাদেশের কোটি কোটি টাকা রাজস্বে আসতে পারে। এর জন্য আপনি সময় নিন। জন-সাধারণকে পীড়নমূলক ব্যবস্থা করার প্রয়োজন নেই। সেইজন্য আমি অনুরোধ করছি চালের উপর ওটা বাদ দেবেন কি? বিনীতভাবে আমি তাঁর কাছে অনুরোধ করবো এইভাবে বিলটাকে পাস করবার চেষ্টা না করে এটাকে উইথড্র করে নিন—বাংলাদেশের লোককে অন্তত উৎপীড়নের হাত থেকে রক্ষা করুন।

The Hon'ble Sankardas Banerji: It is no surprise to me that my friends opposite have not been able to understand the arguments put forward by me in support of the Bill.

(Dr. Kanai Lal Bhattacharya: Question.)

With great respect to Dr. Bhattacharya, I should say he has not been able to follow me. I must confess that it is rather difficult to follow because there is aversion on the part of the members to support a taxing statute, because everybody objects to paying. I have told you right at the beginning that one of the main objectives is to tax at the first point.

I will answer to each and every question you have raised. I have told you that we will tax paper, motor-car tyres and tubes, aluminium wares, and dry cell battery at the first point. Although I have not mentioned it here, I have told you what I am going to do. Very naturally, honourable members are saying where is the limit up to which you would exercise your power. Unless you point out to the legislature what is the limit of your power, it will mean unlimited power, and instead of 5 per cent. you may impose tax up to 50 per cent. tomorrow; what is the legislature to do? You are wholly under a misapprehension; you have not understood it at all. Don't get annoyed with me for saying that; I say with all humility and respect. Now, I am pointing out from the 1941 Act—it came up before the Legislature, you have lost sight of it because it was a long time ago—that in section 5, for sub-section (1), the following sub-section shall be substituted, namely,—"The tax payable by a dealer under this Act shall be levied on his taxable turnover at the rate of (a) one half of one per cent. of such part of his taxable turnover as represent sales of gold; (b) one per cent. of such part of his taxable turnover as represent sales of gold ornaments manufactured by him where he charges separtely for the value of the gold and the cost of manufacture; (c) two per cent. of such part of his taxable turnover as represent sales of goods referred to in section 14 of the Central Sales Tax Act". This House has no power to tax the sales on which the Central Sales Tax Act applies. There is the limit fixed and this House has no jurisdiction to travel beyond that. Now comes the question that has been worrying some of my friends opposite, namely, "seven per cent. of such part of his taxable turnover as represent sales of goods included in Schedule II". Now, you would naturally want to know what is in Schedule II. Schedule II specified the complete list of the goods—that is what you are wanting to know—which are these—motor vehicles, motor cycles, cycle combinations, refrigerators, airconditioning plants, wireless reception sets, cinematograph equipment less films photography, clocks, time-pieces, iron and steel almirahs, all arms including rifles, revolvers and pistols, cigarette cases and lighters, dictaphones, sound-remitting and transmitting equipment, typewriters, tabulating machines, binoculars, telescopes, gramophones, etc. These are all considered by the Act to be luxury items. If you look up the Sales Tax Act, you will find the details are set out there - the list of all these items. On these, under the existing law, we are entitled to charge seven per cent. and I might tell Dr. Bhattacharya, who was taking somewhat interest, that tomorrow we are bringing another amendment—you must have got the notice of it—whereby we have added a few more items to these luxury goods. What are these? These are Dunlop pillows, Dunlop mattresses, anything made of foam. These are articles of extreme luxury and we have added these and instead of seven per cent., we are making it 10 per cent. on these luxury items. Then comes sub-clause (d) of section 5(1)—I am reading from the Act of 1941 again—which says "five per cent. of such part of his taxable turnover as represent sales of goods other than in (a), (b), (c)" etc., that is to say, the 1941 Act has given a limit to our power—we could not go beyond five per cent. On luxury goods under the 1941 Act we could not go beyond seven per cent. By the new Bill we are making it 10 per cent. on these luxury goods. Now, if a man buys a frigidaire or refrigerator or a Dunlop mattress, I hope even 20 per cent. should not have irritated you because I think a man who indulges in the luxury of having an airconditioner and sleeps on Dunlop mattress is certainly capable of paying and should be made to pay—that is my personal view of the matter.

Dr. Kanai Lal Bhattacharyya:
আপনি বোধহয় আমার কথাটা ঠিক বুঝতে পারেন নি।)
Just a minute, I know, you would be supporting me when you have heard it. Now, kindly listen to me. This is a difficult Act to follow. I have by this Act made a proviso to clause 3. We cannot and we do not intend to impose a higher tax than what is provided there. Therefore, we are not taking unrestricted power. It is very much of a restricted power. You are under complete misapprehension if you think that the Government is going in for unrestricted power.

Dr. Kanai Lal Bhattacharyya:
আমি বলছিলাম first point tax already existing আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ চালকলগুলি যে দরে চাল বিক্রি করছে সেই দরটা অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট অনুসারে বিক্রয় করার ব্যবস্থা করতে পারেন কিনা?

মিঃ ডেপুটি স্পীকারঃ এ প্রশ্ন উঠে না।

Nurses in Calcutta Medical College Hospitals

***175.** (Admitted question No. *1063.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে নার্সের সংখ্যা কত;

(খ) কলিকাতা মেডিক্যাল কলেজ ওল্ড নার্স হোস্টেলে সীট-সংখ্যা কত;

(গ) উল্লিখিত নার্স হোস্টেলের কোন চীফ মেট্রন আছেন কিনা; এবং

(ঘ) চীফ মেট্রন থাকিলে, কতদিন হইল আছেন?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

(ক) ৪৪০ জন।

(খ) ২৯৯টি।

(গ) কোন চীফ মেট্রনের পদ নাই। তত্ত্বাবধায়ক হিসাবে একজন হোম সিস্টার কাজ করেন।

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অ্যাসিস্ট্যান্ট মেট্রন-এর পদ আছে কিনা এবং নার্সেস হোস্টেল আছে কিনা?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

প্রশ্নটা হচ্ছে নার্সেস হোস্টেল সম্বন্ধে এখানে তো অ্যাসিস্ট্যান্ট মেট্রন-এর দরকার নেই। এখানে ২ জন হোম সিস্টার আছেন পুরাতন হোস্টেলে একজন ও আর একজন নূতন হোস্টেলে। সুতরাং এখানে অ্যাসিস্ট্যান্ট মেট্রন-এর দরকার নেই।

Shri Sambhu Charan Ghosh:

যারা তত্ত্বাবধায়ক হিসাবে নার্সেস হোস্টেলে আছেন তাঁদের নাম কি?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

একজনের নাম সন্ধ্যা রায় ও আর একজনের নাম সুধা চন্দ।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে নার্স-এর সংখ্যা ৪৪০ জন আছে। এটা কোন ভিত্তিতে, ঐ ৪৪০ জনকে রাখা হয়েছে বা নিয়োগ করা হয়েছে। কোন ভিত্তিতে কোন বেসিসের উপরে ৪৪০ জনকে রাখা হয়েছে?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

আমাদের সাধারণ নার্সের ভিত্তি হচ্ছে ৫ জন রুগীর উপরে একজন শিক্ষাপ্রাপ্ত নার্স আমরা দিই। এ ছাড়া যারা শিক্ষানবীশ তারা বাড়তি হিসাবে আছে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ৫ জন রুগীতে একজন নার্স আছে। তিনি কি জানাবেন মেডিকেল কলেজে রুগীর সংখ্যা বর্তমানে কত আছে?

Mr. Deputy Speaker:

এটা এরাইজ করে না।

Shri Nani Bhattacharjee:

এটা এরাইজ করে কারণ আপনি বলেছেন ৫ জন রুগীর ভিত্তিতে একজন নার্স। তাহলে অঙ্কে এসে দাঁড়ায় তাতে দেখবো ২ হাজারের উপর এ সংখ্যা, প্রায় ২ হাজার ২ শত এবং এজন্যই এটা রিলিভ্যান্ট কোয়েশ্চেন-এ থেকে নার্সের সংখ্যা বাড়াবার প্রশ্ন আসে। উনি বললেন ৫ জনের ভিত্তিতে একজন ও ৪৪০ জন নার্স সেখানে আছে। তাহলে মন্ত্রিমহাশয় জানাবেন কি রুগীর সংখ্যা কত?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

স্যার, আমি জানাচ্ছি রুগীর সংখ্যা আপাততঃ ২ হাজারেরও কম। ঠিক সংখ্যাটা বলা সম্ভব নয়। নার্স যে বেশী আছে তার কারণ কয়েকটা স্পেশাল ডিপার্টমেন্ট আছে তাতে আলাদা নার্স আমাদের স্যাংকশন করতে হয়। আগের যে সংখ্যা বলেছি সেটা ইনডোর বেড-এর জন্য। এ ছাড়া আউটডোর-এ ছোট ছোট অপারেশন থিয়েটার থাকে এবং স্পেশাল ডিপার্টমেন্ট থাকে, এক্স-রে ডিপার্টমেন্ট থাকে এ সবের জন্য আলাদা নার্স রাখতে হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি বলেছেন ৪৪০ জন নার্স আছে, হোস্টেল-এ সীট আছে ২৯৯ জনের। তা হলে বাকি নার্সরা কি হোস্টেল-এ থাকে না?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

না, সবাই থাকে না। কয়েকজন নার্স বাড়ীতে থাকতে অনুমতি চেয়েছিলো আমরা অনুমতি দিয়েছি।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে প্রয়োজনের তুলনায় সীট কম আছে। এখন এই হোস্টেলকে এক্সটেন্ড করার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

যদি অবশ্যক হয় তাহলে সে পরিকল্পনা গ্রহণ করবো।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন হোল-টাইম নার্স ছাড়াও শিক্ষানবীশ নার্স আছে। এরূপ শিক্ষানবীশ নার্সের সংখ্যা কত জানাবেন কি?

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

২৯০ জন শিক্ষানবীশ আছে।

Shri Abani Kumar Basu:

তাদের কি কাজ?

Mr. Deputy Speaker:

এ কোয়েশ্চেন এরাইজ করে না।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ৪৪০ জন নার্স আছে সেখানে এবং শিক্ষানবীশের সংখ্যা ২৯০ **জন** তাহলে তাঁরা কি এই ৪৪০ জনের মধ্যে না বাহিরে।

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

এ সংখ্যা এর বাহিরে।

Indo-Pak Conference

***176.** (Admitted question No. 1065.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় সম্প্রতি অনুষ্ঠিত পাক-ভারত বৈঠকের জন্য পশ্চিমবঙ্গ সরকারের **কোন** খরচ হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে তাহার পরিমাণ কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Shri Sambhu Charan Ghosh:

এই যে খরচ হয়েছে এটা বহন করবে কে?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভারত সরকার।

Shri Sambhu Charan Ghosh:

কত টাকা সেটা বলতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হিসাব এখনও হয় নি।

Proposal of the creation of Asansol district

***177.** (Admitted question No. [illegible].) **Shri Manoranjan Bakshi:**

স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আসানসোল মহকুমাকে পৃথগ্‌ভাবে একটি জেলা এবং দুর্গাপুরকে একটি মহকুমা করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন **কি—**

(১) কোন্ সময়ের মধ্যে এই পরিকল্পনা কার্যকরী হইবে, এবং

(২) কোন্ কোন্ এলাকা লইয়া আসানসোল জেলা ও দুর্গাপুর মহকুমা গঠিত **হইবে?**

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) হ্যাঁ, আছে।

(খ) (১) বর্তমান আর্থিক পরিস্থিতিতে কোনও সময় নির্দিষ্ট করা সম্ভব নয়।

(২) মোটামুটিভাবে বর্তমান আসানসোল মহকুমা ও সন্নিহিত কিছু কিছু অঞ্চল লইয়া আসানসোল জেলা গঠিত হইবে ও উহাতে দুইটি মহকুমা (যথা, আসানসোল ও দুর্গাপুর) থাকিবে এইরূপ পরিকল্পনা আছে। সঠিকভাবে এলাকা নির্ধারণ এখনও করা হয় নাই।

Levy on the purchase of Orissa rice

***178.** (Admitted question No. *1086.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, যেসকল পশ্চিমবঙ্গের লাইসেন্স-প্রাপ্ত ব্যবসায়ী উড়িষ্যাপ্রদেশে ধান্য ক্রয় করিতেছেন, তাঁহাদের উপর উড়িষ্যা সরকার শতকরা ৪০ ভাগ লেভি দাবি করিয়াছেন;

(খ) ইহা সত্য হইলে, এই সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) ঐ লেভি কিভাবে আদান-প্রদানের ব্যবস্থা হইয়াছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

এই যে শতকরা ৪০ ভাগ নেওয়া হচ্ছে এটা মুখ্যমন্ত্রী এই হাউসেই স্বীকার করেছেন, আপনারা বলছেন কি করে?

(No reply)

[12-20—12-30 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয় জানাবেন কি ৪০ ভাগ শতকরা লেভী নেওয়া হচ্ছে কি না এ্যাট অল?

The Hon'ble Prafulla Chandra Sen:

পশ্চিমবঙ্গের ব্যবসায়ী যারা সেখানে যারা তাদের উপর যে কোন ডিসক্রিমিনেটরি লেভি আছে তা নয়, উড়িষ্যায় চালান দেবার জন্য তা যে কোন ব্যক্তিই করুন না কেন, পশ্চিমবঙ্গের বা যেখানকার জন্য তাদের উপর উড়িষ্যা সরকার একটা লেভি ইম্পোজ করেছেন।

Shri Abani Kumar Basu:

এই লেভির পরিমাণ কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি ঠিক বলতে পারি না।

Ajaya A. G. Hospital

***179.** (Admitted question No. *1088.) **Shri Sudhir Chandra Das:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার খেজুরী থানার অন্তর্গত অজয়া এ জি হাসপাতালে ৯-১২-৬২ তারিখ হইতে এ পর্যন্ত কোন ডাক্তার নাই;

(খ) ইহা সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) ঐ হাসপাতালে ডাক্তার পাঠাইবার কোন ব্যবস্থা হইতেছে কি?

Shri Joynal Abedin:

(ক) এ জি হাসপাতালের ভারপ্রাপ্ত ডক্তার চীফ মেডিকেল অফিসার-এর অনুমোদনক্রমে স্থানীয় একজন ডাক্তারের উপর ভার অর্পণ করে চলে যান। (খ) উক্ত ভরপ্রাপ্ত ডাক্তার এখনো ছুটিতে আছেন। তারপর (গ) প্রশ্ন হচ্ছে এই হাসপতালে ডাক্তারের কোন ব্যবস্থা হচ্ছে কি না—আমার উত্তর হচ্ছে হ্যাঁ, চীফ মেডিকেল অফিসার অফ হেলথ একজন ডক্তারকে পাঠাবার নির্দেশ দিয়েছেন।

Shri Sudhir Chandra Das:

এক বৎসর ধরে কোন ডাক্তার সেখানে থাকলেন না, তার মাঝখানে অন্য কোন ডাক্তার নিয়োগের অর্ডার দেওয়া হয়েছিল কি না?

Shri Joynal Abedin:

এক বৎসর নয়। সেই ডক্তার ছুটিতে যান ১০-১২-৬২ তারিখে। ইতিমধ্যে অন্য একজন ডাক্তার চীফ মেডিকেল অফিসার অ্যারেঞ্জমেন্ট করে পাঠিয়েছেন, এবং রিসেন্টলি আরেকটা অর্ডার এখান থেকে গিয়েছে -আরেকজন ডাক্তারকে অ্যাপয়েন্ট করবার জন্য।

Shri Sudhir Chandra Das:

এই ডাক্তার কবে পেঁছাবেন আশা করেন?

Shri Joynal Abedin:

তাঁর জয়েন করবার কথা ফার্স্ট এপ্রিল, ১৯৬৩, অর্থাৎ গতকাল—

Dr. Kanai Lal Bhattacharya:

লোকাল ডাক্তার যাকে অ্যাপয়েন্ট করা হয় তিনি কি পাশ করা ডক্তার? না কম্পাউন্ডার?

Shri Joynal Abedin:

এখন তো আমাদের ডিপার্টমেন্ট-এর ডাক্তারই সেখানে আছেন।

Alleged Murder of Mr. Sabita Chatterjee

***180.** (Admitted question No. *1133.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the local police has refused to take up the case of alleged murder committed recently of one Mr. Sabita Chatterjee, a Government servant, in the house of a local zamindar at village Raina in Burdwan district;

(b) if so, the reasons therefor; and

(c) if not, what action has so far been taken by the police in this regard?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) No.

(b) Does not arise.

(c) The case is still under police investigation.

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাঁর বাড়ীতে সবিতারঞ্জন চ্যাটার্জি মার্ডার হয়েছিলেন সেই গৃহস্বামীর নাম কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

গৃহস্বামীর নাম ডাঃ অরবিন্দ রায়, তাঁর ছেলের নাম হচ্ছে অসীমকৃষ্ণ রায়।

Shri Kashi Kanta Maitra:

আপনি বললেন তদন্তাধীন রয়েছেন, আমি জানতে চাচ্ছি আজ পর্যন্ত কাউকে অ্যারেস্ট করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না।

Shri Kashi Kanta Maitra:

মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি, ডাঃ অরবিন্দ রায় রায়না থানার মন্ডল কংগ্রেস কমিটির সভ্য কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা নাই।

Shri Kashi Kanta Maitra:

এটা তাঁর জানা আছে কি না যে কলকাতা থেকে পুলিশ ডগ্ লাকি এন্ড মিস্টারকে নিয়ে যাওয়া হয়েছিল এবং তারা আসামীকে আইডেন্টিফাই করেছিল তৎসত্ত্বেও আজ পর্যন্ত তাকে অ্যারেস্ট করা হয় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

একথা আমার জানা নাই।

Shri Kashi Kanta Maitra:

দৈনিক যুগান্তর পত্রিকায় এবং শ্রীদাশরথি তা সম্পাদিত দামোদর পত্রিকা এবং তারককৃষ্ণ বসুর পঞ্চায়েৎ পত্রিকায় এ সম্বন্ধে বিস্তারিতভাবে খবর বেরিয়েছিল সেগুলি কি পড়েন নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, আমি পড়ি না।

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করতে চাই যুগান্তর পত্রিকা আপনি পড়েন না—

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো বলেছি আমি পড়ি না—

Shri Kashi Kanta Maitra:

'দামোদর' পত্রিকাও পড়েন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

পূর্বেই বলেছি না।

Shri Kashi Kanta Maitra:

বর্তমানে ইনভেস্টিগেশন কি স্টেজ-এ আছে, এবং মার্ডার কবে হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

মার্ডার হয়েছিল সেভেন্থ এ্যান্ড এইটথ্ ডিসেম্বর ১৯৬২ বিট্‌উইন অগাস্ট সিক্সথ এ্যান্ড নাইনথ ইন দি মর্নিং। কি স্টেজ-এ আছে আমি বলব না, কারণ ওটা এখনো তদন্তাধীন রয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমি জানতে পারি কি সবিতারঞ্জন চ্যাটার্জির কি ডেজিগনেশন ছিল, এবং তিনি সরকারী কার্য-ব্যপদেশে সেখানে গিয়েছিলেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

রায়না ব্লক নং ২০-র তিনি সোসাল এডুকেশন অফিসার ছিলেন এবং যেদিন এই কান্ড ঘটে তার আগের দিন তিনি একটা মিটিংএ গিয়েছিলেন এবং ঐ ভদ্রলোকের বাড়িতে অতিথি ছিলেন—

Shri Kashi Kanta Maitra:

তিনি সরকারী কার্যব্যপদেশে সেখানে গিয়ে মার্ডার হয়েছেন, এবং তার মার্ডারএর কোন প্রাইমা ফেসি কেস আছে কি না এই বিষয় ইনভেস্টিগেশন এক্সপিডাইট করবার জন্য এবং দুষ্কৃতকারীদের উপর মেটেরিয়ালসএর ভিত্তিতে এ্যারেস্ট করার জন্য আপনারা কোন ডিরেকশন দিয়েছিলেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন ডিরেকশনএর প্রশ্ন নেই; এই ব্যাপারে যতখানি সম্ভব ভালভাবে ইনভেস্টিগেশন করা হচ্ছে এবং অপরাধীদের খুঁজে বের করে শাস্তিবিধানের চেষ্টা করা হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

৮ই ডিসেম্বর একটা খুন হয়ে গেল, আর আজকে এপ্রিল মাসের ২ তারিখ, এর মধ্যে কোন প্রাইমা ফেসি কেস পাওয়া গেল না—এবং এখন পর্যন্ত এই দীর্ঘ সময়ের মধ্যেও কাউকে ধরা হল না, এটা কি ইনভেস্টিগেশনএর পক্ষে গৌরবের কথা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যা পাওয়া গিয়েছে তাই দিয়েই ইনভেস্টিগেশন হচ্ছে—এর বেশি কিছু বলতে পারব না—

Shri Sailendra Nath Adhikary:

এই তদন্ত কার্য কি রায়না থানার অফিসার-ইন-চার্জ চালাচ্ছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সমস্ত ব্যাপারটাই সি আই ডি-র হাতে দেওয়া হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

এই মার্ডারএর ব্যাপারে যেভাবে ইনভেস্টিগেশন হওয়া উচিত লোকাল পুলিশ ঠিক সেইভাবে না গিয়ে চেপে দেবার চেষ্টা করেছিলেন এটা ঠিক কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা আদৌ সত্য নয়।

Shri Balailal Das Mahapatra:
ইনভেস্টিগেশনএর জন্য লাকি-কে সেখানে নিয়ে যাওয়া হয়েছিল কি না—

The Hon'ble Prafulla Chandra Sen:
একবার তো বলেছি আমি বলতে পারি না।

Shri Kashi Kanta Maitra:
সবিতারঞ্জন চ্যাটার্জি'র বিধবা পত্নীর কোন আবেদনপত্র এবং মুখ্যমন্ত্রীর কাছে এসেছিল কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার জানা নাই।

Shri Kashi Kanta Maitra:
যদি তিনি আবেদন করেন তাহলে কোন সাহায্য দেওয়া হবে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
আবেদনপত্র এলে আমরা দেবার চেষ্টা করব।

Shri Kashi Kanta Maitra:
সোসাল এডুকেশন ডিপার্টমেন্টএর পক্ষ থেকে হোম ডিপার্টমেন্টএর কাছে এই অনুরোধ এসেছিল কি না, কলকাতা থেকে সেন্ট্রাল সি আই ডি পাঠান হোক,—যেহেতু শ্রীঅরবিন্দ বসু কংগ্রেসের লোক সেই জন্য স্থানীয় পুলিশ কিছু করতে পারবে না—

The Hon'ble Prafulla Chandra Sen:
এরকম কোন কিছু আমার কাছে আসে নি।

District Headquarters of West Dinajpur

***181.** (Admitted question No. *1165.) **Shri Khalil Sayed:**

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার জেলা-সদর-দপ্তর রায়গঞ্জে স্থানান্তরিত হইবে; এবং

(খ) সত্য হইলে, স্থানান্তরিত করার কাজ কখন শুরু হইবে?

[12-30—12-40 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান আপৎকালীন অবস্থার কথা বিবেচনা করিয়া স্থানান্তর করণের কাজ স্থগিত রাখা হইয়াছে। তবে আংশিকভাবে নির্মিত গৃহাদি ও অফিসভবনসমূহ সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

Shri Nathaniel Murmu:

স্থানান্তরের কারণ কি—বালুরঘাট থেকে রায়গঞ্জে জেলা সদর নেবার কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্থানান্তরের কারণ সম্পর্কে কোন প্রশ্ন এখানে নেই।

Shri Nathaniel Murmu:

এই জেলা সদর স্থানান্তরের ফলে বালুরঘাটের নাগরিক জীবনে যে অর্থনৈতিক বিপর্যয় নেমে আসবে সেখানে কোন বিকল্প প্রস্তাব সরকারের আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্নের সঙ্গে ওই কথার কোন সম্পর্ক নেই।

Shri Nathaniel Murmu:

আচার্য বিনোবা ভাবে যখন পশ্চিম দিনাজপুর গিয়েছিলেন তখন তাকে হেড কোয়ার্টার্স স্থানান্তরের সমস্যা সম্বন্ধে বলা হয়েছে এবং তাঁর মাধ্যমে মুখ্যমন্ত্রীকে এই মেমোরানডাম দেওয়া হয় এবং তাতে এই জেলাকে বাইফারকেট করার কথা হয়েছিল সেটা বিবেচনা করা হচ্ছে কি না?

Mr. Deputy Speaker:

এ প্রশ্ন আসে না।

Deep tube-wells in West Dinajpur district

***182.** (Admitted question No. *1195.) **Shri Khalil Sayed:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কোথায় কোথায় এবং মোট কয়টি ডিপ টিউবওয়েল আছে;

(খ) তাহার দ্বারা মোট কত একর পরিমিত জমিতে রবিফসল ও কত একর জমিতে খরিফ ফসলের চাষ হইয়াছে;

(গ) ঐ টিউবওয়েলের এলাকাধীন জমিগুলিতে পাকা নালা তৈরি করিয়া জমিতে সেচ দেওয়ার কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, তাহা কখন কাজে পরিণত করা হইবে?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কারিকরগঞ্জ, বংশীহারী, গঙ্গারামপুর এবং বালুরঘাট থানা এলাকায় মোট চারটি নলকূপ (এক্সপ্লোরেটরী) বসানো হইয়াছে।

(খ) গড়ে মোট ২৮০(৭০×৪) একর জমিতে খরিফ এবং ১২০(৩০×৪) একর জমিতে রবি ফসল চাষ হইতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬৩-৬৪ সালে ভূগর্ভস্থ নলের দ্বারা জল সরবরাহ করার পরিকল্পনা আছে।

Thana Agriculture Farm in Gangarampur police-station

***183.** (Admitted question No. *1197.) **Shri Khalil Sayed:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার গঙ্গারামপুর এলাকায় কোন থানা এগ্রিকালচার ফার্ম প্রতিষ্ঠার পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কতদিনে কার্যকরী হইবে?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় জমি পাওয়া গেলে পরিকল্পনাটি কার্যকরী হইবে।

Accident of a police van

***184.** (Admitted question No. *1210.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a if it is a fact that on the 15th March, 1963, the police van carrying Shri Robin Sen, Sunil Basu Roy and another Trade Unionist en route to Alipore Central Jail met with an accident near Nigha (Asansol) causing injuries to the abovesaid persons and escorts; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(1) details of the injuries,

(2) subsequent treatment,

(3) present place of detention and their condition; and

(4) detailed report of the cause of accident?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Yes. Shri Robin Sen was not, however, in the vehicle during the accident.

(b)(i) Shri Sunil Basu Roy received one 1" scratch on right leg and he complained of pain on the chest. Shri Brajalal Guha complained of pain on the right forearm.

(2) Immediately after the accident the injured detenus were taken to L. M. Hospital, Asansol, where they were given first aid and discharged thereafter.

(3) The detenus are now in Alipore Central Jail. The Medical Officer of the Jail also examined the detenus and he did not find any external injury on the person of the detenus. Shri Basu Roy now feels better and Shri Guha has no complaint.

(4) Near Nigha Aerodrome the driver of the Police vehicle tried to overtake a public lorry. At that time another vehicle was coming from the opposite direction and, in order to avoid a head-on collision, the driver of the Police vehicle turned the vehicle to the left and was knocked by the aforesaid public lorry. As a result the Police vehicle turned up-side-down and th[illegible] sustained minor

Shri Jamini Bhusan Saha:

এই যাদের নাম বললেন এরা কি আলিপুর সেন্ট্রাল জেল-এ জেল হাসপাতালে আছেন, না অন্য কোন জায়গায় আছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

হসপাতালে আছেন বলে কিছু বলি নি—বলেছি তাঁরা ভাল আছেন।

Shri Jamini Bhusan Saha:

আমার প্রশ্ন জেলের মধ্যে দুই জায়গায় থাকা যায়। অসুস্থ হলে হসপাতাল। সেখানে আছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে যে সংবাদ আছে তাতে তারা হাসপাতালে আছে বলে মনে হয় না।

Shri Gopikaranjan Mitra:

আপনি কি জানেন ওদের ছাড়িয়ে নেবার চেষ্টার জন্য এ ধরনের এ্যাকসিডেণ্ট হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানা নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

মুখ্যমন্ত্রীর কথা আমার কন্ট্রাডিকটরি মনে হ'ল। শ্রী রায়ের লেফ্‌ট লেগ-এ জেল ডকটর বলেছে দেয়ার ইজ নো এক্সটারনাল ইনজুরিস। ব্যাপারটা বুঝতে পারলাম না।

The Hon'ble Prafulla Chandra Sen:

তার যেটা এক ইঞ্চি কাট্‌ হয়েছিল সেটা এল এম হসপিটাল, আসানসোল-এ ফার্স্ট এড দেওয়া হয়। সেটা শুকিয়ে গেছে, তাই আলিপুর সেন্ট্রাল জেল-এর সুপারিনটেনডেণ্ট বলেছেন—দেয়ার ইজ নো এক্সটারনাল ইনজুরিস।

Refugee patients in Dhubulia T. B. Hospital

***185.** (Admitted question No. *1237.) **Shri Mahananda Haldar:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতালে বর্তমানে কতগুলি উদ্বাস্তু যক্ষ্মারোগী ভর্তি বা চিকিৎসা করা হইতেছে;

(খ) উদ্বাস্তু যক্ষ্মারোগীকে ঐ হাসপাতালে অগ্রাধিকার দিয়া ভর্তি করা হয় কি; এবং

(গ) অগ্রাধিকার দেওয়া না হইলে, তাহার কারণ কি?

Shri Joynal Abedin:

(ক) সঠিক সংখ্যা জানা নাই।

(খ) না।

(গ) এই হাসপাতালে উদ্বাস্তুদেরজন্য কোন সংরক্ষিত শয্যা নাই। রাজ্যের বিভিন্ন সরকারি ও বে-সরকারী যক্ষ্মা হাসপাতালগুলিতে মোট ৬০০টি শয্যা কেবল উদ্বাস্তুদের জন্য সংরক্ষিত রাখা হইয়াছে। তা ছাড়া সাধারণ যক্ষ্মা রোগী হিসাবে উদ্বাস্তুদের ধুবুলিয়া হাসপাতাল সহ সকল হাসপাতালেই ভর্তি হইয়া থাকেন।

শ্রীসনৎকুমার রাহা: টি বি হসপিটাল-এ ভর্তি হবার জন্য যে রুগীদের প্যানেল লিস্ট-এর তালিকা থাকে তা সত্ত্বেও প্যানেলের বাহিরে ডিপার্টমেণ্ট-এ তদ্বির করার ফলে রুগীদের এ্যাডমিশন পান—এ সংবাদ কি জানা আছে?

শ্রীজয়নাল আবেদীন: এ সংবাদ সত্য নয়।

মিঃ ডেপুটি স্পীকার: প্রশ্ন শেষ।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Jaldhaka Project

541. (Admitted question No. 333.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) the progress made so far in implementing the Jaldhaka Project and when it is likely to be completed;

(b) how much sum has so far been spent on this project; and

(c) if it is a fact that the present design of the project has been found to be defective, and the whole planning design and layout have to be altered?

The Minister for Commerce and Industries: (a) The project colony with its main thoroughfare including the connecting road up to the railhead has been completed. About 60 per cent. of the work on the average for construction of Head Race Tunnel, R. C. Duct, Surge Chamber, Power House, Tail Race Channel, Pressure Tunnel, etc., have been completed. Orders for all electrical equipments and sub-station materials have been placed. Construction of the transmission line is in progress.

The project is expected to be cmopleted by the end of 1964.

(b) The approximate expenditure incurred up to September, 1962, is Rs. 2.06 crores.

(c) It is not a fact that the present design of the project is defective and the whole planning, design and layout have to be altered. The design of the weir only needs modification which has since been taken up with our consultants, the Central Water and Power Commission and the Government of India.

Mental hospital at Lalgola

542. (Admitted question No. 801.) **Shri Birendra Narayan Ray:**

সমাজকল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় লালগোলার ভূতপূর্ব জমিদারদের বসতবাটি সরকার ক্রয় করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি উদ্দেশ্যে উহা ক্রয় করা হইয়াছে, এবং

(২) বর্তমানে উহা কিভাবে ব্যবহৃত হইতেছে?

The Minister for Home (Social Welfare):

(ক) হ্যাঁ।

(খ) (১) মানসিক হাসপাতাল স্থাপনের জন্য।

(২) প্রেসিডেন্সী জেলে অবস্থিত দুরারোগ্য নিরপরাধ উন্মাদ (ইনকিওরেবল নন-ক্রিমিনাল লুনাটিক্স) দের স্থানান্তরিত করিয়া এই স্থানে আটক রাখিবার জন্য ইহাকে সাময়িক কারাগৃহে পরিণত করিবার উদ্দেশ্যে ইহাতে আবশ্যকীয় সংস্কারকার্য করা হইতেছে।

Agricultural Farms in Murshidabad district

543. (Admitted question No. 863.) **Shri Sanat Kumar Raha:** কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কয়টি কৃষি-ফার্ম আছে; এবং

(খ) এইসকল ফার্মে নিম্নরূপ ফসলের একর-প্রতি উৎপাদনের হার কিরূপ—

(১) আমন ধান,

(২) পাট,

(৩) ইক্ষু,

(৪) তৈলবীজ,

(৫) চৈতালী; এবং

(গ) এই জেলায় উপরি-উক্ত ফসলের একর-প্রতি গড় উৎপাদন কত?

The Minister of State for Agriculture:

(ক) ৭টি।

(খ) ও (গ) ১৯৬১-৬২ সালে থানা ফার্মগুলিতে এবং মুর্শিদাবাদ জেলায় উৎপন্ন ফসলের একর-প্রতি গড় উৎপাদনের একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল।

Statement referred to in reply to clauses (kha) and (gha) of unstarred question No. 543.

১৯৬১-৬২ সালে উৎপন্ন ফসলের একর-প্রতি গড় উৎপাদনের হার

ফসলের নাম	মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানা ফার্মে উৎপন্ন ফসলের গড়			মুর্শিদাবাদ জেলার গড় উৎপাদন		
	মন	সের	ছটাক	মন	সের	ছটাক
১। আমন ধান	২০	২	৮	১৭	৩২	১২
২। পাট	২২	১৭	৮	১৩	১০	০
৩। ইক্ষু	৮৭৬	০	০	৮৯২	২২	৬
৪। তৈলবীজ সরিষা	৪	৬	০	৪	১২	১২
৫। চৈতালী	——			——		

উপরি-উক্ত ফার্মগুলিতে উৎপন্ন হয় নাই।

Upgrading of Schools in Midnapore district

544. (Admitted question No. 869.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ মহকুমায় মোট কয়টি করিয়া হাই স্কুল, হায়ার সেকেন্ডারী স্কুল, জুনিয়ার হাই স্কুল ও সিনিয়ার বেসিক স্কুল আছে;

(খ) গত ১৯৬২ সালে ও ১৯৬৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে উক্ত জেলায় যেসকল উচ্চ বিদ্যালয় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হইয়াছে তাহাদের নাম কি এবং কোন্‌টি কি বিষয় পাইয়াছে; এবং

(গ) উক্ত জুনিয়ার হাই স্কুলগুলিকে ডেফিসিট বেসিস-এ সাহায্য দেওয়ার প্রস্তাব আছে কি?

The Minister for Education:

(ক) তালিকা নিম্নে দ্রষ্টব্য।

(খ) বিদ্যালয়ের নাম ও কোন্‌টি কি বিষয় পাইয়াছে তাহার তালিকা পৃথগ্‌ভাবে দেওয়া হইল।

(গ) না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 544.

Midnapore

1961-62

Subdivision.	No. of Higher Secondary Schools (Class XI).	No. of Class X High Schools.	No. of Junior High Schools.	No. of Senior Basic Schools.	Total.
Sadar	28	40	93	6	167
amluk ..	40	38	71	8	157
Contai	32	22	75	6	135
Ghatal	12	15	37	2	66
Jhargram	13	14	32	9	68
	125	129	308	31	593

District—Midnapore

Names of Schools upgraded with effect from January, 1962.

Sadar

(1) Lakamipari High School—Humanities.
(2) Madan Mohan Chak Chowdhury Institution—Humanities.
(3) Nayabasat Parbatimoyee Sikhaniketan—Humanities.
(4) Golgram R. B. L. M. L. High School—Humanities.

(5) Kesiari High School—Humanities.
(6) Bagasthy Union S. C. High School—Humanities.
(7) Mohanpur High School—Humanities and Science.

Contai

(1) Kanaidighi Deshpran Vidyapith—Humanities.
(2) Banamali Chatta High School—Humanities.
(3) Digha Vidya Bhawan—Humanities.
(4) Paranchak Sikshaniketan—Humanities.
(5) Amarshi Raghunath High School—Humanities.
(6) Chandanpur Ananda Institution—Humanities.
(7) Haludpari High School—Humanities.
(8) Balighai F. D. High School—Humanities.
(9) Bhagwanpur High School—Humanities.

Tamluk

(1) Tulia Sitala Model High School—Humanities and Science.
(2) Demari High School—Humanities.
(3) Doro Krshnagar Bani Mandir—Humanities.
(4) Paranchak Siksha Niketan—Humanities.
(5) Deulia Hiraram High School—Humanities.
(6) Gokulnagar Gobinda Jew Sikshaniketan—Humanities.
(7) Rajaramchak Sikshaniketan—Humanities.
(8) Gopinathpur High School—Humanities.
(9) Abasbari Pitbas S. P. High School—Humanities.
(10) Ramchandrapur Raisuddin High School—Humanities and Science.
(11) Kalyanchak Gourmohan Institution—Humanities.
(12) Khanchi Gunadhar Adarsha Vidyapith—Humanities.

Jhargram.

(1) Jhargram Nanibala Vidyalaya—Humanities.
(2) Chichra High School—Humanities.
(3) Beliaberah K. C. Memorial High School—Humanities and Science.
(4) Rohini C. R. D. High School—Humanities.

Ghatal

(1) Sagarpur Sir Ashutosh High School—Humanities.
(2) Rajnagar Union High School—Humanities.
(3) Jhakra High School—Humanities.

Sadar

(1) Sabong S. M. High School—Humanities.
(2) Basantpur J. Bani Bhaban—Humanities and Science.
(3) Baramohanpur High School—Humanities.
(4) Gobardhanpur P. N. Vidyayatan—Humanities and Science.
(5) Pingla Krishna Kamini Institution—Humanities.
(6) Garh-haripur G. N. High School—Humanities.
(7) Chandrakona Road Saradamoyee High School—Humanities and Science.
(8) Hoomgarh Chandabia High School—Humanities.
(9) Netajinagar Sripati Siksha Sadan—Humanities.
(10) Silver Jubilee High School—Humanities.
(11) Madpur High School—Humanities.
(12) Radhamohanpur Vivekananda High School—Humanities.
(13) Ballichak Bhajahari Institution—Humanities and Science.
(14) Midnapore Town School—Humanities and Science.

Tamluk

(1) Srirampore Agricultural High School—Humanities.
(2) Byabatterhat Adarsha High School—Humanities and Science.
(3) Basudebpur M. N. K. High School—Humanities.
(4) Dakshin Kasimnagar High School—Humanities.
(5) Gopalpur High School—Humanities and Science.
(6) Bhanderberia Debendra High School—Humanities.
(7) Krishnaganj K. S. Vidyalaya—Humanities and Science.
(8) Deriachak Sri Aurobinda Vidyamath—Humanities.
(9) Gopalnagar K. P. K. Institution—Humanities.
(10) Dhuiapur Pallisree Bani Mandir—Humanities.
(11) Debhog S. C. Millon Vidyapith—Humanities.
(12) Parbatipur Patitpaboni High School—Humanities and Science.
(13) Paramanandapur J. N. Institution—Humanities and Science.

Contai

(1) Mahammadpur Deshapran Vidyapith—Humanities.
(2) Bhimeswari Uchcha Sikshayatan—Humanities.
(3) Monoharpur Bandhab High School—Humanities.
(4) Basudebpur H. P. Institution—Humanities and Science.
(5) Astichak S. J. Vidyapith—Humanities and Agriculture.
(6) Gobra I. N. K. M. High School—Humanities and Science.
(7) Ballyogobindapur J. K. Vidyapith—Humanities.
(8) Jabda Vidyasagar Vidyapith—Humanities.

Ghatal

(1) Narajole Mahendra Academy—Humanities.

(2) Sree Bora High School—Humanities.

(3) Nandanpore High School—Humanities and Science.

(4) Rampur Manna K. K. I. R. R. Institution—Humanities.

(5) Basudebpur Vidyasagar Smriti Vidyapith—Humanities.

(6) Khirpai High School—Humanities and Science.

(7) Chandrakona Jirat High School—Humanities and Science.

(8) Jara High School—Humanities.

Jhargram

(1) Belpahari S. C. High School—Humanities.

(2) Nayagram Bani Vidyapith—Humanities.

Bagmundi Block

545. (Admitted question No. 936.) **Shri Daman Kuiry:** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Services Department be pleased to state—

(a) when the Bagmundi Block in Purulia district was formed;

(b) how much money was sanctioned for the said Block for the year 1962-63; and

(c) how much has so far been spent from the said amount?

The Minister for Community Development and Extension Services: (a) On 2nd October, 1957.

(b) Rs. 2,51,804 (including Rs. 1,23,530 for construction of staff quarters and administrative buildings).

(c) Rs. 99,232 (spent) excluding expenditure on construction of staff quarters and admininstrative buildings which will be effected by adjustment in the accounts after the close of the year.

Sports Stadium at Berhampore

546. (Admitted question No. 952.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is contemplating to construct a Sports Stadium at the Race course in Berhampore, district Murshidabad; and

(b) if so, when the said work will start?

The Minister for Education: (a) No; construction of Sports Stadium comes under the Centrally-Sponsored Scheme. During the last two years the Government of India did not consider any new proposal under the scheme.

(b) The question does not arise.

Health Centres at Murshidabad

547. (Admitted question No. 953.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has any scheme for constructing Thana, Primary or Subsidiary Health Centres at—

(1) Bagrapara,

(2) Panchgram,

(3) Lalgola,

(4) Nabagram, and

(5) Kiriteswari

in the district of Murshidabad; and

(b) if so, when the scheme will be implemented?

The Minister of State for Health: (a) Yes. Government has schemes for construction of Primary or Subsidiary Health Centres at these places excepting at Panchgram. In fact two Subsidiary Health Centres are actually functioning at Bagrapara and Kirteswari.

(b) Subsidiary Health Centres at Bagrapara and Kiriteswari are functioning. A primary Health Centre at Nabagram is under construction and will function when construction is completed. An offer of land for the Subsidiary Health Centre at Lalgola has been received. The donor has been asked to execute the deed of gift after which construction will be taken up.

Cash dole and gratuitous relief in Purulia

548. (Admitted question No. 956.) **Shri Daman Kuiri:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার বাঘমুণ্ডি থানায় লোকে খেতে না পেয়ে এ বৎসর গ্রাম ছেড়ে চলে যাচ্ছে;

(খ) উক্ত অঞ্চলের দুর্গতদের সাহায্যের জন্য কোন ক্যাশ ডোল-এর ব্যবস্থা আছে কি; এবং

(গ) ইহা কি সত্য যে ঐ অঞ্চলে আজ পর্যন্ত কোন ক্যাশ ডোল, গ্রাচুইটাস রিলিফ এর সঙ্গে দেওয়া হয় নাই?

The Minister for Relief:

(ক) না খেতে পেয়ে গ্রাম ছেড়ে চলে যাওয়ার কোন সংবাদ পাওয়া যায় নাই।

(খ) আছে।

(গ) খাদ্যশস্য বিতরিত খয়রাতি সাহায্যের সহিত কোন নগদ পয়সা দেওয়া হয় নাই।

Denki Co-operative Society at Lalgola, Murshidabad

549. (Admitted question No. 957.) **Shri Birendra Narayan Roy:**

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার লালগোলায় অবস্থিত ঢেঁকী কো-অপারেটিভ সোসাইটিতে এবং নবগ্রাম থানার কানফলায় অবস্থিত কো-অপারেটিভ সোসাইটিতে গত তিন বছরে কত লাভ বা লোকসান হইয়াছে?

The Minister for Co-operation:

১৫-১২-৬০ তারিখে রেজিস্ট্রীকৃত লালগোলা ঢেঁকী শিল্প সমবায় সমিতির লোকসানের পরিমাণ নিম্নে প্রদত্ত হইল:—

১৯৬০-৬১—৪৯০·৬১ টাকা

১৯৬১-৬২—৬৮১·৫৮ টাকা

নবগ্রাম থানার অন্তর্গত কানফলাতে দুইটি সমবায় সমিতি আছে। গত তিন বছরে ইহাদের লাভ ও লোকসান-এর পরিমাণ প্রদত্ত হইল:

(১) অমর কানফলা সমবায় সমিতি (গ্রামীণ ঋণদান সমিতি)
লাভের পরিমাণ

১৯৫৯-৬০—২৪৯·৭৯ টাকা

১৯৬০-৬১—২৮৫·২৫ টাকা

১৯৬১-৬২ সালের হিসাব এখনও প্রস্তুত হয় নাই।

(২) নবগ্রাম ইউনিয়ন সমবায় কৃষি ঋণদান সমিতি
লোকসানের পরিমাণ

১৯৫৯-৬০—৫২৬·৫২ টাকা

১৯৬০-৬১—১,৩৯১·৬৬ টাকা

১৯৬১-৬২—২৭৬·৯৯ টাকা

Lalgola Fishermen's Co-operative Society

550. (Admitted question No. 958.) **Shri Birendra Narayan Roy:** সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লালগোলা ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি সম্বন্ধে কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে তাহা কি কি প্রকারের?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) অভিযোগগুলি প্রধানতঃ নিম্নলিখিত বিষয়ে—

(১) সমিতির কার্য পরিচালনায় অব্যবস্থা।

(২) সমিতির তহবিল তছরূপ।

(৩) জলকরসমূহ ঠিকমত বিলি না করা।

(৪) কর্মচারীদের বেতন না দেওয়া।

Ad-interim compensation to Zamindars

551. (Admitted question No. 961.) **Shri Birendra Narayan Roy:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১১ই মার্চের অ-তারকা চিহ্নিত ১৯৬নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, যে সমস্ত প্রাক্তন জমিদারদের নেট মুনাফা পঞ্চাশ হাজার বা তদূর্ধ্ব ছিল তাহাদের মধ্যে কয়জনকে প্রাপ্য ক্ষতিপূরণের নগদ অংশের মোটামুটি শতকরা প'চাত্তর ভাগ অ্যাড-ইন্টারিম ক্ষতিপূরণ দিয়াছেন;

(খ) উক্ত জমিদারদের নাম কি; এবং

(গ) তাঁহাদের প্রত্যেকের পাওয়া কম্পেনসেসন-এর পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue:

(ক) চারজন।

(খ) (১) মেদিনীপুর জমিদারী কোম্পানী লিমিটেড।

(২) পোর্ট ক্যানিং অ্যান্ড ল্যান্ড ইমপ্রুভমেন্ট কোম্পানী লিমিটেড।

(৩) শ্রীঅমরেন্দ্রলাল খান।

(৪) ঝাড়গ্রামের রাজা নরসিংহ মল্লদেব।

(গ) যথাক্রমে—

(১) ১,৮৮,৫৫০·০০ টাকা।

(২) ১,৪১,০৭৪·০০ টাকা

(৩) ১,২৩,৬১৯·০০ টাকা।

(৪) ৬৫,০০০·০০ টাকা।

Desilting of Tolly's Nullah

552. (Admitted question No. 963.) **Shrimati Biva Mitra:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) if it is fact that the scheme for desilting of the Tolly's Nullah has been approved and recommended by the West Bengal Flood Enquiry Committee, 1959; and

(b) if so, when the scheme is going to be implemented.

The Minister for Irrigation and Waterways: (a) Yes.

(b) Detailed estimate is being prepared. After approval of the detailed estimate the scheme will be implemented subject to the availability of funds.

Bridge over Bhangar-Krishtopur Canal

553. (Admitted question No. 968.) **Shri A. K. M. Ishaque:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state if the Government of West Bengal has any plan to construct a bridge over Bhangar-Kristopur Canal at Bhangar Bazar?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) when the construction work is likely to be undertaken;

(ii) when the construction work is likely to be completed;

(iii) what will be the breadth of the proposed bridge; and

(iv) what is the estimated cost of construction?

The Minister for Irrigation and Waterways: (a) No.

(b) Do not arise.

Opening of Commerce Department in the K. N. College, Berhampore

554. (Admitted question No. 972.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর কৃষ্ণনাথ কলেজে কমার্স বিভাগ খুলিবার কোন ব্যবস্থা সম্পর্কে সরকারের নিকট আবেদনপত্র আসিয়াছে কিনা;

(খ) আবেদন আসিয়া থাকিলে, এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Education:

(ক) কলেজ কর্তৃপক্ষের নিকট হইতে একটি আবেদনপত্র আসিয়াছিল।

(খ) সরকারী নিয়ন্ত্রণাধীন কলেজগুলিতে (স্পনসর্ড) কমার্স বিভাগ খোলা হয় না। কলেজ কর্তৃপক্ষকে জানান হইয়াছে যে, যদি একটি স্বতন্ত্র সংস্থা হিসাবে কমার্স বিভাগ খোলা হয়, তবে উহাতে সরকারের কোন আপত্তি নাই। কিন্তু তাহার জন্য সরকার কোন ব্যয়ভার বহন করিবেন না।

District Health Committee in Murshidabad district

555. (Admitted question No. 974.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) who are the members of the District Health Committee of Murshidabad; and

(b) how many times the District Health Committee met during 1961-62 and 1962-63?

The Minister of State for Health: (a) District Magistrate—Chairman.

Chief Medical Officer of Health—Secretary.

Chairman of the District Board;

Principal of the local college;

President of District Congress Committee—Members.

(b) No meeting of the District Health Committee was held during 1961-62 and 1162-63.

D. V. C. water

556. (Admitted question No. 996.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) names of the concerns who have been supplied in 1922 and in the months of January and February, 1963, the water from D.V.C. for (1) industrial and (2) domestic purposes.

(b) volume of water supplied to each such concern; and

(c) the receipts of the water rate from each of these concerns in the said period and the amount oustanding from each such concern, if any.

The Minister for Irrigation and Waterways: (a) to (c) Statements I and II are laid on the table.

Statements referred to in reply to unstarred question No. 556.

STATEMENT I

Statement showing the names of concerns who have been supplied water from the D. V. C. source for industrial purposes, amount of water taken and charges paid for the same for the year 1962 and January and February, 1963, and the amount outstanding from each concern.

Name.	1962.			January, 1963.			February, 1963.		
	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid. Rs.	Amount outstanding.	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid. Rs.	Amount outstanding.	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid. Rs.	Amoutn outstanding.
Durgapur Steel Project ..	8,263,390	7,43,705·10	Nil	838,550	75,469·50	Nil	Figures not available.	Figures not available.	Figures not available.
Durgapur Project (Intake well)	103,065	10,306·50	Nil	9,920	992·00	Nil	Do.	Do.	Do.
Durgapur Project (Water-supply Canal).	137,292	13,729·20	Nil	111,980	11,198·00	Nil	Do.	Do.	Do.
Eastern Railway, Panagrah ..	81,630	8,163·00	Nil	64,275	6,427·50	Nil	Do.	Do.	Do.
Indian Explosive Ltd. ..	306·4 million gallons (from March, 1962 to February, 1963).	29,740·06 (realised up to November, 1962).	Not available.	Separate figures not available.			Separate figures not available.		

STATEMENT II

Statement showing the names of concerns who have been supplied water from the D. V. C. source for domestic purposes, amount of water taken and charges paid for the same for the year 1962 and January, 1963, and February, 1963, and the amount outstanding from each concern.

Name of concern.	1962.			January, 1963.			February, 1963.		
	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid.	Amount outstanding.	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid.	Amount outstanding.	Quantity of water taken in 1,000 gallons.	Charges paid.	Amount outstanding.
		Rs.			Rs.			Rs.	
Durgapur Steel Project ..	1,095,497 (Up to October, 1962).	76,684·79 (Up to October, 1962).	Nil	Not available.	Not available.	Not available.	Not available.	Not available.	Not available.
Durgapur Project ..	978,090	68,466·30	Nil	103,760	7,263·20	Nil	Do.	Do.	Do.
Chittaranjan Locomotive Works.	246,070·7	16,594·94	Nil	Not available.	Not available.	Not available.	Do.	Do.	Do.
National Coal Development Corporation (Kathara Colliery).	66,280	4,639·60	Nil	Do.	Do.	Do.	Do.	Do.	Do.

Land for Burdwan University

557. (Admitted question No. 999.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many acres of land were acquired on payment of compensation for construction of hostels and buildings for accommodation of other departments of the Burdwan University up to February, 1963;

(b) total omount of compensation liable for payment to the landholders;

(c) minimum and maximum rate per cottah determined for compensation;

(d) names of the landholders who are paid at the maximum rate and particulars of holdings; and

(e) for determining the rate of compensation what points are taken into consideration?

The Minister for Education: (a) 176.95 acres of land.

(b) Rs. 22,83,280 has been paid as compensation for the lands acquired for the University.

(c) Minimum Rs. 32 (approximately) per cottah; maximum rate Rs. 952 (approximately) per cottah.

(d) The names of the landholders who got the maximum rate are Debprasanna Mukherjee, Satya Kinkar Das and Sabitri Bala Debi. Collection of particulars of hoding will take time.

(e) Land value as on the date of notification for acquisition is determined on the basis of sales (prior to notification) of lands of similar classifications in the neighbouring areas and the situational advantages and disadvantages of such lands.

Accommodation in Murshidabad district jail and sub-jails

558. (Admitted question No. 1001.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the capacity of accommodation for prisoners in the Murshidabad district jail and sub-jails; and

(b) how many prisoners are at present in the above district and sub-jails?

The Minister for Home (Jails):

(a) Berhampore Central Jail—2,022.
Kandi sub-jail—19.
Jangipur sub-jail—23.
Lalbagh sub-jail—50.
(Number of prisoners as on 21-3-63.)

(b) Berhampore Central Jail—1,290.
Kandi sub-jail—25.
Jangipur sub-jail—34.
Lalbagh sub-jail—62.

Defence Labour Bank

55. (Admitted question No 1036.) **Shri Manoranjan Bakshi:**

সমাজ উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনে 'প্রতিরক্ষা শ্রম ভাণ্ডার' (ডিফেন্স লেবার ব্যাঙ্ক) খোলা হইয়াছে কি?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই উদ্দেশ্যে কোন্ অঞ্চলে কী কী কার্যসূচী প্রস্তুত করা হইয়াছে; এবং

(২) উক্ত উন্নয়ন সংস্থার বি ডি ও এই সম্পর্কে স্বেচ্ছাসেবকগণকে লইয়া কোনও সম্মেলন করিয়াছেন কিনা?

The Minister for Community Development and Extension Service:

(ক) হ্যাঁ।

(খ) (১) এই উদ্দেশ্যে নিম্নলিখিত কার্যসূচী প্রস্তুত করা হইয়াছে:-

সুয়াটা গ্রামের রাস্তাটির খামার অবধি সম্প্রসারণ; বিষ্ণুপুর হইতে হেদোগড়িয়া পর্যন্ত রাস্তা নির্মাণ; মালিয়াড়া গ্রামে রাস্তা নির্মাণ; বিষ্ণুপুর গ্রামে পয়ঃপ্রণালী নির্মাণ; মলোচ্য গ্রামে রাস্তা সংস্কার; বাহাদুরপুর হইতে এড়াল পর্যন্ত রাস্তা নির্মাণ।

(২) হ্যাঁ।

Cattle purchase loan

56. (Admitted question No. 1038.) **Shri Manoranjan Bakshi:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থায় গত ১৯৬১ এবং ১৯৬২ সালে কত টাকা বলদ ক্রয় ঋণ দেওয়া হইয়াছে; এবং

(খ) উপরি-উক্ত সময়ে উক্ত সংস্থার অধীনে কোন্ কোন্ অঞ্চল পঞ্চায়েতে কত টাকা বলদ ক্রয় ঋণ দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) ১৯৬১ সালে ৭,০০০ টাকা। ১৯৬২ সালে ৭,০০০ টাকা।

(খ) উক্ত সংস্থায় বলদ ক্রয় ঋণদানের বিবরণ নিম্নে প্রদত্ত হইল:—

ক্রমিক নং	অঞ্চল পঞ্চায়েতের নাম		১৯৬১ টাকা	১৯৬২ টাকা
(১)	সেরাল	...	১,০০০	১,০০১
(২)	অমরপুর	...	১,০০০	৯৯৯
(৩)	কোটা	...	১,০০০	৭৭১
(৪)	দেবশালা	...	১,০০০	১,২০৮
(৫)	রামনগর	...	১,০০০	১,০০৪
(৬)	ভেদিয়া	...	১,০০০	১,০৭৬
(৭)	ভালকি	...	১,০০০	[illegible]
		...	৭,০০০	৭,০০০

Cases of murder in Murshidabad district

561. (Admitted question No. 1049.)) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় থানাওয়ারীভাবে খুনের সংখ্যা কত; এবং

(খ) কতগুলি ক্ষেত্রে অপরাধীর শাস্তি হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ও (খ) এতদ্‌সম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred questiin No. 561

	সাল	খুনের ঘটনার সংখ্যা	দণ্ডপ্রাপ্ত ঘটনার সংখ্যা
বহরমপুর			
	১৯৬০-৬১	৪	১
	১৯৬১-৬২	৪	২
	১৯৬২-৬৩	৪	১
	২২এ মার্চ পর্যন্ত		১
নওদা			
	১৯৬০-৬১	২	×
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	১	×
বেলডাঙ্গা			
	১৯৬০-৬১	২	×
	১৯৬১-৬২	৪	১
	১৯৬২-৬৩	২	×
হরিহরপুর			
	১৯৬০-৬১	৩	×
	১৯৬১-৬২	১	১
	১৯৬২-৬৩	৩	×
ডোমকল			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	২	১
	১৯৬২-৬৩	১	×
জলাঙ্গী			
	১৯৬০-৬১	৪	×
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	১	×
রানীনগর			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	২	×
	১৯৬২-৬৩	২	×

থানার নাম	সাল	খুনের ঘটনার সংখ্যা	দণ্ডপ্রাপ্ত ঘটনার সংখ্যা
মুর্শিদাবাদ			
	১৯৬০-৬১	×	×
	১৯৬১-৬২	১	×
	১৯৬২-৬৩	১	×
ালগোলা			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	১	১
	১৯৬২-৬৩	২	১
গবানগোলা			
	১৯৬০-৬১	×	×
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	২	×
বগ্রাম			
	১৯৬০-৬১	৩	১
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	১	×
িয়াগঞ্জ			
	১৯৬০-৬১	×	×
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	×	×
ঘুনাথগঞ্জ			
	১৯৬০-৬১	৫	১
	১৯৬১-৬২	৩	×
	১৯৬২-৬৩	×	×
াগরদীঘি			
	১৯৬০-৬১	২	×
	১৯৬১-৬২	×	×
	১৯৬২-৬৩	১	×
রাক্কা			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	১	১
	১৯৬২-৬৩	১	×
তী			
	১৯৬০-৬১	৩	১
	১৯৬১-৬২	২	২
	১৯৬২-৬৩	২	×
মসেরগঞ্জ			
	১৯৬০-৬১	×	×
	১৯৬১-৬২	৩	১
	১৯৬২-৬৩	১	×

থানার নাম	সাল	খুনের ঘটনার সংখ্যা	দণ্ডপ্রাপ্ত ঘটনার সংখ্যা
কাঁদি			
	১৯৬০-৬১	৬	১
	১৯৬১-৬২	৩	১
	১৯৬২-৬৩	৫	×
ভরতপুর			
	১৯৬০-৬১	৫	১
	১৯৬১-৬২	২	×
	১৯৬২-৬৩	২	×
খারগ্রাম			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	১	১
	১৯৬২-৬৩	৩	১
বাড়োয়ান			
	১৯৬০-৬১	১	×
	১৯৬১-৬২	৩	১
	১৯৬২-৬৩	×	×

Muslim employees of the State Government

562. (Admitted question No. 1050.) **Shri Birendra Narayan Roy:** অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ-সরকারের অধীন বিভিন্ন দপ্তরে কতজন মুসলিম সম্প্রদায়ভুক্ত চাকুরিয়া আছেন; এবং

(খ) ইঁহাদের মধ্যে কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড চাকুরিয়া?

The Minister for Finance:

সরকারী বিভিন্ন দপ্তর হইতে এই সম্পর্কে তথ্য সংগৃহীত হইতেছে। সম্পূর্ণ তথ্য সংগৃহীত হইলেই উহা বিধানসভায় পেশ করা হইবে।

Co-operative banks in Hooghly district

563. (Admitted question No. 1062.) **Shri Sambhu Charan Ghose:** সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় কতগুলি সমবায় ব্যাঙ্ক আছে; এবং

(খ) উক্ত ব্যাঙ্কগুলির—

(১) নাম কি,

(২) মূলধন কত, এবং

(৩) সদস্যদের নাম কি?

The Minister for Co-operation:

(ক) আটটি।

(খ) (১) ও (২) ব্যাংকগুলির নাম ও মূলধন নিম্নে দেওয়া হইলঃ—

নাম	মূলধন (৩০-৬-৬২ তারিখ পর্যন্ত)

(১) হুগলি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—টাকা ১১,৪৩,৭২২·০০ নয়া পয়সা।

(২) আরামবাগ ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—টাকা ১২,১৮,৫৭২·০০ নয়া পয়সা।

(৩) বংশবাটী কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড - টাকা ৫৪,৪৮৬·০০ নয়া পয়সা।

(৪) বেলুড় কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—টাকা ১০,০০৮·০০ নয়া পয়সা।

(৫) হুগলি কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—টাকা ৩,০৮,২১৫·০০ নয়া পয়সা।

(৬) কোন্নগর সমবায় ব্যাংক লিমিটেড—টাকা ৫,৭৪,০৩৮·০০ নয়া পয়সা।

(৭) উত্তরপাড়া কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—টাকা ১,৯৫,৪২৫·০০ নয়া পয়সা।

(৮) নবগ্রাম পিপলস্ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড—(নতুন রেজিস্ট্রিকৃত)

(৯) সদস্যসংখ্যা প্রচুর। তাঁহাদের নাম সংগ্রহ করা সময়সাপেক্ষ।

Imambara Sadar Hospital

564. (Admitted question No. 1064.) **Shri Sambhu Charan Ghosh:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইমামবাড়ি সদর হাসপাতালে (হুগলি) বর্তমান বেডের সংখ্যা কত;

(খ) উক্ত হাসপাতালে বেডের সংখ্যা বাড়াইবার কোন পরিকল্পনা আছে কিনা;

(গ) উক্ত হাসপাতালে সরকারীভাবে নিযুক্ত ডাক্তারের সংখ্যা কত এবং তাহাদের নাম কি;

(ঘ) উক্ত হাসপাতালে ই এন টি বিভাগের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(ঙ) ব্যবস্থা না থাকিলে, অবিলম্বে ঐ বিভাগ খোলার কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister of State for Health:

(ক) ১৯২।

(খ) আছে। এজন্য বর্তমান হাসপাতাল গৃহের উপর আর-একটি তলা (স্টোরি) নির্মাণ করিবার পরিকল্পনা করা হইয়াছে।

(গ) ডাক্তারের সংখ্যা ১৩; নামের তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(ঘ) নাই।

(ঙ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

Statement referred to in reply to item (Gah) of unstarred question No. 564.

Gazetted

1. Dr. Bejoy Kr. Sengupta, M.B.B.S.—D.M.O.
2. Dr. Biswanath Saha, M.S. (Cal.)—Surgeon.
3. Dr. Ananda Kali Sain, M.B.B.S. (Cal.), M.R.C.P. (Edin.), D.C.H. (Edin.)—Physician.
4. Dr. Dhirendra N. Banerjee, M.B.B.S., D.G.O. (Cal.), M.R.C.O.G, (Lond.)—Gynaecologist.
5. Dr. Puspika Kar, M.B.B.S.—Anaesthetist.
6. Dr. Jatindra Nath Basu—Radiologist.
7. Dr. Pranab Kr. Chatterjee, M.B.B.S., D.O.M.S. (Cal.)—Ophthalmologist.
8. Dr. Sukamal Khasnabish, M.B.B.S., D.T.M. & H.—Pathologist.
9. Dr. Krishna Nath Chakrabarty, M.B.B.S., D.T.D.—Medical officer.
10. Dr. Deb Sankar Mukherjee, M.B.B.S., T.D.D.—Medical Officer.
11. Dr. (Shrimati) Gita Chowdhury, M.B.B.S.—Lady Medical Officer (M.C.W. & F.P.).

Non-gazetted

1. Dr. (Shrimati) Kiron Bose—Medical Officer.
2. Dr. S. R. Dutta (V.D.)—Medical Officer (now deputed for training at the Blood Bank, M.C.H,, Calcutta.).

Expenditure on account of house-rent allowances, electric charges, salary of orderlies, etc., of the Ministers

565. (Admitted question No. 1067.) **Shri Sambhu Charan Ghose:**

অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীগুলিদের জন্য বাড়িভাড়া বাবত ১৯৬১-৬২ সালে কত টাকা খরচ হইয়াছে;

(খ) সরকার কর্তৃক যেসব মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীমণ্ডলীদের জন্য বাড়ির ব্যবস্থা আছে তাহাতে ১৯৬২-৬৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ইলেকট্রিক ও জলকর বাবত কত টাকা খরচ হইয়াছে:

(গ) পশ্চিমবঙ্গের মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীদের ১৯৬২-৬৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত আসবাবপত্রের জন্য সরকার হইতে কত টাকা খরচ হইয়াছে; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীদের জন্য সরকার হইতে কয় কয়জন করিয়া ভৃত্য বা চাপরাশী দিবার ব্যবস্থা আছে এবং তাহাদের মাহিনা, পোশাকপরিচ্ছদ ও অন্যান্য অ্যালাউন্স বাবত গত এক বৎসরে মাসিক কত করিয়া খরচ হইয়াছে?

The Minister for Finance:

(ক) ৮৭,১৩৫·৪৯ টাকা।

(খ) ইলেকট্রিক—৫,৭৬৫,৯১ টাকা। (মার্চ ১৯৬২ হইতে ফেব্রুয়ারি ১৯৬৩ পর্যন্ত) জলকর দিতে হয় না।

(গ) ১১,৩২০·৮৬ টাকা। (মার্চ, ১৯৬২ হইতে ফেব্রুয়ারি, ১৯৬৩ পর্যন্ত)

(ঘ) মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীদিগকে কোন ভৃত্য দিবার ব্যবস্থা নাই। মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রীদের প্রত্যেককে ৪ জন করিয়া চাপরাশী দেওয়া হয়। উপমন্ত্রীরা প্রত্যেকে ৩ জন চাপরাশী পান। এই চাপরাশীদিগের জন্য ১৯৬২ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ ডিসেম্বর পর্যন্ত মাহিনা, পোশাকপরিচ্ছদ এবং অন্যান্য অ্যালাউন্স বাবত মাসিক আনুমানিক নিম্নলিখিত খরচ হইয়াছে:—

(ক) মাহিনা এবং অন্যান্য অ্যালাউন্স—৯,১১৭ টাকা।

(খ) পোশাকপরিচ্ছদ—১৬৭ টাকা।

Government advertisements in newspapers

566. (Admitted question No. 1070.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ১৯৬১-৬২ সালে পশ্চিমবঙ্গের দৈনিক পত্রিকাসমূহে কত টাকার বিজ্ঞান দিয়াছেন; এবং

(খ) ঐ পত্রিকাগুলির নাম কি?

The Minister for Home (Publicity):

(ক) ৯,৪০,৭৫২ টাকা ৮৯ নয়া পয়সা।

(খ) (১) স্টেটসম্যান, (২) অমৃতবাজার পত্রিকা, (৩) হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, (৪) আনন্দবাজার পত্রিকা, (৫) যুগান্তর, (৬) দৈনিক বসুমতী, (৭) দৈনিক লোকসেবক, (৮) জনসেবক, (৯) স্বাধীনতা, (১০) বিশ্বামিত্র, (১১) বিশ্ববন্ধু, (১২) লোকমান্য, (১৩) রোজানা হিন্দ, (১৪) আস্রিজিন্দ, (১৫) ইমরোজ, (১৬) নবি প্রভাত, (১৭) আজাদ হিন্দ, (১৮) সন্মার্গ, (১৯) দেশ দর্পণ।

Government quarters at Berhampore

567. (Admitted question No. 1076.) **Shri Sanat Kumar Raha:**

গৃহনির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে যেসকল নতুন ৪৮টি বাড়ি সরকার কর্তৃক নির্মিত হইয়াছে সেইসকল বাড়ি সাধারণ বেসরকারী ব্যক্তিকে ভাড়া দেওয়া হইবে কিনা;

(খ) কাহাদের ব্যবহারের জন্য উক্ত বাড়ি নির্মিত হইয়াছে?

The Minister for Housing:

(ক) না।

(খ) রাজ্যসরকারের স্থানীয় কর্মচারীদের ব্যবহারের জন্য।

Retail price of rice

568. (Admitted question No. 1082.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

According to an agreed decision arrived at in a meeting of representatives of State Governments and the Government of India, luxury goods are now subject to a higher rate of tax of 7 per cent. in this State. This rate is now proposed to be enhanced to 10 per cent. in pursuance of a decision taken at the last Finance Minister's Conference in New Delhi in this regard. Hon'ble members will certainly agree with this enhancement as in this House opinion has been expressed more than once that luxury goods should be taxed at higher rates than ordinary goods. Other State Governments are also taking steps to implement this decision in their States. In fact, some of the States are already taxing luxury goods at this higher rate. This measure is expected to yield additional revenue of about Rs. 60 lakhs per annum.

At present sales of hosiery goods are subject to a 5 per cent. sales ta in this State under the Bengal Finance (Sales Tax) Act, 1941. Inter-State sales of hosiery goods are consequently liable to Central tax under th Central Sales Tax Act. The hos'ery goods industry of this State represented to us on many occasions in the past that the high rate of 7 per cent. Central Sales Tax applicable in cases of sales of hosiery goods from this State to unregistered dealers in other States is geopardising the traditional position of the industry in this State. The industry is gradually shifting to othe States from West Bengal which has been the principal manufacturing and distributing centre of hosiery goods for the whole of India. To protect th position of history goods industry in this State, the Bill seeks to extend exemption from the State sales Tax to hosiery goods so that such goods ma become automatically exempted from Central Sales Tax also by virtue o section 8(2A) of the Central Sales Tax Act, 1965. Instead of this, the Bil seeks to withdraw the exemption so long enjoyed by history yarn and t impose on it a low rate of 2 per cent. sales tax at source. Yarn being a declared goods under the Central Sales Tax Act, 2 per cent. is the maximum permissible rate of sales tax on it. At present a very large volume histor yarn is imported into West Bengal from other States. A 2 per cent. sale tax on hosiery yarn will bring an additional revenue of about Rs. 2 lakh per annum. It may be mentioned that hosiery yarn is subject to sale tax in most other States in India.

As against the above proposals for new or enhanced imposition of sale tax, the Bill also provides for extending exemption from sales tax to a number of deserving articles. All cereals and pulses are exempted from sales tax in this State. It is proposed to extend such exemption also to broken particles and husk and bran of all types of cereals. It is only logical to allow exemption to broken particles and husk and bran of cereal when cereals are already exempted. It is also proposed to extend the exemption from sales tax now allowed to Sago, to Tapioca globules as wha are sold in the market as Sago today are mostly Tapioca globules. Exemp tion from sales tax is proposed to be allowed to flowers and plants and vegetable seeds also. There has been persistent demand for exemption o these articles. Such exemption would be in the interest of a large numbe of rural people and agriculturists. Lastly, it has already been decided by the State Government to exempt from sales tax all types of Khadi and Khad ready-made garments. Hence, Khadi and Khadi readymade garments are also proposed to be included in the schedule of exempted articles under Bengal Finance (Sales Tax) Act, 1941.

The opportunity has also been taken to make certain minor amendments in the Act mainly to plug some loopholes in the description of luxury goods. Other amendments proposed in the Bill are consequential in nature

The total yield of additional revenue from all the above proposals wil be about Rs. 85 lakhs per annum. No additional expenditure is envisaged for giving effect to the provisions of the amending bill.

Sir, with these words I commend my motion for the acceptance of th House.

Mr. Deputy Speaker: The circulation motions standing in the name o Shri Tarun Kumar Sen Gupta, Dr. Kanai Lal Bhattacharya, Shri Sailendra Nath Adhikary and Shri Balai Lal Das Mahapatra are taken as moved.

Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June 1968.

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের প্রতিবাদ এই অর্থমন্ত্রীর সামনে রাখবার সময় আমার বক্তব্যের মাঝখানে হয়ত অনেক পুরানো কথার পুনরাবৃত্তি করবো কিন্তু ও'র মুখ থেকেও বারে বারে একটা কথা টাকা চাই, টাকা নেবো, সুতরাং আমাদের মুখ থেকেও সেই একই কথা টাকাট কতটা কম দিতে পারি এবং সাধারণ মানুষের উপর আঘাৎটা কতটা কম করতে পারি। সুতরাং এক কথা ও মুখ থেকে এবং একই জবাব এদিক থেকে হবে। এত বড় বক্তৃতা এবং একটা নূতন করে আইন করার মাঝখানে ৮৫ লক্ষ টাকা এর জন্য এত বড় বিল, আর বিধান সভায় সময় কাটাবার মত লোক আমাদের অর্থমন্ত্রী নন। এই বিলগুলির মাঝখানে দেখান থাকে ৮৫ লক্ষ, তিনি দেখিয়ে দিলেন যে খাবারের উপর ট্যাক্স করছেন মোটে না কি ৩ লক্ষ টাকা পাওয়া যাবে। আমি আশা করি আসছে বৎসর বাজেটের সময় তিনি হিসাব দেবেন এই ৩ লক্ষ টাকার কতটা তিনি আদায় করেছেন এটা নিশ্চয়ই তিনি জানাবেন। সুতরাং ৩ লক্ষ টাকা বলে, ৩ লক্ষ টাকা দু' জায়গায় বললেন, টোটাল-এ ৮৫ লক্ষ টাকা বললেন যেটা শুনতে খুব ছোট হয়, টোটাল ৮৫ লক্ষ টাকা আয় হবে, সুতরাং ৮৫ লক্ষ টাকা বেশী নেবে। আর ৩ লক্ষ টাকা বেশী খাবারে নেবো এ এমন কিছু গায়ে লাগবার কথা নয়। কিন্তু এমন কতকগুলি জায়গায় আপনি হস্তক্ষেপ করেছেন, যে আমি এইখানেই আমার কথাটি রেখে দিলাম। আসছে বৎসর আমরা যেন শুনতে পাই যে এই খাতে এই ৩ লক্ষ টাকার জায়গায় কত লক্ষ টাকা নিলেন। কত ক্রোর টাকা নিলেন সেটা যেন শুনতে পাই। আমি আপনার বক্তব্যের মাঝখানে চারটি বড় বড় কথা দেখতে পেলাম, সে চারটি বড় কথার মধ্যে একটা ম্যাচ এবং কুক্‌ড ফুড-এর উপর নূতন ট্যাক্স পড়েছে। কিন্তু বাস্তবিকই ম্যাচ-এর, দিয়াশলাই এটা খুব মূল্যবান জিনিষের মধ্যে, যে জিনিষ বাদ দিয়ে কোন সংসার চলতে পারে না, সহরে না, গ্রামেও নয় কোথাও না, সেই রকম জিনিষের উপর আপনি হস্তক্ষেপ করেছেন। সুতরাং তাতে আপনি কতটা পাবেন তা বলেন নি। কিন্তু মানুষের কতটুকু যাবে সেটা আগের আগের বক্তারা প্রতি দিনই বলেছেন। কারণ আপনার বাড়ান ১ পয়সা ট্যাক্স আর ঐ দোকানদারকে দিতে হবে তার কতটা বেশী, এই যে তারতম্য এই সম্বন্ধে সরকার সব সময় নিস্ক্রিয় এবং তাদের সম্বন্ধে কোন রকম কথাও আপনারা বলেন না। কিন্তু এখানে যে কথা আপনি খাবারের জন্য ১·৫০ নয়া পয়সা এর উপরে খারাবটা হলেই আপনি ট্যাক্স করবেন বলেছেন।

[1—1-10 p.m.]

আপনি নিশ্চয় জানেন যে এখনকার দিনে কোন একটা জায়গাতে একটা সাধারণ মানুষের অত্যন্ত সাধারণ খাবারেও ১·৫০ নয়া পয়সার কমে হতে পারে না। আপনি যদি মুড়ি মুড়কির কথা ধরে থাকেন কিম্বা অফিসে যারা জলখাবার খায় সেই জায়গায় হয়ত আপনি হাত দেন নি। কিন্তু যে মানুষ অফিস থেকে এসে সামনে একটা হোটেলে একবেলার খাবার খাবে তার খাবারে আপনি হাত দিয়েছেন। আপনি সাধারণ মানুষের সাধারণ খাবারে আপনি হাত দিয়েছেন। আপনি বলছেন হাইয়ার টাইপের হোটেলে যারা খায় তারা দেবে। কিন্তু ১·৫০ নয়া পয়সা খাবার এ আপনার হাইয়ার টাইপে হোটেলে নয় কলকাতা সহরে সাধারণ হোটেলে লাগে। আপনি বলেছেন এর জন্য তিন লাখ টাকা পাবেন। আমি প্রতিবাদ করছি এবং শুনতে চাইব এর পরে যে কত টাকা আপনি আদায় করেছেন। আমরা একটা প্রস্তাব দিয়েছি যে ১·৫০ নয়া পয়সার জায়গায় আপনি ৩·৫০ নয়া পয়সা করে দিন। সাধারণতঃ রেস্তোরায় যারা খায় সত্যিকারের যাদের লাকসারির মধ্যে ধরা হয় সেটাই আমরা প্রস্তাবের মাধ্যমে এনেছি। আপনারা মুখে বলেন যে বড় বড় লোকদের ট্যাক্স আনছি, কিন্তু আসলে গরিব লোকের খাওয়ার উপরে আপনি ট্যাক্স ধার্য করছেন। এই কথাটাই আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি, যে ট্যাক্স আপনি ধরছেন এবং আপনি যে টাকা আদায় করবেন বলে আশা করছেন তার চেয়ে অনেক বেশী আদায় করবার মতন যায়গা আছে। আপনি আমাদের কাছে বারে বারে পরিবেশন করছেন যে কতকগুলি একজেমশান করব। আপনি একজেমশান করছেন ফ্লাওয়ার, ফ্লাওয়ার প্ল্যান্ট, ভেজিটেবল সীড অ্যান্ড ট্যাপিওকা ইত্যাদি আমি জানতে চাইছি যে এগুলিতে আপনার কত আয় হত। আশা করি এটা আপনি জানিয়ে দেবেন তাহলে

ত্যাগের পরিমাণ কত তা শুনতে পাব। ফ্লাউয়ার, ফ্লাউয়ার প্ল্যান্ট এ্যান্ড ভেজিটেবল সীড ইত্যাদি সাধারণ মানুষের কথা ভেবে আমরা এখানে বারবার দাবী করেছি একজেমশন করবার জন্য কিন্তু আপনি কি করেছেন--আপনি তার বদলে দিয়াশলাই নিয়েছেন। এর জন্য আপনার কত আয় হবে এবং কি ত্যাগ করলেন, সেটাই এখন জানা দরকার। তারপর আমি আপনাকে আবেদন জানাব হাইয়ার ভ্যারাইটিস এর আওতায় নিয়ে আসুন আপত্তি করব না কিন্তু সাধারণ শিশুদের জন্য দেওয়া যেগুলি চিলড্রেনস্ ব্যান্ড স্মলার ভ্যারাইটি সেগুলি একজেমশন আরটিক্যালের মধ্যে আনা যায় কি না সেটা একটু ভেবে দেখবেন। হাইয়ার ভ্যারাইটিসএর কথা বলছি না।

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1963. মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য রাখার আগে আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেই এ্যামেন্ডমেন্টটা ঠিকভাবে এখানে দেওয়া হয় নি, এখানে প্রিন্টিং মিসটেক আছে সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আফটার দি ওয়ার্ড ইন সাবস্টিটিউড টু.....

মিঃ ডেপুটি স্পীকারঃ আপনি এ্যামেন্ডমেন্টএর সময় বলবেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ অচ্ছা স্যার, আজ আমাদের সামনে সেলস্ ট্যাক্সের যে নতুন বিল উপস্থিত করা হয়েছে এবং এই বিল উপস্থিত করার সময় মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, এইভাবে অর্থ সংগ্রহ করা ছাড়া আমাদের আর কোন উপায় ছিল না। আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রশাসন যাতে নতুন কোন সরকারের অর্থের প্রয়োজন আছে, সেই এ্যাক্টকে তিনি এ্যামেন্ড করে অন্য পদ্ধতিতে তিনি সেলস্ ট্যাক্স আদায় করতে পারতেন। আমি বলছি কনট্রাকটারদের উপর সেলস ট্যাক্স বসিয়ে তিনি রাজ্যের অর্থ নতুনভাবে আনার চেষ্টা করলে পারতেন তা হলে আমরা তাকে সাধুবাদ জানাতাম। কনট্রাকটার যারা সাধারণত ধনী তাদের উপরে সেলস্ ট্যাক্স বসানো কোন রকম প্রচেষ্টা সরকারের তরফ থেকে আজ পর্যন্ত আমরা দেখি নি। প্রসংগতঃ আমি একটা ঘটনার কথা উল্লেখ করব, দক্ষিণেশ্বর সরকার ...দাস ভারসাস সি টি ও, ক্যালকাটা একটা কেস হয়েছিল। এই দক্ষিণেশ্বর সরকার ...দাস লিমিটেডএর বিরুদ্ধে সরকার কেস করলেন যে কনট্রাকটারদের কাছ থেকে সেলস্ ট্যাক্স আদায় করা যায় কি না। সেই কেসে দেখা গেল হাইকোর্ট-এ সরকার হেরে গেলেন। সরকার সুপ্রীম কোর্টে আপীল করতে পারতেন কিন্তু সরকার আপীল করলেন না। হাইকোর্ট থেকে ... দিল সেখানে সেকশন টু (বি), (ডি), (জি), (এইচ), সেকশন (২৬)-১ রুল টু ...-ভাইরিস বলে ডিক্লেয়ার করে দিলেন। এখন তারপর আমরা দেখলাম ১৯৬১ সালে ১২ আগস্ট বাই-নোটিফিকেশন-এ এই ট্যাক্সকে অমিট করে দিলেন। সরকার হেরে গেলেন। সরকার এর মধ্যে নতুন সেকশন সংযোগ করবার চেষ্টা করলেন কিন্তু যদি সেকশনগুলি পরিবর্তন করবার চেষ্টা করতেন তাহলে কনট্রাকটারদের কাছ থেকে একটা বিরাট টাকা আমরা আদায় করতে পারতাম। তাহলে আজকে সাধারণ মানুষের নিত্যব্যবহার্য জিনিষের উপরে আজকে সেল্স বসানোর প্রয়োজন হত না। দ্বিতীয় কথা তিনি আজকে নানা ভূমিকা করে বললেন যে এর প্রয়োজন আছে, তা না হলে টাকা উঠবে না। এই আপতকালীন অবস্থাতে দেশ শাসন করা যাবে না। আজকে কেন্দ্রীয় সরকার যে গোল্ড রুল বা স্বর্ণ নিয়ন্ত্রণ জারী করেছেন তাতে এই রাজ্যের এমন অবস্থা হয়েছে যে গোল্ড ট্রেড ইন ওয়েস্ট বেঙ্গল একেবারে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। যার ফলে এর থেকে যে আমরা সেলস ট্যাক্স পেতাম তা একেবারে বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। কেন্দ্রীয় সরকারের একটা ভ্রান্ত নীতির ফলে সাধারণ মানুষকে আজ খেসারত দিতে হবে এটা কোন যুক্তি বলে আমি স্বীকার করি না। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে বলতে পারতেন যে তোমার এই গোল্ড রুলের গোল্ড ট্রেড থেকে আমি সেল্স ট্যাক্স পাচ্ছি না, এবং সে জন্য আমাকে সাধারণের নিত্যব্যবহার্য জিনিষের উপর ট্যাক্স বসাতে হচ্ছে। কিন্তু তা তারা করছেন না। সেজন্য আমি বলব যে এই বিলটা গরীব মানুষের শোষণের দলিল হিসাবে আমাদের সামনে এসেছে।

[1-10—1-20 p.m.]

যেমন আমরা দেখছি যে প্রত্যক্ষভাবে আমাদের সামনে রাখা হয়েছে যে লাকসারি গুডস লিস্টএর মধ্যে কতকগুলি জিনিষ আমরা ঢোকাচ্ছি এবং তার ট্যাক্স শতকরা ৭ থেকে ১০ ভাগ আমরা

বাড়াচ্ছি এবং সেটার জন্য সরকারের একটা বিরাট লাভ হবে ইত্যাদি সব কথা তিনি আমাদের কাছে বলেছেন। তিনি যেমন বলেছেন যে স্পেয়ার পার্টস এ্যান্ড কম্পোনেন্টস গাড়ীর সমস্ত স্পেয়ার পার্টসগুলোকেও তিনি লাকসারির মধ্যে ঢুকিয়ে সেখানে ৭ পারসেন্ট থেকে ১০ পারসেন্ট সেলস ট্যাক্স বসিয়েছেন। এখন প্রশ্ন হচ্ছে আমরা দেখছি আজকে কেন্দ্রীয় সরকার পেট্রোলের উপর ট্যাক্স বসিয়েছেন, রাজ্যসরকারের পক্ষ থেকে মোটর ভেহিকলসএর উপর ট্যাক্স বসান হয়েছে এবং আবার নূতন করে স্পেয়ার পার্টস এ্যান্ড কমপোন্যান্টসএর উপর ট্যাক্স বসানোতে স্বাভাবিকভাবে আমরা দেখবো বাসের ভাড়া সেখানে ১ নঃ পঃ বাড়তো সেখানে ২ নঃ পঃ বাড়বে। এখানে বাসের মালিকের পরিষ্কার অজুহাত থাকবে পেট্রোলএর দাম বেড়েছে, আমাদের মোটর ভেহিকলস ট্যাক্স বেশী টাকা দিতে হচ্ছে এবং স্পেয়ার পার্টসএর জন্য আমাদের যে সেলস ট্যাক্স তাতে ৭ পারসেন্ট থেকে ১০ পারসেন্ট দিতে হচ্ছে। অতএব বাসের ভাড়া যেখানে ১ নঃ পঃ বাড়ত, সেখানে ৩।৪ নঃ পঃ বাড়বে। অথাৎ সেখানে লাকসারি গুড়সএর মধ্যে ঢাকলেও এবং আমাদের সামনে এই প্রস্তাব তুলে ধরলেও স্পেয়ার পার্টস এ্যান্ড কমপোন্যান্টস-এর মধ্যে গিয়ে আমার সেলস ট্যাক্স বড়লোকের কাছ থেকে আদায় করছি, যারা বিলাসিতা হিসাবে ঐ জিনিষগুলো ব্যবহার করছে, কিন্তু পরোক্ষভাবে আমরা দেখছি সাধারণ মানুষের পকেট থেকে ঐ টাকা আদায় করার চেষ্টা হচ্ছে। কাজেই আমরা এইভাবে দেখছি যে আমাদের সামনে একটা কি তুলে ধরা হয়েছে, কিন্তু পেছন থেকে সাধারণ মানুষের উপর এটার চাপ এসে পড়বে। তারপর আমি দেশলাই সম্বন্ধে বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন যে, দেশলাইয়ে কি নূতন ট্যাক্স করা হচ্ছে এবং তিনি ২।৩টা রাজ্যের নাম করলেন যেখানে দেশলাইয়ের উপর ট্যাক্স নেই। আমি যতদূর দেখলাম বিহার, দিল্লী এবং পাঞ্জাব এই ৩টা রাজ্যে দেশলাইয়ের উপর ট্যাক্স করার প্রয়োজন তারা বোধ করেন নি। অথচ আমাদের এমন একটা কি প্রয়োজন অনুভূত হল যে দেশলাইয়ের উপর ট্যাক্স বসাতে হবে এবং এমন একটা সমস্যা সৃষ্টি হবে যে সমস্যা দিয়ে দেখা যাবে যে সরকার থেকে দেশলাইয়ের মালিক অনেক বেশী লাভ করবে। আমরা যেমন দেখছি দেশলাইগুলোকে একজেম্পট করাতে দেশলাইগুলো পিপলস ওয়ান্টস থেকে একজেম্পট করাতে সেখানে শতকরা ৫৫ ভাগ ট্যাক্স বসেছে। অথাৎ টাকায় ৫ নঃ পঃ দেশলাইয়ের উপর দেওয়া হচ্ছে। এক টাকায় আমরা ধরে নিলাম যে ১৬টা দেশলাই পাওয়া যাবে। এই ১৬টা দেশলাইয়ের উপর সরকার ৫ নঃ পঃ ট্যাক্স পাচ্ছেন, কিন্তু মালিকরা সেই প্রত্যেকটা দেশলাইয়ের উপর ১ নঃ পঃ ট্যাক্স যা পাবে তাতে ১৬ নঃ পঃ মালিক ট্যাক্সের মাধ্যমে পাচ্ছে। অর্থাৎ ১১ নঃ পঃ লাভ। এই সেলস ট্যাক্স নীতির ফলে মালিক নানাভাবে লাভ করছে, যেখানে সরকার থেকে ৫ নঃ পঃ পাচ্ছে অর্থাৎ সেখানে আমরা দেখছি মালিকরা ১১ নঃ পঃ সাধারণ মানুষের পকেট কেটে তারা নিচ্ছে। ১ টাকায় ৫ নঃ পঃ সেলস ট্যাক্স বাড়ালে সেখানে তারা ন্যূনপক্ষে ১ নঃ পঃ করে দেশলাইয়ের দাম বাড়ায় এবং সেখানে ১১ নঃ পঃ তাদের পকেটে যাচ্ছে। কাজেই এমন একটা নীতি প্রবর্তন করতে যাচ্ছেন যেখানে সরকারের চেয়ে বেশী লাভ হচ্ছে কোম্পানীর মালিকদের এবং সাধারণ মানুষের পকেট কেটে তারা বেশী লাভ করার চেষ্টা করছে। হোসিয়ারী ইয়ার্নসএর ব্যাপারে তিনি বলছেন যে হোসিয়ারী ইয়ার্ন বাদ দিয়ে দিয়েছেন। কিন্তু ইয়ার্নএর উপর তিনি ট্যাক্স রেখেছেন এবং সেটা ২ পারসেন্ট বেড়েছে। আমি দেখলাম যে যেখানে হোসিয়ারী গুড়সকে একজেম্পট করা হচ্ছে হোসিয়ারি ইআর্নএর উপর ট্যাক্স বসাতে সাধারণ মানুষ কিছুটা রিলিফ পাবে একথা সত্যি। কিন্তু রাজস্থান এবং বিহারে দেখা যাচ্ছে যে সেখানে হোসিয়ারি ইআর্নএর উপর কোন রকম ট্যাক্স নেই। রাজস্থান এবং বিহারে হোসিয়ারি গুড়সএর উপর আছে, কিন্তু হোসিয়ারী ইআর্নসএর উপর রাখেন নি। আমরা যদি হোসিয়ারী ইআর্ন বাদ দিতে চাই, হোসিয়ারী ইআর্নএর উপর রাখবার চেষ্টা না করি তাহলে আমার মনে হয় সাধারণ মানুষের উপর আরও কিছু রিলিফ দিতে পারব। কাজেই আমি এদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু সবচেয়ে মজার যেটা সেটা হচ্ছে সিডিউল (১)-এ কুকড্ ফুড নট মোর দ্যান রুপিজ ১·৫০ যেখানে আছে সেটার সম্বন্ধে বলব।

১·৫০ নঃ পঃ উপর যদি কেউ খান তাহা হইলে তাহাকে সেলস ট্যাক্স দিতে হবে অথচ— মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের এতে একটুখানি অসুবিধা সৃষ্টি করলেন, হোটেলে কেউ খেতে গেলে তাকে দুবার করে খেতে হবে। একবার খেয়ে আঁচিয়ে তাকে আবার খেতে হবে যাতে

এক বারে ১·৫০ নঃ পঃ না হয় দুবার বিল করে। কাজেই তিনি সেখানে যেটা ভাবছেন তিনি খুব চতুর ১·৫০ নঃ পঃ উপর সেলস ট্যাক্স করলেন, কিন্তু দুবার যদি কেউ মিল খায় এবং আঁচিয়ে যদি আর একবার বসে তাহা হইলে কেউ সেলস ট্যাক্সএর আওতায় পড়বে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর সমস্ত রকম পরিকল্পনা বানচাল হয়ে যাবে। আমি দেখছিলাম যে আমাদের দেশে কোন রাজ্যেই এই কুক ফুডএর উপর দুই টাকার উপরেও এভাবে সেলস ট্যাক্স ধার্য করা হয় নি। সেজন্য আমি সমগ্রভাবে, সমস্ত দিক দিয়ে এই বিল সাধারণ মানুষের মধ্যে নূতনভাবে কর বৃদ্ধির একটি কৌশল। এবং এর মধ্য দিয়ে তাদের যে অবস্থা সে অবস্থাকে আরও অবনতির দিকে নয়ে যাবার জন্য চেষ্টা হচ্ছে। সেজন্য আমি নীতিগতভাবে এই বিলের বিরোধিতা করছি।

Shri Abhoy Pada Saha:

মননীয় স্পীকার সার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট পেশ করবার পর এই রাজ্যের খরচের খাতায় বেশি খরচ দেখিয়েছেন এবং আয়ের খাতায় কম দেখান হচ্ছে এবং বললেন এই কম টাকা কি করে পূরণ করতে পারা যায় সে বিষয় চিন্তা করতে হবে। তিনি চিন্তা করে সেলস্ ট্যাক্স খাতে কর চাপানোর ব্যবস্থা করে এই হাউসে বিল উত্থাপন করেছেন। কিন্তু এই বিলে যেভাবে সেলস্ ট্যাক্স ধার্য করার প্রস্তাব করেছেন তাতে বেশির ভাগ জনসাধারণকে ভুগতে হবে বেশির ভাগ জনসাধারণের ক্ষতি হবে এবং দেশের পক্ষে একটা মারাত্মক ক্ষতি হবে। একেই সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ট্যাক্স-এর দায়ে জনসাধারণ নিষ্পেষিত নাভিশ্বাস উঠেছে তারপর তিনি নাকি খুব সামান্য রদ-বদল করবারও চেষ্টা করেছেন এবং সে চেষ্টায় ৮৫ লক্ষ টাকা আয় হবে, তিনি বলেছেন এতে জনসাধারণ এই ব্যবস্থায় ক্ষতিগ্রস্থ হবে না। কিন্তু ভালভাবে বিশ্লেষণ করতে গেলে দেখা যাবে বেশির ভাগ লোক এর আওতায় পড়বে, এবং আওতায় পড়ার জন্য বোঝার উপর শাকের আঁটি এ কথাটাই যেন আজ প্রযোজ্য হচ্ছে, কারণ তিনি প্রথমে দেখিয়েছেন দেশলায়ের উপর ট্যাক্স ধার্য করেছেন। এই দেশলাইটা হচ্ছে সর্বশ্রেণীর জনসাধারণের ব্যবহার্য জিনিষ। সর্বশ্রেণীর বলতে গেলে ঐ গরীব ও মধ্যবিত্ত তাদের উপরেই বেশি চাপ পড়ছে। তারপর তিনি ধরেছেন কুক্‌ড ফুড-এতে। এই কুক্‌ড ফুডের উপরে ট্যাক্স ধার্য করে তিনি বাংলাদেশের সুনাম নষ্ট করেছেন। বাংলাদেশের অতিথি পরায়ণতা অর্থাৎ অতিথি সেবা পরায়ণ দেশ বলেই সকলে জানে, বাইরের লোক আমাদের এই দেশে এসে খেতে গেলে দেখবে সরকারকে ট্যাক্স দিতে হবে। এই পদ্ধতির ফলে বাহিরে যে পূর্ব পুরুষের একটা সুনাম ছিল তা আজ এরা ক্ষুণ্ণ করতে চলেছেন। এটা গভীর দুঃখের বিষয়, কারণ পৃথিবীর অন্যান্য দেশ এটা দেখবে, ভারতবর্ষের অন্যান্য প্রদেশও দেখবে যে, বাংলাদেশের সরকারকে খাওয়ার উপর ট্যাক্স না দিলে খেতে পাওয়া যাবে না। আর এইটা যখন তাঁরা খাবার বিল পেয়ে দেখবেন তখন তাঁরা বাংলাদেশের সুনাম করবেন না বরং দুর্নামই করবেন। এই ট্যাক্স পদ্ধতির ফলে, বাংলাদেশের যে সুনাম ছিল অতিথি সেবা পরায়ণতায় সে নাম আজ নষ্ট করতে তাঁরা চলেছেন।

[1-20—1-30 p.m.]

তারপর তিনি বলেছেন যে কতকগুলি জিনিষ—এই ট্যাক্সের আওতা থেকে ছেড়ে দিয়ে তিন এই দেশের চাষীদের একটা মহাপকার করেছেন। এটা ঠিক তিনি হয়ত এদেশী একটা শ্রেণীর লোককে চাষী শ্রেণী পর্যায়ভুক্ত করতে চলেছেন। দক্ষিণ কলিকাতার নিউ আলিপুরে যেসব বসতি গড়ে উঠেছে, তাঁরা নূতন চাষী আখ্যায় ভূষিত হতে চলেছেন। অর্থমন্ত্রী এই বিলে যে স্টেটমেন্ট দিয়েছেন ওবজেক্ট অ্যান্ড রিজিনস-এ, সেই স্টেটমেন্ট অনুযায়ী। কারণ সেই নিউ আলিপুরের দক্ষিণ কলিকাতায় অনেক চাষী ফুলের চাষ আরম্ভ করেছেন, ফুলের বাগান লাগিয়েছেন এবং ফুলের বাগান লাগিয়ে চাষী আখ্যায় ভূষিত হয়েছেন। সেই সূত্রে আমাদের অর্থমন্ত্রী বাংলাদেশের সমগ্র চাষীদের সুবিধা করে দিয়েছেন—তাদের এই ফুলের ট্যাক্স থেকে বাদ দিয়ে, এটা তিনি বোঝাতে চেয়েছেন বাংলাদেশের চাষী বলতে এই তাঁর স্টেটমেন্ট যা কেউ ঠিক বিশ্বাস করতে পারে না। বাংলাদেশের যে লক্ষ লক্ষ চাষী ফুলের চাষ করে না, অন্য ফসল চাষ করে, তারা ঐ যে দেশলাই ব্যবহার করে, দেশলাইয়ের জন্য তাদের ট্যাক্স দিতে হয়। এই কলিকাতার

আশেপাশে যাঁরা সৌখিন লোক ফুলের চাষ করেন, সেই ফুলের চাষের চাষীদের এই ট্যাক্স থেকে বাদ দিচ্ছেন এবং বাদ দিয়ে এই অর্থমন্ত্রী নিজেকে গৌরবান্বিত মনে করছেন।

তারপর যেভাবে ট্যাক্স আদায় করলে আমাদের জনসাধারণের কোন ক্ষতি হতো না, সেদিকে তিনি লক্ষ্য করেন নি, বা সেদিকে তিনি পা বাড়ান নি। এই কলিকাতা সহরে যে সমস্ত বাড়ী বিক্রয় হয় লক্ষ লক্ষ টাকায়, সেই বাড়ী বিক্রীর উপর তিনি সেলস্ ট্যাক্স ধরলে বহু টাকা পেতে পারতেন। এই বাড়ী বিক্রীর ব্যাপারে যে লক্ষ লক্ষ টাকা ট্রানজাকশন হয়, এর একটা লিমিট বেঁধে দিন যে দশহাজার টাকার উপর বিক্রী হলে ট্যাক্স দিতে হবে। তাহলে কম লোক এর আওতায় পড়তো, তাদেরও ক্ষতি হতো না। কিন্তু সেদিকে তিনি লক্ষ্য করেন নি। কেন করেন নি সেটা সকলের জানা আছে, বোঝা আছে। তিনি বিলাতী মদের উপর সেলস ট্যাক্স একজেম্পট করে দিয়েছেন। এই একজেম্পট করার জন্য যে এক শ্রেণীর লোকের ভাল হয়েছে, সুবিধা হয়েছে এটা সকলে জানেন।

আমার বক্তব্য ও আপত্তি হচ্ছে, এই সেলস ট্যাক্সএর পদ্ধতি নিয়ে। যেভাবে তিনি অর্থ উপায়ের চেষ্টা করেছেন তাতে অধিকসংখ্যক লোকের ক্ষতি হয়েছে। এইজন্য আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফাইন্যান্স সেলস ট্যাক্স যে বিল এসেছে, সেই বিলের সার্কুলেশন মোসানের উপরে আমি বিলের বিরুদ্ধে কয়েকটি কথা বলতে চাই। টাকা সরকারের দরকার, তা আমরা জানি। টাকা তোলবার জন্য কৃষকের কাছ নেওয়া হয়, তাও আমরা জানি। কিন্ত যে হিপোক্রেসি, যে ছদ্মবেশের মধ্য দিয়ে এই টাকা নেওয়ার ব্যবস্থা হচ্ছে, সেই ছদ্মবেশের আবরণটা আমি তুলে ধরতে চাই। আবরণটা হচ্ছে আমাদের এখানে মাননীয় অর্থমন্ত্রী শঙ্করদাস ব্যানার্জি মহাশয় বলেছেন যে, আমরা ফুলের চাষীদের এবং যারা বীজ তৈরী করে তাদের এবং যারা চারাগাছ তৈরি করে, এই সমস্ত কৃষকদের দাবী মেনে নিয়েছি। আমরা গণতান্ত্রিক সরকার। কৃষক দাবি করে আমার ফুলের চাষ হচ্ছে, আমাকে একজেম্পট করে দাও, আমাকে বীজ তৈরি করতে হয়, আমাকে একজেম্পট করে দাও। এবং তাদের একজেম্পট করে দেওয়া হল। কৃষকদরদী সরকার সমাজতন্ত্রের দিকে ধীরে ধীরে পৌঁছবার জন্য তাঁরা কৃষকদের দাবী মেনে নিয়েছেন এবং তা মেনে নিয়ে যে কৃষক ফুল চাষ করে, চারাগাছ, বীজ তৈরি করে, তাকে একজেম্পট করে দিয়েছেন। কৃষক তা জেনে, বেচারী বাড়ি গেল এবং বাড়ি গিয়ে সে ভাবল যে, এবার আমারও অনেক আয় বাড়ল, সেলস ট্যাক্সের পয়সা আমাকে দিতে হবে না, আমার এবার কিছু পয়সা ঘরে ঢুকবে। কিন্তু সেই রাস্তায় গিয়ে বাসে উঠতে, সে দেখবে বাসের ভাড়া বেড়ে গিয়েছে। পেট্রোলের দাম বেড়ে গিয়েছে, সুতরাং বাসের ভাড়া বাড়বেই। সুপারীর দাম বেড়ে গিয়েছে, সুতরাং পানের দাম বাড়ল। সুতার দাম বাড়ায়, কাপড়ের দাম বাড়ল। পিতল, কাঁসার দাম বেড়ে যাওয়ায়, সব জিনিসের দাম বেড়ে গেল এবং সেলস ট্যাক্সের ফলে এই সকল জিনিসের দাম ক্রমশ বেড়ে চলেছে। যার ফলে সেই কৃষকের পকেট কেটে ছদ্মবেশের মাধ্যমে, হিপোক্রিটিক্যালি কৃষককে দরদ দেখিয়ে, গরীব কৃষককে হত্যা করবার ব্যবস্থা হচ্ছে এই ফাইনান্স (সেলস ট্যাক্স এ্যামেন্ডমেন্ট) বিলের মাধ্যমে। ১৯৪১, ১৯৫৪, ১৯৫৮ সালে তিনবার আমরা দেখেছি এই একই ছদ্মবেশের রূপ নিয়ে কৃষক মারার চেষ্টা হয়েছে। গ্রামের অধিকাংশ কৃষক ও জনসাধারণকে সেলস ট্যাক্সের নাম দিয়ে এইভাবে, মৃত্যুর দিকে ঠেলে নিয়ে যাওয়া হচ্ছে। জরুরী পরিস্থিতিতে দেশের উন্নতি করবার জন্য নানা কায়দায়, নানারকম ছদ্মবেশের কথা বলে এইসব ব্যবস্থা করা হচ্ছে, যেগুলি আসলে মানুষকে আঘাত করবার কায়দা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে তাঁদের আর একটা হিপোক্রেসির দৃষ্টান্ত দেখাতে চাই। সরকার বলছেন যে, আমরা এসেসমেন্ট করেছি ফার্স্ট পয়েন্ট অব সেলে। অর্থাৎ আমরা যদি ফার্স্ট পয়েন্ট অফ সেলে সেলস ট্যাক্স ধরতে পারি তা হলে আমাদের ইভেসন হবে না, ফাঁকি দেওয়া চলবে না, আমাদের অনেক জটিলতা কমে যাবে এবং ইনকাম বাড়বে। খুব ভাল কথা। সঙ্গে সঙ্গে তার একটা হিপোক্রিটিকাল—এই কথার মূল্য পালটে গেল, যখন দেখলাম সরকারের এই যে উন্নতি বিধানের জন্য ফার্স্ট পয়েন্ট অব সেলস ট্যাক্স আদায় করবার

জন্য যে ব্যবস্থা করা হয়েছে। এই ফার্স্ট পয়েন্টে সেলস ট্যাক্স আদায় করবার ব্যবস্থায় অ্যাচিভমেন্ট স্বীকার করার সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি এই লেজিসলেচারের ক্ষমতা আর নেই সেলস ট্যাক্স সম্পর্কে আলোচনা করার। এমনই অবস্থায় ফেলা হয়েছে যে, কালকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, সেই ক্ষমতার ফলে আজকে এই অবস্থা দাঁড়িয়েছে দেখছি যে, নোটিফিকেশনের পরে যে কোন কমোডিটির উপর সেলস ট্যাক্স বৃদ্ধি করা যাবে এবং এই লেজিসলেচারকে কলা দেখানো হবে। তারপর আরও মজা দেখুন কৃষকের নাম দিয়ে সেলস ট্যাক্স একজেম্পশন করে সঙ্গে সঙ্গে কৃষকের পকেট থেকে নানান খাতে সেলস ট্যাক্স বের করে নিয়ে আসা হচ্ছে। তারপর তাঁদের দ্বিতীয় অ্যাচিভমেন্ট দেখছি তাঁদের এটা প্রমাণ করা যে, আমরা কত গণতান্ত্রিক, জাতির এবং দেশের স্বার্থে নানা কায়দায় ফাঁক বন্ধ করছি এবং এবং সঙ্গে সঙ্গে তাঁদের এতবড় ফাঁকি দেবার কায়দা যে লেজিসলেচার, বিধানসভাকে ফাঁকি দিয়ে সেলস ট্যাক্স আদায় একটা নোটিফিকেশন মারফৎ হয়ে যাবে। এটা করবার জন্য তাঁদের হাতে যথেষ্ট ক্ষমতা রাখা হয়েছে সেলস ট্যাক্সের মধ্যে এই যে রাজনীতি, এই যে রাজনৈতিক পলিসি বা পদ্ধতি রাখা হয়েছে রাখা হয়েছে তার আমরা ঘোরতর বিরোধিতা করি। শুধু তাই নয়, আমরা জানি বাংলাদেশে কাঁসার শিল্প, পিতলের শিল্প, ছোট ছোট কাঠের কারখানার সামগ্রীর মূল্য বর্তমানের তুলনায় অনেক কম ছিল। আগে ছিল মাত্র ২০০-৩০০ টাকা ব্যয়ে কারখানার সামগ্রী ক্রয় করে, সেখান থেকে জিনিসপত্র তৈরী করে মালিক বিক্রয় করত। আজ সেইসব সামগ্রীর মূল্য ক্রমশ বেড়ে বার শো, তের শো, চৌদ্দ শো টাকায় দাঁড়িয়েছে। ভাবুন, এই পরিস্থিতিতে দশ হাজার টাকার মাল বিক্রয় করতে পারলে, কাঠের গোলাকে বা কাঠের কারখানাকে সেলস ট্যাক্স দিতে হবে। অবস্থাটা কি দাঁড়িয়েছে? অবস্থাটা হল যে লোক নিজ হাতে ঘরে বসে একখানা বেঞ্চ বা চেয়ার তৈরি করে, তিনি যদি তা বিক্রয় করতে পারতেন চার টাকায়, চার আনা, পাঁচ আনা বাদ দিয়ে সেটা কারখানায় গেলে ছয় আনা, আট আনা পয়সা সেলস ট্যাক্সের জন্য লাগবে। এর ফলে দেখা যাচ্ছে যে, ছোট ছোট কারিগর, কাঠের কারখানার তার [illegible] উপর থাকবে না। সেইজন্য আমি এখানে একটা অ্যামেন্ডমেন্ট রেখেছি যে, কাঠের কারখানার আসবাবপত্র [illegible] মূল্য যেখানে কুড়ি হাজার টাকার উপর হবে, সেখানে সেলস [illegible] ধার্য করা চলবে। ঠিক এইভাবে আমি বলি আমাদের বাংলাদেশের সুপ্রসিদ্ধ [illegible] বিখ্যাত কাঁসা শিল্প, [illegible] শেষ হয়ে গেল। কেন [illegible] সরকারের [illegible] ও দৃষ্টির অভাব। [illegible] সেখানে দিয়েছেন, [illegible] হয়েছে এর উন্নতি করবার জন্য কিন্তু দেখা যাচ্ছে উন্নতির বদলে এই শিল্পের অবনতি হয়েছে, বহু দোকান উঠে গিয়েছে। শিল্পের কোন উন্নতি হয় নি সরকারের পয়সা খরচ করা হয়েছে কেবল টি এ বিলে। সুতরাং আজকে আমাদের দেশের কাঁসা শিল্পকে বাঁচাতে গেলে পর—আমার একটা ছোট্ট অ্যামেন্ডমেন্ট ছিল যে কাঁসার বাসন শিল্পের উপর সেলস ট্যাক্স থাকবে না। পিতলের শিল্পের উপর সেলস ট্যাক্স থাকবে না। ছোট কাঠের কারখানার উপর সেলস ট্যাক্স থাকবে না। ঠিক তেমনিভাবে এই জায়গায় এমন আরও অনেক জিনিস আছে যেগুলি সেলস ট্যাক্সের আওতা থেকে বাদ দেওয়া উচিত। এ সম্পর্কে যদি প্রয়োজন হয় তা হলে আপনারা পরামর্শ করুন সবাইকে ডেকে আলোচনা করুন এবং একটা কমিটি গঠন করে সেখানে সকলে মিলে বসে এই সেলস ট্যাক্স সম্বন্ধে চিন্তা করে ঠিক করুন যে কোন্ কোন্ কমোডিটির উপর থেকে সেলস ট্যাক্স আরও একজেম্পট করতে পারি। যদি সেইভাবে চিন্তা করে এটা করতেন তা হলে জনসাধারণ উপকৃত হত। কাজেই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রি মহাশয়ের কয়েকটি বিশেষ প্রয়োজনীয় জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে লাক্সারি গুডসএর উপর সেলস ট্যাক্স সেভেন টু টেন পারসেণ্ট বেড়েছে। কিন্তু এই লাক্সারির সংজ্ঞা কি? কিন্তু এই লাক্সারির সংজ্ঞা কি? আমি তো মনে করি ট্রানজীস্টর সেট লাক্সারি গুডসএর মধ্যে পড়া উচিত নয়। কারণ ট্রানজিস্টর সেট যদি লাক্সারী গুডস বলেন, তাহলে আমার মনে হয় একই মুখে দুই কথা। যে বাড়ীর স্বচ্ছল অবস্থা, মানে মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের শিক্ষা দিতে হয়। রেডিও, ট্রানজিস্টরএর মারফৎ নানা দেশের সংবাদে এই সমস্ত ছেলেমেয়েদের শিক্ষিত করে তুলতে হয়। সেই রকম একটা জিনিসের উপর আমরা লাক্সারী গুডস বলে টেন পারসেন্ট সেলস ট্যাক্স চাপিয়ে দিলাম। সিগারেটের উপর দশ পারসেন্ট সেলস ট্যাক্স চাপানো হয়েছে। তা ছাড়া আরও অনেক প্রয়োজনীয় জিনিসকে লাক্সারী গুডসএর আওতায় ফেলে, তার উপর সেলস ট্যাক্স

চাপানো হয়েছে। আমার ব্যক্তিগত মত হচ্ছে এইসকল জনসাধারণের নিত্যপ্রয়োজনীয় জিনিসের উপর আরও সেলস ট্যাক্স চাপানো ন্যায়সংগত হবে না। ধরুন একটা টাইম পিস ঘড়ি বর্তমান সেলস ট্যাক্স দিয়ে দাম হবে ৩০ টাকা সেই ঘড়িকে যদি লাক্সারী গুডসএর আওতার মধ্যে ফেলা হয় তা হলে এই ট্যাক্সের দ্বারা তার দাম আরও অনেক বেড়ে গেল। সুতরাং সেই ৩০ টাকায় ঘড়ি আমাকে দোকানদার দেবে না। কাজেই লাক্সারী গুডসএর সংজ্ঞা ঠিক করতে হবে। কোন গুডসএর আজকে সংজ্ঞা আছে, যেটা লাক্সারীরে পরিণত নয়? সেটা আজ এসেনসিয়াল কমোডিটি সভ্যতার খাতিরে হয়েছে, এবং তাকে আজকে আমাদের গৃহস্থালী সংসারের ক্ষেত্রে প্রয়োজন। আজকে আমাদের একটা সময় রাখা, একটা ঘড়ি রাখার প্রয়োজন এবং তার জন্য এই টাইম-পিসের দরকার। এবং ছেলেমেয়েদের শিক্ষিত করে তোলবার জন্য একটা ট্রানজিস্টর সেট বা রেডিও সেট ঘরে রাখা দরকার। দেশবিদেশের খবরাখবর রাখবার জন্য এটা বিশেষ প্রয়োজন। এই সমস্ত বিষয়ের উপর আমাদের গভীরভাবে চিন্তা করা দরকার এবং অত্যন্ত মনোযোগ সহকারে, একটা জাতির উন্নতির জন্য, সভ্য জগতের দৃষ্টিভঙ্গী নিয়ে ব্যবস্থা করা দরকার। সুতরাং লাক্সারী গুডস সম্পর্কে একটা নূতন ডেফিনেশন হওয়া উচিত বলে আমি মনে করি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস সম্বন্ধে বলতে চাই। সেটা হচ্ছে কয়লা সম্পর্কে। বলা হচ্ছে কয়লা তোলার জন্য যে সমস্ত জিনিসপত্র কেনা হয়, তার উপর সেলস ট্যাক্স দিতে হবে। ভাল কথা। কয়লা খনির যারা মালিক, যাঁরা কয়লা রেজ করেন, তাঁরা এই সেলস ট্যাক্স দেবেন। অর্থাৎ কয়লা রেজ করবার জন্য তাঁরা প্রয়োজনীয় যে সমস্ত মেটিরিয়ালস কিনবেন, তার উপর সেলস ট্যাক্স দেবেন। কিন্তু কোন গ্যারান্টি আছে কি, যে এর জন্য কয়লার দাম বাড়বে না? তার গ্যারান্টি দিচ্ছে কে? ঐ সেলস ট্যাক্স যা মালিক দিল, কয়লার দাম বাড়িয়ে নিয়ে, তিনি তা তুলে নিলেন।

দ্বিতীয়ত, ইলেকট্রিক্যাল এনার্জি সাপ্লাই করার জন্য যেসকল কনসার্ন আছে, তারা যেসব মেটিরিয়ালস কিনবেন তার উপর সেলস ট্যাক্স দিতে হবে, সেই সেলস ট্যাক্স এঁরা দেবেন। বড়-লোকের কারখানা, যে ইলেকট্রিক্যাল এনার্জি সাপ্লাই করে, সেখানে সেলস ট্যাক্স আদায় করাতে আমার আপত্তি নেই। কিন্তু ইলেকট্রিক্যাল এনার্জির যে আর মূল্য বাড়বে না, তার গ্যারান্টি কোথায়? সরকার এই যে, এই রকম একটা পরিস্থিতি সৃষ্টি করছেন, একটা ভিসিয়াস সার্কেল, একটা স্পাইরাল সৃষ্টি করছেন, তার ফলে অবস্থাটা কি হচ্ছে?

[1-30—1-40 p.m.]

একটার সঙ্গে আর একটার এমনভাবে একটা বৃত্তের সঙ্গে সংযুক্ত হয়ে গিয়েছি আমরা যে কোন একটা বৃত্তের একটা কোন যদি একটা পাপ সৃষ্টি করে থাকে গোটা সার্কেলটাকে সে পাপদুষ্ট করে তুলবে। কাজেই এইভাবেই গোটা পলিসি সরকারের চলছে। ইকনমিক পলিসি, পলিটিক্যাল পলিসি, সোস্যাল পলিসি, ফাইন্যান্সিং পলিসি। সমস্ত পলিসির মধ্যে একই জট—সেটা হচ্ছে গরীবের দিকে ডেমোক্র্যাটিক্যালি চিন্তাধারা গড়েছে লেজিসলেচারকে উপেক্ষা করে যা ইচ্ছা করব তার জন্য ক্ষমতা দাও এবং ফাইন্যান্স সেলস ট্যাক্স পাশ করে নাও—এই হল সরকারের নীতি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, we are considering the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1963. I am not surprised that this Bill also has come before us now as one of the many Bills of this nature which we have been called upon to pass in this session of the Assembly, one after another. It has become almost the normal feature of this Assembly, to pass Bills of this nature by brute majority in the name of democracy, and tax people in the name of emergency. But, Sir, the question that has got to be answered is whether the Government has got any justification, rather a moral justification to raise any tax on any article.

Sir, the Hon'ble Finance Minister—I say with due respect, he is a renowned counsel—while presenting this Bill before the House has tried to give a sugar-coated colour for us and the people outside to swallow the

bitter bill of taxation. But, whatever attempt he might have made, I am not convinced, and I think I can confidently say, the people outside are not convinced at all in the justification or the propriety of raising the sale tax on any item. Sir, the Hon'ble Minister has got to answer two points. Why is he imposing new taxes on certain items—what is the necessity? Is the existing legislation inadequate or has it proved to be inadejuate so that the Government has failed to raise the necessary amount of money which is required to meet the development plans and all that? If his answer is that "yes, the Government or the Sales Tax Department have failed to raise that amount of money", he has got to satisfy the people as to why the Sales Tax Department have so failed. Is it a fact that evasion of lakhs and lakhs of rupee is being made everyday on account of payment of sales tax? Sir, the Hon'ble Finance Minister admitted in his opening speech that the evasion of tax is so great and deep-rooted that even dealers are forging the declaration forms and using them for the purpose of evasion. Is the Government sleeping all the time. Cannot the Government take action against the dealers for forging the declaration forms printed under the authority of the Government? Sir, is that the reason for the worthlessness and inefficiency of the Government to raise the required amount of tax by the existing legislation that we have? Have they got any justification for taxing the people for which they are not responsible? Sir, if you want additional money, you have got the means to raise that money only from the sales tax from those who should pay legally. But you don't look at that. Why? Because perhaps the Hon'ble Finance Minister has not got that amount of experience as to why the Sales Tax Department has failed. The main reason is that the work of the Inspectorate staff who go about in the city and elsewhere to detect new cases is not being supervised by anybody. Therefore, when they have to deal with lakhs and lakhs of rupees and when the whole thing rests on the Inspectorate staff, if their work is not supervised, how can you expect that a fair and honest assessment of the taxes will be made. Sir, they are mostly under-paid, there is not sufficient staff. I invite the Hon'ble Finance Minister to come with me to the Sales Tax Office and to ask the officers, "well, I give you the liberty to say without any fear, are you in a position to raise this 80 lakhs of rupees, we don't want to push through this new Bill, are you in a position to raise that?" Sir, the answer will be "yes", provided the Government gives them the staff, provided the Government hears their grievances and sees that the work of the Inspectorate is properly supervised. The Government fails to discharge its duties because of its worthlessness, because of its incompetence and now comes forward to tax the people. Sir, I am sorry to say that we are living in a country where this sort of thing is being tolerated without a word of protest from anyone. In this legislature we are the representatives of the people,—may be not all people are daily present but certainly a fair number of them are—I would ask any one of the members from the Treasury Bench to come out of this Assembly chamber and take the opinion of the people as to how they like this taxation. Sir, taking advantage of this emergency, ignoring the voice of the people, without caring to take public opinion and only relying on the opinion of those who are their flatterers and who are their henchmen the Government have come forward to impose the tax on the people. Sir, I oppose the Bill with all the strength that I have

[1-40—1-50 p.m.]

and I say that it is not in the interest of the people. It is wrongly, unjustly and immorally being imposed upon the people. Sir, I shall give statistics to prove that this is not the first Bill of its kind. The principal Sales Tax Act commenced in the year 1941. And the last amendment of the Act was made in 1957. In between 1941 and 1957 there were no less

than 9 amendments of the Act. And what do we find? We find that each time this taxation was raised. The articles that were not covered in the Act previously were included in the Act one after the other. And what has been the result? Since 1944 they began enhancing the rate of taxation from 1 pice to 2 pice per rupee. In 1945 they have raised the tax from 2 pice to 3 pice per rupee. In 1948 by another amendment they gave retrospective to the operation of the enhanced rate. In 1949 people were asked to pay even earlier than the date that was provided in the Act. In 1950 commodities hitherto not under taxation were brought under taxation. What were the commodities? They were mustard oil, coak, coal gas, raw hide, fresh food, hand-made paper, fuel, charcoal, matches, newspaper, sugar, even dhuti, sari, vanaspati and what not. Sir, it is very nice of a Government spokesman to come forward and say, I tax the people, I have got the majority to do it, and if you say one word, we shall say, you are a "deshodrohi" and put you inside the prison bar. Sir, you can do it. But there is no moral justification for any Government to do this.

Sir, my friend the Hon'ble Finance Minister has said that they have done it in Andhra, they have done it in other provinces, and why should we not do it? Sir, in Bengal it is for the first time I hear a minister from the Treasury Bench trying to follow other provinces. Sir, I knew of the [illegible] and we know it better, that what Bengal did, other provinces [illegible]. But in this matter of taxation Bengal, Sir, forgetting its tradition and culture, its spirit of independence, is trying to follow other provinces. If comparative table is there, may I ask the Hon'ble Minister in all humility to place before us the entire list of taxation of all the provinces so that we could scrutinise and see that these are the taxes which are being paid, whether we are paying more or less, whether taking advantage of the exigencies of the situation you are chosing or picking up some provinces to establish your point or not. It cannot convince right thinking persons. Sir, the Hon'ble Finance Minister has said that he is taxing the luxury goods and he is not taxing the poor people. Sir, little does he know that every taxation measure passed here in this Assembly will touch one body of men and that is the poorer section, the lower income group people. Only the other day the licence fees were increased for motor lorries and other motor vehicles. With what result? These lorries used to carry vegetables to the markets. From the next day the prices of vegetables went up by leaps and bounds. Sir, the price of rice is going up and it is not possible for people belonging to middle class or lower income group to meet the cost of living with their limited income. Any increase, Sir, will certainly hit the poor man who would be unable to bear that. It will also affect the defence measure. If people die, if people cannot live and if people cannot stand on their own legs, then how are they expected to defend the country?

Sir, I have got great respect for the Hon'ble the Finance Minister but whatever he might have said I cannot agree with him. I cannot agree with him when he says that for every meal costing one rupee and fifty naye paise it will not touch the people. He may have the ideas of Firpo's and Great Eastern where there are carbaret dances, night shows and all that. He may skip on the jingling wine glasses in places like those where people go. But certainly this measure will affect the poor man and there is no doubt about it. There is no iota of doubt.

Sir, he has said that they will go on merrily, that they will get rice. Well, you have said that "no rice is available, go and take f[illegible]". You have also said that "go and take gam". How do you say that people who are coming from the suburbs early in the morning to join their offices should go and take their meals in the hotels? Every body will be charged for doing so. Supposing one day—I have seen in my life—I want to go

in those rooms and places in the Park Street, why should I then be deprived of or anybody be deprived of a dish which will cost three rupees and 50 naye paise?

Sir, I oppose this measure of taxation and at the same time I feel that we should not be a party to this taxation not by switching your green light or red light but by dissociating ourselves from any method of increase in taxation measures.

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলে ট্যাক্স বৃদ্ধি যে আয়োজন রয়েছে নীতিগতভাবে আমি আমার পার্টির তরফ থেকে তার বিরোধিতা করতে দাঁড়িয়েছি। জনসাধারণের উপর অর্থ-মন্ত্রীর শ্যেনদৃষ্টি ক্রমেই বেড়ে চলেছে। প্রথম থেকে আমরা দেখছি তাঁর ধারণা গ্রামের লোক এখনও গেঞ্জী গায়ে দেয়, গ্রামে লোকে এখনো সিনেমা দেখে এর থেকে তাঁর ধারণা হয়েছে জনসাধারণের আরও ট্যাক্স দেবার ক্ষমতা আছে। কিন্তু জনসাধারণের আর্থিক দুর্গতির কথা, তাদের যে আর ট্যাক্সের বোঝা বইবার ক্ষমতা নাই একথা তো পশ্চিমবঙ্গ সরকারই স্বীকার করেছেন, একথা আমি তথ্যের দ্বারাই বলছি। যদি তথ্যের উপর নির্ভর করতে হয় তা হলে একথা কেউ অস্বীকার করবেন না যে, আয় না বাড়লে ট্যাক্স বৃদ্ধি হতে পারে না। হ্যাঁ, আয় বেড়েছে, কিন্তু কতিপয় লোকের বেড়েছে। যাই হোক, আজকে অর্থমন্ত্রীর এই ট্যাক্স বৃদ্ধি সম্পর্কে একমাত্র যুক্তি হচ্ছে বর্তমান জরুরী অবস্থা। কিন্তু এই জরুরী অবস্থার বিরুদ্ধে আমাদের বক্তব্য হচ্ছে তাঁরা তাঁদের দৃষ্টি কেন ব্যয়সঙ্কোচের দিকে দিচ্ছেন না। এই সমস্ত কথা অনেকেই বলেছেন, সুতরাং আমি তার পুনরুক্তি করব না। তবে আমি এই কথা জোর করে বলব, তিনি এখানে পরিষ্কারভাবে বলুন এই দুর্নীতিগ্রস্ত প্রশাসনব্যবস্থাকে নিয়ে তিনি আয়কর ফাঁকি ধরতে পারবেন কিনা। তা যদি সম্ভব না হয় তা হলে এই দুর্নীতিপরায়ণ প্রশাসন ব্যবস্থার দ্বারা কখনও আশানুরূপ ফললাভ হবে না। যদি তিনি প্রশাসনিক ব্যবস্থা এবং তার মেসিনারি দিয়ে যারা কর ফাঁকি দিচ্ছে তাদের ধরবার ব্যবস্থা করতে পারেন তা হলে বলাইবাবু যেকথা বলেছেন ৫।৬ কোটি নয়, অনেক বেশি পাবেন, নরেনবাবুও এখানে বলেছেন ১০।১২ কোটি পাওয়া যাবে।

[1-50—2 p.m.]

আপনি প্রসিডিংস খুঁজে দেখুন, নরেনবাবুকে জিজ্ঞাসা করুন, তাঁর ধারণা এই বিরোধী-পক্ষের ধারণা আরও বেশি ছিল। তাঁরা যদি এখনও পর্যন্ত মনে করেন সেটা ঠিক বলা হচ্ছে না তা হলে আমরা মনে করি ঐ টাকা যদি ঠিক করে ধরতে পারেন তা হলে দশ কোটি টাকা পেতে পারেন। ব্যয়সঙ্কোচের কথায় প্রধানমন্ত্রীর কাছে পুনঃ পুনঃ দাবি করা সত্ত্বেও তিনি কেন করতে পারছেন না সেটা জানি না। কর বৃদ্ধির কথায় জনসাধারণের ট্যাঁকে হাত দেবার কথাটা আগেই মনে করা সহজ, কেন না এটা আইনের দ্বারা করা সহজ হয়। ট্যাক্স বৃদ্ধি করে যে ট্যাক্স সরকারের হাতে জনসাধারণ তুলে দিল, গচ্ছিত রাখল কোটি কোটি টাকা তার সদ্ব্যয় যদি না করতে পারেন তা হলে কর ধার্য করার অধিকার আপনাদের নেই। আমার পূর্ববর্তী বক্তা বললেন যে, বাংলাদেশ অগ্রণী হয়ে তাঁরা ব্যয় সংস্কারের নীতিকে পথ দেখান। প্রধান-মন্ত্রীকে তিনি জোর করে বলতে পারছেন না যে, পাঞ্জাব যেমন করে মন্ত্রিসভার সংখ্যা কমিয়ে দিয়েছেন ঐ নীতিতে পশ্চিম বাংলায় মন্ত্রিসভার সদস্যসংখ্যা কেন কমাতে পারছেন না? কর বৃদ্ধি, কর চাপানোর নীতির একটা যৌক্তিকতা আমি বুঝতে পারি। কিন্তু আপনারা ব্যয়-সঙ্কোচ করতে যাবেন না, কর ফাঁকি ধরে আয় বাড়াবার চেষ্টা করবেন না, অধিকন্তু জনসাধারণের উপর ট্যাক্স বাড়াবেন। সেজন্য আমরা এর প্রতিবাদ করছি এবং জনসাধারণ এর প্রতিবাদ করছে। আপনাদের কাছে ৯৪০টা জীপ আছে বলে আমি উত্তর পেয়েছি। ব্যয়সঙ্কোচের নীতিতে কটা জীপ কমিয়েছেন বলুন তো? এক একটা জীপের জন্য বছরে এক একটা অফিস থেকে হাজার হাজার টাকা যাচ্ছে। আপনি কয়েকটা জীপ কমিয়ে টাকা কমাবার ব্যবস্থা করতে পারতেন। সরকারী কর্মচারীর একটা হিসাব বেরিয়েছিল যে, ১৯ হাজার টাকা একটা অফিসে —স্টেট ইলেকট্রিসিটি বোর্ড‌এর একটা স্টাফ টি এ ড্র করেছেন ৩।৪ মাসে। সরকারী কর্মচারী-দের ভাতা, মন্ত্রীদের অনাবশ্যক কারণে সফর এবং টি এ ইত্যাদিকে কার্টেল করবার কোন ব্যবস্থা

দেখতে পাচ্ছি না। আমরা দীর্ঘমেয়াদী পরিকল্পনাকে কার্টেল করার কথা বলেছিলাম। লবণ হ্রদে ১৯ কোটি টাকা না কি খরচ করবেন এবং আরও কয়েকটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা যা আছে সেগুলিকে কার্টেল করে জরুরী অবস্থায় টাকা বাঁচাবার চেষ্টা করার কথা বলেছিলাম। কিন্তু কোন কথাই আপনারা গ্রহণ করেন নি। সরাসরি জনসাধারণের ঘাড় আবার সেই ট্যাক্সের বোঝা চাপাবার যে দুরভিসন্ধি রয়েছে শুধু। শুধু কথায় বলেন, আমি বেশি কিছু বাড়াব না, বাড়াতে যাচ্ছি না, এটা কেবল হাতে রাখছি হাতিয়ার হিসাবে। একথা আমরা বিশ্বাস করি না। এটাতে জনসাধারণের উপর একটা বিরাট করের বোঝা আসবে এই অবস্থায় কখন আমরা তা সমর্থন করতে পারি না। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং বলছি যে, এই আইন প্রত্যাহার করে নেবেন। আপনারা যদিও তা করবেন না তা জানি, কিন্তু আমাদের দাবি আমরা এই আইন কখনও সমর্থন করব না। যতক্ষণ পর্যন্ত তিনি তাঁর কর ফাঁকি দেবার নীতি ভাল করে ব্যবস্থা করতে না পারেন ততক্ষণ আমরা এটা সমর্থন করব না। ব্যয়সংকোচের কথায় অর্থ-মন্ত্রীকে বলব যে, আমি যে কথা বলেছিলাম যে, দীর্ঘমেয়াদী পরিকল্পনা ছাঁটাই করুন, মন্ত্রীদের সংখ্যা কমান, জীপ কমান, অনাবশ্যক টি এ কমান। কিন্তু এই সমস্ত পুরোদমে চলছে। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ব্যয়সংকোচ করবার যে ডাইরেকশন দিয়েছেন সেটা কাগজে কলমেই থাকবে। ২ কোটি টাকা পাবেন বলে বলেছেন কিন্তু বছরের শেষে দু কোটি টাকা পাবেন না বরঞ্চ আরও খরচ বেড়ে যাবে। সেজন্যই বলছি যে, এটা কাগজেকলমে দেখানো থাকবে। এই কারণে আমি এর তীব্র প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নূতন ট্যাক্স বসিয়ে ৮৫ লক্ষ টাকা আদায় করার কথা ভাবছেন। একটা কথা এই প্রসঙ্গে বলা দরকার যে, বাংলাদেশের বিলাস দ্রব্যের উপর ট্যাক্স অন্যান্য রাজ্যের ট্যাক্সএর তুলনায় কম ছিল। ট্যাক্সএর মূল কথা হচ্ছে এই বাংলাদেশের জনসাধারণের উপর ট্যাক্সএর বোঝা পড়বে না, বাংলাদেশের যারা সম্পত্তিবান তাদের উপর এই অতিরিক্ত ট্যাক্সএর বোঝা পড়বে। সেদিক থেকে যদি বিচার করা হয় তা হলে দেখব এই সরকার [illegible] এবং [illegible] বড় লোকের উপর যে পরিমাণ ট্যাক্স বসানো দরকার সে ট্যাক্স তাঁরা বসাচ্ছেন না। বড়লোক যেসমস্ত জিনিস ব্যবহার করে, সেসমস্ত বিলাস দ্রব্যের উপর যে পরিমাণ ট্যাক্স বসানো দরকার ছিল তা বসানো হয় নি এবং যদি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে দেখা যায়, তা হলে দেখা যাবে বাংলাদেশের বিলাস দ্রব্যের উপর ট্যাক্স অনেক পরিমাণ কম ছিল। অথচ দেখা যাবে সাধারণ মানুষ যে সব জিনিসপত্র কেনে সেই নিত্যব্যবহার্য জিনিসের উপর ট্যাক্স দিনের পর দিন বাড়ানো হচ্ছে, সেলস বিল সংশোধন করা হচ্ছে, সেই সংশোধনী বিলের ভেতর দিয়ে একথাটার প্রমাণ পাওয়া যাচ্ছে। এর মধ্যে প্রথমতঃ দেখা যায় যে, দেশলাইয়ের উপর ট্যাক্স বসানোর কোন কারণ ছিল না। দেশলাইয়ের উপর ট্যাক্স বসানোতে এবং অন্যান্য জিনিসের উপর ট্যাক্স থাকাতে দরিদ্র জনসাধারণের নাভিশ্বাস উঠেছে। সেখানে সরকারের যদি এতটুকু দরদ থাকত, জনসাধারণের প্রতি নজর থাকত, তা হলে দেশলাইয়ের উপর ট্যাক্স বসানোর কোন প্রশ্ন দেখা দিত না। অথচ আশ্চর্যের বিষয় আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যত ভালভাবে ইনিয়ে-বিনিয়ে বলুন না কেন, দেখতে পাওয়া যাচ্ছে জনসাধারণের স্বার্থবিরোধী এরূপ দেশলাইয়ের উপর ট্যাক্স তিনি বসাচ্ছেন। এই প্রসঙ্গে তিনি আরও বলেছেন একটা সোর্সএ এটা বসানো হচ্ছে অর্থাৎ এতে করে দেশলাইয়ের দাম বাড়বে না। কিন্তু দেশলাইয়ের বাক্সের মালিকরা তাদের এটা যে সোর্সে বসানো হোক বা যেখানেই বসানো হোক, শেষ পর্যন্ত তারা নিজের লাভের অংশ থেকে না দিয়ে এটা জনসাধারণের কাছ থেকেই আদায় করবার চেষ্টা করবে এবং সেইভাবে জনসাধারণের উপর মূল্য বৃদ্ধি হিসাবে এটা আসছে। আর একটা জিনিস বলা দরকার যে হুইট ব্র্যানএ ট্যাক্স বসানোর কথাটা আমরা বুঝতে পারি না। ডালের ভূষির উপর ট্যাক্স একজেম্পট হ'ল কিন্তু গমের ভূষির উপর ট্যাক্স বসানোর কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কি করে ভাবছেন বুঝলাম না। ঐ হুইট ব্রন যেটা একজেম্পট ছিল সেটা এখন করছেন না, অন্যদিকে দেখতে পাচ্ছি এমন কতকগুলি পার্টস, যেমন মোটর ভেহিকলস পার্টসএর উপর ট্যাক্স বসানো হচ্ছে, এতে বাসের ভাড়া বৃদ্ধির আশঙ্কা পুরোপুরি আছে। সেসব দিকে তাকিয়ে এই ট্যাক্স স্ট্রাকচার বদলানোর দরকার আছে; এবং দেশের জনসাধারণের স্বার্থের দিকে তাকালেই সে প্রশ্ন উঠবে। এদিকে তাকিয়ে আজকে

বিল নূতন করে সংশোধন করা দরকার এবং সংশোধন করে নূতন করে এটা আনা দরকার। সেদিক থেকে আমি এটা সভাপাল মহাশয়ের কাছে—বিশেষ করে অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই দাবি রাখছি, তিনি এ বিল প্রত্যাহার করুন এবং বিলকে নূতন করে ঢেলে সেজে আনুন যাতে জনসাধারণের উপর এর ট্যাক্সএর বোঝা যাতে নূতন করে এনে বাড়ানো না যায়। এই কথা বলে আমি এ বিলের বিরোধিতা করছি। একটা কথা প্রসঙ্গত বলি মাননীয় সদস্য বিজয় বন্দ্যোপাধ্যায় যে কথা বলেছেন, সে কথাটা আজকে ঠিক যে, আজ ক্রমাগত জনসাধারণের উপর ট্যাক্স বসানো হচ্ছে কথায় কথায় অমুক প্ল্যানকে কার্যকরী করতে হবে ট্যাক্স বসাও, ইমার্জেন্সির জন্য ট্যাক্স বসাও, অন্যদিকে কি করে ব্যয়সংকোচ করতে হবে, অপচয় বন্ধ করতে হয় সেদিকে নজর নেই। এই যে অবস্থা চলেছে, এই অবস্থার পটভূমিকায় এই বিলকে যদি বিচার করতে হয় তা হলে নূতন করে ট্যাক্সএর বোঝা জনসাধারণের উপর চাপাবার যে চেষ্টা চলছে, সে ভোট থেকে আমাদের বিরত থাকতে হবে এবং আমরা এর সাথে নিজেদের অ্যাসোসিয়েট করতে পাচ্ছি না এবং জনসাধারণের বিরুদ্ধে দাঁড়িয়ে আজ আমরা নিজেদেরও এর সাথে অ্যাসোসিয়েটেড করতে চাচ্ছি না।

[2 -2-10 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শঙ্করদাসবাবু যে বিলটি এনেছেন সেটা আমি মনে করছি এই বছর তাঁর টাক্স করার জন্য শেষ বিল। অর্থমন্ত্রী হবার পর তিনি পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের উপর এবার নিয়ে তাঁর হিসেব অনুযায়ী প্রায় সাড়ে ছয় কোটি টাকা ট্যাক্সেশন করলেন। স্যার, আমাদের প্রতিরক্ষার জন্য কেন্দ্রীয় ট্যাক্স আমাদের জনসাধারণের উপর করা হয়েছে প্রায় ২৭৫ কোটি টাকা। সেটা এক বিরাট বোঝা। মন্ত্রিমহাশয় যখন তাঁর বাজেট বক্তৃতার জবাব দেন, তখন তিনি সেই কথাটা রেফার করেছিলেন এবং তাঁর বক্তৃতার আভাষে মনে হয়েছিল যে, ট্যাক্সেশন বোধহয় আর তিনি করবেন না। কিন্ত দেখা গেল সেটা আমাদের বুঝবার ভুল হয়েছিল। মন্ত্রিমহাশয়ের ইচ্ছা নাই স্যার। কেন্দ্রীয় যে ট্যাক্স হয়েছে তা যদি হিসেব করে দেখা যায়, তা হলে দেখা যাবে ভারতবর্ষের প্রত্যেকটি লোকের মাথাপিছু প্রায় ৬ টাকা করে হয়েছে। আমাদের পশ্চিমবাংলার উপর যদি লোক গণনার হিসাব করা যায় তাহলে প্রায় ২১ কোটি টাকা ট্যাক্স দিতে হবে। স্যার যে কথাটা শোনা যাচ্ছে, যে কথাটা অনেকের কাছে শুনতে পাই এটা এমন কিছু নয়। ২৭৫ কোটি টাকা ট্যাক্স সেন্টারকে দিতে হচ্ছে; আর প্রভিন্সকে ৬ কোটি সাড়ে ছয় কোটি টাকা ট্যাক্স দেবার জন্য মাথা ঘামিয়ে লাভ নাই। স্যার, আমি হিসেব করে দেখেছি সেন্ট্রাল ট্যাক্সেশন আমাদের প্রভিন্সএর উপর পড়ছে ২১ কোটি টাকার মত। আর আমাদের অর্থমন্ত্রীর হিসেব অনুযায়ী সাড়ে ছয় কোটি টাকা হয়েছে; প্রভিন্সএর লোকের উপর আরো এক্সট্রা চাপালেন অর্থাৎ অ্যাবাউট ওয়ান-থার্ড। যদি আমাদের ৬৬ ভাগ ট্যাক্স দিতে হয় সেন্ট্রাল, তার উপর প্রভিন্সিয়াল ট্যাক্স দিতে হবে ৩৩ পার্সেন্ট। শঙ্করদাসবাবু বলছেন বটে সাড়ে ছয় কোটি টাকা। কিন্তু আমার মনে হয় না, তা থেকে তিনি কম করে বলছেন, কিছু হাতে রেখে বলছেন। প্রায় দশ কোটি টাকা এই আর্থিক বছরে আমাদের পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের উপর চড়বে। সেইদিক থেকে বিচার করে দেখলে দেখা যাবে আমাদের ভারতবর্ষের অন্যান্য স্টেট বিশেষ করে যেমন বিহার, আসাম, উড়িষ্যা ইত্যাদি রাজ্যে কোন ফ্রেশ ট্যাক্সেশন এই বছর হয় নি। তার একমাত্র কারণ হচ্ছে হেভি সেন্ট্রাল ট্যাক্সেশন হয়েছে বলে। এই হেভি সেন্ট্রাল ট্যাক্সেসনের কথা কি শঙ্করদাসবাবু জানতেন না? এই হেভি সেন্ট্রাল ট্যাক্সেশন যে হবে, তা তিনি জানতেন। দিল্লীতে যেখানে যে স্টেটস ফাইনান্স মিনিস্টারদের কনফারেন্স হয়েছিল, আমরা কাগজের মাধ্যমে জানতে পেরেছি সেন্ট্রাল ফাইনান্স মিনিস্টার মোরারজী দেশাই তাঁদের কাছে আগে তখন বলেছিলেন। তা সত্ত্বেও শঙ্করদাসবাবু আমাদের স্টেট ডেভেলপমেন্টএর কথা বলেছিলেন সাড়ে ছয় কোটি, শেষ পর্যন্ত সেটা গিয়ে পড়বে দশ কোটি টাকা সাধারণ মানুষের উপর। তাঁর ঐ একই যুক্তি ডেভেলপমেন্ট ট্যাক্স। ডেভেলপমেন্ট অন্যান্য স্টেট করছে না? যেন ডেভেলপমেন্ট ওয়েস্ট বেঙ্গলের একটা বাধা হয়ে পড়েছে।

আর একটা কথা বলতে চাই সেন্ট্রাল ট্যাক্সেশনএর মধ্যে, ডাইরেক্ট ট্যাক্সেশন যেটা সেই ট্যাক্সেশন করা হয়েছে, তার প্রোপরশন আছে। কিন্তু আজকে শঙ্করদাসবাবু যে কয়টি বিল-

এনে ট্যাক্সেশন করলেন, উনি যতগুলি করলেন, তার একটাও ডাইরেক্ট নয়, সবগুলি ইনডাইরেক্ট ট্যাক্সেশন। উনি ওখানে বসে (ট্রেজারী বেঞ্চ দেখাইয়া) হাসছেন বটে, কিন্তু তিনি সেটা ফেস করতে পারবেন না। কারণ সাধারণ মানুষের সঙ্গে তাঁর যোগাযোগ তো খুব কম। কাজেই স্যার, আমার বক্তব্য হচ্ছে এই ইনডাইরেক্ট ট্যাক্সেশন যেটা হল সবগুলি দেখা যাবে সাধারণ মানুষের উপর ট্যাক্সেশন হবে।

তিনি আমাদের কাছে বিলটা আনবার সময় বলেছেন লাক্সারি গুডসএর কথা—যে লাক্সারি গুডসএর উপর ট্যাক্সেশন করা হয়েছে। কিন্তু লাক্সারি গুডসএর সিডিউল টু-প্রথমে যেটা চোখে পড়ে, সেটা হচ্ছে মোটর ভেহিকলস, স্পেয়ার পার্টস, টায়ারস অ্যান্ড টিউবস ইত্যাদি: অবশ্য তিনি কালকে বলেছেন টায়ারস অ্যান্ড টিউবসএ ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেশন করবেন, তাতে সরকারের ইনকাম বাড়বে, ইভেশন হবে না। শুধু টায়ারস অ্যান্ড টিউবসএর দাম কমবে না। গত কালকের বিল অনুযায়ী কালকে যদি নিয়ে আসতেন, সেটা সেভেন পারসেন্ট হতো। নিশ্চয়ই তা তিনি করবেন না। নোটিফিকেশন পরে করবেন। টায়ারস অ্যান্ড টিউবসএ আপনারা আরও টেন পারসেন্ট ট্যাক্সেশন হলে ট্যাক্স বাড়ল। কিছুদিন আগে মোটর ভেহিকলস ট্যাক্স বাড়িয়েছেন। সেন্ট্রাল গভর্নমেন্ট পেট্রলের উপর ট্যাক্স করেছেন। কাজেই বাসের ভাড়া বাড়াবার এত বড় সুবর্ণ সুযোগ আর বোধ হয় হবে না। সেদিন কলিং অ্যাটেনশন মোশনএর জবাবে উনি বললেন যে, বাসের ভাড়া বাড়বে। তারপর কাগজে দেখলাম এই ব্যাপারে একটি হাই পাওয়ার কমিটি তাঁরা করেছেন। এর মানে বুঝি না, ওঁরা ট্যাক্স বাড়াচ্ছেন? ঐ হাই পাওয়ার কমিটির ওঁরাই মেম্বার। তার মধ্যে চীফ মিনিস্টার আছেন, আরও দু চারজন হোমরাচোমরা তাঁরা আছেন। তাঁরা হাই পাওয়ার কমিটিতে বসবেন, বসে ঠিক হবে হ্যাঁ, যেহেতু ট্যাক্স বেড়েছে জিনিসপত্রের দাম বাড়বে, কাজেই বাসের ভাড়া বাড়ানো প্রয়োজন।

Mr. Speaker: There are circulation motions in the name of Shri Sailendra Nath Adhikary and Shri Balai Lal Das Mahapatra, viz., amendment Nos. 1 and 2. They are not moved.

Shri Nani Bhattacharjee Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1963.

স্পীকার স্যার, আমরা মনে করি ঐ ৩টা বাজার দু'এক মিনিট আগে যে ঘটনা হল, এই বিল খুব হারডিলি পাশ করান হয়েছে। তারপর আমরা যখন এসেছি তখন দেখলাম খুব তাড়াতাড়ি অপোজিশনকে কোনরকম সুযোগ না দিয়ে এইরকম অশোভন ভাবে বিল পাশ করান হয়েছে।

(Noise and interruption.)

মিঃ স্পীকারঃ আপনি বসুন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি দাঁড়িয়ে থাকলে আমরা কি করে বলবো, তাহলে আপনাকে বসে পড়তে হয়।

Mr. Speaker: As soon as I stand up you must take your seat. That is the law, that is the unfortunate law and practice here.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি আমাদের বসতে বলেই আপনি নিজে দাঁড়িয়ে উঠলেন? হাউ ক্যান উই স্পীক? ডিসেন্সি কি আপনার কাছ থেকে শিখতে হবে? you are treating us like students. We are not students to be gagged by you, Sir.

Mr. Speaker: Dr. Bhattacharya, I am here to see, I warn you, you cannot interrupt me in this manner. Mr. Bhattacharjee, you may carry on

শ্রীননী ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আমি যেকথা একটু আগে বলছিলাম, মানি বিল সেটার একটা অ্যামেন্ডমেন্ট-এর উপর আমরা ডিভিসন অ্যান্ড ওয়াক আউট যখন করেছিলাম তখন জানিয়ে গিয়েছিলাম যে একটা বিশেষ বিষয়ের উপর আমরা ওয়াক আউট করলাম।

মিঃ স্পীকার: তা জানান নি।

শ্রীননী ভট্টাচার্য: আমার বক্তব্য শেষ করতে দিন। তারপর অতি দ্রুততার সঙ্গে এবং অপোজিশনকে কোনরকম সুযোগ না দিয়ে এবং অশোভনভাবে ঐ বিল পাশ করান হয়েছে বলে আমরা মনে করি।

(Noise and interruptions)

আপনারা যতই চেঁচান না কেন আমি বলে যাবো, আই অ্যাম অন মাই লেগস, আই মাস্ট ফিনিস, আমরা মনে করি অপোজিশনকে একটা পার্লিয়ামেন্টারী গণতন্ত্রের মধ্য দিয়ে যে সুযোগ দেওয়া উচিত তা দেওয়া হয়নি। এবং তার জন্য প্রতিবাদস্বরূপ আজকে এখন যে বিল এই শেষ সময় আনা হয়েছে সেই বিলের আলোচনাতে আমরা অপোজিশন-এর পক্ষ থেকে কোন অংশ গ্রহণ করছি না এবং করবোও না।

The motion of Shri Nani Bhattacharjee that the Bill be circulated for for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1963 was then put and lost.

The motion of Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Mr. Speaker: I put clauses 1, 2, 3 and 4 of the said Bill.

Shri Siddhartha Sankar Ray: Is the discussion of the clauses taking place, because I would like to say something?

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, থার্ড রিডিং-এ বলতে পারেন। কিন্তু যখন ইউ আর পুটিং দি কোয়েশ্চেন তিনি বলছেন ডিসকাসন করব সেটা আপনি কি করে দিতে পারেন? হি ক্যান স্পীক অন দি থার্ড রিডিং অনলি। কিন্তু তার বেশী তিনি বলতে পারেন না।

মিঃ স্পীকার: ডাঃ ভট্টাচার্য, আপনি কি বলছেন ভাল করে বলুন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: যখন কোয়েশ্চেন পুট করা হয় ইউ আর জাস্ট পুটিং দি কোয়েশ্চেন তখন তিনি বললেন যে ডিসকাসন করব। যখন আপনি পুট করলেন সে সময় তিনি একটা পয়েন্ট অফ অর্ডার তুললেন। তারপর উনি বললেন ক্লজ এ বলতে চান। আমার বক্তব্য হচ্ছে হোয়েন ইউ আর জাস্ট পুটিং দি ক্লজ সেখানে আর বলতে পারেন না।

Putting all the clauses together

Shri Siddhartha Shankar Ray: Since Dr. Bhattacharya does not want me to speak, I do not want to speak.

Mr. Speaker: I have put the clauses together; I have not yet said, "'Ayes' have it".

Shri Siddhartha Shankar Ray: I do not know what had happened before I came to this House today because the atmosphere certainly seems to be very hot. Otherwise, I cannot for a moment think how or why Dr. Bhattacharya should oppose my saying anything on this Bill.

Dr. Kanai Lal Bhattacharya: You are mistaken.

Shri Siddhartha Shankar Ray: I want to know certain things with regard to the clauses from the Hon'ble Minister. First of all, this Bill which is called West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963, to which local authority will it apply? If you look at the definition of the local authority, it is a negative definition. Which are the positive local authorities which are coming within the purview of this Bill? Local authority has not been defined in this Act.

শ্রীঅপূর্বলাল মজুমদার: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, উনি পার্টিকুলার কোন ক্লজ-এ বলছেন, না কনসিডারেসন-এর উপরে বলছেন?

মিঃ স্পীকার: ১-৪ ক্লজেস-এর উপরে বলছেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমরা জানতে চাই অন হুইচ অ্যামেন্ডমেন্ট।

মিঃ স্পীকার: উনি বলতে পারেন, অ্যামেন্ডমেন্ট বাদ দিয়েও বলতে পারেন।

Shri Apurba Lal Majumdar: I think consideration stage is over. আপনি আগের বার বলেছেন যে পাস হয়ে গিয়েছে। যদি কোন পার্টিকুলার অ্যামেন্ডমেন্ট থাকে কোন ক্লজ-এর উপরে হি ক্যান স্পীক।

মিঃ স্পীকার: তাহলেও ক্লজ-এর উপর বলতে চাইলে বলতে পারেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: উনি কিসের উপর বলবেন?

মিঃ স্পীকার: উনি বলেছেন—আমি ক্লজ-এর উপর বলছি।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমরা জানতে চাই কোন ক্লজ-এর উপর।

মিঃ স্পীকার: ওয়ান টু ফোর।

Shri Apurba Lal Majumdar:

ওয়ান টু ফোর ক্লজ-এর উপর এখন বলা চলে না।

I draw your attention to rule 86. "When a motion that a Bill be taken into consideration has been carried, any Member may, when called upon by the Speaker, move an amendment to the Bill of which he has previously given notice". I want to know whether any amendment has been moved by the honourable member or whether your honour has called upon him to move that particular amendment.

[3-50—4 p.m.]

Mr. Speaker: We are now on the clauses and he is speaking on the clauses.

Shri Apurba Lal Majumdar: Sir, how can he? The rule is that any member, when called upon by the Speaker, move an amendment to the Bill, etc. I draw your attention, Sir, under what rule he is speaking?

Mr. Speaker: Mr. Majumdar, every member has got the right to speak on any clause without an amendment. You have raised a point of order and I have answered it.

আপনি যে পয়েন্ট অফ অর্ডার তুললেন তার উত্তর আপনি পেয়েছেন। আপনি বসুন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, আমার বক্তব্য এই যে চারটে ক্লজ-এর উপর একসঙ্গে উনি বলতে পারেন না।

He cannot speak on all the 4 clauses at a time. He must say that "I am speaking on clause 1."

Mr. Speaker: Dr. Bhattacharyya, I am asking him......

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমার বক্তব্য দয়া করে শুনুন আপনার বক্তব্য তো আমরা অনেক শুনলাম। প্লিজ গিভ মি পেসেন্ট হিয়ারিং। আপনি একটু আগে বললেন যে সিদ্ধার্থবাবু ক্লজ-এর উপর বলছেন। আমার বক্তব্য তিনি তা বলতে পারেন না। সেজন্যে তিনি কোন ক্লজ-এর উপর বলছেন সেটা আমাদের বলে দিতে হবে।

Mr. Speaker: Mr. Ray, before you continue further, please tell the members on which clause you are speaking.

Shri Siddhartha Shankar Ray: I am obliged to you, Sir. But before doing so, may I just point out rule 89? I do not know what the last honourable member was talking about because under rule 89 after the consideration has been carried, it is the duty of the Speaker to submit to the House the clauses of the Bill and thereafter the Speaker may call each clause separately which means that you, Sir, may call or may not call. You may call all the clauses together if you so think fit or you may call each clause separately, and when you call the clauses, if after hearing any member you feel that the consideration of any clause should be postponed, you can postpone the consideration of the clause under rule 89. Even if I do not bring in any amendment.... .

[Noise and interruptions from the Opposition Benches.]

Sir, if the Opposition does not think that anybody else should speak from here, I will go out of the House. I have something very important to say because unless certain things are clarified I feel that there might be some difficulty. Please look at the definition of "local authority". This Bill says that there will be no election.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, উনি কোন ক্লজে বলছেন জানতে পারছি না।

মিঃ স্পীকার: উনি তো বললেন ক্লজ ২-এতে ডেফিনিসন-এর উপর বলছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, ক্লজ ১ কি পাস হয়ে গিয়েছে?

মিঃ স্পীকার: না, চারটে একসঙ্গে পুট করছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এক সঙ্গে পুট যদি হয় তাহলে চারটে এক সঙ্গে ডিসকাসন করতে আপনি পারেন না। কোন অ্যামেন্ডমেন্ট না থাকলেও পারেন না।

মিঃ স্পীকার: কোন অ্যামেন্ডমেন্ট নেই, রুল-এ কোন বাধা নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: কোন অ্যামেন্ডমেন্ট না থাকলে চারটে ক্লজ একসঙ্গে পুট করতে পারেন যখন ক্লজ বাই ক্লজ ডিসকাসন হয়ে যায়। যদি ডিসকাসন কোন অ্যামেন্ডমেন্ট-এর উপর হয় তাহলে আপনাকে ক্লজ বাই ক্লজ এক একটা করে পুট করতে হবে।

Mr. Speaker: No, so long as there is no amendment.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমায় রুল দেখিয়ে দিন, যা তা বললে হবে না। ইউ মাস্ট বি গাইডেড বাই দি রুলস অ্যাজ উই আর।

মিঃ স্পীকার: শুনুন, রুল সকলের জন্যে বটে......

Shri Siddhartha Shankar Ray: If Dr. Bhattacharya allows me to interrupt him. If he kindly looks to rule 91, he would see that the Speaker has power to put all the clauses if he so thinks fit.

Shri Apurba Lal Majumdar: Each clause must be taken up one by one.

Shri Siddhartha Shankar Ray: Since you, Sir, have allowed me to take part in the discussion with regard to the consideraton of the clauses, may I first of all, deal with clause 2. Clause 2 defines local authority in a negative way. Postponement has been sought for with regard to all local authorities in West Bengal and local authority has been given only a negative definition. Supposing it is contended that Calcutta University is a local authority because there is no specific definition of a local authority so that we may genuinely understand what the local authority is there for—when a local authority is mentioned in the statute—there is to be a specific definition of a local authority. I was feeling that this definition of local authority, instead of being a negative definition, becomes a positive definition and it would be better and more clear, and the people would be able to understand as to in respect of what local authorities the election is not to take place. Here it is being said that a local authority does not include the Board of Trustees for the Improvement of Calcutta or the Board of Trustees for the Improvement of Howrah, but includes a Nyaya Panchayat. From this it will appear that there is no genus of the word 'local'; all kinds of species are being brought in, e.g., the Board of Trustees for the Improvement of Calcutta has been brought in under local authority, the Board of Trustees for the Improvement of Howrah has been brought in under local authority and the West Bengal Panchayats have been brought in. Therefore, there not being any genus, any and every species which can be called a local authority generally, can perhaps be brought in under clause 2(b). That in my humble submission requires a further elucidation or at least a statement from the Minister while replying to this, as to what is meant by local authority, so that it is clarified as to which local authority this particular clause of the Act will refer to. Sir, this is the submission that I am making.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, with regard to the point raised by Shri Siddhartha Shankar Ray, I am sorry that an eminent lawyer like him should raise this point. I think he was so busy with his briefs in the High Court today that he had not had the time to go through this Bill. I will only remind him that we have the General Clauses Act where local authority has been specifically defined. A local authority shall mean a municipal committee, district board, body of Port Commissioners or any other authority legally entitled to or entrusted by the Government with the control and management of a municipal and local fund. He says it is a negative definition. If he now turns to the Bill he will find that we have to exclude from the operation of this Postponement Bill the Howrah Improvement Trust, the Calcutta Improvement Trust and the Naya Panchayats under the West Bengal Panchayat Act. Under the West Bengal Panchayat Act also all the Panchayats are defined as local authorities. Therefore, what this Bill really intends is to postpone election of the municipal bodies, district boards and Panchayats under the West Bengal Panchayat Act. A local authority has been clearly defined under the General Clauses Act. Perhaps my friend was not here when I introduced the Bill. The primary object of bringing in this Bill is that the Govern- is very much worried about election to Panchayats. You know we have to elect under adult franchise 6,000 Anchal Panchayats and 10,000 Gram Panchayats for which the arrangements are ready, but due to emergency we cannot do it. Therefore, Government wants this power to postpone elections during the emergency. It is for very cogent reasons that we want this power because if today in the northtern districts of West Bengal, in Darjeeling, Cooch Behar, Jalpaiguri and West Dinajpur, we start elections, we put the people under the vortex of a whirlpool of elections under adult franchise. It is not desirable that during this emergency this should be done. At the same time, so far as the municipal elections are concerned,

there are cases where the law says that such is the power of the Government which can be extended, but in some cases we have exceeded the limits of our power—in some cases we have superseded a municipality and we have exceded the limits of our power. Therefore, since it is desirable that during the period of emergency these elections should be postponed, we are asking for this power. But if the Government thinks that extreme emergency requires that some particular local body election should be held, you will find there is a saving clause in clause 4. It says "Save in so far as the Government may by notification in the Official Gazette otherwise direct.........". Supposing, for instance, in a municipality the members have resigned and

[4—4-10 p.m.]

there is no quorum. We will take proper steps for the holding of bye-elections in the case of one or two municipalities. Government have reserved the power of that too but generally it is due to the National Emergency that we want the power to postpone the election which normally under the law we cannot do. That is the whole object of the Bill.

Shri Siddhartha Shankar Ray: You may see the last portion where it is stated "or other authority".

The Hon'ble Saila Kumar Mukherjee: The respective Statute gives the definition of "local authority".

Shri Siddhartha Shankar Ray: Does it include the Calcutta University?

The Hon'ble Saila Kumar Mukherjee: The Calcutta University Act has not been defined under the "local authorities". It is with respect to the authorities which are legally entitled to be defined as such. Therefore the said Statute must define just as in the West Bengal Panchayat Act has been defined as a "local authority".

Mr. Speaker: I put clauses 1, 2, 3 and 4 of the West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963.... .

Shri Bejoy Kumar Banerjee: On a point of order, Sir, It is very difficult to follow what is being done here now. Sir, I want to oppose the Bill. So when and how can I do it?

মিঃ স্পীকার: কনসিডারেসন মোশন-এ বলবেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: অন এ পয়েন্ট অফ অর্ডার, আপনি কি এক নং থেকে ৪ নং সমস্ত ক্লজ একসঙ্গে নিচ্ছেন?

মিঃ স্পীকার: রোজ যেভাবে হয় সেটাই ফলো করছি, ইউ উইল ফীল দ্যাট জাস্টিস ইজ ডন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমরা জানি ক্লজ বাই ক্লজ আলোচনা হবে। স্যার, দুই নম্বর ক্লজ-এ আপনি একজনকে বলতে দিলেন?

শ্রীনেপালচন্দ্র রায়: স্যার, ও'রা যে বললেন ও'রা পার্টিসিপেট করবেন না।

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, এটা গ্রস এ্যাবিউজ অফ আওয়ার রাইটস হয়ে যাচ্ছে। স্যার, আপনাকে একটা কথা আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, আগে বিলটা সম্পর্কে আমরা থার্ড রিডিং-এ বলতে চেয়েছিলাম, আপনি অ্যালাউ করলেন না। মিঃ স্পীকার, স্যার, এখানে এভাবে বিল......

মিঃ স্পীকার: আপনারা চেঁচামেচি করবেন না দয়া করে।

শ্রীঅপূর্বলাল মজুমদার: দ্বিতীয় বিলটা যখন এল, কনসিডারেসন হয়ে গেল, ফাস্ট ক্লজ পাস হল না, সেকেন্ড রিডিং-এ আলোচনা হল না, আরেকজন বক্তা এসে কনসিডারেসন-এর উপর বলতে আরম্ভ করলেন আমাদের আপত্তি সত্ত্বে, তিনি প্রায় ক্লজ বাই ক্লজ বক্তৃতা করলেন আপনি অ্যালাউ করলেন,—যাই হোক, একটা অ্যাভেনিউ তৈরি করে তাকে অ্যাকোমোডেট করা হল যে অ্যাকোমোডেশন আমরা চেয়েছিলাম, সেটা আমরা পাইনি। এখানে আপনি আবার বলছেন এক থেকে চার পর্যন্ত প্রতিটা ক্লজ এক সংগে আমি নিয়ে নিলাম—এক সংগে চারটে ক্লজের আলোচনা হবে কিন্তু আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি এক সংগে চারটে ক্লজ আপনার কনসিডারেসন আমরা যেটা অ্যাকসেপ্ট করে নিয়েছি এক সংগে হতে পারে না—প্রতিটা ক্লজ আলাদা আলাদা করে পুট করে হাউসের সামনে প্রতিটা ক্লজ মেম্বার যদি টেবল করে থাকেন সেগুলি কল ফর করা হবে হোয়েদার হি ওয়ান্টস টু মুভ অ্যান অ্যামেন্ডমেন্ট অর নট যদি বলেন মুভ করতে চাই করবো কোন ইনডিভিজুয়েল মেম্বারের নাম কল করা হবে যদি কোন বক্তা অ্যামেন্ডমেন্টের নোটিশ না থাকে ইনডিভিজুয়েল প্রতিটা ক্লজ হাউসের সামনে বলে যদি কোন মেম্বার বক্তৃতা করতে চান তার উপর বক্তৃতা করতে পারবেন উইথ দি পারমিসন অব দি চেয়ার কিন্তু প্রতিটা ক্লজ সেপারেটলি হাউসের মধ্যে আলোচনা হবে এই প্রসিডিওর লেড ডাউন করা আছে দ্যাট ইজ দি রাইট অ্যান্ড প্রিভিলেজ অফ এভরি মেম্বার। এবং সেই রাইট কার্টেল করা হচ্ছে বাই নট মুভিং সেপারেটলি ইচ অ্যান্ড এভরি ক্লজ।

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, আমি আবার আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই যে নং ১ ক্লজ—আপনি এই ক্লজ অ্যাকসেপ্ট না করে আপনি দেখুন রুল ৪৪-এ ক্লিয়ার করে লেখা আছে......।

মিঃ স্পীকার: আমি আমার ডিসিসান দিয়ে দিয়েছি।

Shri Apurbalal Majumdar: Decision must conform to rules and procedure.

Mr. Speaker: Mr. Majumdar, if you are bent upon not to allow me to carry on then it is most unfortunate. Every day things are being done in this way and today honourable members stand on legs at the same time.

(Noise and interruptions)

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আপনি ফাস্ট ক্লজটাকে পাস না করিয়ে বা সেই সম্পর্কে......(নয়েজ)

মিঃ স্পীকার: মিস্টার মজুমদার, প্লীজ বসুন আমি আমার ডিসিসান দিয়ে দিয়েছি যখন ৪টা ক্লজ-এ অ্যামেন্ডমেন্ট নেই তখন
I have got the power and right to put up the 4 clauses together for hearing of the members and on that Mr. Roy has spoken on clause 2. I am now putting one by one all the clauses.

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার আপনি পারেন.........

Mr. Speaker: Will you abide by my decision or not?

Shri Apurbalal Majumdar: On a point of privilege, Sir.

মিঃ স্পীকার: বলুন কি প্রিভিলেজ। ডাঃ ভট্টাচার্জী আপনাকে বলতে হবে না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: উই আর নট স্টুডেন্টস অফ ইয়োরস আপনি আমাদের মাস্টার হয়ে এখানে বসেন নি, কাজেই আপনি যদি ভুল করেন, আমাদের পয়েন্ট আউট করবার অধিকার আছে, কাজেই আমি যদি আপনাকে পয়েন্ট আউট করে থাকি
you have no right to rebuke me. I am not your student or not your ইয়ে......

মিঃ স্পীকার: ভয় করবার দরকার নেই।

[নয়েজ]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আমি একটা অনুরোধ আপনাকে করছি, আমরা এখানে এসেছি, আমাদের প্রেসটিজ আছে। আমাদের কনস্টিটিউয়েন্সি থেকে আমাদের এখানে পাঠিয়েছে এবং আমি আশা করবো আপনি আমাদের সম্মান রক্ষা করে কথাবার্তা বলবেন, আপনার কাছ থেকে ঐরকম ধরনের রেড শর্ট আইজ আমরা দেখতে রাজি নই, আপনি যদি চেয়ারের সম্মান রক্ষা করতে চান তাহলে কাইন্ডলি**

The Hon'ble Jagannath Kolay: It must go to the Privilege Committee. He must withdraw, he must withdraw.

The Hon'ble Saila Kumar Mukherjee: Reflection on the chair and privilege of the House.

Mr. Speaker: Dr. Bhattacharya, will you please withdraw the words?

(Dr. Kanai Bhattacharya rose to speak.)

First of all, whether you are ready to withdraw the words * * or not?

Dr. Kanai Lal Bhattacharya:

আমার কথা একটু শুনতে হবে
I am not going to withdraw, I shall quit the House.

Mr. Speaker: Will you withdraw it or not? I am asking you to withdraw.

[4-10—4-15 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya: I am not ready to withdraw. I am not going to withdraw.

Mr. Speaker: You have said to the Chair, * * . That must be first withdrawn. Before that I cannot hear you.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: একটা কথা আমার শুনতে হবে আমি উইথড্র করতে পারি; কিন্তু আমার কথা এবং কতকগুলো রিকোয়েস্ট আপনাকে রাখতে হবে, সেটা হচ্ছে এই... .....

মিঃ স্পীকার: ডাঃ ভট্টাচার্য; আপনি উইথড্র করবেন না?

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমার কথাটা আপনাকে ফার্স্ট অফ অল শুনতে হবে হোয়াট মেকস মি টু স্পীক দ্যাট তাহলে......

মিঃ স্পীকার: নো কোশ্চেন অফ দ্যাট। তাহলে আপনি উইথড্র করবেন না; দ্যাট হ্যাজ টু বি এক্সপাঞ্জড।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আপনি যা তা তখন থেকে বলবেন কিন্তু তার আগে আমাদের বলবার একটু সুযোগ দিন (নয়েজ) মিঃ স্পীকার স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি, যে আজকে হাউসে এই বিল উত্থাপন করতে গিয়ে আমাদের এখানে যেসমস্ত রুলস অ্যান্ড রেগুলেশনস ফলো করা হচ্ছে তা আমাদের গৃহীত রুলস অ্যান্ড রেগুলেশনস-এর সাথে কোন

---

*Expunged by order of Mr. Speaker.

সম্পর্ক নেই, এবং আমরা মনে করি যে এই রুলস অ্যান্ড রেগুলেশনস যা প্রত্যেক মেম্বারকে দিয়েছেন তার গ্রস অ্যাবিউস হচ্ছে শুধু তাই নয় আমরা দেখেছি যে কোন মাননীয় সদস্য সম্পর্কে যে রাইটস অ্যান্ড প্রিভিলেজেস দেওয়া হচ্ছে আমরা যখন হাউসের বিরোধী পক্ষের তরফ থেকে আপনাদের কাছে অনুরোধ করেছি এবং অনুরোধ করেছি হাউসের অন্যান্য সদস্যরা আপনারা সে অনুরোধ রক্ষা করে আমাদের রাইটস অ্যান্ড প্রিভিলেজেসকে রক্ষা করুন এবং তার পর আমরা মনে করি, অপোজিশন-এর সমস্ত কথাকে গ্যাগ করে......

(Noise and interruptions)

Walk-out

[At this stage the members of the Opposition Benches excepting the independent members walked out of the Chamber]

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg ot move that the West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-15 p.m. till 12 noon on Wednesday, the 3rd April, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 3rd April, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 13 Hon'ble Ministers, 8 Hon'ble Ministers of State, 6 Deputy Ministers and 156 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Khas land of Charmahula mauza

***186.** (Admitted question No. *1073.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চরমহুলা মৌজার খাস জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কাহাকে ঐ জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) ২৩ জন স্থানীয় কৃষককে জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

মৌজায় কত জমি সরকারে ন্যস্ত হয়েছে, কত জমি সরকার দখল করেছেন এবং কত জমি বিলি হয়েছে, এই সংখ্যাটা জানতে চাই।

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমি এ প্রশ্নের উত্তর এখন দিতে পারছি নে।

Shri Sanat Kumar Raha:

ওই যে জমি বন্দোবস্ত দেওয়া হয়েছে, যাদের দেওয়া হয়েছে তারা সকলেই কি ভূমিহীন কৃষক?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

সকলেই ভূমিহীন নয়, তবে কারও বেশী জমি নেই।

Shri Sanat Kumar Raha:

ছয় বিঘার বেশী জমি আছে এমন লোককে কি বন্দোবস্ত দেওয়া হয়েছে?

Mr. Deputy Speaker:

উনি তো বলছেন এখন কি করে বলব, নোটীশ দিন।

Shri Birendra Narayan Ray:

জমি বন্দোবস্ত কারা দেন—কোন্ অফিসার দেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

এই জমি বন্দোবস্তের ব্যাপারে স্থানীয় জে, এল, আর, ও, অনুসন্ধান করেন বন্দোবস্ত দেওয়ার আগে, তারপরে চূড়ান্তভাবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর নির্দেশে বন্দোবস্ত দেওয়া হয়।

Scot Sahib's land in Charmahula mauza

***187.** (Admitted question No. *1074.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় চরমহুলা মৌজার অন্তর্গত স্কট সাহেবের যে জমি সরকারে ন্যস্ত আছে তাহা গত ১৯৬২ সালে বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(১) ঐ জমি কাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে, এবং

(২) যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহাদের মধ্যে কয়জন ভূমিহীন ও কয়জন ৬ বিঘার অধিক জমির মালিক?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) (১) ৬১ জন স্থানীয় কৃষককে জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে। এতৎসহ তালিকা প্রদত্ত হইল।

(২) দুই-পাঁচজন ভূমিহীন কৃষক এবং বাকী লোকের মধ্যে কাহারও ছয় বিঘার অধিক জমি নেই।

List referred to in reply to clause (Kha)(1) of starred question No. 187.

(১) শ্রীসন্ন্যাসি সরকার পিং বিশ্বম্ভর

(২) শ্রীগোবিন্দ সরকার পিং কিনু

(৩) শ্রীরজনী সরকার পিং হরিশ

(৪) শ্রীসুদেব সরকার পিং গোষ্ট

(৫) শ্রীনিবারণ সরকার পিং গোষ্ট

(৬) শ্রীভবেশ সরকার পিং হরিশ

(৭) শ্রীভাসাই সরকার পিং শুকচাঁদ

(৮) শ্রীসত্যবান সরকার পিং গোপীনাথ

(৯) শ্রীষষ্ঠি সরকার পিং বগল

(১০) শ্রীচন্দ্র চৌধুরী পিং বংশী

(১১) শ্রীআনন্দ সরকার পিং কির্

(১২) শ্রীঅনিল সরকার পিং মিছরী

(১৩) শ্রীনগেন সরকার পিং শ্রীহরি

(১৪) শ্রীনিতাই সরকার পিং গিরি

(১৫) শ্রীমুচিরাম সরকার পিং বিশ্বম্ভর

(১৬) শ্রীদুখীরাম সরকার পিং বৈদ্যনাথ

(১৭) শ্রীবিপদ সরকার পিং নিরঞ্জন

(১৮) শ্রীসুদর্শন সরকার পিং মহেশ

(১৯) শ্রীপঞ্চানন সরকার পিং জ্যোতিষ

(২০) শ্রীনন্দলাল সরকার পিং কৃষ্ণ

(২১) শ্রীউদয় সরকার পিং বংশী

(২২) শ্রীগোবিন্দ সরকার পিং গোপাল

(২৩) শ্রীতরণী সরকার পিং রাজীব

(২৪) শ্রীরামধন চৌধুরী পিং গণী

(২৫) শ্রীসম্বল সরকার পিং খেপাচাঁদ

(২৬) শ্রীকালা সরকার পিং দেবু

(২৭) শ্রীবলরাম সরকার পিং গোবর্ধন

(২৮) শ্রীদুলাল সরকার

(২৯) শ্রীননী গোপাল সরকার

(৩০) শ্রীদাসু সরকার

(৩১) শ্রীজিতু সরকার

(৩২) শ্রীহাবল সরকার
(৩৩) শ্রীশ্যামাপদ সরকার
(৩৪) শ্রীসুদেব সরকার
(৩৫) শ্রীলক্ষ্মণ সরকার
(৩৬) শ্রীকালী কিঙ্কর সরকার
(৩৭) শ্রীমদন সরকার
(৩৮) শ্রীবলরাম সরকার
(৩৯) শ্রীসৃষ্টিধর সরকার
(৪০) শ্রীরামচন্দ্র সরকার
(৪১) শ্রীমণি সরকার
(৪২) শ্রীশিবু সরকার
(৪৩) শ্রীবলাই সরকার
(৪৪) শ্রীগুপীনাথ সরকার
(৪৫) শ্রীশ্যামাপদ সরকার (ছোট)
(৪৬) শ্রীপ্রতাপ সরকার
(৪৭) শ্রীবসন রায় পিং কালী
(৪৮) শ্রীকুবের সরকার পিং গঙ্গারাম
(৪৯) শ্রীরতি সরকার পিং মেঘু
(৫০) শ্রীভূদেব সরকার পিং ঝড়ু
(৫১) শ্রীমতি সরকার পিং মেঘু
(৫২) শ্রীরমেশ সরকার পিং দুঃখীরাম
(৫৩) শ্রীবসন রাজোয়ার পিং রাখাল
(৫৪) শ্রীপথকুড়ো রাজোয়ার পিং রাখাল
(৫৫) শ্রীপঞ্চানন সরকার পিং কুবের
(৫৬) শ্রীযমুনা চৌধুরী
(৫৭) শ্রীরতন সরকার পিং খেপাচাঁদ
(৫৮) শ্রীনিতাই সরকার পিং প্রাণকৃষ্ণ
(৫৯) শ্রীরাধেশ্যাম সরকার পিং রাখাল
(৬০) শ্রীপাগল সরকার
(৬১) শ্রীবাবুলাল সরকার পিং নারায়ণ

Shri Sanat Kumar Raha:

টেবিলে তালিকা পাইনি, সেজন্যে সাপ্লিমেন্টারি করা যায় নি। তথাপি সাপ্লিমেন্টারি করছি। যে ৬১ জনকে দেওয়া হয়েছে তার মধ্যে মাত্র ছয়জন ভূমিহীন আর ৫৫ জন ভূমিহীন কৃষক এই জমির জন্য দরখাস্ত করেছিল—জানেন কি?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

এ প্রশ্নের জবাব এখন দিতে পারছি না।

Shri Sanat Kumar Raha:

এই সব জমি কি সরকার নিজের দখলে রেখেছেন? এ বিষয়ে কোন মামলা কি বিচারাধীন আছে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

না, এখানে কোন মামলার কথা দেখছি না।

Shri Sanat Kumar Raha:

এই জমি দখল নেওয়ার আগে এখানকার জমি বেআইনীভাবে কে দখল করেছিলেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

আমি দেখছি দুটি সিভিল রুল হয়েছিল। হাই কোর্টে সেগুলি ডিসচার্জড হয়েছে।

Shri Sanat Kumar Raha:

এই জমি সরকারী দখলে আসবার আগে কার দখলে ছিল?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

নোটীশ চাই।

Shri Sanat Kumar Raha:

এই জমির উপরে মোট আবেদনকারী কতজন ছিলেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

বলতে পারছি না। নোটিশ দিলে বলতে পারব।

Shri Sudhir Chandra Das:

দুই বিঘার কম জমি যাদের আছে তাদের মধ্যে বণ্টনের নীতি সরকার আগে গ্রহণ করেছিলেন কিনা?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আমাদের ভূমি বন্দোবস্ত দেওয়া সংক্রান্ত নীতিগুলি কি এবং বর্তমানে ১৩৭০ সাল থেকে কি নীতিতে বন্দোবস্ত দেওয়া হবে সে সম্পর্কেও আমি বিবৃতি দিয়েছি।

Co-operative Collective Farm in Kanaichatta mauza

***188.** (Admitted question No. *1087.) **Shri Sudhir Chandra Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি থানার ২০ নং ইউনিয়নের ভাগচাষীগণের কানাইচট্টা মৌজায় ২৯০ একর পরিমিত জমি কো-অপারেটিভ কালেক্টিভ ফার্ম স্থাপন করিয়া চাষ করিবার আবেদনপত্র পাইয়াছেন কিনা; এবং

(খ) আবেদনপত্র পাইয়া থাকিলে, এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

আপনি 'না' বলছেন। আপনার অফিসের এমন অবস্থা যে রেজিস্ট্রি করে পাঠান হচ্ছে তাও অস্বীকার করছেন। আপনার হাতে তুলে দিলেও যদি না পান তাহলে অবস্থা কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি যে মেদিনীপুর জেলার কাঁথি থানায় ২০ নম্বর ইউ-নিয়নের কানাইচট্টা মৌজায় ২৯০ একর জমি মৃত তারা সুন্দরী হাজরার দখলে ছিল। জমিদারী উচ্ছেদের আইনের বলে শুধু জমি সরকারের খাস দখলে আসবার কথা। কিন্তু শ্রীমতী তারা সুন্দরী জীবিতকালে মহামান্য হাইকোর্টে মামলা দায়ের করেন—তার নিষ্পত্তি এখনও না হওয়ায় আমরা ১০(২) ধারা প্রয়োগ করে ওই জমি নিতে পারছি না। সুতরাং কোন কো-অপারেটিভকে বন্দোবস্ত দেওয়ার প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

তারা সুন্দরী হাইকোর্টে যে কেস করেছেন তাতে সরকারের লিগ্যাল রিমেমব্রানসার-এর মত কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা কি এখানে বলা যেতে পারে?

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী এই প্রশ্নের উত্তরে প্রথমে বললেন "না", তারপর যা বললেন সে উত্তর প্র্যাকটিক্যালি "হ্যাঁ"। এখন কোন্‌টা ঠিক?

The Hon'ble Shyamadas Bhattacharyya: That is his conclusion, Sir.

Shri Sailendra Nath Adhikary: That is not our conclusion, it rests with the Hon'ble Minister to tell us which of the two things should be believed. একটা বললেন 'না', তারপর বললেন হাইকোর্টে কেস হয়েছে, জাজমেণ্ট পেণ্ডিং, তাই কিছু বলতে পারি না। প্রশ্ন হচ্ছে এখানে চাষীরা দরখাস্ত দিয়েছিল কি না। তার উত্তরে যা যা বলেছেন তার কোন্‌টা সত্য?

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য মহাশয় আমার কোন কথাই শুনেন নি, দয়া করে মনোযোগ দিয়ে শুনলে বুঝতে পারতেন দুটো কথাই সত্য।

Government advertisement in newspapers

***189.** (Admitted question No. *1170.) **Shri Balailal Das Mahapatra:**

স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী বিজ্ঞাপন বেসরকারী সংবাদপত্রে প্রচারের জন্য সরকার কি কি নীতি অনুসরণ করেন;

(খ) পশ্চিম বাংলার কোন্ কোন্ বেসরকারী সংবাদপত্রে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয়, এবং তাহাদের প্রচারসংখ্যা কত; এবং

(গ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে কোন্ কোন্ সংবাদপত্রে প্রচারিত বিজ্ঞাপনের খরচ বাবদ সরকারকে কত টাকা ব্যয় করিতে হইয়াছে?

The Hon'ble Jagannath Kolay:

(ক) বিজ্ঞাপন প্রচারের ব্যাপারে প্রথমতঃ দুইটি বিষয়ে লক্ষ্য রাখা হয়। প্রথম সংবাদপত্রের প্রচার, দ্বিতীয় সংশ্লিষ্ট সংবাদপত্র সমাজের কোন্ শ্রেণীর নিকট অধিক প্রচারিত। উল্লিখিত বিচারে উপযুক্ত বিবেচিত হলেও সরকারের নিকট যেসমস্ত সংবাদপত্র মিথ্যা সংবাদ পরিবেশন করেন অথবা বিদ্বেষপ্রসূত সংবাদ পরিবেশন করেন তাদের মাধ্যমে বিজ্ঞাপন প্রচার হ্রাস অথবা সম্পূর্ণ বন্ধ করবার স্বাধীনতা সংশ্লিষ্ট বিভাগের আছে।

(খ) একটি তালিকা (ক) পেশ করা হইল।

(গ) একটি তালিকা (খ) পেশ করা হইল।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বললেন যে, সরকারী নীতি অনুসারে যারা মিথ্যা প্রচার করে অথবা বিদ্বেষ প্রচার করে এমন সংবাদপত্রকে আপনারা সাধারণত বিজ্ঞাপন দেন না। এরকম কোন সংবাদপত্র আপনাদের কাছে আবেদন করেছিল সরকারী বিজ্ঞাপনের জন্য?

The Hon'ble Jagannath Kolay:

আমরা একটা লিস্ট করেছি। এতে নাম আমরা বলেছি

Statement referred to in reply to clause (খ) of Starred Question No. 189

তালিকা "ক"

(১)	অমৃত বাজার পত্রিকা	..	..	..	৯০,৪১২
(২)	আনন্দ বাজার পত্রিকা	..	..	..	১,৩১,২৬০
(৩)	যুগান্তর	..	..	..	১,০০,৯২১
(৪)	স্টেটস্‌ম্যান ..	..	..	..	১,১২,৮৯৪

(৫)	হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড	..	..	..	৪৫,০৭৮
(৬)	লোক-সেবক ..	..	..	..	১০,১১৮
(৭)	স্বাধীনতা ..	..	..	..	১০,৩৩৭ (১৯৬২ সালের)
(৮)	দৈনিক বসুমতী	..	..	..	৩০,০০০
(৯)	জন-সেবক ..	..	..	..	২১,৪৫৫
(১০)	বিশ্বামিত্র ..	..	..	..	৩৩,৪৭৩
(১১)	বিশ্ববন্ধু ..	..	..	..	৯,১২৪ (১৯৬১ সালের)
(১২)	লোকমান্য ..	..	..	..	১১,৯০৭
(১৩)	সন্মার্গ ..	..	..	..	১২,৩৪৮
(১৪)	আসরি জাদি্ ..	..	..	..	১০,২৫০ (১৯৬১ সালের)
(১৫)	রোজানা হিন্দ ..	..	..	..	৮,৯০১
(১৬)	আজাদ হিন্দ ..	..	..	..	৬,৫৮৪
(১৭)	দেশ দর্পন ..	..	..	..	৩,০৯০
(১৮)	ইমরোজ ..	..	..	..	৩,১৫০
(১৯)	নবী প্রভাত ..	..	..	..	৬,৭০৯ (১৯৬২ সালের)
(২০)	পরিক্রমা ..	..	..	..	১,৭০০
(২১)	জঙ্গীপুর সংবাদ	..	..	..	৪০০
(২২)	সেবা পত্রিকা ..	..	..	..	১,০০০
(২৩)	মুর্শিদাবাদ হিতৈষী	..	..	..	৬৭৫
(২৪)	পুরুলিয়া জিলা হিতৈষী	..	..	..	৭৫০
(২৫)	শিলিগুড়ি পত্রিকা	..	..	..	৫০০
(২৬)	কান্দি বান্ধব ..	..	..	..	৪,০০০
(২৭)	জাগরণ ..	..	..	..	৭৫০
(২৮)	বারাসত বার্তা	..	..	..	১,৫০০
(২৯)	বীরভুম বার্তা ..	..	..	..	২,০০০
(৩০)	বসিরহাট হিতৈষী	..	..	..	৮৫০
(৩১)	মুর্শিদাবাদ সমাচার	..	..	..	১,২০০
(৩২)	বর্দ্ধমান ..	..	..	..	২,০০০
(৩৩)	আসানসোল হিতৈষী	..	..	..	৪,০০০

(৩৪)	প্রদীপ	৯০০
(৩৫)	মেদিনীপুর হিতৈষী	১,৭১৫
(৩৬)	আত্রেয়ী	১,০০০
(৩৭)	স্বরাজ ও সংগঠন	৭৮৫
(৩৮)	প্রকাশ	৪,২০০
(৩৯)	ভারতী	১,০০০
(৪০)	অভিযান	২৮৫
(৪১)	সমাধান	১,৪০০
(৪২)	সংঘর্ষ	৮০০
(৪৩)	ত্রিস্রোতা	৫০০
(৪৪)	চিনসুরা বার্তাবহ	৬৫০
(৪৫)	পল্লী-ডাক	৩,২০৬
(৪৬)	পল্লী-বাসী	১,৩০০
(৪৭)	পত্র	৪,৬৮৭
(৪৮)	বার্তা	১,১০০
(৪৯)	বঙ্গবত্ম	৬০০ (১৯৫৬ সালের)
(৫০)	সর্বোদয়	১,১০০
(৫১)	মুর্শিদাবাদ পত্রিকা	১,৭৫০
(৫২)	২৪-পরগণা বার্তাবহ	৩৫০ (১৯৫৬ সালের)
(৫৩)	আর্য পত্রিকা	১,৬০০
(৫৪)	গৌড়দূত	৬৫০
(৫৫)	নদীয়ার কথা	৫০০ (১৯৫৬ সালের
(৫৬)	বীরভূম ডাক	৫০০
(৫৭)	বর্ধমান বাণী	১,৭০০

Statement referred to in reply to clause (গ) of Starred question No. 189

তালিকা "খ"

		১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩
(১)	অমৃতবাজার পত্রিকা ..	২,১৩,৬০৮.০০	২,৮৫,৩০৯.৯২	৩,৩৪,০৭০.১৫
(২)	আনন্দবাজার পত্রিকা ..	১,৯৫,৯৩২.০০	২,২৭,৯৪৮.৪৯	৩,০৮,৯৯৫.১৪
(৩)	যুগান্তর	১,৩৮,৩৬০.০০	১৭৪,১০,৪৮৯.০০	১,৮২,৯৫৩.০০
(৪)	স্টেট্‌স্‌ম্যান	১,৫৬,২২২.০০	১,৯০,৫৬৪.১৪	১,৯৫,৪৪৯.২৬
(৫)	হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড ..	৯৬,৫২৮.০০	১,৪৯,৬৮৮.৭১	১,৪৬,০৫৩.৮২
(৬)	লোক সেবক	১৪,৮৭৪.০০	১১,৫৪২.০০	৬,৪২৬.৩০
(৭)	স্বাধীনতা	১,৪৪০.০০	৪,৯৭৫.০০	১,৯৯৭.৫০
(৮)	দৈনিক বসুমতী ..	১,৮৯৩.৭০	২,৮৫৩.৩৭	১,১৩৯.০০
(৯)	জন সেবক	৭,৫৫২.৩৬	১২,৯৬০.৫২	১০,৬১৯.৭০
(১০)	বিশ্বামিত্র	১৮,৯৭৫.২৫	৩৬,০৪০.০	১৬,৪১৫.৭৫
(১১)	বিশ্ববন্ধু	১৪,১১৪.০০	২১,০১৮.০০	১২,৫৮৮.৩৫
(১২)	লোকমান্য	৫,৫৯৩.৫৫	১৮,৭৬২.০০	১৩,৭৩৮.০০
(১৩)	সন্মার্গ	১,০৮৭.৫০	১,২৯০.০০	২,১৩৪.০০
(১৪)	আসরে-জাদিদ্	১৬০.০০	২২০.০০	১৯০.০০
(১৫)	রোজানা হিন্দ	১,৯৩৩.০০	৩,৫৪৯.৮৬	২,৮২২.৫০
(১৬)	আজাদ হিন্দ	১০০.০০	৫৯৫.০০	৫০.০০
(১৭)	দেশ দর্পণ	১,১১৫.৭৫	৮৭৫.০০	৪০০.০০
(১৮)	ইম্‌রোজ	..	..	৬০.০০
(১৯)	নবী প্রভাত	..	..	২০.০০
(২০)	পবিক্রমা	৪৪২.৫০	৪৮১.০০	৯৬৮.০০
(২১)	জঙ্গীপুর সংবাদ ..	১৬৪.০০	১৪২.৫০	২৭১.০০

(২২)	সেবা পত্রিকা ..	..	..	২১৫.৫০	৫৪৫.০০
(২৩)	মুর্শিদাবাদ হিতৈষী	..	১৩৮.৮৬	২৭.৩৭	৮১.০০
(২৪)	পুরুলিয়া জিলা হিতৈষী	..	১০০.০০	২০.০০	২৪৯.০০
(২৫)	শিলিগুড়ি পত্রিকা	..	৭২.৫০	১৫৯ ০০	১৭৮ ৫০
(২৬)	কান্দি বান্ধব ..	..	১৯৫ ৬৬	১৬৮ ৮০	১৯৪.০০
(২৭)	জাগরণ ..	.	১২২ ০০	২৭৩ ০০	৪১৯.০০
(২৮)	বারাসত বার্তা	..	১৪০.০০	৩৯৫.০০	৩১৪.০০
(২৯)	বীরভূম বার্তা ..	..	২২৪.৫৪	২১১.০০	১৯৬.০০
(৩০)	বসিরহাট হিতৈষী	..	৪১.২৫	১০৭.৫০	১৫৭.০০
(৩১)	মুর্শিদাবাদ সমাচার	..	৫৩০.০০	১৪৫.০০	১৯১.০০
(৩২)	বর্ধমান ..	..	১৪১.০০	৩২৫.০০	২৪৬.০০
(৩৩)	আসানসোল হিতৈষী	..	৫৬.০০	৬৬.৫০	৯০.০০
(৩৪)	প্রদীপ ..	..	২১৬ ০০	৩০৬.০০	৯১৮.০০
(৩৫)	মেদিনীপুর হিতৈষী	..	৪৬৩.৫১	৭৯ ৭৯	২৬০.০০
(৩৬)	আত্রেয়ী ..	..	৭৪.০০	৯৪.০০	৪৪.০০
(৩৭)	স্বরাজ ও সংগঠন	..	৯১.৫০	১৫০ ০০	৩৪৭.০০
(৩৮)	প্রকাশ ..	..	..	১৬২.০০	২২০.০০
(৩৯)	ভারতী ..	.	১৫২.২৫	১০৬.০০	১২৭.০০
(৪০)	অভিজ্ঞান ..	..	৫২ ০০	৯৬.০০	১০৭.০০
(৪১)	সমাধান ..	..	১২০.০০	১৩৫ ০০	১৬৫.০০
(৪২)	সংঘর্ষ ..	..	৭৫.০০	১২৫.০০	২৩৫.০০
(৪৩)	ত্রিস্রোতা ..	..	১৭৬.২৫	৯৫.০০	১৪৪.০০
(৪৪)	চিন্ময়া বার্তাবহ	..	১৫৪.৫০	২৪৬.০০	৩০৬.০০
(৪৫)	পল্লী-ডাক ..	..	৫৪.০০	৭০.০০	১১৮.০০
(৪৬)	পল্লী-বাসী ..	..	৭২.০০	৯৬.০০	১৭২.০০
(৪৭)	পত্র ..	..	..	১২৪.০০	৪০০.০০

(৪৮)	বার্তা	.. ..	৪৭.২৫	৮৬.০০	৩৬০.০০
(৪৯)	বঙ্গবাণী	.. ..	১৩৪.০০	১৮০.০০	৩০৫.০০
(৫০)	সর্বোদয়	.. ..	৪০.০০	১৩২.০০	১৮৪.০০
(৫১)	মুর্শিদাবাদ পত্রিকা	..	৫১.৭৫	২১১.০০	২৫১.৮০
(৫২)	২৪-পরগণা বার্তাবহ	..	৩১.৫০	১০৫.০০	২৭৫.০০
(৫৩)	আর্য্য পত্রিকা ..	..	৩৩.০০	৯০.০০	৫৩৭.০০
(৫৪)	গৌড়দূত	.. ..	২৫.৫০	৩০.০০	৫০.০০
(৫৫)	নদীয়ার কথা ..	..	১৬০.০০	১৪৫.০০	১৪০.০০
(৫৬)	বীরভূম ডাক ..	..	৫০.০৬	৮৬.০০	১৫১.০০
(৫৭)	বর্দ্ধমান বাণী ..	..	৪৮৮.০০	৩৮৬.০০	৩৪৮.০০

[12-10—12-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় "দেশপ্রাণ" বলে একটা সাপ্তাহিক পত্রিকা বের হয়, সেই সংবাদপত্রের তরফ থেকে মন্ত্রিমহাশয়ের দপ্তরে বিজ্ঞাপন দেবার জন্য কোন অনুরোধ এসেছিল কিনা এবং এসে থাকলে সেটা সম্বন্ধে কোন বিবেচনা করা হয়েছে কিনা?

The Hon'ble Jagannath Kolay:

যে সংবাদপত্রের কথা বলছেন সেটা আমার কাছে এসেছিল, আমরা সেটা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠিয়েছি, কারণ ডিস্ট্রিক্ট-এর যেসব সংবাদপত্র তা আমরা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠিয়ে দিই, তাঁরা রেকমেণ্ড করলে তবে আমরা বিজ্ঞাপন দিই।

Shri Balai Lal Das Mahapatra:

বাংলাদেশে মোট কয়টা সাময়িকপত্র রয়েছে, মোট দৈনিক সংবাদপত্রের সংখ্যাই বা কত?

The Hon'ble Jagannath Kolay:

নোটিশ দিন।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারী বিজ্ঞাপন মোট কয়টা কাগজে দেন?

The Hon'ble Jagannath Kolay:

তার একটা লিস্ট দেওয়া হয়েছে, সেটা দেখবেন।

Shri Sailendra Nath Adhikary:

সরকারী বিজ্ঞাপন যা দেওয়া হয় তা কি রোটেশন করে দেওয়া হয়, নাকি খানিকটা দেওয়া হয়, খানিকটা বাদ দেওয়া হয়?

The Hon'ble Jagannath Kolay: Display advertisement যেগুলি, সেগুলি আমরা দিই, ক্লাসিফায়েড অ্যাডভার্টাইজমেণ্ট যেগুলি, সংশ্লিষ্ট ডিপার্টমেণ্ট সে সম্বন্ধে যা বলেন সেইভাবেই আমরা দিই।

Shri Sanat Kumar Raha:

"মুর্শিদাবাদ বার্তা" সরকারের প্রচার দপ্তরের কাছে আবেদন করেছিল বিজ্ঞাপনের জন্য, তিন চার মাস চলে যাবার পরেও আজ পর্যন্ত কোন সংবাদ পাওয়া যায় নি, এই সংবাদ সরকার রাখেন কি?

The Hon'ble Jagannath Kolay:

এই আবেদন সময়মতো করতে হবে, এপ্রিল মাসে করতে হয়, তারপর ম্যাজিস্ট্রেট রেকমেণ্ড করলে আমরা দিই।

Shri Sanat Kumar Raha:

একই বিজ্ঞাপন একসঙ্গে পাঁচটি কাগজে দেবেন, এই নীতি সরকার গ্রহণ করেছেন কি?

The Hon'ble Jagannath Kolay:

সব কাগজেই আমরা অ্যাডভার্টাইজমেন্ট দেবার চেষ্টা করি।

Shri Sanat Kumar Raha:

সাপ্তাহিক কাগজগুলির কতসংখ্যক সার্কুলেশন হবে তার নিম্নতম সংখ্যা ঠিক করা আছে কি?

The Hon'ble Jagannath Kolay:

এখানে লিস্ট আছে, সেটা দেখবেন, আমাদের একটা নিয়ম আছে, অন্ততঃ ৪০০।৫০০ সার্কুলেশন হওয়া চাই।

Shri Nepal Chandra Roy:

কমিউনিস্ট পার্টি কর্তৃক পরিচালিত কাগজে বিজ্ঞাপন দেওয়া বন্ধ করবেন কিনা?

The Hon'ble Jagannath Kolay:

এটা বলতে পারব না, কমিউনিস্ট পার্টি হিসাবে দেওয়া হয় না, কাগজ হিসাবে দেওয়া হয়।

Shri Nepal Chandra Roy:

এই হাউসে চীফ মিনিস্টার এবং জেল মিনিস্টার স্টেটমেণ্ট করেছেন যে, দেশদ্রোহী কমিউনিস্টরা ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলসএ ধরা পড়েছে—আমি জানতে চাই, তাদের দ্বারা পরিচালিত কাগজ বন্ধ করবেন কিনা?

The Hon'ble Jagannath Kolay:

এই প্রশ্ন উঠে না।

Shri Balai Lal Das Mahapatra:

আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই, কোন সংবাদপত্র আপনার কাছে আবেদন করেছিল, সেটা নাকচ করেছেন, এইরকম কোন সংবাদ আপনার জানা আছে কিনা?

The Hon'ble Jagannath Kolay:

অনেকেই আবেদন করেছেন, পেসিফিক কাগজের কথা বলুন। আমি দেখে আপনাকে পরে বলব।

Shri Nepal Chandra Roy:

মুখ্যমন্ত্রী মহাশয় এবং কারামন্ত্রী মহাশয় এই কথা কি বলেছেন, কমিউনিস্টরা দেশদ্রোহী?

The Hon'ble Jagannath Kolay:

এ প্রশ্ন এখানে উঠে না।

Shri Sanat Kumar Raha:
এটা কি কংগ্রেসের কাগজে বিনা বিচারে বিজ্ঞাপন দেওয়া হয়?

The Hon'ble Jagannath Kolay:
বিনা বিচারে দেওয়া হয় না।

Dr. Kanai Lal Bhattacharya:
"লোকমত" পত্রিকা থেকে যে দরখাস্ত করা হয়েছিল বিজ্ঞাপনের জন্য সেটা কেন নাকচ করা হয়েছে?

The Hon'ble Jagannath Kolay:
সেটা বিবেচনাধীন রয়েছে।

Shri Sailendra Nath Adhikary:
"লোকসেবক" পত্রিকায় আজ পর্যন্ত কোন বিজ্ঞাপন দেওয়া হয় নি কেন?

The Hon'ble Jagannath Kolay:
"লোকসেবক" পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়--লিস্টটা দেখবেন।

Shri Nepal Chandra Roy:
"জবানী" পত্রিকায় কোন বিজ্ঞাপন দেওয়া হয় না কেন?

[No reply.]

Benami transaction of land

***190.** (Admitted question No. *1191.) **Shri Mahananda Haldar:**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার চাপড়া থানার পিপড়াগাছি ইউনিয়নের ফুলকলমী ও পার্শ্ববর্তী মৌজাসমূহের বহু বিস্তৃত খড়ের মাঠ বলিয়া বর্ণিত জমি ভূতপূর্ব জমিদারগণ নিজ অধীনস্থ কর্মচারী যথা নায়েব, পেয়াদা, পাইক প্রভৃতির নামে বেনামী বন্দোবস্ত দেখাইয়াছেন এবং এখনও তাহাদের বেনামে যথারীতি উপসত্বাদি ভোগে লাভবান হইতেছেন এবং স্থল বিশেষে উচ্চহারে ঐ সমস্ত জমি তৃতীয় পক্ষের নিকট বিক্রয় করিয়া বহুগুণে লাভবান হইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Hon'ble Shyamadas Bhattacharyya:

(ক) না;
(খ) প্রশ্ন উঠে না।

Sale of photographs taken by the official photographer

***191.** (Admitted question No. *1204.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Publicity) Department be pleased to state

(a) whether it is the accepted custom or rule to distribute and/or sale copies of photographs taken by the official photographer at Raj Bhavan or at the residence of the Ministers;

(b) if the Hon'ble Minister is aware that such photographs are being sold by proprietor of a studio known as Chowringhee Studio;

(c) whether there is any relation between the State Government and Academy of Photography India at Chowringhee Road, Calcutta, run by an officer of Publicity Department;

(d) if it is a fact that Anti-Corruption Department started investigation against this official photographer and the Academy; and

(e) whether the Hon'ble Minister is aware that this organisation is planning to bring out a souvenir in honour of the Chief Minister on the eve of his birthday ceremony and the advertisement campaign for this special number has commenced?

The Hon'ble Jagannath Kolay:

(a) Yes.

(b) No.

(c) No. The Academy is known to be administered by a Committee. An employee of the Publicity Department has only been permitted to act as its Hony. Secretary.

(d) Yes, in case of the official photographer regarding academy we have no information.

(e) No.

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রিমহাশয় আমার প্রশ্নে ক্লজ (এ)-র উত্তরে বললেন 'ইয়েস'—আমি জিজ্ঞাসা করছি, যদি ইয়েস হয় তা হলে কি প্রোটোকল রুলএ আটকায় না—রাজ্যপাল বা মন্ত্রিমহাশয়ের সংগে ছবি যদি তোলেন, সেই ছবি পরে প্রকাশ্যভাবে বিক্রী হবে। সেটা কি করে হতে পারে? whether it is the accepted custom or rule to distribute and/or sale copies of photographs taken by the official photographer at Raj Bhavan or at the residences of the Ministers.

বাজারে যদি সেই ছবি বিক্রী করা যায় তা হলে কি সেটা প্রোটোকলএ আটকায় না?

The Hon'ble Jagannath Kolay:

এটা প্রোটোকল-এর প্রশ্ন নয়। আপনি বিস্তারিত জানতে চাইলে পরে আমি বলে দিতে পারব।

Shri Kashi Kanta Maitra:

কারা বিক্রি করে?

The Hon'ble Jagannath Kolay:

গভর্নমেন্ট বিক্রি করেন।

Shri Kashi Kanta Maitra:

মন্ত্রিমহাশয় জানেন কি, এই সমস্ত ফটোগ্রাফস রাজভবন এবং মন্ত্রিভবনে যা নেওয়া হয় সেগুলি Academy of Photography, Chowringhee Studio বোধহয় চৌরঙ্গী রোড নং ১—এখানে বিক্রী হয়?

The Hon'ble Jagannath Kolay:

না। গভর্নমেন্ট রুল অনুযায়ী বিক্রি হয়।

Shri Kashi Kanta Maitra: Official photographer এর নাম মন্ত্রিমহাশয় জানাবেন কি?

The Hon'ble Jagannath Kolay: Official photographer অনেক আছেন, নাম চাইলে পরে জানাতে পারব।

Shri Kashi Kanta Maitra: Academy of Photography located at No. 1 Chowringhee Road.

যার সংগে কানেকটেড হচ্ছেন অফিসিয়াল ফটোগ্রাফার—আপনি বললেন অনেক অফিসিয়াল ফটোগ্রাফার আছেন

at least one of them is connected with this Academy of Photography এটা জানেন কিনা এবং তার নাম জানেন কিনা?

The Hon'ble Jagannath Kolay:

হ্যাঁ, তাঁর নাম হচ্ছে ধীরেন সরকার।

[12-20—2-30 p.m.]

Shri Kashi Kanta Maitra:

এই যে অফিসিয়াল ফটোগ্রাফার—এরা কি গভর্নমেন্ট সার্ভিসএ পেড এমপ্লয়ি?

The Hon'ble Jagannath Kolay:

হ্যাঁ, গভর্নমেন্ট সার্ভেন্ট এবং আমি বলে দিয়েছি তাদের অ্যাক্ট করবার জন্য- সেক্রেটারীর পদে তাদের কাজ করবার জন্য পারমিশন দেওয়া হয়েছিল।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, বাংলাদেশে সার্ভিস কনডাক্ট রুলের কোন আইনের বলে, যিনি সরকারী কর্মচারী, বিশেষ করে অফিসিয়াল ফটোগ্রাফার তিনি এরকম অনারারী সেক্রেটারীর কাজ করতে পারেন?

Mr. Deputy Speaker: I cannot allow this question—
এটা আইনের কথা নয়, আপনি কোশ্চেনের রুলসটা পড়ে দেখবেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি বলছি যে, সারভিস রুলস অনুযায়ী অফিসিয়াল ফটোগ্রাফার যিনি সরকারী কর্মচারী তিনি এরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট থাকতে পারেন কিনা?

দি অনারেবল জগন্নাথ কোলে: অনারারী ক্যাপাসিটিতে থাকতে পারে এবং তিনি অনুমতি নিয়ে কাজ করতে পারেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা যেমন অফিসিয়াল ফোটোগ্রাফারদের বেলায় তেমনি অন্যান্য সরকারী কর্মচারীদের বেলায় কি এইরকম অনুমতি প্রযোজ্য—অর্থাৎ অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে কি তাঁরা সংশ্লিষ্ট থাকতে পারেন?

দি অনারেবল জগন্নাথ কোলে: তাঁরা যদি অনুমতি চান তা হলে নিশ্চয় বিবেচনা করা হবে।

শ্রীকাশীকান্ত মৈত্র: অ্যাকাডেমি অফ ফটোগ্রাফীর যেটা আছে সেটা একটা প্রফিটিয়ারিং কনসার্ন, একটা কমার্সিয়াল কনসার্ন, সেটা কি আপনার জানা আছে?

দি অনারেবল জগন্নাথ কোলে: না, জানা নেই, তবে আমার মনে হয়, এটা কমার্সিয়াল ইনস্টিটিউশন নয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি কিসের ভিত্তিতে এটা বললেন, কারণ আপনি নিজেই বলছেন যে, আমার জানা নেই, আবার সঙ্গে সঙ্গে বলছেন যে, এটা কমার্সিয়াল ইনস্টিটিউশন নয়—এটা কি পরস্পরবিরোধী হচ্ছে না?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমি বলছি যে, এটা কমার্সিয়াল ইনস্টিটিউশন নয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনার বেসিস অব ইনফরমেশন কি?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমি জেনেশুনেই বলছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: অ্যান্টিকরাপশন ডিপার্টমেন্ট থেকে এদের বিরুদ্ধে তদন্ত হয়েছে, সেটা কি আপনার জানা আছে এবং অ্যান্টিকরাপশন ডিপার্টমেন্ট থেকে ধীরেন সরকারের বিরুদ্ধে কোন অভিযোগ করেছেন কিনা?

দি অনারেবল জগন্নাথ কোলে: একটা অভিযোগ আনা হয়েছিল। তারপর ধীরেন সরকার সম্বন্ধে অ্যান্টিকরাপশন ডিপার্টমেন্ট থেকে এনকোয়ারি হয় এর পরে দেখা যায় তার কোন দোষ নেই

শ্রীকাশীকান্ত মৈত্র: তা হলে অ্যান্টিকোরাপশন ডিপার্টমেন্ট ধীরেনবাবু ছাড়া আর কারুর সম্বন্ধে কোন রিপোর্ট দাখিল করেন নি। অফিসিয়াল ফটোগ্রাফার—আপনি বলছেন টিম অব অফিসিয়াল ফটোগ্রাফার রয়েছেন—ধীরেন সরকার ছাড়া অন্যান্য অফিসিয়াল ফটোগ্রাফার-এর বিরুদ্ধে অ্যান্টিকোরাপশন ডিপার্টমেন্ট কোন অভিযোগ দিয়েছেন কিনা এবং সেই রিপোর্ট আমাদের হাউসএর কাছে রাখবেন কিনা?

দি অনারেবল জগন্নাথ কোলে: না, অ্যান্টি করাপশন ডিপার্টমেন্টএ একটা কেস এসেছিল ধীরেন সরকারের বিরুদ্ধে। সেটা নিয়ে এনকোয়ারি হয়ে তাঁরা যে রিপোর্ট দিয়েছেন তাতে তাঁর কোন দোষ নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় চীফ মিনিস্টারএর [illegible] উপলক্ষে অ্যাকাডেমি অব ফাইন আর্টস একটা সুভেনির বার করেছেন এবং বাংলাদেশের পাবলিসিটি ডিপার্টমেন্ট এই অ্যাডভার্টাইজমেন্ট কর্পোরেশনকে এনকারেজ করেছেন—এটা সত্য কিনা?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমার জানা নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: মন্ত্রিমহাশয় কি হাউসে আমাদের কাছে এই অ্যাসুরেন্স দেবেন যে, এই-রকম ধরণের কনসার্নকে অফিসিয়ালি এনকারেজ করেন না?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমাদের কাছে যদি অ্যাডভার্টাইজমেন্ট চান তাহলে সেই অ্যাডভার্টাইজমেন্ট দেবার কথা আমরা নিশ্চয় বিবেচনা করব।

Ramkrishnapur Ferryghat Jetty

***192.** (Admitted question No. *1250.) **Shri Anadi Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামকৃষ্ণপুর ফেরীঘাটের জেটিটির দুরবস্থার জন্য কলিকাতাগামী বা হাওড়াগামী জনসাধারণকে বিশেষ অসুবিধা ভোগ করিতে হইতেছে,

(খ) অবগত থাকিলে, ঐ জেটিটি মেরামত করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, ঐ জেটির একটি গ্যাংওয়ে অর্ধসমাপ্ত অবস্থায় বহুদিন হইল পড়িয়া আছে, এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

দি অনারেবল শংকরদাস ব্যানার্জি: (ক) হুগলি নদীতে জোয়ার আসিলে রামকৃষ্ণপুর ফেরি-ঘাটের ভাসমান পন্টুনগুলি ও গ্যাংওয়ে নিরাপত্তার কারণে সরাইয়া ফেলিতে হয় এবং উহার ফলে যাত্রীদের পারাপারে যে অসুবিধা ভোগ করিতে হয় তাহা পশ্চিমবঙ্গ সরকার অবগত আছেন। প্রতি মাসে মাত্র ১০।১২ দিন এই ব্যবস্থা অবলম্বিত হয় এবং ঐ সময় যাত্রীরা প্রধান পন্টুনে অবতরণ করেন ও তীরে পৌঁছাইবার জন্য দেশী নৌকা ব্যবহার করিয়া থাকেন। মাসের অবশিষ্ট সময়ে যাত্রীরা স্বাভাবিকভাবে পারাপার করিতে পারেন।

(খ) উক্ত জেটিতে ১০০ ফুট দীর্ঘ গ্যাংওয়ে নির্মাণ করিবার পরিকল্পনা কলিকাতা পোর্ট কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে। এই গ্যাংওয়ে নির্মিত হইলে জোয়ারের সময় পন্টুন ইত্যাদি সরাইবার কোন প্রয়োজন হইবে না এবং যাত্রীদের বর্তমান অসুবিধাটুকুও দূরীভূত হইবে।

(গ) কোন গ্যাংওয়ে অর্ধসমাপ্ত অবস্থায় পড়িয়া নাই।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

শ্রীঅনাদি দাস: এই যে জেটিটা এমন ভাঙ্গা অবস্থায় আছে তাতে যে কোন মুহূর্তে এটা ভেঙ্গে পড়তে পারে এবং অনেক যাত্রী তাতে বিপদগ্রস্ত হতে পারে—এটা কি আপনি জানেন?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: এই প্রশ্নের উত্তরে এটা ভেঙ্গে পড়তে পারে কিনা তা বলতে পারব না।

শ্রীঅনাদি দাস: দুরবস্থার কথা যখন আছে তখন সঙ্গে সঙ্গে এটা ইমপ্লায়েড।

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: ইমপ্লায়েডের উপর প্রশ্ন করলে কোন উত্তর দেওয়া যায় না।

শ্রীঅনাদি দাস: দুরবস্থা সত্যিই আছে কিনা—অন্য সময় সাধারণভাবে ব্যবহার করা যায় কিনা, কোন বিপদগ্রস্ত হবে কিনা, এ খবর কি রেখেছেন?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: আপনি যদি জিজ্ঞাসা করতেন ভেঙ্গে পড়বার আশা আছে কিনা—তা হলে আমি তার উত্তর দিতাম- পোর্ট কমিশনারের অথরিটি এটা করে গভর্ণমেন্ট করে না। অতএব আপনি যদি সেইভাবে প্রশ্ন করতেন তা হলে আমি সংবাদ নিয়ে জানাতাম।

শ্রীশৈলেন অধিকারী: মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন যে, ঐ জায়গায় একটা গ্যাংওয়ে করবার পরিকল্পনা আছে সেই পরিকল্পনা কবে থেকে সুরু হয়েছে বা পরিকল্পনা সুরু হয়েছে কিনা এবং হয়ে থাকলে কবে থেকে আরম্ভ হতে পারে এরকম একটা আভাস দিতে পারেন কিনা?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: কিছু বলতে পারব না—যা পোর্ট অথরিটি জানিয়েছে সেটাই বললাম।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এটাকে এক্সপিডাইট করবার জন্য পোর্ট অথরিটিকে জানাবেন কি?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: সরকার হলে বলতে পারতাম—পোর্ট অথরিটির ব্যাপার বলতে পারব না।

Confidential Assistants to the Ministers

***183.** (Admitted question No. *1206.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state

(a) the number of Confidential Assistants attached to the different Minister (Ministerwise) of the State Government;

(b) on what basis such appointments are made and conditions of service including pay scales, etc., of such Confidential Assistants;

(c) if persons serving other firms or Companies, Business Houses, not connected with the Government, are eligible for appointment as Confidential Assistants; and

(d) if the printer and publisher of "Amrita Bazar Patrika (Pvt.) Ltd." is a Confidential Assistant attached to the Hon'ble Minister-in-charge of the Department of Industries and Commerce?

The Hon'ble Sankardas Banerji: The particulars are being collected from the different Departments of Government. As soon as the necessary particulars are available the answer will be laid on the table.

Ministers not giving a full reply to a question

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি খুব দুঃখের সঙ্গে বলছি, এর চেয়ে আর ইভেডিং অ্যানসার হতে পারে না। আমি আপনার প্রোটেকশন চাচ্ছি কেন না আমি বলছি হাউসের দায়িত্বশীল সভা হিসাবে এই প্রশ্নকে এইভাবে এড়িয়ে যাবার চেষ্টা হচ্ছে—এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন—তার জবাব এল ১২ দিনের নোটিশে—আপনার রুলস অনুযায়ী নোটিস দেওয়া হয়েছে—কোশ্চেন অ্যাডমিটেড হয়েছে আপনি প্রশ্নটা দয়া করে পড়ে দেখুন যে, আমাদের কনফিডেন্সিয়াল অ্যাসিসটান্ট পশ্চিমবঙ্গের মন্ত্রীদের কয়জন করে আছেন। এই সম্বন্ধে প্রশ্নের উত্তরে আমাদের ফাইন্যান্স মিনিস্টার বললেন পার্টিকুলার্স আর অ্যাওয়েটেড—এই পার্টিকুলারস অ্যাভেলেবল কবে হবে আমি জানতে চাই এবং কেন উনি উত্তর দিতে পারলেন না? ক্লজ ডি-তে আমি জিজ্ঞাসা করেছি

If persons serving other firms or companies, Business Houses, not connected with the Government, are eligible for appointment as Confidential Assistants,

এর উত্তরে মন্ত্রিমহাশয় বারো দিনের নোটিশ দেবার পরও দিচ্ছেন না। এইভাবে তারা অ্যাভয়েড করে যাচ্ছে। আপনার কাছ থেকে আমি রুলিং চাচ্ছি যে, এই প্রশ্নের উত্তর কবে দেবেন?

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: আমি এখনও সমস্ত তথ্য পাই নি, কিন্তু জিনিসটা হচ্ছে যে, কনফিডেন্সিয়াল অ্যাসিস্ট্যান্টের জন্য তিনশত টাকা বরাদ্দ আছে, এটা মন্ত্রিমহাশয় ইচ্ছা করলে একজন, দুজন, তিনজন বা দশজনের মধ্যে ভাগ করে দিতে পারে। কাজেই কে কাকে রেখেছেন সেটা আমি জেনে বলব।

শ্রীকাশীকান্ত মৈত্র: এই যে তিনশত টাকার হিসাব আপনি দিলেন এটা আপনি উত্তরে বলতে পারতেন কিন্তু আপনি কিসের জন্য বললেন পার্টিকুলারস আর বিইং অ্যাওয়েটেড এটা আমি বুঝতে পারছি না।

দি অনারেবল শঙ্করদাস ব্যানার্জি: পাছে ভুল হয় সেই সাবধান হবার জন্য বলিনি।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি বলছি ইউ আর অ্যাভয়েডিং দি ইস্যু—তা হলে ক্যাবিনেটের মধ্যে যে দুর্নীতি চলছে সেটাই ঢাকবার চেষ্টা করছেন। স্যার, আপনি বিচারক হিসাবে একটা রুলিং দিন যে, ১৯৩নং প্রশ্নের মধ্যে কোথায় অস্পষ্টতা বা ভেগনেস রয়েছে যার ফলে, মন্ত্রিমহাশয় ১২ দিনের নোটিস পাবার পরও কোন উত্তর দিতে পারেন নি। তার মানে

we are treated very lightly, we are treated even with discourtesy by the Minister concerned

এর কি উত্তর হচ্ছে, এই যে এখানে ডেমোক্রাসির নামে ডেসপটিজম চলছে।

আর আপনারা ডেমোক্রেসির নাম করবেন না, ওটা উঠিয়ে দিন। এই রকম একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন রাইটার্স বিল্ডিংস-এর কনফিডেন্সিয়াল অ্যাসিস্ট্যান্টদের সম্বন্ধে, তা না হলে বলতাম না। এটা বাংলাদেশের কংগ্রেসের একটা ভেস্টেড ইন্টারেস্ট হয়ে দাঁড়িয়েছে, রাইটার্স বিল্ডিংস কংগ্রেসের একটা আখড়া হয়ে দাঁড়িয়েছে।

Mr. Deputy Speaker:

এ প্রশ্নে একথা ওঠে না।

[Noise]

[12-30—12-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary: On a point of order, Sir, you are the custodian of our rights and privileges.

Mr. Deputy Speaker:

মিঃ অধিকারী, এই কোশ্চেনের উপর কখনো পয়েন্ট অফ প্রিভিলেজ হয় না।

Shri Sailendra Nath Adhikary:
আপনার কাছে জানতে চাচ্ছি

Sir, you are the custodian of our rights and privileges. A member has the right to know and let others know a fact which is connected with the business of the House. This is a fact which is connected with the business of the House and if a Minister avoids satisfying the members, then what will be the position of the members of this side and whether by this fact our rights and privileges are not infringed?

Mr. Deputy Speaker: It is just a storm in a tea-cup.
শৈলেনবাবু, আপনি শুনুন। উনি জবাব দিয়েছেন ডিটেলস আর য়্যাওয়েটেড।

Shri Sailendra Nath Adhikary:
আমাদের সে রাইট আছে
to know and let others know.

Mr. Deputy Speaker:
উনি বলতে পারতেন কালকে দেবেন, কি পরশু দেবেন, এটা বললে ঠিক হতো। তবে আপনি যদি বলেন এক্ষুনি বলতে হবে, এটা প্রিভিলেজের প্রশ্ন হয় না। আপনি রুলস দেখুন— মিনিস্টার টাইম নিতে পারেন উত্তর দেবার জন্য।

Shri Sailendra Nath Adhikary:
মিনিস্টার টাইম নিতে পারেন ঠিক, তবে আপনি টাইম দেবেন কি দেবেন না, এটা রুলস-
that will be determined by you.

Mr. Deputy Speaker:
রিজনএবল গ্রাউন্ড হলে কি আমি টাইম না দিয়ে পারি? দিতে হবে টাইম।

Dr. Kanai Lal Bhattcharya:
মিঃ ডেপুটি স্পীকার স্যার, এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে প্রশ্ন যেটা আছে, তার উত্তরটা কলেক্ট করতে যদি খুব সময় লাগতো তাহলে বুঝতে পারতাম, এর আগে প্রশ্নটা হাউসে যখন এসেছিল, তখন সেটার উত্তর এই বলে পিছিয়ে দেওয়া হয় যে ৭ দিনের মধ্যে উত্তর দেওয়া হবে। কিন্তু এই প্রশ্নটা প্রায় ২০।২৫ দিন আগে দেওয়া হয়েছে। এর সমস্ত ডেটা রাইটার্স বিল্ডিংস থেকে কলেক্ট করতে হবে, বেশী দূরে যেতে হবে না। এটা সংগ্রহ করতে দীর্ঘদিন সময় লাগার কথা নয়। যেখানে বালুরঘাটের কোন প্রশ্ন করলে ১২ দিনের জায়গায় ৩৬ দিন লাগা উচিত উত্তর পেতে, তা লাগছে না। সেই বালুরঘাটের প্রশ্নের জবাব ১২ দিনের মধ্যে পাওয়া যাচ্ছে, সেখানে রাইটার্স বিল্ডিংসের প্রশ্নের জবাব দিতে যদি ২৫ দিনেরও বেশী লাগে, তাহলে আমাদের মনে সন্দেহ উপস্থিত হতে পারে যে মিনিস্টার সে প্রশ্নের জবাব য়্যাভয়েড করে যাচ্ছেন। সেই জন্য আপনার প্রোটেকসন চাচ্ছি, আপনি তাঁকে বলে দিন জবাব দেবার জন্য। হাউস তো শেষ হয়ে যাচ্ছে পরশুদিন। মিনিস্টারকে আপনি ডাইরেকসন দিয়ে দিন পরশুদিন এর জবাব দেবেন। আপনি টাইম নিতে চাচ্ছেন, নিন। আমার বক্তব্য হচ্ছে আপনি টাইমটা ফিক্স করে দিন। কারণ এর পরে প্রশ্নটা ল্যাপস করে যাবে। আবার কবে অ্যাসেমব্লী বসবে জানি না। আপনি মন্ত্রি-মহাশয়কে বলে দিন জবাব দিতে। উই উইল বি স্যাটিসফায়েড—হাউস যেদিন শেষ হয়ে যাবে, সেদিন তিনি জবাব দিয়ে দেবেন। তাই বলে দিন ওঁকে ফিফ্‌থ এপ্রিল এর জবাব দিতে হবে। তাহলে উই হ্যাভ গট নো অবজেকশন।

[Noise and interruptions]

Shri Birendra Narayan Roy:
এই যে প্রশ্নের (ডি)তে আছে—

If the printer and publisher of "Amrita Bazar Patrika (Pvt.) Ltd." is a Confidential Assistant attached to the Hon'ble Minister-in-charge of the Department of Industries and Commerce?
এটার উত্তরও তিনি দিতে পারবেন না?

(Shri Nepal Chandra Roy:

না।)

[No reply.]

Shri Nani Bhattacharjee:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই প্রশ্নের ভিতর চারটা প্রশ্নে ভাগ করা আছে, তার মধ্যে একটা (এ) এনকোয়ারী টেনকোয়ারী সাপেক্ষ কতজন আছে, না আছে ইত্যাদির ব্যাপার। কিন্তু Question (b) on what basis such appointments are made and conditions of service, etc., of such Confidential Assistants এটা পলিসিগত প্রশ্ন।

Mr. Deputy Speaker:

এইভাবে কোন প্রশ্নের পার্ট অ্যানসার হয় না।

Shri Nani Bhattacharjee:

এই প্রশ্নের ভিতর (বি)টা পলিসিগত ব্যাপার নয়। (সি)টাও পলিসিগত ব্যাপার নয়। আর (ডি)টা একটা ইনফরমেশন, সলিটারি ইনফরমেশন-এর ব্যাপার। সুতরাং (বি), (সি), (ডি) সম্বন্ধে তিনি এক্ষুনি উত্তর দিতে পারেন।

Mr. Deputy Speaker: By part answer হয় না।

Shri Nani Bhattacharjee:

আমি এ সম্বন্ধে আপনার রুলিং চাচ্ছি। (এ) প্রশ্নের উত্তর দিতে কিছু সময় লাগতে পারে। কিন্তু প্রশ্ন (বি), (সি), (ডি), এইগুলিতে সময় তত লাগবে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তো বলেছেন এই প্রশ্নের উত্তর তিনি দেবেন। এ সম্বন্ধে সংবাদ সংগ্রহ করা হচ্ছে, যখনই তা পাবেন তখনই তিনি তার উত্তর দেবেন।

[Noise and interruptions]

Shri Kashi Kanta Maitra: Sir, the question will lapse under the rules.

The Hon'ble Sankardas Banerji: The question is dated 25th March, 1963. It must have taken a day or two days to reach the Writers' Buildings. I do not think there has been any particular delay.

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে উনি কোয়েশ্চেন পেপার পাঠালেন কেন? উনি জবাব দেবার জন্য আরও সময় নিতে পারতেন।

The Hon'ble Sankardas Banerjee: Yes, that I had asked for.

Dr. Kanai Lal Bhattacharya:

আমি এই পয়েন্টে বলছি। আজকে এখানে অর্ডার পেপার দেওয়া হয়েছে, অথচ আমরা প্রশ্নের জবাব কিছু পাইনি। কাজেই আমাদের সন্দেহটা জাগছে। কোন্ জায়গায় সন্দেহটা জাগছে? যদি দেখতাম ১২ দিন হয়নি, কিম্বা ১২ দিনের মধ্যে হাউস শেষ হয়ে যাচ্ছে, তাহলে না হয়, আমরা বুঝতাম।

The Hon'ble Sankardas Banerjee:

১২ দিন এখনও হয়নি।

Dr. Kanai Lal Bhattacharya:

তাহলে এর মধ্যে আসলেন কেন? ও'র জবাবের মানে হচ্ছে এই প্রশ্নের উত্তর ব্যাভয়েড করা, এড়িয়ে যাওয়া। আজ যদি না হয়, তাহলে ১২ দিনের পরে জবাব দেবেন। আপনি যদি ১২ দিনের মধ্যে এসে এইভাবে জবাব দেন যে ডাটা সমস্ত কলেক্ট হয়নি, তার জন্য যদি আমাদের সন্দেহ হয়, তাহলে আমাদের দোষ দেওয়া যায় না। কাজেই, আমি আপনাকে অনুরোধ করবো যাতে আমরা পরশুদিনই জবাবটা পাই, তার জন্য আপনি মাননীয় মন্ত্রিমহাশয়কে নির্দেশ দেবেন।

Shri Kashi Kanta Maitra:

আপনি মন্ত্রী মহোদয়কে অনুগ্রহ করে বলুন যেদিন আমাদের হাউস ক্লোজড হয়ে যাচ্ছে, সেইদিন তিনি যেন ওই প্রশ্নের উত্তর দেন। আমি দায়িত্ব নিয়ে বলছি উনি এই প্রশ্নের উত্তর এড়িয়ে যাবার চেষ্টা করছেন বা চান্স নিচ্ছেন। এর আগের সেসনে এইরকম একটা প্রশ্ন এসেছিল, সেটাকে স্ট্রাইক আউট করে দেওয়া হয়েছিল, এবং বুলেটিন দিয়ে বলা হয়েছিল ৫ই এপ্রিলে উত্তর দেওয়া হবে। মাননীয় মন্ত্রিমহাশয় যদি মনে করতেন যে তাঁর হাতে সময় নেই, তাহলে তিনি নোটিস চাইতে পারতেন। কিন্তু কোয়েশ্চেনটা যখন একবার এডমিটেড হয়েছে—

The question that falls to be considered and decided by you, Mr. Deputy Speaker, is this Once a question has been admitted by the Department and has been set down on the Order Paper for transaction of business on the day for being answered, is it open to the Minister to take the plea that admittedly 12 days' notice not having been given, I am shirking from making any positive answer? I am, therefore, asking for an opinion on this very important point from you. A question having been admitted, and the question having been set down on the paper of the day, can the Minister wriggle out and say time is required.

Mr. Deputy Speaker:

মিনিস্টার তা বলতে পারেন।

If I allow, the Minister can take time.

Shri Kashi Kanta Maitra:

আমি আপনাকে অনুরোধ করছি এইটুকু বলুন যে এই কোয়েশ্চেনের মধ্যে এমন কিছু ভেগনেস আছে কিনা, যার জন্য মন্ত্রী মহোদয় এই হাউসের সেসন বন্ধ হবার আগে উত্তর দিতে পারে না।

Mr. Deputy Speaker:

উনি বলছেন ৩০০ টাকা। সেটা জানেন। একজন কি তিনজন নিয়েছে সেটা জানেন না।

Shri Kashi Kanta Maitra:

এইভাবে বাই পাস করছেন।

Mr. Deputy Speaker:

এতে বাই পাস হয় না।

Shri Kashi Kanta Maitra:

আমি আপনাকে বলছি এই কোয়েশ্চেন যাতে চেপে দেওয়া হয় তার জন্য নানা চেষ্টা হচ্ছে।

Mr. Deputy Speaker: I won't allow any further discussion.

(Question hour is over.)

Dr. Kanai Lal Bhattacharya:

জবাবটা কবে পাব জানতে পারলে হয়ে যায়। আপনি একবার জিজ্ঞাসা করে দেখুন।

Mr. Deputy Speaker:

জবাব রেডি হলেই পাবেন।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আমি এই কথাটা [illegible] কবে নাগাদ জবাব দিতে পারবেন—পরশুদিনের মধ্যে পারবেন কিনা। অর্থমন্ত্রী বললেন ৩০০ টাকা করে... ..

The Hon'ble Sankardas Banerji: I shall lay the answer on the table. It is connected with different Departments it was not within the competence of the Finance Department to answer that question and the honourable members will kindly remember that the question is dated 25th March. It took two or three days to receive it. So, I do not think that under the circumstances there has been any delay.

Dr. Kanai Lal Bhattacharyya:

কবে দেবেন?

The Hon'ble Sankardas Banerji: I have made it quite clear that the answer will be made available to the honourable members on the 5th.

UNSTARRED QUESTIONS

(to which Written Answers were laid on the table)

Persons detained and arrested under Defence of India Rules

584. (Admitted question No. 519.) **Shri Niranjan Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) how many persons have been arrested under Defence of India Rules from the declaration of Emergency till this day;

(b) how many of them are detained;

(c) how many of them are being prosecuted;

(d) how many of them have been kept with Division III status; and

(e) what arrangements, if any, there are to help the starving families whose earning members are detained without trial as aforesaid?

The Minister for Home (Special): (a) and (b) four hundred and twenty-four (424) persons have been arrested in specific cases under the Defence of India Rules, 1962, and one hundred and eighteen (118) persons were detained under Rule 30 (1)(b) of the Defence of India Rules in West Bengal since the declaration of Emergency.

(c) Of the four hundred and twenty-four (424) persons arrested in specific cases under Defence of India Rules charge-sheets have been submitted against one hundred and twenty (120) persons so far and the cases are sub judice. Cases against the rest are pending investigation.

(d) None of the persons detained under the Defence of India Rules has been placed in Division III.

Persons detained under rule 30 of the Defence of India Rules have been classified as Division I and Division II undertrial prisoners.

Persons arrested in specific cases are undertrial prisoners and their classification for division is made by the trying courts. No statistics of their classification are immediately available.

(e) The question of granting family allowances in deserving cases is under examination of the Government.

Election of Midnapore District Board

585. (Admitted question No. 838.) **Shri Nagen Dolai:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বর্তমান ডিস্ট্রিক্ট বোর্ডের নির্বাচন কোন্ সালে হইয়াছিল, এবং

(খ) উক্ত বোর্ডের নির্বাচন পুনরায় কবে হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ১৯৪৮ সালে।

(খ) শীঘ্রই জেলাবোর্ডের পরিবর্তে জেলা পরিষদ প্রতিষ্ঠিত হইবে। এই অবস্থায় সকল জেলা বোর্ডের পুনর্নির্বাচন স্থগিত রাখা হইয়াছিল।

Chhatinasole-Pondachhesna Road

586. (Admitted question No. 815.) **Shri Debnath Hansda:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় গোপীবল্লভপুর থানার ছাতিনাশোল-পনডাছেষ্ণা রাস্তা মেরামতের অভাবে যানবাহন চলাচলের ভীষণ অসুবিধা ঘটিয়াছে;

(খ) অবগত থাকিলে, মেরামতের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কবে কার্য আরম্ভ হইবে?

The Minister for Development (Roads):

(ক) এইটি জেলা বোর্ডের রাস্তা। এই রাস্তার অবস্থা জেলা বোর্ডেরই জানার কথা।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Election of the Managing Committee of Kanksha High School

587. (Admitted question No. 984.) **Shri Monoranjan Bakshi:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার কাঁকসা থানার কাঁকসা হাই স্কুলে প্রায় চৌদ্দ বৎসর বিদ্যালয় পরিচালক সমিতির কোনও নির্বাচন অনুষ্ঠিত হয় নাই; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি; এবং

(২) বর্তমানে কোনও নির্দিষ্ট সময়ের মধ্যে কাঁকসা হাই স্কুলের বিদ্যালয় পরিচালক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হইবে কি?

The Minister for Education:

(ক) না।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) অবগত হওয়া গেল, মধ্যশিক্ষা পর্ষদ হইতে শীঘ্রই নির্বাচন করিবার জন্য নির্দেশ দেওয়া হইবে।

Squatting of forests areas, Jalpaiguri district

588. (Admitted question No. 1012.) **Shri Kamini Mohan Ray:**

বনবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জলপাইগুড়ি জেলার বিভিন্ন বন এলাকায় পতিত জমি একশ্রেণীর লোক জবরদখল করিয়া রাখিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ সকল জবরদখলী জমির পরিমাণ কত; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Forests:

(ক) হ্যাঁ।

(খ) (১) জবরদখলের দরুন মোট প্রায় ২,৯০০ একর জংগল ক্ষতিগ্রস্ত হইয়াছে। প্রকৃতপক্ষে কত পরিমাণ জমি জবরদখলীকৃত হইয়াছে তাহা জানা যায় নাই।

(২) বেআইনী দখলকারদের উচ্ছেদের জন্য সরকার আইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

Powerloom Co-operative in Ranaghat Subdivision

589. (Admitted question No. 1031.) **Shri Gour Chandra Kundu:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট মহকুমায় কতগুলি পাওয়ারলুম কো-অপারেটিভ আছে; এবং

(খ) উক্ত কো-অপারেটিভগুলিকে এ পর্যন্ত কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) ১১টি।

(খ) ৬,১২,১৪৫ টাকা।

Manikpur-Hirapurbazar Road, Sankrail, Howrah

590. (Admitted question No. 1054.) **Shri Dulal Chandra Mandal:**

উন্নয়ন (রাস্তা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার শাঁকরাইল থানার অন্তর্গত সতোন বসু রোড হইতে মাণিকপুর ইউনিয়নের মধ্য দিয়া সারেঙ্গা গ্রাম পর্যন্ত একটি পাকা পিচের রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি না; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, উক্ত রাস্তাটি কত মাইল হইবে?

The Minister for Development (Roads):

(ক) এবং (খ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই থানায় শাঁকরাইল মাণিকপুর-হীরাপুর বাজার রাস্তাটি নেওয়া হইয়াছে। রাস্তাটি দৈর্ঘ্যে প্রায় ৪ মাইল।

Hooghly District Fisheries Co-operative Society

591. (Admitted question No. 1069.) **Shri Sambhu Charan Ghosh:**

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলা ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি ১৯৬২-৬৩ সালের ফেব্রুয়ারি ১৯৬৩ পর্যন্ত কত টাকা কোন্ কোন্ ব্যক্তিদের লোন দিয়াছে এবং

(খ) উক্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা কি?

The Minister for Co-operation:

(ক) হুগলি জেলা ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি নামে কোন সমবায় সমিতি নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Crimes in Ausgram and Kanksha police-stations

592. (Admitted question No. 1078.) **Shri Manoranjan Baksi:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of murders committed in police-stations Ausgram and Kanksa in the district of Burdwan since the year 1962 up to 1st December, 1962;

(b) the action taken by the Government in respect of those murders with the results;

(c) the number of thefts reported to Police of the said two police-stations in the district of Burdwan from Ausgram and Kanksa police-stations during the year 1962 up to 1st December, 1962;

(d) the number of persons detected and miscreants gaoled;

(e) whether there is any Police Out Post in Ausgram police-station; and

(f) if not, whether Government will consider desirability of setting up a new Police Out Post in Ausgram police-station and Kanksa police-station in the district of Burdwan?

The Minister for Home (Police): (a), (b), (c) and (d) a statement is laid on the table.

(e) Yes, at Guskara.

(f) Does not arise, in view of the answer to (e) above. It may be added that Government have sanctioned the setting up of a new Thana at Bud Bud comprising areas now included in Galsi, Kanksa and Ausgram police-stations.

Statement referred to in reply to clauses (a), (b), (c) and (d) to unstarred question No. 592.

	Murder		Theft		
police-station	No	Action taken by Government with results	Number of cases reported.	Number of persons arrested.	Number of persons jailed.
Ausgram	2	One case ended in F.R.T with no clue and the other is pending investigation for the opinion of Chemical Examiner	119	28	3
Kanksha			42	9	1

Tribal Welfare schemes in Murshidabad district

593. (Admitted question No. 1080.) **Shri Birendra Narayan Roy:**

আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে মুর্শিদাবাদ জেলায় আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্তদের জন্য কোন্ স্কীমে কত টাকা খরচ করা হইয়াছে?

The Minister for Tribal Welfare:

নিম্নে রক্ষিত বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 593

মুর্শিদাবাদ জেলায় আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্তদের জন্য ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালের ব্যয়ের পরিকল্পনাওয়ারী পরিমাণ—

(ক) আদিবাসী

পরিকল্পনার নাম		ব্যয়ের পরিমাণ	
	১৯৬০-৬১ টাকা	১৯৬১-৬২ টাকা	১৯৬২-৬৩ টাকা (প্রস্তাবিত)
(১) বিনা বেতনে অধ্যয়নের জন্য অনুদান ...	৪,৬১০	৫,০০০	৬,০০০
(২) পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য ...	৬০০	৮০০	১,৭০০
(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান ...	৭,০০০	১০,২৫০	১৪,৭৭০
(৪) বিশেষ বৃত্তি ...	৩৩	—	১৩৬
(৫) পরীক্ষার ফি প্রদান (মাধ্যমিক শেষ পরীক্ষার) ...	—	—	২৩
(৬) প্রাথমিক বিদ্যালয় গৃহের সংস্কার ...	১,৫০০	—	—
(৭) ছাত্রাবাস ও বিদ্যালয় গৃহ নির্মাণ ...	৩৫,০০০	—	৬,১২৫
(৮) পানীয় জল সরবরাহ ..	৫৮,২৮০	৬,০৭৬	২০,১৪০
(৯) কল্যাণ কেন্দ্র স্থাপন ..	৭,৪৮০	৬,২৫০	—
(১০) সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য	৩,৫৫০	১,৮০০	১,৫০০
(১১) দাতব্য চিকিৎসালয়কে অনুদান ..	৮০০	—	—
(১২) গৃহ নির্মাণ ...	৬৩,৪০০	৫,০০০	১৫,০০০
(১৩) আদিবাসী নেতাগণকে পুরস্কার ...	৮০০	—	—
(১৪) মামলা পরিচালনার জন্য অর্থ সাহায্য ...	৭২	—	৮
(১৫) গ্রাম্য কাঁচা রাস্তার উন্নয়ন ...	১৮,৭৭৭	—	—
(১৬) গ্রাম্য রাস্তার উপর কালভার্ট নির্মাণ ...	১২,১১০	—	—
(১৭) পাকা রাস্তা নির্মাণ ...	২২,০০০	—	—
(১৮) মাইনর সেচ পরিকল্পনা ...	—	১৯,৬৬০	২৪,০২৫
(১৯) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থ সাহায্য	—	১,০০০	৬০০
(২০) পতিত জমি উদ্ধার ও উন্নয়ন ...	—	৫,০০০	১০,০০০
(২১) জীবিকার্জনে সহায়তার জন্য মেষ, ছাগ ও শূকর পালন	২,৯০০	১,০৭৫	২,৯০০
(২২) সমবায় শস্যগোলা স্থাপন ...	৩৮,২৭০	৩৭,৭৫০	২৮,৩২০
(২৩) কারিগরি শিক্ষার জন্য বৃত্তি ...	২৩৫	৫৩৪	৭২০

(খ) তফসিলী

পরিকল্পনার নাম	ব্যয়ের পরিমাণ		
	১৯৬০-৬১ টাকা	১৯৬১-৬২ টাকা	১৯৬২-৬৩ টাকা (প্রস্তাবিত)
১) বিশেষ বৃত্তি ...	৩,১৫১	৪,৩৩৪	৪,২৮৪
২) পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য ...	১,০০০	৬০০	১,৩৫০
৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান ...	১৮,০০০	২,৫০০	৩,৫০০
৪) পরীক্ষার ফি প্রদান (মাধ্যমিক শেষ পরীক্ষার)	—	১৯৫	১৫০
৫) বিনা বেতনে অধ্যয়নের জন্য অনুদান	—	—	১০,০০০
৬) পানীয় জল সরবরাহ ..	২৬,৮৭৬	৫,০৬৫	২৮,৩৬৫
৭) গৃহনির্মাণ ...	৭৫,৫৪০	—	—
৮) সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য	৫,০০০	৭৫০	৯০০
) মামলা পরিচালনার জন্য অর্থ সাহায্য .	৪০	—	৮
) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থ সাহায্য	—	১,৯৯৫	১১,০০০
) অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত ব্যক্তিগণকে বাস্তুজমি ক্রয়ের জন্য অর্থ সাহায্য	—	৬,০০০	৮,০০০
) পৌরসংস্থার মেথর ও ঝাড়ুদারগণের জন্য গৃহ নির্মাণ	—	১০,৮০০	২৫,৬৫০
) কৃষির জন্য যন্ত্রপাতি ও বলদ ক্রয়	—	১,৫০০	৫,০০০
) মেথর ও ঝাড়ুদারগণের অবস্থার উন্নয়ন	—	—	৯০০
) কারিগরি শিক্ষার জন্য অর্থ সাহায্য .	১,৭২০	২,০০০	২,৫০০

Helps to the political sufferers

594. (Admitted question No. 1090.) **Shri Birendra Narayan Roy:**

বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ছয় বৎসরে যেসকল তিত রাজনৈতিক ব্যক্তিদের সরকার সাহায্য দিয়াছেন তাঁহাদের (১) নাম, (২) বর্তমান নৈতিক পরিচয়, এবং (৩) তাঁহাদের প্রত্যেকের প্রাপ্ত সাহায্যের পরিমাণ?

The Minister for Finance: A statement regarding these particulars ch will require some time to prepare, will be sent as soon as it is piled.

Salt producing areas of West Bengal

595. (Admitted question No. 1095.) **Shri Balai Lal Das Mahapatra** বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাঙলার কোন্ কোন্ স্থানে কি পরিমাণে লবণ উৎপাদিত হয়;

(খ) এই রাজ্যের বাহিরে কোন্ কোন্ স্থান হইতে কি পরিমাণ লবণ গত পাঁচ বৎসরে আমদানি করা হইয়াছে এবং তাহার মোট মূল্য কত; এবং

(গ) পশ্চিম বাঙলাকে লবণে স্বয়ংসম্পূর্ণ করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা

The Deputy Minister for Commerce and Industries:

(ক) পশ্চিমবঙ্গে লাইসেন্সপ্রাপ্ত লবণ তৈয়ারির কারখানাগুলিতে যে পরিমাণ লবণ গত তিন বৎসরে উৎপাদন হইয়াছে তাহার পরিসংখ্যান সংলগ্ন 'ক' চিহ্নিত সারণীতে দেওয়া হইল এতদ্ব্যতীত কুটির ও ক্ষুদ্রশিল্পের মাধ্যমে অর্থাৎ যাঁহারা দশ একরের কম জমিতে লবণ তৈয়ারি করেন এবং যাঁহাদের কোন লাইসেন্স লইবার প্রয়োজন নাই, তাঁহাদের গত তিন বৎসরের গড়পড়তা উৎপাদনের পরিমাণ আনুমানিক ১,৪০০ মেট্রিক টোন।

(খ) পশ্চিমবঙ্গে বিভিন্ন স্থান হইতে গত পাঁচ বৎসরে লবণ আমদানির পরিসংখ্যান সংলগ্ন 'খ' চিহ্নিত সারণীতে দেওয়া হইল। মূল্যের হার বিভিন্ন সময়ে বিভিন্ন থাকায় উহার সঠিক মোট মূল্য কত নির্দিষ্ট করা যায় না। তবে ১৯৬২ সালে গড়পড়তা হিসাবে পশ্চিমবঙ্গে আনুমানিক মোট ২·৮ কোটি টাকার লবণ আমদানি হইয়াছিল।

(গ) পশ্চিমবঙ্গে কাঁথি সমুদ্র উপকূলে সরকারী এবং বেসরকারী খাতে লবণ উৎপাদনের পরিকল্পনা আছে মোট আনুমানিক প্রয়োজন ২৮৮,৯০০ মেট্রিক টোন। ইহার তুলনায় পশ্চিমবঙ্গে লবণ উৎপাদনের উপযোগী জমি সীমাবদ্ধ, লবণ অপেক্ষাকৃত কম এবং আবহাওয়া কিছুটা প্রতিকূল। সুতরাং পশ্চিমবঙ্গে লবণ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করিবার সম্ভাবনা খুবই কম।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 595

সারণী 'ক'

পশ্চিমবঙ্গে লবণ উৎপাদন

(পরিসংখ্যান মেট্রিক টোনে)

কারখানার নাম ও অবস্থান	উৎপাদন ১৯৬০	১৯৬১	১৯৬২
(১) বেঙ্গল সল্ট কোম্পানী লিমিটেড (গ্রাম দাদনপাত্র, কাঁথি, মেদিনীপুর)	৫৩৭৪	৩০৭৯	২৮০[illegible]
(২) গ্রেট বেংগল সল্ট কোম্পানি লিমিটেড, (গ্রাম পুরুষোত্তমপুর, কাঁথি, মেদিনীপুর)	২৩১৮	১৬৫২	১৮৫[illegible]
(৩) কণ্টাই সল্ট ইন্ডাস্ট্রিজ (গ্রাম পুরুষোত্তমপুর, কাঁথি, মেদিনীপুর)	৫০০	৪৬৮	৪৬[illegible]
(৪) মাইতি সল্ট ইন্ডাস্ট্রিজ (গ্রাম আমলামেথি, সুন্দরবন, চব্বিশপরগনা)	১০০	১০০	৪৭[illegible]

tatement referred in reply to clause (kha) of unstarred question No. 595

সারণী খ

পশ্চিমবঙ্গে লবণ আমদানি

(পরিসংখ্যান মেট্রিক টোনে)

বৎসর	পশ্চিম উপকূল	টিউটিকোরিন	মোট
১৯৫৮	২,০০,৯৪১	১,৫৬,৫০৬	৩,৯০,৪৪৭
১৯৫৯	১,১৫,৪২৩	২,২২,৪৪৮	৩.৩৭.৮৭১
১৯৬০	১,৩০,৫৮৩	২,৭৫,০৩৪	৪,০৫,৬১৭
১৯৬১	২,৭৮,২০৫	১,৩৫,৫০৯	৪,১৩,৭১৪
১৯৬২	২,৫৫,৭৬৫	১,৫৬,২৪২	৪,১২,০০৭

Bell-metal industry at Nalhati

596. (Admitted question No. 1110.) **Shri Shiromani Prasad:**

। ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) বীরভূম জেলার নলহাটিতে কাঁসাশিল্পে রত কত পরিবার আছে;

খ) উক্ত কাঁসা শিল্পিগণকে গত পাঁচ বৎসরের মধ্যে কোন আর্থিক সাহায্য করা হইয়াছে কিনা; এবং

গ) আর্থিক সাহায্য করা হইয়া থাকিলে তাহার পরিমাণ কত?

The Minister for Cottage and Small-scale Industries:

ক) বীরভূম জেলার নলহাটিতে কাঁসাশিল্পে রত পরিবারের সংখ্যা সঠিকভাবে দেওয়া সম্ভব হবে ২৯ জন ব্যক্তি কাঁসাশিল্পে নিয়োজিত আছেন।

খ) নলহাটির কাঁসাশিল্পীগণ কখনও শিল্প-ঋণ পাইবার জন্য আবেদন করেন নাই; সুতরাং দের আর্থিক সাহায্য দিবার সুযোগ সরকারের হয় নাই।

গ) প্রশ্ন ওঠে না।

Reclamation of waste land for tribal welfare

97. (Admitted question No. 1113.) **Shri Debnath Hansda:**

াসী-কল্যাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় আদিবাসীদের জন্য পতিত জমি উদ্ধার ও উন্নয়ন খাতে ১৯৬১-৬২ সালে কোন্ থানায় কত খরচ হইয়াছে; এবং

খ) ১৯৬২-৬৩ সালে কোন্ থানায় কত টাকা খরচ হইতেছে?

he Minister for Tribal Welfare:

ক) নিম্নে রক্ষিত বিবরণীর ২ ও ৩ স্তম্ভ দ্রষ্টব্য।

খ) নিম্নে রক্ষিত বিবরণীর ২ ও ৪ স্তম্ভ দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 597.

মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় আদিবাসীদের জন্য পতিত জমি উদ্ধার ও উন্নয়ন খাতে থানাওয়ারী ব্যয়ের হিসাব:

ক্রমিক সংখ্যা	থানার নাম	১৯৬১-৬২ সালের ব্যয় টাকা	১৯৬২-৬৩ সালের প্রস্তাবিত ব্যয় টাকা
(১)	বিনপুর	১৫,২০৫	১১,১৭০
(২)	ঝাড়গ্রাম	১,৪২০	৩,৯৬০
(৩)	গোপীবল্লভপুর	২,৫১৫	৭,২১০
(৪)	সাঁকরাইল	১,১৭০	১,৪০০
(৫)	নয়াগ্রাম	২,২০০	৯০০
(৬)	জামবনী	২,৪৬০	৪,৩৬০
		২৫,০০০	২৯,০০০

Tassar industry in Gopiballavpur police-station

598. (Admitted question No. 1115.) **Shri Debnath Hansda:**

আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, (১) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানায় আদিবাসীকল্যাণার্থে যে তসর শিল্প প্রতিষ্ঠান সরকার মঞ্জুর করিয়াছেন তাহা আদিবাসী অধ্যুষিত এলাকায় হইতেছে না; এবং

(২) আদিবাসী অধ্যুষিত এলাকায় স্বল্পমূল্যে প্রতিষ্ঠানের জন্য জমি পাওয়া গেলেও তাহা সরকারের মনোনীত হইতেছে না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহার কারণ কি; এবং

(২) এ প্রতিষ্ঠান আদিবাসী অধ্যুষিত এলাকায় স্থাপন করিবার কোন ব্যবস্থা হইবে কিনা?

The Minister for Tribal Welfare:

(ক) (১) সত্য নয়।

(২) এই সম্বন্ধে সরকারের কিছু জানা নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) আদিবাসী অধ্যুষিত এলাকাতেই চলিতেছে।

Tribal Welfare Schemes in Burdwan district

599. (Admitted question No. 1121.) **Shri Manoranjan Bakshi:**

আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২ সালে বর্ধমান জেলার আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্তদের জন্য কোন্ কোন্ স্কীমে কত টাকা খরচ করা হইয়াছে;

(খ) বর্ধমান জেলার কাঁকসা থানা ও আউশগ্রাম থানায় আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্তদের জন্য কোন্ কোন্ স্কীমে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(গ) ঐ দুই থানায় ১৯৬২-৬৩তে কত টাকা খরচ করা হইতেছে?

The Minister for Tribal Welfare:

(ক) নিম্নে রক্ষিত 'ক' বিবরণী দ্রষ্টব্য।

(খ) নিম্নে রক্ষিত 'খ' বিবরণী দ্রষ্টব্য।

(গ) কাঁকসা থানা- ৪,৫০০ টাকা ও আউশগ্রাম থানা--৩০,৫০০ টাকা।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 599

বিবরণী 'ক'

বর্ধমান জেলায় ১৯৬১-৬২ সালে আদিবাসী ও তফসিলীদের জন্য ব্যয়িত অর্থের পরিমাণঃ

ক' আদিবাসী

পরিকল্পনার নাম ও ব্যয়িত অর্থের পরিমাণ

(১) বিনা বেতনে অধ্যয়নের জন্য অর্থসাহায্যঃ ৮,৬২২ টাকা

(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ২,১২০ টাকা

(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদানঃ ২,১২০ টাকা

(৪) পরীক্ষার ফি প্রদানঃ ৭৫ টাকা

(৫) পানীয় জল সরবরাহঃ ৭১,৬৬৪ টাকা

(৬) মাইনর সেচ পরিকল্পনাঃ ১৬,৫৭৬ টাকা

(৭) কৃষি ও বাস্তুজমি ক্রয়ের জন্য অর্থসাহায্যঃ ৭,০০০ টাকা

(৮) গৃহনির্মাণ ও বাস্তুজমি ক্রয়ের জন্য অনুদানঃ ২০,০০০ টাকা

(৯) কারিগরদিগকে ব্যবসারম্ভের জন্য অর্থসাহায্যঃ ৫০০ টাকা

(১০) পতিত জমি উদ্ধার ও উন্নয়নঃ ৬,৯২৫ টাকা

(১১) নৈশ বিদ্যালয়, বয়স্ক শিক্ষাকেন্দ্র ইত্যাদিকে অনুদানঃ ২,০০০ টাকা

(১২) জীবিকার্জনে সহায়তার জন্য ছাগ, মেষ ও শূকরপালনঃ ২,০০০ টাকা

(১৩) বেসরকারী প্রতিষ্ঠানকে অর্থসাহায্যঃ ৩,১২০ টাকা

(১৪) মামলা পরিচালনার জন্য অর্থসাহায্যঃ ২,২৪৮ টাকা

(১৫) কল্যাণকেন্দ্র রক্ষণঃ ৬,০৬৪ টাকা

(১৬) শস্যগোলা স্থাপনঃ ৩৪,৭৫০ টাকা

'খ' তফসিলী

পরিকল্পনার নাম ও ব্যয়িত অর্থের পরিমাণ

(১) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ৩,১২২ টাকা
(২) ছাত্রাবাসের ব্যয়নির্বাহের জন্য অনুদানঃ ২,১৫০ টাকা
(৩) বিশেষ বৃত্তিঃ ১,২০০ টাকা
(৪) পরীক্ষার ফি প্রদানঃ ১৭৫ টাকা
(৫) পাট বয়নের শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্রঃ ৪,৮২০ টাকা
(৬) চর্মশিল্পে শিক্ষণকেন্দ্রঃ ৩,১৩১ টাকা
(৭) কৃষির সরঞ্জাম ক্রয়ের জন্য অর্থসাহায্যঃ ৭৫০ টাকা
(৮) বেসরকারী প্রতিষ্ঠানকে অনুদানঃ ১,৬০০ টাকা
(৯) পানীয় জল সরবরাহঃ ৫৬,৬১৩ টাকা
(১০) সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানকে অর্থসাহায্যঃ ১,০০০ টাকা
(১১) পৌরসংস্থার মেথর ও ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণঃ ১৮,৯০০ টাকা
(১২) অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত ব্যক্তিদের বাস্তুজমি ক্রয়ের জন্য অর্থসাহায্যঃ ১৭,০০০ টাকা
(১৩) মেথর ও ঝাড়ুদারদের অবস্থার উন্নয়নঃ ৪,৭৫০ টাকা
(১৪) গৃহনির্মাণঃ ১৮,৯৬১ টাকা

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 599

বিবরণী 'খ'

আউশগ্রাম ও কাঁকসা থানায় ১৯৬১-৬২ সালে ব্যয়িত অর্থের পরিমাণ

(১) আউশগ্রাম থানা

'ক' আদিবাসী

পরিকল্পনার নাম ও ব্যয়িত অর্থের পরিমাণ

(১) বিনা বেতনে অধ্যয়নের জন্য অর্থসাহায্যঃ ৩৫১ টাকা
(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ২০০ টাকা
(৩) ছাত্রাবাসের ব্যয়নির্বাহের জন্য অনুদানঃ ২০০ টাকা
(৪) পানীয় জল সরবরাহঃ ৪,৭৫১ টাকা
(৫) মাইনর সেচ পরিকল্পনাঃ ৭,০৬০ টাকা
(৬) পতিত জমি উদ্ধার ও উন্নয়নঃ ১,০৫০ টাকা
(৭) নৈশ বিদ্যালয়কে অনুদানঃ ৩২৫ টাকা

'খ' তফসিলী

(২) ছাত্রাবাসের ব্যয়নির্বাহের জন্য অনুদানঃ ২০০ টাকা
(১) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ১৮০ টাকা

(২) কাঁকসা থানাঃ

আদিবাসী

(ক) বিনা বেতনে অধ্যয়নের জন্য অনুদানঃ ১০৫ টাকা
(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ৮৭ টাকা

তফসিলী

(১) পুস্তক ক্রয়ের জন্য অনুদানঃ ৬৫ টাকা

Tailors and Outfitters

600. (Admitted question No. 1131.) **Shri Birendra Narayan Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) whether the Government is aware that many tailors and outfitters of the State have been forced to close down their establishments; and

(b) if so, the reasons for such closure?

The Minister for Cottage and Small-Scale Industries: (a) No.

(b) Does not arise.

Agricultural Extension Officers, etc., in each Block of Malda district

601. (Admitted question No. 1146.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Service Department be pleased to state the number of Agricultural Extension Officers, Women Social Education Officers and Gram Sevaks in each Block in Malda district?

The Minister for Community Development and Extension Services: A statement showing the sanctioned strength of Agricultural Extension Officers, Women Social Education Organisers (Mukhya Sevikas) and Gram Sevaks in the Blocks in Malda district is attached.

Statement referred to in reply to unstarred question No. 601.

Name of Block.		Sanctioned strength of— Agricultural Extension Officer No.	Women Social Education Organiser No.	Gram Sevak No.
1. Ratua-I	Stage II	1	1	10
2. Ratua-II	Do.	1	1	6
3. Harishchandrapur I	Do.	1	1	8
4. Harishchandrapur II	Do.	1	1	7
5. Kharba	Do.	1	1	16
6. Manikchak	Stage-I	1	1	9
7. Gazole	Do.	1	1	14
8. Habibpur	Do.	1	1	11
9. Bamangola	Do.	1	1	5
10. Malda (Old)	pre Extension	1	Nil	Nil*
11. English Bazar	Do.	1		
12. Kaliachak-I	Do.	1		
13. Kaliachak-II	Do.	1		
14. Kaliachak-III	Do.	1		

*No Gram Sevak is posted to the pre-Extension Blocks. The services of the existing Food Production or Union Agricultural Assistants in the Thana are made available to Block Development Officers for work in pre-Extension Blocks.

Civil Supplies staffs

602. (Admitted question No. 1149.) **Shri Abdul Bari Moktar:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that since after the abolition of Civil Supplies Department a number of service-holders of that Department are serving in various Departments of the Government of West Bengal;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) The district-wise number of such service-holder of the Government of West Bengal; and

(ii) If their period of service in the Civil Supplies Department has been counted to consider their cases of promotion and pension.

The Minister for Finance: Particulars, which are not readily available are being collected from various Departments and offices under Government. As soon as necessary particulars are received, a reply will be given.

Erosion of the right bank of the Bhagirathi at Kalna and Patuli

603. (Admitted question No. 1153.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state the progress of work, if any, protecting the right bank of the river Bhagirathi at Kalna and at Patuli in the police-station Purbasthali, district Burdwan, against erosion in 1961-62 and 1962-63 (up to February, 1963)

The Minister for Irrigation and Waterways: Only Part A of the Scheme for protecting the right bank of the Bhagirathi at Kalna, district Burdwan, against erosion is under execution. 33 per cent of the work was done during 1961-62 and 35 per cent. during 1962-63 up to February, 1963.

Part B of the aforesaid scheme is under modification.

Scheme for protecting the right bank of the Bhagirathi at Patuli, police station Purbasthali, district Burdwan, against erosion is now being finalised after conducting model experiments.

District shelter for women and girls at Burdwan

604. (Admitted question No. 1155.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Social Welfare) Department be pleased to state—

(a) whether district shelter as protective Homes for the proper implementation of suppression of Immoral Traffic in Girls and Women Act, 1956, for the provision of the adequate facilities for general education and training in suitable Crafts for such Women and Girls, has been established at Burdwan; and

(b) if not, whether there is any scheme for opening such a district shelter at Burdwan?

The Minister for Home (Social Welfare): (a) Formal sanction for the establishment of the District Shelter at Burdwan for proper implementation of the Suppression of Immoral Traffic in Women and Girls Act, 1956, has already been issued and a building has also been rented. Arrangements for recruitment of staff are now being made. The District Shelter will afford facilities for education and training in suitable Crafts to the inmates.

(b) Does not arise.

Grain Golas

605. (Admitted question No. 1159.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) whether there is any proposal for sanctioning the graingolas under the scheme of Welfare of Scheduled Caste in Burdwan district in 1963-64;

(b) if so, the particulars of the same with their proposed locations

The Minister for Tribal Welfare: (a) No.

(b) Does not arise.

Nabagram Co-operative Society

606. (Admitted question No 1186.) **Shri Birendra Narayan Roy:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম থানার অধীন নবগ্রাম কো-অপারেটিভ সোসাইটিকে ঋণ হিসাবে যে ৭,৫০০ টাকা দেওয়া হইয়াছিল তাহা উক্ত সোসাইটি চুক্তিমত শোধ করিতেছেন কি;

(খ) শোধ না করিয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(গ) সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Co-operation:

(ক) না।

(খ) উক্ত সমিতির পরিচালন ব্যয়ভার আয়ের তুলনায় বেশি এবং কয়লার ব্যবসায়ে খুব লোকসান হইয়াছে। অধিকন্তু যে গুদামঘর ঋণের টাকা লইয়া করা হইয়াছিল তাহার ছাদ দুইবার ঝড়ে উড়াইয়া লইয়া গিয়াছে এবং তাহা মেরামত করিতে প্রচুর অর্থ ব্যয় করিতে হইয়াছে। এ সমস্ত কারণে ঐ সমিতির পক্ষে সরকারী ঋণের কিস্তি শোধ করা হয় নাই।

(গ) সমিতির চেয়ারম্যান, সেক্রেটারি এবং অন্যান্য ডাইরেক্টরগণকে ঋণের কিস্তি পরিশোধ করিবার জন্য বলা হইয়াছে এবং এখনও হইতেছে। কিন্তু তাঁহারা জানাইয়াছেন যে, এখন ঋণের কিস্তি পরিশোধ করা তাঁহাদের পক্ষে সম্ভব নয়। যদি দেখা যায় যে, সমিতি ঋণ কোনদিনই পরিশোধ করিতে পারিবেন না তখন সরকারী অর্থ আদায় করিবার জন্য সমিতিটিকে লিকুইডিশনে দেওয়ার ব্যবস্থা করা হইতে পারে।

Scheduled Caste students stipends

607. (Admitted question No. 1233.) **Shri Mahananda Halder:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) if it is a fact that the students belonging to the Namasudra, Poundra Kshatriya, Rajbansi and Muchi communities of West Bengal are not granted Scheduled Caste Students Stipends;

(b) if so, the reasons thereof?

The Minister for Tribal Welfare: (a) It is not a fact.

(b) Does not arise.

Message

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that the following message has been received from the West Bengal Legislative Council, namely,—

"The annexed motion was passed by the West Bengal Legislative Council at its meeting held on the 2nd April, 1963, and it is sent to the West Bengal Legislative Assembly for their concurrence and for communication to the West Bengal Legislative Council of the names of the members appointed by the West Bengal Legislative Assembly to the Joint Committee.

Annexure

That the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963, be referred to a Joint Committee of both Houses consisting of 15 members: 5 members from the Council, namely,—

1. Shri Nagendra Kumar Bhattacharyya,
2. Shri Mohit Kumar Maitra,
3. Shri Rabindralal Sinha,
4. Shri Narendra Nath Das, and
5. Shri Biswanath Mukherjee, and 10 members from the Assembly;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

that the Committee shall make a report to the Council by the 15th of July, 1963:

that in other respects the rules and procedure of the Council relating to the Committees will apply with such variations and modifications as the Chairman may make;

that the Council recommends to the Assembly that the Assembly do join in the said Joint Committee and communicate to the Council names of the members to be appointed by the Assembly to the Joint Committee.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 2nd April, 1963.

I lay a copy of the message on the table.

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: I have received four notices of Calling Attention on the following subjects:

1. Incidence of cholera and bacillary dysentery at Hasnabad under P.S. Basanti—by Shri Dinabandhu Das;

2. Enhancement of primary teachers' salary as reported in the "Dainik Basumati"—by Shri Sanat Kumar Raha;

3. Increase in the price of rice in Nadia district—by Shri Gour Chandra Kundu; and

4. Forcible eviction of refugees and landless agriculturists in Jaldhaka Dina Char in Mainaguri and Dhupguri P.S., district Jalpaiguri—by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Nani Bhattacharjee.

I have selected the notice of Shri Dinabandhu Das on the subject of incidence of cholera and bacillary dysentery at Hasnabad under P.S. Basanti.

The Hon'ble Minister-in-charge will make a statement today or give me a date on which the statement will be made.

The Hon'ble Probodh Kumar Guha:

এটা পরশু দিতে পারব।

Question of privilege for disrespect to the Chair by members

Shri Asoke Krishna Dutta:

ডেপুটি স্পীকার মহোদয়, আমি আমাদের হাউস রুলস-এর ২২৬ ধারা অনুযায়ী এই সভার সেক্রেটারী মহোদয়কে নোটিস দিয়েছি যে আমার একটা

question regarding breach of privilege of the House

আজ এখানে উত্থাপন করতে চাই এবং সেজন্যে আপনার অনুমতি চাইছি।

Mr. Deputy Speaker: Well, I shall carry the message to Mr. Speaker and he will deal with the matter. You can speak.

[At this stage Mr. Speaker took the Chair.]

(Dr. Kanai Lal Bhattacharya rose to speak)

Shri Asoke Krishna Dutta:

আমি হাউস-এর সেক্রেটারী মহাশয়কে নোটিস দিয়েছি এই হাউস-এর

Rules of Procedure and Conduct of Business

এর ২২৬ ধারা অনুযায়ী আজকে এখানে একটা

question regarding breach of privilege of the House

সম্পর্কে কিছু বলবার জন্য আপনার অনুমতি চাইছি। কালকে এই সভায়........

Mr. Speaker: Mr. Dutta, just now when I came to my chamber I found your letter on my table. Of course I will allow you to make the statement as you have desired. But I think on this issue let me hear Dr. Bhattacharya.

Shri Asoke Krishna Dutta:

আপনি আমাকে বসতে বলেন আমি বসব। কিন্তু আমি একটু আগে এটা আরম্ভ করলে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমাকে পারমিশন দিয়েছেন। আপনি ইন্টারভিন যদি করেন.. ......

Mr. Speaker:

ইন্টারভিন করছি না। আপনাকে পারমিশন দিয়েছেন আপনি বলুন। আমি ডাঃ ভট্টাচার্যের কথা আগে শুনতে চেয়েছিলাম।

Shri Asoke Krishna Dutta:

কালকে এই সভায় দুই জন মাননীয় সদস্য যে বিষয়ে আলোচনা হচ্ছিল সেই প্রসঙ্গে কতকগুলি কথা বলেছেন আমি সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, কারণ, আমি মনে করি, যে সমস্ত কথা কাল বলা হয়েছিল তাতে আমাদের এই হাউস-এর যিনি প্রিসাইডিং অফিসার—স্পীকার, তাঁর প্রতি গ্রস লাইবেলাস য়্যাসপারসনস করা হয়েছে এবং তাতে এই হাউস-এর প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে এবং কনটেমপট হয়েছে। আমি প্রথমে যে কথাগুলি বলা হয়েছিল তার কপি আপনার দপ্তর থেকে চেয়েছিলাম এবং যে সরকারী কপি আমাকে দেওয়া হয়েছিল তা থেকে উদ্ধৃত ক'রে শুনাচ্ছি। একবার নয়, বহুবার এমন কথা বলা হয়েছে যাতে য়্যাসপারসনস করা হয়েছে যাতে হাউস-এর প্রিসাইডিং অফিসার-এর উপরে য়্যাসপারসনস করার জন্য আমাদের প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হয়েছে, আমাদের মর্যাদা নষ্ট করা হয়েছে। সেই দুই জন মাননীয় সদস্যের কথা বিশেষ করে বলছি ডাঃ কানাইলাল ভট্টাচার্য এবং শ্রীঅপূর্বলাল মজুমদার এ'রা বক্তৃতাপ্রসঙ্গে যেসমস্ত কথা বলেছেন তাই শুনাচ্ছি। ডাঃ ভট্টাচার্য এক জায়গায় বলেছেন আপনাকে উদ্দেশ্য করে—"আপনি আমাদের বাধার সৃষ্টি করছেন", আমি নজীর দেখাব এই সমস্ত কথা বলার দরুন যেসমস্ত জায়গা থেকে আমরা বিভিন্ন পার্লিয়ামেন্টারি নজীর এখানে ফলো করি সেখানে এই ধরনের কথা বলার জন্য, এর চেয়ে কম কথা বল'র জন্য, যথেষ্ট স্টেপস নেওয়া হয়েছে। উনি আরও বলেছেন, "আমি আবার বলছি আপনি আমাদের বাধার সৃষ্টি করছেন।" আর এক জায়গায়

তিনি বলছেন—'আপনি আমাদের বলতে বলে নিজেই দাঁড়িয়ে উঠলেন—হাউ ক্যান উই স্পিক? ডিসেন্সি কি আপনার কাছ থেকে শিখতে হবে?' আর এক জায়গায় বলছেন—'এটা আপনি সারেপটিসাসলি করেছেন। আপনি এটা অন্যায় করেছেন।' এটা প্রথমে যে প্রশ্ন একটা বিলের রিডিং শেষ হয়ে যাওয়ার পর উত্থাপন করতে চেয়েছিলেন এবং আপনি তা করতে দেন নি সেই উপলক্ষে ডাঃ ভট্টাচার্য বলেছেন যে আপনি সারেপটিসাসলি করেছেন। এটা আমি মনে করি খুব লাইবেলাস, এর পরে তিনি বলেছেন আপনাকে উদ্দেশ্য করে ডাঃ ভট্টাচার্য বলেছেন

we are not students to be gagged by you.

[12-50—1 p.m.]

সামান্য কয়েকদিন আগে ভারতীয় পার্লামেন্টে মাননীয় সদস্য এই কথা—গ্যাগ করার কথা বলেছিলেন, গ্যাগএর হিন্দী পরিভাষ ব্যবহার করেছিলেন, তাতে তাঁর বিরুদ্ধে স্টেপ নেওয়া হয়েছিল। আমি এই প্রসঙ্গে আরও পড়ে শোনাচ্ছি—এক জায়গায় তিনি বলছেন রুলটা যা তা ধরে করলে হবে না—এটা ব্রিচ অব প্রিভিলেজ হচ্ছে। এই প্রসঙ্গে আমি আরও একটা কথা উদ্ধৃত করতে চাই, কালকে ডাঃ ভট্টাচার্যকে আপনি বলেছিলেন,

Dr. Bhattacharyya, you must withdraw that thing first because it is casting aspersion on the Chair.

আপনি কগনিজেন্স নিয়েছিলেন যে এই কথাগুলি কাস্টস অ্যাসপারসন অন দি চেয়ার। আর এক জায়গায় তাঁর বক্তব্যের শেষের দিকে—অনেকখানি প্রসিডিংস হয়েছিল স্যার। যাই হোক, আর ছকজন মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার বলেছেন, এটার [illegible] স্টেপ নিয়েছেন, গ্রস অ্যাবিউজ অফ আওয়ার রাইটস। আর এক জায়গায় ডাঃ ভট্টাচার্য বলেছেন, আমার কথা আপনাকে শুনতে হবে। সেই প্রসঙ্গে আরও বলেছেন, 'আমাদের এখানে যেসমস্ত রুলস অ্যান্ড রেগুলেশনস ফলো করা হচ্ছে তা আমাদেরই গৃহীত রুলস অ্যান্ড রেগুলেশনসএর সঙ্গে কোন সম্পর্ক নাই, এবং আমি মনে করি যে, যে রাইটস অ্যান্ড প্রিভিলেজেস প্রত্যেক মেম্বারকে দেওয়া হয়েছে তার গ্রস অ্যাবিউজ হচ্ছে। অন্য একজন মাননীয় সদস্য সম্বন্ধে যে ল্যাকসিটি দেখানো হচ্ছে তাতে অপোজিশনএর সমস্ত কথাকে গ্যাগ করা হচ্ছে, এবং শেষকালে তাঁর বক্তব্যের একেবারে শেষদিকে তিনি আরও রূঢ় কথা ব্যবহার করেছেন সেটা আমি পড়ে শোনাচ্ছি—

we are not students of yours.

আপনি আমাদের মাস্টার হয়ে এখানে বসেন নি,

you have no right to rebuke me. I am not your student or not your

আমাদের সম্মান রক্ষা করে কথাবার্তা বলবেন, চেয়ারএর সম্মান যদি আপনি রক্ষা করতে চান, তাহলে কাইন্ডলি বিহেভ প্রপারলি, আমরা এই ধরনের রেড শট আইজ দেখতে রাজী নই।' আর এক জায়গায় ডাঃ ভট্টাচার্য বলেন, 'আই অ্যাম নট গোয়িং টু উইথড্র।' তিনি যখন রেড শট আইজ-এর কথা বলেন, আপনার হয়তো মনে আছে যে, তখন আপনি বলেছিলেন, 'এগুলি অ্যাসপারসন অন দি চেয়ার হয়ে যাচ্ছে,' আপনি তাঁকে উইথড্র করতে বলেছিলেন—তার জবাবে তিনি বলেছিলেন, 'আই অ্যাম নট গোয়িং টু উইথড্র।' মাননীয় স্পীকার মহাশয়, এই যে কথাগুলি আমি বললাম, এগুলি আমার মনে হয় স্পীকারের বিরুদ্ধে, এই হাউসের প্রিসাইডিং অফিসার-এর বিরুদ্ধে অ্যাসপারসন করা হয়েছে, গ্রস লাইবেল করা হয়েছে। এই হাউসের প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে। এই প্রসঙ্গে বহু নজীর রয়েছে মেজ পার্লামেন্টারি প্র্যাকটিসএ—এর চেয়েও অনেক কম কথা বলার দরুন ব্রিটিশ পার্লামেন্টের আমরা যাদের ফলো করি—অনেকগুলি কেস রয়েছে, সেই সমস্ত কেস উদাহরণ হিসাবে আমি দিতে চাই না, আমাদের ইন্ডিয়ান পার্লামেন্টএ এ সম্পর্কিত যা রিসেন্ট কেস রয়েছে তার নজীরই আমি দেখাব। বিলাতী কেস যা রয়েছে—আমি হাউস অফ কমন্সএর জার্নাল থেকে বলছি, [illegible] কেস, যাতে স্পীকারের বিরুদ্ধে, হাউস অফ কমন্সএর স্পীকারএর বিরুদ্ধে মিঃ অ্যাটকিনসন অ্যাসপারসন করেছিলেন, তাতে আর একজন মাননীয় সদস্য মোশন এনেছিলেন,

"The Speaker thereupon acquainted the House with the terms of a letter addressed to him by Mr. Atkinson, and drew attention of the House to the conduct of the honourable member on several recent occasions; whereupon a motion was made and the question being pressed, that Mr. Atkinson be suspended from the service of the House and be excluded from the precincts for the remainder of the session......"

স্পীকার মিঃ অ্যাটকিনসনএর বিরুদ্ধে স্টেপ নিয়েছিলেন এবং তাঁকে সাসপেন্ড করা হয়েছিল হাউস থেকে। আর একটা কেস, ১৯১১ এর মেজ পার্লামেন্টারি প্রসিডিওরএ এর উদ্ধৃতি রয়েছে। জুলিয়ান কেস—আমি তার একটা মাত্র জায়গা উল্লেখ করছি। স্পীকার সম্বন্ধে আমাদের এখানে বলা হয়েছে তার চেয়েও অনেক কম বলা হয়েছিল। মিঃ জুলিয়ান স্পীকারকে লক্ষ্য করে কোন কথা বলেছিলেন, অ্যাসপারসন করেছিলেন, তাতে ওয়েজউড লিখেছিলেন,

"We were not all jeering at you. You had a good deal of sympathy on the Radical benches, specially on your point that the Speaker has no right to choose those whom (he imagines) the House would like to hear "

এর জন্য তাঁর বিরুদ্ধে একটা মোশন আনা হয়েছিল—

"A motion was made and the question being pressed that the letter written by the honourable member constituted gross libel on the Speaker and is a grave breach of the privileges of this House........"

তাঁকে রিমেইন্ডার অব দি সেশন সাসপেন্ড করা হয়েছিল। আমাদের পার্লামেন্টেও এই ধরনের দু-একটি কেস হয়েছে যার কথা আমি বলতে চাই। ১৯৫৫ সালে একটা কেস হয়েছিল যাতে আমাদের লোকসভার সদস্য শ্রীহরিবিষ্ণু কামাথ বক্তৃতাপ্রসঙ্গে বলেছিলেন দিস ইজ এ ফ্যানটাস্টিক ননসেন্স—এই কথা বলার দরুন তখন ডেপুটি স্পীকার প্রিসাইড করছিলেন, তিনি বলেছিলেন,

"I will have to name the honourable member. He has used very unparliamentary language and has committed contempt of the Chair's position and the dignity of the House. He said, it is fantastic nonsense".
তার সঙ্গে সঙ্গে শ্রীকামাথ বলেন I did not say it with reference to the Chair, but with reference to the member trying to keep order and shouting me down."
তাতে মাননীয় Deputy Speaker said "Unless he unconditionally apologises for having made this statement 'fantastic nonsense' and withdraws".

মিঃ কামাথ এক্সপ্লেন করলেন আমি চেয়ারএর বিরুদ্ধে করি নি, অন্য একজন সদস্যের বিরুদ্ধে করেছি. মিঃ ডেপুটি স্পীকার বলেছিলেন. না. এই হাউসে যা বলা হয়েছে তাঁকে তা উইথড্র করতে বলি, উইথড্র না করার জন্য পরে তাঁকে সাত দিনের জন্য হাউস থেকে সাসপেন্ড করা হয়। আমাদের ভারতীয় লোকসভার আর একজন মাননীয় সদস্য শ্রীবাগড়ি, এটা হয়েছিল ১৯৬২ সালের মে মাসে—শ্রীবাগড়ি গ্যাগিং কথা বলেছিলেন,

आज आप मेरी जबान बन्द कर सकते हु, लेकिन हिन्दुस्थानके लोगों की जबान बन्द नहीं कर सकता हूं

এর ফলে স্পীকার যথেষ্ট আপত্তি নেন, এবং তার জন্য তাঁকে হাউস থেকে এক্সপেল করা হয়েছিল। স্পীকার মহাশয়, আর উদাহরণ দেখানোর প্রয়োজন আছে বলে আমি মনে করি না, কারণ আপনি নিজেই এখানে কগনিজ্যান্স নিয়েছেন এবং আপনি যথেষ্ট সুযোগও দিয়েছেন প্রত্যাহার করার জন্য। কিন্তু তিনি কন্টিনিউয়্যালি বলতে থাকেন, আই রিফিউজ টু উইথড্র। আমি মনে করি বাংলাদেশের আইনসভার এবং তার প্রিসাইডিং অফিসার-এর মর্যাদা যদি অক্ষুন্ন না থাকে, তা হলে এই সভার কারুর মর্যাদা অক্ষুন্ন থাকে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এখানকার রুল অনুযায়ী প্রস্তাব রাখতে চাই—আপনার ক্ষমতা রয়েছে।

[1—1-10 p.m.]

আমি এই প্রস্তাব আনবার আগে একটা কথা রাখতে চাচ্ছি। ২২৮ ধারা এবং ২৩০ ধারা অনুযায়ী আপনার ক্ষমতা রয়েছে এই প্রস্তাবটা আপনি কমিটি অফ প্রিভিলেজএ পাঠিয়ে দিতে পারেন। আবার আপনার এই ক্ষমতা রয়েছে, আপনি মনে করলে এই হাউসের কাছে এটা বিচারের জন্য রাখতে পারেন। আমাদের রুলস অফ প্রোসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিজনেস-এর ২২৮ ধারা পড়ে শোনাচ্ছি

on a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of privileges.

এবং ২৩০ ধারা অনুযায়ী আপনার ক্ষমতা রয়েছে কমিটি অফ প্রিভিলেজএ পাঠিয়ে দিতে পারেন। কিন্তু আপনার কাছে আমি এই অনুরোধ করব যে, এটা কমিটি অফ প্রিভিলেজএ পাঠাবার কোন দরকার নেই। কারণ এটা এত অ্যাপারেন্ট যে, হোল জিনিসটাতে দেখা যাচ্ছে যে, কাল আপনি কগনিজ্যান্স নিয়েছেন যে, চেয়ারের উপর অ্যাসপারসন হয়ে গেছে। যে কথাগুলি আমি বললাম প্রত্যেকটি কথা থেকে দেখা যাচ্ছে চেয়ারের বিরুদ্ধে অ্যাসপারসন, চেয়ারের ইম্পারসিয়ালিটির বিরুদ্ধে অ্যাসপারসন, এবং শুধু কথায় নয়, ভাবে, তাঁর ডিমিনার এমন করেছেন যা থেকে চেয়ারের প্রতি অ্যাসপারসন করতে চান, এই হাউসের প্রতি অ্যাসপারসন করতে চান। অতএব আমি আপনার কাছে অনুরোধ করব যে, আমি যে প্রস্তাব আনছি এটার জন্য কমিটি অফ প্রিফিলেজএ না পাঠিয়ে এই হাউসের কাছে এটা বিচারের জন্য, এখানে ডিসকাশন-এর জন্য রাখুন। এই বলে আমি আপনার কাছে প্রস্তাব রাখছি, মাননীয় যে দুজন সদস্য এই সমস্ত কথা বলেছেন তাঁরা যদি রিগ্রেট করে অ্যাপলজি চেয়ে এখনই প্রত্যাখ্যান করেন তা হলে আলাদা কথা, যদি তা না করেন তা হলে ডাঃ কানাইলাল ভট্টাচার্য এবং অপূর্বলাল মজুমদার মহাশয়ের বিরুদ্ধে এই সিদ্ধান্ত সভা গ্রহণ করুন যে, অ্যাসপারসন অন দি চেয়ার করে তাঁরা হাউসের প্রিভিলেজ ভঙ্গ করেছেন এবং তার জন্য রিমেইন্ডার অফ দি সেসন তাঁদের হাউস থেকে সাসপেন্ড করা হোক।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমার আর কিছু বলবার নেই। আমি প্রসিডিংসএর কপি চেয়েছিলাম, আমি কিছু পাই নি। আমরা আশা করেছিলাম যখন কংগ্রেস মেম্বার শোনেন তখন আমরা অপোজিশন থেকে যখন চেয়েছিলাম তখন সেটা নিশ্চয় পাব, কিন্তু আনফরচুনেটলি আপনার অফিস আমাকে সাপ্লাই করতে পারেন নি। সুতরাং হোয়েন আই অ্যাম অ্যাট দি ডক তখন আপনি যা বিচার করবেন তাই হবে।

(ক) সমাজ উন্নয়ন কার্যের জন্য পৃথক কোন সিমেন্ট বরাদ্দ সংরক্ষিত রাখা হয় না। জনসাধারণের জন্য নির্দিষ্ট সিমেন্ট বরাদ্দ হইতেই সমাজ উন্নয়ন কার্যের জন্য সিমেন্ট সরবরাহ করা হয়।

(খ) ১৯৬০-৬১ সালে সিমেন্ট সরবরাহের উপর কোন নিয়ন্ত্রণ ছিল না। অতএব ঐ বৎসর সিমেন্ট সরবরাহের প্রশ্ন ওঠে না। ১৯৬১-৬২ সালে রামপুরহাট মহকুমায় উন্নয়ন কার্যের জন্য এবং জনসাধারণের জন্য যথাক্রমে ২৪৫ মেট্রিক টন ও ৬০৭ মেট্রিক টন সিমেন্ট সরবরাহ করা হয়।

Recruitments in private and public manufacturing concerns

649. (Admitted question No. 1262.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state whether Government has made any arrangement to see that all recruitments in both the private and public manufacturing concerns are made through Employment Exchanges?

The Minister for Labour: Yes. In the public sector undertaking all vacancies which are not to be filled up through the Public Service Commission are notified to the Employment Exchanges. The Employment Exchanges are, therefore, in the know of the vacancies occurring and they submit candidates for recruitment against those vacancies. Follow-up action is also taken by the Employment Exchanges Organisation in order to find out whether the candidates submitted have been selected or not. Further, Employment Exchange has been recognised by the State Government as one of the channels of recruitment.

Similarly, in the private sector all vacancies are notified to the Employment Exchanges in pursuance of the provisions contained in the Employment Exchanges (Compulsory Notification of Vacancies) Act. Candidates are submitted by the Employment Exchanges against vacancies notified. In particular cases where any employer notifies vacancy but does not desire any submission, contact is made by the officers of the Employment Exchange Organisation to find out the reasons for not making recruitment through the Employment Exchanges. All persuasive measures are taken to persuade the employers to take in candidates submitted by the Employment Exchanges, unless they are unsuitable.

In the meetings of the State Labour Advisory Board the employers' representatives have, more than once, been requested to utilise the services of the Employment Exchanges in the matter of personnel recruitment Circular letters have also been issued to the employers' organisation requesting them to canalise their recruitment through the Employment Exchanges.

Messages

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that the following messages have been received from the West Bengal Legislative Couuncil, namely:—

(1)

"The Bengal Electricity Duty (Amendment) Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 3rd April, 1963, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 3rd April, 1963.

(2)

"The West Bengal Sales Tax (Amendment) Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 3rd April, 1963, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Suniti Kumar Chatterji,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 3rd April, 1963.

Sir, I lay copies of the messages on the table.

Adjournment Motion

Mr. Speaker: I have received a notice of adjournment motion on the subject of assault, arson and firing by police and Forest Guards in Mainaguri-Dhupguri P.S. by Dr. Narayan Chandra Roy. I have refused consent.

In this connection, I may inform the honourable member that there is a Calling Attention Notice on the same subject for this day and I am allowing that Calling Attention Notice.

CALLING ATTENTION TO MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: Hon'ble Minister-in-charge will make a statement on the subject of influx of Santals in West Dinajpur from District Rajshahi of East Pakistan given notice of by Shir Nani Bhattacharjee on the 1st of April, 1963.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, with reference to the "Calling Attention Notice" tabled by Shri Nani Bhattacharjee regarding influx of about 200 Santals in West Dinajpur from Rajshahi District of East Pakistan, I make the following statement:—

It has been reported by the District Magistrate, West Dinajpur, that the Santals of Itapara, Simultali, Mahiganj and Baradari, all under P.S. Chamoirhat, District Rajshahi, East Pakistan, observed the Holi festival on 10th March, 1963 and on the following day in accordance with their age-old custom about 20/25 Santals went out for "Sikar" (hunting).

[1-20—1-30 p.m.]

They were, however, intercepted and detained by some East Pakistan Rifles personnel at Simultali. On their raising protests against such interference with their religious hunting, the E.P.R. personnel assaulted them and snatched away their bows and arrows. Thereafter, the Santals numbering about 12 approached the President of the local Union Board and submitted a petition to him seeking redress of their grievances.

On the 25th March, 1963, the Santals came to know that at the instance of the E.P.R. personnel a meeting of local Muslims would be held on the 28th March, 1963 at Birgaon, P.S. Dhamoirhat, East Pakistan, for taking suitable action against the Santals as they had complained against the E.P.R. personnel. On getting the information and apprehending further harassment, about 34 Santal families of the areas consisting of 186 members including male, female and children crossed the border without any valid travel documents and came over to West Dinajpur district on the 26th March, 1963. Steps are being taken to give them relief, if necessary. A protest regarding the incident has been lodged with the Government of East Pakistan. The Government of India, Ministry of External Affairs, have also been informed of this incident.

Mr. Speaker: I have received 5 Calling Attention notices from the honourable members on the following subjects:—

(1) Alleged assault on landless refugees—by Dr. Narayan Chandra Roy.

(2) Relief towards the affected people of Poradanga village, Satui Union, Murshidabad district—by Shri Sanat Kumar Raha.

(3) Alleged assault on the refugees in P.S.s Moynaguri and Dhupguri, district Jalpaiguri—by Shri Jamini Kumar Saha.

(4) Construction of latrines and adequate bus service on the bus route between Kharagpur and Digha—by Shri Sudhir Chandra Das.

(5) Resignation of Shri S. K. Sen, Chairman, Dandakaranya Project, following serious difference of opinion with Shri Mehr Chand Khanna, Union Minister for Works and Buildings, in respect of rehabilitation programme at Dandakaranya as published in the 'Ananda Bazar Patrika' of today—by Shri Nani Bhattacharjee.

I have selected the notice of Dr. Narayan Chandra Roy on the subject of alleged assault on landless refugees. The Hon'ble Minister will please make a statement or give a date when the statement will be made.

The Hon'ble Prafulla Chandra Sen: A statement will be made tomorrow.

Expression of regret for casting aspersion on the Chair

Mr. Speaker: Dr. Bhattacharya, I think you have already got a copy of the proceedings yesterday.

Dr. Kanai Lal Bhattacharya: Yes, I have received a copy, and I am grateful to you for sending me the report. I feel after going through the report I have received that certain remarks had been made by me which I should not have made. As an explanation to this I can state, on the spur of the moment and in my eagerness that I must protect my rights for the discussion over the third reading of a Money Bill which specially envisaged taxation of common articles like matches, I did say.

Sir, I am sorry for it and I can assure you that I had no intention to make any aspersion on the Chair.

Mr. Speaker: Let it be noted that this matter should be treated as dropped.

Shri Nani Bhattacharjee:

স্পীকার, স্যার, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—

Shri Asoke Krishna Dutt:

ডাঃ ভট্টাচার্য রিগ্রেট তো এক্সপ্রেস করলেন না, এটা কি রিগ্রেট হচ্ছে, তাহলে আমি আমার প্রস্তাব প্রত্যাহার করে নিচ্ছি।

Mr. Speaker: He has already expressed regret.

[Noise]

Shri Asoke Krishna Dutt:

কিন্তু অপূর্বলাল মজুমদার—তাঁরটা কি পেন্ডিং থাকবে?

Mr. Speaker:

না, পেন্ডিং কিসের?

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, গতকালই তিনি—

Yesterday very categorically he said that he had no intention of making any aspersion on the Chair.

Mr. Speaker:

আমি আশা করি তিনিও উইথড্র করবেন—

Shri Hemanta Kumar Basu:

অপূর্ববাবুর পক্ষে আমি আমাদের পার্টির তরফ থেকে—অন বিহাপ অফ আওয়ার পার্টি—দুঃখ প্রকাশ করছি।

Mr. Speaker: All right, Mr. Bose.

[Noise and interruptions]

After all, he is the leader of the party and represents all the members of his party. Dr. Bhattacharya has expressed regret and he has felt that he should not have spoken in that language. That is about Dr. Bhattacharya. Now, so far as Shri Apurba Lal Majumdar is concerned, he is not here today but after all, the leader of the party is Shri Hemanta Kumar Basu who represents all the members of the party. If he stands up himself and expresses his regret, I think as a matter of practice and convention we should accept that.

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, সোমনাথবাবুর মোশানের উপর আপনার যে রুলিং সেই রুলিং আমি মন দিয়ে পড়লাম। আপনার রুলিং-এর প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে এবং আই বো ডাউন টু ইওর রুলিং। কিন্তু তবুও কতকগুলি কনফিউশান দেখা দিয়েছে বলে তার ক্লারিফিকেশানএর জন্য কতকগুলি কথা বলতে চাই। এই জন্য বলতে চাই যে, আপনি রুলিংএর শেষের দিকে বলেছেন যে এই হাউসের একটা সম্মান এবং মর্যাদা আছে এবং তা যেন ঠিক থাকে, সে দিকে তাকিয়ে তিনি সকল সদস্যকে অনুরোধ করেছেন তাঁরা যাতে সংযতভাবে কথাবার্তা বলেন। সেইদিকে লক্ষ্য রেখে আমি আমার যেটা কনফিউশান সেটা আপনার কাছে ধরছি। কনফিউশানটা এই যে স্টেটসম্যান কাগজে দেশদ্রোহী কথাটা ব্র্যাকেটে ট্রেটার বলে লিখেছেন। এছাড়াও কালকে ডাঃ সুনীতিকুমার চ্যাটার্জি বিধান পরিষদের চেয়ারম্যান তিনিও সেটাকে ট্রেটারএর সমার্থবোধক শব্দ হিসাবে বলেছেন। এছাড়া হিন্দী অ্যাডমিনিস্ট্রেটিভ ডিকশনারীতে লাইব্রেরীতে যেটা আছে তাতে দেখলাম ট্রিজন বা ট্রেটার-এর হিন্দী প্রতিশব্দ করা হয়েছে দেশদ্রোহ বা রাষ্ট্রদোহ এবং হাই ট্রিজনএর প্রতিশব্দ করা হয়েছে ঘোর দেশদ্রোহ। সুতরাং সেখানে সমার্থবোধক শব্দ হিসাবে ব্যবহার করা হয়েছে। আপনি এই রুলিংএর একটা জায়গায় বলেছেন এ সম্বন্ধে কোন কথা না বলে, দেশদ্রোহ ট্রেটারের সমার্থবোধক শব্দ কি না সে সম্বন্ধে কোন কথা না বলে কেবল বলেছেন যে এই ধরনের কথাবার্তা সদস্যরা যেন অন্য সদস্যদের না বলেন—বিশেষভাবে যেন না বলেন এবং সাধারণভাবেও না বলেন তার জন্য আপনি রুলিংএর শেষে বলেছেন যে আমি বিশেষ করে বলব দেশদ্রোহী কথাটা যেন কোন মেম্বারকে প্রয়োগ না করা হয়।

[1-30—1-40 p.m.]

কিন্তু আজকে কাগজে এবং আগে যেটা বললাম বিভিন্ন ডিকশনারীতে ট্রেটর ট্রিজনএর দেশদ্রোহী এই কথাটা সমার্থবোধক শব্দ হিসাবে ব্যবহার করা হয়েছে বা চলে আসছে। সেদিকে তাকিয়ে একটা কনফিউশন দেখা দিয়েছে এবং আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি এ বিষয়ে একটা ক্লারিফিকেশন দেবেন—সেটা এখুনি দিন, না হয় পরে দিন। এ ছাড়া আর একটা পয়েন্ট আছে যে "দ্রুহ" কথাটা সংস্কৃত থেকে এসেছে।

Mr. Speaker:

যে পয়েন্টে আমি বলব, আপনার আর কোন স্কোপ নেই। কেন না আমার যে রুলিং হয়েছে তাতে আপনার পয়েন্টএর জবাব আছে।

Dr. Narayan Chandra Roy:

আর একটা জিনিসের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকের আনন্দবাজারে দুই রুলিং বলে বেশ ভাল করে গুছিয়ে যে আর্টিকল বেরিয়েছে তাতে আমাদের এখানে কোন প্রিভিলেজ ক্ষুন্ন হয়েছে কি না আমি আশা করি আপনি সেটা দেখবেন এবং আপনার রায় দেবেন।

Shri Nepal Chandra Roy:

সেকশন থার্টি বোধ হয় ডি আই রুলস আমার মনে নেই। আমি বলছি রুল ৩০(১) যেটা আছে সেখানে স্পেসিফিক্যালি মেনসন করা আছে যে যারা দেশদ্রোহীতার কাজে লিপ্ত থাকবেন......

Mr. Speaker:

আমার রুলিংএর উপর আর রুলিং চলে না।

Shri Nepal Chandra Roy:

সোনাকে আমরা সোনা বলব না, রুপোকে রুপো বলব না। সেটার আমি ক্লারিফিকেশন চাইছি যে যারা দেশদ্রোহীতা করবে তাদের আমরা দেশদ্রোহী বলব না। এটাই আমার বক্তব্য।

Shri Birendra Narayan Ray:

স্যার, সিমেন্টের যারা ব্ল্যাকমার্কেট করে তাদের দেশদ্রোহী বলা যায়?

Clarification of terms "Desadrohi" and "Traitor"

Mr. Speaker: Mr. Bhattacharjee, regarding the confusion, so long as the words will remain in the dictionary, neither you, nor any member can avoid it. I have not seen as yet the ruling that has been given in the other House. Of course, so long as there will be different Houses, different rulings may be there. That cannot be avoided.

Regarding the ruling in the other House, unless I go through all the details from the records, I cannot say—I do not go by reports in papers.

Regarding 'traitor' and 'treachery', you have drawn my attention to the publication in the 'Statesman' and you have said something. If you please go through the ruling of mine you will find that the words 'traitor' and 'treachery' have never been used. I have given my definition or meaning of 'deshadrohi' or 'deshadrohita' as I thought it should be. It is really unfortunate that in the publication of the 'Statesman' on the next day, although it was not in the ruling, 'deshadrohi' and 'deshadrohita' had been given a particular meaning in English—the 'Statesman' had published within brackets the words 'traitor' and 'treachery'—which I never used in my ruling.

In the 'Statesman', just on the day after the Hon'ble Purabi Mukhopadhyay made the statement on the floor of the House, the word "deshadrohita' was defined, or rather translated as an act harmful, or as an act inimical to the country—something of this kind. But as I said, it is unfortunate, when I have not used the word 'traitor' in my ruling, the word 'traitor' was published in the paper—the words 'traitor' and 'treachery' were published in that paper. Anyway, I have not used them in the ruling.

Shri Nani Bhattacharjee:

দেশদ্রোহীতার প্রতিশব্দ কি?

Mr. Speaker:

আমি জানি না।

Motion for appointment of Members of the Joint Committee on the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963

The Hon'ble Dr. Prabodh Kumar Guha: Sir, I beg to move that this House concurs in the recommendation of the Legislative Council that the Legislative Assembly do join in the Joint Committee of he Houses on he Bill

to provide for the development of the Homoeopathic system of medicine, to regulate the teaching and practice thereof and to deal with certain other connected matters, introduced in the Council as the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963 on the 2nd April, 1963, and resolves that the following Members of the Assembly be appointed to serve on the said Joint Committee, namely:—

(1) Shri Bimalananda Tarkatirtha,
(2) Dr. Narayan Chandra Roy,
(3) Shri Asoke Krishna Dutta,
(4) Shri Nikhil Das,
(5) Shri Abani Kumar Basu,
(6) Shri Amarendra Nath Roy Prodhan,
(7) Shri Ananga Mohan Das,
(8) Shrimati Santi Das,
(9) Shri Abul Hashem, and
(10) Dr. Probodh Kumar Guha (mover).

In moving this motion I do not think that I would have to say quite a lot of things because many honourable members of this House have been clamouring for quite a number of years that this Bill should be brought forward before the Assembly.

Sir, on account of shortage of time and due to the Assembly business this Bill had to be brought forward before the Council. I expect that the Assembly will concur in this motion.

Shri Nepal Chandra Roy:

আমি এই বিলের উপর কিছু বলতে চাই।

Shri Hemanta Kumar Basu:

স্যার, হোমিওপ্যাথিক বিল ডাঃ প্রবোধকুমার গুহ উত্থাপন করেছেন। অনেক সময় যাবার পর, অনেক আলোচনার পর, আজ প্রায় ৮।১০ বছর পরে হোমিওপ্যাথিক বিল প্রত্যেক অধিবেশনে আমরা তুলছি এবং এবিষয়ে যাতে বিল আনা হয় তার জন্য আমরা বলেছি। যাই হোক, অত্যন্ত আনন্দের বিষয় যে ডাঃ গুহ এই প্রস্তাবটা আমাদের সামনে এনেছেন। আমাদের দেশের গরীব দরিদ্র জনসাধারণ হোমিওপ্যাথিক ওষুধ সস্তায় পায় এবং সেদিক থেকে বহু হোমিওপ্যাথিক ডাক্তার যাদের বাস্তবিক পরীক্ষার ডিপ্লোমা আছে বা যাদের ডিপ্লোমা নাই সকলেই এই চিকিৎসার দ্বারা লোককে রোগ থেকে নিরাময়ের ব্যবস্থা করেন এবং এতে লোকের উপকার হয় এবং অতি সস্তায় চিকিৎসা হয়। আমাদের হোমিওপ্যাথি, অ্যালোপ্যাথি ও কবিরাজী ৩ রকম চিকিৎসা আছে। কবিরাজী বিল আমরা গ্রহণ করেছি, অ্যালোপ্যাথি তো চলছেই এবং হোমিওপ্যাথি বিল সম্বন্ধে আজকে আমাদের প্রস্তাব এসেছে। হোমিওপ্যাথি এবং অ্যালোপ্যাথির মধ্যে কোনটা শ্রেষ্ঠ এ বিষয়ে বিচার করার কিছু নেই এবং বিচার করা যায় না। আমরা দেখেছি ডাঃ প্রতাপচন্দ্র মজুমদার হোমিওপ্যাথি চিকিৎসায় একজন বিশেষ পারদর্শী, অভিজ্ঞ এবং আনরাইভালড্ ছিলেন বললেই চলে এবং কোন বিশিষ্ট অ্যালোপ্যাথিক ডাক্তারের চেয়ে কোন অংশে কম ছিলেন না। ডাঃ এম এম চৌধুরী, ডাঃ পালিত প্রভৃতি এঁরা বড় বড় অ্যালোপ্যাথিক ডাক্তারের সমতুল্য এবং তাঁদের চেয়ে কোন অংশে কম ছিলেন না। তারপর আমাদের এখানে যে বিল আনা হয়েছে তাতেও আমি দেখছি যে সরকার যে কোন বিল আনছেন সমস্ত বিলের উপর সরকার নিজের ক্ষমতা সম্পূর্ণ বজায় রাখছেন। এখানে যে কমিটি করবার প্রস্তাব হয়েছে সেই কমিটিতে আমরা দেখছি সরকারের নিযুক্ত যে সমস্ত সদস্য থাকবেন সেখান থেকে আরম্ভ করে তার সংখ্যা ১১ জন।

[1-40—1-50 p.m.]

আর বাকি যারা নিযুক্ত হবেন তার মধ্যে ৮ জন ইলেকটেড হবেন। এই হোমিওপ্যাথিক ডাক্তারদের জন্য নির্ধারিত তালিকা হবে এর দ্বারা তাঁরা ইলেকটেড হবেন। কাজেই আমি দেখছি যে, ইউনিভার্সিটি বিল হোক বা যেকোন বিল হোক সে সেকেন্ডারী এডুকেশন বিল হোক সব জায়গাতেই সরকার তার ক্ষমতা রাখবার জন্য এরূপ ভাবে আইন প্রণয়ন করছেন যা করা ঠিক হয় নি। সমস্ত বড় বড় হোমিওপ্যাথিক চিকিৎসকরা যাঁরা চিকিৎসা করেন তাঁরা এ বিলকে যেভাবে তৈরী করতে চান, ব্যবস্থা করতে চান, যেভাবে হোমিওপ্যাথিক চিকিৎসার বিস্তার করতে চান, তাঁরা যেভাবে প্রশাসনের ব্যবস্থা করতে চান সেটা তাঁদের উপর নির্ভর করলেই ভাল ছিল, তাদের হাতে সে ক্ষমতা থাকলেই ভাল ছিল। এ সমস্ত ব্যাপারে সরকারের দায়িত্বভার বা কনট্রোল থাকা উচিত নয়। সেদিক থেকে আমি ডাঃ পি কে গুহ মহাশয়কে অনুরোধ করছি যাতে এ জায়গায় নির্বাচিত সদস্যের সংখ্যা বেশী হয় সেদিকে তিনি যেন নজর দেন। তারপর আমি আর একটা জিনিষ দেখছি ও তার জন্য আমি সরকারের প্রশংসা করছি। আমাদের দেশে যে সমস্ত ডিপ্লোমা নেওয়া যারা রেজিস্টার্ড হোমিওপ্যাথিক প্র্যাকটিশ করেন তাঁদের ছাড়া যারা প্রায় ১০ বৎসর প্র্যাকটিশ করছেন তাঁদের সম্বন্ধে এতে ব্যবস্থা রয়েছে। ১০ বৎসর যাঁরা প্র্যাকটিশ করছেন কমিটি তাঁদের রেকগনিশন দেবেন। এটা একটা খুব ভাল প্রভিশন বলে মনে করি। আমাদের দেশে অনেক নন-রেজিস্টার্ড প্র্যাকটিশনার্স আছেন, তাঁরা বহুদিন ধরে সরকারের কাছে আবেদন নিবেদন করছেন, তাঁদের মধ্যে কেউ কেউ ১০, ১৫, ২০ বৎসর ধরে প্র্যাকটিশ করছেন তাঁদের উপর আগে কোন দৃষ্টি আকর্ষণ করা হয় নি বা তাঁদের কোন ব্যবস্থা করা হয় নি। এ সুযোগে বলছি, হোমিওপ্যাথিক ডক্টরদের এখন যা হল তাতে আমি আনন্দিত—ডিপ্লোমা থাকুক বা না থাকুক ১০ বৎসর যিনি প্র্যাকটিশ করছেন সরকার তাঁকে রেকগনিশন দেবেন। সেইভাবে এ সুযোগে আমি সরকারকে অনুরোধ করছি অ্যালোপ্যাথিক প্র্যাকটিশনার্স যাঁরা নন-রেজিস্টার্ড আছেন তাঁদের বেলায় যাতে এ বিষয়টা দেখা হয় তাঁদের রিফ্রেসার্স কোর্স-এর সুযোগ দেওয়া হয় যাতে তাঁরা রেজিস্ট্রেশন পান, কারণ তাঁরা যেভাবে চিকিৎসা করছেন এবং গরীব মানুষ তাঁদের কাছ থেকে যেভাবে চিকিৎসা পান সেদিক থেকে তাঁরা যাতে আরো সুবিধা পান তাঁদের এটা করলে আরো সুখ-সুবিধা হবে। একথা বলে আমি হোমিওপ্যাথিক বিল-এ আমার বক্তব্য পেশ করলাম।

Shri Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন এটাকে আমি সমর্থন করছি এবং আশা করবো এই বিল সিলেক্ট কমিটি থেকে ঘুরে এসে যখন এই সভায় গ্রহণের জন্য আসবে, যত্নে এটা সর্বাঙ্গসুন্দর হয় এবং সত্যি সত্যি এই চিকিৎসার উন্নতি হয় এবং চিকিৎসকদের স্বীকৃতি দেবার ইচ্ছা, যা আমাদের আছে তা যাতে সফল হয় সেদিকে তিনি বিশেষ নজর দেবেন। এই হোমিওপ্যাথিক পদ্ধতিতে ভারতবর্ষের ও বাংলাদেশের ধনী ও দরিদ্র বহু লোক চিকিৎসা করায় এবং আমি দেখি দরিদ্রদের দারিদ্রতার জন্য এই রকম হোমিওপ্যাথিক চিকিৎসকদের কাছে তাঁরা রোগ দেখান এবং কম দামের ঔষধ পাওয়া যায় বলে সেখানে যান। এর ফলও যে হয় না তা নয়, এর মধ্যে অনেককেই আমি জানি যাঁরা যান সত্যই তাঁদের অসুখ সেরে যায়। কাজেই এরকম একটা পদ্ধতির স্বীকৃতি হোক এবং সরকারের দ্বারা উন্নতি হোক এটা আমরা সকলেই চাই। ঠিক এরকম একটা বিল বেসরকারীভাবে এসেছিল আমাদের এই সভায়—ডাঃ জ্ঞান মজুমদার এনেছিলেন।

সে আজ দু-চার বছর হয়ে গেল। যাতে এই বিলটা তাড়াতাড়ি পাস হয়ে যায় সামনের অধিবেশনে যাতে এই রকম একটা বিলকে গ্রহণ করতে পারি—তার জন্য সকলের কাছে অনুরোধ রেখে যাচ্ছি। এবং আর একটা কথা বলে আমার কথা শেষ করবো।

সিলেক্ট কমিটির কাছে এটা গিয়েছে—খুব ভাল কথা। এ ছাড়া অন্তত বাংলাদেশের যাঁরা হোমিওপ্যাথি পদ্ধতিতে চিকিৎসা করেন, বড় বড় ডাক্তার আছেন—যেমন ডাঃ জ্ঞান মজুমদার,

সতীশচন্দ্র দাস, এস কে দাস—এই রকম ডাক্তারদের সঙ্গে মন্ত্রিমহাশয় যদি পরামর্শ করেন, আরো কারো নাম যদি মনে করেন, তাঁদের ডেকে বিশেষ করে যদি তিনি পরামর্শ করেন, তাহলে আমার মনে হয় বিলটি আরো ভাল হবে, নিখুঁৎ হবে এবং সাধারণ মানুষের কল্যাণের কাজে লাগবে।

এই কয়টি কথা বলে আমি বিলটিকে সমর্থন করছি।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, with regard to the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963 just moved by the Hon'ble Minister with a view to improve the current standard of teaching and practice of homoeopathic treatment which is not satisfactory and for the development of the Homoeopathic system of medicine, certain steps have been taken and the measures have been adoptd and incorporated in the Bill.

Sir, I find from clause 5 which deals with the constitution of the Council that it is the most important section, the most important rule in the Bill. It is laid down that the majority, the very great majority of the members would be nominated by the Government. I have no grudge if they are Government people. But certainly it does not look well that those who have nothing to do with Homoeopathy in their life-time or connected with any medical practice whatsoever are to be included in this Council as proposed by the Hon'ble Minister. Sir, it is amazing that the President of the Council is to be nominated by the State Government. What would be his qualification? Has it not to be laid down that he must be a practitioner under the homoeopathic system?

Point of order

Shri Kumar Jagadish Chandra Sinha: On a point of order, Mr. Speaker, Sir,

আমরা এখানে মাননীয় মন্ত্রিমহাশয়ের জয়েণ্ট সিলেক্ট কমিটি মোশান সম্বন্ধে আলোচনা করছি। কিন্তু মাননীয় সদস্য বিজয়বাবু এই বিলের সম্বন্ধে আলোচনা করছেন। এটা কোন্ নিয়ম অনুসারে?

Mr. Speaker:

আমাদের এখানে অনেক কিছুই হয়ে থাকে।

Motion for appointment of Members of the Joint Committee on the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963

Shri Bejoy Kumar Banerjee: Sir, I am very much grateful to my friend for raising this question of relevancy in this House. Sir, ever since I have come here, I did not find any part of relevant speech directly on the point and I was told by you, Sir, that that is the rule and practice of this House. Be that as it may, the Council to be constituted will be composed mostly of members who have nothing to do with Homoeopathy. Why has it not been stated that the President to be nominated by the State Government must be a homoeopath or at least a doctor who knows something about medical practice. Secondly, seven members are to be nominated by the State Government of whom three shall be registered Homoeopathic practitioners. If they have nothing to do with Homoeopathy, why should they be included in the Council to decide the fate of homoeopathic treatment?

Thirdly, one member is to be nominated by the Vice-Chancellor of the University of Calcutta. Why should not a wellknown professor or a teacher who has something to do with Homoeopathy be nominated? Fourthly, until the Homoeopathic Research Institute is established, any other suitable person is to be nominated by the State Government. Sir, if it is the desire of the Government to control Homoeopathy just for its improvement, I do not think it will serve the purpose of Homoeopathy at all.

[1-50—2 p.m.]

This will be a body absolutely under the control of Government which is to regulate the business of this Council. Sir, as I understand, it is not the time to speak on the Bill. I do not know whether this is so or not. At any rate, Sir, even after asking permission from you just to know, as a new-comer here, as to when is the suitable time for a member to speak, even then, Sir, I did not get that opportunity, even after your ruling. Therefore, I am sorry if I have transgressed the limits of my time or if it is not the suitable occasion. But having your ruling, I am at liberty, Sir, to make this observation that on the first constitution of the Council it will be left to Government to appoint all the members. Since 1941, this Homoeopathic Act, after several amendments have just been abolished and this new Council will be set up just like the Secondary Board and other Bills introduced of late to be absolutely under the control of Government. Sir, I would most humbly request the Hon'ble Minister in charge at least to set up a Council of members who have at least something to do with Homoeopathy. I do not know, Sir, whether it is an unreasonable request or an unreasonable demand that it should be mentioned that the qualification of the members should be that they have got to do something with Homoeopathy. Why should not the best of physicians practising in Homoeopathy in the city be there at all, I cannot understand. What is the good of Government taking everything under their control and to regulate even medical practice here in the city? As we know, there is dearth of doctors here, be it for treatment in Homoeopathy, Unani, Aurvedic or Allopathy, whatever it is. Sir, at least for the sake of Homoeopathy, those who are interested and those who are competent to deal with the matter, should be taken in the Council. This is my submission.

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার, স্যার, আমি প্রথমেই এই ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন বিল আনবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এবং পশ্চিমবাংলা সরকারকে অভিনন্দন জানাচ্ছি।

এই বিলটির জন্য বহুদিন ধরে অনেকেই প্রতীক্ষা করে আসছে এবং একটা দাবীও করে আসছে যে পশ্চিমবাংলায় হোমিওপ্যাথিক চিকিৎসা যাতে সুষ্ঠুভাবে চলতে পারে এবং এর উৎকর্ষতা আরও যাতে বাড়ে ও আইনের চক্ষে যাতে স্বীকৃতি পায় তার দাবী বহুদিন থেকে অনেকে করে আসছে। এই বিলের মধ্যে হয়ত কিছু ত্রুটিবিচ্যুতি রয়ে গিয়েছে। কিন্তু সেগুলি থাকা সত্ত্বেও আজকে পশ্চিম বাংলার বিধানসভায় সর্বপ্রথম হোমিওপ্যাথিক চিকিৎসা স্বীকৃতি পাচ্ছে, এটা নিশ্চয় সারা বাংলাদেশে হোমিওপ্যাথিক চিকিৎসক বা যাঁরা এই চিকিৎসা লাভ করছেন বা এই চিকিৎসায় যাঁদের বিশ্বাস রয়েছে, তাঁরা সকলেই নিশ্চয় খুব আনন্দিত হবেন। আমি বেশী কিছু এ সম্বন্ধে বলবো না। আমি শুধু একটা জিনিসের জন্য মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে জয়েন্ট কমিটিতে এই সম্পর্কে যখন আলাপ, আলোচনা হবে তিনি এই বিলের বিশেষ একটি সিডিউল-এ বলেছেন যে যারা ১০ বছর বা তার অধিক সময় হোমিওপ্যাথিক চিকিৎসার কাজ চালিয়েছেন, তাঁরাও আইনসঙ্গতভাবে এই আইন অনুযায়ী চিকিৎসক হিসাবে স্বীকৃতি পাবেন। আমি এখানে বলতে চাই যে যারা দশ বছরের কম সময় এই চিকিৎসা

করছেন, অর্থাৎ হয়ত তিন-চার বছর মাত্র চিকিৎসা করছেন, এইরকম আমরা দেখেছি তাঁরা খুব নিষ্ঠার সংগে চিকিৎসা করছেন, পড়াশুনা করছেন, তার ফলে তাঁরা বহু ডিপ্লোমা প্রাপ্ত যে সকল চিকিৎসক রয়েছেন তাঁদের চেয়েও তাঁরা বেশী যোগ্যতা অর্জন করেছেন। সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, এই দশ বৎসর সময়টা কমিয়ে দিয়ে যদি তিনি ছয় বছর করেন, অর্থাৎ কম পক্ষে ছয় বছর বা তার চেয়ে বেশী সময় যারা এই চিকিৎসা চালিয়েছেন, তাদেরকে এই আইন অনুযায়ী চিকিৎসক হিসাবে স্বীকার করা হবে।

দ্বিতীয় কথা হচ্ছে যারা হোমিওপ্যাথিক চিকিৎসায় চিকিৎসিত হয়েছেন, হোমিওপ্যাথিক ঔষধপত্র খেয়েছেন এবং এর ফলে হয়ত যারা অসুখের সময় অফিসে যেতে পারেন নি বা কেউ কোর্টে হাজির হতে পারেন নি, কিন্তু এ যাবৎ তার হোমিওপ্যাথিক চিকিৎসা হওয়া সত্ত্বেও, তার মেডিক্যাল সার্টিফিকেটগুলি কোর্টে বা অফিসে স্বীকার হতো না, যার ফলে হোমিওপ্যাথিক ঔষধ খাওয়ার পরে, বাধ্য হয়ে এলোপ্যাথিক ডাক্তারদের দু-এক টাকা দিয়ে, তাদের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে কোর্টে প্রোডিউস করতে হত এবং অফিসগুলিতেও প্রোডিউস করতে হত।

আজও হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থার অবস্থা এই যে হোমিওপ্যাথিক চিকিৎসকের মেডিক্যাল সার্টিফিকেট কোর্টে বা অফিসে স্বীকার করে নেওয়া হয় না, যার ফলে অনেককে হোমিওপ্যাথিক ওষুধ খাওয়ার পরে বাধ্য হয়ে এ্যালোপ্যাথিক ডাক্তারকে দুই পয়সা দিয়ে তাদের দেওয়া সার্টিফিকেট কোর্টে প্রোডিউস করতে হত বা অফিসে প্রোডিউস করতে হত। এই যে মিথ্যার আশ্রয় নেওয়া হত এই আইনটি হওয়ার ফলে এরকম করতে হবে না। মাননীয় মন্ত্রি-মহাশয় যে আইন এনেছেন তাতে হোমিওপ্যাথিতে যারা চিকিৎসিত হবেন তাদের হোমিওপ্যাথিক ডাক্তারের কাছ থেকে সার্টিফিকেট আনলে সেটা স্বীকৃত হবে। এই সংগে সংগে আর একটি জিনিসের প্রতি আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এমনি আর একটি বিষয় রয়েছে, আর একটি চিকিৎসা পদ্ধতি সম্পর্কে উৎকণ্ঠার কারণ রয়েছে, সেটা হচ্ছে আয়ুর্বেদিক চিকিৎসা। গ্রামাঞ্চলে এটা এখনও প্রচুর পরিমাণে রয়েছে। ভারতবর্ষের আদি চিকিৎসা হল এই আয়ুর্বেদিক চিকিৎসা। আজকে সরকার যখন অগ্রণী হয়েছেন হোমিওপ্যাথিক চিকিৎসা যাতে ভালভাবে গড়ে উঠতে পারে, তার উৎকর্ষতা বাড়ে, তখন আমাদের জিনিস ভারত-বর্ষের আদিম চিকিৎসা পদ্ধতি ভারতবর্ষের নিজস্ব চিকিৎসা পদ্ধতি যে আয়ুর্বেদ, একে যাতে গড়ে তোলা যায়, একে একটা ফ্যাকালটির মধ্যে এনে একে যাতে লিগ্যালাইজ করা যায় এটা হোমিওপ্যাথিক ডাক্তারের সার্টিফিকেট-এর মত কোর্টে বা অফিসে স্বীকৃত হয় তার ব্যবস্থা করা দরকার। মেডিক্যাল সার্টিফিকেট-এর ক্ষেত্রে আয়ুর্বেদ আজও অপাঙক্তেয়। আয়ুর্বেদ চিকিৎসা হওয়া সত্ত্বেও আয়ুর্বেদের কোন সার্টিফিকেট যদি অফিসে বা কোর্টে দেওয়া হয় তা স্বীকৃতি পায় না। সেজন্য বলছি আয়ুর্বেদের ক্ষেত্রে যাতে এই সুযোগ থাকে তার ব্যবস্থা করবেন।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয়, ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন বিল, ১৯৬৩, এটা এসেছে এবং মন্ত্রীসভার পক্ষ থেকে যিনি এটা এনেছেন, ডঃ গুহ, তাকে আমি প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি, শুধু তাই নয়, স্যার, আমরা আরও ধন্যবাদ জানাচ্ছি সেই অনাগত পিণ্ডিটিকে, যার এখনও জন্ম হয় নি, অর্থাৎ যেটা এখন সিলেক্ট কমিটিতে গেল তাকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাতে গিয়ে এই কথা জানাচ্ছি—এই বিলের যিনি বিশ্বকর্মা, ডাঃ গুহ, তাকে একথা স্মরণ করিয়ে দিচ্ছি যে বিশ্বকর্মা যেমন অনেক ভাল ভাল জিনিস করেছেন তেমনি আবার সেই বিশ্বকর্মার হাতে চামচিকেও সৃষ্ট হয়েছে—তাই বলছি তাঁর হাতে যেন শেষ পর্যন্ত এই বিলটা চামচিকের রূপ গ্রহণ না করে—এই অনুরোধ জানিয়ে রাখছি। এই বিলটা অনেক দিন আগেই আসা উচিত ছিল। আমার মনে আছে আমরা যখন কলেজে পড়ি তখন যারা কংগ্রেসের নেতা ছিলেন তারা এই নিয়ে অনেকবার বলেছেন, এই হাউস-এ বলেছেন এবং তখন ব্রিটিশ গভর্নমেন্ট হোমিওপ্যাথিকে নস্যাৎ করে দিয়েছেন এবং এ্যালোপ্যাথিকে তুলে ধরেছিলেন:

[2—2-10 p.m.]

আমরা আশা করেছিলাম এর সঙ্গে সঙ্গে এই নেগলেকটেড সেক্টরগুলো তাড়াতাড়ি তাদের মর্যাদা ফিরে পাবে। যাই হোক, এতদিন হয় নি, সেজন্য আর ক্ষোভ নাই, এখন হতে যাচ্ছে এইটাই আমরা দেখতে পাচ্ছি। এখানে একটা কথা—হোমিওপ্যাথি হচ্ছে দরিদ্রের বন্ধু; দরিদ্র মানুষ আজ চিকিৎসা পাচ্ছে, আমি দেখেছি গ্রামে গ্রামে দরিদ্র মানুষ চিকিৎসা পাচ্ছে—এইসমস্ত হোমিওপ্যাথী ডাক্তার যাদেরকে সাধারণতঃ কোয়াক বলা হয় তাঁদের হাতে তারা বাঁচছে। এই দরিদ্রের বন্ধু হোমিওপ্যাথিকে আজকে যে মর্যাদা দেওয়ার ব্যবস্থা হচ্ছে সেটা স্বভাবতই আমাদের কাছে আনন্দের বিষয়। কিন্তু এখানে একটা কথা আমি ডাঃ গুহের কাছে রাখতে চাই, আপনার মাধ্যমে, হোমিওপ্যাথির একটা এলাইড সাবজেক্ট হচ্ছে বায়োকেমিক, সেটাও যাতে এর পারভিউর মধ্যে নিয়ে আসা যায় সেরকম ব্যবস্থা করা উচিত ছিল বলে মনে করি, কারণ হোমিওপ্যাথি আর বায়োকেমিক সমগোত্রীয়, আমি যতদূর জানি, আমার মনে হয় হোমিওপ্যাথির সঙ্গে বায়োকেমিক চিকিৎসারও একটা ব্যবস্থা করা উচিত। আজকে স্যার, দেশের অবস্থা যা, গভর্নমেন্টের হাতে টাকা নাই, একথা আমরা শুনি, এবং আমরা দেখছি যে এখন পর্যন্ত যেভাবে চিকিৎসালয় হেলথ সেন্টার খোলার পরিকল্পনা এবং সরঞ্জাম হচ্ছে তাতে বহু বৎসর লাগবে সমস্ত গ্রাম কভার করতে, তার কারণ নানা অসুবিধা রয়েছে, অনেক রকম ফ্যাক্টর আছে—কিন্তু একটা জিনিস আমি বুঝতে পারি না, যখন দেশের লোককে অন্তত কিছুটা চিকিৎসার সুযোগ দেবার জন্য হোমিওপ্যাথিকে ফ্যাকাল্টির মর্যাদা দিতে যাচ্ছেন তখন বিভিন্ন গ্রামে এক একটা হোমিওপ্যাথি দাতব্য চিকিৎসালয় খোলার পরিকল্পনা নিলে ভাল হয় কিনা, অন্ততঃপক্ষে আমাদের ৩৩ হাজার গ্রামের প্রতিটি মানুষকে চিকিৎসার সুযোগ, এলিমেন্টারী চিকিৎসার সুযোগ দেওয়া যায় কিনা হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় খুলে, তার জন্য হিউজ এমাউন্ট লাগবে বলে মনে হয় না, এবং প্রতি থানায় থানায় এই পরিকল্পনায় হোমিওপ্যাথিক ক্লিনিক্যাল ল্যাবরেটরী খুললে আরো সুবিধা হবে—এদিকেও চিন্তা করা উচিত। আরেকটা কথা, স্যার, সরকার প্রত্যেকটা জিনিস তাঁর কন্ট্রোল-এ রাখেন; কোন জিনিস করতে গেলে ও'রা চেয়ে দেখেন আমার পজিসন ঠিক আছে কিনা, সেদিক থেকে সরকারের যা চিন্তা সেটা হল তাঁরা কাউকে ঢুকতে দেবেন না—এদিক দিয়ে এই মন্ত্রিসভার বাহাদুরী আছে। তাঁরা একটা জয়েন্ট কমিটি করেছেন। আমি একটা জিনিস বুঝতে পারছি না, গণতন্ত্রে একটা পার্টি আছে, গণতন্ত্র মাইনাস পার্টি হয় না। ভারতের অন্যতম বৃহৎ পার্টি, প্রজা সোস্যালিস্ট পার্টির কোন মেম্বার নেওয়া হয় নি, অন্তত এই হাউসে নেওয়া হয় নি—সেদিক থেকে আমি বলব, সমস্ত পার্টির তরফ থেকে, বিশেষ করে আমি একথা বলতে চাই সমস্ত পার্টির তরফ থেকে তাঁদের ভিউ বলবার সুযোগ দেওয়া উচিত, তা না হলে গণতন্ত্র বিকল হতে যাচ্ছে, এবং গণতন্ত্র বিকল হবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Jagannath Kolay:

নরেনবাবু আছেন ঐ হাউসের।

Dr. Anath Bandhu Ray: Mr. Speaker, Sir, while supporting the motion of Dr. Probodh Kumar Guha, I would like to make a few observations on the necessity of the Homoeopathic system.

Since the introduction of Homoeopathy by the great sage Dr. Hahnemann it is gaining popularity in many countries in the world. The theory is "Similia Similibus Curenter" has been accepted by the keenest observers, more so by the intuitive introspection into the effects of minutest ingredients in suitable form on the human system. Homoeopathic system of medicine has been prevalent in our country for centuries together. In spite of the despise and neglect under the foreign rule Homoeopathy has again spread specially in our State and has gained considerable momentum. The truth inherent in this system has been upheld by men of great eminence in different ages whose names will go down in history as the greatest benefactors of mankind. Cases are on record where miraculous effects have

been obtained, while under the prevailing system it has failed to produce the desired effect.

Sir, lovers of Homoeopathy have so long craved and made movements with ardent desire to have a proper status for Homoeopathy in its own spirit. Truly qualified persons in Homoeopathy have saved this science by adopting the theory and practice in spite of its pollution by intruders with little knowledge of the real system of Homoeopathy.

Sir, it is in the fitness of things that a Bill has been brought forward. This has long been overdue and with the enactment it will give proper status to this great science of Medicine and will enable its further popularity in the hands of the qualified medical men to foster its further progress with rapid strides for the benefit of the suffering humanity. In this hour of National Emergency prevailing in our country the recognition of the system of Medicine will relieve the burden of responsibility on the Government for the treatment of ailing humanity and will lead to a considerable economic help for our country which will be an asset for the society.

Sir, this Bill is welcome at a critical juncture like this and the speedy implementation of this system will enable the further progress of Homoeopathy.

Sir, I again support the motion moved by Dr. Probodh Kumar Guha.

Thank you.

Shri Nepal Chandra Roy:

আমার বক্তব্য এই বিলের উপর খুব.. ....

Shri Sailendra Nath Adhikary: On a point of order, Sir. He has not addressed you as "Mr. Speaker". Whether he is lecturing in the maidan or in the Legislative Assembly?

Shri Nepal Chandra Roy:

আই এম সরি স্যার, মিঃ স্পীকার, স্যার, আমার বক্তব্য এই বিলের উপর খুব সামান্য। বাস্তব অভিজ্ঞতা আমার যতটুকু হয়েছে, কলকাতা শহরে বাস করে তাতে আমি দেখেছি যে, এক ভদ্রলোক ওকালতি করেন, সন্ধ্যার পরে তিনি হোমিওপ্যাথি করেন—তিনি একটা বাক্স কিনে রেখেছেন, ওকালতিতে তাঁর পয়সা হয় না, হোমিওপ্যাথিতে দু'চার পয়সা হয়, ওকালতিও চালাচ্ছেন, হোমিওপ্যাথি ডাক্তারীও চালাচ্ছেন। আবার এমনও দেখা যায়, এক দিকে অধ্যাপকগিরি চালাচ্ছেন, অপরদিকে হোমিওপ্যাথি করছেন, একদিকে ট্যাক্সী চালাচ্ছেন, আবার সন্ধ্যার পরে হোমিওপ্যাথি চিকিৎসা করছেন।

[2-10—2-22 p.m.]

স্যার, আমার এলাকা বড়বাজার-জোড়াবাগান এলাকায় এর একটা অপূর্ব সমাবেশ হয়েছে। আগের দিনে লোকে বলত লেখাপড়া শিখিসনি যখন দারোগাগিরি করগে যা, এখন হচ্ছে যে লেখাপড়া না শিখলে হোমিওপ্যাথি ডাক্তারী করগে যা। এটা অবশ্য গত মহাযুদ্ধের সময় হয়েছে এবং এ জিনিসটা আমরা দেখতে পাচ্ছি যে কোলকাতার বুকে রাতারাতি হোমিওপ্যাথি ডাক্তার বেড়ে গেল। সেজন্য এদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলটা আমি পড়িনি

[হাস্য]

সত্য কথা বললেও অন্যায় হয়। সেজন্য বলছি যে এই বিলের মধ্য দিয়ে যেন সেইরকম লোকের অনুপ্রবেশ না হয়। আমার আর এস পি বন্ধু শ্রীনাথানিয়েল মুর্মু একটু আগে বললেন যে ১০ বছরের প্র্যাকটিস না থাকলে এবং ১০ বছরের প্র্যাকটিস রয়েছে—৩ বছর যদি প্র্যাকটিস ভালভাবে করে যান তাহলে তাকে যেন দেওয়া হয়। আমি মুর্মু মহাশয়কে অনুরোধ করব যে হয়ত শতকরা ২-১ জন পাবেন—৩ বছর কেন, ভাল ছেলে যারা হয় তাদের এক বছরেই বোঝা যাবে। স্কলারশিপ হাজার ছেলের মধ্যে একজনই স্কলারশিপ পায়—সবাই পায় না। এই দৃষ্টিভঙ্গী নিয়ে ৩ বছর প্র্যাকটিস করছেন তাদের যদি হোমিওপ্যাথি ডাক্তার করে দিই তাহলে তিনি হবেন "শতমারী ভবেৎ বৈদ্য"। অর্থাৎ হাজার লোক মেরে বৈদ্য হবেন। সেই স্কোপ যেন আমরা না দিই। কারণ দেশের গরীব মানুষ হোমিওপ্যাথিতে বিশ্বাস করেন। তাদের কোন উপকার নেই. তারা বিশ্বাস করতে বাধ্য হয়। কারণ বেশী পয়সা দিয়ে ওষুধ কিনে খাবার উপায় নেই। আমি জীবনে হোমিওপ্যাথির উপর বিশ্বাস করিনি। আমি কোনদিন হোমিওপ্যাথিক ওষুধ খাইনা। কিন্তু আমার যদি পয়সা না থাকত তাহলে আমাকে আমার ছেলেপিলেদের ও আমার পরিবারকে নিয়ে হোমিওপ্যাথি ডাক্তারের কাছে যেতে হোত। কিন্তু যেহেতু পয়সা নেই সেহেতু একটা কোয়াক-এর হাতে আমি মরব সেটা যেন না হয়। অন্ততঃ লেখাপড়ায় মিনিমাম কোয়ালিফিকেশন ম্যাট্রিকুলেশন যদি এর মধ্যে থাকে এবং তারপর যারা আমাদের আইন অনুযায়ী ডাক্তারী পাশ করে যদি প্র্যাকটিস করেন তাহলে তাতে আমাদের সমাজের কল্যাণ হবে। কিন্তু কিছু মানুষকে দিয়ে যদি আমরা দল বাড়াবার জন্য চেষ্টা করি, তাহলে ভাল হবে না। একজন বলবে কংগ্রেস, একজন বলবে পি এস পি, আর একজন বলবে আর এস পি দল বাড়াবার জন্য হয়ত আর এস পি-র একজন নেতা তিনি হোমিওপ্যাথি প্র্যাকটিস করেন—যেমন আমাদের এখানে ডাঃ জ্ঞান মজুমদার মহাশয় ছিলেন, তিনি য়্যালোপ্যাথি ছিলেন, হোমিওপ্যাথিও ছিলেন এবং তিনি য়্যালোপ্যাথি ছেড়ে দিয়ে হোমিওপ্যাথি প্র্যাকটিস করছেন। এইরকম আমাদের মধ্যে কেউ আছেন কিনা জানি না। তবে অনেকে আমার বন্ধু ডাঃ রাধাকৃষ্ণ পালের কথা অনেকে বলেন--আমি তাঁর সম্বন্ধে আলোচনা করতে চাই না, তিনি হোমিওপ্যাথি না য়্যালোপ্যাথি তা আমি জানি না—তবে এরা ঠাট্টা করে বলে যে ডাঃ রাধাকৃষ্ণ পাল ন্যাক হোমিওপ্যাথি। এসবগুলি মন্ত্রিমহাশয়ের সামনে রাখছি বিচারের জন্য, যাতে করে এগুলি আমরা অ্যাভয়েড করতে পারি। কারণ নীরেট লোক শুধু নাক্স-ভোমিকা, পালসেটিল্লার নাম শুনেছে, সে নিয়েই কলেরাতেও পালসেটিলা, আবার ম্যালেরিয়াতেও পালসেটিল্লা দেবে, সেটা যেন না হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananga Mohan Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের উপরে আমি সিলেক্ট কমিটির মেম্বার হিসাবে ২-১টা কথা বলব। এখানে যেসমস্ত মাননীয় সভ্যগণ বক্তৃতা দিলেন তাঁরা কেউ হোমিওপ্যাথিক কাউন্সিলের সভ্য নন। হোমিওপ্যাথিক কাউন্সিলের ২ জন মেম্বার আমরা এখানে আছি—অবনীবাবু এবং আমি আছি। অবনীবাবু মনোনীত সদস্য; আমি রেজিস্টার্ড ডাক্তারদের ভোটে নির্বাচিত সদস্য। কাজেই হোমিওপ্যাথি সম্বন্ধে আমাদের যতখানি আগ্রহ এবং গভর্নমেন্ট সমর্থন না হওয়ার জন্য কি অসুবিধায় পড়েছি তা আমরা যতটা উপলব্ধি করছি অন্যেরা ততখানি হয়ত উপলব্ধি করতে পারেন না। তবে আনন্দের বিষয় যে এখানে মাননীয় সদস্যগণ সকলেই হোমিওপ্যাথি সম্বন্ধে বহু কথা বলেছেন এবং তাঁরা যে তাড়াতাড়ি এই আইন পাশ করতে চান এজন্য আমরা সুখী হলাম। আমার কথা হচ্ছে যে, বাংলাদেশে শতকরা ৮০ জন লোক হোমিওপ্যাথিতে চিকিৎসা করান। আমরা গ্রামাঞ্চলে দেখেছি বিভিন্ন বড় বড় যাঁরা ডাক্তার আছেন, শহরে যাঁরা বিভিন্ন সময়ে য়্যালোপ্যাথি চিকিৎসা গ্রহণ করেন বা চিকিৎসা করান তাঁদের বাড়িতেও হোমিওপ্যাথি চিকিৎসা হচ্ছে। অথচ অদৃষ্টের পরিহাস যে হোমিওপ্যাথি আজ পর্যন্ত আমাদের বাংলাদেশে সরকারী সমর্থন পায়নি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে, স্টেট-এ হোমিওপ্যাথি সমর্থন পেয়েছে। সেখানে হোমিওপ্যাথি সমপর্যায়ে চলছে। পাশ্চাত্য দেশের মধ্যে আমরা দেখতে পাই কিম্বা যেসমস্ত আধুনিক সভ্য দেশ বা যেসমস্ত জাত আছে তাদের মধ্যে আমেরিকা, জার্মানী এবং বৃটেনে হোমিওপ্যাথিতে যথার্থ সমর্থন রয়েছে। অথচ আমরা বাংলাদেশে কিছু করে উঠতে পারছিলাম না। ভারতবর্ষের মধ্যে প্রথমে বাংলাদেশে হোমিওপ্যাথির উৎপত্তি হয়

এবং বাংলাদেশে হোমিওপ্যাথির প্রসার বেশী হয়। এই বাংলাদেশে আমরা বহুদিন ধরে চেষ্টা করে দেখলাম যাতে সরকারের কাছ থেকে আমরা সমর্থন পাই—তা পাইনি। এটা খুব আনন্দের কথা এবং আমরা মন্ত্রিমহাশয়কে খুব ধন্যবাদ দিচ্ছি যে তিনি আমাদের কাছে এই আইনটা এনেছেন। আইনের মধ্যে কিছু ত্রুটি আছে, সেইসমস্ত ত্রুটি আমরা সিলেক্ট কমিটিতে বসে ঠিক করব। কাজেই আমি আমার বন্ধুদের বলছি যে আইনের ত্রুটি নিয়ে বেশী আলোচনা না করে এটা সিলেক্ট কমিটির উপর ছেড়ে দিন এবং তারপর আমরা সমস্ত আলোচনা করব। এই কথা বলে আমি এই মোশান সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

The Hon'ble Dr. Prabodh Kumar Guha:

মাননীয় স্পীকার স্যার, মাননীয় সভ্যরা যেসমস্ত কথা বলেছেন আমাদের যখন জয়েন্ট কমিটি হবে তখন এই জিনিসগুলি আমরা সমস্ত জয়েন্ট কমিটির কাছে দেব এবং তাঁরা এ বিষয়ে স্থির করবেন কি করা উচিত, না উচিত। শুধু ২-৩টি পয়েন্টের আমার উত্তর দেওয়া উচিত, সেজন্য আমি ২-৩টি পয়েন্ট বলব। আমি বিশেষ দুঃখের সঙ্গে বলছি যে আমরা অনেক ভেবেচিন্তে এর যে জয়েন্ট কমিটি করেছি তাতে কংগ্রেস থেকে মাত্র ৯ জন এবং আমাদের অপজিশন থেকে—২টা হাউস থেকে ৫ জন নেওয়া হয়েছে। ৯ জন কংগ্রেস থেকে, ৫ জন অপজিশন থেকে এবং পি এস পি-র যিনি মেম্বার আছেন তিনিও হাউস থেকে কাউন্সিল থেকে অল রেডি ইলেকটেড হয়েছেন। সুতরাং তা সত্ত্বেও পি এস পি থেকে রিপ্রেজেন্টেটিভ নেওয়া হয়নি এটা বলতে আমার মনে দুঃখ দিয়েছে। কংগ্রেসের অনেক প্রাপ্য ছিল, তা সত্ত্বেও আমরা মাত্র ৯ জন কংগ্রেসকে নিয়েছি এবং অপজিশন পার্টি থেকে এই কমিটিতে মাত্র ৫ জন নিয়েছি। নেক্সট পয়েন্ট, নমিনেটেড বডি প্রথম হয়। আমাদের মাননীয় বিজয়বাবু যা বলছেন তাতে বলব যে যতগুলি মেডিক্যাল কাউন্সিল হোক, অ্যালোপ্যাথি হোক, কবিরাজী হোক, হোমিওপ্যাথি হোক, নার্সিং কাউন্সিল হোক, ডেন্টাল কাউন্সিল হোক, প্রথমে যে কোন অ্যাক্ট হয় তাতে প্রথমে যে কাউন্সিল হয় তা বরাবরই নমিনেটেড হয়। এই অ্যাসেম্বলী থেকে যতগুলি অ্যাক্ট করেছেন ১৯১৪ থেকে আপাততঃ সমস্তগুলির প্রথম বডির সমস্ত মেম্বার নমিনেটেড হয়। আমাদের অ্যাসেম্বলীর এই নিয়ম এটা আমি মনে করিয়ে দিচ্ছি এবং এই নমিনেটেড-এর সংখ্যা বেশী হবে। আমাদের অ্যাসেম্বলীতে আয়ুর্বেদ বিল যেটা পাশ হয়েছিল তার কিছু অদলবদল করে এর কনস্টিটিউশন ঠিক করা হয়েছে এবং সেখানে অনেক নমিনেটেড মেম্বার আছে। সেটাও আমাদের অ্যাসেম্বলী থেকে পাশ হয়েছিল। আর একটা কথা, মাননীয় সভ্য মুর্মু মহাশয় বলেছেন যে আয়ুর্বেদিক যাঁরা এখন আছেন তাঁদের সার্টিফিকেট দেবার ক্ষমতা নেই। এটা সত্য নয়। তাঁরা সার্টিফিকেট দিতে পারেন, তবে যাঁরা এমপ্লয়ার তাঁরা সেই সার্টিফিকেট দিলে যে তারা একসেপ্ট করবেন তা নয়। এমন কি সব অ্যালোপ্যাথিক সার্টিফিকেট সব এমপ্লয়ার একসেপ্ট করেন না। সেজন্য সে বিষয়ে সরকারের দায়িত্ব একটু কম। যদি বলেন যে সরকারী অফিস নেয় না, তবে সে সম্বন্ধে আমরা সংবাদ নিতে পারি। (এ ভয়েসঃ কোর্ট যদি না নেয়?) স্ট্যাটুটরী বডি সম্বন্ধে আমরা কিছু বলতে পারব না। কোর্ট সম্বন্ধেও আমরা কিছু বলতে পারব না। আমাদের সরকারী দপ্তরের ক্লাস ফোর এমপ্লয়ীর ব্যাপারে একটা অর্ডার আছে বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল যেমন অ্যালোপ্যাথিক ডাক্তারদের জন্য যেরকম অর্ডার অন্যান্য আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি হলে সেইরকম অর্ডার আছে। এ ছাড়া আমাদের সরকারের অন্য কোন দায়িত্ব নেই। কিন্তু কোর্ট নেবে কিনা, কিম্বা অন্য কোন এমপ্লয়ার নেবে কিনা সেরকম দায়িত্ব আমাদের কিছু নেই। এর উপর আমার আর কিছু বলবার নেই—অন্য মাননীয় সদস্যরা যা বলেছেন তা সবই আমরা জয়েন্ট কমিটির কাছে দেব।

The motion of the Hon'ble Dr. Prabodh Kumar Guha that this House concurs in the recommendation of the Legislative Council that the Legislative Assembly do join in the Joint Committee of the Houses on the Bill to provide for the development of the Homoeopathic system of medicine, to regulate the teaching and practice thereof and to deal with certain other

connected matters, introduced in the Council as the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963, on the 2nd April, 1963, and resolves that the following Members of the Assembly be appointed to serve on the said Joint Committee, namely:—

(1) Shri Bimalananda Tarkatirtha,
(2) Dr. Narayan Chandra Ray,
(3) Shri Asoke Krishna Dutta,
(4) Shri Nikhil Das,
(5) Shri Abani Kumar Basu,
(6) Shri Amarendra Roy Prodhan,
(7) Shri Ananga Mohan Das,
(8) Sm. Santi Das,
(9) Shri Abul Hashem, and
(10) Dr. Prabodh Kumar Guha (mover).

was then put and agreed to.

Report of the Public Accounts Committee

Shri Nepal Chandra Roy:

অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমি বলছি পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট যখন আমরা পাই নি, এর অ্যাপেনডিক্স যখন নেই, তখন আমি মনে করি এর ডিসকাসান এখন হতে পারে না।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, এর কোন অ্যাপেনডিক্স নেই, এ সত্ত্বেও সরকার পক্ষ থেকে যদি আলোচনা করতে রাজি থাকেন, তাহলে হতে পারে।

Mr. Speaker:

যখন অ্যাপেনডিক্স পান নি, তখন

With the permission of the House, I am adjourning this matter.

Adjournment

The House was then adjourned at 2-22 p.m. till 12 noon on Friday the 5th April, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 5th April, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The HON'BLE KESHAB CHANDRA BASU) in the Chair, 11 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State, 6 Deputy Ministers and 160 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

12—12-10 p.m.]

Anchals under Gangarampur police-station

***197.** (Admitted question No. *1167.) **Shri Mangla Kisku:** স্বায়ত্ত-শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার অন্তর্গত গঙ্গারামপুর থানায় কতগুলি অঞ্চল আছে;

(খ) ইহা কি সত্য যে উক্ত থানার অন্তর্গত বেলবাড়ী ও সুখদেবপুর অঞ্চল প্রধান ও উপ-প্রধানদিগকে অপসারণের আদেশ দেওয়া হইয়াছিল; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) দশটি।

(খ) সুখদেবপুর এবং বেলবাড়ী অঞ্চল পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান অপসৃত হইয়াছেন। সুখদেব অঞ্চল সম্পর্কে অপসারণের আদেশ দেওয়া হইয়াছিল; কিন্তু বেলবাড়ী অঞ্চল পঞ্চায়েত সম্পর্কে কোন আদেশ দেওয়ার প্রয়োজন হয় নাই।

(গ) সুখদেবপুর অঞ্চল পঞ্চায়েতের অর্ধেকের বেশী এবং দুই-তৃতীয়াংশের সামান্য কম সদস্য উক্ত অঞ্চল পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাস করায় এবং তাহাদের বিরুদ্ধে রাষ্ট্রবিরোধী কার্যকলাপের অভিযোগ থাকায় পশ্চিমবঙ্গীয় পঞ্চায়েত আইনের ১৮ এবং ৬৮ ধারা অনুসারে উক্ত প্রধান ও উপপ্রধানকে অপসারণের আদেশ দেওয়া হয়। কিন্তু বেলবাড়ী অঞ্চল পঞ্চায়েতের ক্ষেত্রে দুই-তৃতীয়াংশের অধিক সভ্য প্রধান ও উপপ্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাস করায় পঞ্চায়েত আইনের উক্ত ধারা অনুসারে তাঁহারা অপসৃত হইয়াছেন।

Dr. Golam Yazdani:

এই যে বললেন সুখদেবপুরে এখনো অপসারিত হয় নাই, কিন্তু অপসারণের আদেশ দেওয়া হয়েছে—কোন টাইম লিমিট দেওয়া হয়েছে কি যে এতদিনের মধ্যে ভেকেট করে দেওয়া হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি তো বললাম আইন হচ্ছে যেখানে টু-থার্ড মেজরিটিতে পাস হয় না, সেখানে আদেশ দেওয়ার প্রয়োজন আছে। আর যেখানে টু-থার্ড মেজরিটিতে পাস হয়, সেখানে অটোমেটিক্যালি রিমুভাল হয়। সেখানে অটোমেটিক হয়নি—টু-থার্ড মেজরিটি হয়নি বলে আদেশ দেওয়া হয়েছে পঞ্চায়েত আইন অনুসারে।

Dr. Golam Yazdani:

এটা তো আমি বুঝতে পেরেছি—আমার সাপ্লিমেন্টারী তা নয়. আমি জিজ্ঞাসা করছি অটোমেটিক বেলবাড়ীতে হয়ে যাচ্ছে পঞ্চায়েত আইন অনুসারে; কিন্তু সুখদেবপুরে তা হয় নাই তার জন্য কর্তৃপক্ষকে আদেশ দিতে হয়েছে, আমার প্রশ্ন হচ্ছে কোন টাইম লিমিট করে দেওয়া হয়েছে কি যে এতদিনের মধ্যে পোস্ট ভ্যাকান্ট করবে, চার্জ হ্যান্ডওভার করে দিতে হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না, তা দেওয়া হয় নাই।

Dr. Golam Yazdani:

সুখদেবপুরে আদেশ দেওয়া হয়েছে, দেশদ্রোহীর অভিযোগ করা হয়েছে। কিন্তু বেলবাড়ীতে কি কারণ দেখিয়ে নো-কনফিডেন্স আনা হয়েছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

তা জানাবার প্রয়োজন নাই টু-থার্ড মেজরিটিতে পাস হওয়ায় অটোমেটিক রিমোভ্যাল হয়েছে।

Realisation of loans from the refugees

***198.** (Admitted question No. *1192.) **Shri Mahananda Haldar:** উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জিলায় উদ্বাস্তুগণের নিকট হইতে এযাবৎ সার্টিফিকেট জারী দ্বারা ঋণের কত টাকা আদায় হইয়াছে;

(খ) উহার মধ্যে কত টাকা শহরবাসী ও কত টাকা পল্লীবাসী উদ্বাস্তুগণের নিকট হইতে আদায় হইয়াছে;

(গ) সরকার কি শহর ও পল্লীবাসী অপারগ উদ্বাস্তুগণের নিকট হইতে ঋণ আদায় বন্ধ রাখিবার জন্য ও সার্টিফিকেট জারী তুলিয়া লইবার জন্য বিবেচনা করিতেছেন?

The Hon'ble Abha Maiti:

(ক) ১,৭৪,৮২৬ টাকা ৬৯ নয়া পয়সা।

(খ) শহরাঞ্চল হইতে ৯১,৬৬৯ টাকা ৪৩ নয়া পয়সা; পল্লী-অঞ্চল হইতে ৮৩,১৫৭ টাকা ২৬ নয়া পয়সা।

(গ) না। তবে অসমর্থ উদ্বাস্তু খাতকগণকে অনর্থক বিব্রত করিবার কোন ইচ্ছা সরকারের নাই এবং সেইমত নির্দেশ দেওয়া আছে।

Shri Birendra Narayan Ray:

সরকার কি জানেন, জোর করে টাকা আদায় করা হচ্ছে?

The Hon'ble Abha Maiti:

না। এইরকম কোন ঘটনার কথা আমার কাছে আসে নি।

Messrs. India Foils Ltd. of Kamarhati

***199.** (Admitted question No. *1225.) **Shri Gopal Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of workmen, supervisory and managerial staff on the roll of the factory of Messrs. India Foils Ltd., of Kamarhati on the eve of proclamation of emergency and the number of the same at present;

(b) whether it is a fact that the said company has increased the price of the canteen food-stuffs violating the tripartite agreement, and

(c) whether the Government is aware that the management of the said Company discharged a number of apprentice workmen to their prejudice before the expiry of their term?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) The figures in October, 1962 were 827 permanent workmen, 30 Supervisory Staff and 16 Managerial Staff and on 28th March, 1963, were 827 permanent workmen, 31 Supervisory Staff and 14 Managerial Staff.

(b) The price of foodstuff was increased by 8 nP., from 51 nP. to 59 nP., but this is not in violation of any agreement.

(c) There has been a reduction in the number of apprentices consequent on the fall in the Company's volume of business owing to non-availability of raw materials on account of cut in the Company's import license.

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে ফুড স্টাফের দাম আট নয়া পয়সা বাড়ান হল ক্যান্টিনএ, এর কারণটা কি? কোন কারণ কোম্পানী দিয়েছেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

একটা এগ্রিমেন্ট ছিল কোম্পানী ও ইউনিয়নের সঙ্গে যে, এত দাম থাকবে। তারপর যখন জিনিসের মূল্য বৃদ্ধি হল, ওয়ার্কার্সদের মজুরী বৃদ্ধি হল, এঁরা যা রিপোর্ট আমাদের দিয়েছেন, তাতে আছে দাম বাড়ানোর কথা হয়েছিল। কিন্তু, আগের এগ্রিমেন্ট থাকার দরুণ দাম বাড়ে নি। কোম্পানি আবার ঐ এগ্রিমেন্ট চালু করবার জন্য ইউনিয়নকে বলে, কিন্তু, ইউনিয়ন তাতে রাজী হল না। ১লা নভেম্বর ১৯৬২ সালে সেই এগ্রিমেন্টটা শেষ হয়ে গেল। তারপর কোম্পানি আবার ইউনিয়নকে বলল, আপনারা এই ক্যান্টিন চালান। তাতে ইউনিয়ন রাজী না হওয়ায়, কন্ট্রাক্টর দিয়ে চালাতে গেলে জিনিষের দাম বেশী পড়ে ৫৯ নয়া পয়সা। তারপর একটা রেট ঠিক হয় যে, ৪০ : ৬০ বেসিসএ কোম্পানী এবং ওয়ার্কারদের দিতে হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি বলেছেন, ঐ এগ্রিমেন্টএর পিরিয়ড নভেম্বর মাসে শেষ হয়ে যায়। এগ্রিমেন্ট টার্মিনেট হয়ে যাবার পর, আইনত কোম্পানী ঐ এগ্রিমেন্টকে পুনরায় চালু করবার জন্য কোন নোটিস দিয়েছিলেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটা আমার জানা নেই। তবে আমার কাছে যে নোটটা রয়েছে, তাতে দেখছি—এগ্রিমেন্ট টার্মিনেট হয়ে গিয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি কি জানেন যে, কোম্পানি টার্মিনেশন-এর নোটিস দেন নি এবং যার জন্য বলা হয়েছে এটা বেআইনী হচ্ছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটা আমার জানা নেই।

Rehabilitation of the refugees of Murshidabad district

***200.** (Admitted question No. *1226.) **Shri Birendra Narayan Ray:** উদ্বাস্তু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৬১-৬২ সালে পূর্ব পাকিস্তানের দাঙ্গাপীড়িত যে সকল উদ্বাস্তু ব্যক্তি মুর্শিদাবাদ জেলায় আসিয়া বাস করিতেছেন তাঁহাদেরকে দণ্ডকারণ্যে সুষ্ঠু পুনর্বাসন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

The Hon'ble Abha Maiti:

পূর্ববঙ্গে গোলযোগের দরুন ১৯৬২ সালের এপ্রিল মাসের পরে যেসকল শরণার্থী মুর্শিদাবাদ জেলায় আসিয়াছিলেন তাঁহাদের দণ্ডকারণ্যে পাঠাইবার কোন পরিকল্পনা ভারত সরকার কর্তৃক অদ্যাবধি গৃহীত হয় নাই।

Shri Birendra Narayan Ray:

মালদহের এই শ্রেণীর উদ্বাস্তুকে দণ্ডকারণ্যে পাঠানো হয়েছিল। কিন্তু মুর্শিদাবাদের বেলায় এই রকম কোন পরিকল্পনা নেই কেন?

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্য বোধ হয় জানেন, যখন ১৯৬২ সালে এপ্রিল মে-তে রিফিউজিরা আসতে শুরু করেছিল, তখন আমরা ভারত সরকারের কাছে লিখেছিলাম, তাতে তাঁরা রিফিউজিদের রিহ্যাবিলিটেশনএর জন্য ব্যবস্থা করেন। তখন জেলাওয়ারীর কথা ওঠে নি। সেই সময় মালদহ জেলা হতে রিফিউজিরা আসতে সুরু করেন, মুর্শিদাবাদ জেলা হতেও রিফিউজি আসতে সুরু করেন, এবং সেই সময় যত সাঁওতাল রিফিউজিরা এসেছিল, তার এক অংশ ভারত সরকার দণ্ডকারণ্যে নিয়ে যাবেন, এই কথা তাঁরা বলেছিলেন এবং সেইমত তাঁদের সেখানে পাঠানো হয়েছিল।

[12-10 to 12-20 p.m.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই সমস্ত উদ্বাস্তুদের আপনারা ভারতীয় নাগরিক বলে কি স্বীকার করেন?

Mr. Speaker: That does not arise.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহোদয়া বলবেন কি, এই উদ্বাস্তু যারা এসেছে মুর্শিদাবাদ জেলায় তাদের সংখ্যা কত?

দি অনারেবল আভা মাইতি: মুর্শিদাবাদ জেলায়, আমাদের কাছে যে হিসাব আছে, তাতে প্রায় তিন হাজারের মত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই সংখ্যা কবে নাগাদ, অর্থাৎ কোন্ পর্যন্ত, কোন্ তারিখ পর্যন্ত?

দি অনারেবল আভা মাইতি: আমি তো বলেছি এখন পর্যন্ত, অর্থাৎ আপ টু ডেট।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে উদ্বাস্তু এসেছে তাদের পুনর্বাসনের জন্য কোন ব্যবস্থা করা সম্ভব কিনা, এবং সম্ভব করতে গেলে কি কি করণীয় সে সম্বন্ধে চিন্তা করেছেন কিনা?

দি অনারেবল আভা মাইতি: আমি তো আগেই বলেছি এই উদ্বাস্তু যারা এসেছে, আমাদের রুলস যা রয়েছে, তাতে তাদের উদ্বাস্তু বলে গ্রহণ করা হয় নি। এখন আমাদের দেশে যাতে কোন ব্যক্তি অনাহারে প্রাণ ত্যাগ না করে তার জন্য যে রকম ব্যবস্থা আছে, অর্থাৎ যদি কোন লোক এই রকম দুঃস্থ অবস্থায় পড়ে তা হলে আমাদের জেলা ম্যাজিস্ট্রেটকে বলা আছে যে, তাদের সাধারণ রিলিফের ভিতর দিয়ে খয়রাতি সাহায্য দেবার জন্য। তারাও সেখান থেকে পেতে পারে।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহোদয়া জানাবেন কি, মালদা জেলায় যেসব রেফিউজি এসেছে তাদের দণ্ডকারণ্যে পাঠানো হচ্ছে। মুর্শিদাবাদের লোকেরা যদি মালদা জেলায় আসে তা হলে দণ্ডকারণ্যে নিয়ে যাওয়া হবে কিনা?

মিঃ স্পীকার: দি কোয়েশ্চেন ইজ ভেগ, আপনি সেপারেট কোয়েশ্চেন করুন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই উদ্বাস্তুদের আজ পর্যন্ত কি রকম সাহায্য দেওয়া হয়েছে, কি কি প্রকার সাহায্য দেওয়া হয়েছে?

দি অনারেবল আভা মাইতিঃ আমি আগেই বলেছি, আমাদের জেলা কর্তৃপক্ষের কাছে দুঃস্থ লোকদের সাহায্য দেবার সাধারণভাবে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার দ্বারা এদের সাহায্য করা যেতে পারে। আর এখন পর্যন্ত কি কি সাহায্য দেওয়া হয়েছে তা যদি জানতে চান, তা হলে নোটিশ চাই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় মন্ত্রিমহোদয়া বলেছেন যে, এদের উদ্বাস্তু বলে গণ্য করা হয় নি। এর কারণ কি, ভারতবর্ষের প্রধানমন্ত্রী আপনাদের চিঠি দিয়েছিল যে, এইভাবে যদি উদ্বাস্তু আসতে থাকে এবং তাদের যদি উদ্বাস্তু বলে গণ্য করা হয় তা হলে উই উইল সিঙ্ক, আমরা ডুবব?

দি অনারেবল আভা মাইতিঃ তা আমার জানা নেই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন, তিনি কি অস্বীকার করতে পারেন যে, ভারতের মাননীয় প্রধানমন্ত্রী এই ধরনের চিঠি লেখেন নি?

দি অনারেবল আভা মাইতিঃ আমি বলেছি যে, আমরা এই রকম কিছু পাইনি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ এই যে উদ্বাস্তু এসেছে তার মধ্যে অনেকেই যে সময় রাজসাহী জেলায় ভীষণ দাঙ্গা হয় সেই সময় সমস্ত কিছু হারিয়ে এবং জখম হয়ে এসেছিল এবং যাদের আর ফিরে যাওয়া সম্ভব নয় তাদের রিহ্যাবিলিটেশন বেনিফিট দেবার জন্য পশ্চিমবঙ্গ কেন্দ্রের কাছে দাবী পেশ করেছেন কিনা?

দি অনারেবল আভা মাইতিঃ আমি আগেই বলেছি যখন উদ্বাস্তুরা আসতে সুরু করেছিল তখন আমরা ভারত সরকারকে সমস্ত ঘটনা জানিয়েছিলাম এবং আপনারা জানেন--আমি আগেও এর সম্বন্ধে বলেছি—সাঁওতালদের কিছু অংশ দণ্ডকারণ্যে পাঠিয়েছি এবং তারা আরও কিছু পাঠাবার কথা বলেছিল এবং আমরা পাঠিয়েছিলাম।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ সাঁওতাল এবং সাধারণ উদ্বাস্তুদের মধ্যে শ্রেণী বিভাগ করছেন কেন?

দি অনারেবল আভা মাইতিঃ যখন দণ্ডকারণ্যে পাঠিয়েছিলাম তখন সাঁওতাল রিফিউজিরাই এসেছিল।

Shri Birendra Narayan Ray:

সাঁওতাল রিফিউজি এবং অন্য রিফিউজি এই বলে আপনারা শ্রেণী বিশেষ বাড়িয়ে দিচ্ছেন কেন?

The Hon'ble Abha Maiti:

তখন সাঁওতাল রিফিউজি আসার কথা হয় এবং আপনারও স্মরণ আছে যে, সাঁওতাল রিফিউজিই তখন এসেছিল।

Shri Sailendra Nath Adhikary:

রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে দুটো ক্যাটিগরি ছিল একটা হচ্ছে এগ্রিকালচারিস্টস আর একটা এস টি। যে রিফিউজি এসেছিল তাদেরকে ঠিক সেই ক্যাটিগরিতে না ফেলে সাঁওতাল এবং নন-সাঁওতাল বলে কি ফেলেছেন এবং এই ক্যাটিগরিকে ভাগ করেছেন?

The Hon'ble Abha Maiti:

আমি আপনাকে ঘটনার কথাই বলেছি যে, সাঁওতাল ও নন-সাঁওতালের কোন প্রশ্ন নেই। যখন তারা আসতে শুরু করেছিল রাজসাহী জেলা থেকে সেই সাঁওতাল রিফিউজিরা আসছিল এবং তারা মেনলি এগ্রিকালচারিস্টস। সেজন্য প্রস্তাব করেছিলাম এরা যখন এগ্রিকালচারিস্টস তাদের যাতে দণ্ডকারণ্যে নিয়ে গিয়ে বসতি করিয়ে দেওয়া সম্ভব হয়। তাতে তাঁরা স্বীকারও করেছিলেন এবং একটা সংখ্যাও বেঁধে দিয়েছিলেন। সেই সংখ্যক আমরা পাঠিয়েছি।

Shri Sailendra Nath Adhikary:

আমার বক্তব্য হচ্ছে সে ঘটনা তো ঘটেছিল। আপনারা যতটা স্টেপ নেবার নিয়েছিলেন। আমি বলছি তার পরে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর যে ধারায় ক্যাটেগরিজেশন হয়ে গেছে আপনারা এদেরকে বেনিফিট দেবার বিষয় যদি চিন্তাও করেন—এখন তো করছেন না, যদি করেন তখন কি সে ধারায় বিচার করবেন না? বর্তমানে সাঁওতাল যারা রয়ে গেছে, তাদের আপনারা পশ্চিম বাংলায় যেসমস্ত জমি আছে—যা দখলে এসেছে সেসমস্ত জমিতে তাদের পুনর্বাসন দেবার চেষ্টা করবেন কিনা।

Mr. Speaker:

মিঃ অধিকারী, যদি বলা চলে না আপনি বলুন স্টেট গভর্নমেন্টের তরফ থেকে।

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে, ভারত সরকারকে সমস্ত ঘটনা জানিয়েছি তাঁরা যেভাবে নির্দেশ দেবেন সেরূপ হবে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয়া মন্ত্রিমহাশয়া বললেন যে, ভারত সরকারকে জানিয়েছিলেন, যে উদ্বাস্তুরা এসেছে মালদহ ও দিনাজপুর থেকে। আমি জিজ্ঞাসা করছি তাঁর কাছ থেকে এইরকম একটা নিউট্রাল ফ্যাক্ট জানা ছাড়া তাঁরা কি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ভারত সরকারকে দাবী জানিয়েছেন যে, এই পরিমাণ উদ্বাস্তু এসেছে। সে উদ্বাস্তুদের হিসাব গণ্য করে তাদের পুনর্বাসন দেওয়া হোক।

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে, প্রথম যখন আসতে আরম্ভ করেছিল তা ভারত সরকারকে জানিয়েছি এবং তাঁরা তাদের সিদ্ধান্ত জানিয়েছিলেন। একটা সংখ্যা তাঁরা জানিয়েছিলেন যে, এদের উদ্বাস্তু হিসাবে গণ্য করে দণ্ডকারণ্যে পাঠানোর জন্য। এগ্রিকালচারিস্টস যারা তাদের সেখানে বসতি দেওয়া যেতে পারে। তাঁরা আমাদের যা জানিয়েছেন তাই আপনাদের জানিয়েছি এবং এখনও যাঁরা মাঝে মাঝে আসছেন আমরা ভারত সরকারকে তা জানাচ্ছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়া, আমার প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন, আমরা আপনার বক্তব্যটা বুঝেছি। আমরা আপনার কাছ থেকে জানতে চেয়েছি এই যে তিন হাজার উদ্বাস্তু পরিবার পশ্চিমবঙ্গে দিনাজপুর মুর্শিদাবাদে এসে উপস্থিত হয়েছেন, এদের উদ্বাস্তু হিসাবে গণ্য করে পুনর্বাসন দেওয়া হোক এই সম্বন্ধে ভারত সরকারের কাছে পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন দপ্তর তরফ থেকে কোন দাবি জানানো হয়েছে কিনা, জানানো হলে তার কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সমস্ত যারা আসছে—বর্তমানে তারা কোনপ্রকার কাগজপত্র ডকুমেন্টস নিয়ে আসছে না। কাজে কাজেই রিহ্যাবিলিটেশন বা রিলিফএর কোন দায়িত্ব নিতে পারি না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেকথা বললেন, তিনি বোধ হয় জানেন না যে, যে অবস্থায় তারা চলে আসছে, একটা সাম্প্রদায়িক হানাহানি বা দাঙ্গা চলে আসছে সে অবস্থায় কি করে তারা এ ধরনের ট্রাভেল ডকুমেন্টস আনবে—আদৌ ঢাকা থেকে সেসব ডকুমেন্টস আনা সম্ভব কিনা এটা বিবেচনা করেছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

তাঁরা আমাদের ডেপুটি হাই কমিশনারএর কাছে নিশ্চয়ই যেতে পারেন এবং ট্রাভেল ডকুমেন্টস যদি না আনে কোন দেশের পক্ষে এরকমভাবে অন্যেদের রিহ্যাবিলিটেশন বা রিলিফ দেওয়া সম্ভব নয়।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়ের কি জানা আছে যে, তিব্বত থেকে যেসমস্ত উদ্বাস্তু এসেছিল তাদের কাছে ট্রাভেল ডকুমেন্টস ছিল না। তা সত্ত্বেও তাদের পুনর্বাসনের জন্য ভারত সরকারের কাছে দাবি জানানো হয়েছিল।

The Hon'ble Prafulla Chandra Sen:

তখন পাসপোর্ট সিস্টেম ছিল না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, তাদের ট্রাভেল ডকুমেন্টস নেই। আপনাদের তরফ থেকে তাদের কাছে একথা জিজ্ঞাসা করেছিলেন? ভেরিফাই করবার চেষ্টা করেছিলেন এবং নিজেকে স্যাটিসফাই করবার চেষ্টা করেছিলেন কিনা যে, কি কারণে তাঁরা ট্রাভেল ডকুমেন্টস আনতে পারেন নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, তাদের কাছে জিজ্ঞাসা করে সব সময় সঠিক উত্তর পাওয়া যায় না।

Shri Kashi Kanta Maitra:

তাদের রিহ্যাবিলিটেশন বেনিফিট দেবার কেন চেষ্টা হবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, তাদের রিহ্যাবিলিটেশন বেনিফিট দেবার কোন প্রশ্ন উঠে না।

Rehabilitation of the refugees of Malda district

***201.** (Admitted question No. *[illegible].) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) total number of people who crossed Indo-Pakistan Bader along Malda District and entered Malda District as refugees in 1962;

(b) how many of these people have been rehabilitated in D[illegible]aranya and other places;

(c) whether any of such persons has returned to East Kakistan; and

(d) if so, the number of those who have returned to East Pakistan?

[12-20—12-30 p.m.]

The Hon'ble Abha Maiti:

(এ) ১০,৪১৪

(বি) ১,০০৮

(সি) আমাদের জানা নাই।

(ডি) আমাদের জানা নাই।

Dr. Golam Yazdani:

দশ হাজারের মধ্যে এক হাজার পাঠিয়েছেন, কতবার পাঠিয়েছেন?

The Hon'ble Abha Maiti:

আমরা একসঙ্গে এক হাজার আটজনকে পাঠাতে পারি নি, তিনবারে ঐ সংখ্যা পাঠিয়েছি।

Dr. Golam Yazdani:

প্রথম পর্যায়ে কতজন গিয়েছিল?

The Hon'ble Abha Maiti:

এই তথ্য আমার কাছে নেই, আপনি জানতে চাইলে আমি পরে জানাতে পারব।

Dr. Golam Yazdani:

বাকি কোথায় গিয়েছে, ইস্ট পাকিস্তান গিয়েছে কি অন্য কোথাও গিয়েছে ভেরিফাই করেছেন কিনা?

The Hon'ble Abha Maiti:

কোথায় গিয়েছে আমরা জানি না।

Dr. Golam Yazdani:

মালদহ জেলায় নিজের গ্রুপ বাই গ্রুপ বসবার চেষ্টা করছে, এটা কি জানেন তাদের সংখ্যা নির্ধারণের কোন চেষ্টা করেছেন?

The Hon'ble Abha Maiti:

তারা স্ক্যাটার্ড ওয়েতে কোথায় রয়েছে জানি না।

Dr. Golam Yazdani:

এরকম কোন জায়গা থেকে কোন লোক এসে আপনাদের জানিয়েছে কিনা রিফিউজিরা এসে বসেছে, তাদের ব্যবস্থা করা দরকার?

The Hon'ble Abha Maiti:

আমার জানা নাই।

Water-supply to Baidyabati Municipality

***202.** (Admitted question No. *1264.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) whether Baidyabati Municipality has been included within the Metropolitan Water Board; and

(b) if so, when the water-supply arrangement is going to be made in the said Municipal area?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Water-supply scheme of Baidyabati Municipality has been included in the Emergency Water Supply Scheme of the Calcutta Metropolitan District as drawn up by the Calcutta Metropolitan Planning Corporation.

(b) All the water-supply schemes of the Calcutta Metropolitan District including the scheme for water-supply of Baidyabati Municipality have been forwarded to the Planning Commission, Government of India, for their approval. The scheme will be taken up for execution by the West Bengal Development Corporation as soon after the approval of the Planning Commission as possible.

Shri Somnath Lahiri:

কবে পাঠিয়েছেন প্ল্যানিং কমিশনের কাছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে এখানে কোন তারিখ নাই।

Dr. Kanai Lal Bhattacharya:

বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটি ওয়াটার স্কীম কি ডিপ সিঙ্কিং টিউবওয়েল?

The Hon'ble Prafulla Chandra Sen:
ডিটেলস আমার কাছে নাই।

Dr. Kanai Lal Bhattacharya:
এর মধ্যে কোন টেম্পোরারি রিলিফ দেবার কোন স্কীম আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
টেম্পোরারি রিলিফ দেওয়া সম্ভব নয়।

Grievances against the Board of Directors of "Amrita Bazar Patrika"

***203.** (Admitted question No. *1097.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that India Journalists Association, Calcutta, made serious grievances against the Board of Directors of "Amrita Bazar Patrika"—a leading English newspaper of Calcutta—about the non-implementation of laws and rules including the provision of Working Journalists Act, Standing Order, Employees Provident Fund Act and Schemes and Compulsory Notification of Vacancies Act, etc.; and

(b) if so, what action has so far been taken to protect the Journalist working in the said newspaper establishment?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Indian Journalists' Association, Calcutta, made allegations against the management of the "Amrita Bazar Patrika" about non-implementation of the Working Journalists (Conditions of Service) and Miscellaneous Provisions Act and the Rules made thereunder the Working Journalists (Fixation of Rates of Wages) Act, and irregularities in the administration of the Provident Fund of the establishmennt.

(b) On enquiry the allegations were not substantiated and no further action was, therefore, considered necessary.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to state if ever since 1951 the annual accounts and audited balance-sheets of the newspaper concerned were supplied to the employees till to-day?

The Hon'ble Bijoy Singh Nahar:
পেয়েছে কিনা আমার জানা নাই, নোটিস দিলে বলতে পারি।

Shri Kashi Kanta Maitra:
একটা জিনিস আমরা বার বার বলছি আমি স্টারড কোয়েশ্চেন করেছি সেকেন্ড কোয়েশ্চেন করাও একটা নিয়ম ও ফর্ম আছে, সেটা আমি জানি—যাই হোক, আমি জিজ্ঞাসা করছি যে, ১৯৫৬ সাল থেকে আজ পর্যন্ত ওয়ার্কিং জার্নালিস্টদের প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে অমৃতবাজার পত্রিকায় অডিটেড ব্যালান্স শীট অ্যান্ড অ্যানুয়াল স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস দেওয়া হয়েছে কিনা?

Mr. Speaker:
উনি তো বললেন, নোটিস দিলে বলতে পারেন,
how can he collect the answer?

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি, এই যে অ্যালিগেশনস এগুলি সাবস্ট্যানসিয়েটেড হয়েছে?
The allegations were not substantiated and that was found on enquiry. I am asking him on what basis is the Hon'ble Member making the statement that the allegations could not be substantiated? What was the nature of the enquiry, when was it held and by whom?

The Hon'ble Bijoy Singh Nahar:

এনকোয়ারি করা হয়েছে, যখন আমরা পেলাম ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশন থেকে কমপ্লেন্ট, তখন আমাদের লেবার ডিপার্টমেন্ট এনকোয়ারি করেছেন এবং আমরা লক্ষ্য করে দেখেছি তাঁরা যেসমস্ত পয়েন্ট দিয়েছিলেন কমপ্লেন্টএর সেগুলির ভিত্তি ছিল না—প্রত্যেকটা মিলিয়ে দেখা হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ডএর কাছে যে রিপ্রেজেন্টেশন দিয়েছিলেন ঐ পত্রিকার ম্যানেজমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, ইলেকশন এবং ইররেগুলারিটি—এইরকম কতকগুলি ব্যাপার নিয়ে রিপ্রেজেন্টেশন দেবার পর আজ পর্যন্ত ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশন, ক্যালকাটা ইউনিট, তাঁদের কাছ থেকে কোন বক্তব্য জেনেছেন এবং জানলে কবে জেনেছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমার পূর্বে যিনি শ্রমমন্ত্রী ছিলেন তিনি তাঁদের সংগে দেখা করেছেন, আলোচনা করেছেন, ফাইলএ এটা রয়েছে।

Shri Kashi Kanta Maitra:

তাঁর এটা জানা আছে কিনা, ১৯৪৮।৪৭।৪৯।৫১।৫২—এই পাঁচ বৎসর ধরে Employees' contribution to the Provident Fund of employees পত্রিকার তরফ থেকে এক নয়া পয়সাও দেওয়া হয় নি?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি অত ডিটেলস, কোন্ বছরে কি দেওয়া হয়েছে বলতে পারব না, তবে আমি একটা ফিগার দিতে পারি—মাননীয় সদস্য মহোদয়, বর্তমানে যা পজিসন, অমৃতবাজার পত্রিকা ৬ লক্ষ ১৭ হাজার ৩৯ টাকা ৩৮ নয়া পয়সা গভর্নমেন্ট সিকিউরিটিতে ইনভেস্ট করে রেখেছেন, এবং তাঁদের কাছে কর্মচারীদের ৩৮ হাজার ৪৮৬ টাকা ৪৯ নয়া পয়সা প্রভিডেন্ট ফান্ড পাওনা আছে, এই সমস্তই মিলিয়ে নেওয়া হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আশা করি, তাঁর এটা জানা আছে যে ১৯৫৬ সালের ৩১শে ডিসেম্বর তারিখে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট, ১৯৫২. নিউজপেপার এস্টাব্লিশমেন্ট-এ অ্যাপ্লাই করা হয়, ৩১এ ডিসেম্বর ১৯৫৬, নোটিফিকেশন করে দেওয়া হয়েছে। ১৯৫৭ সালে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, বাটলিবয় অ্যান্ড কোং, অমৃতবাজার পত্রিকা অডিট করে বলেছেন ১ লক্ষ ৫৭ হাজার ৫৪৯·১২ নয়া পয়সা তাঁদের এমপ্লয়িজ কন্ট্রিবিউশন টু দি প্রভিডেন্ট ফান্ডএ দেনা, এটা কি আপনার জানা আছে? বাটলিবয় রিপোর্ট হচ্ছে,

Non-realisation of Rs. 1,57,594.12 due from "Messrs. Amrita Bazar Patrika Ltd." in respect of employers' contribution for 1957 of Rs. 1,34,828.69 and the employees' subscription advanced to members and interest thereon Rs. 18,154.59, is in contravention of rule 19 and has thereby deprived members of the interest which could have been earned if the amount had been realised and invested in time.

The Hon'ble Bijoy Singh Nahar:

তিনি যেটা এখন বললেন, তা কোয়েশ্চেন-এর মধ্যে ছিল না, তিনি যদি চান, আমি এই বিষয়ে অনুসন্ধান করব।

Shri Kashi Kanta Maitra:

এই ধরনের উত্তর যদি দেন উনি--আমি তাঁকে বিনয়ের সঙ্গে বলছি, এটা স্টারড্ কোয়েশ্চেন-এর অন্তর্ভুক্ত।

Mr. Speaker:

আপনার কোয়েশ্চেনটা তাঁর জানা ছিল না, হাউস বসার আগে—

Shri Kashi Kanta Maitra:

স্যার, এরকম হলে আমরা অসহায়

[12-30—12-40 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে অনুরোধ করছি যে, স্টারড কোয়েশ্চেন এটা আমাদের একটা ভ্যালুয়েবল রাইট- আপনি জানেন যে, আমরা স্টারড কোয়েশ্চেন করলে সাপ্লিমেন্টারি করে--ফারদার ইনফরমেশন এলিসিট করতে পারি। আপনি আমার প্রশ্ন যদি পড়েন তা হলে দেখবেন প্রভিডেন্ট ফন্ড সম্বন্ধে বলা আছে, ফাইনেন্সিয়াল ইররেগুলারিটিজ সম্বন্ধে বলা আছে। উনি নিজে এতদূর বললেন যে, আমরা সাবস্টানসিয়েট না এটা এনকোয়ারি করে জেনেছি। আমি বলছি আপনি যখন এনকোয়ারি করেছেন তখন এগুলি জানা আছে কিনা --উনি যদি বলেন যে, এ প্রশ্ন থেকে এ প্রশ্ন আসে না তা হলে স্টারড কোয়েশ্চেনের মানে হয় না।

মিঃ স্পীকার: উনি গোড়ায় বলেছিলেন যে, ৬ লক্ষ টাকার সিকিউরিটি জমা আছে--১৯৬২ সালের ব্যালেন্স সীটে তার উল্লেখ বললেন যে,

But he has said something

উনি বললেন যে, আমার জানা নেই, আমি খোঁজ করে দেখতে পারি

and I think the question has been rightly answered.

শ্রীকাশীকান্ত মৈত্র: উনি স্পষ্ট কথাটা দিলেন যে, ৬ লক্ষ টাকা জমা আছে

That was not my question. The Hon'ble Minister offered certain answers but I did not want to elicit information on these points. I wanted to know.

মিঃ স্পীকার. ব্যালান্স সীটে 'রেকর্ড' না থাকলে উনি বলবেন কি করে?

Shri Kashi Kanta Maitra: Sir, my question was if in respect of certain years the Employees' Provident Fund was made available to the employees. If the Hon'ble Minister says that it is not known to him, I can understand that. But if he says that this question does not arise, then the only inescapable implication is that the Hon'ble Minister wants to avoid the question and the reason is obvious.

দি অনারেবল বিজয় সিং নাহার: মাননীয় সদস্য পুনরায় বলছেন যে, আমি নাকি অ্যাভয়েড করবার চেষ্টা করছি—আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, মাননীয় সদস্য যখন প্রশ্ন করেন তখন প্রশ্নের মধ্যে আরও ডিটেলস ফিগার যদি চান—যে, অমুক সময়ে কি কি হয়েছিল তাহলে নিশ্চয়ই উত্তর দেওয়া সম্ভব হবে, কিন্তু যদি এখানে এসে অন্য কোথায় থেকে কাগজ নিয়ে এসে পড়েন তার ফিগারসগুলি কি হয়েছিল তা হলে আমার জানা সম্ভব নয়, এবং কোয়েশ্চেনের মধ্যে না থাকে তা হলে আমার পক্ষে বলা সম্ভব হয় না। সেজন্য এইরকম রিমার্ক যদি না করেন তা হলে ভাল হয়।

মিঃ স্পীকারঃ সাপ্লিমেন্টারিতে সব সময় সব বলা চলে না। আর একটা কথা, উনি যেটা বলেছেন প্রভিডেন্ট ফান্ড ম্যাটারে টাকা দেওয়া নিয়ে কোন ইররেগুলারিটি হয়েছে কিনা— আপনার জানা আছে কিনা—

That is the whole theme of this supplementary.

এটা জানা আছে কিনা বললেই হয়ে যায়—অর্থাৎ ৬ লক্ষ টাকা সম্বন্ধে জানা আছে কিনা।

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এটা আমি পরিষ্কারভাবে বলেছিলাম যে, এ জিনিসটা আমার জানা নেই, তার মধ্যে উনি যে টাকার কথা বললেন সে সম্বন্ধে আমার যেটুকু জানা আছে সেসব বললাম। প্রশ্ন যখন করা হয় তখন ইনফরমেশন নেবার জন্যই করা হয়। আর ও'র যদি জানা থাকে তা হলে প্রশ্ন করার কোন দরকার হয় না।

মিঃ স্পীকারঃ এখন যেটা জানা নেই সেটা অনেকবার বলেন নি। আপনি বলেছেন, ৬ লক্ষ না কত টাকা জমা আছে- আপনার জানা নেই বললেই হত।

দি অনারেবল বিজয় সিং নাহারঃ আমি বলেছিলাম, উনি হয়ত শোনেন নি যে, এটা আমার জানা নেই—এটা বোধ হয় উনি শোনেন নি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ অন এ পয়েন্ট অব ক্লারিফিকেশন স্যার, মাননীয় সদস্যরা যখন প্রশ্ন করেন তাঁরা ডিটেলস এবং পার্টিকুলার যখন দেন ও'র বোধ হয় জানা আছে যে, নূতন আইন যা আছে তাতে যদি কোন প্রশ্নের মধ্যে পার্টিকুলারস স্ট্যাটিসটিকস এই সব যদি চাওয়া হয় তা হলে

That question is treated as an unstarred question and if that question is treated as unstarred question, honourable members are deprived of their very valuable rights of putting supplementaries. He should know that.

শ্রীমতি বিভা মিত্রঃ আমি জিজ্ঞাসা করছি যে, ও'দের কোন ওয়েজ বোর্ড আছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ কোন পার্টিকুলার ম্যানেজমেন্টের জন্য ওয়েজ বোর্ড হয় না—সমস্ত জার্নালিস্টদের জন্য ওয়েজ বোর্ডের ব্যবস্থা আছে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ লেবার কমিশনার এনকোয়ারি করে যে একটা রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট না ইন্ডিয়ান জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের কাছে পাঠাবার অ্যাসিওরেন্স মন্ত্রিমহাশয় কি দেবেন যেহেতু তারা আপনার কাছে বিচারের জন্য একটা আবেদন জানিয়েছেন।

দি অনারেবল বিজয় সিং নাহারঃ ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশন যদিও এর জন্য আমার কাছে আবেদন জানান নি, তবে তাঁরা যদি এর জন্য চিঠি দেন তাহলে নিশ্চয়ই বিবেচনা করে দেখব।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ প্রভিডেন্ট ফান্ডের ব্যাপার নিয়ে যে অভিযোগ এসেছিল সেই প্রভিডেন্ট ফান্ডের ইলেকশন যখন হয় তখন কনফিডেন্সিয়াল অ্যাসিস্ট্যান্ট যিনি অমৃতবাজার পত্রিকার প্রিন্টার এবং পাবলিশার তিনি সেই ইলেকশনএর রিটার্নিং অফিসার হন কিনা?

The Hon'ble Sankardas Banerji: I will answer to that question.

Shri Kashi Kanta Maitra: Don't be over zealous to my question.

The Hon'ble Sankardas Banerji: I hope Mr. Maitra will not in his usual way, make personal remarks. I would appeal to him that he should not do it.

Shri Kashi Kanta Maitra: I have not made any personal remarks. That is a legitimate expression.

The Hon'ble Sankardas Banerji: That is a personal remark.

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি জানাতে চাই, যিনি কনফিডেন্সিয়াল অ্যাসিস্ট্যান্ট কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের এবং সেই সঙ্গে সঙ্গে যিনি অমৃতবাজার পত্রিকার প্রিন্টার এবং পাবলিশার তিনি কি প্রভিডেন্ট ফান্ডের ইলেকশনের সময় রিটার্নিং অফিসার ছিলেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: রিটার্নিং অফিসারের নাম আমার জানা নেই।

শ্রীশৈলেন অধিকারী: আপনি বললেন যে, ৬ লক্ষ টাকার উপর সিকিউরিটি জমা রাখা হয়েছে—এই টাকা কবে রাখা হয়েছে, কোন্ তারিখে, সেটা জানাবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: কোন্ তারিখে জমা হয়েছে বলতে পারব না, তবে আমার কাছে মার্চের শেষের দিকে ২৯ তারিখ পর্যন্ত যে রিপোর্ট আছে তাতে গভর্নমেন্ট সিকিউরিটিতে এত টাকা আছে সেটা জেনেছি।

শ্রীশৈলেন অধিকারী: তা হলে আমি যদি প্রশ্ন করি এটা আপনাকে জানানো হয়েছে সেই সময় জমা দিয়ে এবং এই কোয়েশ্চেনটা পাবার পর থেকে তা হলে কি আপনি সেটা কন্ট্রাডিক্ট করবেন?

Mr. Speaker: That is hypothetical question. That question does not arise.

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় কি এইটুকু অ্যাসিওরেন্স দেবেন যেকথা আমি আগেই বলেছি, ১৯৪৪, ১৯৪৭, ১৯৪৯, ১৯৫১, ১৯৫২—এই পাঁচ বছরে এমপ্লয়ার্স কন্ট্রিবিউশন আদৌ এক পয়সা দেওয়া হয় নি—সে বিষয়ে তদন্ত করে দেখবেন কিনা এবং আমাদের এই অ্যাসিওরেন্স দেবেন কিনা যে, যদি তারা টাকা না দিয়ে থাকেন তাহলে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের অ্যাক্টের সেকসন ১৭-র প্রভিসন অনুযায়ী পানিশমেন্টের জন্য সেই রকম পেন্যাল একশন নেবেন কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমাকে যদি আপনি নোটিস দেন তা হলে দেখব এবং এখানে যদি ডিটেলসগুলি লিখে দেন তা হলে সেগুলি তদন্তসাপেক্ষ হলে কি ব্যবস্থা গ্রহণ করা হবে তা জানাব।

শ্রীকাশীকান্ত মৈত্র: বাংলাদেশের অন্যান্য সংবাদপত্রে যেখানে প্রভিডেন্ট ফান্ডের ইরেগুলারিটি হলে সেখানে পেনাল অ্যাকশন নেওয়া হয়েছে অথচ এক্ষেত্রে পেনাল অ্যাকশন নেওয়া হল না—এইরকম ধরনের ডিসক্রিমিনেটরি অ্যাটিচুডের কারণ কি।

মিঃ স্পীকার: এই কোয়েশ্চেনটা এখন অ্যারাইজ করে না—আপনি আগের সাপ্লিমেন্টারিতে কতকগুলো বছর বললেন, এগুলি এনকোয়ারি করে দেখলে উলটো হলে দেবেন কিনা—তারপর এই কোয়েশ্চেন কি করে আসে।

শ্রীশৈলেন অধিকারী: ক্যালকাটা ইন্ডিয়ান জার্নালিস্ট অ্যাসোসিয়েশন একটা রেসপন্সিবল বডি এবং তাঁদের কাছ থেকে যখন গ্রিভান্স আপনার কাছে এল তখন যে এনকোয়ারি হয়েছিল সেই এনকোয়ারিতে তাঁদের বক্তব্য পেশ করার সুযোগ দেওয়া হয়েছিল কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এনকোয়ারি পয়েন্টে যেসব বিষয় ছিল সেগুলি সব এনকোয়ারি করা হয়েছে এবং তাদের না ডেকে যিনি এনকোয়ারি করেন—প্রভিডেন্ট ফান্ড কমিশনার—তিনি ডেকেছেন কিনা বলতে পারব না। তবে আপনি যদি আমাকে অনুমতি দেন তা হলে আমি ফাইলে যা পেয়েছি তার একটা রিপোর্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার যা দিয়েছেন, তাতে তিনি পরিষ্কারভাবে লিখে দিয়েছেন।

Allegations were made against the Board of Trustees of Amrita Bazar Patrika by the Secretary, Indian Journalists' Association. But none of these allegations was found to be correct and the Secretary of the said Association was informed accordingly.

শ্রীশৈলেন অধিকারী: আফটার দি এনকোয়ারি ওয়াজ কনডাক্টেড। এর থেকে নেসেসারি কনক্লুশন চলে আসে—আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে, এই এনকোয়ারি কোন্ তারিখে হয়েছিল?

দি অনারেবল বিজয় সিং নাহার: কোন্ তারিখে এনকোয়ারি হয়েছে জানি না- তারিখ জানতে চাইলে নোটিস দিন।

শ্রীকাশীকান্ত মৈত্র: মন্ত্রিমহাশয় যে রিপোর্টটা পড়লেন সেটা রিপোর্ট, না, এমনি একটা Condensed or boiled version of some officer.

দি অনারেবল বিজয় সিং নাহার: রিজিওন্যাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছ থেকে এই প্রশ্ন পাবার পর এই প্রশ্ন সম্বন্ধে যখন তাঁদের কাছে জানানো হয়েছিল তখন তিনি এই জিনিসটা আমাদের কাছে দিয়েছিলেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: রিজিওন্যাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছ থেকে এই যে উত্তরটা পেয়েছেন তার বেশি আপনারা মন্ত্রি-দপ্তর থেকে বা লেবার অ্যাডভাইসরি বোর্ড থেকে কোন তদন্ত করে এটা সত্যাসত্য নির্ণয় করার কোন চেষ্টা করেন নি, এটা বললে কি ভুল হবে?

[12-40—12-50 p.m.]

The Hon'ble Bijoy Singh Nahar:

এই রকম করার কোন প্রথা নাই; তা করার প্রয়োজন আমি মনে করি না।

Shri Jamini Bhusan Saha:

প্রভিডেন্ট ফান্ড ডিফল্টার হলে সেখানে মালিকের বিরুদ্ধে ব্যবস্থা আইনমত করা হবে এ কথা কি আপনি জানেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

আইনে যা আছে—তা নিশ্চয় জানি।

Shri Jamini Bhusan Saha:

এই অমৃতবাজার পত্রিকার ডিরেকটার বোর্ডের এই ডিফল্টার সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হবে কি?

Mr. Speaker:

এই কোয়েশ্চেন হয়ে গেছে

That question has been sufficiently answered.

Shri Kashi Kanta Maitra:

আপনাদের স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ড যেটা আছে, সেই বোর্ডের কাছে কোন শ্রমিকের পক্ষ থেকে কোন ইন্ডাস্ট্রিয়াল এস্টাবলিশমেন্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন অভিযোগ করা হয়েছে কিনা? এবং যদি এই রকম কোন অভিযোগ পেশ করা হয় তা হলে এই স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ড সেটা পাওয়ার পরে তাঁরা কি করেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ড সরাসরি কোন অভিযোগ গ্রহণ করেন না, হয় সেটা দপ্তরে এসেছে, না হয় সেক্রেটারীর কাছে এসেছে অথবা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টাল হেডের কাছে এসেছে।

Shri Kashi Kanta Maitra:

তা হলে এই স্টেট লেবার অ্যাডভাইসরি বোর্ডের কোন কিছু করণীয় নাই, কোন কর্তব্য নাই? শুধু কি এটা একটা কাগজের প্রতিষ্ঠান? এটা জানতে চাচ্ছি।

(No Reply)

Outbreak of small-pox at Panagarh Bazar

***204.** (Short Notice) (Admitted question No. *1302.) **Shri Monoranjan Baksi:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that small-pox has broken out in epidemic form in Panagarh Bazar within Kanksa police-station in the district of Burdwan; and

(b) if so, what immediate step has been taken up by the Government in this matter?

Shri Joynal Abedin: (a) No.

(b) Does not arise.

Shri Bejoy Kumar Banerjee: The question was (a) if the Government is aware of the fact that small-pox has broken out in epidemic form in Panagarh Bazar within Kanksa police-station in the district of Burdwan, and the answer is 'No'. Does the Hon'ble Minister want to say like that?

Mr. Speaker: Mr. Banerjee, the question has been answered.

Shri Bejoy Kumar Banerjee: Have we got no other right?

Mr. Speaker: Mr. Banerjee, you can give the datas, particularly the statistics to show that the answer given by the Hon'ble Minister is wrong. But you cannot challenge it otherwise.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ওখানে কোন ইনসিডেন্স অফ স্মল-পক্স হয়েছে কিনা?

Shri Joynal Abedin:

পানাগড় বাজারে বা কাংসা থানার অন্য কোন গ্রামে ইনসিডেন্স অফ স্মল-পক্স নাই। পূর্বেই তো স্পেসিফিক্যালি 'নো' বলেছি।

Dr. Kanai Lal Bhattacharya:

কোন কোন্ গ্রামে হয়েছে এবং হয়ে থাকলে কত সংখ্যায় হয়েছে এবং সেই গ্রামের জনসংখ্যা কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা নোটিস দিলে বলা যাবে।

If the Government is aware of the fact that small-pox has broken out in epidemic form in Panagarh Bazar within Kanksa police-sation in the district of Burdwan. He has specifically stated 'No'.

Mr. Speaker: Hon'ble Chief Minister, while answering the question has said that with regard to the two villages or thanas—because of those two areas his answer is specially "No". Then that question does not arise.

Shri Abedin, which are the areas you say?

Shri Joynal Abedin:

Kanksa thana in Panagarh Bazar. Cases of small-pox.

কংসা থানায় এপিডেমিক ফর্ম-এ হয় নি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ঐ যে দুটো ভিলেজের কথা বললেন, যেখানে স্মল-পক্স ইনসিডেন্সএর খবর পাওয়া গিয়েছে, সেখানে কত জনের হয়েছে?

Shri Joynal Abedin:

ঐ দ্রুটো গ্রামে পাঁচ জনের হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মিঃ স্পীকার, স্যার, আমি আগে যখন প্রশ্নটা করেছিলাম তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তড়াক করে দাঁড়িয়ে উঠে বললেন নোটিস চাই, অথচ দেখা যাচ্ছে সব খবরই তাঁর কাছে আছে।

Mr. Speaker: You should not have said it, I have given you the protection.

Logic Paper of Higher Secondary Examination, 1963

***205.** (SHORT NOTICE) (Admitted question No. *1304.) **Shri Ananda Gopal Mukhopadhyay:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the attention of the Government has been drawn to a question, viz., "Every Chinese desires happiness. Peace is happiness, hence every Chinese desires peace" in this year's Higher Secondary Examination in humanities group in Logis paper?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the name of the paper-setter of the said logic paper;

(ii) whether Government considers the desirability of giving any direction to the Board of Secondary Education against the recurrence of this type of questions in examination papers in future particularly during the period of emergency; and

(iii) what steps, if any, Government proposes to take against those who are responsible for the same?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) Yes.

(b)(i) The name of the paper-setter being confidential cannot be stated.

(b)(ii) The Board has been requested to see that no question is set in future which may apparently be interpreted as in favour of China in such a period of emergency.

(b) (iii) The question set in Logic is a fallacy and hence may be deemed innocuous from academic point of view. The Board will be advised to request the paper-setters not to set any question which may be misinterpreted.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state as to who appoint these paper-setters?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Board appoints.

Shri Abani Kumar Basu: Has the Government any hand in the matter of appointment of paper-setters?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Not at all.

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কিছুদিন ধরে চাইনীজ এ্যাগ্রেশন হবার সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন স্কুলে পরীক্ষার যে প্রশ্নপত্র হচ্ছে তার মধ্যে এমন সুন্দরভাবে প্রো-চাইনীজ একটা টেনশন তৈরী করবার জন্য স্কুলের মধ্যে ব্যবস্থা হচ্ছে? এবং যার জন্য বহু জায়গার বহু প্রশ্নপত্র আমরা শিক্ষা দপ্তরে পৌঁছে দিয়েছি, এটা তিনি জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার তা জানা নেই।

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state as to whether he is aware of any other instance of papers having been set like this?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The only other instance which I am aware of was the question that was set in the Howrah Zilla School, and proper steps have been taken in that connection.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state as to what steps have been taken?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The teacher who set that question was discharged.

Shri Nepal Chandra Roy: Every Chinese desires happiness. Peace is happiness—
এই দুটো কথা নিশ্চয়ই চীনা প্রীতি এ দেশে দেখাবার জন্য এটা করা হয়েছিল, এবং এই চীনা প্রীতি দেখাবার জন্য যাঁরা দায়ী, তাঁদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা নিয়েছেন, এবং তাঁদের বিরুদ্ধে কেন ডি আই রুলস এ্যাপ্লাই করা হবে না, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

নিশ্চয় এই সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে না, ফ্যালাসি ইন লজিক—আপনি পড়ে দেখবেন।

[12-50—1 p.m.]

Shrimati Santi Das:

আমাদের এখানেতে শিক্ষামন্ত্রী বললেন যে স্টেপস হ্যাভ অলরেডি বিন টেকন, অর্থাৎ সেই টিচারকে ডিসচার্জ করা হয়েছে। এটা কি গভর্নমেন্ট করেছেন না গভর্নমেন্ট রিকোয়েস্ট করেছেন স্কুল ম্যানেজিং কমিটিকে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

হাওড়া জেলা স্কুল গভর্নমেন্ট স্কুল, তাই গভর্নমেন্ট স্টেপ নিয়েছেন বা নিতে পেরেছেন।

Shri Nepal Chandra Roy:

আপনি বলছেন এটা ফ্যালাসি, ঠাট্টা করে বা তামাসা করেও যদি আমরা শত্রুর প্রশংসা করি.....

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That question does not arise.

Shri Somnath Lahiri:

শিক্ষামন্ত্রী কি জানাবেন যে লজিকে এরকম প্রশ্ন যদি আসে
every Indian eats, every dog eats, therefore every Indian is a dog
সেটা ফ্যালাসি ছাড়া আর কিছু নয়।

(No Reply)

Shri Somnath Lahiri:

যদি এই ধরনের ফ্যালাসি আসে, যদি কেউ কোশ্চেন করেন......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is a hypothetical question, I may not answer it.

Shri Narendra Nath Sen: If there is the practice of moderators examining and checking question papers?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, there is such a practice.

Shri Narendra Nath Sen: Will the Hon'ble Minister kindly inform if the moderators in logic paper examined the question paper and took any steps in the matter?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I cannot answer that question off-hand. I can answer it only after proper notice.

Shri Abani Kumar Basu: The Hon'ble Minister has just now stated in his reply that the name of the paper-setter cannot be disclosed. Will the Hon'ble Minister please state why this secrecy is being maintained?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is for the Board to say that. It is the Board's decision and the Board is a statutory body.

Shri Abani Kumar Basu: Will the Government consider the advisability of setting up an arrangement either at the Directorate or at the Board level to scrutinise the question papers before they are actually circulated to the students?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have answered that question.

Shri Narendra Nath Sen: Will the Hon'ble Minister issue instruction to the Board and other authorities to see that such anti-Indian questions are not allowed to be set in future?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have already answered that. Look to reply (ii): The Board has been requested to see that no question is set in future, etc.

Shri Nepal Chandra Roy:

মাননীয় সদস্য একটু আগে যে রকম ফ্যাসিস্ট কথা বললেন—

Every Indian is a dog, etc.

মাননীয় মন্ত্রিমহোদয় যেন দেখেন এরকম কোশ্চেন কোনদিন যেন কোশ্চেন পেপার না দেওয়া হয়।

(No Reply)

Shri Abani Kumar Basu:

এরকম আপত্তিকর কোশ্চেন আর কোন জায়গায় সেট করা হয়েছিল কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি আগেই বলেছি হাওড়া জেলা স্কুল ছাড়া বেলগাঁও দেশপ্রিয় শিক্ষানিকেতনে অনুরূপ-ভাবে প্রশ্ন করা হয়েছিল এবং সে সম্বন্ধে আমি পূর্বেই উত্তর দিয়েছি তার পুনরাবৃত্তি করার প্রয়োজন দেখি না।

Further supplementaries to Starred Question No. 193.

Mr. Speaker: The Hon'ble Finance Minister promised to reply to further supplementary questions on the answer to the question of Shri Kashi Kanta Maitra originally fixed on the 3rd April, 1963.

The Hon'ble Sankardas Banerji: (a) A statement is laid on the table.

(b) Each Minister can appoint one or more Confidential Assistants in his discretion for rendering him assistance in the discharge of his official work. Each Minister will fix the salary of the person or persons appointed by him, but the total expenditure on account of emoluments for the persons to be appointed by each Minister shall not exceed Rs. 300 per month. Each person so appointed should, for the purpose of drawing pay, be regarded

as part of the temporary establishment of the department of which the Minister is in charge. The appointment of each such person shall terminate with the office of the Minister who appoints him. It will be in order to appoint persons on a part-time basis in the discretion of the appointing Minister.

(c) Yes, on a part-time basis in the discretion of the Minister.

(d) Yes.

Statement referred to in reply to clause (a) of starred question No. 193.

	Name of Ministers	No. of confidential assistants attached.
1.	Shri P. C. Sen	1
2.	Shri S. Banerjee	1
3.	Shri K. N. Das Gupta	1
4	Shri A. K. Mukherjee	1
5.	Shri I. D. Jalan	1
6.	Shri Rai H. N. Chaudhuri	Nil
7.	Shri T. K. Ghosh	2
8.	Sm. P. Mukherjee	1
9.	Shri S. Bhattacharyya	1
10.	Shri J. Kolay	1
11.	Shri S. K. Mukherjee	2
12.	Sm. A. Maiti	1
13.	Shri S. M. F. Rahman	1
14.	Shri B. S. Nahar	2

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থমন্ত্রী দয়া করে বলবেন কি, এই সমস্ত কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টস যাঁরা অ্যাপয়েন্টেড হয়েছেন তাঁরা গভর্নমেন্ট সারভেন্টস কি না?

The Hon'ble Sankardas Banerjee:

না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থমন্ত্রী কি বলবেন এই যে কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টস যারা অ্যাপয়েন্টেড হয়েছেন এর মধ্যে এমন কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টস আছেন যাঁদের মাইনে মাসে ছ'শ' টাকা?

The Hon'ble Sankardas Banerji: The number of confidential assistants to be appointed is unlimited. The Minister can appoint one or more at his discretion. The total amount that is allowed by the Government for appointment of the confidential assistants cannot exceed Rs. 300 in all. So if as a Minister I like to keep six confidential assistants I can do it provided I do not charge to Government more than Rs. 300. They are not Government servants. They are not bound by the Government Servants Conduct Rules, and if I retire today the confidential assistant goes with me. He is not bound by the Government Servants Conduct Rules. He is not entitled to Dearness Allowance. He is not considered to be a Government servant at all.

Shri Kashi Kanta Maitra:

অর্থমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করছি এই কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টস যাঁরা তাঁরা রাইটার্স বিল্ডিংসএ প্রোটেকটেড এরিয়াতে মিনিস্টারএর সংলগ্ন ঘরে বসে থাকেন কি না এবং মিনিস্টার-এর কোন ইউস অ্যান্ড প্রোটেকটেড এরিয়া ইউস করার মধ্য দিয়ে মিনিস্টারএর ইনফ্লুয়েন্স এক্সপ্লয়েট করেন কি না?

The Hon'ble Sankardas Banerjee:

আমি পরিষ্কার বুঝতে পারলাম না।

Shri Kashi Kanta Maitra: My question is very simple. You have stated that Confidential Assistants are given only Rs. 300 and that each Minister is entitled to appoint as many as possible. What I am asking is, if you are at the same time aware of the grave consequences of the fact that many persons are appointed and like to be appointed as Confidential Assistants even on paying something to the Government because they are using Government telephone, occupying chairs within the protected area and exploiting the Minister's influence.

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, তাঁরা করতে পারেন

provided the person who is so appointed enjoys the confidence of the Minister concerned.

Shri Kashi Kanta Maitra:

তাহলে কি এটা বুঝব যে প্রত্যেক কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্ট কংগ্রেস পার্টির মেম্বার?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই, প্রত্যেক মিনিস্টার কংগ্রেস-এর লোক, কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টও কংগ্রেসের লোক।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন এই কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্ট অনেক সময় নিজের আত্মীয়-স্বজন হন এবং তিনি অফিস অ্যাটেন্ড না করলেও তাঁকে মাইনে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই যে কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হয়, এদের নিয়োগ গভর্নরের নামে হয় এদের নিয়োগকর্তা গভর্নর নন,—মিনিস্টার এদের নিয়োগকর্তা। মিনিস্টার ইন হিজ ডিসক্রিশন যাকে বিশ্বাসী মনে করেন তাঁকে নিয়োগ করতে পারেন। এই সমস্ত ব্যক্তিদের উপর গভর্নমেন্ট সারভেন্টস কনডাক্ট রুলস বর্তায় না।

[1—1-10 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমার প্রশ্নটা হল, এই টাকা মিনিস্টাররা নিজেদের পকেট থেকে দেন, না—আমি জিজ্ঞাসা করছি শ্রমমন্ত্রী যদি তাঁর পুত্রবধূ বা কন্যাকে কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্ট দলে নিয়োগ করেন তাহলে এই টাকা নিতে পারেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

Questions over.

Shri Kashi Kanta Maitra:

স্যার, এই হাউসে মাননীয় অর্থমন্ত্রী আমাদের একটা অ্যাস্যুরেন্স দিন যে, তিনি রণে ভঙ্গ দেবার চেষ্টা করবেন না, কারণ, এর মধ্যে দিয়ে অনেক প্রশ্ন আসবে। এর জন্য আমি অনুরোধ করব আমাদের আরো ৫ মিনিট সময় দিন প্রশ্ন করার জন্য।

Mr. Speaker:

তা কি করে হয়,

One hour is fixed for questions.

Shri Kashi Kanta Maitra:

স্যার, সময়টা একটু বাড়িয়ে দিন যাতে এই বিষয়টা আমরা ডিসকাস করতে পারি।

Mr. Speaker:

এভাবে তো সভায় কাজ চলতে পারে না। আপনারা যদি সাপ্লিমেন্টারি কোশ্চেন হারিজন্টাল করার চেষ্টা করেন তাহলে সকলেই সুযোগ পান।

Shrimati Santi Das:

স্যার, আমি কোশ্চেন করছি না, আমি বলতে চাচ্ছি বন্ধুবর কাশীকান্ত মৈত্র মহাশয় বললেন...

Mr. Speaker:

এতে আপনার বলবার কিছু নাই—

the Hon'ble Minister can stand up and say anything.

The Hon'ble Sankardas Banerjee: I don't take that into consideration at all.

Shrimati Santi Das:

স্যার, ডাঃ ভট্টাচার্য বলছিলেন কনফিডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টএর জন্য যে ৩০০ টাকা দেন মন্ত্রীরা সেটা কি ওঁরা পকেট থেকে -

Mr. Speaker:

এটা ট্রেজারি বেঞ্চকে ওঁরা জিজ্ঞাসা করতে পারেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Age of superannuation of primary school teachers

650. (Admitted question No. 606.) **Shri Jiban Krishna Dey:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the age of superannuation of primary school teachers serving under District School Boards differ from that of primary school teachersr serving under the municipal authorities; and

(b) if so, the reason thereof?

The Minister for Education: (a) and (b)—There is no specific rule regarding the age of superannuation of primary school teachers. According to the present practice those employed by the District School Boards remain in active service up to the age of 60. The municipal authorities may have their own rules regarding the age of superannuation of their employees.

Appointment of certain technical staff by the Murshidabad District Board

651. (*Admitted question No. 626.*) **Shri Abdul Bari Muktar:** স্বায়ত্ত-শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লোকাল সেল্‌ফ গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল-এর জয়েন্ট সেক্রেটারির গত ৬-১২-৬০ তারিখের মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট বোর্ডকে প্রদত্ত ১৩৯৪৮।এল এস জি ১বি—৩৪।৬০(১৪) সার্কুলার-এ কোন নূতন পোস্ট ক্রিয়েট করিতে পারিবেন না বলা হইয়াছিল;

(খ) সত্য হইলে, ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট বোর্ড তার গত ২৬-৬-৬২ তারিখের এক সভায় কিভাবে ৪ জন সার্ভেয়ার, ৪ জন চেইনম্যান ও ৪ জন রোড সরকারের নূতন পোস্ট তৈয়ারি করিয়া নূতনভাবে লোক বহাল ও কনফার্মড করিয়াছেন; এবং

(গ) সত্য হইলে, এ প্রকারের নিযুক্তির জন্য কমিশনার-এর কোন পারমিশন লওয়া হইয়াছিল কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) কোনও নূতন পোস্ট তৈয়ারি করা হয় নাই। বোর্ডের ২৬-৬-৬২ তারিখের সভায় নিতান্ত প্রয়োজনে ৪ জন রোড সরকার ও ৪ জন চেইনম্যানকে স্থায়ী (কনফার্মড) করা হইয়াছে, মাত্র। তাঁহারা অস্থায়িভাবে বহু পূর্ব হইতেই নিযুক্ত ছিলেন।

(গ) প্রশ্ন উঠে না।

Gratuity for the primary school teachers

652. (Admitted question No. 912.) **Shri Sanat Kumar Raha:** শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল বোর্ডের অন্তর্গত প্রাথমিক শিক্ষকগণের জন্য গ্র্যাচুইটি দিবার ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ব্যবস্থা থাকিলে, মুর্শিদাবাদ জেলায় ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত কতজনকে উক্ত গ্র্যাচুইটি দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬২-৬৩ সালের বর্তমান সময় পর্যন্ত ৫৩ জন শিক্ষককে মোট ১৮,৮০১·১৭ টাকা দেওয়া হইয়াছে।

Persons arrested in West Bengal under Security Act and P. D. Act

653. (Admitted question No. 949.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Special) Department be pleased to lay on the Table a statement showing districtwise the number of persons together with their names and their party affiliations, if any, arrested in West Bengal since the declaration of emergency under the West Bengal Security Act and the Preventive Detention Act?

The Minister for Home (Special): Two statements are placed below.

Statements referred to in reply to unstarred question No. 71A.

Statement I

Districtwise List of Persons arrested in specific cases under the West Bengal Security Act.

District, total number and names

Darjeeling—23

(1) Lal Shahi Kherwar, (2) Sukdeo Rajgore, (3) Ramchandra Uria, (4) Lal Singh Dorjee, (5) Babulal Mundi, (6) Nibaran Singh, (7) Arjun Kujur, (8) Ramdeo Rao, (9) Sundar Baraik, (10) Meghnath Baraik, (11) Jenku Baraik, (12) Sukru Mea, (13) Bandan Baraik, (14) Udainath Baraik, (15) Suleman Munda, (16) Bhimy Chhetri, (17) Dasarath Dewan, (18) Ramey Rai, (19) Bir Bahadur Tamang, (20) Dawa Wangel Lepcha, (21) Gopal Mandal, (22) Kuleswar Kumar Rajpur, (23) Basanta Ghosh.

Jalpaiguri—4

(1) Jitka Uraon, (2) Harkaman Rai, (3) Ash Bahadur Gurung, (4) Kharka Bahadur Gurung.

Cooch Behar—5

(1) Shiben Chaudhury, (2) Rajendra Goswami, (3) Chandi Charan Pal. (4) Biren De Sarkar, (5) Shamsul Haque.

West Dinajpur—2

(1) Swadesh Sen, (2) Khorshed Ali Sarkar.

Howrah—6

(1) Nayan Ranjan Manna, (2) Amar Nath Mallik, (3) Amar Nath Hazra, (4) Bimal alias Khoka Hazra, (5) Saradinda Bhaumik alias Dulal, (6) Ahmed Olaet Hussain.

Hooghly—18

(1) Niranjan Das, (2) Nimai Kundu, (3) Santosh Das, (4) Radha Gobinda Das, (5) Md. Saiful, (6) Aproo Behara, (7) Narsing Behara, (8) Ram Krishna Bhattacharji, (9) Sm. Annapurna Debi alias Gulti, (10) Prem Narayan Singh, (11) Oudh Singh, (12) Ranjit Kahar, (13) Dhipa Gararia, (14) Ram Senati Kahar, (15) Ram Chandra Sadhu Khan, (16) Dasarathi Singh, (17) Chinmoy Banerji, (18) Ashok Mukherjee.

Midnapore—1

(1) Bhola Mahato.

Burdwan—29

(1) Krishna Chandra Haldar, (2) Debashis Das Gupta, (3) Sarbabijay Hazra, (4) Biswanath Sen, (5) Sachin Debnath, (6) Pabitra Bhattacharji. (7) Ram alias Swarbish Aich, (8) Arun Das Gupta, (9) Debabrata Bhattacharji, (10) Manoranjan Malakar, (11) Golam Kibria, (12) Malay Ghosh, (13) Bipad Bhanjan Chaudhury, (14) Rafique Mallik, (15) Ajit Kumar De, (16) Shanti Ranjan Ghoshal, (17) Tarapada Modak, (18) Suren Mandal, (19) Kamala Ranjan Mukherjee, (20) Adhikram Sanyal, (21)

Abdul Gama, (22) Arindam Kuar, (23) Binay Kumar Banerji, (24) Binay Krishna Kuar, (25) Manindra Chandra Das, (26) Aswini Ray, (27) Alauddin Dhangar alias Udhia Khan, (28) Bangsha Harijan, (29) Ambika Pandey.

Birbhum—1

(1) Suren Banarji.

Nadia—5

(1) Subhash Chandra Bose, (2) Ahi Chatarji, (3) Hari Narayan Adhikari, (4) Kanai Pal, (5) Mokshed Ali.

24-Parganas—7

(1) Gour Goswami, (2) Nimai Ray, (3) Jamini Saha, (4) Haripada Chakrabaritt, (5) Abhimanyu Das, (6) Nanda Dulal Srimani, (7) Chatur Ali.

Calcutta—6

(1) Frhad Hussain Seikh, (2) Krishnadas Mukherjee, (3) Md. Hussain, (4) Mohdi Hussain, (5) Abdul Yamini, (6) Abdul Rahman.

Total No.—107.

(Note.—Political affiliations of these persons are not precisely known.

STATEMENT II

Districtwise list of persons detained under the Preventive Detention Act District, Total No., name and party affiliations

Darjeeling—1

Ghulam Hussain alias Golam Hossain—Not known.

24-Parganas—1

Jyoti Bhattacharji—Workers Party of India.

Calcutta—1

Sudhir Mukhuti—Workers Party of India.

Total No. 3.

"Padma Fishery" under the Collectorate of Malda

654. (Admitted question No. 969.) **Shri Lutfal Haque:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ কালেক্টরির অধীন পদ্মা ফিসারি বা "গঙ্গাপন্থী" নামে যে ফিসারি আছে তাহা এখন কাহার কাছে বন্দোবস্ত আছে;

(খ) এই বন্দোবস্তের জন্য বাৎসরিক কি খাজনা ধার্য আছে;

(গ) এই বন্দোবস্তের মেয়াদ আর কতদিন আছে; এবং

(ঘ) বন্দোবস্তের মেয়াদ পূর্ণ হইবার পূর্বে এই ফিসারিকে খাসদখলে লওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) মুর্শিদাবাদ জেলার সামসেরজংগ থানার কাঞ্চনতলার শ্রীশচীন্দ্রনাথ রায় ও অন্যান্য পাঁচজনকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(খ) ৮,০০০ টাকা।

(গ) ৩১এ মার্চ, ১৯৭৬ সন পর্যন্ত মেয়াদ আছে।

(ঘ) বর্তমানে সেরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

Loans and grants to Industrial Co-operatives

713. (Admitted question No. 1161.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি সমস্ত জেলায় সরকারী ও বেসরকারী বাসের ভাড়া বর্ধিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, প্রতি জেলায় (১) পাকা রাস্তায়, (২) কাঁচা রাস্তায় প্রত্যেক শ্রেণীর যাত্রীদের ভাড়া মাইল প্রতি কত বর্ধিত হইয়াছে?

The Minister for Home (Transport):

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Gratuity to Primary School Teachers

714. (Admitted question No. 1176.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষকগণকে গ্রাচুইটি দিবার ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ব্যবস্থা থাকিলে, গত ১৯৬২ সালে কতজনকে এই গ্রাচুইটি দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) গ্রাম্য অঞ্চলে জেলা স্কুল বোর্ডের অধীনে নিযুক্ত প্রাথমিক শিক্ষকগণকে কয়েকটি শর্তে গ্রাচুইটি দিবার ব্যবস্থা আছে। শহরাঞ্চলে উক্ত ব্যবস্থা করা স্কুল কর্তৃপক্ষের উপর নির্ভর করে।

(খ) ২০৩ জনকে।

Primary School in village Pilkhana, police-station Beldanga, Murshidabad

715. (Admitted question No. 1181.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার পিলখানা গ্রামের প্রাথমিক স্কুলটি সরকার অনুমোদন করিয়াছেন কিনা; এবং

(খ) অনুমোদন না করা হইয়া থাকিলে, কবে উহা অনুমোদিত হইবে?

The Minister for Education:

(ক) ও (খ) গ্রাম্য অঞ্চলে প্রাথমিক বিদ্যালয় অনুমোদন করেন জেলা স্কুল বোর্ড। বোর্ড এখনও ঐ বিদ্যালয়টিকে অনুমোদন দেন নাই।

Managing Committee of a School at Amarkundu, Murshidabad

716. (Admitted question No. 1228.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার অমরকুণ্ডুতে অবস্থিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কতদিন পূর্বে পুনর্গঠিত হইয়াছে;

(খ) উক্ত স্কুলের মালিকানায় ভূসম্পত্তি আছে কি;

(গ) থাকিলে কি কি ভূসম্পত্তি আছে এবং তাহার আনুমানিক মূল্য কত;

(ঘ) ঐ ভূসম্পত্তি হইতে গত পাঁচ বৎসরে কত আয় হইয়াছে, এবং

(ঙ) ঐ স্কুলের ম্যানেজিং কমিটি কতদিনের মধ্যে পুনর্গঠিত হইবে?

The Minister for Education:

(ক) ২৮এ এপ্রিল, ১৯৫৭ তারিখে পুনর্গঠিত হইয়াছিল।

(খ) হ্যাঁ।

(গ) বিদ্যালয়ের ৫০ বিঘা ধানের জমি আছে। ১৯৫৬-৫৭ সালের অডিট রিপোর্টে উক্ত সম্পত্তির মূল্য ৫০,০০০ টাকা দেখানো হইয়াছে।

(ঘ)

সাল		মোট আয়
১৯৫৬-৫৭	...	১,০০০ টাকা।
১৯৫৭-৫৮	...	কোন আয় হয় নাই।
১৯৫৮-৫৯	...	২,২৪০ টাকা।
১৯৫৯-৬০	...	২,২৬৯·৭৮ নঃ পঃ।
১৯৬০-৬১	...	২,২২৪·৮৭ নঃ পঃ।

(ঙ) বিদ্যালয়ের কর্তৃপক্ষ ম্যানেজিং কমিটি গঠন প্রসঙ্গে একটি বিশেষ গঠন প্রণালীর জন্য মধ্য শিক্ষা পর্ষদে আবেদন করিয়াছেন। এ সম্বন্ধে পর্ষদের নিকট হইতে নির্দেশ পাওয়ার পর ম্যানেজিং কমিটি পুনর্গঠিত হইবে।

Messages from Council

Secretary (Shri P. Roy): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

"(1)

The Bengal Finance (Sales Tax) Amendment Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 4th April, 1963, and is returned herewith to the Assembly with intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council.

Calcutta,
The 4th April, 1963.

(2)

The Court-fees (West Bengal Amendment) Bill, 1963, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 4th April, 1963, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council.

Calcutta,
The 4th April, 1963.

(3)

The West Bengal Legislative Council at its meeting held on the 4th April, 1963, agreed to the West Bengal Local Authorities (Postponement of Elections) Bill, 1963, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta,
The 4th April, 1963.

Sir, I lay copies of the messages on the table.

Point of Privilege

Shri Sanat Kumar Raha:
মাননীয় স্পীকার, স্যার, আমাকে আবার প্রিভিলেজ-এর কোশ্চেন তুলতে হয়। যেসব স্টার্ড কোশ্চেন এবং অ্যানসারএ বলা হয় টেবলএ আছে, সেগুলি সেখানে গিয়ে আমরা পাই না সেক্রেটারিকে জিজ্ঞাসা করে আমরা জানতে পারি ডিপার্টমেন্ট থেকে উত্তর আসে নি। আমি কালকে স্পেসিফিক কোশ্চেন দিয়ে মন্ত্রিমহাশয়কে বলেছিলাম, তিনি বলেছিলেন অগ্রসহ টেবিলে দেওয়া হইল। অফিসে গিয়েও কিছু পেলাম না। এভাবে স্পেসিফিক কোশ্চেন দিয়েও যদি আমরা টেবিলএ গিয়ে কিছু না পাই তাহলে তাতে সত্যিই আমাদের কিছু সাহায্য করা হয় না—এতে আমরা আমাদের প্রিভিলেজ থেকে বঞ্চিত হই।

IMPERATIVE NECESSITY FOR LAYING THE ANSWERS TO QUESTIONS ON THE TABLE IN TIME.

Mr. Speaker: Mr. Raha, I may tell you that I had also drawn the attention of the Hon'ble Ministers that the answers should be laid on the table in time. I am again requesting the Hon'ble Ministers to see that the answers are laid on the table in proper time. I would rather request the honourable members not to approach the Secretary even for papers. It is the duty of the Secretary to see that the papers are placed on the table in time.

Statement by Minister regarding exemption of rent of certain lands

The Hon'ble Syamadas Bhattacharyya:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা সিদ্ধান্তের কথা ঘোষণা করতে চাই—বাস্তুভূমির খাজনা রেহাই দেবার প্রশ্নটা সরকার যত্নসহকারে বিবেচনা করে এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, আগামী বাংলা ১৩৭০ সাল থেকে মিউনিসিপ্যাল এলাকার বাইরে ½ একর পর্যন্ত বাস্তুভূমির খাজনা রেহাই দেওয়া হবে। সেচ এলেকার ৩ একর পর্যন্ত জমির মালিক এবং সেচ এলাকার বাইরে ৫ একর পর্যন্ত জমির মালিক এই সুযোগ-সুবিধা ভোগ করবেন। ৩ একরের কম জমি থাকলে তাঁরা এই সুযোগ-সুবিধা ভোগ করবে এবং এই সিদ্ধান্তের ফলে কয়েক লক্ষ ভূমিহীন, লক্ষ লক্ষ সাধারণ গ্রামীণ পরিবার তাদের বাস্তুজমির জন্য খাজনা দেবার দায় থেকে অব্যাহতি পাবেন। সরকার সাধারণ মানুষের করভার হ্রাস করবার যে নীতি গ্রহণ করেছেন এবং গ্রামের মানুষকে সুযোগ-সুবিধা দেবার যে নীতি গ্রহণ করেছেন সেদিকে লক্ষ্য রেখেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

Shri Nani Bhattacharyya:
ভূমিরাজস্ব মন্ত্রী এই যে ঘোষণা করলেন we welcome this declaration heartily.

Shri Sailendra Nath Adhikary:
ভূমিরাজস্ব মন্ত্রী এই যে ডিক্লারেশন দিলেন এটা ওয়েলকামএর যোগ্য।

Dr. Narayan Chandra Roy:
আমি আমাদের তরফ থেকে এই ঘোষণার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি—এতে সাধারণ মানুষের উপকার হবে।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, we welcome the hearty news given by the Hon'ble Minister and we congratulate him once again for the steps he has taken.

Shri Anadi Das:
আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

Shri Bhakti Bhusan Mondal:
আমাদের ফরওয়ার্ড ব্লকএর তরফ থেকেও তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

Calling attention to matters of urgent public importance

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, with reference to the calling attention notice given by my friend Dr. Narayan Chandra Roy, M.L.A., regarding the alleged outrages committed on refugees and landless agriculturists at Jaldhaka, Diana 'Char' in Mainaguri-Dhupguri police-station, I have to state that the factual position of the matter is that a large number of encroachers, not necessarily landless agricultural labour or refugees, drawn from far and near, even from other districts, had recently started to put up huts in the Reserved Forest areas of Ramshai and Jaldhaka blocks of the Diana Reserved Forests.

[1-10—1-20 p.m.]

The trespassers were building their huts by utilising forest produce and had felled a large number of trees for this purpose. They were also selling the forest produce for their own gain. The encroachers were inducted at the instance of agents and members of some interested parties who had guided them to this forest and had collected large sums of money from them for fictitious allotment of land there. At the initial stage, moderate steps were taken by the Police and encroachers were warned. But this did not prove effective. On the contrary, a regular illicit trade of forest produce was developing and a large forest area was being cleared causing devastating damage to the Reserved Forest by reckless felling of trees. The affected area was about 4,000 acres.

In such a situation, a determined action had to be taken as a corrective. This was done under the control of superior police officers and the civil subdivisional officer when the encroachers were evicted and over 1,200 unauthorised structures, erected with various material, were dismantled and removed. For speedy removal of these structures, manual labour and elephants were also deployed. It is not a fact that the police and forest guards had engaged elephants to evict the peasants. In this incident there was no firing at all as has been alleged. It is also not a fact that the people were remaining in the jungle to hide themselves. On the contrary, most of the encroachers are reported to have returned to their former homes blaming and cursing the people who have duped them by taking money from them on the false plea of settling land with them.

Mr. Speaker: Now, Hon'ble Minister-in-charge will please make a statement on the incidence of Asiatic cholera and bacillary dysentery at Hasanabad under police-station Basanti, notice of which was given by Shri Dinabandhu Das on the 2nd April, 1963.

The Hon'ble Probodh Kumar Guha: Sir, with reference to the Calling Attention Notice given by Shri Dinabandhu Das regarding the incidence of Asiatic cholera and bacillary dysentery at Hasanabad under police-station Basanti, I may make the following statement:

Reports of cases suffering from cholera and dysentery-like symptoms have been received from 3 villages of Charvidya Union and one of Kalikatola Union of police-station Basanti in the district of 24-Parganas. According to information received there have been 70 attacks with 42 deaths from 23rd February, 1963 to 28th March, 1963. The names of the affected villages and the incidence in each village are given below:—

Charvidya Union

Villages	Attacks	Deaths
Charvidya	24	16
Purba Bayarshing	22	11
Gumgar	18	11

Kalikatola Union

Village	Attacks	Deaths
Ghatalpara	6	4

Samples of stool collected from the affected persons have not revealed infection from cholera. Further investigation is proceeding. In view, however, of the severity of the infection all precautionary measures against cholera and acute dysentery are being taken. Up to 26th March, 1963, 1,462 people out of 1,725 living in the affected villages have been inoculated against cholera.

One Mobile Medical Unit was rushed to the affected area as soon as information about the incidence was received. Two more Mobile Medical Units with additional staff equipped with sufficient disinfectants and medicines in the charge of the District Health Officer have also been sent to the area in a special launch to avoid delay. The Units have been directed to continue work there until the epidemic subsides completely.

As an emergency measure 5 new tube-wells have been sunk in the affected villages. In the village, Mauza Charvidya four new tube-wells are being sunk and in Gumgar one. Two more tube-wells are being sunk—one at Matherdighi and the other at Gabbuni—two villages near the affected area under Canning police-station.

The District Magistrate, 24-Parganas, has also been requested to start relief measures in the area.

Mr. Speaker: I have received one Calling Attention Notice today from Shri Sanat Kumar Raha on the subject of loss and damage to houses due to fire in Dhulian, district Murshidabad. The Hon'ble Minister-in-charge may make a statement today or give a date.

The Hon'ble Abha Maiti: Mr. Speaker, Sir, Shri Sanat Kumar Raha, M.L.A., has called my attention to the case of a fire in Dhulian in the district of Murshidabad. I had made enquiries and I am informed that on the evening of 3rd April there was a fire in a jute godown and in a few adjoining thatched huts in Dhulian. The District Magistrate immediately rang up the Director of Fire Services at Calcutta, who sent two fire engines to the spot. The fire engines have, by now, almost controlled the fire. The cause of it is under investigation. No life was lost nor was any injury caused. There was no damage to any property of the poor people. The queston of relief has not so far arisen. The local authorities are full alert to the situation, and all necessary measures will be taken.

Point of Privilege regarding incorrect reporting of proceedings in newspaper

Mr. Speaker: Honourable members, the other day Shri Panchu Gopal Bhaduri had raised a question of privilege. He had drawn my attention to a newspaper report appearing in "Jugantar" on the 1st March, 1963, purporting to be an extract of his speech. I have examined the official report and the newspaper report. The newspaper report is not correct, and I hope the newspaper mentioned above will in future be careful in reporting the speeches of the members. No further notice need be taken in the matter.

Non-official Resolution

Mr. Speaker: Resolution of Shri A. H. Besterwitch moved on 29th March, 1963, to continue. I call upon Shri Nikhil Das to speak.

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়. এ. এইচ. বেসটার উইচ পশ্চিম বাংলার মন্ত্রিমণ্ডলীর কলেবর হ্রাসের যে প্রস্তাব উত্থাপন করেছেন সে প্রস্তাবের সমর্থনে দাঁড়িয়েছি, এবং সে প্রস্তাবের সমর্থনেই দু'-চারটে কথা আপনার মাধ্যমে হাউসে রাখতে চাই। পশ্চিম বাংলা অত্যন্ত দুর্দশাগ্রস্ত, পশ্চিম বাংলা সমস্যাসঙ্কুল রাজ্য –এই যে দরিদ্র পশ্চিম বাংলা, সমস্যাসঙ্কুল পশ্চিম বাংলা—এই পশ্চিম বাংলার অন্যতম সমস্যা হচ্ছে এই মন্ত্রিমণ্ডলীতে ৩৭ জন সদস্য আছেন। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের কলেবর যদি লক্ষ্য করি তাহলে দেখবো পশ্চিম বাংলার মত এত বৃহৎ মন্ত্রিমণ্ডলী কোথাও নেই, এবং এই বিরাট মন্ত্রিমণ্ডলী পোষণ করা হচ্ছে। এই পশ্চিম বাংলায় এই মন্ত্রীরদে

শোষণ করার একমাত্র উদ্দেশ্য হচ্ছে, পশ্চিম বাংলায় যে দল ক্ষমতায় আসীন আছে সেই দলের ভেতরে যে দলাদলি রয়েছে তাকে কোন রকমে ধামাচাপা দিয়ে রাখা, এই হচ্ছে এই বিরাট মন্ত্রিমন্ডলী রাখার উদ্দেশ্য।

[1-20—1-30 p.m.]

এবারে যখন প্রথমে মন্ত্রিমন্ডলী ঘোষণা করা হয় তখন থেকে আমরা আপত্তি জানিয়েছি যে, এত বড় মন্ত্রিমন্ডলী রাখার কোন অর্থ হয় না। ডেপুটি মিনিস্টার যারা, স্টেট মিনিস্টার যারা তারা কি কাজ করেন, তাদের ঘাড়ে কি কাজ রয়েছে—সে সম্পর্কে বার বার আমরা জানতে চেয়েছি কিন্তু সে সম্পর্কে আমরা কোন কিছু জানতে পারি নি। অপর পক্ষে কখনও আমাদের সৌভাগ্য ঘটেছে ঐ রাইটার্স বিল্ডিংয়ে যাবার এবং সেখানে গিয়ে আমরা দেখেছি যে অধিকাংশ ডেপুটি মিনিস্টার যারা, অধিকাংশ স্টেট মিনিস্টার যারা তারা তাদের ঘরে বসে গল্পই করেন শুধু। কিন্তু আসল যে কাজ সেই কাজের দিকে তাদের কোন নজর নেই। তাই আমরা বার বার বলে এসেছি যে এই বিরাট মন্ত্রিমন্ডলীর কলেবর হ্রাস করা দরকার এবং সে কথা বার বার এই হাউসে উপস্থিত করেছি এবং এভাবে প্রশাসনিক খাতে যে ব্যয় সেই ব্যয় হ্রাসের কথা আমরা বলেছি কিন্তু আমাদের সেই আবেদনের সাড়া পশ্চিম বাংলার যে দল ক্ষমতায় অধিষ্ঠিত আছে তারা সাড়া দেন নি। এবং নূতন করে চীন আমাদের যখন আক্রমণ করে এবং জরুরী অবস্থা যখন পশ্চিম বাংলায় ঘোষিত হয় এবং সকল স্তরে ব্যয়-সঙ্কোচের আবেদন যখন মন্ত্রিবৃন্দ দেশের দেশবাসীর [illegible] রাখতে সুরু করলেন সেই যে নূতন পরিস্থিতির উদ্ভব হোল সেই নূতন পরিস্থিতিতে এই সমস্যা নতুনভাবে দেখা দিল। পাঞ্জাবের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন পাঞ্জাবে মাথাভারী শাসন-ব্যবস্থা ছিল, পাঞ্জাবে ৩১ জন মন্ত্রী নিয়ে মন্ত্রিমন্ডলী গঠিত হয়েছিল কিন্তু পাঞ্জাবের যিনি মুখ্যমন্ত্রী জরুরী অবস্থা ঘোষিত হওয়ার সাথে সাথে এবং ব্যয় সঙ্কোচের যে প্রশ্ন সেই প্রশ্নের সঙ্গে আসার সাথে সাথে তাদের ৩১ জনের যে মন্ত্রিসভা ছিল সেই মন্ত্রিসভার সদস্য পদ ত্যাগ করেন এবং তার পর নয়জন নিয়ে পাঞ্জাবের মন্ত্রিসভা গঠিত হোল। আমাদের এই ছয় মাসের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি ৩১ জন থেকে পাঞ্জাবের মন্ত্রিসভা যে ৯ জনে চলে এলো তাতে পাঞ্জাবের কোন কাজের ক্ষতি হয় নি আপৎকালীন অবস্থায় পাঞ্জাবে যে কাজ চলেছে এবং তার আগে পাঞ্জাবে যে কাজ চলেছিল মন্ত্রিমন্ডলীর সংখ্যা হ্রাসের ফলে পাঞ্জাবের কোন ক্ষতি হয় নি। আর পাঞ্জাবের যে সমস্যা পশ্চিম বাংলার সাথে তার সামঞ্জস্য আছে। পশ্চিম বাংলায় যেমন করে উদ্বাস্তু সমস্যা রয়েছে পাঞ্জাবেও ঠিক তেমনি রয়েছে, পাঞ্জাবও সীমান্তের একটি রাজ্য, তার পাশে পাকিস্তান রয়েছে, সেই রকম পশ্চিম বাংলার এদিকে পাকিস্তান রয়েছে সেই পাঞ্জাবের সমস্যার সাথে পশ্চিম বাংলার সামঞ্জস্য রয়েছে। সেদিকে যদি লক্ষ্য করে দেখি তাহলে দেখবো ঐ যে পাঞ্জাবের মন্ত্রিমন্ডলী হ্রাসের ফলে পাঞ্জাবের যে কর্ম তার কোন ক্ষতি সাধিত হয় নি। এবং পাঞ্জাব মন্ত্রিসভার যখন কলেবর হ্রাস হোল ভারতবর্ষের সমস্ত দেশ থেকে পাঞ্জাবের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানালো। এবং আমাদের পশ্চিম বাংলার বিভিন্ন খবরের কাগজগুলোতে এই ধরনের নানা সংবাদ বেরুতে সুরু করলো। এই ধরনের একটা পরিবেশ সৃষ্টি করার চেষ্টা হোল যে পরিবেশ থেকে যা পরিস্ফুট হয়ে উঠেছে যে পশ্চিম বাংলার মানুষ চায় যে পশ্চিম বাংলার রাজ্যের এই যে বিরাট মন্ত্রিসভা তার কলেবর হ্রাস করা হোক। এই দিকেই লক্ষ্য রেখে আনন্দবাজার পত্রিকা, যুগান্তর পত্রিকা, "দৈনিক বসুমতী" কাগজ, স্টেটসম্যান কাগজ, হিন্দুস্থান কাগজ, অমৃতবাজার কাগজ তারা যে বিভিন্ন তথ্য দিতে সুরু করলেন সেই তথ্য থেকে পশ্চিম বাংলার মানুষের যে আশা-আকাঙ্খা, তাদের মনের যে কথা সেটা পরিস্ফুট হয়ে উঠলো—পশ্চিম বাংলার মানুষ এই দাবী নিয়ে এসে দাঁড়ালো সেই দাবী হচ্ছে আপৎকালীন অবস্থা ঘোষিত হয়েছে, সরকারের যারা নেতৃবৃন্দ, কংগ্রেসের যারা নেতৃবৃন্দ তারা বড় বড় জায়গায় দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছেন, রেডিও মারফতে তারা বক্তৃতা দিচ্ছেন ব্যয় সঙ্কোচ করুন, ট্যাক্সের বোঝা ঘাড়ে পেতে নিন, দুঃখে কষ্টে থাকতে নিজেরা তৈরী হয়ে যান, সেই বাণী যারা আওড়াচ্ছেন সেই জায়গায় মন্ত্রিসভা হ্রাস করা হোক। আজকে এতগুলো মন্ত্রী বাংলাদেশের কোন দরকার নেই। এই যে দাবী এটা ছিল অত্যন্ত ন্যায্য এবং যখন আমাদের মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করা হয়েছিল তখন তিনি উত্তর দিয়েছিলেন পাঞ্জাবের যে কেন মন্ত্রিসভা হ্রাস করা হয়েছে তা আমি জানি, পশ্চিম বাংলার

মন্ত্রিসভা কমাবার কোন প্রশ্ন উঠে না। কেন হয়েছে তা তিনি জানেন না—পাঞ্জাবের ... কাছে পাঞ্জাবের প্রদেশ থেকে এই দাবী করা হয়েছিল আপৎকালীন অবস্থায় সর্বস্তরে যখন ব্যয়-সঙ্কোচের দাবী এসেছে তখন মন্ত্রিসভা হ্রাস করা হোক। ৩১ জনের যে বিরাট মন্ত্রিমণ্ডলী আমাদের কাঁধে চাপিয়ে দেওয়া হয়েছে তাকে ছোট করে দেওয়া হোক। এই জন্য সেখানে মন্ত্রিসভা হ্রাস করা হয়েছিল। কিন্তু পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী বললেন পশ্চিম বাংলার ক্ষেত্রে একথা প্রযোজ্য নয়। পশ্চিম বাংলার কংগ্রেস প্রধান যিনি তিনি একথা বললেন—সেই সময় তাঁকে যখন প্রশ্ন করা হয়েছিল তিনি একথা বললেন পশ্চিম বাংলায় মন্ত্রীদের সংখ্যা যদি হ্রাস করা হয় তাহলে পশ্চিম বাংলায় অত্যন্ত অদ্ভুত অবস্থার সৃষ্টি হবে।

পশ্চিম বাংলা কংগ্রেসের প্রধান যিনি তিনি একথা বললেন, সেই সময় তাঁকে প্রশ্ন করা হয়েছিল যে আজ যদি পশ্চিম বাংলার মন্ত্রীদের সংখ্যা হ্রাস করা হয়, তাহলে পশ্চিম বাংলায় একটি অদ্ভুত অবস্থার সৃষ্টি হবে এবং পশ্চিম বাংলায় যে সমস্যাবলী আছে, তার সঙ্গে আমরা মোকাবিলা করতে পারবো না। অর্থাৎ কাকে বাদ দেওয়া হবে? কোন্ গ্রুপকে বাদ দেওয়া হবে? তাঁদের দলের কোন একটি লোক যদি বাদ পড়ে যায়, তাহলে কংগ্রেসের ভেতর একটা কোন্দল মাথাচাড়া দিয়ে উঠবে। তাই সকলকে খুসী রাখবার জন্য মন্ত্রিসভার সদস্য সংখ্যা কমান হয় না।

আর একটি প্রশ্ন করতে চাই—যে দল ক্ষমতায় আসীন হয়ে রয়েছে, যাঁরা দেশবাসীর কাছে ব্যয় সঙ্কোচের আবেদন করছেন, আপৎকালীন অবস্থা সামনে রেখে ট্যাক্সের বোঝা বহন করতে দেশবাসীকে আহ্বান করছেন, তাঁদের কাছে প্রশ্ন রাখতে চাই, পশ্চিম বাংলার মানুষ যদি ঐ দেখে যে ৩৭ জনের বিরাট মন্ত্রিসভা আজ পশ্চিম বাংলার ঘাড়ে, পশ্চিম বাংলার বুকের উপর চেপে বসে আছে, তাদের সামনে আপনারা ভাতা-ঘরবাড়ী বাবদ এত টাকা নিচ্ছেন, নূতন গাড়ী চড়ে বেড়াচ্ছেন, এখানে সেখানে ঘুরছেন, আর এর সমস্ত খরচ পশ্চিম বাংলার দুঃস্থ মানুষকে যদি বহন করতে হয়, তাহলে কি তারা উৎসাহ পাবে আপনাদের কথায় সাড়া দিতে? তবে এটা স্বাভাবিক ছিল যে যাঁরা অপ্রয়োজনীয় মন্ত্রী গদিতে বসে আছেন, তাঁদের পদত্যাগ করা এবং সকলে পদত্যাগ করে ঠিক যে কয়জন মন্ত্রী না হলে কাজ চলে না বা চলতে পারবে না, তাঁদের নিয়ে নূতনভাবে মন্ত্রিসভা গঠন করা উচিত ছিল। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে একথা এখানে রাখতে হচ্ছে যে, কেউ যদি কোনদিন রাইটার্স বিল্ডিংসে যান, তাহলে দেখতে পাবেন যে এই সব ডেপুটি মিনিস্টারদের কোন কাজ নাই। তাঁদের কাজ কি? কোন ফাইল তাঁদের কাছে আসে না। ফাইল চাইলেও তাঁরা পান না। অবশ্য দু'-চারজন ডেপুটি মিনিস্টার কাজকর্ম যথেষ্ট করেন; এ ছাড়া আর অধিকাংশ স্টেট মিনিস্টার ও ডেপুটি মিনিস্টার ঘরে চায়ের আসর জমান গল্প-গুজব করেন, আড্ডা দেন। ফাইলের কোন কাজকর্ম তাঁদের কাছ থেকে পাওয়া যায় না। এই হচ্ছে বাস্তব অবস্থা।

স্যার, আর একটা কথা রাখতে চাই, আমরা গত দেড় বছর বা এক বছরের মধ্যে তিনজন পুরো মন্ত্রীকে হারিয়েছি। সেই যে তিনজন পুরো মন্ত্রী হারাবার পরে তাঁদের জায়গায় মাত্র একজনকে নেওয়া হয়েছে: আর দু'-জন এখনো নেওয়া হয় নাই। তা সত্ত্বেও আমরা দেখছি আগে যেভাবে কাজ চলতো, এখন তার চেয়ে খারাপভাবে চলছে, এ কথা কেউ বলতে পারবেন না। তাঁরা সকলেই অত্যন্ত যোগ্য মন্ত্রী ছিলেন। তাঁদের জায়গায় অন্য লোক না নেওয়া সত্ত্বেও কাজের কোন ক্ষতি হয় নাই, যেমন চলতো তেমনি চলছে। আমি যে কথাটি বলতে চাই—এত বড় মন্ত্রিসভার কোন প্রয়োজন আজ বাংলাদেশে নেই। এবং জরুরী অবস্থা সামনে রেখে এই বিরাট মন্ত্রিসভা যদি আমাদের ঘাড়ে চেপে বসে, তাহলে পশ্চিম বাংলার মানুষকে জরুরী অবস্থায় যে পরিমাণে উদ্বুদ্ধ করে তোলা দরকার, সেই পরিমাণে উদ্বুদ্ধ করে তোলা যাবে না।

এর আগের বারে যে মন্ত্রিসভা গঠিত হয়েছিল তাতে আমরা দেখেছি ডেপুটি মিনিস্টার, স্টেট মিনিস্টার, মিনিস্টার মিলিয়ে তার সদস্য সংখ্যা ছিল ৩০ জন। আর এবারের মন্ত্রিসভার সদস্যদের নাম যেদিন ঘোষিত হলো, তখন দেখা গেল ৭ জন বেড়ে গেল। মন্ত্রিসভার সদস্য সংখ্যা ৩৭ জন হলো। এদের জন্য বৎসরে খরচ করা হয় কত? এই যে ব্লু বুক পার্ট ট্-র ১৮৯ পাতায় আছে ১৯৫৯-৬০ সালে এই মন্ত্রীদের জন্য বাড়ীর ব্যাপার বাদ দিয়ে, গাড়ীর

ব্যাপার বাদ দিয়ে, বাড়ী মেরামতের ব্যাপার বাদ দিয়ে, এয়ার-কন্ডিশনিং বাদ দিয়ে কেবল মন্ত্রীদের পেছনে খরচ হয়েছে ১২ লক্ষ ৭৪ হাজার টাকা। ১৯৬০-৬১ সালে খরচ হয়েছে ১৩ লক্ষ ৫ হাজার টাকা। ১৯৬১-৬২ সালে খরচ হয়েছে ১৩ লক্ষ ৩০ হাজার টাকা। ১৯৬২-৬৩ বাজেট এস্টিমেট ছিল ১২ লক্ষ ১০ হাজার টাকা, যেখানে বাস্তবে খরচ হয়েছে ১৫ লক্ষ ৩২ হাজার টাকা। আর এবার, ১৯৬৩-৬৪ সালের জন্য ধরা হয়েছে ১৪ লক্ষ ৭৪ হাজার টাকা। অর্থাৎ যত বছর যাচ্ছে মন্ত্রীদের সংখ্যাও তত বাড়ছে, মন্ত্রীদের পেছনে খরচও বাড়ছে। অথচ বাজেট যখন পেশ করা হয়, তখন দেখি শিক্ষা খাতের খরচ কমান হয়, রিলিফের খাতে খরচ কমান হয়, উদ্বাস্তু খাতে খরচ কমান হয়। কারণ যেগুলো সোসাল ওয়েলফেয়ার অ্যাকটিভিটিজ খাতে খরচ কমান হচ্ছে না। জরুরী অবস্থার মধ্যে আমরা আছি—এখন খরচ কমান দরকার, ব্যয় সংকোচ করা প্রয়োজন এবং সেই টাকা বাঁচিয়ে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে আরো শক্তিশালী ও জোরদার করে তোলার দরকার।

[1-30—1-40 p.m.]

অর্থাৎ পশ্চিম বাংলার মানুষ নিশ্চয় সাড়া দেবে। পরদেশ যদি আমাদের দেশ আক্রমণ করে, আমাদের স্বাধীনতা রক্ষা করবার জন্য যে পরিমাণ স্বার্থ ত্যাগ দরকার, সেই পরিমাণ স্বার্থ ত্যাগ করতে পশ্চিম বাংলার মানুষ তৈরী আছে, প্রস্তুত আছে। তাঁরা যদি দেখেন যে যাঁরা বক্তৃতা দিচ্ছেন, যাঁরা বাণী দিচ্ছেন, যাঁরা আমাদের কাজ করতে বলছেন তারা রাইটার্স বিল্ডিংএ ইন্ডা ঘাংলোলিতে বহাল তবিয়তে বসবাস করছেন ৩৭ জনের বিরাট পরিবার। প্রথমে তাঁরা তাঁদের কয়েক দিনের টাকা ছেড়ে দিয়েছিলেন, এখন গেলে দেখবেন ঠিক যুদ্ধের আগের অবস্থার মত চায়ের পেয়ালা ওখানে চলছে ওটা বিয়ের বাড়ীর আসরে পরিণত হয়েছে একথা বললে অত্যুক্তি হবে না। সেই অবস্থা কেউ যদি ওখানে গিয়ে দেখে, তাহলে কি উৎসাহ, কি উদ্দীপনা তারা মন্ত্রিমণ্ডলীর কাছ থেকে পাবে? আমরা আশা করেছিলাম পাঞ্জাবের মুখ্যমন্ত্রিমহাশয় যে দৃষ্টান্ত স্থাপন করেছেন সারা ভারতবর্ষের সামনে, সেই দৃষ্টান্ত পশ্চিম বাংলার মন্ত্রিমণ্ডলীতে যাঁরা বসে আছেন, পশ্চিম বাংলায় যে দল সংখ্যাগরিষ্ঠ হয়ে সরকার যাঁরা গঠন করেছেন, তাঁরা সেই দৃষ্টান্ত অনুসরণ করবেন। সেটা যদি তাঁরা গ্রহণ করতেন, তাহলে আজ সারা পশ্চিম বাংলার মানুষ তাঁদের আশীর্বাদ করতো এবং পশ্চিম বাংলার মানুষ দু-হাত তুলে তাঁদের পিছনে দাঁড়াত এবং বলত, হ্যাঁ, বাংলাদেশ থেকে এমন একটা নেতৃত্ব দিতে আমরা সক্ষম হয়েছি যে যার ফলে এই নেতৃত্ব সারা ভারতবর্ষ উন্মুখ হয়ে উঠেছে। এই যে বিরাট মন্ত্রিত্বের খরচ, যেটা পশ্চিম বাংলার ঘাড়ে চেপে বসে আছে এবং সেই খরচের জায়গাটা যে কমান, সেই জায়গায় যা করণীয় কাজগুলি ছিল, সেই কাজগুলি মন্ত্রিমণ্ডলী করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেজলিউসন, এই প্রস্তাব আমাদের তরফ থেকে আনতে হয়েছে, এটা অত্যন্ত দুঃখের কথা। এই প্রস্তাব আনার কোন প্রয়োজন ছিল না, যদি মন্ত্রিত্বের গদীতে আজ যাঁরা বসে আছেন, মন্ত্রিমণ্ডলীর ভিতরে যাঁরা বসে আছেন, তাঁদের যদি বিবেক থাকত, তাঁদের যদি মানুষের প্রতি সহানুভূতি থাকত, মানুষের অবস্থার প্রতি যদি তাঁদের কোন দৃষ্টি থাকত, তাহলে আজ এই প্রস্তাব এখানে আসত না। তাঁরা নিজেরাই ধীরে ধীরে এই মন্ত্রিত্বের কলেবর হ্রাস করে ফেলতেন, যাতে পশ্চিম বাংলার মানুষ আজ এই সম্পর্কে প্রশ্ন করতে পারতো না। আজকে যেখানে সমস্ত পশ্চিম বাংলার মানুষের একতা দরকার, ঐক্য দরকার, আজ যেখানে সমগ্র পশ্চিম বাংলা মানষের এক হয়ে দাঁড়ান দরকার, সেখানে আজকে সরকারের শাসন ক্ষমতায় যাঁরা বসে আছেন, তাঁদের আমাদের বলতে হচ্ছে যে মন্ত্রিমণ্ডলীর এই যে বিরাট আকার, কলেবর আপনারা রেখেছেন, এর দ্বারা বাংলাদেশকে যেভাবে গড়ে তোলা প্রয়োজন ছিল সেইভাবে গড়ে তুলতে আপনারা পারছেন না। এবারের বাজেটে আমরা দেখতে পাচ্ছি ব্যয় সংকোচের কথা বলা হয়েছে—প্রতি ডিপার্টমেন্টে কয়জন করে বেশী লোক আছে তার একটা হিসাব করা হয়েছে, এবং সেই হিসাবে দেখান হয়েছে যে শতকরা পাঁচজন করে লোক প্রতি দপ্তরে বেশী আছে এবং এই শতকরা পাঁচজন করে লোককে ধীরে ধীরে দপ্তর থেকে কমিয়ে দেওয়া হবে, এবং তাদের অন্য দপ্তরে কাজ দেওয়ার চেষ্টা করা হবে। তারা কাজ যদি না পায়, তারা বসে থাকবে, পরে নূতন কাজ সৃষ্টি হলে তাদের সেই কাজে নেওয়া হবে। গরীব কেরানী যারা শতকরা পাঁচজন বাড়তি হয়ে চলে গেল। দেড়শো, দুশো, আড়াইশো টাকা মাইনে যাদের, নিম্ন মধ্যবিত্ত পরিবারের

লোক যাঁরা, যাঁরা দিনান্তে দু'-বেলা, তাঁদের এই সামান্য মাইনে দিয়ে ভাত খেতে পারে না, তাঁদের ভিতরে যারা আছে, এই শতকরা পাঁচজন বাড়তির মধ্যে পড়ে তারা ছাঁটাই হয়ে যাবে। ব্যয় সঙ্কোচ সেই জায়গা থেকে হবে। কিন্তু, এই যে বিরাট মন্ত্রিমণ্ডলী ৩৭ জনের, অবশ্য দুইজন কমে গিয়ে, এখন ৩৫ জন আছেন, সেই বিরাট মন্ত্রিমণ্ডলীর যেখানে ছাঁটাইটা প্রথমে সুরু করা উচিত ছিল, এবং সেখানে ছাঁটাই করলে লাখ লাখ টাকা বাঁচান যায়, সেই জায়গায় ছাঁটাইয়ের কোন প্রশ্ন নেই। কারণ ওটাত একটা সুখী পরিবার, ওটা একটা ক্লাব ঘরের মত, ওটা একটা খানা-পিনা করার মত জায়গা। কাজ সেখানে হোক বা না হোক, এই সুখী পরিবারকে বাঁচিয়ে রাখতেই হবে। পশ্চিম বাংলার মানুষের রক্ত জল করা যে টাকা, সেই টাকা ওঁদের পিছনে খরচ করতে হবে। এই জায়গায় ব্যয় সঙ্কোচের দৃষ্টিটা সবং আগে দেওয়া উচিত ছিল। আজকে আজ সবাইকে বেশী করে খাটতে বলা হচ্ছে। বলা হচ্ছে শ্রমদান তোমরা কর, যত কলকারখানার মজুর আছো, তোমরা অধিক পরিশ্রম করো, গ্রামের কৃষক যারা আছো, তোমরা অধিক উৎপাদন করো এবং সেন্ট্রাল গভর্নমেন্টের যারা কর্মচারী, তাদের কাজের দেড় ঘণ্টা সময় বাড়িয়ে দেওয়া হয়েছে। আমাদের মন্ত্রিমণ্ডলীর যাঁরা নায়ক, যাঁরা আজ দেশের নেতা বলে দাবী করেন, যাঁরা বলেন দেশের জনসাধারণ তাঁদের ভোট দিয়ে এই জায়গায় তাঁদের বসিয়ে দিয়েছেন, আপনার মাধ্যমে তাঁদের কাছে কি এই আবেদন করতে পারি না যে যখন নিম্নস্তরের কর্মচারীদের অধিক খাটুনির কথা বলছেন, যখন তাঁরা কলকারখানার শ্রমিক, মজুরদের অধিক খাটুনির কথা বলছেন, যখন তাঁরা গ্রামের শ্রমিক, কৃষকদের অধিক শ্রমদান করবার কথা বলেছেন, তখন তবে কেন তাঁরা নিজেরা বেশী করে খাটবেন না?

মন্ত্রিমণ্ডলীর সভ্য, সভ্যা যাঁরা আছেন তাঁরা প্রত্যেকেই যদি দৈনিক ৩ ঘণ্টা করে বেশী খাটেন তাহলে আমাদের যে মন্ত্রিমণ্ডলীর কলেবর যা আছে যদি ধরে নিই পুরো কাজের লোক ওঁদের আছে, তাহলে ⅜ অংশ টাকা এখান থেকে বাঁচান যায়। ⅜ অংশ লোককে এখান থেকে ছাঁটাই করে দেওয়া যায়। তাই এই যে জায়গাটা জনসাধারণকে বলবো কাজ কর শ্রমিককে বলবো শ্রমদান কর, কৃষককে বলবো যে তোমরা অধিক খাট, কেরানীদের কাজের সময় আমরা আধঘণ্টা বাড়িয়ে দেবো, আর আমরা যাঁরা আছি, আমরা বেশী খাটবো না এই যে জায়গাটা, এই জায়গাটা কি করে চলতে পারে? চলতে পারে না, এটা অচল। তাই আজকে মিঃ বেন্টার উইচ যে প্রস্তাব এই হাউসের সামনে বলেছেন, আমরা জানি যাঁরা সংখ্যাগরিষ্ঠ দল তাঁদের কাছে এই প্রস্তাবের কোন মূল্য নেই। মুখ্যমন্ত্রী বলে দিয়েছেন যে পাঞ্জাবে কি হয়েছে জানি না, বাংলা-দেশে কমান চলবে না। আর যিনি কংগ্রেস প্রধান তিনি বলে দিয়েছেন বাংলাদেশে যদি কমাতে চাই অনর্থ ঘটবে, বাংলাদেশে কমাতে গেলে সঙ্কট দেখা দেবে। এই প্রস্তাবের জবাব তাঁরা আগেই দিয়ে দিয়েছেন, বাংলাদেশে কমবে না। আমরা জানি কারণ সংখ্যাগরিষ্ঠ দল যাঁরা গদীতে অধিষ্ঠিত হয়ে আছেন তাঁরা এটা করবেন না। কিন্তু আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাই, ঐ পক্ষে যাঁরা আপনার ডান দিকে বসে আছেন তাঁদের মধ্যে বিবেক আছে এই রকম লোক আছে; তাঁদের মধ্যেও বুদ্ধি আছে এই রকম লোক আছে, তাঁরাও দশজন মানুষের মধ্যে ঘোরেন, পশ্চিম বাংলার মানুষ কি কথা বলতে চায় তাও তাঁরা জানেন এবং এই যে ৩৭ জনের বিরাট মন্ত্রিমণ্ডলী তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষের যে ধিক্কার সেই ধিক্কার নিশ্চয়ই তাঁদের কাণে গিয়ে পৌঁছেছে। কাজে কাজেই বলবো পার্টির হুইপ নয়, নিজের বিবেকের দিকে একবার তাকান, পার্টি ম্যানডেট নয় বাংলাদেশের বিপদের দিকে একবার তাকান, দেশের মানুষকে যেখানে ব্যয়সঙ্কোচের কথা বলছেন সেই দিকে তাকিয়ে নিজের বিবেকের দিকে তাকিয়ে আজ আপনারা মতামত দিন, তাঁদের দলের হুইপকে একবার ভুলে যান। দল বড় নয়, দেশ বড়, সে কথা আপনাদের তরফ থেকে বার বার আমরা শুনেছি যে দৃষ্টান্ত আজকে আপনারা আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন, দেশের দুর্দিনে দেশের চেয়ে দল বড় নয়, দলের চেয়ে দেশ বড়—সেকথা আমরা আজকে আপনাদের কাছে রাখতে চাই এবং সেদিক চেয়ে দলের যে হুইপ সে কথা ভুলে গিয়ে আপনার ঐ জায়গায় কি করা উচিত পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কি করা উচিত, সেদিকে আপনার দৃষ্টি দিন। একটি কথা আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে পারি তাহলে অত্যন্ত কৃতার্থ মনে করবো—ডেপুটি মিনিস্টারদের কাজ কি, স্টেট মিনিস্টারদের কাজ কি? এই যে ৩৬ জন মন্ত্রী—তাঁদের কি কাজ আমরা মাঝে মাঝে রাইটার্স

বিল্ডিংসএ যাই ছোটখাট কাজকর্ম নিয়ে, কখন-কখন হয় কখন-কখন হয় না, কখন মন্ত্রীদের দেখা পাই, কখনও মন্ত্রীদের দেখা পাই না, কিন্তু ২।৪ জন মন্ত্রী আছেন যাঁরা অত্যন্ত ব্যস্ত থাকেন, যাঁরা অত্যন্ত ফাইল নিয়ে ঘাটাঘাটি করেন। আবার এমন দেখেছি ২।৪ জন মন্ত্রী আছেন তাঁদের ঘরে ফাইল ঢোকে না, ফাইল ঢোকা তাঁদের ঘরে নিষিদ্ধ, ফাইল নিয়ে তাঁদের কারবার নেই, কারবার তাঁরা করেন না, তাঁদের একমাত্র কাজ ওখানে আড্ডা বসান। এই যে অবস্থা, এই অবস্থা চলা অনুচিত। চলতে দেওয়া উচিত নয়। তাই শেষ আবেদন আমি আপনার মাধ্যমে রাখবো, রেখে লাভ আছে কি না জানি না, ভগবানের দরবারে বোধ হয় এই আবেদন রাখলে লাভ হতে পারে, কারণ মন্ত্রিমণ্ডলীর হ্রাস যেটুকু করা দরকার সেটুকু ভগবান করেছেন আর কেউ নয়, তাই মোশনটা ভগবানের দরবারে রাখলে হয়ত খানিকটা তার উপযুক্ত জবাব পেতাম কিন্তু এখানে পাবো কি পাবো না জানি না। এই কথা বলেই মিঃ বেস্টারউইচ যে প্রস্তাব এনেছেন তার পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-40—1-50 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে দু'-একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। আমাদের মাননীয় আর, এস, পি, বন্ধু শ্রীনিখিল দাস যেভাবে আপনার সামনে তাঁর বক্তব্য রেখেছেন তাঁর তরফ থেকে নিশ্চয়ই এ বক্তব্য অসমীচীন হয় নি, কারণ, তাঁর সঙ্গে মন্ত্রীরা কি কাজ করেন না করেন তার কোন যোগাযোগ নেই। তিনি জানেন না যে মন্ত্রীদের কি করতে হয়, কতটা কাজ করতে হয়। ৩৭ জন মন্ত্রী, উপমন্ত্রী এবং স্টেট মিনিস্টারস ছিলেন সেই জায়গায় বর্তমানে ৩৫ জন আছেন। তিনজন মারা গেছেন একজন নোতুন এসেছেন। একজন ডাঃ বিধানচন্দ্র রায়, একজন হেলথ মিনিস্টার ডাঃ জীবনরতন ধর, আর একজন পুলিশ মন্ত্রী কালিপদ মুখোপাধ্যায় - এই তিনজন মন্ত্রীর মৃত্যুর পরে একজন শুধু এসেছেন শ্রীশংকরদাস ব্যানার্জি এবং তাঁরা এই তিনজন মন্ত্রী যে কাজ করতেন বাংলাদেশের সমৃদ্ধির জন্য যে অনলসভাবে কাজ করে গিয়েছেন আজ যেহেতু তাঁরা মারা গিয়েছেন, সুতরাং যুক্তি দেখান হচ্ছে তাঁরা যখন নেই কেন মন্ত্রীসংখ্যা কমান হবে না। এই যুক্তি তিনি দেখাচ্ছেন অর্থাৎ যেন ওই তিনজন যে কাজ করতেন সে পদের প্রয়োজন আর নেই। তিনি বর্তমানের এই জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভার আয়তন কমাবার জন্য আবেদন জানিয়েছেন। আমি তাঁকে এইটুকু বলব যে তিনি হয়ত খবর রাখেন না, কারণ, বিরোধী দলের বন্ধুদের কাজ হচ্ছে সরকারী দলকে খোঁচা মারা তাদের যা গলতি সেটা তাদের চোখের সামনে ধরে দেওয়া। একটু আগে যখন এই হাউসএ ভূমিরাজস্ব মন্ত্রী যখন ফ্রি করে দিলেন রেভেনিউ যখন ফ্রি ডিক্লেয়ার করলেন, সকলে মিলে তাঁকে অভিনন্দন জানালেন। ভাল কাজ যে মন্ত্রীরা করে এটা তাঁরা দেখেন না। অবশ্য অপজিশনএর এই যে সরকারের যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি তা আঙ্গুল দিয়ে দেখিয়ে দেওয়া, সেজন্য বলি যে গভর্নমেন্ট এবং মন্ত্রিমণ্ডলীর যে কি কাজ তা তাঁরা জানেন না—বলেই তাঁরা এই কথা বলছেন। আমি বিভিন্ন মন্ত্রীদের সগে চলাফেরা করে কাজ করবার সুযোগ পাই, কারণ, আমি কাজ করি। যাঁরা কাজ করেন তাঁরা মন্ত্রীদের সঙ্গে কাজ করবার সুযোগ পান। যাঁরা কাজ করেন না তাঁরা বিরোধী পক্ষের বন্ধুদের দলের সঙ্গে যান। তাঁরা জানেন না জরুরী অবস্থা হওয়ার সঙ্গে সঙ্গে মন্ত্রীদের ডিফেন্স ফান্ডে কতখানি কনট্রিবিউট করছেন। একজন উপমন্ত্রী এবং দুইজন মিনিস্টার তাঁদের ২৫ পারসেন্ট পে এমারজেন্সীর জন্য দান করছেন। স্যার, আমি মন্ত্রিমণ্ডলীর আয়তন না কমিয়ে যদি বাড়ান হয় তা সমর্থন করব, কারণ, আজকে এই যে দেশের জরুরী অবস্থা এসেছে আমাদের এই ৩৫ জন মন্ত্রী আমাদের চীনা ভক্ত কমিউনিস্ট দলকে কব্জায় আনতে পারেন নি। স্যার, ইট ইজ ইওর রুলিং অতএব আমি সেই রুলিং হিসাবে বলছি দেশদ্রোহী কমিউনিস্ট যারা তাদের কথা বলছি, তাদেরকে আমার মন্ত্রিমণ্ডলী কাবু করতে পারে নি। আজও আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের গ্রামে গ্রামে, সহরে সহরে এই চীন ভক্ত দেশদ্রোহীর দল এখনও তারা ঘুরে বেড়াচ্ছে, দেশদ্রোহিতার কথা জোর গলায় বলে বেড়াচ্ছে। আমি সেইজন্য এই মন্ত্রিমণ্ডলীর কাছে আমি অনুরোধ করব যে তাঁদের উপর যেন তীক্ষ্ম দৃষ্টি রাখেন। আমি সেইজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে এই জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে শ্রীনিখিল দাশ এবং শ্রদ্ধেয় নেতা হেমন্তবাবু এবং প্রজা-সোসালিস্ট দলের এক একজনকে নিয়ে আরও তিনজন মন্ত্রী যদি নিয়োগ করা হয় যদি

কোয়ালিশন মিনিস্ট্রি ফর্ম করা যায়, তাহলে দেখবেন এই চীনের বন্ধু যারা, যারা দেশদ্রোহী তারা কিন্তু ঠাণ্ডা হয়ে যাবে। কারণ এই বিরোধী দলের বন্ধুরাই দেখবেন তখন এদের ঠাণ্ডা করতে পারবেন। সেইজন্য এই মন্ত্রিমণ্ডলীর আয়তন কমাবার বিরোধীতা করছি বরং আমি সমর্থন করছি যে আরও তিনজনকে নিয়ে কোয়ালিশন গভর্নমেন্ট করুন এবং সমস্ত শক্তি এই দেশদ্রোহীদের বিরুদ্ধে প্রয়োগ করুন। [নয়েজ এ্যান্ড ডিসটারবেন্স]

[1-50—2 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বেস্টার উইচ আজকে মন্ত্রিসভার ছাঁটাই করার যে প্রস্তাব এনেছেন এবং আমার বন্ধু শম্ভুবাবু দেশদ্রোহী মন্ত্রিসভার ছাঁটাই করার জন্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শুরু করছি। চীন ভারত আক্রমণ করার পরে যখন সাধারণ মানুষের ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে গেল, কৃষকের পাট তামাকের ন্যায্য মূল্যের দাম যখন কমে যাচ্ছে এবং সাধারণ মানুষের খাদ্যদ্রব্যের মূল্য যখন উর্ধ-গতি এবং হাজার হাজার স্বর্ণশিল্পী যখন বেকার হয়ে যাচ্ছে, ঠিক সেই সময়ে ত্যাগের যে একটা মহান মূল্য আছে সে কথা আমাদের মন্ত্রিসভার সদস্যরা সেই মূল্যায়নে ব্যর্থ হয়েছে। সেই মূল্যায়নে ব্যর্থ হয়েছেন বলেই আমরা লক্ষ্য করছি বাংলাদেশের মানুষ এই দাবী তুলেছিল যে মন্ত্রিসভার সদস্য সংখ্যা ছাঁটাই করা হউক। এবং আজকেও আমাদের বিধানসভায় এই প্রস্তাব এসেছে। স্যার, এর উত্তরে আমরা জানি কংগ্রেসী তরফ থেকে বলা হবে কারণ অতুল্যবাবু বলেছেন যে মন্ত্রিসভার ছাঁটাই করা দরকার নাই। তারপরে আবার দেখলুম আমাদের মুখ্যমন্ত্রী সেই সুরে বলেছেন মন্ত্রিসভার ছাঁটাই করার প্রয়োজন নাই। মন্ত্রীরা খুব এফিসিয়েন্ট, এদের দিয়ে দেশের খুব ভাল কাজ হচ্ছে। আজকে মূলনীতি যেখানে ব্যর্থ হয়েছে, মূলনীতি যেখানে ভ্রষ্ট হয়েছে সেখানে আমাদের নিশ্চয়ই আলোচনা করতে হবে। আমরা লক্ষ্য করে দেখেছি আমাদের পশ্চিম বাংলায় যে মন্ত্রী নিয়োগ করা হয় তার উপযুক্ততার দিক থেকে নয়, এফিসিয়েন্সির দিক থেকে নয় তা হয় গ্রুপ বা দল বা উপদলকে রক্ষা করবার জন্য। তা ঠিক হয় কোন জেলায় কংগ্রেস সংগঠনকে বাড়ানোর জন্য, আমরা লক্ষ্য করেছি যে এইভাবে মন্ত্রীদের নিয়োগ করা হয়। এবং আপনারা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে কুচবিহার জেলায়, দিনাজপুর জেলা থেকে এমন সমস্ত মন্ত্রী, উপমন্ত্রী এই হাউসে এসেছেন যাদের উপযুক্ততা সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। বাংলাদেশের মানুষ মুক্তকণ্ঠে অকুণ্ঠচিত্তে আমার এই কথা তারা নিশ্চয়ই সমর্থন করবে। কাজেই সেই এফিসিয়েন্সির কথা তারা যেটা বলেন আমাদের কাছে সেটা নিরর্থক হয়ে গেছে। তারপরে যখন ত্যাগের কথায় এসেছেন--সাধারণ মানুষ যখন চারিদিক থেকে দান শুরু করলেন প্রতিরক্ষা তহবিলের জন্য তখন ট্যাক্সের বোঝা জনসাধারণের ঘাড়ে এরা ট্যাক্সের বোঝা চাপাচ্ছেন। তখন কেন আমরা বলছি যে মন্ত্রিসভা কমান হউক। এর আর্থিক দিক থেকে যে খুব লাভ হবে সেটা আমি মনে করি না, হয়ত কয়েক লাখ টাকা বেঁচে যেতে পারে কিন্তু এর একটা নীতিগত মূল্য আছে। এর একটা এথিক্যাল ভ্যালু আছে। সেই দিক থেকে আমি আমার বক্তব্য এখানে রাখতে চাই। আমরা লক্ষ্য করে দেখেছি যে এই রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী যারা আছেন তাঁদের কি কাজ সেটা নিখিলবাবু এখানে বলেছেন। যদিও নেপালবাবু বলেছেন যে তাঁদের প্রচুর কাজ আছে--জানি নেপালবাবুর প্রচুর কাজ আছে--কোন সুড়ঙ্গ পথে এই ধরণের কাজ চলে তাঁর এবং সেখানে হয়ত তাঁকে রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী তাঁকে সাহায্য করতে পারেন, কিন্তু রাইটার্স বিল্ডিংসএ গিয়ে দেখেছি যে সাধারণ মানুষের সাথে এঁদের সংযোগ নাই, সাধারণ কাজটুকুও এঁরা করতে পারেন না। তার প্রমাণ আমি আপনার কাছে রাখতে চাই। কুচবিহার জেলায় দিনহাটা মহকুমায় একটা জুনিয়র মাদ্রাসার রেকগনিশন চেয়ে তারা দুই বছর আগে একটা দরখাস্ত করেছিলেন। আমাকে এক বছর ধরে এই শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বলেছেন আমাদের এনকোয়ারী সব কমপ্লিট হয়ে গিয়েছে, আপনি এবার ফিরে যান, চিঠি চলে যাচ্ছে, এবার রেকগনিশন পেয়ে যাবেন। এবারে যখন তাঁকে বললাম তিনি তখন বললেন যে আমি

তৈরী করে দিচ্ছি। আর আজকে বললেন এই কপিটা নিয়ে যান ডি আই-কে দেখাবেন আমরা এনকোয়ারী করবার জন্য বলেছি। অথচ আজ এক বছর ধরে তিনি আমাকে বলছেন এনকোয়ারী কমপ্লিট হয়ে গিয়েছে রেকগনিশন পেয়ে যাবেন। আর আজকে তিনি বলছেন এনকোয়ারীর জন্য চিঠি যাচ্ছে। এই যদি রাষ্ট্রমন্ত্রীদের এফিসিয়েন্সি হয় তাহলে আমরা আজকে মনে করব যে এই সব রাষ্ট্রমন্ত্রীদের আপনারা বিদায় করুন। মানুষের করভার কমে যাবে, মানুষ একটু নিঃশ্বাস ফেলে বাঁচবে। আজকে প্রতিরক্ষার কথা উঠেছে, প্রতিরক্ষার সময় আমরা কি দেখেছি—দেখেছি সরকারের নামে একটা মিটিংও বাংলাদেশে হয় নি, অন্ততঃপক্ষে আমি এই কথা বলতে পারি যে উত্তরবঙ্গে সরকারের তরফ থেকে একটিও প্রতিরক্ষার জন্য মিটিং হয় নি। কংগ্রেসের নামে মিটিং হয়েছে, সেখানে অতুল্যবাবু এবং তাঁর চেলাচামুণ্ডারা, মন্ত্রী, উপমন্ত্রীরা তাঁদের সঙ্গে গিয়ে ঢাক-ঢোল বাজিয়ে গভর্নমেন্টের টাকা খরচ করে। মন্ত্রীরা যদি সরকারী মিটিং না করতে পারেন, প্রতিরক্ষার জন্য সরকারীভাবে মানুষকে উদ্বুদ্ধ করতে না পারেন, শুধু কংগ্রেসীর নামে দলবাজী করেন তাহলে কেন বলব না যে প্রতিরক্ষার নামে কেন এই কথা বলবো না মন্ত্রিসভা ছাটাই করে খরচ বাঁচাতে হবে। এই কথা বলা অত্যন্ত যুক্তিসঙ্গত। কারণ আমি আপনাকে দেখাচ্ছি যে যখন নিখিল ভারত কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট উত্তরবঙ্গে গেলেন তাঁর একটা টুর ডাইরী কাগজে বেরিয়েছিল। আর আমাদের মন্ত্রী খগেন দাশগুপ্ত মহাশয় তখন একটা টুর প্রোগ্রাম দিলেন, দেখা গেল কংগ্রেস প্রেসিডেন্ট যেখানে যাবেন এবং যেখানে রাত্রিতে থাকবেন--যেমন দেখুন প্রেসিডেন্ট রাত্রিতে মধুবাগানে থাকবেন, আমাদের মন্ত্রিমহাশয় তিনিও রাত্রিতে মধুবাগানে থাকবেন। তারপর কংগ্রেস প্রেসিডেন্ট সঙ্গীবায়া যেখানে মিটিং করবেন খগেনবাবুর টুর প্রোগ্রাম দেখছি তিনিও সেদিন ওখানে থাকবেন। এই যদি অবস্থা হয় তাহলে সরকারের প্রতিরক্ষার জন্য এত টাকা খরচ করে লাভ কি? যেখানে অতুল্যবাবু ইন্ডিয়া ডিফেন্স ফান্ড কমিটির নামে প্রচুর টাকা তুলেছেন সেই টাকা থেকে পাঠিয়ে দেন না এইসমস্ত চেলা-চামুণ্ডাদের দলবাজী করবার জন্য উত্তরবঙ্গের বিভিন্ন জেলায়। তারপর আরেকটি কথা বলতে চাই যে এই ৩৫ জন মন্ত্রীর মধ্যে ঈশ্বরদাস জালান মহাশয় আইন মন্ত্রী আছেন, আমি জিজ্ঞাসা কার তাঁর কি কাজ আছে আমি বুঝতে পারি না। এই দুই মাসের আইনসভার মধ্যে তিন দিন কি চার দিন তাঁকে এই হাউসে দেখেছি, মাত্র একদিন তিনি এসে একটা ছোট বিল মুভ করে গিয়েছেন। সেখানে আমি বলতে চাই আমাদের শঙ্করদাসবাবু একজন বিশিষ্ট আইনজ্ঞ, তিনি যখন মন্ত্রিসভার মধ্যে এসেছেন তখন এই দপ্তরটা তাঁর হাতে তুলে দিন তাহলে ভাল হবে। তারপরে হরেনবাবু যিনি শিক্ষামন্ত্রী—সেদিন প্রফুল্লবাবু বললেন যে তিনি বেশী নড়াচড়া করতে পারেন না, সেজন্য অন্যান্য মন্ত্রীদের বেশী টুর করতে হয়। তাই যদি হয়, তিনি আজকে বার্ধক্যের শেষ সীমায় এসেছেন, যাঁর জীবনীশক্তি আজ নিঃশেষ তিনি যখন কাজ করতে পারেন না সেখানে হরেনবাবুকে দপ্তর ছেড়ে দেওয়া উচিত। আমি বলব এইভাবে আপনারা কমাতে পারেন! আমরা বলছি এফিসিয়েন্সির দিক থেকে যদি দেখতেন তাহলে আমাদের বলবার কিছু ছিল না। নেপালবাবু ডাঃ রায়ের কথা বলেছেন, আমি বলছি ডাঃ রায় যদি থাকতেন তাহলে তাঁকে ছাটাই করে আমরা ঐ জায়গায় খগেনবাবুকে রাখতে বলতাম না। আমি বলছি ডাঃ রায় যখন নেই তখন তাঁর কথা ছেড়ে দিন, এখন যাঁরা আছেন তাঁদের বিচার করুন। আবার যখন সুসময় আসবে, আবার তখন অবস্থা ফিরবে তখন এঁদের মন্ত্রী করে নেবেন, তখন আমরা কোন আপত্তি করব না। আপনারা বলেছেন এঁরা ২৫ পারসেন্ট মাহিনা ছেড়ে দিয়েছেন কিন্তু আমরা জানি ম্যাঙ্গানীজ কোম্পানী এই বাঙলাদেশে তথা ভারতবর্ষের বুকে থাকবে ততদিন এঁরা বিনা বেতনেও এখানে থাকার চেষ্টা করবেন।

আজকে একটা সভ্য দেশের সভ্যতার মাপকাঠি কি—শিক্ষা এবং স্বাস্থ্য। শিক্ষা দপ্তরের কথা বললাম কি অযোগ্যতা এখানে রয়েছে। এক বছর ধরে আমি একজন এম এল এ হিসাবে আমাকেও ভাঁওতা দেওয়া হচ্ছে যে আপনি পাবেন। প্রতিবার সেসনে বলা হচ্ছে যে আপনি যান চলে যাচ্ছে রেকগনিশনএর চিঠি। আমার মত একটা লোককে যেখানে আমি সোজাসুজি মন্ত্রীদের ধরতে পারি, আমি ডিপার্টমেন্টএ যেতে পারি, আমাকেও যদি এইভাবে দিনের পর দিন ভাঁওতা দেওয়া হয় তাহলে যারা সাধারণ মানুষ রাইটার্স বিল্ডিংসএ আসতে পারে না, যারা মন্ত্রীদের কাছে সোজাসুজি নিজেদের বক্তব্য রাখতে পারে না তাদের কিভাবে ভাঁওতা দেওয়া হচ্ছে,

কিভাবে শঠতা করছেন এই মন্ত্রিমণ্ডলী এটা থেকেই তার প্রমাণ হয়ে যায়। তারপর স্বাস্থ্য ডিপার্টমেন্টএর কথা বলব এবং আমি একটা বিরাট অভিযোগ আপনার সামনে রাখতে চাই। এটা বেরিয়েছে লোকমত পত্রিকাতে। আমাদের স্বাস্থ্য ডিপার্টমেন্টএ মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী ৩ জন আছেন। কিন্তু ঐ ৩ জনের কাজ কি না মাঝে মাঝে এই হাউসে দাঁড়িয়ে আমাদের কোশ্চেনএর অ্যানসার দেওয়া—তাও ঠিক মত রাষ্ট্রমন্ত্রীরা কোশ্চেনএর অ্যানসার দিতে পারেন না এবং তাঁকে সাহায্য করবার জন্য মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং ডাঃ পি কে গুহকে ছুটে আসতে হয়। অথচ আজকে স্বাস্থ্য দপ্তরে দিনের পর দিন দুর্নীতি যেভাবে পুঞ্জীভূত হয়ে উঠেছে সেদিকে ও'দের লক্ষ্য নেই। আজ মানুষের জীবন অসহনীয় হয়ে উঠেছে। আপনি জানেন বাঙ্গুর হাসপাতালের গেজেটেড অফিসার হচ্ছেন একজন সেক্রেটারি—তিনি হচ্ছেন বি জি সেন। তাঁর বিরুদ্ধে মন্ত্রী দপ্তরের কাছে অভিযোগ করা হয়েছিল এবং কিছুদিন আগে সেই অভিযোগের উত্তরে ইনকোয়ারি করতে দেওয়া হয়েছিল। বি জি সেন মন্ত্রীদের এবং রাইটার্স বিল্ডিংসকে ম্যানেজ করলেন এবং করার পর বলা হল যে কর্মচারীরা সেখানে একটা দল করে বি জি সেনের বিরুদ্ধে এই রকম ধরনের একটা মিথ্যা চক্রান্ত করছে। এইভাবে আগের রিপোর্ট বানচাল করে দেওয়া হল। দ্বিতীয়বার একটা চিঠি এল যাতে কতকগুলি লোক অভিযোগ করলেন। এই অভিযোগ হচ্ছে হাসপাতালের তহবিল তছরুপ, অবৈধভাবে কর্মচারী নিয়োগ, বিশেষ বিশেষ কর্মচারীদের প্রতি নেকনজর, পেয়ারের লোকেদের অবৈধ সুবিধা দান, ক্যাশিয়ার প্রভৃতি কর্মচারীদের বাধ্য করান কনট্রাকটারদের স্পেসিম্যান নমুনার সঙ্গে মিললেই জিনিস নিতে, এমন কি সরকারী অর্থ গ্রহণ, রোগীদের নিকট হইতে অবৈধভাবে জুলুম করে অর্থ আদায় করা এবং তার জন্য অধঃস্তন কর্মচারী দিয়ে অফিস রেকর্ড পরিবর্তন করা, ইচ্ছাকৃতভাবে স্টোরএর জিনিষ তাষরুফ করা, বিশেষ স্বার্থের সঙ্গে জড়িত ব্যবসায়ীদের টেন্ডার গ্রহণ করা, এমন কি কম দামের টেন্ডার-এর পরিবর্তে বেশী দামের টেন্ডার গ্রহণ ইত্যাদি। সেই অভিযোগের এনকোয়ারি করলেন এস এস কে এম হসপিটালএর ইনস্পেকটর অফ অ্যাকাউন্টস, শ্রীঅমিত রায়। ইনকোয়ারি করে তিনি ৩৪ পৃষ্ঠা একটা রিপোর্ট দিলেন। সেই রিপোর্টএর সম্বন্ধে আমাদের ডেপুটি ডাইরেক্টার একটা নোট দিলেন। সেই নোটের ফটো আমার কাছে আছে। আমি আজকে এই অভিযোগ অত্যন্ত দায়িত্ব নিয়ে আপনার সামনে করছি যে সেই নোটের ফটো আমার কাছে আছে। সেই নোটে ডেপুটি ডাইরেকটর বলেছেন

"D.H.S. may kindly see. Some of the charges are rather serious involving loss of Government revenue. The Hospital Secretary is a Gazetted Officer. If any action against him is considered desirable the matter will have to be placed before the S.O., Chief Minister's Secretariat, if approved by D. H. S. and Secretary, Department of Health."

নোট দেওয়া হল। সেই নোট পাবার পর আজ পর্যন্ত সেই ফাইলের কি হল আমি খবর পেয়েছি সেই ফাইলকে ষড়যন্ত্র করে মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী এবং হেলথ ডিপার্টমেন্টএর সেক্রেটারিরা নিরুদ্দেশ যাত্রা পাঠানোর ব্যবস্থা করেছেন। আমি আপনার মাধ্যমে এত মন্ত্রী রয়েছেন যাঁরা বাংলাদেশের সুখসুবিধা দেখবার জন্য রয়েছেন—তাঁদের কাছে জিজ্ঞাসা করছি যে সেই ফাইলের কি হল? সেই ফাইল সম্বন্ধে তদন্ত করা হোক। আমরা জানি যে বলা হবে যে এই রকম ফাইল আসে নি। কিন্তু আমি সেই ফাইলটা আপনার সামনে রেখে যে এই রকম ধরনের রিপোর্ট দেওয়া হয়েছে এবং সেই রিপোর্ট আমাদের সামনে রাখা হোক। আমরা বলব এইভাবে যদি দুর্নীতি পুঞ্জিভূত হতে থাকে, শিক্ষা নষ্ট হতে থাকে, ট্যাক্স বাড়তে থাকে এবং আর একদিকে এই সমস্ত মন্ত্রীরা তাঁরা জুয়াড়ীর মত আমাদের ভাগ্য নিয়ে বাংলাদেশের সাধারণ মানুষের ভাগ্য নিয়ে জুয়া খেলবেন আমরা তা সহ্য করব না। প্রতিরক্ষার নামে ডি আই রুলস-এর আবরণে তার ভেতরে তাঁরা যতই ভোগবিলাস চরিতার্থ করবার চেষ্টা করুন না কেন আমরা সকল কণ্ঠে তার প্রতিবাদ করব এবং আমরা বলব আপনারা দেশদ্রোহীতার পর্যায়ে যাবেন। আপনাদের লোকে দেশদ্রোহী বলবে যদি প্রতিরক্ষার সময় আপনারা সামান্য ত্যাগ করবার জন্য এগিয়ে না আসেন। । আপনারা যদি নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য দিনের পর দিন এইভাবে চলতে থাকেন তাহলে আজকে যখন আমরা কমিউনিস্টদের দেশদ্রোহী বলব সঙ্গে সঙ্গে আপনাদেরও দেশদ্রোহী বলব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[2—2-10 p.m.]

Shri Nepal Chandra Roy: On a personal explanation.

আমাদের বন্ধু কমল গুহ মহাশয় বক্তৃতা করার সময় তিনি বললেন নেপালবাবু মন্ত্রীদের সুড়ঙ্গ পথে কাজকর্ম করেন

[নয়েজ]

স্যার, নেপাল রায় কোনদিন সুড়ঙ্গ পথে যাতায়াত করে না। কমলবাবু জানেন পরশু যখন নাকি পাবলিসিটি মিনিস্টার শ্রীজগন্নাথ কোলের ঘরে—উনিও যে লিফ্‌ট দিয়ে রাইটার্স বিল্ডিংসএ উঠে গেছেন আমিও সেই লিফ্‌ট দিয়ে গিয়ে একই সংগে পাশাপাশি বসে দুজনে বসে কাজ করে এসেছি। অতএব সুড়ঙ্গ পথে আমি যাই না বরং ও'রাই যান, ও'রা একটু ঘোমটা টেনে যান আর আমি সোজাসুজি যাই।

Shri Debi Prosad Basu:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সেদিন রাস্তা দিয়ে যেতে যেতে অল ইন্ডিয়া রেডিও হঠাৎ গড় গড় করে উঠলো, রাস্তার পাশে তা শুনে দাঁড়িয়ে গেলাম—

Country demand maximum sacrifice from you.

সেখান থেকে অভিভূত হয়ে বেরিয়ে এলাম, অদ্ভুত বাচনিক প্রতিভা, বেরিয়ে এসেই ডালহৌসীর মোড়ে দেখলাম মুখ্যমন্ত্রীর আরক্ষা পোস্টার বিশাল—রক্ত দাও, শ্রম দাও, স্বর্ণ দাও—যাহা কিছু আছে তাহা দাও। পরের দিন সকালবেলা সংবাদপত্র খুলে দেখলাম সর্বভারতীয় মন্ত্রিপরিষদের লোকেরা বলেছেন, আমাদের দেশের মায়েদের কাছে যে, তোমাদের যাদের একের অধিক সন্তান আছে তোমরা সন্তান দান কর। দেশের জন্য অনুপ্রাণিত হয়েছিল—আমার সংগে আমাদের দেশের লোক। কিন্তু আমি ভেবেছিলাম যে বোধ হয় এই কথাই এখানে প্রচারিত হবে যা আমাদের দেশের বৈষ্ণবেরা বলেছেন যে 'আপনি আচরি ধর্ম জীবেরে শিখাও'। এইভাবে সমস্ত দেশবাসী অনুপ্রাণিত হয়ে উঠবে, কিন্তু এখন মন্ত্রিমহাশয়রা অন্য কথা বলছেন, আমি যেটা বলতে চাইছি দেশবাসীকে তাঁরা শেখাবেন নিজেরা করে। মন্ত্রীরা এখন বলছেন যে, আমরা যাহা বলি তোমরা তাহা কর—আমরা যাহা করি তোমরা তাহা করিও না, অর্থাৎ এই ম্যাক্সিমাম স্যাকরিফাইসএর ব্যাপারটা এটা তোমরা ইতরজন দেশবাসী এটা তোমাদের জন্য। ওটা আমাদের জন্য নয়—একথা ও'রা বলতে চাইছেন বলে আমার বেশ দৃঢ় প্রত্যয় হয়েছে। সেজন্য আমি মনে করছি এবং দৃঢ়তার সংগে বিশ্বাস করি যে আজকে মাননীয় সদস্য বেস্টারউইচ যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় সদস্য নিখিল দাস যা দৃঢ়তার সংগে সমর্থন করেছেন, আমি সর্বান্তঃকরণে সে প্রস্তাব সমর্থন করি। আমাদের এই পশ্চিম বাংলায় ১৬ জন উপমন্ত্রী প্রায় আছেন। আমার কথা হচ্ছে অন্ততঃ ঐ উপমন্ত্রীর সংখ্যাটা হালকা করে দিলে মন্ত্রিসভা একটু কার্যকরী হয়ে উঠবে এটা আমি মনে করি। তা ছাড়া স্যার, এই উপ জিনিসটাই খারাপ। উপসর্গ, উপদৃষ্টি, উপদ্রব, উপহাস সব দিক থেকে এই 'উপ'টা খারাপ। তা ছাড়া স্যার, দেখুন এই মন্ত্রিসভায় [নয়েজ] যুবক আছেন আবার মহিলাও আছেন তাঁদেরও নেওয়া হয়েছে। অতএব মন্ত্রিসভা গঠিত হবার সময় কে কার উপ হবে সেটা ঠিক করা একটা সমস্যা। [নয়েজ] কাজেই সেদিক থেকে এই উপমন্ত্রী অন্ততঃপক্ষে বাদ দিয়ে দিলে আমি মনে করি ভাল হয়। তবে এই প্রস্তাবের একটা বিপদ আছে—এই ডেপুটি মিনিস্টাররা বলবেন যে খবরের কাগজগুলো ইতিমধ্যেই আমাদের পেছনে লেগেছে। আর এখন ও'রা বলবেন 'দাউ টু ব্রুটাস'। এই বামপন্থী যাঁরা চিরকাল ছাঁটাইয়ের বিরুদ্ধে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করো, তোমরা পর্যন্ত আমাদের বিরুদ্ধে লেগে গেলে ছাঁটাই করবার জন্য। এটা বলতে পারেন এবং আমার মনে হয় যে হয়ত ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এ লেবার ট্রাইব্যুনাল্ল এরা চাইতে পারেন এবং সম্ভব হতে পারে। কিন্তু আমি মনে করি মন্ত্রিসভা এখন হ্রাস করা আমাদের পক্ষে উচিত। এ নজীর এ প্রথম নয়—যখন বাংলাদেশ ভাগ হয় নি—আজকে এক-তৃতীয়াংশ পড়ে এই পশ্চিম বাংলায়—তখন এই এত বড় বাংলাদেশের শাসন পরিচালনা করেছেন মাত্র ১৩ জন মন্ত্রীতে। এবং এই অ্যাসেম্বলী হাউস থেকে সেটা পরিচালিত হয়েছে—এই রাইটার্স বিল্ডিংস থেকে সেটা পরিচালিত হয়েছে। তখন অসুবিধারও সৃষ্টি হয়

নি। সেদিক থেকে ও'রা অবশ্য বলতে পারেন স্যার, ওটা ওসব পরাধীন আমলের ব্যাপারে—ওসব যাবনিক ব্যাপার। তখন মুসলীম লীগ মন্ত্রিসভা ছিল আর ব্রিটিশরা ছিল। স্বাধীন দেশে ওটা মোটেই মর্যাদাকর নয়—মোটে ১৩ জন মন্ত্রী থাকবে এটা হতে পারে না। কিন্তু সে ক্ষেত্রে আমি আরও একটা উদাহরণ দেখাতে পারি। মাত্র কিছু দিন আগে এই স্বাধীন ভারতবর্ষে কেরালাতে মন্ত্রিসভা গঠিত করেছিল কমিউনিস্ট পার্টি। তারা ঐ বিশাল মন্ত্রিসভার যে আয়তন যে কলেবর তা কমিয়ে নিয়ে এসে সংখ্যা করেছিলেন মাত্র ১১ জন এবং মুখ্যমন্ত্রী পর্যন্ত ৫ শত টাকার বেশী কেউ বেতন নেন নি। এই আমাদের দেশে সে ঘটনা ঘটেছে। এর উত্তরে ও'রা অবশ্য বলতে পারেন বা একথা বলবেন যে ও'রা দেশদ্রোহী। নেপালবাবু বলে গেলেন যেন যে ও'রা তো দেশদ্রোহী—কমিউনিস্টরা তো দেশদ্রোহী, ওরা এই যে মাইনেটা কম নিয়েছিল এবং মন্ত্রিসভা কম করেছিল এটা নিশ্চয়ই দেশপ্রেমিক কংগ্রেসী মন্ত্রিসভাকে জব্দ করার জন্য। জব্দ করার জন্য ও'রা এই কাজ করেছিল। নয়েজ মন্ত্রিসভার কথা হচ্ছে -পরেন্টে আসুন। এখন বলতে পারেন যে পাঞ্জাবের কংগ্রেস মন্ত্রিসভার যদি কথা হয় তাহলে পাঞ্জাব মন্ত্রিসভা কি করলো? তারা কেন কমিয়ে ন'জন করলো? এরও উত্তর আছে—আমি আলোচনা করেছিলাম ও'দের সংগে- বলেছেন যে স্যার, পাঞ্জাবীরা বড্ড বেরসিক ও রস-কস কিছুই বোঝে না যুদ্ধের কথা যাই শুনলো ওমনি সত্যই ভাবলো যে কি ব্যাপার অমনি ক'টি বন্ধু বেঁধে তরোয়াল বের করে মন্ত্রিসভা ছোট করে দিয়ে লড়াইয়ে মেতে গেলো। আরে রোস, আস্তে আস্তে করো—বিবেচনা করে দেখি কতটা কি হয়েছে না হয়েছে, অ্যাসেম্বলীর এয়ার কন্ডিসন ঘরে কি বক্তৃতা দেবো সেটা ঠিক করি, বাইরে গ্রামে গ্রামে গিয়ে কি বক্তব্য করবো চীনেদের বিরুদ্ধে—বক্তৃতার চোটে উঠে না যায় তা দেখবো, তার পর ভাল করে টি এ বিল-টিল তৈরী করবো এই সব ভেবে চিন্তে করা হবে। তা নয় পাঞ্জাবীরা বড় বেরসিক এক কথায় তরোয়াল-টরোয়াল ঘুরিয়ে ফেললো। বাংলাদেশে তা হতে পারে না—আমাদের দেশে তা হয় এটা সম্ভবপর নয়, সেই জন্য এই কথা বললাম। পাঞ্জাবের দৃষ্টান্ত এখানে অনুসরণ করা হয় নি এবং কেউ কেউ বলতে পারেন যে পাঞ্জাব কি এর চেয়ে প্রতিরক্ষা ব্যবস্থায় বেশী কাজ করছেন :

[2-10—2-20 p.m.]

সেই জন্য বোধ হয় পাঞ্জাবের দৃষ্টান্ত সেখানে অনুসরণ করার ব্যবস্থা করা হয় নাই, এবং কেউ কেউ বলতে পারেন যে এ'র কমালেন না বা কমাবেন না। পাঞ্জাবের চেয়ে প্রতিরক্ষা ব্যবস্থার জন্য তাঁরা বেশী কাজ করছেন। তা করছেন বৈ কি! পাঞ্জাবের মন্ত্রীরা এত বক্তৃতা দিয়ে বেড়াচ্ছেন! আর এ'রা যা করছেন প্রতিরক্ষার কাজ, যে জন্য এ'দের মন্ত্রীসংখ্যা বেশী থাকা দরকার। যেটা নেপালবাবু বলেছেন, সেটা হচ্ছে যত্র-তত্র মিটিং করা, কমিউনিস্টদের গালাগালি করা, জেলে ভরা ছাড়া তাঁরা আর কোন কাজ কিছু করছেন বলে আমরা দেখছি না। এ ছাড়া আরো দেখছি—এখন এই কাজটা যে নূতন কিছু কাজ তা নয়। ইংরেজ আমলে যাঁরা বড় বড় সওদাগরী অফিসে চাকরী করতেন, তাঁরা সাদা চামড়ার কাছে গালাগালি, অপমান খেয়ে এসে, হজম করে মুখ বুজে থেকে বাড়ীতে এসে ছেলে-বৌ-মেয়ের উপর তুফান গালাগালি ছড়িয়ে দিতেন, এখানে এ'রাও তাই করছেন, চীনাদের সংগে ধাক্কাধাক্কি করে কিছু সুবিধা, কিছু অসুবিধা হওয়ায় যে রেগে যত কিছু রাগ আছে—সব রাগ ঝেড়ে একেবারে ঝরঝরিয়ে এসে নিজের বাড়ীতে নিজের দেশেতে যে সব কমিউনিস্ট আছে তাদের উপর গালাগালি বর্ষণ চূড়ান্ত ছড়িয়ে দেওয়া দরকার। এ ছাড়া আর কোন কাজ এ'রা পাঞ্জাব মন্ত্রিসভার চেয়ে দক্ষতা সহকারে করছেন বলে আমার জানা নাই। নেপালবাবু যা বলে গেলেন, আমি মনে করি তাতে কংগ্রেস পক্ষ থেকেই বলা হল। নেপালবাবু একটা ভাল প্রস্তাব করেছেন, অবশ্য যাঁদের সম্বন্ধে করেছেন তাঁরা—না-না করে প্রত্যাখ্যান করেছেন তখনই যে আর সি পি আই, ফরওয়ার্ড ব্লক, পি এস পি—এ'দের থেকে এক-একজন করে সদস্য মন্ত্রিসভায় নিলে সব চুকে যায়। এই শুনে ও'রা এক্ষুনি তীব্র ধিক্কার ধ্বনি দিয়েছেন এবং না বলেছেন। এ কথা বলেছেন কেন? আমরা যেমন বাংলাদেশ ভাগ হবার আগে উদাহরণ দিয়েছি—কেরালা মন্ত্রিসভার, উদাহরণ দিয়েছি পাঞ্জাব মন্ত্রিসভার, তেমনি ও'রাও উদাহরণ দিচ্ছেন ও'দের মাসতুতো ভাই আসাম মন্ত্রিসভার, যতই বর্ডার এগুচ্ছে ততই দেশপ্রেম বাড়ছে তো? আসামের দেশপ্রেম বেশী। ঐ নেপালবাবু কায়দা নিয়েছেন বেকার বহু এম এল এ কোথায় কে কি বলে তার ঠিকঠাক নেই। সেইজন্য ও'রা এখানে ফিক্সড স্যালারি করে দিয়েছেন—এম এল এ-দের

আড়াইশো টাকা, আর টি এ, ডি এ যেটা পাওয়া যায় প্রায় পার্লামেন্টের সদস্যদের মত করেছেন ২২·৫০ নয়া পয়সা, কাগজে নিশ্চয়ই দেখেছেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ ছাড়াও আরো নূতন প্রস্তাব এসেছে ঐ ফিক্সড স্যালারি আড়াইশো টাকার উপর আরো দেড়শো টাকা যোগ করে চারশো টাকা করে দেওয়া হোক। একেবারে খাঁটি খাঁটি পার্লামেন্ট হয়ে যাক্ এবং মুখও বন্ধ হয়ে যায়। দেশপ্রেমের নিকশ সোনা! এই উদাহরণ ও'রা নিয়ে আসবেন তার সুর নেপালবাবুর কথার মধ্যে আমরা পেলাম। উনি এ'দের টাকা দেবার এই প্রস্তাব ঘুরিয়ে ঘুরিয়ে করছিলেন। কিন্তু ও হবে না—তখনই বলেছি তাঁরা ধিক্কার দিয়ে দিয়েছেন, ছুড়ে দিয়েছেন। এখন যদি এম এল এ-দের ভাতাটা বাড়িয়ে দেওয়া যায় তাহলে আসাম মন্ত্রিসভার সুবিধা আছে। কি সুবিধা আছে? যেখানে স্টেট বাসের ভাড়া বাড়লে ট্রাম কর্তৃপক্ষ আনন্দিত হয়, আগে স্টেট বাসের ভাড়া বাড়ুক, তারপর আমরাও বাড়াব। তেমনি এম এল এ-দের ভাতাটাতা মাইনেটাইনে যদি বেড়ে যায়, তাহলে মন্ত্রীরাও তাঁদের পেছনে পেছনে চাইবেন এই রকম একটা মতলব হয়ত তাঁদের ভেতর আছে।

এখন প্রশ্ন যেটা কমলবাবু বলে গেলেন, আজ এই সব ঘটনার পর তাঁদের যেখানে বলা হয়েছিল ম্যাক্সিমাম স্যাকরিফাইস ফ্রম ইউ শুধু বলা হয় নাই, আমি দু' বছর আগে মে মাসের এক প্রচণ্ড গরমের দিনে ধানবাদ স্টেশনে দাঁড়িয়ে আছি, লোকে গরমে মূর্ছিত হয়ে পড়ছে, একজন কনস্টেবল মূর্ছিত হয়ে পড়েছে রোদে। তারপর একটা স্পেশাল ট্রেন এলো। একজন সর্বোচ্চ কর্তৃপক্ষ সর্বভারতীয় নেতাকে নিয়ে ট্রেন এসে দাঁড়ালো। লোকে একেবারে লোকারণ্য, ঝুঁকে পড়েছে। সেই সময় রোদে একজন কনস্টেবল মূর্ছিত হয়ে গেল আর এয়ার কনডিশনড ঘরের দরজা একটু ফাঁক করে বক্তৃতায় দুটি বাণী দিলেন। অসহ্য রোদ এয়ার কনডিশনড ঘরের দরজা খুলে বললেন "দেশবাসীর কাছে আমার বাণী—আরাম হারাম হ্যায়" বলেই এয়ার কন্ডিশনড ঘরের দরজা বন্ধ হয়ে গেল। আজকে এখানকার মুখ্যমন্ত্রীর ঐ যে অতবড় পোস্টার ডালহৌসী স্কোয়ারে টাঙ্গান রয়েছে—

country demands maximum sacrifice from you.

ক্ষুধ জনতা যাঁরা ট্যাক্সের ভারে ন্যুব্জদেহ প্রপীড়িত, যারা পারে না ট্যাক্স দিতে, যারা অভুক্ত, অর্ধভুক্ত থেকে এই খরচ বহন করে চলেছে দেশের প্রতিরক্ষার জন্য, তারা যদি আজ ক্ষুব্ধ হয়ে বলে এই কথা শুনে যে, তোমাদের বিচারের প্রয়োজন আছে, এরা দেশদ্রোহী. এদের জন্য দমদম, আলিপুর প্রেসিডেন্সী জেলের দরজা খুলে দেওয়া হোক্, তাহলে কি সেটা অন্যায় হবে?

দেশের লোক বুঝতে পারে না যে এখানকার এম এল এ এই যামিনীভূষণ সাহা, যাকে দেশদ্রোহিতার অভিযোগে, তার বিরুদ্ধে কেস করা হয়েছিল। যিনি কয়েক বছর আগে এই অশোক চক্রবান শিশু রাষ্ট্রের পতাকা গোয়ার ভূমিতে পুঁতে দিতে গিয়েছিল এবং পেরেছিল; এবং যার বুকের পাঁজরা ভেঙ্গে গিয়েছিল, তাদের অত্যাচারে যার মুখ দিয়ে ঝলকে ঝলকে রক্ত উঠেছিল, সে দেশদ্রোহী, না, দেশদ্রোহী হবে আমাদের এই মন্ত্রী পরিষদ! এই দেশদ্রোহী যাকে ইন্ডিয়া এ্যাক্ট-এ শুষছে, সেই দেশদ্রোহী হচ্ছে। আজ আজাদ হিন্দ ফৌজের অন্যতম প্রধানের নেতা কর্ণাল জিয়ান সিং সেই কর্ণাল জিয়ান সিং-এর বিরুদ্ধে ভারতরক্ষা আইনের নোটিস জারী করে তাঁর চলাচল রেসট্রিক্ট্ করা হয়েছে, তার চলাচলে বাধা সৃষ্টি করা হয়েছে, তাঁকে মুলতুবি করে দেওয়া হয়েছে এবং সেই অর্ডারে বলা হয়েছে

"Whereas the Government is satisfied that with a view to preventing Shri Jion Singh, I.N.A., in a manner prejudicial to the public safety and maintenance of public order, it is necessary to make the order directing that he shall not be in any such area as is specified in this order."

সুতরাং আমি বলবো তাঁরা দেশদ্রোহী হলেন। কিন্তু এ'রা দেশপ্রেমিক হবেন। সেদিন এই অ্যাসেম্বলীর ফ্লোরে দাঁড়িয়ে বলে গিয়েছেন শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়, বলে গিয়েছেন মুখ্যমন্ত্রী মহাশয়, বলে গিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যে এ'দের বিরুদ্ধে অজস্র প্রমাণ পাওয়া গিয়েছে গোয়েন্দা বিভাগ থেকে। তারই উপর নির্ভর করে প্রমান করেছেন এ'রা দেশদ্রোহী, এবং সেই জন্য এ'দের আটক করা হয়েছে। এটাও ঐ 'আরাম হারামের' মত উপহাস এবং মিথ্যা কথা।

তার প্রমাণ ২১এ নভেম্বর ভোর রাত্রে পুলিশ তথায় কমিউনিস্টদের গ্রেপ্তার করতে গেল, তখন বঙ্কিম মুখার্জির কোয়ার্টারে গিয়ে পুলিশ হানা দিয়েছিল। পুলিশকে তখন বলা হয়েছিল এবং স্পেশাল ব্রাঞ্চকে বলা হয়েছিল যে বঙ্কিম মুখার্জি এক বৎসর হল মারা গিয়েছেন, অতুল্য ঘোষ তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ নিবেদন করে এসেছেন। তখন স্পেশাল ব্রাঞ্চ পুলিশ বলে তা হতে পারে না, তিনি পিকিংএর সাথে যোগাযোগ করছেন আমরা তা জানতে পেরেছি। এই দেশ-দ্রোহীতার প্রমান আমার মনে হয় সেই জন্য শেষ পর্যন্ত বাংলা গভর্নমেন্ট বঙ্কিম মুখার্জিকে গ্রেপ্তার করবার জন্য বোধ হয় কালীপদ মুখার্জি মহাশয়কে পাঠিয়ে দিয়েছেন। লাফটার] এই জন্য আমি মাননীয় সদস্য এ, এইচ, বেস্টারউইচ যে প্রস্তাব উপস্থিত করেছেন, এই প্রস্তাব আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Deputy Speaker, Sir, Even during normal times the size of the Cabinet was considered disproportionate to the size of the country and the population. If it was disproportionate during normal times, there is every reason to cut it down now in emergency. Sir, there are so many analogies between Panjab and West Bengal. The first analogy is that both the States came in for partition and suffered all the consequential problems. Both the States are truncated and Panjab had the vast refugee troubles as we have too. Punjab being a border State has border troubles as ours is and Panjab also has an emergency and being a border State the shadow of emergency in Panjab is just as dark and dismal as in West Bengal. So, if the Chief Minister of Panjab could take a bold step to cut down the size of the Mininstry to a bare nine numbers, I wonder why it cannot be done here.

[2-20—2-30 p.m.]

It has been acknowledged by all administrators that a small, well-knit and compact body will always be efficient and effective. It is not only cutting down expenses from the financial point of view that we recommend, but it has a morale behind it. As most of the members have already said, people only are required to tighten their belt It is for the Government to set a pattern, it is for the Government to set an example to the people and this is the only way in which the Government can set an example. The cutting down of one Minister or dropping one Minister does not mean cutting down his salary. There is a big paraphernalia behind every Minister and when one Minister goes away, that paraphernalia also goes away. In Bengal, as in Punjab, we have linguistic trouble. The size of Bengal Ministry was raised by our late lamented Dr. B. C. Roy and thereby he set an example as Bengal always sets examples and other States followed by bringing their Cabinet to as good a size as here. There were reasons behind why he brought the size of the Ministry to that level. But now during the emergency the reasons are on the other side. The Ministry should be cut down to cut down the expenses of the State. Now, many people say that the Deputy Ministers have no use, the State Ministers have no use. I do not know, I do not go to them, I do not see what they do. But this much I know that this is not in proportion to the size of the State or the population. Mr. Kairon, the Hon'ble Chief Minister of Punjab, has done it, it is a fait accompli. He has done it, but he has not faced any untoward consequences which were obvious. Now three months have passed in the meantime. Our Prime Minister Pandit Nehru visited Punjab and it was he who extolled the defence efforts made by Punjab. That the defence efforts would be extolled by a man like Pandit Nehru must have been exemplary and that was accomplished by a minimum Cabinet. If that can be done, if that can be effected in Punjab, I do not know why Bengal cannot do it. This is a subject on which there is not much to say. Bengal has always led other States. In this one case why should we be led be others.

Bengal should hang down its head that Punjab has taken the lead. But I am sure that better sense will dawn when Bengal will again lead not by dropping the Ministry to 9, but to 7. Thank you, Sir.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মিঃ বেন্টারউইচএর যে প্রস্তাবটি এখানে নিয়ে এসেছেন সেটা আমরা সমর্থন করছি, আমরা মনে করি যে দেশের এই বর্তমান পরিস্থিতিতে যখন এমারজেন্সি ডিক্লেয়ার্ড হয়েছে, যখন দেশের সামনে একটা বিরাট বিপদ দাঁড়িয়ে আছে এবং যখন প্রধানমন্ত্রী থেকে শুরু করে প্রতিরক্ষা মন্ত্রী পর্যন্ত সকলেই বলছেন এবং আমরাও অনুভব করছি যে ভারতবর্ষের সীমান্তে আবার একটি দুর্ধর্ষ যোদ্ধার সমাবেশ হচ্ছে, যাদের সংগে হয়ত আমাদের মোকাবেলা করতে হবে, তখন আমাদের প্রভিন্সিয়াল বেসিস-এ যে কর্তব্য সে কর্তব্যটা আমরা সম্পাদন করছি কি না সেটাও আমাদের দেখতে হবে। আমরা লোকের কাছে বলছি, আমাদের মন্ত্রিসভা লোকের কাছে বলছে যে, অসটারিটি প্রোগ্রাম তোমরা নাও। গভর্নমেন্টের তরফ থেকে সে সম্বন্ধে বহু প্রচার পত্রিকা, রেডিওতে বক্তৃতা দেওয়া হয়। কিন্তু এখন করা হচ্ছে, এই অসটারিটি প্রোগ্রাম নিতে গেলে যিনি এই মন্ত্রিসভার নায়ক অর্থাৎ লিডার অফ দি হাউস, সেই লিডার অফ দি হাউসকে মন্ত্রিসভা কমিয়ে অসটারিটি প্রোগ্রাম কিভাবে নেওয়া যায় তার একটা আদর্শ স্থাপন করা উচিত। অসটারিটি প্রোগ্রাম মুখে বললেই হবে না, আমার মনে আছে, স্যার, যে দেশবন্ধু চিত্তরঞ্জন তাঁর ফরিদপুর কংগ্রেসের লেকচারে বলেছিলেন যে জাতির নেতারা হবেন সেই রকম যে তাঁরা হবেন শিক্ষক, তাঁদের কাছ থেকে জাতি শিখবে তাদের একজাম্পল দেখে আমরা দেখছি যে আমরা যাকে লিডার অফ দি হাউস বলে দেখছি এবং তাঁর মন্ত্রিসভা জাতির কাছে একজাম্পল যা রাখছে সেটা তাঁরা যে কথা রাখছেন ঠিক তার বিপরীত। স্যার, আমরা দেখেছি, আপনার সামনে আমি একটা উদাহরণ দিচ্ছি, আজ থেকে ২০০ বৎসর আগে হায়দ্রাবাদের নিজাম ছিলেন আশফ খাঁ। আশফ খাঁ বালাজী বাজীরাওয়ের সংগে তদানীন্তন বাদশাকে রক্ষা করবার জন্য যুদ্ধ করছেন। সেই যুদ্ধে আশফ খাঁর যে সবচেয়ে সুনিপুণ যোদ্ধা সেই যোদ্ধা ছিল এবং সেই যোদ্ধাদের কাছে ভারতবর্ষের অন্য কেউ টিকতে পারে নি। কিন্তু দেখা গেল কি বালাজী বাজীরাওয়ের সংগে সেই যোদ্ধারা পরাজিত হয়েছে। পরাজিত হবার পর নিজাম একথা বললেন, যে আমার সৈন্য দলকে হারিয়ে দেয় এই রকম যে লোক সে লোকটাকে আমি দেখবো। চিত্রকর গেল, চিত্রকর গিয়ে ঘুরতে ঘুরতে কিছুদিন বাদে একটা চিত্র নিয়ে এসে নিজামের সামনে রাখলেন। দেখলেন যে ঘোড়ার উপর চড়ে বালাজী বাজীরাও একটি সাধারণ কাপড় পরে চানা চিবাচ্ছে। তখন আশফ খাঁ বলেছিলেন যে হ্যাঁ নিজামের এই দুর্ধর্ষ বাহিনীকে পরাজিত করতে পারে সেই যে এই রকম লোক হবে। তার কারণ আমার সেনাপতি যেখানে সব চেয়ে দুর্ধর্ষ সৈন্যের সেনাপতি, আমার সেনাপতির বুকে হচ্ছে গোলাপ ফুল, আর সে খাচ্ছে চানা। আমরা যাদের সংগে যুদ্ধ করছি সেই চাইনীজ অ্যাগ্রেসন, যাদের যে চরিত্র, সে চরিত্র আমাদের জানা উচিত এবং তাঁরা যে অস্টারিটি প্রোগ্রাম করে সেই অস্টারিটি প্রোগ্রামএর চাইতেও আমাদের বেশী অস্টারিটি প্রোগ্রাম আমাদের দেখিয়ে তাদেরকে পরাজিত করবার পথ তৈরী করতে হবে। এবং সেদিক দিয়ে আজ মন্ত্রিসভাকে সংকোচন করা যায়, লোকের সামনে একটা প্রতিভাত হবে যে মন্ত্রিসভা কিছু করতে চায়। স্যার, এই ব্যাপারে আপনার কাছে আর একটি কথা বলবো, আমাদের দেশে আম তো সবাই খান, স্যার, এই আমের তিনটি প্রকার আছে; অর্থাৎ একটা হচ্ছে আপনার কাঁচা আম, আর একটা হচ্ছে ডাঁসা আম, আর একটা হচ্ছে খাসা আম বা পাকা আম, এই তিনটি আম আছে। আমি দেখি আমাদের মন্ত্রিসভার মধ্যে ঠিক তিনটি, ঐ কাঁচা মন্ত্রী এক রকম আছেন, একরকম ডাঁসা মন্ত্রী আছেন, আর একরকম খাসা মন্ত্রী বা পাকা মন্ত্রী আছেন। একটির নাম ইংরেজীতে বলে ডেপুটি মিনিস্টার, আর একটি কাঁচা থেকে ডাঁসা হয়ে পাকো পাকো হচ্ছে তাকে বলা হয় স্টেট মিনিস্টার, আর যে পেকে একেবারে ঝরার মুখে যাচ্ছেন তিনিই হচ্ছেন মিনিস্টার। এই হচ্ছে আমাদের মন্ত্রিসভার রূপ। আর মন্ত্রিসভার আর একটি জিনিষ দেখি যে আম দরবার করেছেন এবং সেটি এখন উঠে গিয়েছে, আর একটি হচ্ছে একান্তসচিব নামে এক রকম আমমোক্তার বানিয়েছেন। সেই একান্ত সচিব অর্থাৎ কনফিডেনসিয়াল ক্লার্ক তাদের সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। কেন প্রয়োজন? সেটি গণতন্ত্রের

পক্ষে বিপদজনক বলে আমরা মনে করি। আজই আমরা শুনলাম মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে সব্বাই কংগ্রেসম্যান। আমাদের আপত্তি নেই, কংগ্রেসে ঢুকে কিছু রুজি-রোজগার করুক তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু যেখানে আমরা দেখি যে মন্ত্রীদপ্তরের এই সমস্ত লোক যারা অন্য একটা ফার্মএ কাজ করছে তারা সেই ডিপার্টমেন্টএর চীফএর সঙ্গে মন্ত্রীর হয়ে কথা বলছেন, অন্যান্য ফার্মএর সঙ্গে তাঁরা কথা বলছেন, অন্যান্য লোককে ডিল করছে তাতে প্রমাণ হবে কি যে লোকটির সে কর্মচারী সেই লোকটির ইনফ্লুয়েন্স ঐ রাইটার্স বিল্ডিং-এ গিয়ে ঢুকছে এবং কংগ্রেসের মধ্যে এমন একটা অবস্থা এসে দাঁড়িয়েছে এবং এই মন্ত্রিসভা, ঐ রাইটার্স বিল্ডিংএর মন্ত্রীদের দপ্তরে গেলে বোঝা যায় সেগুলি ছোটখাটো একটা কংগ্রেসের মণ্ডল কমিটি।

[2-30—2-40 p.m.]

আমরা তো অনেক সময় যেয়ে ফিরে আসি। কাজেই এই জিনিষটার বিহিত ব্যবস্থা হওয়া উচিত। আজকে মাননীয় শঙ্করদাস মহাশয় বললেন যে এক টাকাও মাহিনা হতে পারে। আমি মাহিনা এক টাকা কেন এমন হতে পারে যে যদি নীলামে তুলেন তাহলে দেখবেন এক লক্ষ এক টাকা দিয়েও নেবার লোক আছে। একটা ঘর দিতে হবে, আরেকটা ফোন দিতে হবে মিনিস্টারের তাহলে সে কেমন চোড়ে খাবে। কাজেই এক টাকা মাহিনা হবে এই কথা বলতে গিয়ে একটু সমঝে বলা উচিত ছিল বলে আমরা মনে করি। আর একটা কথা হচ্ছে স্যার, মন্ত্রী মহোদয়রা কাজকর্ম করেন প্রচুর তাঁরা যে কাজকর্ম করছেন সেটা বোঝা যায় যে আগে একটা ফাইল বের হতে দুই মাস লাগতো, এখন মুখ্যমন্ত্রী কিছুদিন আগে বক্তৃতা দিয়েছেন রেড টেপিজমএর বিরুদ্ধে। আমরা দেখেছি মন্ত্রী বেড়েছে, একান্ত সচিব বেড়েছে, সচিবের পর সচিব বেড়েছে কিন্তু এখন একটা ফাইল বের হয়ে সাধারণ লোকের কাছে আসতে তিন মাসের জায়গায় এক বছর পর্যন্ত সময় লাগছে। এবং তার ফলে আজকে লোকে সত্যিকারের জাসটিস্ পাচ্ছে না। বরং আমরা দেখতে পাচ্ছি যে মন্ত্রীদের দপ্তরের মধ্যে কাড়াকাড়ি পড়ে গিয়েছে, প্রতিযোগিতা লেগে গিয়েছে কে কত দেরীতে ফাইল ডিসপোজ অফ করবে। এই কি ইমারজেন্সীর নমুনা। আমি জিজ্ঞাসা করতে চাই ইমারজেন্সী সম্বন্ধে কোন রকম গুরুত্ব বোধ থাকে তাহলে আপনাদের এই দুর্নীতির আখড়া রাইটার্স বিল্ডিংস এবং আপনাদের যে সব দপ্তরখানা আছে তা থেকে মুক্ত করবার জন্য আপনাদের আরও দৃঢ় হতে হবে। দৃঢ় হতে গেলে আপনারা যে ৩৫ জনই দৃঢ় হতে পারবেন তা আমি মনে করি না, তবে অন্তত ১০ জন তো হতে পারেন। কিন্তু তাহলে একটা প্রোগ্রাম নিতে হবে। তারপরে আমরা দেখছি যে সমস্ত দুর্নীতি দিল্লী থেকে সুরু করে কলকাতা পর্যন্ত একটা চ্যানেলের মত বয়ে চলেছে। আমরা যদি আজকে পণ্ডিত নেহেরুর বিরুদ্ধে কোন কথা বলি তাহলে শুধু কংগ্রেস পক্ষ নয় কমিউনিস্টরা পর্যন্ত আমাদের রিএ্যাকশনারি বলে। স্যার, আপনার একটা খবর হয়ত জানা আছে যে, যে রামমোহন লোহিয়া—তিনি যে সে লোক নন, তিনি পন্ডিত নেহরুর বিরুদ্ধে চার্জ করেছেন এবং সেটা কমনওয়েলথ কনফারেন্সে বৃটিশ সাংবাদিকরা তাঁকে জিজ্ঞাসা করেছিলেন এবং সেটা তিনি জানুন আর নাই জানুন যে তাঁর পিছনে ডেইলী ২৫ হাজার টাকা আমাদের স্টেট এক্সচেকার থেকে খরচ হয়। যে দেশে ৬ কোটি লোকের ৪ আনার বেশী রোজগার হয় না দৈনিক সে দেশের প্রধানমন্ত্রীর পম্প এ্যান্ড গ্র্যান্ডার যদি গ্রেটার দ্যান দি গ্রেট মোগল হয় তাহলে আমি বলব এই প্রধান মন্ত্রীর হয়ত আজকে বিচার নাও হতে পারে কিন্তু আগামী ইতিহাস কাউকে ক্ষমা করবে না। ইতিহাস কারো স্তাবক নয়। জহরলালজীর স্তাবকতা করে আজকে এরা হয়ত পার পেয়ে যেতে পারেন কিন্তু ইতিহাস তাদেরকে ক্ষমা করবে না। এবং ইতিহাসের গতি অত্যন্ত তীব্র, বিচিত্র এবং জটিল। এই গতি পড়ে এমন অবস্থা হয়ত আসতে পারে একদিন হয়ত আমাদেরকেও ভবিষ্যৎ বংশধররা বলবেন যে তোমরাও অন্যায়কারীদের সমর্থনকারী ছিলে। সেই জন্য এই কথা বলছি। স্যার, চারিদিকে পম্প এ্যান্ড গ্র্যান্ডারের যেন স্রোত বয়ে চলেছে। আমি জিজ্ঞাসা করি এই রকম হবে কেন? আমরা চাই আমাদের দেশের যারা মন্ত্রী হবেন তারা মাটির মানুষ হবে। তাঁরা আজকে অসটিরারিটি প্রোগ্রামের কথা বলেন আর নিজেরা এই ভাবে চলবেন সেটা তো চলে না। ইলেকট্রিক লাইট, জল, পেয়াদা, তিনজন করে আর্দালী এক একজনের, তারপরে মিনিস্টারের পি এ আছে, টাইপিস্ট আছে, কত রকম ব্যাপার আছে, তারপর আবার পারসোনাল সেক্রেটারী আছে এত সব কি দরকার আছে। আমাদের যখন ব্যয় সঙ্কোচ করতে হবে তখন এই প্যারা-

ফারলোনিয়া কমানো দরকার। এবং যদি কমাতে না পারেন তাহলে সাধারণ মানুষের উপর আপনাদের ট্যাক্স করবার কোন অধিকার নাই। আপনারা জনসাধারণের মুখের গ্রাসের উপর ট্যাক্স করছেন, তারা মেরি এ্যান্টনিয়েটের মত বলছেন

Oh, they do not get bread, let them have cakes.

ঠিক আপনারাও বলছেন হয় গম খাও নয় কম খাও। এই বলে আপনারা অসটিরিটি প্রোগ্রামের কথা বলছেন কিন্তু আপনাদের এই শ্লোগান জনসাধারণের কাছে এসে দাঁড়াচ্ছে হয় গম খাও নতুবা খাবি খাও। আপনারা জনসাধারণকে ত্যাগের কথা বলছেন তাদের ত্যাগ করবার মত কিছু নাই কারণ তাদের ভোগ করবার মতন আপনারা কিছু দেন নাই। একমাত্র ত্যাগ তারা করতে পারে সেটা হচ্ছে তাদের দেহত্যাগ। সেই দেহত্যাগ যদি করাতে চান তাহলে কি শ্মশানের উপর দাঁড়িয়ে শিবশঙ্করের নৃত্য আপনারা করবেন না কি আমি জিজ্ঞাসা করতে চাই যে আপনারা যদি সত্য সত্য দেশকে ভালবাসেন, আপনারা যদি সত্যই ১৯৩১ সালের কংগ্রেসের ঐতিহ্যকে মর্যাদা দিতে চান, আপনারা যদি সত্যই আমাদের দেশের শহীদদের প্রতি শ্রদ্ধা দেখাতে চান তাহলে আপনারা আপনাদের চরিত্র সংশোধন করুন। এবং এই মন্ত্রিসভা সংশোধন করে এমন একটা মন্ত্রিসভা গঠন করুন যে মন্ত্রিসভার প্রতি বাংলাদেশের সমস্ত জনসাধারণের অকুণ্ঠ সমর্থন থাকে। সেখানে দুর্নীতি থাকবে না। সেখানে আসবে আদর্শ দৃঢ়তা, আসবে তেজ তাহলে আমরা আপনাকে কথা দিচ্ছি যে আমাদের কাছ থেকে আপনারা সমর্থন পাবেন। এবং তাহলে আপনাদের পাশে দাঁড়িয়ে আমরা সব লড়বো, আপনাদের নির্দেশ আমরা সব সময় পালন করব, আর তা যদি না করেন তাহলে একমাত্র চাইনীজ এ্যাগ্রেশন ছাড়া প্রতি স্তরে আপনাদের বিরুদ্ধে দাঁড়াব এবং আপনাদের বিরুদ্ধে জনসাধারণকে বলব যে আপনাদের দিয়ে দেশের কোন ভাল কাজ হতে পারে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, If I rise now to support the motion for reduction of the Ministry, I do not do it out of any spite, I do not do it out of any ill feeling, or out of any animosity towards any of the Ministers of this State. Sir, I have regard for them. I do not question the ability of any of them. But, Sir, the time has come when I can only appeal to their sense of patriotism, to their sense of love of the country, side by side, when the teeming millions are in utter distress, to consider about their financial position, and then come to a decision as to whether it can be justified to have so many numbers of Ministers, State Ministers, Deputy Ministers and other officials. Sir, the time at my disposal is very limited. I would only say that this avoidable expenditure could have been saved if they only wished it. They should come forward and make the sacrifice, or give a lead to the country so that we may maintain our tradition that what Bengal does today India follows tomorrow. I would be satisfied with a reasonable explanation of one fact alone—whether there is, in the interest of the country, any justification to have all these Ministers of different categories which we are having here today. Sir, from a comparative table I see that the number of Ministers of different categories here is the highest in India. Who has fixed the number? Has it been fixed on the basis of population, or on the basis of area, or on the basis of the newly created portfolios, in order to stabilise the party rule? Sir, I know that difficulties may arise if you cannot satisfy important members of the party. If you do not take them in the Ministry you cannot run the administration. I realise your difficulties. But is that the reason for which the people should pay for all the luxuries of the Ministerial affairs, the paraphernalia, for the chaprasis of the Ministers, their directorates and other things? May I remind the Ministry here that the provinces where there are no Deputy Ministers at all are, Andhra, Kerala and Madras? I would ask my friends to consider this position. There are no Deputy Ministers in these three provinces, and the number of Ministers also is much less than what it is in Bengal.

[2-40—2-50 p.m.]

Sir, there was no State Minister under the following States, namely, Gujarat, Kerala, Madras and Maharastra. But here in West Bengal we have got 14 Ministers. 11 or 12 Ministers of State and 10 or 12 Deputy Ministers—in all we have got 37 Ministers. We have got the highest number of Ministers here in West Bengal. But if you kindly consider the position about Madras you will find that they have got only 9 Ministers. They have got not one State Minister, not one Deputy Minister. Even if you consider the case of Maharastra you will find that there also they have got no State Minister. Why is it then necesary here in West Bengal knowing as we do that 85 lakhs of people, just as the Chief Minister stated only the other day, do not possess even less than one acre of land, knowing as we do that here in the city of Calcutta people die in the streets and also when we know about these Ministers who have just stated the other day that those goldsmiths who were thrown out in the streets without notice would get only four rupees per month, i.e., 13 nP. a day, just to maintain their family? This is the standard they have themselves fixed for giving doles to maintain the family of a goldsmith. Does it stand to reason? Or, does any reasonable man come forward to support this Ministry?

Sir, I would be glad to hear the argument in reply. The country demands an explanation from them as to why they should pay for the luxuries of all these Ministers. I know that money would not be saved only by reducing the number. Still all the Ministers along with their Deputies and chaprasis have been provided with one room each in the Assembly Building and in the Writers' Building also they have been provided with $37 \times 2 = 74$ rooms or something like that.

Now, what do we find? We accused the Britishers, the foreign power, when they were here. At least it was an admitted fact that the Britishers came to India from a country where there is cold. They came from a very very cold country. But even then they were satisfied without being provided with any air-conditioned room in the Writers' Buildings from where they used to manage the affairs.

Sir, even in undivided Bengal—when there was no Partition—there were in all 13 Ministers. Now today we have it its place 35 or 36 Ministers. Therefore I would appeal to the Ministry just to consider this position. But if they want to do things in their own way, just as they do in the hundreds of matters in the name of Democracy and in the name of Emergency, may I appeal to them in spite of your switching the light, green or red, to decide this question and to satisfy the millions of people who remain outside this Assembly Chamber? Sir, what do we find? We find that these Ministers feel as if they are somebody in the State. And unless you have got some relation with any of them you cannot have a thing done though living in a free country. You cannot get admission of your ward in schools or colleges, or your patient in a hospital unless you take one letter from this or that Minister or Deputy Minister. Sir, this state of things is lamentable. I would, therefore, most humbly request you to look into it. It's not a question of doing things by force. It's not a question of doing things by brute majority. We want to be told whether there is any justification to retain so many Ministers, especially at this hour when the country is passing through an emergency.

Sir, we were told by the Hon'ble the Prime Minister that "আরাম হারাম হ্যায়" But what do we find? Who is having that আরাম excepting the Ministers and the Deputy Ministers? Sir, does any body take any pleasure to live in this unfortunate land when there is poverty all around and we cannot get our rights exercised as an independent citizen unless we have somebody in the Ministry to do it?

Sir, everyday we hear during the times of raising taxation—only the other day we heard instances were cited of other provinces, viz., Andhra, Gujerat and Madras—that they have fixed the sales tax at such and such rate. Why can't they cite the instance of Punjab in this case and come forward and say, "Here is the instance of Panjab, we are going to follow them and we will not be guided by other States?" Sir, it is unjustified, it is unfair and in the name of humanity, suffering humanity, I appeal to their sense of patriotism, I appeal to their sense of honesty, integrity and the love of the country, just to realise the condition of our poor people and volunteer to make this sacrifice to reduce the number of Ministers to an irreducible minimum.

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এইচ বেস্টার উইচ মন্ত্রিসভা কমাবার যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবকে সমর্থন করতে উঠে আমি একটা কথা বলতে চাই। আমাদের দেশকে গড়ে তুলতে হলে, দেশের মানুষকে আরো পরিশ্রম করার জন্য প্রেরণা দেওয়া উচিত। আমি মনে করি মন্ত্রী-বর্গ সে প্রেরণা দেশের মানুষের কাছে দিতে পারেন নি। আজকে আমাদের কাছে একটি মাত্র চিত্রই প্রতিভাত হচ্ছে যে, মন্ত্রীসভার সংখ্যা কমান চাই ও তা কমাতে গেলে কি করা উচিত সেটাও আজকে আমাদের ভেবে দেখা দরকার। আজকে নাকি মন্ত্রীমহাশয়দের অনেক কাজ করতে হয়। আমার মনে হয় তাঁদের অনেক কাজের মধ্যে একটা কাজ হচ্ছে বক্তৃতা দেওয়া। আর যদি তাঁরা বক্তৃতা থেকে বিরত থেকে কাজের দিকে বেশী মন দিতেন, তাহলে অনেক সময় বেঁচে যেত, এবং আমি মনে করি ঐ সময় যা নাকি বাঁচতো, তাতে ১ জন মন্ত্রী অন্তত দুজন মন্ত্রীর কাজ করতে পারতেন। এ ভাবে হিসাব করলে দেখা যাবে যে, এতগুলো মন্ত্রী পশ্চিম-বঙ্গের দরকার হয় না। ছাঁটাই সম্পর্কে বিভিন্ন বন্ধু অনেক কথাই বলেছেন, আমি মনে করি, মন্ত্রীসভা যদি এভাবে ছাঁটাই করা হয়, তাহলে একটা ভাল দৃষ্টান্ত স্থাপন করতে পারা যায়। মাননীয় সদস্য নেপালবাবু অবশ্য বলেছেন যে, মন্ত্রীমহাশয়দের অনেক কাজ করতে হয়। তাঁরা কত কাজ করেন না করেন সেটা পরের কথা। আমি মনে করি একটা জিনিস এতে ছাঁটাই হতে পারে তা হল ঐ বক্তৃতা দেওয়ার সময়। আমি আরো মনে করি যে আমাদের যা কাজ হয় তা সেক্রেটারীর দ্বারাই হতে পারে। সমস্ত কাজই সেক্রেটারীর মারফত মন্ত্রিমহাশয়দের কাছে আসে। মন্ত্রীরা চেষ্টা করেন ঐ সেক্রেটারীদের কাছ থেকে সেসব শুনে জনসাধারণের কাছে সেসব কথা রাখবার। আর তাঁরা চেষ্টা করেন ক্যাবিনেট-এ বসে তাঁদের পদ্ধতি নির্ণয় করবার। এর পদ্ধতি অবশ্য নির্ণয় করেন ঐ সেক্রেটারীরাই, এবং তাঁরা সব সময়ই মন্ত্রি-মহাশয়দের পেছনে থাকেন। সুতরাং এই সেক্রেটারীদের প্রভাব যে কতখানি, তা অজানা নেই। আমরা দেখেছি আমরা যখন কিছু বক্তব্য মন্ত্রিমহাশয়দের কাছে নিয়ে যাই, তখন মন্ত্রিমহাশয়দের তা দেখবার বা শোনবার সময় হয় না। আমরা আরো দেখেছি যখন পাকিস্তান লস্করেরা স্ট্রাইক করে বসে আছে, ভারতবর্ষের একটা ট্রান্সপোর্ট অচল হয়েছে তখনও এর উপর তত গুরুত্ব আরোপ করা হয় নি। এ সময় আমরা মাননীয় মন্ত্রী শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায়ের কাছে গিয়েছি, তিনি তখন আমাদের বলেছেন, 'আপনাদের কাছে শুনে লাভ নেই, আপনারা আমার সেক্রেটারীর কাছে বলুন, আমি ঐ সেক্রেটারীর কাছ থেকে সব শুনে নেবো। যদি বাস্তব ও প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভের একটা শ্রেয় পথ হয়, তাহলে আমাদের সারা দেশে কয়েকটা সেক্রেটারী রাখলেই তো হয়, মন্ত্রীদের রাখবার কি দরকার আছে?' আমি একটা ঘটনার কথা উল্লেখ করছি, কিছুদিন আগে রাজাগোপালাচারী যখন মাদ্রাজের মুখ্যমন্ত্রী ছিলেন, তখন তিনি বলেছিলেন,

[2-50—3 p.m.]

রাজাগোপালাচারী যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি একটি বক্তৃতা দিয়েছিলেন—যে ধনী লোক যারা, মালিক লোক যারা, তারা সমস্ত মন্ত্রীদের গদি পাবার জন্য ভয়ানক চেষ্টা করছেন। তিনি একটি বক্তৃতা দিচ্ছেন—

You, rich people, you are fools.

তোমরা মালিকরা -তোমরা প্রতারক—তোমরা যদি মন্ত্রীত্বের মধ্যে আস, তাহলে আমাদের মন্ত্রীত্ব যে ধনী রিপ্রেজেন্টেটিভ, মালিকদের রিপ্রেজেন্টেটিভ -সেটা লোকের কাছে প্রতিভাত হয়ে উঠবে। সুতরাং তোমরা এসো না। এজেন্ট পাঠাও মন্ত্রীদের মধ্যে, এবং সেই এজেন্ট পাঠিয়ে তাদের মধ্যে দিয়ে যারা ধনীর স্বার্থপূরক মালিক স্বার্থপূরক দরিদ্রকে নিষ্পেষণ করবার জন্য যেগুলি দরকার, সেগুলো তাদের মধ্যে দিয়ে তোমরা করিয়ে দিতে পারো। তাদের যদি লোক রাখতে হয়, তাহলে মন্ত্রীদের সংখ্যা বাড়াতে হয় বৈকি। নিজেদের মধ্যে কোন্দলকে সেইজন্য দূর করবার যদি দরকার হয় তাহলে মন্ত্রীত্বের সংখ্যা দরকার হয় বৈকি। কানাই পালের কথা বলছি এখানে যে তাকে ধরা হোল তার অভিযোগটা দেখুন ১৯৪২ সালে এই লোক অগাস্ট আন্দোলনে যোগদান করে যখন দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করছে সেই সময় ভবানীপুরে পুলিস এসে তার আড্ডা যখন ঘেরাও করে দেশের সেবার জন্য, পুলিশের হাত থেকে বাইরে থাকবার জন্য তার যে আগ্রহে দোতলার ছাত থেকে লাফিয়ে পড়ে তার পাঁজা ভেঙ্গে গেল, ভাঙ্গা কোমর নিয়ে ধরা পড়লো, হাসপাতাল থেকে পালিয়ে এলো। পালিয়ে এসে দেশের জন্য এই আন্দোলনে আমাদের কাজ করতে লাগলো। সে আজকে জেলে কাদের অভিযোগে, যারা এখানে বসে আছে দুধ চুরি করে যারা কুখ্যাত, অন্যায় কাজে জড়িত তাদের অভিযোগে। আজ সেই সব অভিযোগকারী তারাও সেই একই অভিযোগে অভিযুক্ত হয়ে ম্যাজিস্ট্রেটের ওয়ারেন্ট তাদের নামে বেরিয়েছে। কিন্তু দেড় মাস যাবত তাদের ধরা হয় নি। কারণ তারা কংগ্রেস পক্ষের লোক। তারা দুর্নীতিপরায়ণ হতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এইভাবে এইরকম দুর্নীতিকে রক্ষা করবার জন্য কি আমাদের মন্ত্রীবর্গকে অত বেশী সংখ্যায় রাখতে হবে। কয়েকটা মন্ত্রী ছাঁটাই হলেই অনেক লক্ষ টাকা বাঁচবে সেটা বড় কথা নয়, কিন্তু দেশকে উৎসাহিত করতে গেলে যে কঠোর পরিশ্রম দরকার যে ত্যাগ দরকার সেই ত্যাগের জন্য অন্তত মন্ত্রী সংখ্যা কমানো প্রয়োজন। আমি এখানে একটি উদাহরণ দিচ্ছি রাশিয়াতে ১৯১৭ সালে সোসালিস্ট পার্টি ক্ষমতা পেয়েছিল। তার পরে ১৯৩৩ সালে তাদের লাস্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ উঠে গেছে, বেকার সমস্যা উঠে গেছে ১৫ বৎসরের মধ্যে। আর আমার দেশে ১৯৪৭ সাল থেকে ক্রমাগত বেকারের সংখ্যা বেড়ে চলেছে। কেন এটা হয় এটা রাতারাতি হয় না। কিন্তু তাদের সেখানে এটা হয়েছে। এ সংবাদ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনারও হয়তো জানা আছে যে তাড়াতাড়ি দেশের উন্নতি হচ্ছে না বলে দেশের লোক যখন লেলিনকে ধরতে গেছে, তখন তারা দেখেছে যে ছেড়া চেটায় বসে পোড়া রুটি খাচ্ছে এক কাপ চা নিয়ে। দেশের ভবিষ্যতের কথা চিন্তা করছে সে। লোক চলে গেল উৎসাহিত হোল। আর আমার দেশে কি দেখবেন—তারা দেখবেন যে স্বর্ণকারদের জন্য যখন চার টাকা করে ব্যবস্থা হয়েছে তখন তারা এয়ার কন্ডিসান রুমে বসে নানারকম আরাম এবং বিলাসের মধ্যে এই রাজ্য চালাচ্ছেন। এতে দেশের লোককে উৎসাহিত করা যায় না। দেশ গঠনের বিরুদ্ধে যদি কেউ থাকেন তারা আমাদের কাছ থেকে টাকা নিয়ে কিছু টাকা খরচ করছেন বটে, কিছু কাজও হচ্ছে বটে, কিন্তু তাদের নিজেদের যে মানুষকে উৎসাহিত করা সেখানে তার ব্যর্থ হয়েছেন। এবং দেশদ্রোহি যদি বলতে হয় এই মন্ত্রিবর্গকেই বলা উচিত।

Shri Bhakti Bhusan Mondal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় সদস্য বেস্টার উইচ যে রেজলিউশন রেখেছেন, সেটার উপর আমাদের মাননীয় সদস্য শম্ভুচরণ ঘোষ যে অ্যামেন্ডমেন্ট রেখেছেন, তার সমর্থনে বলতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। একটা গ্রাউন্ড হচ্ছে ভারতবর্ষের সমস্ত রাজ্যে যদি আমাদের কতজন করে মন্ত্রী আছে তার স্ট্যাটিসটিকস নিয়ে দেখি, তাহলে দেখবো আমাদের এখানে যে মন্ত্রী আছে, তার সংখ্যা নিশ্চয়ই বেশী, আমি আপনার কাছে একটু তুলনামূলক হিসেব এখানে তুলে ধরছি। অন্যান্য রাজ্যে কিরকম মন্ত্রীর সংখ্যা আছে আমি বলছি, অন্ধ্রেতে ১৬ জন মন্ত্রী আছে: আসামে আছে ১৬ জন, বিহারে আছে ২২ জন মন্ত্রী, ডেপুটি মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী সমস্ত নিয়ে। গুজরাটে আছে ১৬ জন: কাশ্মীরে ১১ জন এবং কেরালায় ১১ জন: মধ্যপ্রদেশে ১৫ জন, মহীশুরে আছে ১১ জন: আসামে ... ৯ জন: রাজস্থানে ১৮ জন এবং ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় রাজ্য অর্থাৎ উত্তরপ্রদেশে, সেখানে আছে ৪১ জন।

আমরা জানি যখন বাংলাদেশের দরিদ্রের উপর ট্যাক্স চাপানো হয়, তখন শঙ্করদাসবাবু অন্যান্য রাজ্যের স্ট্যাটিসটিকস যোগাড় করে দেখিয়ে দেবেন অমুক জায়গায় এত দিয়েছে, অমুক জায়গায় কিছু বেশী আছে ইত্যাদি বলতে আরম্ভ করেন। আমি এই কথাটা তাঁকে বলতে চাই, তিনি তো বর্তমান মন্ত্রীমণ্ডলীতে আছেন, তিনি এই স্ট্যাটিসটিকস দয়া করে দেখবেন এবং যদি দেখেন, দয়া করে এই মন্ত্রীসংখ্যা কি তাঁরা কমাবেন? মধ্যপ্রদেশের মত জায়গায় ১৫ জন মন্ত্রী আছে। ভারতবর্ষের ম্যাপখানা দেখলে তিনি দেখতে পাবেন ভারতবর্ষে যতগুলো রাজ্য আছে, তার মধ্যে সবচেয়ে বড় এরিয়া হচ্ছে মধ্যপ্রদেশের। তার পরে মহারাষ্ট্রের এরিয়া। তা যদি হয়, সেখানে যদি ১৫ জন মন্ত্রী নিয়ে কাজ চালানো যায়, তাহলে বাংলাদেশে কি ঐ ৩৭ জন মন্ত্রীর প্রয়োজন আছে? পপুলেশান-এর দিক যদি দেখেন, তাহলে দেখবেন উত্তরপ্রদেশে বেশী, সেখানে ৪১ জন মন্ত্রী আছে। সত্যিই আমাদের চেয়ে বেশী। উত্তরপ্রদেশের এরিয়া অনেক বড়, সেখানে জনসংখ্যা হচ্ছে ৭ কোটি ৩৭ লক্ষ, আর আমাদের জনসংখ্যা হচ্ছে ৩ কোটি ৪৯ লক্ষ। এইসব যদি বিচার বিবেচনা করে দেখা যায়, তাহলে তাঁদের জানা উচিত বাংলাদেশে ৩৭ জন মন্ত্রী কোন রকমেই থাকা উচিত নয়। তবে যদি বলে বাংলাদেশে ৩৭ জন মন্ত্রী না থাকলে বাংলাদেশে মারামারি হবে, আমাদের মন্ত্রী হয়ে থাকা দায় হবে, তাহলে নিশ্চয়ই তা রাখা দরকার। কিন্তু যদি বিচার করে বলেন, তাহলে বলতে হবে কোন রকমেই ৩৭ জন মন্ত্রী রাখা উচিত নয়। আমি যেখান থেকে এসেছি, সেই জেলায় কিছু কিছু কাজ করবার জন্য একজন মন্ত্রীও নাই। সেইজন্য আমরা বুঝি মন্ত্রী না থাকলেও চলতে পারে।

আর একটা কথা আপনার কাছে বলছি—সেটা হচ্ছে এই মন্ত্রীসংখ্যা যত বাড়ছে, যেমন ট্রেড ইউনিয়ন সম্পর্কে বলা হয়—কালেকটিভবারগেন, তেমনি—কালেকটিভ করাপশনও বাড়ছে। কেন বাড়ছে সেটা বলছি।

[3—3-20 p.m.]

মনে করুন মুখ্যমন্ত্রী মহাশয় আছেন। দেখা গেল এটা মুখ্যমন্ত্রী মহাশয়কে দিয়ে সুবিধা করা যাবে না, তখন সেই ডিপার্টমেন্টের রাষ্ট্রমন্ত্রী কে আছেন দেখা যাক। রাষ্ট্রমন্ত্রীকে ধরলেন, দেখলেন তার সঙ্গে লিঙ্ক আছে। দেখা যাক তিনি কি ভালবাসেন, টাকা, না মানুষ! তিনি টাকা ভালবাসেন। তখন তাকে ধরা গেল এবং তাঁকে ধরে যতটা করাপসন করবার, তা করে নিলো। তেমনিভাবে মুখ্যমন্ত্রী মহাশয়কে পাওয়া গেল না, তখন আর এক মন্ত্রীকে ধরা হল, তিনি শিক্ষা মন্ত্রী। কিন্তু দেখা গেল এ'কে কোন কারণেই করাপট্ করা যাবে না, তখন তাঁর ডিপার্টমেন্টের যিনি রাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁকে ধরলেন। দেখা গেল তিনি কি ভালবাসেন বা তাঁর কনস্টিটুয়েন্সীতে কে আছেন, তাকে ধরা যাক, এবং তখন তাঁকে নিয়ে এসে যেটুকু অন্যায় বা কু-কার্য ছিল, সেটা তাকে দিয়ে করান গেল। এমন কি আমরা জেলাতে গিয়ে দেখেছি জেলার ম্যাজিস্ট্রেটরা বলেন মন্ত্রীরা টেলিফোন করেছেন আমাদের কি উপায় আছে। এমন পর্যন্ত আমরা নিজেরা শুনেছি, আমরা গালাগালি দিয়েছি, তখন তার উত্তর হয়েছে, তাঁরা বলেছেন আমাদের কি উপায় আছে! যেমন একটা উদাহরণস্বরূপ দিই—আমাদের বর্ধমান জেলায় পাণ্ডবেশ্বরের কাছে একটা বেল্ট, এতবড় অঞ্চল আছে, এবং বীরভূম জেলার অজয়ের উত্তর দিকটা যেখানে বরাবরই অবস্থাটা খুবই খারাপ, দুস্থ এলাকা, সেই এলাকায় দেওয়া হচ্ছে সিনেমা। কেন দেওয়া হচ্ছে তাও আমরা জানি। বিশেষ করে দুবরাজপুরে, যেখানে বারবার করে বলেছি সেখানকার কি অবস্থা, একবার আপনারা গিয়ে দেখে আসুন। যিনি অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে হেরে গেলেন, অর্থাৎ খগেন্দ্রনাথ ব্যানার্জী মহাশয়, তাঁর বাড়িতে টাক্-টুক করে এখানকার মিনিস্টাররা গিয়ে উঠতেন, খেতেন, বিশেষ করে প্রফুল্লবাবুও অনেকবার গিয়েছেন এবং আরও অনেকে গিয়েছেন। এখন বলছে বহু টাকা খরচ হয়ে গিয়েছে, আমি ধার করেছি। আমি চালাবো কি করে, আমার ধার, দেনা হয়ে গিয়েছে, বৌ-এর গয়না পর্যন্ত বন্ধক পড়েছে: এই হচ্ছে ফ্যাক্ট। আপনি আমার একটা কিছু ব্যবস্থা করে দিন। তিনি বললেন—হ্যাঁ, ব্যবস্থা আমি করে দিচ্ছি। কি ব্যবস্থা হল? তাঁর ভাই নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, তাঁর নামে, ঐ দুবরাজপুরে, সেখানে একটা টেম্পোরারী সিনেমা খোলবার জন্য লাইসেন্স দেওয়া হল। এই হচ্ছে কালেকটিভ করাপশান-এর একটা দৃষ্টান্ত। মন্ত্রীর সংখ্যা যত বাড়বে ঠিক তত কালেক-

টিভ করাপশানও বেড়ে যাবে। আর একটা জায়গার কথা বলছি। মাননীয়া মন্ত্রী আভা মাইতি যেখানে মিটিং করতে গিয়েছিলেন গত সেপ্টেম্বার মাসে, সেটা হচ্ছে পাণ্ডবেশ্বরের কাছে একটা জায়গা। সেখানে তিনি গিয়েছিলেন এবং শ্যামদাসবাবুও গিয়েছিলেন। সেই অঞ্চলটা দেখে তাঁরা বললেন এই অঞ্চলটা খুব দুস্থ এলাকা, সেখানে ধান হয় না, সত্যি। এখানে সত্যিই মানুষের খুব কষ্ট আছে। কিন্তু তা হলে হবে কি! সেখানে সেই যে দুজন পরাজিত এম এল এ ছিলেন, তার মধ্যে শিবদাস ঘটক মহাশয়, তিনি গতবারে দাঁড়িয়েছিলেন, এবং এবারেও দাঁড়িয়েছিলেন, কিন্তু হেরে গিয়েছেন। তাঁর বাপের নামে একটা ঐ সিনেমা লাইসেন্স দেওয়া হল। এবং মেননের কাছে যখন সেখানকার অন্য দলের লোক গিয়ে বললো যে সেখানে সিনেমা করতে লাইসেন্স দেওয়াটা খুবই অন্যায় হবে, তখন তিনি বললেন আমি কি করবো, এটা আমাকে দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে, আমি দিতে বাধ্য। তিনি দিয়েছেন। কাজেই আমি বলতে চাই এর মধ্যে অনেক করাপশানের কথা আছে, আমি এর আগে যেসমস্ত বক্তৃতা করেছি, সেইসমস্ত বক্তৃতায় করাপশন-এর কথা, পসেটিভ প্রুফ নিয়ে বলেছি। এরকম আরও অনেক আছে, সেগুলি সময় অভাবে এখন আর বলতে চাচ্ছি না। তবে, তার মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে মন্ত্রিত্ব বাড়ান মানে কালেকটিভ করাপশান বাড়ান। কাজেই আমি নীতিগতভাবে দুটি বিষয়ের উপর নির্ভর করে বলতে চাই এবং জ্ঞানত বিচারক হিসাবে বলতে চাচ্ছি এই বাংলাদেশে মন্ত্রীর অবস্থা আর তার সংখ্যা কমিয়ে দিলে, জনসাধারণ অন্ততঃ যারা খেতে পায় না, তাদের অবস্থাটা কিছু ভাল হয়। তাঁদের বেতনটাত ফাউ। বেতনের পরে যে কু-কর্ম আছে, সেটা আসল কথা। কাজেই সব কিছু কমবে, এইটুকু আমি মনে করি। এবং সেই জন্য আমি বলতে চাই এই দুট বিষয় চিন্তা করে, এই যে মন্ত্রিত্ব কমানর রেজলিউশন রেখেছেন, এই রেজলিউশনকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং অনুরোধ করছি কংগ্রেস পক্ষে যাঁরা আছেন, তাঁরা, বিশেষ করে যাঁরা মন্ত্রী হন নি, তাঁরা অন্তত এটা সাপোর্ট করবেন।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[3-20—3-30 p.m.]

Dr. Radha Krishna Pal:

মিঃ স্পীকার, স্যার, আজকে নন-অফিসিয়াল রেজলিউশন-এ বলতে উঠে আমি বলবো, বিরোধীতা করতে উঠে এই কথাই বলবো যে মিঃ স্পীকার, স্যার, প্রথমেই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে ধরা যাক, "বর্ণিলে জীবনকাল না ফুরাবে তবু", ঐ সাধারণ মানুষের আচরণের অন্তরালে যে অপূর্ব প্রাণসম্পদের পরিচয় এই বাংলাদেশ পেয়েছে তা বর্ণনাতীত। মিঃ স্পীকার, স্যার, আমি একটি এক্সাম্পল দেখাচ্ছি, আমরা আরামবাগের ছেলে, এ'রা অনেকেই তাঁকে আরামবাগের গান্ধী বলেন, এই বাংলার মহা দুর্দিনে যখন বাংলাদেশের মধ্যে আরামবাগ, যেটা সত্যিই সমস্ত পৃথিবীটা রাজপ্রাসাদ বললে আরামবাগ দেবালয়, সেইখানে ভোগ চড়াতে হয় যে ত্যাগীর সেবার জন্য, সেই ত্যাগী আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়। আমি আপনাকে জানাবো, উনি যখন এখান থেকে গিয়েছিলেন প্রথম আরামবাগ, তখন আরামবাগের প্রত্যেকটি নদী বন্যায় প্লাবিত। তাঁর সেই ভরা যৌবন নিয়ে যখন যৌবন জলতরঙ্গ রোধিবে কে এই বাণী উচ্চারণ করেছিলেন সেখানে, মিঃ স্পীকার, স্যার, দীর্ঘদিন ধরে যে সেবা, যে মানবতার সেবা, যে সার্ভিস টু হিউম্যানিটি তিনি দেখিয়েছিলেন তা আপনাদের কল্পনা ছিল না। আমরা সেই বন্যার পর দেখতে গিয়ে দেখি তিনি সাগর কুটিরে ছোট্ট একটা কুঁড়ে বেঁধে আছেন এবং সেখানে ১০৪ ডিগ্রি জ্বর সেই অবস্থায়, সেখানে চারদিকে এসিয়াটিক কলেরা, ডাক্তারেরা পর্যন্ত কেউ যায় না, তিনি নিজে সেইখানে তাদের সেবা করে এসেছেন সেই ১০৪ ডিগ্রি জ্বরে, এবং প্রত্যেক মানুষকে বাঁচাবার যে চেষ্টা তা আমরা দেখেছি। মিঃ স্পীকার, স্যার, আমি এই কথাই জানাবো যে, বাংলাদেশ ভুলবে না ঐ মানুষটিকে। যেদিন আইন অমান্য পরিষদের সভাপতি হয়ে তিনি এখানে এসেছিলেন, তিনি তখন এই বাংলাদেশে, আমি একটা কাগজ থেকে উদ্ধৃত করে দেখাচ্ছি তাঁর সম্বন্ধে সেই সময়, এ'রা ছেলেমানুষী করতে পারেন, এ'রা ছ্যাবলামী করতে পারেন, কিন্তু যে মহাপুরুষকে আজ বাংলাদেশ এখানে পেয়েছে সেই

কথাই আজ আমি আপনাকে জানাবো। তদানীন্তন, তখনকার সেই আনন্দবাজার, আনন্দবাজার জানাচ্ছে দ্বাপরের ধর্মক্ষেত্র কুরুক্ষেত্রের প্রাঙ্গণে শরসজ্জায় শায়িত মহানুভব দেবব্রতের ব্রত উদ্‌যাপন উপদেশ দান যে দেশের চরিত্র গঠনের সাহায্য করিয়াছে, যাহাদের ধর্মনীতি, রাজনীতি এবং সমাজনীতির পরিস্ফুটনের শ্রীকৃষ্ণের ন্যায় মহাপুরুষ আদর্শের ন্যায় দণ্ডায়মান, যে দেশ শাক্যসিংহের জন্মভূমি বলিয়া চিহ্নিত, যে দেশ শঙ্করাচার্যের ধর্ম আন্দোলনে ও প্রতিভায় টলমল করিয়াছে, রাজা রামমোহনের ও ঈশ্বরচন্দ্রের অভ্যুদয় যে দেশে সম্ভব সেই দেশেই প্রফুল্লচন্দ্রের মতন বিরাট তরুণ কর্মী আইন অমান্য করেছিলেন।

[Noise and interruption]

আইন অমান্যকারী সভাপতি বললেন

Sir, fools rush in where the angels fear to tread in.

[Laughter]

জ্ঞানীগণ যে পথে চলতে ভয় পায়, নির্বোধগণ সেই পথেই প্রধাবিত হয়। মিঃ স্পীকার, স্যার, এই হল তদানীন্তন আনন্দবাজার পত্রিকার ও'র উপর ধারণা। তখন বাংলার একটিমাত্র পত্রিকা এক বিরাটভাবে চলেছে। এখন আমি আপনাকে জানাচ্ছি, আমি আজ তাই বলছি যে আজ যে ডিমোক্রেটিক কান্ট্রি তার ডিমোক্রেটিক মর্যাদা দেবার জন্যই তিনি আজ ঠিক সিংহাসনে বসেছেন। আজকে আমি আরো বলবো যে কবি গান গেয়েছিলেন যে, "এ রাজ্য ভোগীর নয়, ত্যাগী সন্ন্যাসীর" সে এই প্রফুল্লচন্দ্র ত্যাগী সন্ন্যাসী। মিঃ স্পীকার, স্যার, আমি এই কথাই বলবো যে সাধারণ আবরণের অন্তরালে তোমার যে প্রাণ সম্পদের পরিচয় পেয়েছি তা বর্ণনাতীত। তুমি প্রতিভামতি গ্রহণ কর প্রসন্ন চিত্তে তোমাকে আমি শ্রদ্ধা আজকে জানাচ্ছি। মিঃ স্পীকার, স্যার, তারপরেই আপনি দেখুন শৈলবাবু বসে আছেন ও'র সম্বন্ধে আমি বলি, ধার্মিক প্রবর ঠাকুর পরমহংসদেব এবং বিবেকানন্দের মায়ের যে শাশ্বত বাণী সে "কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন" এই বাণী তিনি আমাদের সব সময়ই কানে শোনাচ্ছেন। এই লোক দিনের পর দিন ধর্মের প্রবাহ ছুটাবার জন্য এইসমস্ত অপবিত্র অধার্মিকদের মাঝখানে তাঁর প্রবাহ চালিয়েছেন। মিঃ স্পীকার, স্যার, জগন্নাথবাবু এইখানে আছেন, জগন্নাথবাবু সম্বন্ধে একটি কবিতা আমি এখানে বলবো।

"জানি না সে কে,
তারি লাগি রাজপুত্র পরিয়াছে জীর্ণ কন্থা,
বিষয়ে বিরাগী, সাজিয়াছে পথের ভিক্ষুক।
মহাপ্রাণ সহিয়াছে পলে পলে সংসারের শত নির্যাতন॥"

মিঃ স্পীকার, স্যার, এই সেই আপনাদের জগন্নাথবাবু। তারপর আমাদের শঙ্করবাবু, আপনি জানেন, স্যার, বাংলার বিদ্বৎ সমাজে এক শ্রেষ্ঠ মনীষী। এ অবদান শুধু বাংলাদেশেই মেলে। আপনি জানেন, ব্যবহারজীবী হিসাবে, বোম্বে হাইকোর্ট, ম্যাড্রাস হাইকোর্ট, পাটনা হাইকোর্টে তাঁর বক্তৃতা যদি আপনি পড়েন, সেখানে জাস্টিসরা বিস্ময়ে বিস্ফারিত নেত্রে চেয়ে থাকতেন ও'র বক্তৃতার সময়। সেই বাগ্মীপ্রবর এবং সেই সত্যিকারের একটা মানুষ শতধা শতাধিক যুক্ত সেই মানুষকে আমরা এই ক্যাবিনেটে পেয়েছি। তারপরেই আমাদের আছেন বীজেশবাবু। ও'কে দেখে কবিতায় আমি এই কথাই বলতে পারি যে,

"এসো ফিরে এসো ধনীর দুলাল,
পল্লীর কোলে তুমি,
এই ত তোমার বড় আদরের
সাধের জন্মভূমি।"

সে সত্যিকারের এক বিরাট ঐতিহ্যপূর্ণ বংশের ছেলে আজ মানুষের সেবা করবার জন্য এসেছেন। মিঃ স্পীকার, স্যার, অজয়বাবুর সম্বন্ধে বলবো, যখন ব্রিটিশ রাজত্ব ছিল, সমস্ত ভারতবর্ষ কম্পিত, তখন ভারতবর্ষে নব অধ্যায় রচনা করেছিলেন অজয়বাবু নূতন করে এক গভর্ন-

মেন্ট তৈরী করে সেখানে দিনের পর দিন দেখা গিয়েছে যারা অত্যাচার করতে গিয়েছে সেই অত্যাচারীরা আর নেই পৃথিবীতে। মিঃ স্পীকার, স্যার, শিক্ষামন্ত্রী হরেন্দ্রনাথ রায়চৌধুরী, তাঁর সম্বন্ধে আমার বলা দরকার। মিঃ স্পীকার, স্যার, আমি ও'দের জানাচ্ছি দেশবন্ধু স্বরাজ্য পার্টি করছেন, তিনি প্রথমে কার সই নেবেন, কাকে পাবেন সেইজন্য তিনি চিন্তা করছেন। এমন সময় তাঁর মনে হল টাকীর জমিদার এবং সত্যিকারের ধার্মিক প্রবর সেই হরেন্দ্র রায়-চৌধুরী মহাশয় আছেন। তিনি সদ্যস্নাতা বাসন্তী দেবীকে নিয়ে তাঁর কাছে চলেছেন টাকীর জমিদার বাড়িতে, এবং তাঁকে সংগ্রহ করবার জন্য প্রথম বউনি করবেন স্বরাজ্য পার্টি। গিয়ে দেখেন যে তিনি তখন ধ্যানে মগ্ন। এক ঘণ্টা দাঁড়িয়ে থাকার পর, তারপর তিনি তাঁর প্রার্থনা মন্দির থেকে বেরিয়ে আসবার পর দেশবন্ধু তাঁকে আঁকড়ে ধরলেন। বললেন হরেনবাবু, আমার এই স্বরাজ্য পার্টিতে আপনাকে প্রথম সই করতে হবে। তিনি বললেন সে-কি, আজ্ঞে হাঁ। তিনি বললেন আমাকে কি গ্রহণ করবেন, আমি আপনার কি কাজে লাগবো? তিনি বললেন যে না, আপনার মত লোক দরকার পণ্ডিত, বিজ্ঞ, এবং সকল ব্যাপারে আপনার যে মহামনীষা সে আমি জানি। তারপরে উনি সেখানে সই করলেন এবং তিনি বললেন

Thank God, you have been amongst us

তিনি এই কথা বলে আঁকড়া-আঁকড়ি করে তারপর ওখান থেকে চলে এলেন। এবং বাসন্তী দেবী শুভেচ্ছা জানালেন হরেনবাবুকে। তারপরেই আপনি দেখেছেন লীগ আন্দোলনের সময় এই হরেন্দ্রনাথ রায়চৌধুরীর সেই বাগ্মীতা এবং তখনকার যে বিরাট অভিযানকে তিনি রুদ্ধ করতে পেরেছিলেন তিনি সেই হরেন্দ্রনাথ রায়চৌধুরী মহাশয়। মিঃ স্পীকার, স্যার, তারপর কাজেম আলি মীর্জা সাহেব। কাজে মানে হচ্ছে লিডার দি গ্রেট। আচ্ছা কায়েদী-আজম মানে হচ্ছে লিডার দি গ্রেট মিঃ জিন্না। তাহলে উনিও নিশ্চয়ই মুশলিম সম্প্রদায়ের একজন বড় নেতা এবং উনি যে নবাব ফ্যামিলির ছেলে, ঐ পলাশী প্রান্তরের যে বেইমানী মিনি এখনও আমাদের অনেকে আরম্ভ করেছেন, তিনি, মিঃ স্পীকার, স্যার, সেই বেইমানীকে দূর করবার জন্য সেই কলঙ্ক মোচন করবার জন্য তিনি মানুষের মাঝে নেবে এসেছেন। মায়া দেবী মায়া দেবী সম্বন্ধে এই কথাই বলবো যে মমতাময়ী সেই মায়া দেবী। মিঃ স্পীকার, স্যার, পূরবী দেবীর কথা বলতে গিয়ে বলছি যে, "আপনার মান রাখিতে জননী আপনি ধরগো কৃপাণ।" এই মহিলারই আজকের দিনে দরকার যে প্রয়োজন হলে কৃপাণ নিয়ে শত্রুর সংগে যুদ্ধ করবে।

[3-30—3-40 p.m.]

এক ভগ্নী, আভা দেবী, মিঃ স্পীকার, স্যার, আভা দেবীর সম্বন্ধে আমি এই কথাই বলি, "কাঁদে যারা খাদাহারা, আমার সন্তান তারা, এ সবারে বিলাবার আমি আজ লইলাম ভার।" মিঃ স্পীকার, স্যার, খগেনবাবু সম্বন্ধে এই কথাই বলবো, যে একটু মানুষ, সৎ মনুষ্য, এবং তাঁর অমায়িক মিষ্ট ব্যবহার, তাঁর মিষ্ট মধুর আলাপন আজ প্রত্যেককেই মুগ্ধ করেছেন। এবং মিঃ স্পীকার, স্যার, এই মানুষ আজকে দরকার। আমার মনে হয়, এদের প্রত্যেকেরই প্রয়োজন আছে। শুধু প্রয়োজন নয়, বাংলাদেশকে চালাবার মত ধীশক্তি, মিঃ স্পীকার, স্যার, বাংলাদেশে এই ঘনায়মান দুর্দিনের যুগে আজ যদি মন্ত্রী ছাঁটাই করে একে ব্যাহত করতে চাই তাহলে আমাদের পক্ষে ভুল হবে। কেবল পয়সা খরচের দিক দিয়ে দেখবেন না, আমরা দেখবো আমাদের ঘর সামলাতে হলে এ'দের সামনে দিয়ে ফোর-ফ্রন্ট-এ তাঁদের যেসমস্ত সত্যিকার প্রেরণা সেটা আমাদের মধ্যে রূপায়িত করবো। মিঃ স্পীকার, স্যার, একদিন এ'রা আবার চেয়েছিলেন বিকল্প সরকার। মিঃ স্পীকার, স্যার, যাঁরা বিকল্প সরকারের স্বপ্ন দেখেন, বাতুলের যাঁরা স্বপ্ন দেখেন তাঁরাও ও'দের সম্বন্ধে এই মনোভাব নিয়েই বিচার করবে। মিঃ স্পীকার, স্যার, আমি এই কথাই বলবো, আজকে এই বিকল্প সরকারের মুখ্যমন্ত্রী, তিনি এখন কার [illegible] আমি বহুবার বলেছি যে আপনাদের এ চেষ্টা চিরকালই স্বপ্নে পর্যবসিত থাকবে। এই স্বপ্ন বাস্তবে রূপায়ণ হবে না। আমি আজকে এই কথাই বলবো আজ ভারতবর্ষের মহা দুর্দিন, বাংলাদেশ শত দুর্দিনের মধ্যে, একদিকে পাকিস্তান হিংস্র দন্ত বার করেছে, আর একদিকে দুরন্ত, দাম্ভিক, রণদুর্দম

চীন, তার বিরুদ্ধে এই ত্যাগের মূর্তিকে নিয়ে আমরা পূজা করবো সে বাংলার মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন। আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি, মিঃ স্পীকার, স্যার, এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের বিতর্কে বিরোধী দলের বন্ধুগণ বোধহয় ঠিক করে উঠতে পারেন নি মন্ত্রীর সংখ্যা আয়তন হিসাবে হবে, না লোকসংখ্যা হিসাবে হবে অথবা সেই প্রদেশের রাজস্বের অনুযায়ী হবে বা সেই দেশের কি কি সমস্যা সেই অনুযায়ী হবে, অর্থাৎ রাজস্ব অনুসারে হবে, আয়তন হিসাবে হবে না সেই রাষ্ট্রের সমস্যার উপর নির্ভর করে মন্ত্রিসভা গঠিত হবে অবশ্য মন্ত্রিসভা গঠন করবে সংখ্যাগরিষ্ঠ দল। বিরোধীদল এই নিয়ে নিশ্চয়ই আলোচনা করতে পারেন, বিতর্ক করতে পারেন, উপদেশও দিতে পারেন সেই বিষয়ে সন্দেহ নাই, কিন্তু দায়িত্ব হচ্ছে সংখ্যাগরিষ্ঠ দলের এবং সংখ্যাগরিষ্ঠ দলের যিনি নেতা হবেন তিনি নির্ধারিত করবেন তাঁর মন্ত্রি-সভার কতজন মন্ত্রী থাকা উচিত। যদি আয়তনের দিক থেকে বিচার করা যায় তাহলে অবশ্য পশ্চিম বাংলার মন্ত্রিসভার সদস্য সংখ্যা কম করা উচিত, কেননা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, আমাদের লোকসংখ্যা খুব বেশি হলেও, আমাদের এখানে ঘনবসতি হলেও প্রতি বর্গমাইলে আমাদের পশ্চিম বাংলায় ১,০৩১ জন লোক থাকলেও পশ্চিমবঙ্গের আয়তন খুব কম, সেদিক থেকে বিচার করলে আমাদের মন্ত্রিসভা ক্ষুদ্র হওয়া উচিত সেবিষয়ে সন্দেহ নাই। আর যদি লোকসংখ্যার দিক থেকে বিচার করা যায়, ১৯৬১ সালে যে লোক গণনা হয়েছে তাতে ভারতে সবচেয়ে বেশি লোকসংখ্যা হচ্ছে উত্তরপ্রদেশে ৭ কোটির উপর। পশ্চিম বাংলার স্থান হচ্ছে তৃতীয় লোকসংখ্যার দিক থেকে। সেদিক থেকে যদি বিচার করা যায় তাহলে বোধহয় মন্ত্রিসভার সংখ্যা বেশি হওয়া উচিত। যদি রাজস্বের দিক থেকে বিচার করা যায় তাহলে, মাননীয় অধ্যক্ষ, মহাশয় আপনি দেখবেন যে, পশ্চিম বাংলার স্থান তৃতীয়। রাজস্বের দিক থেকে পশ্চিম বাংলার অবস্থা বিশেষ কিছু খারাপ নয়। উত্তরপ্রদেশ এবং মহারাষ্ট্রের পরে আমাদের পশ্চিম বাংলার স্থান তৃতীয়। আর যদি সমস্যার দিক থেকে বিচার করেন, সকলেই স্বীকার করবেন, আমাদের বিরোধী বন্ধুরাও নিশ্চয়ই স্বীকার করবেন যে, পশ্চিমবঙ্গ সমস্যাসঙ্কুল রাজ্য। কি খাদ্য,—এখানে প্রায়ই সমালোচনা করা হয় যে খাদ্য পশ্চিম বাংলার একটা মস্তবড় সমস্যা এবং এখনো পশ্চিম বাংলায় সবচেয়ে বেশি লোককে আমাদের ফেয়ার প্রাইস শপ থেকে খাদ্য বিতরণ করতে হয়। গম সম্বন্ধে এখানে অনেকে ঠাট্টা করেছেন, সেইসব সহ্য করেও চলতে হবে যে পশ্চিম বাংলায় যতরকম গম সরকার বিলি করেন বোধহয় অন্য কোন প্রদেশ ততরকম গম বিলি করেন না। আমাদের এখানে আশ্রয়প্রার্থীর যে সমস্যা বোধহয় ভারতবর্ষে সেইরকম সমস্যা আর কোন প্রদেশে নাই। আমাদের কয়েকজন মাননীয় বন্ধু পাঞ্জাব সম্বন্ধে উল্লেখ করে বলেন যে, পাঞ্জাবে যে অবস্থা আমাদের পশ্চিম বাংলায়ও সেই অবস্থা, কেননা পাঞ্জাবও দুইভাগে বিভক্ত হয়েছিল, অখণ্ড বাংলাদেশও দুইভাগে বিভক্ত হয়েছিল।

[3-40—3-50 p.m.]

পাঞ্জাবের মুখ্যমন্ত্রী সর্দার প্রতাপসিং কাইরণ, তিনি এই সঙ্কটজনক পরিস্থিতিতে তাঁর মন্ত্রিসভা কমিয়ে দিলেন, পশ্চিম বাংলা কেন কমাতে পারে না এই প্রশ্ন দুইজন সদস্য উত্থাপন করেছেন। পাঞ্জাবের রিফিউজী সমস্যা ঠিক পশ্চিম বাংলার মত নয়। কেন? এই পাঞ্জাব থেকে ঐ পাঞ্জাবে লোক চলে যান ৪০ লক্ষ, ওপার থেকে আসেন অর্থাৎ ভারতবর্ষে প্রায় সমান লোক। পাঞ্জাব থেকে প্রায় ৪০ লক্ষ মুসলমান ভাইরা চলে যান পাকিস্তান পাঞ্জাবে, আর পাকিস্তান পাঞ্জাব থেকে আমাদের পাঞ্জাবে প্রায় ৪০ লক্ষ হিন্দু এবং শিখ আসেন। তাঁরা এখানে জমি, ঘরবাড়ী ফেলে যান, ও'রাও জমি, ঘরবাড়ী ফেলে আসেন। আমাদের পাঞ্জাবে যারা চলে এলেন তারা শুধু যে পাঞ্জাবেই পুনর্বাসন গ্রহণ করেছিলেন তা নয়, দিল্লীতে গিয়েছিলেন, ভারতবর্ষের প্রত্যেক প্রদেশে তাঁরা গিয়েছিলেন, আমাদের এখানেও অনেকে এসেছেন। তারা তাদের পুনর্বাসন নিজেরাই করে নিয়েছেন। কাজেই সমস্যা ঠিক এক নয়। এটা আমাদের পশ্চিম বাংলার পক্ষে গর্বের বিষয় যে, যদিও আমাদের এখানে ৪০ লক্ষ মুসলমান ভাই যাঁরা আছেন তাঁদের চলে যেতে হয়নি। ১৯৫০ সালে যে ডিস্টার্ব্যান্স হয়েছিল তাতে অনেকে চলে গেলেন, কিন্তু সকলেই প্রায়

ফিরে এসেছেন। সুতরাং আমাদের পশ্চিমবঙ্গের সমস্যার সঙ্গে ভারতবর্ষের অন্য কোন প্রদেশের সমস্যার তুলনা হতে পারে না। আমাদের এখানে আমাদের উদ্বাস্তু ভাইবোনদের পুনর্বাসনের সমস্যা, এখানে খাদ্যের সমস্যা, এখানে জমির অপ্রতুলতার সমস্যা, আমাদের এখানে মারজিন্যাল, সাব-মারজিন্যাল জমির চাষ হচ্ছে। পৃথিবীতে যত দেশ আছে তার মধ্যে পশ্চিম বাংলা ইউটিলাইজেবল ল্যান্ড শতকরা ৮৭ ভাগ--এটা ত আমাদের সমস্যার কথা। আমাদের পশ্চিম বাংলায় যে বেকার সমস্যা আছে, এখানে বিরোধী দলের বন্ধুগণ প্রায়ই বলে থাকেন বেকার সমস্যার কথা—পূর্ব বাংলা থেকে অনেক শিক্ষিত মধ্যবিত্ত সম্প্রদায়ের লোক চলে এসেছেন আমাদের তাঁদের পুনর্বাসনের কথাও ভাবতে হবে। যদি সমস্যার দিক থেকে বিচার করা যায় তাহলে পশ্চিম বাংলার মন্ত্রিসভা নিশ্চয়ই বাড়ান উচিত। অনেক মাননীয় বন্ধু বলেছেন মন্ত্রীরা তো কাজই করেন না তাঁরা সবজান্তা লোক, আমাদের সরকারী কর্মচারীরা কিরকম কাজ করেন আমাদের চেয়ে তাঁরা বেশি জানেন। বাংলাদেশের জনসাধারণের প্রীতি আমাদের চেয়ে তাদেরই বেশি দুঃখের বিষয়, নির্বাচনে ঠিক উল্টো ফল দেখা যায়। যখন নির্বাচন হয়, সাধারণ নির্বাচনই হোক, বা উপনির্বাচনই হোক। ডিসটার্বান্স ফ্রম দি অপজিশন বেঞ্চেস। কাজেই এই মন্ত্রীমন্ডলী জনসাধারণের প্রিয় এবং আস্থাভাজন এবং জনসাধারণ এদের উপর বিশ্বাস স্থাপন করেন। একজন সদস্য বলেছেন, মশাই মন্ত্রীদের ঘরে যখন যাই, মনে হয় মন্ডল কংগ্রেস কমিটির অফিস। মন্ডল কংগ্রেস কমিটির অফিস কিনা জানি না, প্রদেশ কংগ্রেস কমিটির অফিস কিনা জানি না, এটুকু আমি জানি, এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও জানেন যে, মন্ত্রিসভার প্রত্যেক মন্ত্রী অধিকাংশের বিশ্বাসভাজন।

কাজেই মন্ত্রীদের ঘরে যদি কংগ্রেসের লোকেরা যায় তাহলে কিছু তাঁরা অপরাধ করে না, কেন না রাষ্ট্র পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব কংগ্রেসের এবং কংগ্রেসের লোকের। মাননীয় সদস্যরা সব সময় সমালোচনা করছেন তার সমালোচনা, কুট সমালোচনা, বেহিসেবী সমালোচনা যে সমালোচনার কোন মানেই হয় না। এমন সমস্ত সমালোচনা আমি কোন কড়া কথা বলতে চাই না--শুধু যে তার কোন মানেই হয় না তাঁরা এই ঘরে বসে যা তা বলে যাচ্ছেন। কাজেই তাঁদের কাজ এই, তাঁদের কোন দায়িত্ব নেই। আমি সব সময় বলে থাকি যে আমাদের ভারতবর্ষে এবং পশ্চিম বাংলা তো বটেই--আমাদের ভারতবর্ষে গণতন্ত্রকে যদি ঠিক ঠিকভাবে রূপ দিতে হয়--দুইটা দল থাকা উচিত অর্থাৎ দুইটা নেতৃত্বসম্পন্ন, দায়িত্বজ্ঞানসম্পন্ন, কার্যসূচীসম্পন্ন জনসাধারণের আস্থাভাজন নির্ভরযোগ্য দুইটি দল থাকা উচিত এবং তা যদি থাকতো তাহলে এইরকম আবোল তাবোল আমরা বলতাম না এবং আমরা কথা যখন বলতাম তখন ওজন করে বলতাম, তোল করে বলতাম, হিসাব করে বলতাম, কারণ অন্য দল তাঁরা মনে করতেন যে আমাদের হাতে ক্ষমতা আসতে পারে। আমাদের ইউনাইটেড কিংডম-এ মূলতঃ দুটি দল--কনজারভেটিভ এবং লেবার পার্টি আর একটি দেশ যেখানে গণতন্ত্র খুব ভালভাবে চলছে সেখানে দুটি দল আছে ডেমোক্রেটিক পার্টি এবং লেবার পার্টি- অর্থাৎ আমি ইউ এস এ-এর কথা বলছি। সেখানে দুটো দলই ক্ষমতা পেতে পারে, দুটো দলই দায়িত্ব নিতে পারে, দুটো দলেরই নেতৃত্ব আছে, দুটো দলেরই নির্ধারিত কার্যসূচী আছে এবং দুটো দলই দেশের লোকের আস্থাভাজন। আমাদের প্রেসিডেন্ট কেনেডি কত ভোটে নির্বাচিত হয়েছিলেন একদিকে ৪ কোটি, আর একদিকে ৪ কোটি কয়েক লাখ। কাজেই ওপক্ষের যাঁরা আছেন তাঁরা সবকিছু বলতে পারেন, যা তা বলতে পারেন সে বিষয়ে সন্দেহ নেই। আমি অনেক সময় ভাবি যে আমাদের বাংলাদেশে যদি দুটো নির্ভরযোগ্য দল হোত--কংগ্রেস থাকবে কংগ্রেসকে কেউ মারতে পারে না, কিন্তু ওদিকে যদি আর একটি নির্ভরযোগ্য, দায়িত্বজ্ঞানসম্পন্ন নেতৃত্বসম্পন্ন নির্দিষ্ট কার্যসূচীসম্পন্ন দল থাকতো তাহলে এই আবোল তাবোল যা তা সমালোচনা হোত না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মুখমন্ত্রী দুবারই একই কথা বলেছেন "যা তা", "যা তা"র ইংরেজী হয় ফ্রিভলাস এবং এটা আনপার্লামেন্টারি ওয়ার্ড কি না? এই ফ্রিভলাস্ সম্বন্ধে এর আগের পার্লামেন্ট এ রুলিং ছিল ...।

মিঃ স্পীকার: নট আনপার্লামেন্টারি।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এই যে যা তা শুনছি এটা আমাদের শুনতে হোত না [এ ভয়েসঃ যেমন আপনি যা তা বলছেন।] দুদিকেই বলছেন। আমি সবগুলো সংগ্রহ করতে পারিনি, তবু যা পেরেছি তাই বলছি। আমি তুলনা করে দেখলাম লোকসংখ্যা কত, এবং আজ্ঞাবলের কথা বলব না, সেই অনুসারে মন্ত্রীর সংখ্যা কত। ইউ কে ৫২ কোটি লোকের বাস- ওদেশে অবশ্য মন্ত্রী বলে না, প্রাইম মিনিস্টার-এর পর সেক্রেটারী এবং এইভাবে মন্ত্রী ইত্যাদি নিয়ে পার্লামেন্টারী সেক্রেটারী পর্যন্ত ৫২ কোটি লোকের দেশে ৮৬ জন। ক্যানাডাতে প্রায় ২ কোটি লোকের বাস মাত্র ২২ জন, অষ্ট্রেলিয়াতে ১ কোটি লোকের বাস মাত্র ২১ জন এবং নিউজিল্যান্ডে মাত্র ২৬ লক্ষ লোকের বাস মাত্র ১৬ জন মন্ত্রী আছেন। আর চীন দেশের-- আমাদের বন্ধুদের চীনের কথা শুনলে আনন্দ হয়- হিসাব খুঁজে পেলাম না ৪০০ না কত। আমাদের নবদ্বীপের একজন বন্ধু, কোথায় গেলেন দেখতে পাচ্ছি না, তিনি যে ভঙ্গীমায় বক্তৃতা করলেন তা বেশ ভালই লাগে শুনতে এবং আমরা সব বেশ আমোদ পাই। আমি খুব মন দিয়ে তাঁর বক্তৃতা শুনি -খুব আমোদে কিনা।

[3-50--4 p.m.]

বন্ধুবর খুব প্রশংসা করে বললেন দুটা জায়গার কথা, কেরলের প্রশংসা তিনি করবেনই কেন না কেরালের মন্ত্রিসভা কিছুদিনের জন্য কমিউনিস্ট মন্ত্রিসভা ছিল। শুনে আনন্দ হল এবং গর্ববোধ করলাম যে তিনি আমাদের এক কংগ্রেস রাজত্বেরও প্রশংসা করেছেন আমাদের পাঞ্জাবের কথা, পাঞ্জাবের লোকসংখ্যা কম সেকথা আমাদের নবদ্বীপের বন্ধু জানেন এবং একটু আগেই বলেছি পাঞ্জাবের সমস্যাও কম। তিনি জানেন না বলে বলেছেন তিনি অজ্ঞতাবশতঃ বলেছেন তিনি বলেছেন পাঞ্জাবের সমস্যা আর পশ্চিম বাংলার সমস্যা এক। আর আমাদের বন্ধু প্রতাপসিং কায়রন বলেছেন যখন তাঁদের দেশে কোন সংকট ছিল না স্টেট অফ এমারজেন্সি ছিল না তখন কত ৩৩, ৩৪, ৩৫ না ৩৬ নিয়ে মন্ত্রিসভা গঠন করলেন, যেই এমারজেন্সি হল, মন্ত্রিসভা কমিয়ে দিলেন। খুব ভাল, কিছু অন্যায় করেন নি, প্রশংসার যোগ্য। তা আমরা মনে করি সংকটজনক অবস্থায় মন্ত্রিসভা কমান উচিত নয়। এ ভয়েসঃ বাড়ান না তাহলে। হ্যাঁ নিশ্চয়ই প্রয়োজনবোধ করলে বাড়াতে কুণ্ঠিত হব না। আমাদের একজন বন্ধু বললেন খরচ একেবারে ভীষণ কমে যাবে যে সব বন্ধু খরচ কমাতে চান আইন সভার বেতন না নিলে তো পারেন? আমাদের পশ্চিম বাংলার অর্থমন্ত্রী মহাশয় বলেছেন এবার পশ্চিম বাংলায় আমাদের রাজস্ব সব মিলে রেভিনিউ আদায় করবেন ১১৭ কোটি টাকা। যে নূতন ট্যাক্সেসন হয়েছে তা ধরি নাই। তাহলে ১২০, ১২১ বা ১২২ হবে আর রেভিনিউ এক্সপেন্ডিচার বায় করা হবে ১০৯ কোটি টাকা। আর মন্ত্রীদের বেতন এবং ট্রাভেলিং, জল এবং ইলেকট্রিসিটি, পাথেয় এবং ইত্যাদি ইত্যাদি ইত্যাদি ধরে পাথেয় এবং ঠান্ডাঘর, মোটর এবং ড্রাইভার এবং তেল ইত্যাদি সমস্ত ধরে খরচ হচ্ছে ৭ লক্ষ ৯৫ হাজার টাকা। এই ১০৯ কোটি টাকা রাজস্ব বায় আর ১১৭ কোটি টাকা রাজস্ব, তাহলে সব মিলে কত হয়? হয় .০৭ পারসেন্ট আর আমাদের মন্ত্রিসভার সদস্যরা তাদের আবার এ কমে যাবে, তাঁরা ৫৭ হাজার টাকা ছেড়ে দেবেন ২০ পারসেন্ট কাট করে, ৫৭ হাজার টাকা ছেড়ে দিচ্ছেন তাহলে ৭ লক্ষ ৯৫ হাজার থেকে কমে যাবে ৫৭ হাজার টাকা। আমাদের এ ধারে কয়েকজন আছেন তাঁরা বেতনের একটা অংশ ছেড়ে দিয়েছেন--একজন কি দু'জন আছে কালকে আমার বন্ধু শ্রীযুক্ত জগদীশ সিংহ মহাশয় দুই শত টাকার একটা চেক দিয়েছে এমারজেন্সী হওয়ার সংগে সংগে প্রত্যেক মাসে তাঁর সম্পূর্ণ বেতন যা পান দিয়ে দেন। আমাদের অশোক দত্ত সেক্রেটারী, কংগ্রেস লেজিসলেচার পার্টি তিনিও দিয়ে দেন। তা আজকে তাঁরা দিয়ে দিতে পারেন, খগেন নস্কর মহাশয় দেন, আরো অনেকে দেন, সকলের নাম আমার মনে নেই কেউ অর্ধেক দেন, কেউ ৫০ দেন, শ্রীসিদ্ধার্থশংকর রায় মহাশয়--তিনি আমাদের দলের ছিলেন, তিনিও দেন। যেসমস্ত সদস্য ওদিকে আছেন তাঁরা যদি অনুগ্রহ করে এটা দেখান ভাল হয়, তাঁকে যদি আপনারা ফলো করেন তাহলে ভাল হয়। আজকে এখানে বক্তব্যের বিষয় হল এই। আমাদের সংখ্যাগরিষ্ঠতা দেখে আপনাদের দুঃখ হয় তাহলে আমরা নাচার, তাতে আপনাদের মনে বাধা লাগে তাতে আমরা নাচার, তা আমি অনুরোধ করবো আপনাদের যে আপনারা সব মিলে একটা দল হোন না। আপনারা দেশকে এত ভালবাসেন আপনারা এটা করুন। একদিকে কংগ্রেস থাক আর একদিকে একটা দল থাক, আপনারা দেশের দায়িত্ব নিন আমরা শিখবো

এবং তার পরে আপনারা নিন না দেশের দায়িত্ব—আমরা শিখবো—আমরা এখন করবো কি? এডাল্ট ফ্রানচাইসের মাধ্যমে দেশবাসী আমাদের একবার দুবার নয় তিন বার আমাদের সংখ্যাগরিষ্ঠ করে পাঠিয়ে দিয়েছে। আমরা দেশের দায়িত্ব নিতে বাধ্য আমাদের বিবেচনা অনুসারে আমাদের বুদ্ধি অনুসারে আমাদের কর্তব্যপরায়ণতা অনুসারে আমাদের ক্ষমতা অনুসারে আমরা দেশকে শাসন করছি। দোষ থাকতে পারে, ত্রুটি থাকতে পারে দেশবাসী আমাদের যদি দোষও থাকে ত্রুটিও থাকে আপনাদের এত দোষ এত ত্রুটি এত গলদ যে আপনাদের দেশবাসীরা বিশ্বাস করে না বরং আমাদেরও বিশ্বাস করে। কাজে কাজেই যতদিন আমাদের উপর দেশবাসীর আস্থা থাকবে এবং এই সংখ্যাগরিষ্ঠতা আমরা যতদিন আমরা পাবো ততদিন মন্ত্রীমন্ডলী গঠন করবো। যদি আমরা মনে করি ৩৫ জন মন্ত্রীর দরকার তাহলে নিশ্চয়ই আমরা তা করবো, যদি মনে করি ২৫ জন দরকার তাহলে তা আমরা নিশ্চয়ই তা করবো এবং এটা আমরা করবো আপনারা সমালোচনা করতে পারেন এবং এই সমালোচনা আজকে যে নূতন করছেন তা নয় এই সমালোচনা ও'রা আগেও করেছেন—যখন দেশে এমারজেন্সি ছিল না তখনও তাঁরা এই সমালোচনা এখন একটা সুযোগ তাঁরা পেয়েছেন। যখন আমাদের স্বর্গীয় ডাক্তার বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী ছিলেন তখনও তাঁরা এই সমালোচনা করেছেন তখন তো সন্তোষজনক অবস্থা ছিল। সমালোচনা যখন সঙ্কট থাকবে না তখনও এ'রা করবেন এ'দের আর কোন কাজ নেই সমালোচনা করা ছাড়া। সমালোচনা করা দরকার—এটা নিশ্চয়ই। আমি আবার শুধু এইটুকু বলে শেষ করতে চাই যে এই প্রস্তাব এই রেজলিউশনকে সম্পূর্ণ বিরোধিতা করতে চাই যে যতক্ষণ পর্যন্ত দেশবাসীর আমাদের উপরে আস্থা থাকবে, বিশ্বাস থাকবে এবং আমাদের দায়িত্ব গ্রহণ করতে হবে যে দায়িত্ব থেকে আমরা পালিয়ে যাবো না ততদিন পর্যন্ত আমাদের বিচার আমাদের বুদ্ধি আমাদের কর্তব্যের উপর আমরাই নির্ভর করবো এবং মন্ত্রিসভার কত সংখ্যা হবে তা আমরাই সেটা নির্ধারণ করবো।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, I have heard the various speeches made by the honourable members on this side as well as honourable members on the other side. I have also heard the speech of the Hon'ble the Chief Minister.

Sir, actually a resolution regarding reduction in the size of the Ministry should have come from the Congress side and not from our side. The Hon'ble the Chief Minister has referred to various things such as the population of various States, the size of this State, the expenditure incurred and the revenue earned by the States and also the efficiency in running this State. But is there any efficiency in running this State? He has nothing to say about the practical knowledge and practical things! The whole Ministry is run not by the honourable gentlemen sitting on the other side in the Treasury Benches, but by the departments concerned, i.e., by the Writers' Buildings, and they are there to give rubber stamps to it.

Now, Sir, if you go through the resolution properly—in normal times certainly I would have been the last person to bring such a resolution—you will find that the present time is abnormal it was the duty of the Government or the Chief Minister to immediately curtail the size of his Ministry for the simple reason that money should be saved for defence.

You have also heard that the Chief Minister has said several times on the floor of the House—that the Chinese may invade India again in this month of April. At the same time for the defence of the country they want us to be tighten up our belts by levying taxation after taxation. The burden is put on the shoulders of the poor whereas the actual burden should have been put on the rich and the Ministry instead of taking the advantage of the psychological moment in boosting up the morale of this people. They have failed to do so.

[4—4-10 p.m.]

So, it is the duty to reduce the Ministry forthwith because of the present condition of the country and they should set an example of sacrifice. They are enjoying to the fullest extent. Their only work, as I personally see as a practical man in the fields, is cutting tapes and attending meetings and giving speeches. This is not the duty of the Ministers at the present time, they should be at the desks and it is the duty of the other honourable members of this House to go in the fields and make speeches. Well, they are cutting tape, that's all—tape-cutting Ministry as I see from the practical angle. Sir, regarding the Ministry, it is not that members only from this side are wanting curtailment but I have seen in the newspapers, and you see find that the B.P.N.T.U.C. President Shri Kalipada Mukherjee also said to reduce the Ministry immediately. Similarly, from various quarters there is the very same cry that the Ministry should be curtailed. Honourable members on your right too in their heart of hearts think that the Ministry should be curtailed but due to their Whip they are undone.

The Chief Minister has just now said that they are in the majority and it is they who can dictate terms in forming the Ministry—any number they can take. Well, there are Cabinet Ministers, State Ministers and Deputy Ministers and now let us have Sub-Deputy Ministers. They are in majority, they can do any thing, it is nothing else but autocracy. Because they are in the majority which the Chief Minister every time utters. You can set fire to this House, the Opposition cannot say a word! Is that the method of parliamentary democracy that they are preaching? They want parliamentary democracy but all the time they say that they are in majority here. They have come here by spending huge money and not by doing honest work but still they say that they are in majority. Yes, you are in majority, you go as you like but why utter the words off and on? I am a blunt man and I use blunt words as to what I see. I am a labour and I express myself as a labour and not like those politicians—arm-chair politicians. So, regarding this repeated use of the words that "We are in the majority" I will remind that you have come here only with 35 per cent. of the votes; you may be majority in this House but not majority outside. You should remember this very clearly. So I ask everyone in this House most honestly and sincerely to support this resolution. Anyone who fails to support it is a Deshodrohi. I accept the amendment moved by Shri Sambhu Charan Ghosh. I again most humbly request my friends on the other side to support this resolution. Whatever they may say, this is the time for them to show that they are doing their duties to the people and not to go on with being dictated by the whip. With these words, Sir, I request my friends to accept my resolution.

The motion of Shri Sambhu Charan Ghosh that in lines 1-5, for the words beginning with "in view of" and ending with "substantially curtailed" the following be substituted, namely:—

> "Whereas during the period of national emergency curtailment in all sorts of expenditure is essential and the size of the present ministry of West Bengal is unnecessary and unwelcome, the House is of opinion that the size of the ministry be substantially curtailed."

was then put and lost.

[4-10—4-20 p.m.]

The motion of Shri A. H. Besterwitch that in view of the national emergency and in view of practising economy everywhere and inspiring all to work hard and also in view of the fact of curtailment of social welfare

activities of the Government, this Assembly is of opinion *that the present size of the Ministry of West Bengal should be substantially curtailed*, **was then** put and lost.

Mr. Speaker: We will now take up resolution No. 1 in today's list which stands in the name of Shri Kamal Kanti Guha.

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that whereas the Gold Control Rules have caused unemployment to thousands of goldsmiths in the State, this House is of opinion that the Central Government be moved to amend the Rules properly so as to relieve the distress of the goldsmiths.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য আপনার সামনে রাখছি। একথা অত্যন্ত পরিষ্কার যে যখন কোন দেশ যুদ্ধে লিপ্ত হয় তখন দেশে সোনার প্রয়োজন অত্যন্ত বেশী হয়। কারণ বিদেশী অস্ত্রশস্ত্র আমদানী করার জন্য বিদেশী মুদ্রার প্রয়োজন হয় যার জন্য সাধারণ মানুষ যখন যুদ্ধে সাহায্য করে তখন তারা সোনা দিয়ে সরকারকে সাহায্য করে। আমাদের দেশেও আমরা দেখেছি সরকার পক্ষ থেকে যখন সাধারণ মানুষের কাছে আবেদন করা হয়েছে, অস্ত্রশস্ত্র আনবার জন্য সোনা দেবার জন্য আহ্বান জানানো হয়েছিল তখন আমরা দেখেছি যে গ্রামের কুলবধূরা তাদের হাত থেকে সোনা দিয়ে এই যুদ্ধ প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য সাহায্য করেছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম আজকে আমাদের সামনে মুখ্যমন্ত্রী অসত্য বলে গেলেন দম্ভ করে গেলেন সংখ্যাগরিষ্ঠতার জোরে আমরা এখানে মন্ত্রিসভা গঠন করেছি। তার কাছে বিনীতভাবে একটা প্রশ্ন করছি এই যে সংখ্যাগরিষ্ঠতার জোরে মন্ত্রিসভা গঠন করেছেন সেই মন্ত্রিসভার গদীতে আসীন থাকতে জলপাইগুড়ির পরেশ রায়, কলকাতার সুনীল কর্মকার আত্মহত্যা করল নাইট্রিক এসিড খেয়ে আপনাদের স্বর্ণ আইনের ফলে এতে সেই মন্ত্রিসভার গৌরব বৃদ্ধি হয়েছে কি? সংখ্যাগরিষ্ঠতার জোরে মন্ত্রিসভা গঠন করেছেন, কিন্তু গণতন্ত্রের যে বেসিক এসেন্স তাতে বলা হয় আগে এমন একটা নীতি গ্রহণ কর যার মধ্য দিয়ে দেশের সকল শ্রেণীর মানুষের কল্যাণ আসতে পারে। যদি সত্যি করে মুখ্যমন্ত্রীর সরকার, গণতন্ত্রী সরকার হিসাবে নিজেদের ঘোষণা করতেন তাহলে দেখতাম পরেশ রায়, সুনীল কর্মকার যেদিন আত্মহত্যা করলেন সেদিন তারা পদত্যাগ করতেন। সেই সৎ সাহস এদের নেই। স্বর্ণ নিয়ন্ত্রণের নাম করে যুদ্ধের সময় দেশে জরুরী অবস্থা এই অজুহাতে এমন একটা আইন প্রণয়ন করলেন যার ফলে অন্তত আমাদের রাজ্যের কথা বলতে পারি—এখানকার একটা বহু পুরাতন শিল্পকে এরা ধ্বংসের পথে নিয়ে এসেছেন। বাংলাদেশের গর্বের মত শিল্প দুটো ছিল-- একটা স্বর্ণশিল্প ছিল--অন্যটি ছিল ঢাকার মসলিন যাকে ধ্বংস করার জন্য ইংরাজ বণিক সেই শিল্পীদের হাতের আঙুল পর্যন্ত কেটে দিয়েছেন এবং এইভাবে বৃটিশ গুডস এদেশে প্রচলন করেছিল। আজকে মোরারজী দেশাই এমন আইন প্রণয়ন করলেন যাতে এই সুন্দর শিল্পটি বাংলাদেশে ধ্বংস হয়ে যায়। বাংলাদেশের বেকার সংখ্যা যেখানে ১০ লক্ষ রয়েছে সেখানে নোতুন করে আবার লক্ষ লক্ষ স্বর্ণশিল্পীকে বেকারত্বের পথে ঠেলে দেওয়া হল এ ভাবতেও আশ্চর্য লাগে। বাংলাদেশের অর্থনীতির উপরে একটা নোতুনভাবে আঘাত হানা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে জোর করে কি বলতে পারলেন না যে সমস্যাজর্জরিত বাংলার বুকে নোতুন সমস্যা সৃষ্টি করে আজ যে অর্থনৈতিক চাপ সৃষ্টি করছেন এটা করা উচিত নয়।

[4-20—4-30 p.m.]

আমি আশা করেছিলাম যে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের কাছে প্রতিবাদ করবেন যে মানুষের বুকে নতুন সমস্যা সৃষ্টি করবার মধ্যে দিয়ে বা নতুন চাপ সৃষ্টি নতুন চাপ সৃষ্টি করার কোন অধিকার কেন্দ্রীয় সরকারের নেই। এই প্রতিবাদ আমরা আশা করেছিলাম, কিন্তু দেখলাম যে মোরারজী দেশাই দিল্লীর মসনদ থেকে যে নির্দেশ দিলেন সে নির্দেশের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার একটি কথাও উচ্চারণ করলেন না। সবচেয়ে আশ্চর্য হয়ে গেলাম দিল্লীর লোকসভায় দাঁড়িয়ে মোরারজী দেশাই ঘোষণা করলেন যে সোনা হচ্ছে ইট ইজ এ ট্র্যাপ ফর ওম্যান—মেয়েদের বশীকরণের অস্ত্র

হচ্ছে সোনা। আমি বাংলাদেশের কথা বলতে পারি যে বাংলাদেশের মেয়েদের বশীকরণের অস্ত্র সোনা নয়, বাংলাদেশের মধ্যবিত্ত পরিবারের কাজে এই সোনা একটা ডোমেস্টিক সিকিউরিটি। মধ্যবিত্ত মানুষ তার ঘরেতে সোনা রাখে বিপদের সময় সেই সোনাকে তারা বন্ধক দেয়, বিপদের সময় সেই সোনাকে তারা বিক্রি করে তার সংসারকে সে পালন করে এবং আমরা জানি যখন ফসল উঠে কৃষকের হাতে যখন টাকা আসে তখন তার সেই কিছু উদ্বৃত্ত টাকাকে সে সোনাতে রূপান্তরিত করে রাখে, যাতে করে অন্তত বিপদের দিনে সেই সোনাকে ভাঙ্গিয়ে সে তার বিপদ থেকে উদ্ধার পেতে পারে। কাজে কাজেই বাংলাদেশের মানুষের কাছে মধ্যবিত্ত মানুষের কাছে সোনা একটা বিলাসের বস্তু নয় ইট ইজ নট এ ট্র্যাপ ফর ওম্যান। আমি মনে করি মোরারজী দেশাই এই কথা বলে শুধুমাত্র নারী জাতির প্রতি নয় আমাদের সাধারণ মানুষের সম্পর্কে একটা কঠিন এবং কঠোর মন্তব্য তিনি করেছেন। এই স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি যখন প্রণয়ন হয় তখন দেশবাসীর সামনে কতকগুলি উদ্দেশ্য ঘোষণা করা হয়েছিল। তখন সাধারণভাবে দেশের কাছে বলা হয়েছিল যে সোনা বাইরে থেকে চোরাকারবারী হয়ে আসে সেটাকে আমরা বন্ধ করতে চাই। দেশে যে মজুত সোনা আছে তাকে উদ্ধার করতে চাই, এবং আমরা সোনাকে সংগ্রহ করে শুধু যুদ্ধ নয় পরিকল্পনার কাজকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারব। এই সমস্ত কথাগুলি আমাদের সামনে রাখা হয়েছিল। আজকে যদি আমরা সমস্ত পরিস্থিতিটা বিশ্লেষণ করে দেখি তাহলে দেখব যে উদ্দেশ্য তারা ঘোষণা করেছিলেন তা আজকে ব্যর্থ হয়ে গিয়েছে। মজুত সোনা রিজার্ভ ব্যাঙ্কের হিসাব মত ৪ হাজার কোটি টাকার মজুত সোনা আছে—অবশ্য আজকের সংবাদপত্রে দেখলাম যে সরকার বলেছেন সেটা নির্ভরযোগ্য তথ্য নয়। লন্ডন ইকনমিস্ট পত্রিকা আমেরিকার টাইম পত্রিকা তারা বলেছেন ভারতবর্ষের হোর্ডেড গোল্ড-এর পরিমাণ হচ্ছে ৫ থেকে ৬ হাজার কোটি টাকা। কিন্তু এই যে লুকানো সোনা দেশের মধ্যে আছে এবং দেশ যখন একটা সংকটময় মুহূর্তের উপর দাঁড়িয়ে আছে এবং সোনার প্রয়োজন অত্যন্ত বেশী তখন এই হোর্ডেড গোল্ডকে কেড়ে নেবার জন্য মজুত সোনাকে উদ্ধার করবার জন্য সরকার আজ পর্যন্ত কোন সক্রিয় ব্যবস্থা অবলম্বন করেনি। আজকে কাগজে দেখলাম আজ পর্যন্ত গোল্ড বন্ডের যা বিক্রি হয়েছে তার পরিমাণ হচ্ছে ৮ কোটি টাকা। যে পরিমাণ সোনা আজকে সরকারের হাতে এসেছে যে মজুত সোনা আমাদের দেশের অভ্যন্তরে লুকান আছে এবং মজুত সোনা পুরানো রাজন্যবর্গের বাড়ীতে রয়েছে তা উদ্ধারের জন্য কোন পরিকল্পনা আজ পর্যন্ত সরকার করেনি। দলাই লামা যখন তিব্বত থেকে ভারতবর্ষের অভ্যন্তরে আসলেন তখন তিনি বহু লক্ষ মণ সোনা নিয়ে এসেছিলেন আজকে ভারতবর্ষের প্রতিরক্ষার প্রয়োজনে আমরা সেই সোনাকে বাজেয়াপ্ত করতে পারি। কিন্তু সরকারের সেদিকে ভ্রূক্ষেপ নাই। সরকার মজুত সোনা উদ্ধারের জন্য আজ পর্যন্ত কোন ভাল পরিকল্পনা করেন নি। তারা দলাই লামার সোনাতে হাত দেবেন না, রাজন্যবর্গের লুকানো সোনা তাতে সরকার হাত দেবেন না। আর এমন একটা বিধি প্রণয়ন করলেন যার মধ্যে দিয়ে লক্ষ লক্ষ স্বর্ণশিল্পীরা বেকার করা হল। এমন একটা নিয়ম প্রতিষ্ঠা করলেন যার মধ্যে দিয়ে আজ লক্ষ লক্ষ লোকের রুজিরোজগার আজ বিপন্ন হতে চলেছে। কাজেই আমরা সাধারণভাবে পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি এবং আবেদন করছি যে আজকে এই প্রস্তাবকে তারা সমর্থন করুন এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রতিবাদ জানান যে নীতির মধ্যে দিয়ে বাংলাদেশের কোন সুবিধা হবে না এবং এই নীতির মধ্যে দিয়ে বাংলাদেশের স্বর্ণশিল্পীদের ধ্বংস করা হবে এবং মধ্যবিত্ত মানুষের অর্থনৈতিক কাঠামোর উপর আঘাত হানা হবে সেই নীতি তারা যেন এক্ষুনি প্রত্যাহার করেন। গোল্ড রুল থেকে ঘোষণা করা হয়েছে যে ২২ ক্যারেটের সোনার গহনা আর তৈরি করতে পারা যাবে না। এখন থেকে ১৪ ক্যারেটের সোনার গহনা তৈরি করতে হবে। এবং তা মেয়েদের পরবার জন্য অনুরোধ জানিয়েছেন। তারা এই বিষয়ে তাদের পরিষ্কার বক্তব্য জানিয়েছেন। ১৪ ক্যারেটের সোনার মধ্যে দিয়ে আজকে আমাদের দেশের সাধারণ মানুষের কোন উপকার হবে না। প্রশ্ন হচ্ছে সরকার কি এই দায়িত্ব গ্রহণ করতে পারেন যে ১৪ ক্যারেট সোনার গহনার জন্য সমস্ত শিল্পীদের ১৪ ক্যারেট সোনা দিতে পারবেন? কিন্তু সরকার পরিষ্কারভাবে জানিয়েছেন যে তারা এই ১৪ ক্যারেট সোনা স্বর্ণশিল্পীদের সরবরাহ করতে পারবেন না। তার জন্য আজকে অত্যন্ত প্রয়োজনীয় প্রশ্ন উঠেছে যে ১৪ ক্যারেট সোনার গহনা তৈরি করতে বলার পরও ১৪ ক্যারেটের সোনার মূল্য আজকে সরকার বেঁধে দেবার

প্রয়োজন মনে করেন নি। ২২ ক্যারেটের সোনার গহনা যখন দেশে তৈরি হত তখন সেই সোনার দাম আমরা দেখেছি ১২৮ টাকা থেকে ১৩২ টাকা ভ্যারি করত। এবং ২২ ক্যারেটের সোনার মধ্যে দেখেছি ৯১২ পাই পাকা সোনা ছিল এবং তার দাম ছিল ১২৮ টাকা ১৩২ টাকা ভ্যারি করত। এই ১৪ ক্যারেটের সোনার গহনা যখন করা হচ্ছে তখন তার মধ্যে আমরা দেখছি ৭৬ পাই পাকা সোনা আছে। অর্থাৎ প্রায় ১০ ভাগ বিশুদ্ধতা তার কমে গিয়েছে। দামের দিকে লক্ষ্য করি তাহলে দেখব মাদ্রাজের একজন বড় স্বর্ণ ব্যবসায়ী তিনি পরিষ্কারভাবে বলেছেন যে ১৪ ক্যারেট সোনা ভরি পিছু ৯২ টাকা তারা বিক্রি করছেন। যদি ২২ ক্যারেটের সোনার মানের তুলনা করি ১৪ ক্যারেটের সোনার তাহলে ২২ ক্যারেটের সোনার দাম পড়ে ভরি পিছু ১৪৪ টাকা। অথচ বিশুদ্ধতার দিক থেকে আমরা দেখছি তার ৩৬ ভাগ বিশুদ্ধতা কমেছে। এবং দামের দিক থেকে দেখছি দামও বেড়ে গিয়েছে। এই অবস্থার কোন প্রতিকার সরকার করেন নি। এবং এ সম্বন্ধে কোন পরিষ্কার স্টেটমেন্ট এখন পর্যন্ত দেননি। স্বর্ণশিল্পীদের সামনে আজকে প্রশ্ন যে সরকার এমন একটা সমস্যা সৃষ্টি করলেন তার কোন সমাধান এর জন্য কোন পরিকল্পনা সরকার রাখেন নি। স্বর্ণশিল্পীদের উপদেশ দেওয়া হয়েছে যে তোমরা বিভিন্ন কারিগরী শিল্পের মধ্যে যাও—যেমন মোটর ড্রাইভিং ও অন্যান্য জিনিস শেখ। এর উত্তরে স্বর্ণশিল্পীরা পরিষ্কার এই কথা জানিয়ে দিয়েছে যে পুরুষানুক্রমে তারা যে ব্যবসা চালিয়ে এসেছে তা আজকে হঠাৎ ছেড়ে মোটর ড্রাইভিং করতে পারবে বা অন্য কোন ব্যবসায় নিযুক্ত হয়ে যাবে তা তাদের পক্ষে সম্ভব নয়। আমাদের এই রাজ্যের স্বর্ণশিল্পীরা অধিকাংশ লেখাপড়া শেখেনি তারা তাদের পুরুষানুক্রমে এই ব্যবসা তারা চালিয়ে এসেছে হঠাৎ তারা এই আঘাতের জন্য প্রস্তুত ছিল না এবং অন্যান্য রাজ্যের স্বর্ণশিল্পীদের মতন তাদের পুঁজিও নাই যে পুঁজি দিয়ে তারা অন্য কোন ব্যবসা করতে পারবে সুতরাং আজকে এই লক্ষ লক্ষ স্বর্ণশিল্পীদের বাচানোর দায়িত্ব শুধু তাদের নয় সমস্ত বাংলাদেশের জনসাধারণের। সুতরাং মোরারজী দেশাই-এর একটি ফুৎকারে তাদের জীবন শেষ হতে আমরা কিছুতেই দেব না।

[4-30—4-40 p.m.]

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in line 4, after the word "properly" the following be inserted, namely:—

"(a) banning all forward trading or futures in gold and silver for all times;

(b) selling gold through the state agency to the small man up to the limit;

(c) putting a celling on pure gold ornament holding per family, not per head, up to Rs. 5,000 in value or similar nature in quantity. Fictitious holding should be punished;

(d) requisitioning all pure bar gold from all holders above the ceiling on ornamental gold as above and reasonable price be given for the same;

(e) making ornamental gold free from 14 carat rule", and

after the word "goldsmiths" in the last line the words "and serve the national economy" be added.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বর্ণবিধি সম্পর্কে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের সমর্থনে আমার যে সংশোধনী ছিল সেই সংশোধনীর করণার্থে কয়েকটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। সংশোধনীতে আমার ছিল স্বর্ণবিধি যদি জনসাধারণের স্বার্থে নিয়োজিত করতে হয় এবং সরকার প্রথম যে উদ্যোগ নিয়েছেন তাতে ভারতবর্ষে বহুকাল পরে নূতন মতবাদ, নূতন মস্তিষ্ক, নূতন সামাজিক ব্যবস্থা, চিন্তাধারা স্বর্ণ সম্বন্ধে নেবার জনাই তাকে যদি সম্পূর্ণ কার্যকরী করতে হয় তাহলে তার জন্য যে মেজার নেওয়া দরকার এবং সরকার স্বর্ণ-বিধির জন্য যে উদ্দেশ্য প্রকাশ করেছেন তার সঙ্গে ইন এ সেন্স আমরা একমত হলেও আমরা তার মেজার সম্পর্কে বিরোধিতা করি। এর জন্য এই প্রস্তাব আজকে বাংলাদেশের হাউসে এসেছে এবং আশা করি এই প্রস্তাব তাঁরা সংশোধনী সহ সকলেই সমর্থন করবেন। এই

প্রস্তাবকে আপনাদের সামনে ভোটে দেবার আগে আমি আমার সংশোধনী সম্পর্কে কয়েকট কথা বলতে চাই। স্বর্ণবিধি কার্যকরী করলে পর প্রথমে করা দরকার যারা ব্ল্যাক মার্কেট করে যারা ব্ল্যাক আর্নার, যারা ব্ল্যাক গোল্ড করে, ব্ল্যাক মনিকে গোল্ড-এ পরিণত করে পাপের রাজ্যে সোনার মারফত পাপের টাকা পবিত্র করে তোলে তাদের বিরুদ্ধে আগে অভিযান আনা উচিৎ এবং তার জন্য দরকার

Banning all forward trading or futures in gold and silver for all times. এবং Selling gold through the State agency to the small man up to the limit.

স্টেট এজেন্সি মারফত যদি গোল্ড বিক্রি করা সম্ভব না হয় এই ব্যবসায়ে কারুর ক্ষমতা নেই ঐসব ব্ল্যাক মনি যারা করে রেখেছে তাদের গায়ে হাত দেয়, সরকারই তাদের দ্বারা পরিচালিত হবে, সরকারের ভেতরে দুর্নীতির মাধ্যমে যে টাকা এগিয়ে আসে সে টাকা সোনাকে আশ্রয় করে বেঁচে আছে, বেঁচে থাকবে। তৃতীয়তঃ হচ্ছে প্রত্যেক পরিবারের মাথাপিছু না করে, পরিবার পিছু এমন একটা ব্যবস্থা করা উচিত যে, ৫ হাজার টাকার পর্যন্ত সোনার গহনা রাখতে পারবে। এরকম একটা সীমা নির্দিষ্ট করলে হিসাব করে দেখা গেছে যে সারা ভারতবর্ষে এক হাজার কোটি টাকার মত সোনা রাখতে পারে। কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক-এর নিয়ম অনুযায়ী আমরা দেখছি ভারতবর্ষে ১৩ থেকে ১৪ কোটি টাকার সোনা মজুত আছে। সরকারী আইনে নির্দেশ দেবার ফলে ঘোষিত হয়েছে কতটুকুন? না মাত্র সাড়ে ২২ কোটি টাকার সোনা। এক মাস আগে ১০ই জানুয়ারী স্বর্ণবিধি প্রয়োগ করা হ'ল এবং এক মাস টাইম দিয়ে যারা চোরা-কারবারী ব্ল্যাক মার্কেটার্স তাদের বলা হল 'সাধু সাবধান হয়ে যাও'। চোর সাবধান হল এবং ইতিমধ্যেই তারা ব্ল্যাক মনিকে গোল্ড-এ রূপান্তরিত করলো। সরকার যে ঘোষণা করলেন তাতে গোল্ড করার পর যার যা ছিল তা ঘোষণা করলো কি না করলো সরকার তাদের বলছেন যে, ২২।২২॥ কোটি টাকা তাঁরা পেয়েছেন, কিন্তু তাঁরা চুরি চামারি করলো কিনা, সে সোনা কে বার করবে? সরকার তো ঘোষণা করেই শেষ। কিন্তু সে ঘোষণা অনুযায়ী, সরকার যে সেই সোনাকে বের করে নিয়ে আসবেন না কি করবেন তার কোন ব্যবস্থাই এ দেশে নেই—এখনও হয়নি, যারা ব্ল্যাক মনি করে গোল্ডে রূপান্তরিত করে রেখেছে তাদের সেই গোল্ড সিজ করবার কোন ব্যবস্থা হয় নি। তৃতীয়তঃ এই রিকুইজিশনিং পিওর গোল্ড সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে পিওর গোল্ড বার করে নিয়ে আসা এবং যারা স্মল ম্যান যারা সাধারণ গহনা তৈরি করে নিজের জীবনে সেভিংস করতে চায় তাদের কোন উপায় নেই। আমাদের দেশের সাধারণ লোক পোস্ট অফিস, ব্যাঙ্ক-এ গিয়ে টাকা ঝামেলার জন্য অনেক সময় রাখতে চায় না সে ক্ষেত্রে দেখা যায় একদিকে ফিউডাল মেন্টালিটি আছে আর একদিকে ক্যাপিটাল নেই। তা সত্ত্বেও আমাদের দেশের লোকের পুরান হ্যাবিটস আছে কিছু টাকা সোনায় রেখে দেওয়া কারণ যখন ইচ্ছে টাকা পাওয়া যায়। সেজন্য তারা গোল্ড-এ কনভার্ট করে, সেই হ্যাবিট-এর বিরুদ্ধে আঘাত করা হয়েছে, এবং সে হ্যাবিট-এর উপর আঘাত করাটা অন্যায় নয়, কিন্তু ইট উইল টেক টাইম। আমি সে প্রসঙ্গে জানিয়ে দিতে চাই, আমেরিকায় একটা প্রশ্ন এসেছিল, সে প্রশ্নের উপরে একটি মান্থলি ম্যাগাজিন-এ আমেরিকার গোল্ড সম্পর্কে তাদের কি মতামত, কি মস্তিষ্ক খাটছে সে সম্বন্ধে তাঁরা এক জায়গায় বলছেন—এটা একটা মান্থলি জার্নাল, ফার্স্ট ইন্টারন্যাশনাল সিটি ব্যাঙ্ক অফ নিউ ইয়র্ক, এটা নকল ১৯৬৩ কমার্স কাগজে বেরিয়েছে, তার যে কপি এবং তা থেকে পড়ছি—

"In the world around us with few exceptions gold is held and traded privately, serving its age-old function as the citizen's favourite hedge against paper money inflation.

More gold moved in 1962 into private uses and holding than in any other post-war year.

Some 250 million dollars more than in 1961 are today going to be traded in the private hands."

এই যদি অবস্থা হয় আমেরিকার মত ক্যাপিটালিস্ট দেশ যে দেশে পুঁজিবাদ এতকাল ধরে সভ্যতা বিস্তার করে, সোনা সম্পর্কে মোহ প্রায় দূর করেছে, সে দেশে যদি লোকের প্রাইভেট

ট্রেডিং-এ সোনা সম্পর্কে মোহ থাকে সেখানে আমাদের দেশ সদ্য ফিউডালিজম সামন্ততন্ত্র থেকে মুক্ত হয়ে উপনিবেশের পর থেকে পুঁজিবাদির দিকে অগ্রসর হবার মুখে মাত্র আছে, কাজেই এতদিনকার মরাল, সাইকোলজিক্যাল কালচারাল যে ট্র্যাডিসান আছে তাকে একটা আঘাতে, অভিযান করে নষ্ট করা যাবে এটা আমরা বিশ্বাস করি না। কাজেই মূলত সরকারের এই উচিত ছিল না। স্মল ম্যান যাদের বলা হয়েছে ১৪ ক্যারেটের সোনা তৈরি করতে হবে, তাদের উপরেই বেশী করে আঘাত এসেছে।

আমাদের ভারতবর্ষে ৬ লক্ষ শিল্পী আর্টিসান গোল্ডস্মিথ তারা আজকে বেকার হয়ে গেছে। ৬ লক্ষ পরিবারের সন্তানসন্ততি ধরলে পরিবারবর্গের লোকজন সব ধরলে ৩০ লক্ষ লোক ভারতবর্ষে আজকে বেকার। শুধু তাই নয়, তার মধ্যে বাংলাদেশে সর্বপ্রধান অংশ আছে এই যে ভারতবর্ষে এবং বাংলাদেশে অবস্থা স্বর্ণশিল্পী নিয়ে সেখানে সরকারের দুটা এ্যাসপেক্ট ছিল বিচার করবার। একটা ন্যাশনাল এ্যাসপেক্ট আর একটা হল সোস্যাল এ্যাসপেক্ট। সোস্যাল এ্যাসপেক্ট যে দৃষ্টিভঙ্গী নিয়ে সরকার চলছে তাকে নীতিগত সমর্থন করলেও, ন্যাশনাল এ্যাসপেক্টকে পরিপূর্ণ করতে গিয়ে দেখা যায় এটায় সরকার সম্পূর্ণ তাঁরা ব্যর্থ হয়েছেন। কেন? যে ফরেন মার্কেট থেকে বৈদেশিক মুদ্রা সংগ্রহ হতে পারতো আমাদের সেই বৈদেশিক মুদ্রা সংগ্রহ হওয়া দূরের কথা আমাদের দেশ থেকে সোনা স্মাগলিং যেটা আসে তার বাৎসরিক কারবার হয় প্রায় ৪০।৫০ কোটি টাকা, এবং সোনা যা আমাদের দেশে তৈরি হয় কোলারে যে মাইন আছে সে সোনার মূল্য হচ্ছে ৪।৫ কোটি টাকা বছরে। এ অবস্থাই আমরা দেখছি। ভারতবর্ষের মধ্যে যে ডিম্যান্ড আছে—যে বেসিক ডিম্যান্ড আছে সোনার সে সোনা কোথায়? আমরা তো মনে করি ২৫ পারসেন্ট ডিম্যান্ড হচ্ছে অলঙ্কারের জন্য অরনামেন্টস-এর জন্য, আর ৭৫ পারসেন্ট ডিম্যান্ড হচ্ছে ইললিগাল হোর্ডিং-এর জন্য। যারা ইললিগাল মনি হোর্ড করে রেখেছেন তারা সোনার এ আইনটাকে নাকচ করে দিয়ে সরকারকে ফাঁকি দিয়ে, সমস্ত দায়িত্বকে সাধারণের উপরে চাপিয়ে দিয়ে কমন পিপলের উপর চাপিয়ে দিয়ে, স্মল ম্যান-এর উপর আঘাত করবার জন্য উস্কানি দিয়েছেন, তার ফলে আজ ভারতবর্ষে ৬ লক্ষ স্বর্ণশিল্পী আজ বেকার—তার ফলে সমস্ত অর্নামেন্টস যারা তৈরি করে—যে গোল্ডস্মিথ, যে আর্টিশানস শিল্পী তারা আজ বেকার। তারা এই জরুরী পরিস্থিতিতে একটা বেকারের উপরে বেকার হয়েছে। একদিকে জরুরী পরিবেশ ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস—স্বর্ণবিধি, আর অপরদিকে তার নানান বলিদান আছে। আমাদের স্বর্ণশিল্পীদের বলিদান হচ্ছে তার জাজ্জ্বল্যমান ঐতিহাসিক দৃষ্টান্ত যা এই আইনের ফলে তারা জীবন দিতে বাধ্য হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বলতে চাই যে সরকার যদি সত্যই জাতীয় অর্থনীতিকে পরিপুষ্ট করতে চান তাহলে অবিলম্বে সরকারকে ঘোষণা করতে হবে যে সোনার স্মাগলিং—সোনার কালোবাজারী, সোনার যে বৈদেশিক মুদ্রা ফাঁকি দেবার ব্যবস্থা তা থেকে ভারতবর্ষকে সম্পূর্ণ মুক্ত করতে চাই, তাহলে দৃঢ় পদক্ষেপে এগিয়ে আসতে হবে, বলতে হবে গোল্ড বার যত আছে তা সমস্ত সরকারের ও সরকার সমস্তটা সীজ করবে। সীজ করে নেবার পর সরকার রিজনেবল প্রাইস তাদের দেন তাতে আমার আপত্তি নেই। আর এই ১৪ ক্যারেট গোল্ডকে সম্পূর্ণ মুক্তি দিন, অর্নামেন্ট থেকেও একে মুক্তি দিন। এই ১৪ ক্যারেট গোল্ড-এ এরূপ নির্দেশ থাকার ফলে আজ ছয় লক্ষ স্বর্ণশিল্পী নষ্ট হয়ে যাচ্ছে। যদি জানতাম ভারতবর্ষের গহনা তৈরি করার জন্য এ স্বর্ণেরও সমস্যা কিন্তু তা নয়। সেখানে ৫ কোটি টাকার ট্রানজাকশন হয় স্মল ম্যানস ট্রানজাকশন হয় ইন গোল্ড, সেখানে আমরা দেখি প্রায় ৪৫ ক্রোরস ট্রানজাকশন হয় শুধু প্রাইভেট ব্ল্যাক মনিতে। খালি

Black money put in gold becomes pure money in gold.

এই জন চলেছে বহুকাল ধরে ভারতবর্ষে এই যে কায়দা ১৯৪৭ সালে আমাদের দেশে কংগ্রেস গভর্নমেন্ট এসেছেন তারপর থেকে বরাবর এইভাবে চলে এসেছে। এই যে স্মাগলারদের ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস প্রয়োগ করে এদেরকে দেশদ্রোহী বলা হয় না আজকে ডিফেন্স অফ ইন্ডিয়া যারা বৈদেশিক মুদ্রা ফাঁকি দেয় তারা দেশের শত্রুতা করছেন। সোনাকে কেড়ে নিয়ে প্ল্যানিংকে স্যাবোটেজ করছেন। দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছেন এবং সোনা বাইরে থেকে নিয়ে

এসে সেই সোনা দেশের দুর্নীতিপরায়ণ লোককে সেই সোনা দিয়ে তাদের পাপের পয়সাকে সোনায় রূপান্তরিত করে পবিত্র করে তুলছে, তাদের বিরুদ্ধে আজ ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস নাই। খুব দুঃখের বিষয় সরকার এসব দেখেও দেখেন না। এই সোনা কোথায় যায়? যিনি এই স্বর্ণ কমিটির সভাপতি তিনি নাকি এক স্বর্ণের এক বিরাট কারবারী লোক। তার হাতে এরকম ধরণের অনেক কারবার আছে। যাই হোক, আপনারা শুনুন আর না শুনুন আমরা পরিষ্কার বলতে চাই, বাংলাদেশের বিধানসভায় এই কথাই ঘোষণা করতে চাই যে আমাদের বাংলাদেশের স্বর্ণশিল্পীরা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী অ্যাফেক্ট হয়েছে। ২ লক্ষ স্বর্ণ-শিল্পী পরিবার আজকে বাংলাদেশে এফেকটেড। তাদের দিকে চেয়েও ওনারা শুধু নন--ভারতবর্ষের জাতীয় অর্থনীতি ভিত্তি যা আছে এবং ভারতবর্ষের যে সোস্যল অ্যাসপেক্ট আছে এবং সামাজিক দৃষ্টিভঙ্গী আছে এই দুটিকে পরস্পর পরিপূরণ করবার জন্য আমরা মনে করি স্বর্ণবিধি সম্পর্কে বাংলাদেশের এই হাউস থেকে আমাদের সর্বসম্মত প্রস্তাব দেওয়া উচিত। যার ফলে ব্ল্যাক মনি দূরীভূত হয় স্মাগলিং গোল্ড বন্ধ হয়ে যায় ১৪ ক্যারেট থেকে অলঙ্কারকে ফ্রি ফ্রম এনি রেসট্রিকসন করা যায় এবং সঙ্গে সঙ্গে ৫ হাজার টাকা পর্যন্ত যাদের বাড়ীতে দরকার অর্নামেন্টসএ, পার ফ্যামিলি ফাইভ থাউজ্যান্ড রুপিস অফ গোল্ডটা লিমিট করে দেওয়া হয়, যেন তার বেশী না হয়, এবং এইসব ব্যাপার করতে গেলে পরে সরকারকে নিজের হাতে ব্যবসা নিয়ে কারবার করতে হবে। আদার ওয়াইজ কিছুতেই সম্ভব নয়। প্রাইভেট ট্রেডার্স-এর হাত দিয়ে স্পেকুলেটরসদের হাত দিয়ে এই পাপ ব্যবসায়ে তারা স্তব্ধ করতে পারেন এবং ব্ল্যাক মনিকে গোল্ডএ রূপান্তরিত করা বন্ধ করতে পারেন এটা একেবারে সম্ভব নয়।

[4-40 – 4-50 p.m.]

The Hon'ble Sankardas Banerji: Sir, this is a measure which has caused the Government great embarrassment and it is a matter of deep concern with us because at the very outset I can tell the honourable members of this House that not only they are concerned about the fate of the goldsmiths, we are equally concerned and perhaps much more concerned, because it is our business to see that people do not get unemployed all on a sudden; and because they have become unemployed it is our business to find employment for them and that with all possible expedition.

Before I go into the question of unemployment I would like to tell the honourable members of this House one or two points which, I think, are of some importance. In my professional life and also I know it for certain that for many years past gold in very large quantities is being smuggled into India. I would ask the honourable members to consider why such a thing happens. In no other country gold is smuggled in. India is the only country in which gold is smuggled not only from Far East in enormous quantities but also from the West. Now, it must be yielding very heavy profit or else they would not have done it. You may remember, I will remind you about a case which caused a stir in the whole world—the case of Ruth Everette, a steamship which was specially designed for the purpose having chambers lined through honeycombed. Gold used to be smuggled from far East into India. I may ask the honourable members to consider. There are many prosperous countries besides India—United States, England and many other countries. Why is not gold smuggled into those countries? Because, these smugglers can sell gold at enormous value causing deep and financial embarrassment to the Government of India, and incidentally to foreign exchange. Years after years together the Government of India have been making vain attempts to stop the smuggling. From time to time the Custom succeeded in catching hold of smugglers, in confiscating gold and so on. But all their endeavours so far have not yielded any appreciable result; that must be admitted. I do admit that the Custom authorities sometimes put in the papers, we have got gold worth 15 or 20 lakhs of rupees. They do not even touch the fringe of smuggling; that must be

admitted. Having regard to our foreign exchange position we have to do something to stop this smuggling of gold. I know the assistance of interpol is taken. Interpol is international police. I don's wish to waste the time of this House. I know the organisation which has its headquarters in Central Europe. People who are billionaires are at the back of it. Supposing the Custom peoples succeed in discovering smuggled gold and they confiscate gold worth a crore of rupees, it is a drop in the ocean; they don't care at all. This is my personal experience. I had to deal with a case of diamond smuggling. A smuggler came into India and he was arrested in Dum Dum Air Port. He was asked whether he was carrying any diamonds. He said, no. The Custom people immediately said, we will X-ray you. The result was that he produced from his person two little tubes which contained diamond worth Rs. 7 lakhs. A cable came from a celebrated Solicitor's Firm in London saying, engage so and so. That so and so was my humble self. I asked him, how did you manage to keep it there. He said, don't ask me anything. I don't mind if I lose the diamonds; only let me get back home. The Government of India prosecuted him and he was convicted. The diamond was confiscated but all that I can tell you is that the way the man behaved gave me the impression that the loss was of no consequence at all. There are rings of smugglers which consist of people from different nations who help smuggle gold into India and inasmuch as it touches vitally India's economic life, some means have to be found, something had to be designed with the intention of preventing smuggling of gold. Now, the point is this. Have we given sufficient trial to this original idea of Shri Morarji Desai? I respectfully disagree with one of my friends opposite who said that the whole idea of this new Gold Order is to kill Bengal and help people in Bombay and Maharastra. I think it is such a puerile statement that it does not deserve a real reply. The real reply is known to all. Whether it will succeed or not is entirely a different matter. Time alone can show whether Mr. Morarji Desai's attempt to prevent smuggling of gold will succeed or not—I am not such an expert as to tell you whether such a thing would help or not. [Noise]. Kanai Babu, you know so many attempts are made in the Income Tax Department, we always try to grab people, we change the law frequently, we reopen assessment cases which were made ten years back but even then we do not succeed. By making law you can make everything foolproof but if the Government fails in its efforts, the Government would certainly be guilty of not taking proper steps.

Now, I must tell you one thing about unemployment. When the Gold Order came in, a two-man committee was formed and the members of the committee at the outset were the Secretary of the Labour Department and the Secretary of the Small Scale Industries Department. We thought that these people ought to give us some idea as to how to relieve unemployment at once because I know—at least that is my conviction—that we cannot and we will not succeed, even if we try, to get the gold Order withdrawn—I am absolutely sure about that. Therefore, it is my duty, so far as this Government is concerned, to find alternative employment for the people affected and, until such employment is found, to give some sort of doles to help the people to keep them alive. Now, I have been given certain figures by Shrimati Maiti, our Relief Minister and I will tell you the position in Calcutta and the districts. It appears from the statement showing the progress of disposal of applications from goldsmiths as on the 31st March, 1963, that the number of petitions filed in Calcutta for help was 4,520, i.e., petitions received by the Government. We made enquiries in 266 cases. We have sanctioned money in 188 cases, paid in 155 cases and the amount expended is Rs. 3,608. Then, certain applications were rejected with which we are not concerned. Now, so far as the districts are concerned, a total

number of 53,238 persons, i.e., about 8,873 families, have been given doles in the districts. No report has yet come from the districts of 24-Parganas, Burdwan and Cooch Behar. 11 districts have so far asked for about Rs. 14 lakhs for issue of doles during the current financial year. (**Dr. Kanai Lal Bhattacharya:** What is the total amount per head?). It is Rs. 4 per capita.

[4-50—5 p.m.]

I tell you that a two-men Committee was formed which made some recommendations. For what they are worth I am placing the recommendations before you. The suggestions were—

1. Priority may be given to unemployed goldsmiths in the matter of submission of candidates against vacancies notified to the Employment Exchanges by employers and officials.

2. Training in certain types of crafts in the Industrial Training Institutes and other craft training centres.

Priority may be given to unemployed goldsmiths in the training of crafts under the craftsmen training scheme organised by the Commerce and Industries Department. Government of India may be moved for relaxation of age-limit for the purpose of employment. Arrangement should also be made for payment of stipend at the rate of Rs. 25 per head per month.

Priority may also be given to unemployed goldsmiths in the matter of recruitment of trainees under the accelerated training programme.

There are 23 engineering trade courses and 9 non-engineering courses. The trades suggested are Blacksmith, Carpenter, Draughtsman (Civil), Draughtsman (Mechanical), Die-Fitter, Electrician, Fitter, Grinder, Machinist, Moulder, Mill-wright, Mechanic, Motor-mechanic, Radio Mechanic, Painter, Pattern Maker, Plumber, Sheet Metal Worker, Surveyor, Turner, Toolmaker, Wireman, Welder.

Stenography, book-binding, cutting and tailoring, hand-weaving of fancy fabric, hand composition, knitting with hand and machine, manufacture of footwear, manufacture of suitcases and leather goods, printing machine operation.

Selection of trainees will of course be made according to accepted minimum standard of education, aptitude and physical fitness.

3. Grant of loans for small industries or business. Loans for starting alternative industries may be granted according to the artisan loan scheme of the Cottage and Small Scale Industries Department.

Business loans may also be given for running shops on the lines of the Refugee Business Loan Scheme.

In giving loans proper enquiry should be held about the assets of the applicants, the feasibility of the scheme and to ensure that the loanee has initiative and enterprise for carrying on the alternative trade or business.

4. Industrial co-operatives of goldsmiths may be encouraged for carrying on trade or business.

5. Formation of co-operatives among goldsmiths may be encouraged for making ornaments of 14 carat or less purity.

6. Free tuition in schools and free supply of books to children of distressed goldsmiths may be arranged.

I might tell the honourable members that although I have not directly written to Shri Morarji Desai, the Chief Minister had been in close correspondence with Shri Morarji Desai about this particular topic. And I have with me the complete correspondence because I had been assisting the Chief Minister in this matter. We are definitely of opinion, no matter what the Government of India thinks, that we are going to help people with doles. That is our view of the matter. They do not favour the giving of doles very much from the Centre. But I say with confidence that we feel discreet if it comes to that. Money will be made available to help the goldsmiths and I have been thinking very deeply how to work out the whole scheme.

One of the things I have thought of is this, in which I have directly a hand, that is to say, I have called a meeting for the 8th April for issuing taxi permits—taxis, lorries and similar automobiles. As a matter of fact, honourable members know there is a lot of criticism and malpractice in the matter of issue of permits. That is a past history. I want to stop that completely. So, I have thought about it and I have called a meeting of a Board consisting of public men, to consult them how we should issue permits. A Board was formed by the late Dr. B. C. Roy, but the Board was not very active. I thought that the best thing would be to take the public into confidence. Why should we do it alone? Even if we do it people will accuse us of malpractice. So, the best thing is to consult the public. Let them suggest ways and means. My own idea is that we should issue as many permits as possible to co-operatives and I can assure you that I shall give top priority to the goldsmiths if they can form co-operatives. If necessary, we shall help them with funds so that they can buy cars. It is no good asking them to form co-operatives if they have no money at all.

The further thing I wish to tell you gentlemen is that I am going to assist them by giving them training as to how to drive a car. So assistance will be given in that direction. We are trying to find employment for them in the Ordance Department because I have been assured that in the ordnance factories there is absolute necessity of people who can do very delicate work like a goldsmith. We will find jobs for them in those factories. Every means will be adopted so that we can find employment for these people. Of course, we will assist those old people with funds who cannot learn driving at this age or can not drive a taxi or can not take new occupation so that they can open small shops where physical efforts are not necessary. We will try to have them established in life. I can assure you that we are in close correspondence, and very frequent correspondence, with the Central Government. We have impressed upon them more than once that this Government is definitely of the opinion that doles will be given but we must also see that there is no misuse of it. Because what experience we have gathered from the Refugee Rehabilitation Department is very poor. Some people had taken doles and having received a lot of money they had deliberately chosen not to do the required thing. We do not want any repitition of that. At the same time we shall certainly do our best to help them in every possible way for their rehabilitation.

Shri Sanat Kumar Raha:

অর্থমন্ত্রী লোন সম্বন্ধে একটা কথা বললেন লোন-এ কোন কন্ডিশন আছে কিনা, কত সিলিং দেবেন সেটা বলবেন।

The Hon'ble Sankardas Banerji: The matters are being closely worked out. I know it will cost a lot of money several lakhs of rupees. As a matter of fact I have sanctioned 4 lakhs of rupees this morning, but I have not worked it out.

[5—5-7 p.m.]

Shri Shambhu Gopal Das:

